সামবেদ-সংহিতা।

পবমান পর্ব।

(১)

পূজনীয়-শ্রীযুক্ত-দুর্গাদাস-লাহিড়ী-শর্ম্মণা

ব্যাখ্যাতা সম্পাদিতা চ।

হাওড়া-নগরস্থে

"পৃথিবীর-ইতিহাস"-মুদ্রা-যন্ত্রে

শ্রীবীরেন্দ্রনাথ-লাহিড়ী-শর্ম্মণা

মুদ্রিতঃ প্রকাশিতশ্চ।

ওঁ

সামবেদ-সংহিতা।

কৌথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

পবমানং পর্ব্ব।

পঞ্চমোঽধ্যায়ঃ।

যস্য নিঃশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ।
নির্ম্মমে তমহং বন্দে বিদ্যা-তীর্থ-মহেশ্বরং॥ ১॥
তৃতীয়ং পর্ব্ব সোমস্য পবমানস্য সংস্তুতিঃ।
উচ্চাত ইতি গায়ত্র্যশ্চত্বারিংশচ্চতুর্যুতাঃ॥ ২॥

প্রথমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২র ৩ ১ ২র
উচ্চা তে জাতং অন্ধসো দিবি সদ্ভূম্যা দদে।
৩ ২উ ৩ ২ ৩ ১ ২
উগ্রং শর্ম্ম মহি শ্রবঃ॥ ১॥

গেয়-গানং।

৫ ৪ ২র র১ ১ ৭ ১ র র
১। ওম্। উচ্চা। তেজা৩ তামন্ধাসা২ঃ। দিবিসদ্ভূম্যাদদাই।
২ ১ ২ ১ ৩ ৫র র ২
উগ্রং শা২৩র্ম্মা৩। মা২হা২৩৪। ঔহোবা। উপ্।
৩ ৫
শ্রা২৩৪বাঃ॥ ১॥

২ ১র ৫ ২ ১ ৫ ২ ১ ৫
২। উচ্চাত্তে ২ ৩ ৪ জা। তমন্ধা ২ ০ ৪ সাঃ। দিবাইসা ২ ৩ ৪ স্তু।

২ ১র ২ ১ ২ ১ ২ ১ ৩
মিয়াদদাই। উগ্রঙ্‌শা ২ ৩ র্ম্মা। মহাস্রে ৩। শ্রা ২ বা ৩ ৪

৫র র ৩ ১ ১ ১ ১
ঔহোবা। বা ২ ৩ ৪ ৫ ই। ১॥

• . •

৫র র র র ২ ২ ১ — ৩ ৫
৩। হাহাউচ্চাতেজা। হা ৩। হা ৩ ই। তামা ২ ন্ধা ২ ০ ৪ সাঃ।

২ ১ র ২ ২ ২ ৩ ৫ ১ ২
দিবিসস্তুমিয়া ১ দা ০ দে। উগ্রঙ্‌শা ২ ৩ ৪ র্ম্মা। ওমো ০।

৪ ৫ ৪ ৫
অহোবা। শ্রো ৫ বো ৬ হাই॥ ১॥

• . •

১ র র র ৪ ৫ ২ ১ র২ ২
৪। উ ২ ০ ৪ চ্চাতেজা ৫। তমোহোন্ধাসাঃ। দিবিসস্তুমিয়া ১

২ ২ ৩ ৫ ১ S ২
দা ০ দে। উগ্রঙ্‌শা ২ ৩ ৪ র্ম্মা। মাহা ০ উবা ৩ ৪ ৩।

২ ৫
শ্রো ৩ ৪ ৫ বো ৬ হাই। ১॥

• * •

৫ র র ২ ১ ১র ২ ২ ১ ২র
৫। উচ্চাতেজা। তম। ধাসা ২ ০ ঃ। ওমো ৩ বা দিবিসস্তু।

১ ২ ১র S ২ ১ ২
মিয়াদা ১ দে ২ ৩। ওমো ৩ বা। উগ্রাঙ্‌শা ১ র্ম্মা ২ ৩।

১র S ২ ১ ^ ৩ ৫র র ২
ওমো ৩ বা ৩। মা ২ হা ২ ০ ৪ ঔহোবা। শ্রবা ৩

১ ১ ১ ১ ১
ঔ ২ ৩ ৪ ৫। ১॥

• * •

৩ ২ ৩র ৪র ৫ ১ ৮ ৩২ ৩
১০। উচ্চা ৩ ৪ ঔহোবা। তেজা ২। তমা ৩ ৪ ৫। ধা ২ ৩ ৪

৫ ২ ১ র র ২র ১ ৭ ২ ৩ ২ ১
সাঃ। দিবিসদ্ভূম্যাদদে। উগ্রও৺ শা ২ ৩ র্ম্মা। মহি শ্রবো।

২ ৪ ৫ ৪
ঔ ৩ হোবা। হো ২ ই। ডা॥ ১॥

৫ র রর র র র র ২ ১ র র ২র
১১। উচ্চাতেজাতমন্ধসোদোহাইদোহা ৩ এ। দিবিসদ্ভূম্যাদদে।

১ ২ ৭ ২ ২ ১ ২ ১ ২
দো ৩ হাই দো ৩ হা ৩ এ। উগ্রও৺ শা ২ ৩ র্ম্মা। দো ৩ হাই।

২ ২ ২ ১ ২
দো হা ৩ এ। মহিশ্রা ২ ৩ বা ৩ ৪ ৩ঃ।

১
ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥ ১॥

৩ ২র ৩র ৪র ৫ ২ ১ ৫ ২ — ১ ২র
১২। উচ্চাতেজাতমন্ধসাঃ। দিবাই সা ২ ৩ ৪ দ্ভু। মিযা ২ দদে।

১র ২ ২ ২ ২ ১ ২ ১ ২
ওম্। ও ৩ বা। ও ৩ বা। ববা ২ ৩ হোই। উগ্রও৺ শা ২ ৩ র্ম্মা।

S ২ S ১ ১ ১ ৮ ২ ৩ ২ ১ ১
ও ৩ বা। ও ৩ বা। ববা ২ ৩ হোই। মহিশ্রবো ২।

৩ ৫র র ২ ৩ ১ ১ ১ ১
যা ২ ৩ ৪ ঔহোবা। যযুরে ২ ৩ ৪ ৫ ॥ ১॥

৫ র ২ ৪র ৫ ২ ১ — ২ ১ ২
১৩ উচ্চাতে ৩ ইজাতমন্ধসাঃ। দিবা ইসা ২ দভু ১। মিয়া ২ ৩ দদাই

১ ২ ১ ২ ২র ৮ ১ ১ ১
উগ্রও৺ শর্ম্মা। মহা ২ ৩ ই। শ্রবাউ। বা ৩ স্তোযে ৩ ৪ ৫ ॥ ১॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! 'উচ্চা' (উপরি, স্বর্গলোকে) 'তে' (তব সম্বন্ধিনঃ) 'অন্ধসঃ' (রসস্য, অমৃতস্য ইত্যর্থঃ) 'জাতং' (জন্ম) ভবতীতি শেষঃ ; সত্ত্বভাবঃ দেবলোকজাতঃ ইত্যর্থঃ ; ত্বং 'দিবি' (স্বর্লোকে) 'সৎ' (অবস্থিতঃ সন্) 'ভূম্যা' (ভৌমজন্তুঃ, অস্মাদৃশান পাপিনঃ ইত্যর্থঃ) 'উগ্রং (তেজোপূর্ণং, তেজোময়ং) 'শর্ম্ম' (কল্যাণং) 'মহি' (মহৎ) 'শ্রবঃ' (অন্নং, শক্তিং ইত্যর্থঃ) 'দদে' (প্রযচ্ছ)। মন্ত্রোঽয়ং নিত্যসত্যপ্রকাশকঃ প্রার্থনামূলকশ্চ ; পরমকল্যাণলাভায় বয়ং সত্ত্বভাবপূর্ণাঃ ভবেম—ইতি ভাবঃ। (৩প—৫অ—১৪—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! স্বর্গলোকে তোমার সম্বন্ধীয় রসের জন্ম; অর্থাৎ সত্ত্বভাব দেবলোকজাত; স্বর্লোকে অবস্থিত হইয়া অস্মাদৃশ পাপীদিগকে তেজোময় কল্যাণ এবং মহতী শক্তি প্রদান কর। (মন্ত্রটী নিত্যসত্য-প্রকাশক ও প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—পরম কল্যাণলাভের জন্য আমরা যেন সত্ত্বভাবপূর্ণ হই। (৫প—৫অ—১৪—১সা)।

* * *

সায়ণ ভাষ্যং।

অমহীয়ুর্ঋষিঃ। হে সোম! 'তে' তব সম্বন্ধিনঃ 'অন্ধসঃ' রসস্য 'উচ্চা' উপরি 'জাতং' জন্ম। অপিচ, 'দিবি' দ্যুলোকে 'সৎ' বিদ্যমানং 'উগ্রং' উদ্গূর্ণং 'শর্ম্ম' সুখং 'মহি' মহৎ 'শ্রবঃ' অন্নঞ্চ 'ভূম্যা দদে' (ইত্যত্র যথাসন্ধি। বিসর্জ্জনীয়লোপঃ সাংহিতিকঃ) ভূমিঃ ভৌমজন্তুঃ অস্মাদৃশঃ ভুমিষ্ঠৈরাদীয়ত ইত্যর্থঃ॥ (৩প-৫অ—১৪—১সা)॥

* * *

প্রথম (৪৬৭) সামের মর্ম্মার্থ।

—:০:—

সত্ত্বভাব দেবতার করুণাধারারূপে পৃথিবীর মানবের মস্তকে নামিয়া আসে। দেবতার ধন, দেবতাই কৃপা করিয়া মানুষকে সেই স্বর্গীয় অমৃতের আস্বাদ দেন। এই মন্ত্রে সত্ত্বভাবকেই সাক্ষাৎভাবে সম্বোধন করা হইয়াছে। আমাদিগের হৃদয় সত্ত্বভাবে পূর্ণ হউক এবং তদনুষঙ্গিক পরম কল্যাণ আমরা লাভ করি—ইহাই প্রার্থনার সার-মর্ম্ম। হৃদয়ে সত্ত্বভাব উপজিত হইলে মানব তেজস্বী ও আত্মশক্তিশালী হয়। মানুষের মন হইতে পাপের আবিলতা প্রভৃতি দূরে পলায়ন করে। সুতরাং তিনি কল্যাণের পথে অগ্রসর হইতে পারেন।

প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদিগের ব্যাখ্যার ঐক্য নাই। ভাষ্যকার সোমরস নামক মাদকদ্রব্যকে সম্বোধন করিয়া ব্যাখ্যা আরম্ভ করিয়াছেন। একটা মাদক দ্রব্য, যাহা

মানুষকে অধঃপতনের দিকে টানিয়া আনে, তাহা যে কিরূপে শক্তি ও কল্যাণ দিতে পারে, তাহা বুঝিতে আমরা অসমর্থ। শুধু তাই নয়, সোমকে স্বর্গজাত বলা হইয়াছে অর্থাৎ সোম দিব্যশক্তিসম্পন্ন। এ সম্বন্ধেও আমাদিগের বক্তব্য এই যে, সাধারণ মাদকদ্রব্য স্বর্গজাত বা দিব্যশক্তিসম্পন্ন হইতে পারে না। আমরা পূর্ব্বাপরই 'সোম' শব্দে 'সত্ত্বভাব' অর্থ গ্রহণ করিয়া আসিতেছি। এখানেও 'সোম' পদে ঐ অর্থের সার্থকতা পরিলক্ষিত হয়। সত্ত্বভাবই দেবভাব, দিব্যশক্তিসম্পন্ন ও কল্যাণদায়ক। তাহাই মানুষকে অনন্ত কল্যাণের পথে লইয়া যাইতে পারে। তাহাই মানুষকে অসীমশক্তির অধিকারী করে। সত্ত্বভাব পরমব্রহ্মেরই শক্তি। সেই ভাব হৃদয়ে সঞ্জাত হইলে মানুষ ব্রহ্মের শক্তি লাভ করে, সুতরাং স্বতঃই মুক্তির পথে অগ্রসর হয়। আমাদিগের ব্যাখ্যায় এই ভাবই গ্রহণ করা হইয়াছে। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী ব্যাখ্যায় পরিদৃষ্ট হইবে॥ (৩প-৫অ—১খ-১সা)॥ *

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১২ ৩ ১২
স্বাদিষ্ঠয়া মদিষ্ঠয়া পবস্ব সোম ধারয়া।
১ ২৩ ১ ২ ৩ ২
ইন্দ্রায় পাতবে সুতঃ ॥ ২ ॥

গেয়-গানং।

১র ২ ১ ২ ১ ২ র ১ ২ ২
১। স্বাদাইষ্ঠায়া। মদাইষ্ঠায়া। পবস্বসো। মাধা ১ রা ২ ৩ য়া।
১ ২ ১ ২
ইন্দ্রায়াপা। তবাইসু ২ ত ৩ । ৩ ৪ তঃ।
১
ও২ ৪৫ ই। ডা ॥ ২ ॥

---

* এই সাম-মন্ত্রটি ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের দশমী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ঊনবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান ত্রয়োদশটী। উহাদের নাম—"আভিশব," "সাভীকম্", "ঋষভ পাবমানম্" "ত্রাত্রবে দ্বে," "হস্তাপ্যাংসোম" "ঐশবে দ্বে", "সোহন্মম," "সোহীয় সাম," "আমহীয়বম্।"

২র ১ — ৮ —৮ ১ ২ ১ — ১ — ১ — ১
২। স্বাদিষ্ঠয়া ২ ইয়া ২ ইয়া। মদিষ্ঠা য়া ২। পবস্বসো ২। ইয়া ২ ইয়া।
২র১ — র ১ — ১ — ১ ২১
মধারায়া ২। ইন্দ্রায়া পা ২। ইয়া ২ ইয়া। তবাইসু ২ ৩
২ ১
তা ৩ ৪ ৩ঃ। ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥২॥

* * *

২র ২ — ১ ২ ১ — ১ —
৩। স্বাদিষ্ঠয়ৌহো ২। ইয়া। মদিষ্ঠা য়া ২। পবস্বসৌহো ২।
১ ২র র — র ১ — ১ ৩১
ইয়া। মধারায়া ২। ইন্দ্রায় পৌহো ২। ইয়া। তবাইসু
২ ১
২ ৩ তা ৩ ৪ ৩ঃ। ও ২ ৩ ৪ ৫ ই ডা ২॥

* * *

২ ^ ৩ ৫ ২ ১র ১ ১ ২^ ৩ ৫
৪। ওইস্বা ২ ৩ ৪ দা। ষ্ঠয়া ৩ মাদিষ্ঠয়া। ও ২ ৩ ৪ বা।
১ ২ র ১র ২ ২^৩ ৫ ১ ^ ৩
পবস্বসোমধারয়া ৩। ও ই ২ ৩ ৪ ন্দ্রা। যা ২ পা
৫র র ২ র৩২
২ ৩ ৫ ঔ হোবা। তবেমুতা ১ ১ঃ॥২॥

* * *

৩ ২^ ৩ ৫ ২ ১র ১ ১ ২^ ৩ ৫
৫। উহুবাই। স্বা ২ ৩ ৪ দা। ষ্ঠয়া ৩ মাদিষ্ঠয়া। ও ২ ৩ ৪ বা।
১ ২ র ১র ২ ২ ৪ ১^ ৩
পবস্বসোমধারয়া ৩ঃ উহুবাই। ইন্দ্রা ৫ য় পা। তা ২ বা ২ ৩
৫র র ৩ ৫
৪ ঔ হোবা। সু ২ ৩ ৪ তাঃ॥২॥

* * *

৪র ৫ ২ ১ ২ ৪ ৫ ২ ২ ১ ৫
৬। স্বাদাইষ্ঠয়া। মহিষ্ঠয়া ৩। পাবা ৩ স্বাসো। মধারয়া ৩। আইন্দ্রা
৪ ৫ ৫ ৪
৩ য়াপা ৩। হাউ। তবা ৫ ইসুতাউ। বা॥২॥

* * *

৭। স্বাদিষ্ঠয়ামদিষ্ঠয়াপবস্বসোমধারয়াই। ত্রা ৫ য়ণা। ভবা ২ ই। ম ২। ভবা ২ ই। উ ২। ভবা ৩ ৪ ঔহোবা। সূ ২ ৩ ৪ তঃ ॥ ২ ॥

৮। ঔহোহুম্ হা এহিয়া। হা ৩ হাই। স্বাদাইষ্ঠয়া। মা ২ ৩ ৪ দী। উইয়া দী। ঔহোহুম্ হা এহিয়া। হা ৩ হাই। ষ্ঠ্যাপাব। স্বা ২ ৩ ৪ সো। ও স্বা ২ ৪ সো। ঔহোহুম্ হা এহিয়া। হা ৩ হাই। মধা রয়া। ঈ ২ ৩ ৪ স্রা। ওঈ ২ ৩ ৪ স্রা। ঔহোহুম্ হা এহিয়া। হা হাই। যপাতবাই। সূ ২ ৩ ৪ তাঃ। ওই সূ ২ ৩ ৪ তাঃ। ঔহোহুম্ হা এহিয়া। হা ৩ হা ৩ ৪। ঔহোবা। ঈ ২ ৩ ৪ ৫ ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

হে মম হৃন্নিহিত 'সোম' (শুদ্ধসত্ত্ব) 'সুতঃ' (অভিযুতঃ, বিশুদ্ধঃ সন্) 'ইন্দ্রায় পাতবে' (ইন্দ্রস্য পানার্থং, যদ্বা অস্মান্ ভগবৎসমীপে নয়নার্থং ইতি ভাবঃ) 'স্বাদিষ্ঠয়া' (স্বাদুতময়া, প্রীতিজনকেন) 'মদিষ্ঠয়া' (পরমানন্দদায়কেন) 'ধারয়া' (ধারারূপেণ) 'পবস্ব' (ক্ষর, প্রবহ)। সঙ্কল্পমূলকোঽয়ং মন্ত্রঃ। ভগবৎপ্রাপ্তায় অস্মাকং হৃন্নিহিতঃ শুদ্ধসত্ত্বঃ উদ্বোধিতো ভবতু - ইতি ভাবঃ ॥ (৩প—৫অ—১খ—২সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

হে আমার হৃন্নিহিত শুদ্ধসত্ত্ব! বিশুদ্ধতা প্রাপ্ত হইয়া আমাদিগকে ভগবৎ সমীপে লইবার জন্য প্রীতিজনক পরমানন্দদায়ক ধারারূপে প্রবাহিত হও। (ভাব এই যে,—ভগবল্লাভের জন্য আমাদিগের হৃদয়স্থ শুদ্ধসত্ত্ব উদ্বোধিত হউক) ॥ (৩প—৫অ—১খ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

মধুচ্ছন্দাঋষিঃ। হে সোম! 'ইন্দ্রায়' 'পাতবে' পাতুং 'সুতঃ' অভিষুতস্ত্বং 'স্বাদিষ্ঠয়া' স্বাদুতময়া 'মদিষ্ঠয়া' অতিশয়েন মাদয়িত্র্যা 'ধারয়া' 'পবস্ব' ক্ষর। (৩প—৫অ—১খ—২সা) ॥

* * *

দ্বিতীয় (৪৬৮) সামের মর্ম্মার্থ।

—:*:—

সত্ত্বভাব সকলের হৃদয়েই বর্ত্তমান আছে। সাধনার দ্বারা বিশুদ্ধ হইলে তাহা মানুষকে মোক্ষলাভের পথে প্রেরণ করে। মানুষের হৃদিস্থিত সুপ্ত দেবভাব যখন জাগরিত হয়, সাধনার দ্বারা মানুষ যখন অন্তরস্থ সুপ্তচৈতন্যকে আপনার বশীভূত করিয়া ঊর্দ্ধমুখে প্রেরণ করিতে সমর্থ হয়, প্রকৃত পক্ষে তখনই তাহার আধ্যাত্মিক জীবন আরম্ভ হয়। সেই দেব-ভাবকে জাগাইবার জন্য সাধনার ও প্রার্থনার প্রয়োজন। হৃদয়স্থ সত্ত্বভাবকে উদ্বোধিত করিবার প্রার্থনাই এখানে দেখিতে পাওয়া যায়।

ভগবান্ আমাদিগের হৃদয়ের ভাব গ্রহণ করেন। হৃদয়ের ভক্তি দিয়াই তাঁহার আরাধনা করিতে হয়। ভগবান্ যখন আমাদিগের হৃদয়ের সেই ভাবপুষ্পাঞ্জলি গ্রহণ করেন, তখনই আমাদিগের পূজা আরাধনা সার্থক হয়। প্রকৃত পূজা পুষ্প-বিল্বদল দিয়া নয়—উহা তো একটা বাহ্য অনুষ্ঠান মাত্র। প্রকৃত পূজা হৃদয়ের পূজা। এখানে সেই মহাপূজারই প্রচেষ্টা দেখা যায়। 'আমাদিগের বিশুদ্ধ ভাব-কুসুম দিয়া যেন তাঁহার চরণে অর্ঘ্য প্রদান করিতে পারি, আমাদিগের পূজা যেন তাঁহার পদতলে পৌঁছে, সেই পূজা যেন তাঁহার গ্রহণযোগ্য হয়,—এই প্রার্থনাই মন্ত্রের মধ্যে দেখিতে পাই ॥ (৩প—৫অ—১খ—২সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়ের দ্বিতীয় বর্গের অন্তর্গত। উহার গেয়-গান আটটী। উহাদের নাম—"আজিগম" "সুরূপম্" "সুরূপোত্তরম্" "জমদগ্নে শিল্পে দ্বে" "উদ্বংশাই" "সংহিতম্" "সকুলং" "গম্ভীরম্"।

নিম্নলিখিত গেয়গানটি দ্বিতীয় সামের গেয়গানের অন্তর্ভুক্ত। নিম্নে তাহা প্রকাশ করা গেল; যথা—

৪র ৫ র   ৪   ৪   ২ — ১   ২
৯। স্বাদিষ্ঠয়াম। দা ও ইষ্ঠয়া। পবা ২। স্বা ২৩ সো।

১ — ১   ২ — ১   ৭
মধা ২ রায়া। আ ২৩ ইন্দ্রা। যা ২ পা। তবা ২৩।

২   ৫
হাউবা ৩। সু ২৩৪ তাঃ ॥ ২ ॥

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
বৃষা পবস্ব ধারয়া মরুত্বতে চ মৎসরঃ।
২ ৩ ১ ২ ৩ ১ ২
বিশ্বা দধান ওজসা ॥ ৩ ॥

* * *

গেয়-গানং।

৫ র ২ র ১ — ২ ২ ১
১। বৃষাপবা। স্বধারায়া ২। মরুত্বতাই। চমৎসা ২ ৩ রাঃ। বাইশ্বা ২ ৩।
২ ১ ৩ ৫ র র ২ ১র ৩ ১ ১ ১ ১
দা ২ ধা ২ ৩ ৪ ঔহোবা। নওজসা ২ ৩ ৪ ৫ ॥

* * *

৪ ৫ ৩ ৫ ২ ১ ৩ ৫ ৩ ৫
২। বৃষাহাউ। পা ২ ৩ ৪ বা। স্বাধারা ২ ৩ ৪ য়া। মা ২ ৩ ৪ রু।
৩ ৫ ২ ৩ ৫ ১ ২র ১
ত্বা ২ ৩ ৪ তাই। চামৎসা ২ ৩ ৪ রাঃ। বাইশ্বাদ ধা ২ ৩।
১ ১ ৩ ৫র ৩ ৫
না ২ ও ২ ৩ ৪ ঔহোবা। জা ২ ৩ ৪ সা ॥ ৩ ॥

* * *

৪ ৫র ৪ ৫ র ৫ ১ ২ ১ ১ ৩
৩। বৃষাপব। স্বধারা ৩ য়া। মারুত্বতা ই। চামা ২ ৎসা
৫ ১ ২ ১ ৩ ২ ১
২ ৩ ৪ রাঃ। বিশ্বাদা ১ ধা ২। নও ৩। জা ২ ৩ ৪
৫ ৫
সো ৩ হাই। ৩।

* * *

৪ ৫ ৪ ২ ১ ৩ ২ ৪ ২ ১র ৫ ২
৪। আইবৃষা। পবা। ইহা। ঔ ৩ হো স্বধারা ২ ৩ ৪ য়া। মা।
১ ২ ২ ১ ৩ ২
রু। ত্বতে ৩ হাই। চ। মা। ৎসরা ২ ৩ হা ৩ ৪ ই।

৫ র র　র র২র　২
বিশ্বাদপাহাউ। নওজপাহাউ। বা ৩ ৪ ৩ ও ৩ ৪ ৫ বা

২ ১র র ২র　১　১ ১ ১ ১
৬৫৬। অস্মেরায়া ২ উওপ্রবা ২ ৩ ৪ ৫ ঃ। ৩।

* * *

৫ র　৩ ২　৪ ৫　২ ১　৩ ২　৩র ৪র ৫　১ ২
৫। বৃষা। পা২। এহিয়া। স্বপা ২। রয়া ৩ ৪ ঔহোবা। মারু

৩র ৪র ৫　১ র　২　২　২　১　২　২
৩ ৪। ঔহোবা। ঘস্তেচমা ১ ৎপা ৩ রাঃ। ঔ ৩ হো ৩ ১ য়ে ৩।

র　১ ২র১২র ১র ৩ ১ ১ ১ ১
ঔ হো ২ ৪ ৫ বা ৬ ৫ ৬। বিশ্বাদপান ওজপা ২ ৩ ৪ ৫। ৩।

* * *

১　১র　২　১ ১ ১ ১　২
৬। বৃষাপাবা ২ ৩। হোহোই ঔ ৩ হো ২ ৩ ৪ ৫। স্বপারায়া ২ ৩।

১র　২　১ ১ ১ ১　১　১র　২
হোহোই। ঔ ৩ হো ২ ৩ ৪ ৫। মরুত্বাস্তে ২ ৩। হোহোই। ঔ

১ ১ ১ ১　১র　২　১
৩ হো ২ ৩ ৪ ৫। চমাৎপারা২ ৩ ৪। হোহোই। ঔ ৩ হো ২

১ ১ ১　১　১র　২　১ ১ ১ ১
৩ ৪ ৫। বিশ্বাদাপা ২ ৩। হোহোই। ঔ ৩ হো ২ ৩ ৪ ৫।

১　১র　২
নওজাপা ১। হোহোই। ঔ ৩ হো ২ ৩ ৪ ৩।

১
ও ২ ৩ ৪ ৫ ই। ডা। ৩।

* * *

২ ১ ২ক ৩র র　৫　২ ১ ২ক ৩র র　৫
৭। বৃষাপাবা। ঔহোহো ২ ৩ ৪ বা। স্বপারায়া। ঔহোহো ২ ৩ ৪ বা।

২ ১ ২ক　৩র র　৫　২ ১ ২ক　৩র র
মরুত্বাস্তা। ঔহোহো ২ ৩ ৪ বা। চমাৎপারা। ঔহোহো

৫　২ ১ ২ক　৩র র　৫
২ ৩ ৪ বা। বিশ্বাদাপা। ঔহোহো ২ ৩ ৪ বা।

২ ১ ২ ৩র র ৫
ন ওজসা। ঔ৷হোহো ২৩৪ বা।

৪
হোএই। ডা॥৬॥

* * *

৫র ৪ ৫ ৪ ৫ ২ ১ ২ ১ ∧ ৩
৮। ঔহোহোহাই। বৃষা। পবস্বা ৩ ধারয়া। মরুত্ব ২ তা ২ ৩৪

৫ ১ ৭ ২ ∧৩ ৫ র ৪
ভাই। আই। চমা ২ ৩। চমা ২ ৎসা ২ ৩৪ রাঃ। ঔহোহো-

৫ ৪৫ ১ ৩ ৫ ২∧৩
হাই। বিশ্বা। দধা ২ না ২ ৩৪ ও। জা॥

৫র র ২ ৩২
২৩৪ ঔহোবা। ওই। জসা॥৩॥

* *

৫রর ৪ ৫ ২ ১২ ২ ১ ∧ ৩
৯। বৃষাঔহোহোহাই পবা ৩ স্বাধা ১ রায়া ৩। মরুত্ব ২ তা ২

৫ ৩২ ১ ৭ A ৩ ৫ র
ভাই। চমা ৩ ই। ওই। চমা ২ ৎসা ২৩৪ রাঃ। বিশ্বা

র ৪ ৫ ১ A৩ ৫ ১ A ৩
ঔহোহোহাই। দধা ২ না ২৩৫ ও। জা ২ সা ২৩৪

৫র র ২A ৩ ৫
ঔহোবা। ওই। জ ২৩৪ বা॥৩॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'বৃষা' (অভিমতফলবর্ষক, অভীষ্টপূরক স্ব) হে শুদ্ধসত্ত্ব! ত্বং 'মৎসরঃ' (আনন্দদায়কঃ) সন্ 'মরুত্বতে' (বিবেকজ্ঞানদানায়) 'ধারয়া' (ধারারূপেণ, প্রভূতপরিমাণেন) 'পবস্ব' (পরিক্ষর, অস্মাকং হৃদি আবির্ভব ইত্যর্থঃ); 'চ' (অপিচ) 'ওজসা' (আত্মশক্ত্যা) 'বিশ্বা' (বিশ্বানি, সর্ব্বাণি ধনানি, পরমধনং ইত্যর্থঃ) 'দধানঃ' (প্রযচ্ছন্, অস্মান্ প্রযচ্ছ)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। বয়ং সত্ত্বভাবসমন্বিতাঃ সন্ তৎপ্রভাবেন পরমধনং মোক্ষং প্রাপ্নুয়েম ইতি ভাবঃ॥ (৫প-৫অ—১খ-৩সা)॥

* *

বঙ্গানুবাদ।

অভিমতফলবর্ষক অথবা অভীষ্টপূরক হে শুদ্ধসত্ত্ব! তুমি আনন্দদায়ক হইয়া বিবেকজ্ঞান-প্রদানের জন্য ধারারূপে আমাদিগের হৃদয়ে আবির্ভূত হও; অপিচ আত্মশক্তির দ্বারা পরমধন আমাদিগকে প্রদান কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা সত্ত্বভাবসমন্বিত হইয়া যেন পরমধন মোক্ষ প্রাপ্ত হই)। (৩প—৫খ—১থ—৩সা)।

• . •

সায়ণ-ভাষ্যং।

ভৃগুর্বারুণির্ঋষিঃ। হে সোম! ত্বং 'বৃষা' স্তোতৄণামভিমতস্য বর্ষকঃ সন্ 'ধারয়া' স্বকীয়য়া 'সবস্ব' দ্রোণকলশমাগচ্ছ। সর্বাভির্গতিকর্ম্মা। আগতস্ত্বং যজ্ঞার্থাভিরিন্দ্রায় দীয়তে তদা 'মরুত্বতে' সহায়া মরুতো যস্য সন্তি তস্মৈ ইন্দ্রায় 'মৎসরঃ' মদকরশ্চ ভব। কীদৃশঃ? 'বিশ্বা' বিশ্বানি সর্ব্বাণি ব্যাপ্তানি বা ধনানি 'ওজসা' আত্মীয়েন বলেন যুক্তঃ সন্ স্তোতৃভ্যস্তানি প্রযচ্ছন্ ত্বং মাদয়িতা ভবেতি সমন্বয়ঃ॥ (৩প—৫খ—২গ—৩সা)॥

• . •

তৃতীয় (৪৬৯) সামের মর্ম্মার্থ।

——•——

সত্ত্বভাব মানবের অভিমতফলবর্ষক - অভীষ্টপূরক। মানবজীবনের চরম উদ্দেশ্য—মুক্তি-লাভ। সেই পরম আকাঙ্ক্ষার ধন মুক্তি দিতে পারে—শুদ্ধসত্ত্বভাব। হৃদয়ে সত্ত্বভাবের উপজন হইলে মানুষ পাপপঙ্কিলতার হস্ত হইতে নিস্তার পায়; সুতরাং সহজেই উন্নতর পথে অগ্রসর হইতে পারে। তখন মানুষের মন হইতে হীন-কামনা-বাসনা দূরীভূত হয়। সুতরাং কামনার অপূর্ণতা হেতু তাহাকে আর দুঃখ পাইতে হয় না। দুঃখের অভাবই—সুখ বা আনন্দ। তাই সত্ত্বভাবের আবির্ভাবে মানুষ আনন্দ লাভ করে। অপিচ, সত্ত্বগুণ-জনিত যে শক্তি, তাহাই প্রকৃত মহাশক্তি। সত্ত্বভাবের সঙ্গে সঙ্গে মানুষ সেই মহাশক্তির অধিকারী হয়। মানুষের তখন অপ্রাপ্য কিছুই থাকে না। বিশ্ব তখন তাহার আপনার হইয়া যায়, সে তখন বিশ্বের সারভূত পরমধনের অধিকারী হয়। এই মন্ত্রে সেই পরমধনলাভের উপায়ভূত হৃদয়ে সত্ত্বভাব সঞ্চারের জন্য প্রার্থনা আছে। প্রার্থনার ভাব—আমরা যেন পরমসম্পৎ সেই সত্ত্বভাব-লাভে কৃতার্থ হই, পরমানন্দের অধিকারী হইয়া যেন আমরা পরাশান্তির পথে অগ্রসর হইতে পারি।" *

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্টিতম সূক্তের দশমী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, দ্বিতীয় বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান সপ্তটী। উহাদের নাম—"সোমসাম," "আশুভার্গবম্," "বৈশ্বদেবম্," "ইন্দ্র সাম," "যৌক্তাশ্বম্" "যৌক্তোত্তরম্"।

চতুর্থং সাম।

২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যঃ তে মদো বরেণ্যঃ তেনা পবস্ব অন্ধসা।

৩ ১ ২ ৩ ২
দেবাবীঃ অঘশ৺সহা ॥ ৪ ॥

* * *

গেয় গানং।

৪ ৫ ১ ২A ৩ ৫ ৩ ৫ ৪ ৫
১ যাস্তাই। মাদো। বারাও২৩৪বা। নী২৩৪য়াঃ। তাইনা।

১ ৫ ২A ৩ ৫ ৩ ৫ ৪ ৫
পাবা। স্বা৩ন্ধাও২৩বা। ধা২৩৪সা। দাইবা।

১ ২A ৫ ৩ ৫
বাইরা। ঘাশাও২৩৪বা। গা২৩৪হা ॥ ৪ ॥

* * *

৪ ৫ ১A ৩ ২ ১ ২ ২ ৩ ৩ ২ ১ ২
২। যস্তেমদাঃ। বরাইণিয়োঃ। তাইনাপাবা৩স্বা৩। অন্ধসা। দাইবারাই

৫ ৭ ৭
৩৪। হাউ। ঘশা৫৬সহা। হো৫ই। ডা ॥ ৪ ॥

* * *

৩২ A ৩ ৫ ২ ১ ২A ৩ ৫ ২A
৩। যস্তা৩২ইমা২৩৪দাঃ। বরাইণায়া। আ২৩৪বা। হা।

৩ ৫ ২ ১ র ২ ১ ১A ৩
ও২৩৪বা। হাই। তাইনাপব। স্বআন্ধাসা। ও২৩৪

৫ ২A ২ ৫ ২ ১ ২A ৩
বা। হা। ও২৩৪বা। হাই। দাইবাবাহয়া। ও২

৫ ২A ৩ ৫ ২ ১ A ৩
৩৪বা। হা। ও২৩৪বা। হা৩ই। ঘা২শা

৫র র ২ র ১ ১ ১ ১ ই
২৩৪ঔহোবা। সহোরয়ী৩হা২৩৪৫ঃ॥ ৪ ॥

* * *

২ ১   ৪র ৫ র   ১ র ২   ১ ২   — ১
৪। যস্তাইমা ২ ৩ দোবরেণিয়াঃ। তাইনাপব। স্বসাঙ্কা ১ সা ২, দাইবা

— ১   ২ ১   ৫   ৪   ৫
২ বার্হসী ২ ৩। ঘশো ২ ৩ ৪ বা। সা ৫ হো ৬ হাই ॥ ৪ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা

হে শুদ্ধসত্ত্ব! 'তে' (তব ত্বয়ি বা) 'দেবাবীঃ' (দেবকামঃ, দেবভাবপ্রদায়কঃ ইত্যর্থঃ) 'অঘশংসহা' (পাপনাশকঃ) 'বরেণ্যঃ' (সর্ব্বৈঃ বরণীয়ঃ শ্রেষ্ঠতমঃ আকাঙ্ক্ষণীয়ঃ ইত্যর্থঃ) 'মদঃ' (পরমানন্দদায়কঃ) 'যঃ' (যঃ রসঃ, অমৃতং ইত্যর্থঃ) বিদ্যতে, 'তেন' 'অন্ধসা' (রসেন, অমৃতেন) 'পবস্ব' (ক্ষর, অস্মান প্রাপ্নোতু); অয়ং মন্ত্রঃ প্রার্থনামূলকঃ; অস্মাকং হৃদি শুদ্ধসত্ত্বভাবঃ উপজায়তু—ইতি ভাব॥ (৩প-৫অ-১খ-৪সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! তোমাতে দেবভাবপ্রদায়ক পাপনাশক সর্ব্বলোক বরণীয় সকলের আকাঙ্ক্ষণীয় পরমানন্দদায়ক যে রস আছে, সেই রসের—অমৃতের সহিত আমাদিগকে প্রাপ্ত হও। (মন্ত্রটী প্রর্থনা-মূলক; ভাব এই যে,—আমাদিগের হৃদয়ে শুদ্ধসত্ত্বভাব উপজিত হউক)॥ (৩প—৫অ—১খ—৪সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অমহীয়ুর্ঋষিঃ। হে সোম! 'তে' তব 'দেবাবীঃ' দেবকামঃ 'অঘশংসহা' রাক্ষসানাং হন্তা 'বরেণ্যঃ' সর্ব্বৈর্ব্বরণীয়ঃ 'মদঃ' মদকরঃ 'যঃ' রসো বিদ্যতে তেন রসেন 'অন্ধসা' আদরণীয়েন 'পবস্ব' ক্ষর॥ (৩প-৫অ-১খ—৪সা)॥

* * *

চতুর্থ (৪৭০) সামের মর্ম্মার্থ।

———•——

শুদ্ধসত্ত্ব দেবভাব-প্রদায়ক। মানুষের মধ্যে সত্ত্ব রজঃ তমঃ আছে এবং সেই জন্য মানুষের মধ্যে দেবত্ব ও পশুত্বের মিলন হইয়াছে। পাশ্চাত্য দার্শনিকগণও মনুষ্যত্বের সংজ্ঞা দেন—দেবত্ব ও পশুত্বের একত্র মিলন। সত্ত্বগুণ দেবভাবের পরিচায়ক এবং রজঃ ও তমঃ পশুত্ব নির্দ্দেশ করে। সাধনার বলে যখন মানুষ এই রজঃ ও তমের ঊর্দ্ধে উত্থিত হয়, তখনই তাহার মধ্যে প্রকৃত দেবভাবের বিকাশ দেখিতে পাওয়া যায়। অর্থাৎ রজঃ ও তমঃ বিহীন

বিশুদ্ধ সত্ত্বভাবই দেবভাব। যাঁহার হৃদয়ে এই শুদ্ধসত্ত্বের আবির্ভাব হয়, তিনি দেবভাবের অধিকারী হয়েন। তাই শুদ্ধসত্ত্ব দেবভাব-প্রদায়ক।

শুদ্ধসত্ত্বকে পাপনাশক বলা হইয়াছে। রজঃ ও তমের বিনাশে পাপনাশ অবশ্যম্ভাবী। রজঃ ও তমঃই পাপের জনক। যখনই সেই রজঃ ও তমঃ নাশ প্রাপ্ত হয়, তখন পাপের অস্তিত্বও নষ্ট হয়। তাই শুদ্ধসত্ত্ব পাপনাশক। হৃদয় হইতে সেই পাপ দূরীভূত হইলে মানুষ বিমল আনন্দলাভ করে। সেই আনন্দ সকলেরই প্রার্থনার বস্তু। সেই আনন্দলাভ করিলে মানুষের প্রার্থনীয় আর কিছুই থাকে না। তাই এই আনন্দের মূলীভূত কারণ শুদ্ধসত্ত্বের জন্য প্রার্থনা করা হইয়াছে।

ভাষ্যকার এই মন্ত্রে সোমকে সম্বোধন করিয়া মন্ত্রের ব্যাখ্যা করিয়াছেন। তাঁহার অন্বয়ের সহিত আমাদিগের ব্যাখ্যার শব্দগত বিশেষ কোন পার্থক্য লক্ষিত হইবে না সত্য, কিন্তু মূলভাবগত বৈষম্য যথেষ্ট আছে। সোমরস নামক মাদকদ্রব্য কিরূপে যে দেবভাব-প্রদায়ক, পাপনাশক (অথবা ভাষ্যমতে রাক্ষসনাশক) হইতে পারে তাহা বুঝিতে আমরা অসমর্থ। অন্যান্য বিষয় মর্ম্মার্থ দৃষ্টে অধিগত হইবে। (৩প ৫অ ১খ ৪সা)। *

পঞ্চমং সাম।

৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২

তিস্রো বাচ উদীরতে গাবো মিমন্তি ধেনবঃ।

১ ২ ৩ ১ ২

হরিঃ এতি কনিক্রদৎ॥ ৫ ॥

গেয়-গানং।

৫ র ২ ৪ ৫ ৪৫ ১ ২ — ১ র ২

১। যস্ত্রে। মা ৩ দা। বা। ইয়া। রাইণা ১ যা ২ ঃ। তাইনাপব।

৪ ২র ২র২ ১ — ১ ১ A ৩

স্ব। ঔ ৩ হো। বাহা। ধমা ২। দাইবা ২ ৩। বা ২ ইরা

৫র র ২ A ৩ ২

২ ৩ ৪ ওহোবা। ঘশা৬ সাহা ১॥ ৫ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতায় নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের উনাবংশ-বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান চারিটী। উহাদের নাম "ভাসম্" "সোমসাম" "প্রব্যোপস্থাম্।

৫ র র　১　২　২　৫
১। ভিস্ত্রোবাচাঃ। উদাই। উদা ৩ ১ উ। বায়ে ৩। সা ২ ৩ ৪ ৫ভ।

র র　২ ২　২　২　৫
গাবোমিমা। ভিধাই। ভিধা ৩ ১ উ। বায়ে ৩ না ২ ৩ ৪ বাঃ।

র　২ ১　২　২
হরিয়েতো কনাই কনা ৩ ১ উ। বায়ে ৩।

৫
কা ২ ৩ ৪ দাৎ। ৫ ॥

* * *

৫ র র　১　২　২　১র র　২　২
২। ভিস্ত্রোবাচাঃ। উদাইয়া ৩ ৫ভ। গাবোমিমাস্তিধা ১ ইনা ৩

২　র ৩　৫　১ ৯ ৩　৫র র
বাঃ। হরিয়েতো ২ ৩ ৪ হাই। কা ২ না ২ ৩ ৪ ওহোবা।

৩　৫
ক্রা ২ ৩ ৪ দাৎ ॥ ৫ ॥

* * *

২ র ১　৫　২ র ১　২র র ১
৩। ভিস্ত্রোবাচো ২ ৩ ৪ হাই। উদীরস্তাই। গাবোমিমা ২ ৩ ৪

৫ ২ র১　২ ১　৫　২ ১ ২
হা ভিধেনবাঃ। হরিরাইতো ২ ৩ ৪ হাই। কনায়ে ৫।

নিম্নোদ্ধৃত একটী গেয়-গান চতুর্থ সামের গেয়-গানের অন্তর্গত। মুদ্রাকর প্রমাদে যথা স্থানে সন্নিবিষ্ট না হওয়ায় নিম্নে তাহা প্রকাশ করা হইল। ১৬শ পৃষ্ঠায় পঞ্চম সামের প্রথম গেয়-গান বলিয়া যেটী মুদ্রিত হইয়াছে, তাহাও চতুর্থ সামের অন্তর্গত। মুদ্রাকর-প্রমাদই উহার যথাস্থানে সন্নিবিষ্ট না হওয়ার প্রধান কারণ। যাহা হউক, পাঠকালে গেয়-গান দুইটীকে চতুর্থ সামের গেয়-গানরূপেই সন্নিবিষ্ট করিয়া লইতে হইবে। যথা,—

৫ র র র　৫　২র২র র　২র১র র
বস্তেমদোবরেণিয়া ৩ ৫। তেনাপবস্বান্ধসা। দেবাবীয়া ২ ৩।

২　১ ২　১ ২　২A A　৫
হাই। ঘাশাউবা। সাহাউবা ৩। উ ৩ ২ ৩ ৪ পা ॥ ৪ ॥

* * *

১ ২ ৩ ৫র র ২ ১ ২ র ১ ২ ৩
ক্রা ২ দা ২ ৩ ৪ ওহোবা। অস্মভ্যাঙ্গাতুর্বিত্তমা
১ ১ ১ ১
২৩৪৫ ম্ ॥ ৫ ॥

৫ ৪র র ৫ ৩ ৫ র ৪ ৫ ২র র ৩ ২ ১ ৩
৪। তিস্রোবাচউদীরতো। বাহাই। গাবোমিমা ৩। তী ধেনা ২ ৩ ৪
৫ ৪ ৫ ৪ ৫ ১ ২ ৩ ৫র র ৩ ৫
বাঃ। হারীরাইতী। কা ২ না ২ ৩ ৪ ওহোবা। ক্রা ২ ৩ ৪ দাৎ ॥ ৫ ॥

৪ ৩ র ৪ ২৩র ৫ ১ র ২ ১ ১
৫। তিস্রোহ ৫ বা। চা ৩ উদীরতাই। গাবোমিম। তিধাইনা ১ বা
১ ২ ২ ১ ২ ১ ২ ২
২ ৩ঃ। হোবা ৬ হাই। হরাইরা ১ ইতী ২ ৩। হোবা ৩ হাই।
১ ২ ১ ২ ৩ ৫র র ৩ ৫
কনায়ে ৩। ক্র ২ দা ২ ৩ ৪ ঔহোবা। দী ২ ৩ ৪ শাঃ ॥ ৫ ॥

৪ র র র ৪ ২র ১র ২ ১র
৬। তিস্রোবাচা ৫ উদারতাই। গাবোমিমন্তিধেনবঃ। হরিয়া ২ ৩
২ — ১ ১ ২ ১ ২ ৩
ইতো। কনৌ ২। ন্থাই। হো ৩ বা ৩। ক্রা ২ দো ২ ৩ ৪
৫র র ২র ১ ২ ১৩ ১ ১ ১ ১
ওহোবা। হাওবা। ওবা ২ ৩ ৪ ৫ ॥ ৫ ॥

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'তিস্রঃ বাচঃ' (ত্রিবিধাঃ বাচঃ, ঋক্‌-যজুঃ-সামভিঃ ইত্যর্থঃ) 'উদীরতে' (গায়ন্তি প্রার্থয়ামঃ—বয়ং ইতি শেষঃ); তেন 'গাবঃ' (জ্ঞানকিরণাঃ) 'মিমন্তি' (উদ্দীপ্তাঃ ভবন্তি; যথা—দীপয়ন্ত—অস্মাকং হৃদি ইতি যাবৎ) অপিচ, 'ধেনবঃ' (জ্ঞানরশ্ময়ঃ) 'কনিক্রদৎ' (উদ্বোধয়ন্তু অস্মাকং চিত্তবৃত্তীঃ ইত্যর্থঃ) 'হরিঃ' (পাপহারকঃ-সত্ত্বভাবঃ ইতি ভাবঃ) 'এতি' (আগচ্ছতু অস্মাকং হৃদি ইত্যর্থঃ। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবসমন্বিতং জ্ঞানং অস্মান্ পরমধনং প্রযচ্ছতু ইতি ভাবঃ। (৩প—৫অ—১খ—৫সা)॥

বঙ্গানুবাদ।

ঋক-যজুঃ-সাম মন্ত্রের দ্বারা আমরা প্রার্থনা করিতেছি তদ্দ্বারা জ্ঞান-কিরণসমূহ আমাদিগের হৃদয়ে উদ্দীপিত হউক; অপিচ, জ্ঞানরশ্মিসমূহ আমাদিগের চিত্তবৃত্তিকে উদ্বোধিত করুক; পাপহারক সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে আগমন করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—সত্ত্বভাব সমন্বিত জ্ঞান আমাদিগকে পরমধন প্রদান করুক।)॥ ৫॥

* * *

সায়ণ ভাষ্যং।

ত্রিত ঋষিঃ। 'তিস্রো বাচঃ' ঋগাদিভেদেন ত্রিবিধাঃ, 'উদীরতে' স্তোতৃভিঃ প্রোদ্গায়ন্তি ঋত্বিজঃ। 'ধেনবঃ' আশিরেণ প্রীণয়িত্র্যঃ 'গাবঃ' 'মিমন্তি' শব্দায়ন্তে দোহার্থং। 'হরিঃ' হরিত-বর্ণঃ সোমশ্চ 'কনিক্রদৎ' শব্দং কুর্ব্বন্। গচ্ছতি কলশম্। (৩প—৫অ—১ম ৫সা)॥

* * *

পঞ্চম (৪৭১) সামের মর্ম্মার্থ।

—:*:—

এই মন্ত্রটী প্রার্থনা-মূলক। এই মন্ত্রে জ্ঞান ও সত্ত্বভাব লাভের প্রার্থনা বিদ্যমান।

মন্ত্রান্তর্গত কয়েকটী পদসম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। 'গাবঃ' ও ধেনবঃ' পদদ্বয়ে যথাক্রমে আমরা জ্ঞানকিরণ ও জ্ঞানরশ্মি অর্থ গ্রহণ করিয়াছি। উভয় পদই একার্থক, কেবলমাত্র প্রার্থনার দৃঢ়তা বুঝাইবার জন্য দুইটী বিভিন্ন পদ ব্যবহৃত হইয়াছে। এই উভয় পদের অর্থ সম্বন্ধে আমরা পূর্ব্বে বহুবার আলোচনা করিয়াছি। সুতরাং এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। 'হরিঃ' পদে 'যিনি পাপ হরণ করেন' এই অর্থে 'পাপহারক'। শুদ্ধসত্ত্ব বা সদ্ভাবসমূহ পাপ বিনষ্ট করে, কলুষ বিদূরিত করিয়া মানুষকে পবিত্র করে। তাই মন্ত্রে সত্ত্বভাবলাভের জন্য প্রার্থনা আছে।

প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদের ব্যাখ্যার কিঞ্চিৎ অনৈক্য দৃষ্ট হইবে। প্রচলিত ব্যাখ্যায় প্রাচীন ভারতের গার্হস্থ্য জীবনের একটী চিত্র অঙ্কিত হইয়া থাকে। ঋষিগণের মধ্যে কেহ কেহ বেদগানে দ্যুলোক ভূলোক পূর্ণ করিতেছেন,—পবিত্র করিতেছেন; কেহ বা পবিত্র সোমরস প্রস্তুত করিতেছেন এবং তাহারই অদূরে দাঁড়াইয়া পয়স্বিনী গাভীগণ হাম্বারবে দিক মুখরিত করিতেছে। যেন তাহারা তাহাদের অসীম স্নেহের দান গ্রহণ করিবার জন্য ঋষিগণকে আহ্বান করিতেছে।* (৩প—৫অ—১ম—৫সা)।

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্রয়োবিংশতিতম সূক্তের চতুর্থী ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায় ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান ছয়টী; উহাদের নাম,—"বৈষ্টম্ভে," "পার্ষ্টে" "হে বে" "কুলত্রৈষ্টম্ভ" "পার্ষ্টৌহব"।

১ ^৩ ৫র র ২ ১ ২ র ১ ২ ৩
ক্রা ২ দা ২ ৩ ৪ ওহোবা। অস্মভ্যঙ্গাতুবিত্তমা
১ ১ ১ ১
২৩৪৫ ম্॥ ৫॥

৫ ৪র র ৫ ৫ ৫র ৪ ৫ ২র র ৩ ২ ^৩
৪। ত্রিস্রোবাচউদীরতো। বাহাই। গাবোমিমা ৩। তী ধেনা ২ ৩ ৪
৫ ৪ ৫ ৪ ৫ ১ ^ ৩ ৫র র ৩ ৫
বাঃ। হারীরাইতী। কা ২ না ২ ৩ ৪ ওহোবা। ক্রা ২ ৩ ৪ দাৎ॥ ৫॥

৪ ৩ র ৪ ২৩র৫ ১ র ২ ১ ১
৫। ত্রিস্রোহ্ ৫ বা। চা ৩ উদীরতাই। গাবোমিম। তিধাইনা ১ বা
১ ২ ২ ১ ২ ১ ২ ২
২ ৩ঃ। হোবা ৩ হাই। হরাইরা ১ ইতী ২ ৩। হোবা ৩ হাই।
১ ২ ১ ^ ৩ ৫র র ৩ ৫
কনায়ে ৩। ক্রা ২ দা ২ ৩ ৪ ওহোবা। দী ২ ৩ ৪ শাঃ॥ ৫॥

৪ র র র ৪ ২র১র ২ ১র
৬। ত্রিস্রোবাচা ৫ উদীরতাই। গাবোমিমন্তিধেনবঃ। হরিয়া ২ ৩
২ — ১ ১ ২ ১ ^ ৩
ইতো। কনো ২। হুবাই। হো ৩ বা ৩। ক্রা ২ দো ২ ৩ ৪
৫র র ২র ১ ২ ১৩ ১ ১ ১ ১
ওহোবা। হাওবা। ওবা ২ ৩ ৪ ৫॥ ৫॥

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'ত্রিস্রঃ বাচঃ' (ত্রিবিধাঃ বাচঃ, ঋক্-যজুঃ-সামভিঃ ইত্যর্থঃ) 'উদীরতে' (গায়ন্তি প্রার্থয়ামঃ—বয়ং ইতি শেষঃ); তেন 'গাবঃ' (জ্ঞানকিরণাঃ) 'মিমন্তি' (উদ্দীপ্তাঃ ভবন্তি; যদ্বা—দীপয়ন্তু—অস্মাকং হৃদি ইতি যাবৎ) অপিচ, 'ধেনবঃ' (জ্ঞানরশ্ময়ঃ) 'কনিক্রদৎ' (উদ্বোধয়ন্তু অস্মাকং চিত্তবৃত্তীঃ ইত্যর্থঃ) 'হরিঃ' (পাপহারকঃ-সত্ত্বভাবঃ ইতি ভাবঃ) 'এতি' (আগচ্ছতু অস্মাকং হৃদি ইত্যর্থঃ। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবসমন্বিতং জ্ঞানং অস্মান্ পরমধনং প্রযচ্ছতু ইতি ভাবঃ। (৩প—৫অ—১খ—৫সা)॥

বঙ্গানুবাদ।

ঋক-যজুঃ-সাম মন্ত্রের দ্বারা আমরা প্রার্থনা করিতেছি তদ্দ্বারা জ্ঞান-কিরণসমূহ আমাদিগের হৃদয়ে উদ্দীপিত হউক; অপিচ, জ্ঞানরশ্মিসমূহ আমাদিগের চিত্তবৃত্তিকে উদ্বোধিত করুক; পাপহারক সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে আগমন করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—সত্ত্বভাব সমন্বিত জ্ঞান আমাদিগকে পরমধন প্রদান করুক।)॥ ৫ ॥

• • •

সায়ণ ভাষ্যং।

ত্রিত ঋষিঃ। 'তিস্রো বাচঃ' ঋগাদিভেদেন ত্রিবিধাঃ 'উদীরতে' স্তুতীঃ প্রোদ্গায়ন্তি ঋত্বিজঃ। 'ধেনবঃ' আশিরেণ প্রীণয়িত্র্যঃ 'গাবঃ' 'মিমন্তি' শব্দায়ন্তি দোহার্থং। 'হরিঃ' হরিত-বর্ণঃ সোমশ্চ 'কনিক্রদৎ' শব্দং কুর্ব্বন্। গচ্ছতি কলশম্। (৩প—৫অ—১খ ৫সা)॥

* * *

পঞ্চম (৪৭১) সামের মর্ম্মার্থ।

—:•:—

এই মন্ত্রটী প্রার্থনা-মূলক। এই মন্ত্রে জ্ঞান ও সত্ত্বভাব লাভের প্রার্থনা বিদ্যমান।

মন্ত্রান্তর্গত কয়েকটী পদসম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। 'গাবঃ' ও ধেনবঃ' পদদ্বয়ে যথাক্রমে আমরা জ্ঞানকিরণ ও জ্ঞানরশ্মি অর্থ গ্রহণ করিয়াছি। উভয় পদই একার্থক, কেবলমাত্র প্রার্থনার দৃঢ়তা বুঝাইবার জন্য দুইটী বিভিন্ন পদ ব্যবহৃত হইয়াছে। এই উভয় পদের অর্থ সম্বন্ধে আমরা পূর্ব্বে বহুবার আলোচনা করিয়াছি। সুতরাং এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। 'হরিঃ' পদে 'যিনি পাপ হরণ করেন' এই অর্থে 'পাপহারক'। শুদ্ধসত্ত্ব বা সদ্ভাবসমূহ পাপ বিনষ্ট করে, কলুষ বিদূরিত করিয়া মানুষকে পবিত্র করে। তাই মন্ত্রে সত্ত্বভাবলাভের জন্য প্রার্থনা আছে।

প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদের ব্যাখ্যার কিঞ্চিৎ অনৈক্য দৃষ্ট হইবে। প্রচলিত ব্যাখ্যায় প্রাচীন ভারতের গার্হস্থ্য জীবনের একটী চিত্র অঙ্কিত হইয়া থাকে। ঋষিগণের মধ্যে কেহ কেহ বেদগানে দ্যুলোক ভূলোক পূর্ণ করিতেছেন,—পবিত্র করিতেছেন; কেহ বা পবিত্র সোমরস প্রস্তুত করিতেছেন এবং তাহারই অদূরে দাঁড়াইয়া পয়স্বিনী গাভীগণ হাম্বারবে দিক মুখরিত করিতেছে। যেন তাহারা তাহাদের অসীম স্নেহের দান গ্রহণ করিবার জন্য ঋষিগণকে আহ্বান করিতেছে।" (৩প—৫অ—১খ—৫সা)।

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্রয়োবিংশাধিকশততম সূক্তের চতুর্থী ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায় ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান ছয়টী; উহাদের নাম,—"বৈষ্টম্ভেঃ," "পার্ষ্টে" (?) হে (?) "কুলকুটীয়ম্" "পার্ষ্টে ৈইদ"।

ষষ্ঠং সাম।

১২ ৩১২ ৩ ১২৩ ১২
ইন্দ্রায় ইন্দো মরুত্বতে পবস্ব মধুমত্তমঃ।
৩২৩ ১২ ৩১২
অর্কস্য যোনিং আসদং ॥ ৬ ॥

* * *

গেয়-গানং।

৪র র ২ ১ ২ ১ — ১ ২ ১ —
১। ইন্দ্রায়েন্দাউ। মরুত্বতাই পবস্বামা ২। ধুমত্তমাঃ। অর্কস্যয়ো ২।
১ ৩ ৫ ৩ ৪র র ২ ১র ২
নিমা ২ ৩। সা ২ দা ২ ৩ ৪ ঔহোবা। ইষোবৃধে ১ ॥ ৬ ॥

* * *

১ ৫ ৩ ৫ ২ ১ ২ ১
২। আ ২ ৩ ৪ ইন্দ্রা। যা ২ ৩ ৪ ইন্দ্রা। মরুত্বতে ৩। পা ২ ৩ ৪
৫ ৩ ৫ ২ ১ ২ ১ ৫ ৩
বা। স্বা ২ ৩ ৪ মা। ধুমাত্তমা ৩ঃ। আ ২ ৩ ৪ র্কা। স্যা
৫ ২১র২৩১১১১
২ ৩ ৪ যো। নিমাসদা ২ ৩ ৪ ৫ ম্‌ ॥ ৬ ॥

* * *

২র ১ ১ ২ র র ১ ১
৩। ইন্দ্রায়াইন্দো ২ ৩। হা। ঔ ৩ হোবা। মরুত্বতে ২ ৩। হা
র ২ ২ ১ ২ ১ ২ র২ ১
ঔ ৩ হোবা। পবস্বামা ২। হা। আ ৩ হোবা। ধুমত্তামা
১ ২ র২ ১ ১ ২
২ ৩ঃ। হা। ঔ ৩ হোবা। অর্কস্যযো ২ ৩। হা। ঔ
র র র১ ১ ২ র২
৩ হোবা। নিমাসাদা ২ ৩ ম্‌। হা। ঔ ৩ হোবা
১
৩৪৩। ও ২ ৩ ৪ ৫ ই। ডা ॥ ৬ ॥

* * *

৪ ৫র র র　　৪　৪　১　২১　২
৪। ইন্দ্রায়েন্দো। এ৫। মরু। ত্বতাই। পবস্বমধুমত্তা ২৩ মাঃ।
১　S ২　১　২　১　S ২
হুবাই। হো৩বা। অর্কাস্থা ২৩ যো। হুবাই। হো৩বা।
১র　২
নিমাসা ২৩ দা৩৪৩য়া। ২৩৪৫ ই। ডা॥৬॥

* *

৫ র র র　২　১　২ ২　১ ২　১
৫। ইন্দ্রায়েন্দোহাউ। ম। রু। ত্বতে৩ হাউ। পবস্বমধু। মা।
১　২　১　১　২　১
ত্তমা ২৩ হাউ। অর্কা। স্যযো ২৩ হা৩ই। নিমা ২৩।
৫　৪　৫
হো ২৩৪ বা। সা৫ দো৬ হাই॥৬॥

* * *

৫ র র ৪৫　৪৫　২ ১　২　১২　১ ২
৬। ইন্দ্রায়েন্দোবা। ওবা। মরুত্বতোবা। ওবা। পবস্বমোবা।
১২　১ ২　২　৪ ৫　৫ ৬
আবা। ধুমত্তমোবা। ওবা৩। অর্কাহাউ। স্যযোহাউ।
২১২　১　৫　৪　৫
নিমোমা৩ও২৩৪বা। সা৫ দো৬ হাই॥৬॥

* * *

৪ ৫র র র　র৫ র　৪　১ ২১২　S ২
৭। ইন্দ্রায়েন্দোমরুত্বাতে। ওহাই পবস্বমধমত্তমঃ। ও৩হা৩৪৩।
২　৫　১১　১ A ৩　৫র র
ও৩৪হা। আর্কস্যাযো ২৩। না২ ইমা ২৩৪ ওহোয়া।
২　৩　৫
উপ্। সা২৩৪দায়্॥৬॥

* * *

৫ র র র　৫　১ ২　১ ২
৮। ইন্দ্রায়েন্দোমরুত্বা৬ তাই। পবস্বম। ধুমাত্তা ১মা২৩৪ঃ।
৫　র　৫　৪　৫
অর্কস্যযোনিমা৬ হাউ। সা৫ দো৬ হাই॥৬॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'ইন্দো' (হে শুদ্ধসত্ত্ব) ষং 'মরুত্বতে' (বিবেকলাভায়) 'অর্কস্য' (জ্ঞানযজ্ঞস্য ইত্যর্থঃ) 'যোনিং' (উৎপত্তিমূলং—হৃদয়ং ইতি ভাবঃ) 'আসদং' (প্রাপ্নুহি ইত্যর্থঃ); অপিচ 'ইন্দ্রায়' (ভগবৎপ্রীত্যর্থং) 'মধুমত্তমঃ' (মধুরতমঃ, অভিষ্টবর্ষকঃ সন্ ইতি যাবৎ) 'পবস্ব' (ক্ষর, করুণাধারয়া মম হৃদি উপজিতঃ ভব ইত্যর্থঃ)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। অয়ং ভাবঃ—ভগবল্লাভায় মম হৃদি সত্ত্বভাবঃ আবির্ভবতু—ইতি ভাবঃ॥ (৩প—৫দ—১খ—৬সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! বিবেকলাভের জন্য জ্ঞানযজ্ঞের উৎপত্তিমূল আমার হৃদয়কে প্রাপ্ত হও; অপিচ ভগবৎপ্রাপ্তির নিমিত্ত মধুরতম অর্থাৎ অভীষ্টপূরক হইয়া করুণাধারায় আমার হৃদয়ে উপজিত হও। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—ভগবানকে লাভের নিমিত্ত আমার হৃদয়ে সত্ত্বভাব আবির্ভূত হউক)॥ (৩প—৫দ—১খ—৬সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

কশ্যপ ঋষিঃ। হে 'ইন্দো' সোম! 'মধুমত্তমঃ' অতিশয়েন মধুমান্ 'অর্কস্য' অর্চনীয়স্য যজ্ঞস্য 'যোনিং' স্থানং 'আসদং' উপবেষ্টুং 'মরুত্বতে' 'ইন্দ্রার্থং' 'পবস্ব' ক্ষর॥ ৬॥

* * *

ষষ্ঠ (৪৭২) সামের মর্ম্মার্থ।

———:০:———

হৃদয়েই জ্ঞানের জন্ম। তাই 'অর্কস্য যোনিং' পদদ্বয়ে হৃদয়কে লক্ষ্য করে। হৃদয়ই সকল জ্ঞানবিজ্ঞানের উৎপত্তিস্থানীয়। হৃদয় নির্ম্মল হইলে, হৃদয় পবিত্র হইলে, এই হৃদয়েই বিবেকজ্ঞানের—পরাজ্ঞানের আবির্ভাব হয়। তাই সেই পরমজ্ঞানলাভের জন্য সত্ত্বভাবের আবাহন করা হইয়াছে। দেবতা ও সত্ত্বভাব অভিন্ন। সত্ত্বভাবের সাহায্যেই দেবতাকে লাভ করা যায়। আর, তাহাই মানব জীবনের চরম ও পরম পুরুষার্থ। ভগবৎচরণে আত্মলীন হওয়াই মানবের চরম পরিণতি। সেই পরিণতির দিকে চলিবার সামর্থ্য-লাভের জন্যই হৃদয়ে সত্ত্বভাব-সঞ্চয়ের প্রার্থনা।

প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদিগের মতের অনৈক্য ঘটিয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ দেওয়া হইল,—"হে সোম! ইন্দ্রের পানের জন্য এবং তাঁহার সহচর মরুৎগণের

পানের জন্য, তুমি অতি চমৎকার আস্বাদন ধারণ পূর্ব্বক ক্ষরিত হও, যজ্ঞের স্থানে উপবেশন কর।" (৩প—৫অ—১খ—৬দা)॥

সপ্তমং সাম।

২ ১ ৩ ১র ২র৩ ১র ২র ৩২
অসাবি অ৺শুঃ মদায় অপ্সু দক্ষো গিরিষ্ঠাঃ।
৩ ২উ ৩ ১ ২
শ্যেনো ন যোনিং আসদৎ॥ ৭॥

গেয়-গানং।

৪৫ ১ ২ ৫ ৪ ৫
১। আসা। বিয়ং৺শুর্ম্মা ৩১উবা২৩। দা২৩৪বা। আপ্সু-
৪৫ ২ ২ ১১১১ ২র১র
দাক্ষাঃ। গিরা৩১উবায়ে৩। ষ্ঠা২৩৪৫ঃ। শ্যেনীনা২৩
২ ৫
য়ো। নিমা৩১উবা২৩। সা২৩৪দাৎ॥ ৭॥

৪৫র ৪ ১৭ — ১ ৭ — ১ ২র ১ ২
২। অসাবিয়া। শুর্ম্মদা২। য। আপ্সুদাক্ষা২ঃ। গাইরিষ্ঠাঃ। শ্যাইনো
১২ ৫ ৪ ৫
*১নায়ো২৩। নিমো২৩৪বা। সা৫দো৬হাই॥ ৭॥

৫র ৩২৯৩ ৫ ১৭২৯ ৩ ১২৮৩
৩। অসা। বিয়াও২৩৪বা। শূমেদায়া। ও২৩৪বা। আপ্সাও
৫ ২ ১র ২০ ৫
২৩৪বা। দক্ষোগিরাই। ষ্ঠাও২৩৪বা।
২র১র র র২৩১১১১
শ্যেনোনয়োনিমাসদা২৩৪৫৫॥ ৭॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের দ্বাবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, চত্বারিংশত্তম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান আটটী। উহাদের নাম,—"ইবযুদীয়ম," "ইন্দ্রসাম," "বৈশ্বদেবে দ্বে":"আগ্নেয়ং দ্বে" "বৈশ্বদেবম্," "আগ্নেয়ং।"

৫ র ৩ ২ ৲ ৩ ৫ ২ ১ ২ ৲ ৩ ৫
৪। অগ্না। বিশ্বোবা ও ২ ৩ ৪ বা। শুর্ম্মদায়ো। বা ও ২ ৩ ৪ বা।

৩ ২ ৲ ৩ ৫ ১ ২ ৲ ৩ ৫
অপ্সু। দক্ষোবা ও ২ ৩ ৪ বা। গিরাই। ষ্ঠৌবাউ ২ ৩ ৪ বা।

র ৩ ২ ৲ ৩ ৫ ১ ২ ৲ ৩
শ্যেনঃ। নযোবা ও ২ ৩ ৪ বা। নিমা। সাদোবাও

৫ ৪
২ ৩ ৪ বা। হো ৫ ই। ডা॥ ৭॥

* . *

৪ ৫র ৪ ৫ ২ ১ র র র র
৫। অগ্না। ব্রাহুগাহাই। অভ্শুর্ম্মদায়াপ্সুদক্ষোগিরিষ্টাউহবা ২ ৩

১ ২ ১ ৲ ৩ ৫র র
হোই। শ্যা ২ ৩ ইনো ৩। না ২ য়ো ২ ৩ ৪ ঔ হোবা।

২ ২র ২ ৩ ১ ১ ১ ১
নিমাসদা ২ ৩ ৪ ৫ ৎ॥ ৭॥

* . *

৪ ৫র ৪ ৫র ৪ ৫ ১ ২ ১ ২ র
৬। অগাব্যশুঃ। ঔহোবাহাই। মদা ২ ৩ য়া। আপসুদক্ষো-

২ ১ ২ ২ ১ ৲ ৩ ৫র
গিরিষ্ঠাঃ। শ্যাইনোনা ৩ য়ো ৩। না ২ ইমা ২ ৩ ৪ ঔ

র ২ ৩ ৫
হোবা। উপ্। সা ২ ৩ ৪ দাৎ॥ ৭॥

* . *

৩ ২ র ৫র ৪ ৫র ৪ ২ ১ র
৭। ইহা ৩ ১ ২ ৩ ৪। ইহা। গাব্যশুর্ম্মদায়। ইহা। অপ্সুদক্ষো-

২ ৩ ৫ ২র ১র ৲ ৩ ২ ৩
গিরিষ্ঠা ৩ ৪ ৫ঃ। ঔ ২ ৩ ৪ হা। শ্যেনোনয়ো ২ নিমা ৩ ৪ ৫। ঔ

৫ ১ ৲ ৩ ২ ৩ ৫
২ ৩ ৪ হা। আ ২ সদা ৩ ৪ ৫ ৎ। ঔ ২ ৩ ৪ হা॥ ৭॥

* * *

৩ ৫ ৩ ৫ ৫ ২ ১৩
৮। অস ২৩৪। বিয়৮ংশুঃ। মদা ২৩৪ যা ৬। হাউ। আপসুদা

৫ ২১ ৫ ১ ২ ২
২৩৪ ক্ষাঃ। গিরাইষ্ঠা ২৩৪ হাই। শ্যাইনোনা ৩ যো ৩।

১ ২ ১ ৫ ৫
নাইমা ২৩ হা ৩ ৩ ই। সা ২৩৪ দো ৬ হাই॥ ৭॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মদায়' (পরমানন্দদানায়—অস্মভ্যং ইত্যর্থঃ) 'গিরিষ্ঠাঃ' (শ্রেষ্ঠতমঃ, যথা—ভক্তানাং অভীষ্টপ্রাপকঃ ইতি ভাবঃ) 'অংশুঃ' (জ্ঞানকিরণঃ) 'অসাবি' (অভিষুতঃ, বিশুদ্ধঃ সন্ ইতি যাবৎ) অপিচ 'অপ্সু' (শুদ্ধসত্ত্বেষু সম্মিলিতঃ সন্ ইতি যাবৎ) 'দক্ষঃ' (প্রবৃদ্ধঃ, অনন্তশক্তি-বিধায়কঃ) ভবতু ইতি শেষঃ; অপিচ, 'শ্যেনো ন' (শ্যেনবৎ ক্ষিপ্রগমনকরণশীলঃ সন্) 'যোনিং' (উৎপত্তিমূলং অস্মাকং হৃদয়ং ইতি ভাবঃ) 'আসদৎ' (প্রাপ্নোতু ইত্যর্থঃ)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। অস্মাকং হৃদয়ং সত্ত্বভাবযুতেন দিব্যজ্ঞানেন পূর্ণং ভবতু—ইতি ভাবঃ॥ (৩প—৫অ—১ধ—৭সা)।

* * *

বঙ্গানুবাদ।

আমাদিগকে পরমানন্দ-দানের নিমিত্ত, শ্রেষ্ঠতম অর্থাৎ ভক্তগণের অভীষ্টপ্রাপক জ্ঞানকিরণ পবিত্র এবং শুদ্ধসত্ত্বের সহিত মিলিত হইয়া অনন্তশক্তিবিধায়ক হউক এবং শ্যেনবৎ ক্ষিপ্রগমনকরণশীল হইয়া আমাদিগের হৃদয়কে প্রাপ্ত হউক। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাবার্থঃ—আমাদিগের হৃদয় সত্ত্বভাবসমন্বিত দিব্যজ্ঞানে পরিপূর্ণ হউক।)॥ (৩প—৫অ—১ধ—৭সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

জমদগ্নিঋষিঃ। 'গিরিষ্ঠাঃ' পর্ব্বতে জাতঃ 'অংশুঃ' সোমঃ 'মদায়' মদার্থং 'অসাবি' অভিষুতঃ। 'অপ্সু' বসতীবরীষু 'দক্ষঃ' প্রবৃদ্ধশ্চ ভবতি। কিঞ্চ। 'শ্যেনো ন' যথা শ্যেনো বনাদাগত্য স্থানমাসীদতি তদ্বৎ 'অয়ং' সোমঃ 'যোনিং' স্বকীয়স্থানং 'আ সদৎ' আসীদতি॥ (৩প—৫অ—১ধ—৭সা)॥

* * *

সপ্তম (৪৭৩) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। সত্ত্বভাবযুক্ত পবিত্র জ্ঞান লাভের নিমিত্ত মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। জ্ঞান দিব্যজন্মা অর্থাৎ জ্ঞানময় ভগবান্ হইতেই জ্ঞান-ধারা প্রবাহিত হয়। মানুষের মধ্যেও তাঁহারই বিকাশ; তাই মানুষের হৃদয়েও জ্ঞানের প্রকাশ হয়। মানুষ যখন আবিলতার পঙ্ক হইতে উদ্ধার প্রাপ্ত হয়, তখন সে স্ব-স্বরূপেই প্রতিষ্ঠিত হইয়া থাকে। মূলতঃ কোনও প্রভেদ না থাকিলেও, মানুষ ও ভগবানের মধ্যে, পারিপার্শ্বিক অবস্থার জন্য, পার্থক্য লক্ষ্য করিয়াই বলা হইয়াছে—দিব্যজন্মা জ্ঞান আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউক। বস্তুতঃ মানুষের হৃদয়েই জ্ঞানের জন্ম হয়। কিন্তু সেই হৃদয় একটু উন্নত ও পবিত্র হওয়া চাই। তাই এই মন্ত্রের মধ্যে পরোক্ষভাবে উন্নত হৃদয়ের জন্যও প্রার্থনা আছে।

জ্ঞান যখন সত্ত্বভাবের সহিত মিলিত হয়, তখনই তাহা বিশুদ্ধ ও মোক্ষদায়ক হয়। এই জ্ঞানের বীজ আমাদিগের হৃদয়ে নিহিত আছে সত্য, কিন্তু ভগবানের করুণা ভিন্ন সে বীজ অঙ্কুরিত মুকুলিত ও ফলপুষ্পসমন্বিত হয় না। তাই, একভাবে ভগবান্ হইতেই জ্ঞান-ধারা আসিয়া আমাদিগের হৃদয়কে অভিষিক্ত করে।

ভাষ্যকার 'অংশুঃ' পদে সোম অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা তাঁহার সহিত একমত হইতে পারি নাই। 'অংশুঃ' পদে জ্ঞান, জ্ঞানকিরণ প্রভৃতি অর্থেরই সঙ্গতি দেখা যায়। (৩প-৫অ-১খ-৭সা)।•

অষ্টমং সাম।

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
পবস্ব দক্ষসাধনো দেবেভ্যঃ পীতয়ে হরে।
৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
মরুদ্ভ্যো বায়বে মদঃ॥ ৮॥

গেয়-গানং।

৪ ৫ র ৪র ৫ ১ ২র S ২ ২
১। পবস্বদো। হোহোবাহাই। ক্ষাসাধনা ৩ঃ। ঔ ৩ হো ৩ ৪ ই।
র ৫র ৩র ২ র ১র ২ ১ ২ ৩র ২ S
ঔ ৩ হো ৩ ৪ ই। ঔহো। বাহাই। দেবেভ্যঃ পাই। তয়েহরা ৩

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বিষষ্টিতম সূক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, চতুর্বিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান আটটী; উহাদের নাম, "শৈশবানি চত্বারি"; "চ্যাবনানি চত্বারি।"

২ ২ র ৫র ৩র ২ ১ ২র S
ই। ঔ ৩ হো ৩ ৪ ই। ঔহো। বাহাই। মরুদ্ভ্যোবা ৩।

২ ২ র ৫র ৩র ২ ১ ৮ ৩
ঔ ৩ হো ৩ ৪ ই। ঔহো। বাহা ৩ ই। বা ২ বা ২ ৩

৫র র ৩ ৫
৪ ঔহোবা। যা ২ ৩ ৪ দাঃ ॥ ৮ ॥

* * *

৪ ৫ ৪র৫ ৫ ২র ১র র — ১ ২ —
২। পবস্বদক্ষসাধনঃ। ও ৬ বা। দেবেভ্যঃ পীতয়া ২ ওই। হরা ২ ই।

১ ২র — ১ ৪ ৫ ৪ ৫
মরুদ্ভ্যোবা ২। ও ২ ৩। যবোবা। যা ৫ দো ৬ হাই ॥ ৮ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'হরে' (হে পাপহারক শুদ্ধসত্ব!) 'দক্ষসাধনঃ' (আত্মশক্তিসাধকঃ) 'মদঃ' (পরমানন্দদায়কঃ) ত্বং 'দেবেভ্যঃ' (শুদ্ধসত্বরূপেভ্যঃ, যদ্বা শুদ্ধসত্বরূপিণাং ইত্যর্থঃ। তথা 'মরুদ্ভ্যঃ' (বিবেকরূপিভ্যঃ দেবেভ্যঃ যদ্বা—বিবেকরূপিণাং দেবানাং ইত্যর্থঃ) তথা 'বায়বে' (আশুমুক্তিদায়কস্য দেবস্য ইত্যর্থঃ), পীতয়ে' (প্রীত্যর্থং ইতি যাবৎ) 'পবস্ব' (ক্ষর, করুণাধারয়া সহ অস্মাকং হৃদি উপজয় ইতি ভাবঃ)। অয়মপি প্রার্থনামূলকঃ। ভগবল্লাভায় সত্বভাবঃ অস্মাকং হৃদি অধিতিষ্ঠতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প ৫ম ১খ—৮সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

হে পাপহারক শুদ্ধসত্ত্ব! আত্মশক্তিসাধক পরমানন্দদায়ক তুমি শুদ্ধসত্ত্ব-স্বরূপ বিবেকরূপী দেবগণের এবং আশুমুক্তিদায়ক দেবতার প্রীতির নিমিত্ত আমাদিগের হৃদয়ে উপজিত হও (এ মন্ত্রও প্রার্থনা-মূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবানকে লাভের নিমিত্ত সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে উপজিত হউক।)॥ (৩প—৫অ—১খ—৮সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

দৃঢ়চ্যুত আগস্ত্য ঋষিঃ। হে 'হরে'! হরিতবর্ণ পাপহর্ত্তর্বা সোম! 'দক্ষসাধনঃ' দক্ষো বলস্তস্য সাধকঃ 'মদঃ' মদকরস্ত্বং 'পবস্ব' ক্ষর। কিমর্থং? 'দেবেভ্যঃ' ইন্দ্রাদিভ্যঃ 'পীতয়ে' পানায়। তথা 'মরুদ্ভ্যঃ' 'বায়বে' চ 'পীতয়ে' পানায় 'পবস্ব' ক্ষর। (৩প—৫অ—১খ—৮সা।)॥

* * *

অষ্টম (৪৭৪) সামের মর্ম্মার্থ।

পূর্ব্বে একটী মন্ত্রে (৩প—৫অ—১খ—৫সা) 'হরিঃ' পদে ভাষ্যকার 'হরিতবর্ণঃ সোমঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা ঐ স্থলে 'হরিঃ' পদে 'পাপহারক' অর্থ গ্রহণ করিয়াছি। ভাষ্যকারও বর্ত্তমান মন্ত্রে 'হরে' পদে "পাপহর্ত্তর্ব্বা" অর্থ গ্রহণ করিয়াছেন। সুতরাং ভাষ্যকারের পূর্ব্বাপর পূর্ণসঙ্গতি না থাকিলেও আমাদিগের ব্যাখ্যার সহিত ঐক্য-সাধন হইতেছে। কিন্তু প্রচলিত ব্যাখ্যা-সমূহের মধ্যে পরস্পর ঐক্য নাই। উদাহরণস্বরূপ একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত করিতেছি। তাহা হইতেই ভাষ্যের সহিত উহার পার্থক্য দৃষ্ট হইবে। সে বঙ্গানুবাদটী এই,—'হে হরিৎবর্ণ সোম! তুমি মদকর, তুমি দেবগণের, মরুৎগণের ও বায়ুর পানার্থ ক্ষরিত হও।' ব্যাখ্যাকার 'হরে' পদে 'পাপহারক' অর্থ গ্রহণ করেন নাই। কিন্তু ভাষ্যকারের ন্যায় ঐ 'হরে' পদে আমরা সোমকে লক্ষ্য করিতে পারি নাই। সত্ত্বভাবই পাপহরণকারী। সত্ত্বভাবের সাহায্যেই মানুষ দেবসাদৃশ্য লাভ করে। সত্ত্বের মধ্য দিয়াই মিলন সম্ভবপর হয়। মানুষের মধ্য দেবভাব উপজিত হইলেই দেবতার সহিত মিলন হয়। সেই মিলনের পথে,—মুক্তির পথে—লইয়া যায়—সত্ত্বভাব। ভগবান্ মানুষের হৃদয়ভাব গ্রহণ করেন। যখন সেই ভাবরাশি বিশুদ্ধ ও পবিত্র হয়, তখনই মোক্ষলাভ ঘটে। যাহাতে আমাদিগের মধ্যে সেই ভাব সঞ্চার হয়, তাহার জন্য এই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। (৩প—৫অ—১খ—৮সা)।

নাম্নং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২

পরি স্বানো গিরিষ্ঠাঃ পবিত্রে সোমো অক্ষরৎ।

১ ২ ৩ ২ ১

মদেষু সর্ব্বধা অসি ॥ ৯ ॥

* * *

গেয় গানং।

৪ ৫ ২র র র ১ ৩ ৫ ২র ১

১। পারী। স্বানোগিরিষ্ঠাঃ। পবা২ ইত্রে২৩৪ সো। মোঅক্ষারা২৫।

১ ২ ১ ২ ২ ১ ৫ ৪ ৫

মদাইষুসা৩। ঈ৩যা৩। র্ব্বধো২৩৪বা। আ৫ সো৬হাই॥৯॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চবিংশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম—"প্রাজাপত্যে দ্বে।"

৪ ৫ ২র র র ১Λ ৩ ৫
২। প। র্যেপারো। স্বানোগিরিষ্ঠাঃ। পবা২ইত্রে২৩৪গো।

২র ১ -- ১ ২ ২ ১Λ৩
মোঅক্ষারা২৫। মদাইমসা৩হা৩। বর্হি২ধা২৩৪

৫র র ২ ১৩ ১১১১
ঔহোবা। এ৩। অগো২৩৪৫।৯।

* * *

৩ র ৪ ২ ৪৫ ২১২র১ ২র৩২১
৩। পাহ৫রী। স্বানো৩গা৩ইরিষ্ঠাঃ। পবিত্রেগো। মোঅক্ষরাৎ।

২১২র ১ ৪৫ ১ ২ ২
পবিত্রে। গোমো২৩। ক্ষারাৎ। ওই। মদো। বা৩৪৩ও

৫ ৪ ২ ১র ২ ১Λ৩
৩৪বা। যুবা। সর্ব্বধাঃ। অপায়ে৩। মা২দা২৩৪

৫র র ২ ২ ১র ৩১১১১
ঔহোবা। এ৩। যুসর্ব্বধাঅসী২৩৪৫।৯।

* * *

s ২ ১২৩র২১ Λ ৩ ৫ ২Λ ৩
৪। ঔ৩হোই। ইহহাহহাই। ঔ২হো২৩৪বা। পরাইস্বা

৫ ২৩ ৫ ২ ৩ ৫ ২ ৩
২৩৪নো। গিরা২৩৪ইষ্টাঃ। পবিত্রে২৩৪গো। মোঅক্ষা

৫ ২Λ ৩ ৫ ২Λ৩ ৫
২৩৪রাৎ। মদাইম২৩৪সা। বর্হিধাপা২৩৪গো।

s ২ ১২৩র২১ X ৩
ঔ৩হোই। ইহহাহহাই। ঔ২হো২৩৪৫বা

২ ১৩১১১১
৬৫৬ এ৩। উপা২৩৪৫।৯।

* * *

৪ ৫ ২— —১ ৩র২ ১
৫। পা। র্যেস্বানাঃ। গা২ই। রিষ্ঠা২স্বা। হাহাই। ওবা২৩

১ ২ ১ ৭ Λ ৩র২ ১
হোই। পবিত্রেগো। মোঅক্ষারা২৫। হাহাই। ওবা২৩

৩ ৩২ৎ ৩র২ ১ ১ ২১
হোই। মদা২ইয়ুনা। হাহাই। ওবা২৩হো। র্ব্বধো

৫ ৪ ৫
২৩৪বা। আ৫ সো৬ হাই॥ ৯॥

• • •

৫র রর র ৪৫ — — ১ ৩
১০। পর্য্যোহোবাহাইস্বানাঃ। গা২ই। রিষ্টা২য়া। ও২৩৪।

৩র২ ৩র২ ১২ ১২ ১ ২ ১৭
হোহোই। হাহা। হোবা। হোবা। পবিত্রেসো। মোঅক্ষারা।

৩ ৩র২ৎ ৩র২ ১২ ১
২৫। ও২৩৪। হাহোই। হাহা। হোবা। মদা

৩২ ৩ ৩র২ ৩র২ ১২ ১২
২ইয়ুনা। ও২৩২। হাহাই। হাহা। হোবা। হোবা৩।

২১ ৫ ৪ ৫
র্ব্বধো২৩৪বা। আ৫ সো৬ হাই॥ ১০॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা

'গিরিষ্ঠাঃ' (শ্রেষ্ঠতমঃ, যদ্বা—ভক্তানাং অভীষ্টসাধকঃ) 'স্বানঃ' (পবিত্রতাসাধকঃ) 'সোমঃ' (শুদ্ধসত্ত্বঃ) 'পবিত্রে' (আত্মোৎকর্ষসম্পন্নে হৃদয়েষু) 'পর্য্যাক্ষরৎ' (পরিক্ষরতি, স্বতঃ সঞ্চরতি ইত্যর্থঃ)। অতঃ হে শুদ্ধসত্ত্ব! ত্বং 'মদেষু' (পরমানন্দদানায়—অস্মভ্যং ইতি যাবৎ) 'সর্ব্বধা' (সর্ব্বাভীষ্টপূরকঃ) 'অসি' (ভবসি, ভব ইতি ভাবঃ); নিত্যসত্যপ্রকাশকঃ অয়ং মন্ত্রঃ প্রার্থনামূলকশ্চ। ভাবার্থঃ—আত্মোৎকর্ষ-সম্পন্নানাং সাধুনাং হৃদি শুদ্ধসত্ত্বং স্বতমেব সঞ্চায়তে। অকিঞ্চনাঃ বয়ং শুদ্ধসত্ত্বং প্রার্থনামহে; এবম্বিধঃ শুদ্ধসত্ত্বঃ অস্মাকং সর্ব্বাভীষ্টং পূরয়তু—ইতি ভাবঃ। (৩প—৫অ—১৭ ৯সা)।

* * *

বঙ্গানুবাদ।

শ্রেষ্ঠতম অর্থাৎ ভক্তগণের অভীষ্টপূরক পবিত্রতা-সাধক শুদ্ধসত্ত্ব আত্মোৎকর্ষসম্পন্ন-হৃদয়ে স্বতঃ সঞ্চারিত হয়। অতএব হে শুদ্ধসত্ত্ব! আমাদিগকে পরমানন্দ-দানের জন্য তুমি সর্ব্বাভীষ্ট-পূরক হও। (নিত্য-

সত্যপ্রকাশক এই মন্ত্রটী প্রার্থনামূলক। (ভাবার্থঃ—আত্মোৎকর্ষসম্পন্ন সাধকদিগের হৃদয়ে স্বতঃই শুদ্ধসত্ত্ব সঞ্জাত হয়। অকিঞ্চন আমরা শুদ্ধসত্ত্বকে প্রার্থনা করিতেছি। শুদ্ধসত্ত্ব আমাদিগের সর্ব্বাভীষ্ট পূরণ করুন।)॥ (৩প—৫অ—১খ—৯দা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অস্যাঃ পরস্যাশ্চ কাশ্যপোঽসিত ঋষিঃ। অয়ং 'সোমঃ' 'পবিত্রে' 'পর্য্যক্ষরৎ' পরিক্ষরতি 'স্বানঃ' সুবানঃ অভিষূয়মাণঃ 'গিরিষ্ঠাঃ' গিরিস্থায়ী গিরৌ বর্ত্তমান ইত্যর্থঃ। স ত্বং 'মদেষু' মাদকেষু স্তোতৃকেষু 'সর্ব্বধা' অসি সর্ব্বস্য ধাতা দাতা বা ভবসি॥ 'স্বানঃ'—সুবানঃ'—ইতি অক্ষরণ অক্ষা—ইতি চ সাম্নশ্চঃ পাঠৌ॥ (৩প-৫অ ১খ—৯দা) ॥

* * *

নবম (৪৭৫) সামের মর্ম্মার্থ।

পবিত্র আধারই পবিত্রতাকে ধারণ করিতে পারে। নির্ম্মল স্ফটিকেই সূর্য্যকিরণ প্রতিবিম্বিত হয়। পবিত্র সাধু হৃদয়েই পবিত্রতার স্বরূপ সত্ত্বভাবের উপজন সম্ভবপর। এই মন্ত্রের প্রথমাংশে এই নিত্যসত্যই প্রকাশিত হইয়াছে। যাঁহারা সৎকর্ম্মপরায়ণ, যাঁহারা হীন বাসনা-কামনা হইতে মুক্ত, যাঁহাদিগের হৃদয় অসত্য বা পাপে কলুষিত নয়, তাঁহারাই ভগবানের পরমদান বিশুদ্ধ সত্ত্বভাবের অধিকারী হইতে পারেন,—তাঁহাদের হৃদয়ে সত্ত্বভাব স্বতঃই সঞ্চারিত হয়।

হৃদয় উপযুক্তরূপে সংগঠিত না হইলে, সে হৃদয় ভগবানের দান গ্রহণ করিবার শক্তি লাভ করে না এবং সেই দান পাইলেও তাহা রক্ষা করিতে সমর্থ হয় না। বিশুদ্ধ পবিত্র হৃদয়ে যে ভাবের উদয় হয়, তাহাই মানুষকে পরিণামে শক্তির পথে লইয়া যাইতে পারে। সুতরাং ভক্তগণের অভীষ্টপূরক পবিত্রতাসাধক শুদ্ধসত্ত্বলাভের প্রার্থনার মধ্যে হৃদয়ের পবিত্রতালাভের জন্য প্রার্থনাও নিহিত আছে।

হৃদয়ে সত্ত্বভাবের আবির্ভাব হইলে মানুষের প্রার্থনীয় আর কিছুই থাকে না; মানুষ ক্রমশঃ অনন্ত উন্নতির পথেই অগ্রসর হইতে থাকে। তাই সত্ত্বভাবকে সর্ব্বাভীষ্টপূরক বলা হইয়াছে। (৩প—৫অ—১খ—৯দা) ॥ *

* এই সাম মন্ত্রের ছয়টী গেয়-গান আছে। উহাদের নাম—"আশ্বং বৈদম্বতম্", "দ্বিতীয়ং বৈদম্বতম্", "তৃতীয়ং বৈদম্বতম্", "চতুর্থং বৈদম্বতম্", "আঙ্গিরসস্য সদস্তোভৌ দ্বৌ"।

দশমং সাম

১ ২ ৩ ২ ৩২ ৩ ১২র ৩ক ২র ৩ ২
পরি প্রিয়া দিবঃ কবির্বয়াꣳসি নপ্ত্যোর্হিতঃ।
৩ ১২ ৩ ১ ২
স্বানৈর্যাতি কবিক্রতুঃ ॥ ১০ ॥

* * *

গেয়-গানং।

৫ র ৪ ৫ ১র র র র ২
১। পরিপ্রিয়াদিবঃকাবীঃ। বয়াꣳসিনপ্তোর্হিতঃ। স্বানৈর্য্যা ২ ৩ ঔ।
১ — ১ — ২ ৩ ২ ১ A ৩
আযা ২। ইয়া ২ ঈ ৩ য়া। কবিক্রতো ২। যা ২ ৩ ৪
৫র র ৩ ১ ১ ১ ১
ঔহোবা। ঈ ২ ৩ ৪ ৫ ॥ ১০ ॥

* * *

৪ ৪ ১Sর র ২ ১ র র ২ ১
২। পরিপ্রিয়া ৫ দিবঃ কবাইঃ। বয়া ২ হো ১ বাꣳসিনপ্তোবোর্হিতঃ।
র র ২ ১ ২ ১ ২ ১ —
স্বানৈর্য্যা ২ ৩ ঔ হুবা। হোবা। হোবা। হুবা ২ ই।
S ২ ৩ ২ ২ A ৩ ৫র র
ঈ ৩ য়া। কবিক্রতো ২। যা ২ ৩ ৪ ঔহোবা
২ ১ ১ ১ ১ ১
ঈ ৩ যা ২ ৩ ৪ ৫ মৃ ॥ ১০ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'কবিঃ' (মেধাবী, প্রজ্ঞানসম্পন্নঃ) 'কবিক্রতুঃ' (ক্রান্তপ্রজ্ঞঃ, বুদ্ধিমান্—জনঃ ইতি যাবৎ) 'স্বানৈঃ' (অধ্বর্য্যুঃসহিতেন, সৎকর্ম্মসাধনেন ইত্যর্থঃ) 'দিবঃ' (দ্যুলোকস্য) 'প্রিয়াঃ' 'বয়াংসি' (শক্তীঃ, আত্মশক্তিং ইত্যর্থঃ) 'নপ্ত্যোর্হিতঃ' (অহোরাত্রয়োঃ স্থিতং, নিত্যকালং ইত্যর্থঃ) 'পরিযাতি' (পরিগচ্ছতি, প্রাপ্নোতি)। নিত্যসত্যপ্রকাশকঃ অয়ং মন্ত্রঃ। জ্ঞানিনঃ তথা সৎকর্ম্মসাধকাঃ আত্মশক্তিং লভন্তে ইতি ভাবঃ। (৩প - ৫অ—১খ—১০সা)॥

* * *

অথবা,

'কবিঃ' (মেধাবী) 'কবিক্রতুঃ' (ক্রান্তপ্রজ্ঞঃ,—শুদ্ধসত্ত্বঃ ইত্যর্থঃ) 'নপ্ত্যোর্হিতঃ' (সাধকানাং হৃদি সদা বর্ত্তমানঃ ইতি ভাবঃ); 'দিবঃ' (হৃদ্রূপস্য দ্যুলোকস্য ইতি যাবৎ) 'প্রিয়া' (প্রিয়াণি) 'বয়াংসি' (অন্নানি, শক্তীঃ ইত্যর্থঃ) 'স্বানৈঃ' (সৎকর্ম্মসাধনৈঃ সহ) 'পরিযাতি' (গচ্ছন্তি, উদ্বোধিতাঃ ভবন্তি ইত্যর্থঃ)। নিত্যসত্যপ্রকাশকোঽয়ং। সাধকানাং হৃদি শুদ্ধসত্ত্বঃ নিত্যমেব বর্ত্ততে। সৎকর্ম্মসাধনেন শুদ্ধসত্ত্বপ্রভাবেন চ সা শক্তি উদ্বোধিতা ভবতি ইতি ভাবঃ। (৩প—৫অ—১খ-১০সা)।

* * *

বঙ্গানুবাদ।

প্রজ্ঞানসম্পন্ন বুদ্ধিমান্ ব্যক্তি সৎকর্ম্মসাধনের দ্বারা দ্যুলোকের প্রিয় শক্তি অর্থাৎ আত্মশক্তি নিত্যকাল প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রকাশক; ভাব এই যে,—জ্ঞানী এবং সৎকর্ম্মসাধকগণই আত্মশক্তি লাভ করেন)। (৩প—৫অ—১খ—১০সা)।

অথবা,

মেধাবী ক্রান্তপ্রজ্ঞ শুদ্ধসত্ত্ব (ভগবান্) সাধকদিগের হৃদয়ে সর্ব্বদা বর্ত্তমান আছেন। হৃদয়রূপ দ্যুলোকের প্রিয়শক্তিসমূহ সৎকর্ম্মসাধনের দ্বারাই উদ্বোধিত হইয়া থাকে। (মন্ত্রটী নিত্যসত্যপ্রকাশক। সাধকহৃদয়ে শুদ্ধসত্ত্ব নিত্যকাল বিরাজিত। সৎকর্ম্মসাধনের দ্বারা শুদ্ধসত্ত্বপ্রভাবে সে শক্তি উদ্বোধিত হইয়া থাকে।)। (৩প—৫অ—১খ—১০সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'কবি'র্মেধাবী। 'কবিক্রতুঃ' ক্রান্তপ্রজ্ঞঃ ক্রান্তকর্ম্মা বা সোমঃ 'নপ্ত্যোঃ' অভিষবণফলকয়োঃ 'হিতঃ' নিহিতঃ। 'দিবঃ' দ্যুলোকস্য 'প্রিয়া' প্রিয়াণি 'বয়াংসি' বয়ন্তি গচ্ছন্তীতি বয়াংসি প্রাবাণঃ তানি। তথা চ মন্ত্রবর্ণঃ—শ্যেনা অতিথয়ঃ পর্ব্বতানাং ককুভঃ ইতি। 'স্বানৈঃ' অভিষুণ্বদ্ভিরধ্বর্য্যুভিঃ 'পরিযাতি' গচ্ছতি। 'স্বানৈঃ'—সুবানৈঃ ইতি সামগাঃ পাঠৌ। ১০।

* * *

ইতি শ্রীসায়ণাচার্য্যবিরচিতে সামবেদার্থপ্রকাশে ছন্দোব্যাখ্যানে পঞ্চমাধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ। ১।

* * *

দশম (৪৭৬) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী অত্যন্ত জটিলতাসম্পন্ন। ইহার প্রচলিত একটী বঙ্গানুবাদ নিম্নে উদ্ধৃত করিতেছি; যথা,—"কবি ক্রান্তদর্শী সোম অভিষবণ প্রস্তরে নিহিত এবং অভিষুত হইয়া দ্যুলোকের অত্যন্ত প্রিয় পক্ষীগণের নিকট গমন করেন।"

এ ব্যাখ্যা হইতে মন্ত্রের কি উচ্চ ভাব সূচিত হয়, তাহা বোধগম্য হয় না। 'অভিষুত হইয়া সোম দ্যুলোকে পক্ষিগণের নিকট গমন করে'—ইহার তাৎপর্য্য কি? দ্যুলোকের পক্ষী বলিতে কি বুঝায়, তাহা আমাদের বোধগম্য হইল না।

যাহা হউক, আমরা বিবিধ অন্বয়ে মন্ত্রে যে বিবিধ ভাব পরিগ্রহণ করিয়াছি, আমাদের মর্ম্মানুসারিণী ব্যাখ্যায় ও বঙ্গানুবাদে তাহা পরিদৃষ্ট হইবে। স্থূল-দৃষ্টিতে ভাব বিভিন্ন প্রতীয়মান হইলেও মূলতঃ কোনই প্রভেদ নাই। সাধক-হৃদয়ে শুদ্ধসত্ত্বরূপী ভগবান চিরবিরাজমান আছেন এবং সৎকর্ম্মসাধনের দ্বারা তাঁহাকে লাভ করিবার শক্তি জাগরিত হইলে ভগবান স্বয়ং আসিয়া হৃদয়ে আবির্ভূত হন, উভয় অন্বয়ই এই ভাব প্রকাশ করিতেছে। ভগবানের করুণা-ধারা বর্ষিত না হইলে, হৃদয়ে তাঁহার অধিষ্ঠান না হইলে, কি আর শুদ্ধসত্ত্বের অধিকারী হওয়া যায়? না—সৎকর্ম্মসাধনে প্রবৃত্তি আসে? তাই, শুদ্ধসত্ত্বস্বরূপ ভগবানকে পাইতে হইলে তদ্‌গুণে গুণান্বিত হইবার এবং তদ্ভাবে ভাবান্বিত হইবার উপদেশ মন্ত্রে প্রদত্ত হইয়াছে বলিয়া মনে করি।

জ্ঞান ও কর্ম্ম এই উভয় পন্থার অনুসরণেই মানুষ আত্মশক্তির অধিকারী হয়েন। জ্ঞান ও কর্ম্ম-সাধনার মধ্য দিয়াই সাধক আপনার স্বরূপাবস্থায় ফিরিয়া যাইতে পারেন। জ্ঞানের জ্যোতিতে হৃদয় উদ্ভাসিত হইলে সাধক দেখিতে পান—তিনিই সেই। তাঁহাতে ও সাধকে স্বরূপতঃ কোনও প্রভেদ নাই—এই জ্ঞান লাভের সঙ্গে সঙ্গেই সাধকের হৃদয় হইতে সমস্ত দুর্ব্বলতা দূরীভূত হয়। তিনি স্ব-স্বরূপে অবস্থিত হইয়া পরমানন্দ লাভ করেন।

জ্ঞান সাধনের সহিত কর্ম্ম-সাধনেরও সাদৃশ্য আছে। সৎকর্ম্মের সাধনা দ্বারা হৃদয়ের মলিনতা দূরীভূত হয়। শাস্ত্রনির্দ্দিষ্ট সন্মার্গে নিজকে পরিচালিত করিলে, সৎভাবে জীবন যাপন করিলে, শত্রুগণ হীনবল হয়। সৎকর্ম্মজনিত শক্তির নিকট তাহারা পরাজিত হইয়া পলায়ন করে। তাই সৎকর্ম্মসাধনের দ্বারাই সাধক অনায়াসে আত্মশক্তির সাক্ষাৎকার লাভ করেন। সৎকর্ম্মের প্রেরণাই তাঁহাকে ঊর্দ্ধমুখে পরিচালিত করে। সুতরাং সাধক পরিণামে মুক্তি লাভ করেন। (৩প—৫অ—১খ—১০সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের নবম সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায়, দ্বাত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম— "পূর্ব্বমৌর্ণায়বম্," এবং "উত্তরমৌর্ণায়বম্"।

ওঁ

সামবেদ-সংহিতা।

—‡•‡—

কোথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

পবমানং পর্ব্ব (তৃতীয়ং পর্ব্ব)। পঞ্চমোঽধ্যায়ঃ। দ্বিতীয়ঃ খণ্ডঃ।

• • •

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

১ ২র ২র ৩২ ৩ ১২ ৩ ১ ২

প্র সোমাসো মদচ্যুতঃ শ্রবসে নো মঘোনাম্।

৩ ২ ৩১ ২

সুতা বিদথে অক্রমুঃ॥ ১॥

* * *

গেয় গানং।

২ ՛ ০ ৫ ২ ১ ২ ১ র ২ ১ ՛ ৩

প্রসোমা ২ ৩ ৪ সাঃ। মদচ্যুতঃ। ঔ২ ৩ হোবা ৩। শ্রবা ২ সা

৫ ১ ৭ — ১ ১ A ৩

২ ৩ ৪ ইনাঃ। ওইমঘোনা ২ ম্। সুতা ২ ৩ঃ। বা ২ ইদ

৫র র ২র ৩ ৮ ১ ১ ১

২ ৩ ৪ ঔহোবা। থে অক্রমূ। ২ ৩ ৪ ৫ঃ॥ ১॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মদচ্যুতঃ' (পরমানন্দদায়কাঃ) 'সুতাঃ' (অভিষুতাঃ, বিশুদ্ধাঃ, পবিত্রকারকাঃ ইত্যর্থঃ), 'সোমাসঃ' (শুদ্ধসত্ত্বাঃ) 'মঘোনাং' (হবিষ্মতাং, সৎকর্ম্মসাধনশীলানাং) 'নঃ' (অস্মাকং)

'বিদথে' (যজ্ঞে, সৎকর্ম্মণি ইত্যর্থঃ) 'শ্রবসে' (সিদ্ধিপ্রদানায়) 'প্রাক্রমুঃ' (প্রগচ্ছন্তু, প্রাপ্নোতু—অস্মান্‌ ইতি শেষঃ)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। অয়ং ভাবঃ—সৎকর্ম্মণি সিদ্ধিলাভায় বয়ং শুদ্ধসত্ত্বং প্রার্থয়ামঃ॥ (৩প-৫অ-২খ-সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পরমানন্দদায়ক পবিত্রকারক শুদ্ধসত্ত্ব সৎকর্ম্মসাধনশীল আমাদিগের সৎকর্ম্মসাধনে সিদ্ধিপ্রদানের জন্য আমাদিগকে প্রাপ্ত হউক। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—সৎকর্ম্ম-সাধনে সিদ্ধিলাভের জন্য আমরা যেন শুদ্ধ-সত্ত্বকে প্রাপ্ত হই)॥ (৩প—৫অ—২খ—১সা)॥

* ° *

সায়ণ-ভাষ্যং।

শ্যাবাশ্বঋষিঃ। 'সোমাসঃ' সোমাঃ 'মদচ্যুতঃ' মদস্রাবিণঃ 'সুতাঃ' সুতঃ অভিষুতঃ সন্তঃ 'মঘোনাং' হবিষ্মতাং 'নঃ' অস্মাকং সম্বন্ধিনি 'বিদথে' যজ্ঞে 'শ্রবসে' অন্নায় কীর্ত্তয়ে বা 'প্রাক্রমুঃ' প্রগচ্ছন্তি। 'মঘোনাং'—'মঘোনঃ' ইতি চ পাঠৌ। (৩প-৫অ—২খ-১সা)॥

* * *

প্রথম (৪৭৭) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। এই মন্ত্রে সত্ত্বভাব-লাভের দ্বারা সৎকর্ম্ম-সাধনে সিদ্ধিলাভ করিবার প্রার্থনা আছে। সৎকর্ম্ম-সাধনের দ্বারা হৃদয় পবিত্র না হইলে, হৃদয়ে বিশুদ্ধ সত্ত্বভাবের সঞ্চার না হইলে, সিদ্ধিলাভ সম্ভবপর নয়। সৎকর্ম্মসাধনের পরিণতি—মোক্ষলাভ। তাই সেই মোক্ষ বা পরাগতি প্রাপ্তির জন্য সত্ত্বভাব লাভের প্রার্থনা।

মন্ত্রের অন্তর্গত কয়েকটী পদের ব্যাখ্যা সম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। 'মদচ্যুতঃ' পদে ভাষ্যকার 'মদস্রাবিণঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা পূর্ব্বাপর সঙ্গতি রক্ষা করিয়া ঐ পদে 'আনন্দদায়কঃ' অর্থ গ্রহণ করিয়াছি হিন্দি-ব্যাখ্যাতেও আমাদের পরিগৃহীত ঐ অর্থই গৃহীত হইয়াছে। 'মঘোনাং' পদে ভাষ্যে 'হবিষ্মতাং' অর্থ দৃষ্ট হয়। সৎকর্ম্মসাধনই প্রকৃষ্ট হবিঃ। তাই ঐ পদে 'সৎকর্ম্মসাধনশীলানাং' অর্থ গ্রহণ করিয়াছি। 'শ্রবসে' পদে 'সিদ্ধিলাভায়' অর্থ পরিগৃহীত হইয়াছে। কার্য্যে সফলতালাভ করিলেই খ্যাতি ও প্রসিদ্ধি লাভ হয়। তদনুসারে আমাদের ব্যাখ্যায় ঐ পদে 'সিদ্ধিলাভায়' অর্থ গ্রহণ করা হইয়াছে। 'বিদথ' শব্দে যজ্ঞ—সৎকর্ম্ম বুঝায়। তাই 'বিদথে' পদে 'সৎকর্ম্ম সাধনে' অর্থ গৃহীত হইয়াছে॥ (৩প-৫অ—২খ-১সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বাত্রিংশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম—"সৌভরম্"।

দ্বিতীয়ং সাম।

১ ২র২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
প্র সোমাসো বিপশ্চিতোঽপো নয়ন্ত ঊর্ম্ময়ঃ।
১২ ৩ ১ ২
বনানি মহিষা ইব ॥ ২ ॥

* * *

গেয়-গানং।

৫ র র ১ ২ ১ ২ — ১ ১ র ২
প্রসোমাসাঃ। বাইপশ্চিতঃ। আপো ১ নায়া ২। ন্তা উর্ম্ময়ঃ।
১ ২ — ১ ২ ২ ১ ২র ১ ২
বানা ১ নিমা ২। আঔ ৩ হো। হিসাইব ইড়া ২ ৩ ভা।
১
৩ ৪ ৩। ও ২ ৩ ৪ ৫ ই। ২॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'অপঃ' 'ঊর্ম্ময়ঃ' (অপাং ঊর্ম্ময়ঃ যথা সততং স্বয়মেব উদ্ভবন্তি তদ্বৎ) অথবা 'বনানি মহিষা ইব' (বনানি যথা স্বতমেব প্রবৃদ্ধানি ভবন্তি তদ্বৎ) 'বিপশ্চিতঃ' (মেধাবিনাং, যদ্বা পরাজ্ঞানসম্পন্নানাং আত্মোৎকর্ষসাধনশীলানাং সাধকানাং হৃদি ইতি যাবৎ) 'সোমাসঃ' (সত্বভাবাঃ) 'প্র নয়ন্ত' (স্বতমেব উদ্ভবন্তি)। নিত্যসত্যপ্রকাশকোঽয়ং মন্ত্রঃ। অয়ং ভাবঃ—আত্মোৎকর্ষপ্রভাবেন শুদ্ধসত্বঃ স্বতঃমেব সঞ্জায়তে। (৩প—৫অ—২য—২সা)।

অথবা,

'বনানি মহিষা ইব' (মহিমান্বিতসাধকঃ যথা জ্যোতিঃ প্রাপ্নোতি যদ্বা পশবঃ যথা স্বভাবতঃ বনং গচ্ছন্তি তদ্বৎ)। 'অপঃ' (অপাং, অমৃতানাং) 'ঊর্ম্ময়ঃ' (তরঙ্গাঃ প্রবাহাঃ,—সদৃশাঃ ইতি যাবৎ) 'বিপশ্চিতঃ' (পরাজ্ঞানদায়কাঃ) 'সোমাসঃ' (সত্বভাবাঃ) 'প্রণয়ন্তঃ' (আগচ্ছন্তি, আগচ্ছন্তু—অস্মাকং হৃদি ইত্যর্থঃ); প্রভূতপরিমাণেন সত্বভাবঃ অস্মাকং হৃদয়ে সমুদ্ভবতু—ইতি ভাবঃ॥ (৩প—৫অ—২খ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

অপের (জলের) ঊর্ম্মিমালা যেমন সতত আপনা-আপনি উদ্ভূত হয়, অথবা বনসমূহ যেমন আপনা-আপনিই প্রবৃদ্ধ হইয়া থাকে; সেইরূপ পরা-জ্ঞানসম্পন্ন আত্মোৎকর্ষসাধনশীল সাধকদিগের হৃদয়ে শুদ্ধসত্ব স্বতঃই উদ্ভূত;

হইয়া থাকে। (মন্ত্রটী নিত্যসত্যপ্রকাশক। ভাব এই যে,—আত্মোৎকর্ষ-প্রভাবে শুদ্ধসত্ত্ব স্বতঃই সঞ্জাত হয়।) । (৩প—৫অ—২খ—২সা।) ॥

অথবা

মহিমান্বিত সাধক যেমন জ্যোতিঃ প্রাপ্ত হয়েন অথবা পশুগণ যেমন স্বভাবতঃ বনে গমন করিয়া থাকে, সেইরূপ অমৃতের প্রবাহসদৃশ পরাজ্ঞান-দায়ক সত্ত্বভাবসমূহ, আমাদিগের হৃদয়ে আগমন করুক। (ভাব এই যে,—প্রভূতপরিমাণে সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে উপস্থিত হউক।) ।২ ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

ত্রিতঋষিঃ। 'বিপশ্চিতঃ' মেধাবিনঃ 'সোমাসঃ' সোমাঃ 'প্র নয়ন্ত' পাত্রাণি প্রতি গচ্ছন্তি। কিমিব? 'অপাউর্ম্ময়ঃ' অপ ইতি ষষ্ঠী ব্যত্যয়েন দ্বিতীয়া। অপামূর্ম্ময়ঃ অতএব বহুলাঃ—অপাম্নয়ন্তীতি পঠন্তি তে যথা সততমুদ্বহন্তি তদ্বৎ। বাহুল্যেহয়ং দৃষ্টান্তঃ। অর্বত্তো গমনে দৃষ্টান্তান্তরমভিধীয়তে 'বনানি মহিষাঃ' প্রবৃদ্ধাঃ মৃগা ইব। অথবা স্বাশ্রয়াৎ প্রস্রবণে প্রথমো দৃষ্টান্তঃ। দ্বিতীয়স্ত দশাপবিত্রাদনঃ প্রদেশে। (৩প—৫অ-২খ-২সা)।

* * *

দ্বিতীয় (৪৭৮) সামের মর্ম্মার্থ।

—:•:—

দ্বিবিধ উপমায় মন্ত্রে নিত্যসত্য প্রকাশক এক অতি উচ্চ ভাব সূচিত হইয়াছে। মন্ত্র বলিতেছেন,—'সৎকর্ম্মশীল হও, আত্মোৎকর্ষ সাধন কর, ভগবানে মন সংন্যস্ত কর, হৃদয়ের আবিলতা দূরে যাইবে, হৃদয় নির্ম্মল হইবে—দেব-ভাবের আবির্ভাবে হৃদয় পরিপূর্ণ হইয়া উঠিবে।'

মন্ত্রের 'অপঃ উর্ম্ময়ঃ' উপমায় বুঝাইতেছে,—'হৃদয় পবিত্র কর; সত্ত্বভাব আপনিই আগরিত হইবে।' প্রশান্ত সুনির্ম্মল জলের বীচিবিক্ষোভ যেমন স্বাভাবিক, উর্ম্মি সমূহৰ যেমন আপনা-আপনিই সংঘটিত হয়, তাহাতে যেমন অপরের সহায়তা আবশ্যক হয় না; তেমনি আত্মোৎকর্ষ সাধিত হইলে, সৎকর্ম্মপ্রভাবে হৃদয়ের পবিত্রতা সাধিত হইলে, সে হৃদয়ে শুদ্ধসত্ত্ব আপনা-আপনিই উদ্ভূত হইয়া থাকে। সত্ত্বভাবের সঞ্চার হইলে সে হৃদয়ে ভগবান্‌ স্বয়ং আসিয়া আবির্ভূত হয়েন।

দ্বিতীয় উপমায় অর্থাৎ 'বনানি মহিষা ইব' উপমা-বাক্যেও একই ভাব দ্যোতনা করে। প্রকৃতির প্রভাবে তরুগুল্মলতা প্রভৃতি যেমন আপনা-আপনিই পরিবর্দ্ধিত হয়, সে পরিবর্দ্ধনে যেমন প্রকৃতির প্রভাব বর্ত্তমান; সেইরূপ আত্মোৎকর্ষ সাধনের দ্বারা শুদ্ধসত্ত্ব হৃদয়ে আপনা-আপনিই প্রবর্দ্ধিত হইয়া থাকে। বৃক্ষাদির পরিবর্দ্ধনে প্রাকৃতিক ক্রিয়ার ন্যায় সত্ত্বভাব সঞ্চারে আত্মোৎকর্ষ সাধনই মূলীভূত।

মন্ত্র তাই কহিতেছেন,—পরিশুদ্ধ পরিমার্জ্জিত অন্তরে স্বতঃই শুদ্ধসত্ত্ব বা সদ্ভাবসমূহের সমাবেশ হয়। সুতরাং, সদ্ভাবের অধিকারী হইলে, সৎস্বরূপ ভগবানকে পাইতে হইলে, হৃদয় নির্ম্মল কর, আত্মার উৎকর্ষ-সাধনে প্রযত্নপর হও। ভগবান স্বয়ং আসিয়া সে হৃদয়ে অধিষ্ঠিত হইবেন।

দ্বিতীয় অন্বয়ে মন্ত্রে যে ভাব প্রকটিত করে, নিম্নে তাহার আভাষ লউন। মূলতঃ উভয়ই একের অভিব্যক্তি। উভয়ত্রই সদ্ভাব আহরণের উপদেশ প্রদত্ত হইয়াছে। 'সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে আগমন করুক।' কিরূপ ভাবে? বন্য পশুগণ যেমন বনের দিকে ধাবিত হয়, সেইরূপ ভাবে। বনের মধ্যেই পশুগণ থাকে তাহাদের পক্ষে সেখানে যাওয়াই স্বাভাবিক। শুধু স্বাভাবিক নয়, অন্য স্থানে থাকিলেও অত্যন্ত আগ্রহের সহিত তাহারা পুনরায় বনে চলিয়া যায়। মানুষের মধ্যে সত্ত্বভাবের আবির্ভাবও সেইরূপ স্বাভাবিক। অসৎকর্ম্মের ফলে, অথবা সাধনার অভাবে, মানুষ অধঃপতিত হইতে পারে, কিন্তু তাহাকে পুনরায় আপনার স্বস্থানে আসিতে হইবে—মানুষের মধ্যে সত্ত্বভাবের উপজন হইবে। এই দিক দিয়া আমরা 'বনানি মহিষা ইব' উপমার সার্থকতা উপলব্ধি করিতে পারি। অথবা, পশু যেমন অতিশয় বেগের এবং আগ্রহের সহিত বনের মধ্যে গমন করে, তেমনি বেগে, তেমনি ক্ষিপ্রতার সহিত, সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে উপজিত হউক—উপমা এই ভাবেরও দ্যোতনা করে।

'অপঃ উর্ম্মিঃ'—অমৃতের প্রবাহ সদৃশ। এই উপমা সত্ত্বভাবের স্বরূপ নির্দ্দেশ করিতেছে। অমৃতপানে মানুষ অমর হয়। সত্ত্বভাবের উপজনেও মানুষ অমৃতত্ব লাভ করে। তাই সত্ত্বভাবকে অমৃতপ্রবাহ সদৃশ বলা হইয়াছে। 'হৃদয় সত্ত্বভাবের বন্যায় কানায়-কানায় পূর্ণ হউক, অন্য কোনও ভাবের যেন স্থান না থাকে। আমরা যেন সত্ত্বময় হইয়া যাই,—মন্ত্র এবম্বিধ প্রার্থনাই সূচিত করিতেছে। (৩প—৫অ—২খ—২সা) ॥ ০

—•—

তৃতীয়ং সাম।

১২　　৩　১২　৩২　৩১　২　৩　৩　১২

পবস্বেন্দো বৃষা সুতঃ কৃধী নো যশসো জনে।

৩　২৩　১১

বিশ্বা অপ দ্বিষো জহি ॥ ৩ ॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্রয়োত্রিংশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম— "গৌতমম্"।

গেয়-গানং।

৪ ৫ ৫৪ ২১৫ ৫ ৫ ২ ২ ৲ ৩
পবস্বেন্দো ৫ বৃষাসুতাঃ। কৃধী নো যশসোজনায়ে ৬। বাইশ্বা আ

৫ ১ ৲ ৩ ৫৫ ৫ ৩ ৫
৫৩৪পা। দ্বা২ইষা২৩৪ওহোবা। জা২৩৪হী॥ ৩॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দো' (হে শুদ্ধসত্ত্ব!) 'সুতঃ' (বিশুদ্ধঃ) 'বৃষা' (অভিমতফলবর্ষকঃ) ত্বং 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি আবির্ভব—ভগবতঃ করুণাধারারূপেণ ইতি ভাবঃ); তথা ত্বং 'নঃ' (অস্মান্) 'জনে' (জনপদেষু, ইহজগতি ইতি যাবৎ) 'যশসঃ' (যশস্বিনঃ, সৎকর্ম্মপরায়ণান্ ইত্যর্থঃ) 'কৃধি' (কুরু); অপিচ, ত্বং 'বিশ্বা' (বিশ্বান্ সর্ব্বান্) 'দ্বিষঃ' (দ্বেষ্টৃন্, রিপুশত্রূন্) 'অপজহি' (বিনাশয়)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। শুদ্ধসত্ত্বপ্রভাবেন, সৎকর্ম্মপরায়ণাঃ সন্তঃ বয়ং রিপুজয়িনঃ ভবেম—ইতি ভাবঃ॥ (৩প-৫অ ২খ-৩স)॥

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! বিশুদ্ধ অভিমতফলবর্ষক তুমি আমাদিগের হৃদয়ে উপজিত হও অর্থাৎ ভগবানের করুণাধারারূপে ক্ষরিত হও; এবং আপনি আমাদিগকে ইহজগতে সৎকর্ম্মপরায়ণ কর; এবং তুমি আমাদিগের সর্ব্ববিধ রিপুশত্রুদিগকে বিনাশ কর; (মন্ত্রটী প্রার্থনামূলক। মন্ত্রের ভাব এই যে,—শুদ্ধসত্ত্বপ্রভাবে সৎকর্ম্মপরায়ণ হইয়া আমরা যেন রিপুশত্রুদিগকে জয় করিতে পারি।)॥ (৩প—৫অ—খ—২৩স।)॥

সায়ণ-ভাষ্যং।

অমহীয়ুঋষিঃ। হে 'ইন্দো' সোম! 'সুতঃ' অভিষুতঃ 'বৃষা' সেক্তা ত্বং 'পবস্ব' ধারয়া ক্ষর। 'জনে' জনপদেষু 'নঃ' অস্মান্ 'যশসঃ' যশস্বিনঃ 'কৃধি' কুরু। 'বিশ্বা' সর্ব্বান্ 'দ্বিষঃ' দ্বেষ্টৄন্ শত্রূন্ 'অপজহি' মারয়। (৩প-৫অ—২খ-৩স।)।

তৃতীয় (৪৭৯) সামের মর্ম্মার্থ।

ত্রিধা বিভক্ত এই মন্ত্রটী প্রার্থনা-মূলক। তাহার প্রথম ভাগে সত্ত্বভাব লাভের জন্য, দ্বিতীয় অংশে সৎকর্ম্মপরায়ণ হইবার জন্য এবং শেষাংশে রিপুনাশের জন্য প্রার্থনা আছে।

মন্ত্রের প্রার্থনা বিশ্বপ্রেমের দ্যোতনা করে। শুধু নিজের জন্য এই প্রার্থনা নয়—এই প্রার্থনা বিশ্ববাসী সকলের মঙ্গলের জন্য। 'বিশ্ববাসী সকলে উন্নত হউক, পবিত্র হউক, সকল লোক সৎকর্ম্মপরায়ণ হইয়া মোক্ষলাভের পথে অগ্রসর হউক; বিশ্বের সকল লোক চিরদিনের জন্য রিপুকবল হইতে উদ্ধার লাভ করুক';—মন্ত্রের মধ্যে এই বিশ্বজনীন প্রার্থনাই ফুটিয়া উঠিয়াছে।

'সূত্রে মণিগণা ইব' বিশ্ব এক সূত্রে বাঁধা। এক অংশকে পরিত্যাগ করিয়া অন্য অংশের অগ্রসর হইবার উপায় নাই। কাহাকেও ফেলিয়া যাইবার উপায় নাই। কেবল একজন পূর্ণভাবে সৎকর্ম্মপরায়ণ হইতে পারে না। কারণ, তাহার পারিপার্শ্বিক অবস্থা তাহার উপর ক্রিয়া করে। পারিপার্শ্বিক অসৎ অবস্থার মধ্যে থাকায় সদ্ব্যক্তিরও কিয়ৎপরিমাণে অধঃপতিত হওয়ার সম্ভাবনা। সুতরাং নিজে শুধু সত্ত্বভাবান্বিত হইলে চলিবে না—সমগ্র বিশ্বকে সত্ত্বভাবে পূর্ণ করা চাই। তবেই নিরাপদে মুক্তিপথে অগ্রসর হইবার সম্ভাবনা থাকে। সেই জন্যই এই বিশ্বজনীন প্রার্থনা।

অন্যদিক দিয়াও এই বিশ্বজনীন প্রার্থনার সার্থকতা দেখিতে পাওয়া যায়। বিশ্ব ভগবানেরই বিকাশ। সুতরাং এই পরিদৃশ্যমান জগৎকে অবহেলা করিয়া সেই বিশ্বপ্রভুর সন্ধান পাওয়া যায় না। তিনি এই বিশ্বের মধ্যেও আছেন। তাই সাধক বলেন,—'বিভুপ্রেম পূর্ণ নয় বিশ্বপ্রেম বিনা।' বিশ্বপ্রেমের মধ্য দিয়া সেই বিশ্বপিতার সন্ধানলাভ সম্ভবপর। বিশ্ব যদি উন্নত হয়, আমিও উন্নত হইব। বিশ্বের শত্রু যদি বিনাশ পায়, তবে আমিও চিরদিনের জন্য রিপুকবল হইতে মুক্তিলাভ করিব। বিশ্বের মধ্যে আমি ডুবিয়া আছি। তাহার ভাব-প্রবাহ আমার হৃদয়কূলে আসিয়া আঘাত করে, তাহাতে তরঙ্গ তুলে। সুতরাং বিশ্ব যে ভাবে অনুপ্রাণিত হইবে, আমার মধ্যেও সেই ভাবের ছায়া পড়িবে। তাই বেদমন্ত্রের মধ্যে এই সার্ব্বজনীন প্রার্থনা। মন্ত্রে যে 'নঃ' পদ পরিদৃষ্ট হয়, সেই 'নঃ' পদেই বিশ্বভাব দ্যোতনা করিতেছে। (৩প—৫অ—২খ—৩সা)॥ *

— * —

চতুর্থং সাম।

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বৃষা হ্যসি ভানুনা দ্যুমন্তন্ত্বা হবামহে।

১ ২ ২ ৩ ১ ২
পবমান স্বর্দ্দৃশম্॥ ৪॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের ষড়বিংশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "বৃষকম্।"

গেয়-গানং।

৪৫র ৪ ২১র ২ ১ র ২
১। বৃষাহিয়া। সিভানু২৩না। দ্যুমন্তংত্বাহাবা৬মাহা২৩৪ই।

৩২ ১ ২ ১ ৫ ৩ ৫
পবা৩। মানস্বো২৩৪বা। দৃ২৩৪শাম্॥৪॥

* * *

৪র র ৪ ২ ১ ২র১Sর র —
২। বৃষাহিয়া৫সিভানুনা। দ্যুমন্তংত্বাহবা২মহে। হা২ই।

— S ২ ১২র ১২ — —
উ২ হো৩বা। পবমানস্বর্দৃশম্। হা২ইউ২।

S ২ ৩২
হো৩বা। হুবো৩৪৫ই। ডা॥৪॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্বস্বরূপ ভগবন্! ত্বং 'হি' (নিশ্চিতং) 'বৃষা' (অভিমতফলবর্ষকঃ) 'অসি' (ভবসি); 'পবমান' (পবিত্রকারক হে দেব) 'স্বর্দৃশং' (সর্ব্বস্ত দ্রষ্টারং, সর্ব্বজ্ঞং ইত্যর্থঃ) 'ভানুনা দ্যুমন্তং' (তেজসা দীপ্তিমন্তং, অতিশয়েন তেজস্বিনং—তেজোময়ং ইত্যর্থঃ) 'ত্বা' (ত্বাং) 'হবামহে' (আহ্বয়ামঃ, প্রার্থয়ামঃ ইত্যর্থঃ)। নিত্যসত্যপ্রকাশকঃ অয়ং মন্ত্রঃ প্রার্থনামূলকঃ। বয়ং ভগবৎপরায়ণাঃ ভবেম। ভগবান্ অস্মান্ পরিত্রায়তু—ইতি ভাবঃ।)॥ (৩প-৫অ—২খ-৪সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্বরূপ ভগবান্! আপনি নিশ্চিতই অভিমতফলবর্ষক হয়েন। পবিত্রকারক হে দেব! সর্ব্বজ্ঞ তেজোময় আপনাকে প্রার্থনা করিতেছি। (মন্ত্রটী নিত্যসত্য প্রকাশক ও প্রার্থনামূলক। ভাব এই যে, আমরা যেন ভগবৎপরায়ণ হই। ভগবান আমাদিগকে পরিত্রাণ করুন।)॥ (৩প—৫অ—২খ—৪সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

ভৃগুঋষিঃ। হে 'সোম'! ত্বং 'বৃষা' অভিলষিতফলানাং বর্ষিতা 'অসি হি' ভবসি খলু। তস্মাৎ হে 'পবমান' পূয়মান পুনান বা সোম। 'স্বর্দৃশং' সর্ব্বস্ত দ্রষ্টারং 'ভানুনা' তেজসা

'দ্যুমন্তং' দীপ্তিমন্তম অতিশয়েন তেজস্বিনমিত্যর্থঃ। স্তুতিমন্তং বা 'ত্বা' ত্বাং 'হবামহে' যজ্ঞেষু আহ্বয়ামহে। (৩প—৫অ—২খ ৪সা)।

* * *

চতুর্থ (৪৮০) সামের মর্ম্মার্থ ।

এই মন্ত্রটী দুই ভাগে বিভক্ত। প্রথম অংশ নিত্যসত্যপ্রকাশক এবং অপরাংশ প্রার্থনা-মূলক। ভগবান্ মানবের সর্ব্বাভীষ্ট পূর্ণ করেন—এই নিত্যসত্য প্রথমাংশে বিবৃত হইয়াছে। তিনিই জীবের একমাত্র গতি। তাঁহার অফুরন্ত ভাণ্ডার হইতে মানবের উপর করুণাধারা অবিশ্রান্তভাবে প্রবাহিত হইতেছে। সেই কল্পতরুমূলে যে যাহা প্রার্থনা করে, সে তাহাই প্রাপ্ত হয়। তিনি মানবের সর্ব্বাভীষ্টপূরক।

মানবের এমন হিতৈষী যে দেবতা, কাহার মন না তাঁহার প্রতি আকৃষ্ট হয়? কিন্তু মোহমায়ার আচ্ছন্ন মানুষ; সেই পরম দেবতাকে ভুলিয়া যায়, তাঁহার আরাধনায় মন-প্রাণ সমর্পণ করিতে পারে না। মানুষ দুর্ব্বল, চারিদিকে রিপুগণের দ্বারা আক্রান্ত। তাই তাঁহাকে ভুলিয়া থাকে। যাহাতে সেই পরম দেবতার চরণে আশ্রয় গ্রহণ করিতে পারি, রিপুগণ আমাদিগকে যাহাতে পথ ভুলাইয়া না দেয়, মন্ত্রে সেই প্রার্থনা করা হইতেছে। ভগবৎ চরণে প্রার্থনা-পরায়ণ হইলে আর রিপুগণ সহজে আক্রমণ করিতে পারে না—অনায়াসেই মোক্ষপথে অগ্রসর হওয়া যায়। তাই প্রার্থনা-পরায়ণ হইবার উপযোগী শক্তি ও মনোবৃত্তি লাভের জন্য এই প্রার্থনার সূচনা। (৩প ৫অ ২খ ৪সা)। *

—— • ——

পঞ্চমং সাম ।

১ ২   ৩ ১ ২   ৩ ১ ২ ৩ ২   ৩ ২

ইন্দুঃ পবিষ্ট চেতনঃ প্রিয়ঃ কবীনাং মতি ।

৩ ১ ২র ৩ ১ ২

সৃজদশ্ব৺ রথীরিব ॥ ৫ ॥

গেয়-গানং ।

৩ ২ ৩র ৪ ৫   ৪ ৫   ২ ১   A   ৩   ৫

১। ইন্দুরৌহোবাহাই। পাবী। ষ্ঠচা। ২ ই। তনো ২ ৩ ৪ বা।

২র ১   S   ২   ১ ২র   ২র   ২ ৩

হাহোই। হো ৩ হা। প্রিয়াঃ কবী। নাম্ব। তিরো।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্টিতম সূক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম,—"বৃষকাণ ত্রীণি।"

৫ ২র ১ ১ ২ ১ ৷ ৩
২৩৪হা। হাহোই। হো ৩ হা। সুক্রা ২ ৎ। অশ্বো

৫ ২র র ১ ২ ১ ৷ ৩
২৩৪হা। হাহোই। হো ৩ হা ৩। রা ২ য়া

৫র র ৩ ৫
২৩৪ঔহোবা। ঈ ২৩৪বা॥ ৫॥

* * *

৪ ৫ ৪র ৫ ৪ ৫ ৪ ১ ২ ৷ ৩
২। ইন্দুঃ পবিষ্টচেতনঃ প্রিয়ঃ কবাই। হু ৩ মৃ হুম্। নাম্ম ২৩৪

৫ ১ ২ ১ ২ ১ ৷ ৩
তীঃ। সৃজাদা ২ ৩ শ্বাম্। হু ৩ মৃ হু ৩ ম্। রা ২ থা ২৩৪

৫র র ৩ ৫
ঔহোবা ঈ ২৩৪বা॥ ৫॥

* * *

৪ ৫ ৪র ৫ ৪ ৫ ৪ ৪ র ৫ ৪ ২ ৪ ৪ ১
৩। ইন্দুঃ পবিষ্টচেতনঃ প্রিয়ঃ কবীনাম্ম তঃ সৃ। জা ৫ দশ্বাম্। ওবা ২

১ ১ ৷ ৩ ৫র র ৩ ৫
৩। ওবা ২ ৩। রা ২ থা ২৩৪ ঔহোবা। ঈ ২৩৪বা॥ ৫॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'চেতনঃ' (জ্ঞানদায়কঃ, চৈতন্যস্বরূপঃ ইতি ভাবঃ) 'প্রিয়ঃ' (দেবানাং প্রিয়ঃ) 'ইন্দুঃ' (সত্ত্বভাবঃ) 'কবীনাং' (ক্রান্তদর্শিনাং, আত্মোৎকর্ষসম্পন্নানাং ইত্যর্থঃ) 'মতিঃ' (মত্যা, স্তুত্যা) 'পবিষ্ট' (পবতে, ক্ষরতি, তেষাং হৃদি সমুত্তবতি ইত্যর্থঃ); 'অশ্বং রথীরিব' (রথী যথা সজ্জীকৃতানাং অশ্বানাং গতিবেগোৎপাদনেন স্বতমেব উর্দ্ধং সৃজতি তদ্বৎ শুদ্ধসত্ত্বঃ সাধকানাং হৃদি দেবভাবং) 'সৃজৎ' (সৃজতি)। সাধকাঃ প্রার্থনাপরায়ণাঃ সন্তঃ সত্ত্বভাবং লভন্তে; বয়ং তু ভগবৎকৃপয়া সত্ত্বভাবং লভেম—ইতি ভাবঃ॥ (৩প-৫অ-২খ ৫সা)॥

• • •

বঙ্গানুবাদ।

জ্ঞানদায়ক চৈতন্যস্বরূপ দেবতাদিগের প্রিয় সত্ত্বভাব আত্মোৎকর্ষ-সম্পন্নগণের স্তুতির দ্বারা ক্ষরিত হয়েন অর্থাৎ তাঁহাদিগের হৃদয়ে উপজিত হয়েন। রথী যেমন সজ্জীকৃত অশ্বসমূহের গতিবেগোৎপাদনে স্বতঃই

উর্ম্মিসমূহের সৃষ্টি করেন, সেইরূপ শুদ্ধসত্ত্ব সাধকদিগের হৃদয়ে দেবভাবসমূহের সৃষ্টি করিয়া থাকেন। (ভাব এই যে,—সাধকগণ প্রার্থনা-পরায়ণ হইয়া সত্ত্বভাব লাভ করেন; আমরাও তেমনি ভগবৎকৃপায় যেন সত্ত্বভাব লাভ করি।)॥ (৩প—৫অ—২খ—৫সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অস্যা উত্তরস্যাশ্চ কশ্যপঋষিঃ। 'চেতনঃ' প্রজ্ঞাপকঃ 'প্রিয়ঃ' দেবানাং প্রীতিকরঃ 'ইন্দুঃ' সোমঃ 'কবীনাং' ক্রান্তকর্ম্মণাং স্তোতৄণাং 'মতিঃ' মত্যা স্তুত্যা 'পবিষ্ট' পবতে। 'অশ্বং' হয়ং 'রথীরিব' রথীব উর্ম্মিং 'সৃজত' সৃজতি। (৩প—৫অ ২খ—৫সা)।

* * *

পঞ্চম (৪৮১) সামের মর্ম্মার্থ।

সাধকগণ প্রার্থনা দ্বারা সত্ত্বভাব লাভ করেন। সত্ত্বভাব জ্ঞানদায়ক ও দেবতাগণের অতিশয় প্রিয়। দেবভাব ও সত্ত্বভাব পরস্পর অচ্ছেদ্য সম্বন্ধে আবদ্ধ। মানুষ যখন প্রার্থনা ও সৎকর্ম্মসাধনের দ্বারা নিজের হৃদয়কে পবিত্র করেন, যখন তাঁহার হৃদয় হইতে অপবিত্রতা, মোহকালিমা দূরীভূত হয়, তখন তিনি সত্ত্বভাবের অধিকারী হয়েন। ভগবানই সত্ত্বভাবের উৎস। কায়মনোবাক্যে তাঁহার চরণে প্রার্থনা করিলে, তাঁহার কৃপায় মানুষ সেই অমূল্য সম্পৎ লাভ করেন। যাঁহারা প্রকৃতই বুদ্ধিমান্, তাঁহারা জগতের অসার বস্তুর জন্য লালায়িত না হইয়া সেই পরম ধনেরই আকাঙ্ক্ষা করিয়া থাকেন, এবং সেই আকাঙ্ক্ষা আন্তরিক হইলে ভগবান্ তাহা পূর্ণ করেন। তাই বলা হইয়াছে—"কবীনাং মতীঃ পবিষ্ট।"

ভগবৎ-কৃপায় সত্ত্বভাব আমাদিগের সমস্ত অভীষ্ট পূর্ণ করুন—এই প্রার্থনাই মন্ত্রের অন্তর্নিহিত ভাব। সত্ত্বভাব হৃদয়ে উপজাত হইলে মানবের সকল অভীষ্টই পূর্ণ হয়; তাই পরোক্ষভাবে সেই সত্ত্বভাব-লাভের জন্যই প্রার্থনা করা হইয়াছে।

মন্ত্রের অন্তর্গত "অশ্বং রথীরিব" উপমা লক্ষ্য করিবার বিষয়। ভাষ্যকার ঐ উপমার কোনও তাৎপর্য্যার্থ প্রকট করেন নাই। আমাদের অর্থ—'রথী যেমন সজ্জীকৃত অশ্বের গতিবেগ উৎপাদনে উর্ম্মির সৃষ্টি করিয়া থাকেন'—ইত্যাদি। এখানে 'উর্ম্মি' পদের বিশ্লেষণে মন্ত্রের তাৎপর্য্য স্পষ্টীকৃত হইতে পারে। গতিবিশিষ্ট হইলে তরঙ্গোৎপত্তি যেমন স্বাভাবিক; সেইরূপ, ভগবানের প্রতি গতিবিশিষ্ট হইলেই হৃদয়ে সদ্ভাবের সমাবেশ আপনা-আপনিই হইয়া থাকে। এখানে, উপমার অর্থে, 'উর্ম্মি' শব্দের অর্থ 'সজ্জীকৃত অশ্বসমূহের গতিতরঙ্গ'। যথা—"পঙ্ক্তীকৃতানাং অশ্বানাং নমনোন্নমাকৃতিঃ। অতিবেগসমাযুক্তা গতিঃ উর্ম্মিরুদাহৃতা"। অশ্বের গতিবেগ হইতে উৎপন্ন তরঙ্গের সহিত শুদ্ধসত্ত্বোৎপন্ন দেবভাবের তুলনা করা হইয়াছে। এখানে গতি অথবা ক্ষিপ্রকারিতাই উপমার লক্ষ্য। সাধকের হৃদয়স্থ সত্ত্বভাব স্বতঃই অচিরে

দেবভাব-সমূহকে উৎপাদন করেন। সত্ত্বভাবসমন্বিত সাধকগণ দেবভাবের অধিকারী হয়েন। 'অথং রথীরিব' উপমায় এই সত্যই পরিব্যক্ত হইয়াছে। (৩প—৫দ ২থ ৫সা)। *

—•—

ষষ্ঠং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ২
অসৃক্ষত প্র বাজিনো গব্যা সোমাসো অশ্বয়া।

৩ ১ ২ ৩ ১র ২র
শুক্রাসো বীরয়াশবঃ ॥ ৬ ॥

* . *

গেয়-গানং।

৫ ২ ৪ ৫ ৪র ৫ ১ — ১ —
১। অসৃক্ষা৩ তা প্রবাজিনাঃ। গাব্যা ২ সোমা ২।

র ১ ২ — ১ — — ১২
সোঅশ্বয়াশ ১ ক্রা ২ সোবী ২। রায়া ২ শবঃ।

১
ও২৩৪৫ই। ডা ॥ ৬ ॥

• . •

৫ র ৫র ২১র র র র. ১ ২১র র
২। অসৃক্ষতা প্রা ৬ বাজিনাঃ। গব্যাসোমাসো অশ্বয়া ২ ৩ হাই। শুক্রাসো

২ ২১ ১ ৯ ৩ ৫রর ৩ ৫
বা ৩ ১ ই। রয়া ২ ৩। শা ২ বা ২ ৩ ৪ ঔহোবা। থা ২ ৩ ৪ভী ॥

• . *

৩৪ ৩৪র ৫ ২ ৪ ৫র ২ ১ ২ ৩ ১
৩। আসৃক্ষতপ্রবাজিনাঃ। এ ৩। গব্যাসোমা। সো ৩ আশ্বা ৩ য়া। শুক্রা

৯ ৩ ৫ ২১ ৫ ৪ ৫
২ সো ২ ৩ ৪ বী। রয়ো ২ ৩ ৪ বা। শা ৫ বো ৬ হাই ॥ ৩ ॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের দশমী ঋক্। সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, সপ্তত্রিংশ বর্গের অন্তর্গত। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম, "কৌত্সস্য সামানিত্রীণি।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গব্যা' (জ্ঞানেচ্ছয়া) 'অশ্বয়া' (পরাজ্ঞানলাভায়) তথা 'বীরয়া' (বীরেচ্ছয়া, বীর্য্যলাভায়, কর্ম্মসামর্থ্যলাভায় ইত্যর্থঃ) 'শুক্রাসঃ' (বীর্য্যবন্তঃ) 'বাজিনঃ' (বলবন্তঃ) 'আশবঃ' (আশুমুক্তিদায়কাঃ) 'সোমাসঃ' (সত্ত্বভাবাঃ) 'প্রাসৃক্ষত' (সৃজ্যন্তে, প্রকর্ষেণ উৎপাদ্যন্তে সাধকৈঃ তেষাং হৃদি ইতি শেষঃ)। সৎকর্ম্মসাধনেন সাধকাঃ অভীষ্টপূরকং সত্ত্বভাবং লভন্তে—ইতি ভাবঃ॥ (৩প—৫অ—২খ—৬সা)॥

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানলাভের ইচ্ছায়, পরাজ্ঞান প্রাপ্তির জন্য, এবং কর্ম্মসামর্থ্য লাভের জন্য বীর্য্যবন্ত বলবন্ত আশুমুক্তিদায়ক সত্ত্বভাব সাধকগণ-কর্তৃক হৃদয়ে প্রকৃষ্টরূপে উৎপাদিত হয় (ভাব এই যে,—সৎকর্ম্মসাধনের দ্বারা সাধকগণ অভীষ্টপূরক সত্ত্বভাব লাভ করেন)॥ (৩প—৫অ—২খ—৬সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'বাজিনঃ' বলবন্তঃ 'আশবঃ' বেগবন্তশ্চ 'সোমাসঃ' সোমাঃ 'গব্যা' গবেচ্ছয়া 'অশ্বয়া' অশ্বেচ্ছয়া 'বীরয়া' বীরেচ্ছয়া চ 'প্রাসৃক্ষত' ঋত্বিগ্‌ভিঃ প্রকর্ষেণ সৃজ্যন্তে॥ ৬॥

* * *

ষষ্ঠ (৪৮২) সামের মর্ম্মার্থ।

সত্ত্বভাব পরমশক্তির আধার। যাঁহাদিগের হৃদয়ে বিশুদ্ধ সত্ত্বভাবের উদয় হয়, তাঁহারা অসীমশক্তির অধিকারী হয়েন। বাহ্যদৃষ্টিতে অনেক সময় তাঁহাদিগকে দুর্ব্বলাত্মা বলিয়া মনে য় বটে; কিন্তু নিবিষ্টভাবে তাঁহাদিগের জীবনের কার্য্যাবলী পর্য্যালোচনা করিলে দেখিতে াওয়া যাইবে যে, তাঁহাদিগের মধ্যে অসীমশক্তির খেলা চলিয়াছে। আমাদিগের এবং সকল দেশেরই মহাপুরুষগণের জীবনী আলোচনা করিলে এই সত্য বিশেষভাবে পরিস্ফুট হইবে। দাহরণ-স্বরূপ সাধক হরিদাসের জীবনের একটী ঘটনার উল্লেখ করা যায়। বাজারে বাজারে ইয়া গিয়া হরিদাসকে বেত্রাঘাত এবং অন্যবিধ অমানুষিক নির্য্যাতন করা হয়। কিন্তু সেই ত্ত্বভাবাপন্ন সাধক অসীম ধৈর্য্যের সহিত প্রতিবাদ মাত্র না করিয়া সেই সকল অত্যাচার ীরবে সহ্য করেন। বাহ্যদৃষ্টিতে মনে হয়—এ বুঝি তমোগুণের ক্রিয়া, নিশ্চেষ্টতা, দুর্ব্বলতা। ন্তু প্রকৃত কথা এই যে, তাঁহার নিকটে ঐ সকল অত্যাচার অতি নগণ্য, তাহা হরিদাসকে র্শ করিতে পারে নাই—অত্যাচার তাঁহার সত্ত্বভাবের শক্তির বর্ম্মে প্রতিহত হইয়া ফিরিয়া ালিয়া অত্যাচারীকে অসীম লজ্জা দিয়াছিল। পাশ্চাত্যদেশে অনেক ধর্ম্মপ্রাণ ব্যক্তিকে াহাদিগের ধর্ম্মমতের জন্য অঙ্গুলী অঙ্গুলী করিয়া জীবন্ত দগ্ধ করা হয়। তাহাতে তাঁহাদের

অনেকেরই বিন্দুমাত্র ধৈর্য্যচ্যুতি বা অপ্রসন্নতা লক্ষিত হয় নাই। ইহা কি অদ্ভুত আত্মশক্তির পরিচায়ক! সত্ত্বভাবের প্রভাবে তাঁহাদিগের হৃদয়ে যে বিপুল শক্তির সঞ্চার হয়, তাহার নিকট জগতের অন্যান্য সকল শক্তি অতি নগণ্য। তাই তাঁহারা অনায়াসেই সকল প্রতিকূল শক্তিকে তুচ্ছ করিতে পারেন। সেই জন্যই সত্ত্বভাবকে বীর্য্যবস্তু বলা হইয়াছে এবং বীর্য্যলাভের আশায় সাধকগণ এই সত্ত্বভাবের উন্মেষণের জন্য সাধনা করেন।

সত্ত্বভাবের সঙ্গে জ্ঞানেরও উন্মেষ হয়। তাহা মানুষকে মুক্তির পথে লইয়া যায়। তাই সত্ত্বভাব আশুমুক্তিদায়ক। মানুষের চরম কামনা—মোক্ষলাভ। সত্ত্বভাবের দ্বারা সেই পরম আকাঙ্ক্ষণীয় মোক্ষলাভ হয়। মন্ত্রের মধ্যে এই নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে। (৩প ৫দ—২খ—৬সা)।•

সপ্তমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ২
পবস্ব দেব আয়ুষগিন্দ্রং গচ্ছতু তে মদঃ।
৩ ১র ২র ৩ ১ ২
বায়ুমা রোহ ধর্ম্মণা॥ ৭॥

গেয় গানং।

৪ ৫ ৪ ৫ ৩ ২ ১ ৩ ৫র র ৩ ৫
১। পাাবস্বাদি। বয়া৬। বা২য়া৩৪ঔহোবা। য়ু২৩৪ষাক্।
৪ ৫ ৪ ৫ ৩ ২ ১ ৩ ৫র র
আইন্দ্রঙ্গচ্ছা। তুতা৫ই। তূ২তা২৩৪ঔহোবা।
৩ ৫ ২র ১ ২ ৩ ২
মা২৩৪দাঃ। বায়ু১৮হো১ই। আ২৩রো। হধা
১ ৩ ৫র র ৩ ৫
৩। হা২মা২৩৪ঔহোবা। মা২৩৪ণা॥

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের চতুর্থী ঋক্। (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ষট্‌ত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান তিনটী। উহাদের নাম—"কার্ত্তবেশস্ত ত্রীণি."

৩৪৫ র র ২ ৳ ৩ ৫ ১র ৳ —১ —৪
২। পবস্বদেব ঐ। ক্ষো ঐহী ২ ৩ ৪ য়া। আয়ুষ্গৈ ২ হৌঐ ২ হৌ ৩

২ ১ র —১ —৪ ২ ১ ২
য়া। ইন্দ্রং গচ্ছতুতেমদ ঐ ২ হৌ ঐ ২ হৌ ৩ য়া। বায়ুমারো ৩ ১

২ ১ ১ ৪ ৫
২ ৩ হধো ২ ৩ ৪ বা। যা ৫ পো ৬ ৫ াই ॥ ৭ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! দেবঃ (দ্যোতমানঃ দ্যুতিমান্ বা) ত্বং 'পবস্ব (ক্ষর, অস্মাকং হৃদি সমুদ্ভব ইত্যর্থঃ); অপিচ, 'তে' (তব সম্বন্ধি) মদঃ (পরমানন্দঃ) 'আয়ুষক্ ইন্দ্রং' (আনন্দময়ং ভগবন্তং ইতি ভাবঃ) 'গচ্ছতু' (প্রাপ্নোতু ইত্যর্থঃ); তথা ত্বং 'বায়ুং' 'ধর্ম্মণা' (বায়ুধর্ম্মণা, বায়ুবৎ ক্ষিপ্রগমনেন ইতি ভাবঃ) 'আরোহ' (প্রাপ্নুহি—অস্মানিতি শেষঃ)। বয়ং সত্ত্বভাবং লব্ধ্বা তৎসাহায্যেন ভগবল্লাভং করবাম ইতি ভাবঃ। (৩প—৫অ—২খ—৭সা)।

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব। দ্যুতিমান্ তুমি আমাদিগের হৃদয়ে উদ্ভূত হও; অপিচ, তোমার সম্বন্ধি পরমানন্দ আনন্দময় ভগবানকে প্রাপ্ত হউক; এবং তুমি বায়ুবৎ ক্ষিপ্রগতিতে আমাদিগকে প্রাপ্ত হও। (ভাব এই যে—আমরা সত্ত্বভাব লাভ করিয়া তাহার সাহায্যে যেন ভগবানকে লাভ করিতে পারি।)। (৩প—৫অ—২খ—৭সা)।

সায়ণ-ভাষ্যং।

নিধ্রুবিঃ কাশ্যপঋষিঃ। 'দেবঃ' দ্যোতমানস্ত্বং 'পবস্ব' ধারয়া ক্ষর। অপিচ তব 'মদঃ' মদকরো রসঃ 'আয়ুষক' অনুষক্তং যথা তথা ভবতি ইন্দ্রং প্রতি গচ্ছতু। অপিচ, ত্বং 'বায়ুং' 'ধর্ম্মণা' ধারকেন রসেন 'আরোহ' প্রাপ্নুহি। 'দেবআয়ুষক্', 'দেবায়ুষগ্' ইতি পাঠৌ। ৭।

সপ্তম (৪৮৩) সামের মর্ম্মার্থ।

সত্ত্বভাব ধারণশক্তি-বিশিষ্ট। সত্ত্বভাব ভগবানেরই শক্তি। সেই শক্তিদ্বারা জগৎ পরিচালিত হইতেছে। সেই শুদ্ধসত্ত্ব যখন মানুষের মধ্যে বিকশিত হয়, তখন তাহা মানুষকে ভগবদভিমুখে পরিচালিত করে। পরিণামে সেই আদি সত্ত্বসমুদ্রে মানুষ আত্মলীন করে অর্থাৎ মোক্ষ-

লাভ করে। সমজাতীয় বস্তুরই পরস্পর মিলন হয় এবং সমভাবাপন্ন বস্তু পরস্পরের সঙ্গে মিলিত হইতে চায়। তাই মানুষ যখন সত্ত্বভাবান্বিত হয়েন, তখন তিনি স্বতঃই সেই মূল সত্ত্বময় ভগবানের দিকে অগ্রসর হয়েন। পরস্পরের আকর্ষণের তীব্রতা হেতু গতিবেগও তীব্র হয়। সুতরাং সাধক অচিরেই মুক্তিলাভ করেন। সত্ত্বভাব সাধককে ধারণ করে বলিয়া অর্থাৎ রিপুর আক্রমণ প্রভৃতি বাধা বিঘ্ন হইতে রক্ষা করে বলিয়াও সাধক আশুমুক্তি প্রাপ্ত হয়েন।

সত্ত্বভাব দ্যোতমান্—পরম তেজোময় বস্তু। স্বয়ং স্বপ্রকাশ এবং মানুষকেও অজ্ঞানান্ধকার হইতে জ্যোতিতে লইয়া যায়। পরমজ্যোতিঃ লাভে সাধক আনন্দ-সাগরে নিমগ্ন হয়েন। অজ্ঞানতাই পাপ, অজ্ঞানতাই দুঃখ। সেই অজ্ঞানতা হইতে মুক্ত হইলে সাধকের হৃদয় আনন্দে পূর্ণ হয়। মন্ত্রে তাই সেই আনন্দদায়ক ভাবের উল্লেখ পাওয়া যায়।

প্রচলিত ব্যাখ্যাতে সোমের উল্লেখ আছে। একটী বঙ্গানুবাদ নিম্নে দেওয়া গেল—"হে দীপ্তিশালী সোম! ক্ষরিত হও। তোমার মদ ক্রমাগত ইন্দ্রকে স্পর্শ করুক। তোমার শব্দ বায়ুতে গিয়া আরোহণ করুক।" (৩প-৫অ-২খ-৭সা)।

অষ্টমং সাম।

১ ২ ৩ ২ ৩ র ২র ৩ ২
পবমানো অজীজনদ্দিবশ্চিত্রং ন তন্যতুম্।
১ ২ ৩২ ৩২
জ্যোতির্বৈশ্বানরং বৃহৎ ॥ ৮ ॥*

গেয়-গানং।

৪ ৫ ১র ৩ ২ ৩ ৫ ২ ১
১। পাবা। মানো। অজীজা ২ ৩ ৪ নাৎ। দিবশ্চিত্রাম্।
২ র ১ ১ ৫ ৩
নতন্যতুম্। জ্যোতির্বৈশ্বা ২ ৩। না ২ রা ২
৫র র ৩ ৫
৩ ৪ ঔহোবা। বৃ ২ ৩ ৪ হাৎ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্রিষষ্টিতম সূক্তের দ্বাবিংশী ঋক্ (সপ্তম অষ্টকের প্রথম অধ্যায়ে চতুস্ত্রিংশৎ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান দুইটী। উহাদের নাম "শাক্মদে দ্বে"।

৫ র ১ ২ ২ ১ ২ ১ ২
২। পবমানাঃ। অজাইজা ৩ নাৎ। দিবশ্চিত্রা ২ ৩ ৫ ইা ৩ ই।

২ ২ ৩ ৫ ৩ ৫ ৩ ৫
নাতন্যা ২ ৩ ৪ তুম্। জ্যো ২ ৩ ৪ তীঃ। বা ২ ৩ ৪ ইশ্বা।

৪ ৫ ৪ ৫
নরোবা। বৃ ৫ হো ৬ হাই ॥ ৮ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পবমানঃ' (পবিত্রকারকঃ—শুদ্ধসত্ত্বঃ ইতি যাবৎ) 'দিবঃ' (দ্যুলোকস্য, দ্যুলোকসম্বন্ধি ইত্যর্থঃ) 'চিত্রং' (বিচিত্রং) 'তন্যতুং ন' (অশনিমিব, মহাতেজসম্পন্নং মুক্তিদায়কং ইত্যর্থঃ) 'বৃহৎ' (মহৎ) 'বৈশ্বানরং' (বিশ্বব্যাপকং) 'জ্যোতিঃ' (তেজঃ, জ্ঞানালোকং) 'অজীজনৎ' (উৎপাদয়তি, সৃজয়তি)। ভগবান জগদ্ধিতায় মুক্তিপ্রদং জ্ঞানালোকং জগতি বিচ্ছুরতি—ইতি ভাবঃ ॥ (৩প—৫অ-২খ ৮সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

পবিত্রকারক শুদ্ধসত্ত্ব দ্যুলোকসম্বন্ধি বিচিত্র, মহাতেজসম্পন্ন, অর্থাৎ মুক্তিপ্রদ, মহৎ, বিশ্বব্যাপক জ্ঞানালোক সৃষ্টি করেন। (ভাব এই যে,—ভগবান্ জগতের হিতের জন্য মুক্তিদায়ক জ্ঞানালোক জগতে বিচ্ছুরিত করেন।) ॥ (৩প—৫অ—২খ—৮সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অমহীয়ুঋষিঃ। 'পবমানঃ' সোমঃ 'বৃহৎ' মহৎ 'বৈশ্বানরং' বৈশ্বানরাখ্যং 'জ্যোতিঃ' তেজঃ 'দিবঃ' দ্যুলোকস্য 'চিত্রং' বিচিত্রং 'তন্যতুং ন' অশনিমিব 'অজীজনৎ' অজনয়ৎ ॥ (৩প-৫অ—২খ—৮সা) ॥

* * *

অষ্টম (৪৮৪) সামের মর্ম্মার্থ।

—‡•‡—

জ্ঞান-স্বরূপ, ভগবান্ হইতে জ্ঞান-জ্যোতিঃ জগতে প্রকাশিত হয়। সেই জ্ঞান নিখিল বিশ্বে অনুস্যূত হইয়া রহিয়াছে। জ্ঞানই শক্তি। ভগবৎপ্রদত্ত সেই শক্তির বলে মানুষ আপনার অসীম উন্নতি সাধন করিতে পারে—আপনাকে ব্রহ্মপদে লইয়া যাইতে সমর্থ হয়। জ্ঞানের

প্রভাবেই মানুষ দেবতা হয়, এবং দিব্যশক্তির অধিকারী হইয়া আপনার পরম মঙ্গলের সন্ধান করিতে পারে। সৃষ্টির মূলে এই জ্ঞান বিদ্যমান। জ্ঞান হইতেই জগতের উৎপত্তি। ভগবান্ ও মানুষের মধ্যে মিলন-সেতু—এই জ্ঞান। জ্ঞানের দ্বারা মানুষ আপনার স্বরূপ অবস্থা উপলব্ধি করিতে পারে।

ভগবান্ কৃপা করিয়া জগতের কল্যাণের জন্য এই স্বর্গীয় জ্ঞান জগতে প্রকাশিত করেন। জ্ঞানের সহায়তা ব্যতীত মুক্তিলাভ সম্ভবপর নয়। ভগবান্ তাঁহার সন্তানগণকে অধঃপতিত রাখিতে পারেন না। তাই তাহাদিগকে আপনার ক্রোড়ে তুলিয়া লইবার জন্য তাহাদিগের হৃদয়ে জ্ঞানালোক বিচ্ছুরিত করেন। সেই জ্ঞানালোকের সাহায্যে মানুষ আপনার চরম গন্তব্য পথ নির্দ্ধারণ করে-মুক্তির পথে অগ্রসর হয়। মন্ত্রের মধ্যে ভগবানের এই অসীম করুণার কথাই বিবৃত হইয়াছে। (৩প—৫অ—২খ—৮সা)।*

—•—

নবমং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২

পরি স্বানাস ইন্দবো মদায় বর্হণা গিরা।

১ ২ ৩ ১ ২

মধো অর্ষন্তি ধারয়া ॥ ৯ ॥

• • •

গেয়-গানং।

৪ ৫ ২র র র র ১ ২

১। পারো। স্বানাস। ইন্দবোমদায়ব। হণা ২ ৩ গিরা ৩ ৪।

৩ ২ ২ ২ ১ ৫ ৪ ৫

মধো ৩ ৪ অর্ষা ৩। তিধো ২ ৩ ৪ বা। রা ৫ য়ো ৬ হাই ॥

• • •

৪ ৫ ২র১র ১ —১ র র

২। পারী। স্বানাসইন্দবাওবা ২ ৩ হোবা ২ ৩ হা ২ ঈয়া। মদায়বর্হণাগিরা।

১ —১ র র ১

ওবা ২ ৩ হোবা ২ ৩ হা ২ ঈয়া। মধোঅর্ষন্তিধারয়াওবা ২ ৩ হোবা

—১ ৯ ৩ ৫র র ৩ ৫

২ ৩ হা ২ ঈয়া ২। বা ২ ৩ ৪ ঔহোবা। উ ২ ৩৪ পা ॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের ষোড়শী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম—"জনিত্রে দ্বে।"

৩   র ৪   ২   ৪ ৫   ১২র   ১২র   ১
৩। পাহ ১ রী। স্বানা ৩ সা ৩ ইন্দবাঃ। সদা ২ মবর্হণা ২ গিরা।
২   ১ র   —   ২   ২   ৩ র ২ ১
মধো ২ ৩ অর্ষা। উর্ম্মিরিণা ২। ঈ ৩ য়া। ভিধারয়া।
২   ৪ ৫   র
ঔ ৩ হোবা। হো ৫ ই। ডা ॥ ৯ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'মধো' (মধুবৎ আনন্দদায়কাঃ ইত্যর্থঃ সত্ত্বভাবাঃ ইতি ভাবঃ) 'বর্হণা' (মহত্তা, মহত্বাদি-সম্পন্নয়া ইত্যর্থঃ) 'গিরা' (স্তুত্যা, সৎকর্ম্মণা ইতি যাবৎ) 'স্বানাসঃ' (পরিশুদ্ধাঃ) অপিচ 'ইন্দবঃ' (দিব্যজ্যোতিসম্পন্নাঃ ইত্যর্থঃ) সন্তঃ 'মদায়' (পরমানন্দদানায়) 'ধারয়া' (ভগবতঃ করুণাধারারূপেণ ইতি ভাবঃ) 'পর্য্যর্ষন্তি' (ক্ষরন্তি, ভক্তানাং হৃদি সমুদ্ভবন্তি ইত্যর্থঃ)। মন্ত্রোঽয়ং নিত্যসত্যপ্রকাশকঃ। অয়ং ভাবঃ—সাধকাঃ সৎকর্ম্মণা সত্ত্বভাবং লভন্তে ইতি প্রার্থনায়াঃ ভাবঃ।)। (৩অ - ৫অ—২খ - ৯কা)।

* * *

বঙ্গানুবাদ।

মধুবৎ আনন্দদায়ক সত্ত্বভাবসমূহ মহত্ত্বাদিসম্পন্ন স্তুতিরূপ সৎকর্ম্মাদির দ্বারা পরিশুদ্ধ এবং দিব্যজ্যোতিঃসম্পন্ন হইয়া পরমানন্দদানের নিমিত্ত ভগবানের করুণাধারারূপে ভক্তদিগের হৃদয়ে ক্ষরিত হইতেছে। (মন্ত্রটী নিত্যসত্যপ্রকাশক। ভাব এই যে,—সাধকগণ সৎকর্ম্মপ্রভাবে সত্ত্বভাব প্রাপ্ত হয়েন)। (৫প—৫অ—২খ—৯সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

ঋষেঃ কাশ্যপোঽসিতশ্চর্ষিঃ। 'স্বানাসঃ' শব্দানাঃ অভিষূয়মাণাঃ 'ইন্দবঃ' দীপ্তাঃ 'বর্হণা মহত্যা 'গিরা' স্তুতিরূপয়া বাচা 'মধো' ইতি বিভক্তিব্যত্যয়ঃ (৭।১৮৫)। মধবো মদকরাঃ সোমাঃ 'ধারয়া' সহ দেবানাং 'মদায়' তদর্থং 'পর্য্যর্ষন্তি' দশাপবিত্রাদধঃ ক্ষরন্তীত্যর্থঃ। 'মধো' 'স্তুতা' ইতি সামগাঃ পাঠৌ। ৩প—৫অ—২খ ৯সা)।

* * *

নবম (৪৮৫) সামের মর্ম্মার্থ।

—‡ * ‡—

মন্ত্রটী নিত্যসত্যপ্রকাশক ও সরল প্রার্থনামূলক। শুদ্ধসত্ত্ব-সদ্ভাবই যে মূলীভূত, আর সদ্ভাবপ্রভাবেই যে দেবত্বের অধিকারী হওয়া যায়, মন্ত্র এই সত্য প্রকটিত করিতেছে।

সদ্ভাব—শুদ্ধসত্ত্ব ভগবানেরই বিভূতি। তাই সৎস্বরূপ ভগবানকে পাইতে হইলে, জগতে যাহা কিছু সৎ, সে সকলেরই অনুষ্ঠান করিতে হয়। সদ্ভাবে ভাবান্বিত হইতে হয়,

সচ্চিন্তায় অনুপ্রাণিত হইতে হয়, সদালাপ—সৎকর্ম্ম সকলেরই অনুষ্ঠান প্রয়োজন হইয়া পড়ে। মন্ত্র তাই কায়মনোবাক্যে সৎসম্পন্ন হইবার উপদেশ প্রদান করিতেছেন।

সৎকর্ম্মের দ্বারা আত্মোৎকর্ষ সাধিত হয়,—হৃদয়ের সদ্ভাবসমূহ ফুটিয়া উঠে। তাই 'গিরা মানাসঃ' মন্ত্রাংশের সার্থকতা। বীজ নিহিত থাকে; সেচনাদির দ্বারা তাহা যেমন অঙ্কুরিত মুকুলিত ও ফলপুষ্পসমন্বিত হয়; সেইরূপ শুদ্ধসত্ত্বের যে বীজ মানুষের হৃদয়ে প্রচ্ছন্ন থাকে; সৎকর্ম্মাদির দ্বারা উৎকর্ষ-সাধনে সে বীজ ক্রমশঃ বিশাল মহীরুহে পরিণত হয়। সৎকর্ম্মশীল হইয়া, সদ্ভাবের পূর্ণ বিকাশ-সাধনে, সৎস্বরূপকে প্রাপ্তির মূল মন্ত্র—এস্থলে প্রকটিত হইয়াছে বলিয়াই মনে করি।

প্রার্থনাপরায়ণ সাধকগণ সত্ত্বভাব লাভ করেন। বিশুদ্ধ সত্ত্বভাবে তাঁহাদিগের হৃদয় পরিপ্লুত হয়। সেই অমৃত-পানে তাঁহারা আপনাদিগের জীবনের চরম সার্থকতা লাভ করেন। সৎকার্য্য-সাধনের সঙ্গে সঙ্গে সিদ্ধিলাভের জন্য প্রার্থনারও প্রয়োজন। কর্ম্ম-সাধনে মানুষের কর্তৃত্ব; কিন্তু ফলদাতা ভগবান। তাঁহার করুণা-লাভের জন্য প্রার্থনা করা চাই। প্রার্থনার দ্বারা নির্দ্দিষ্ট উদ্দেশ্য অভিমুখে মনের একাগ্রতা জন্মে—সমগ্র কর্ম্ম-শক্তি লক্ষ্য-সাধনে কেন্দ্রীভূত হয়। সৎকর্ম্মের সঙ্গে প্রার্থনা মোক্ষলাভের বিশিষ্ট উপায়। সাধক আপনার হৃদয়ের দুর্ব্বলতা অনুভব করিয়া যখন তাঁহার নিজের শুভাশুভ সদসৎ সমস্ত ভগবানের চরণে সমর্পণ করেন, তখন তাঁহার হৃদয় বিমল আনন্দে পূর্ণ হয়। প্রার্থনার দ্বারা সাধকের হৃদয়ে সত্ত্বভাবজনিত পরমানন্দের উদয় হয়—এই নিত্যসত্যও এই মন্ত্রের মধ্যে প্রখ্যাপিত হইয়াছে। (৩প—৫অ—২খ—৯সা)। *

দশমং সাম।

২ ৩ ১ ২ ৩ ২র ২র ৩ ১র ২র ৩ ২
পরি প্রাসিষ্যদৎ কবিঃ সিন্ধোরূর্ম্মাবধিশ্রিতঃ।
৩ ১র ২র ৩ ১ ২
কারুং বিভ্রৎপুরুস্পৃহম্ ॥ ১০ ॥

গেয় গানং।

৫ র ১ ১ — ১ র র র ৭ — ১র
পরিপ্রাসি। ষ্যদৎকাবী ২ঃ। সিন্ধোরূর্ম্মা৷বাধিশ্রিতা ২ঃ। কারু ২৩ম্।
১ ৯ ৩ ৫র র ২ ১৩১ ১ ১ ১
বা ২ ইভ্রা ২ ৩ ॥ ঔহোবা। পুরুস্পৃহা ২ ৩ ৪ ৫ ম্ ॥ ১০ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দশম সূক্তের চতুর্থী ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায়, চতুস্ত্রিংশৎ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম,—"সংক্রীড়ম্" "নিক্রীড়ম্।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা

'সিন্ধোঃ' (সত্ত্বসমুদ্রস্য) 'ঊর্ম্মৌ' (তরঙ্গে, প্রবাহে) 'অধিশ্রিতঃ, (আশ্রয়প্রাপ্তঃ, সত্ত্বগুণান্বিতঃ ইত্যর্থঃ) 'কবিঃ, (মেধাবী, প্রাজ্ঞঃ জনঃ) 'পুরুস্পৃহং' (বহুভিঃ বরণীয়ং, সর্ব্বলোকপ্রার্থনীয়ং) কারুং (জ্ঞানং) 'বিভ্রৎ' (ধারয়ন) তৎ জগতি 'পরিপ্রাসিষ্যদৎ' (প্রযচ্ছতি)। সত্ত্বভাবান্বিতঃ জ্ঞানী জনঃ জগতি পরাজ্ঞানং প্রযচ্ছতি - ইতি ভাবঃ। (৩প—৫অ—২খ—১০সা)।

অথবা,

'সিন্ধোরূর্ম্মাবধিশ্রিতঃ' (ঊর্ম্ময়ঃ যথা সিন্ধুং আশ্রিত্য তিষ্ঠন্তি, অথবা সিন্ধুঃ যথা স্বাশ্রিতাঃ ঊর্ম্মীঃ পরিস্পন্দতে তদ্বৎ) 'কবিঃ' (ক্রান্তদর্শী) 'পুরুস্পৃহং' (সর্ব্বৈরাকাঙ্ক্ষণীয়ং) 'কারুং' (পরাজ্ঞানং) বিভ্রৎ (ধারয়ন) 'পরিপ্রাসিষ্যদৎ' (কৃতার্থম্মন্যঃ ভবতি ইতি ভাবঃ)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভাবার্থঃ আত্মোৎকর্ষসম্পন্নঃ সাধকঃ সাধনাপ্রভাবেন পরাজ্ঞানং লভতে।)॥ (৩প—৫অ—২খ—১০সা)।

* * *

বঙ্গানুবাদ।

সত্ত্বসমুদ্রের প্রবাহে আশ্রয়প্রাপ্ত অর্থাৎ সত্ত্বগুণান্বিত প্রাজ্ঞজন সর্ব্বলোক-প্রার্থনীয় জ্ঞান ধারণ করিয়া তাহা জগতে প্রদান করেন। (ভাব এই যে,—সত্ত্বভাবান্বিত জ্ঞানিজন জগতে পরাজ্ঞান প্রদান করেন)॥ (৩প—৫অ—২খ—১০সা)॥

অথবা,

ঊর্ম্মি-সমূহ যেমন সিন্ধুকে আশ্রয় করিয়া অবস্থিতি করে অথবা সিন্ধু যেমন স্বাশ্রিত ঊর্ম্মিসমূহকে স্পন্দিত করে; সেইরূপ ক্রান্তপ্রজ্ঞ সাধকগণ সকলের আকাঙ্ক্ষণীয় পরাজ্ঞান আশ্রয় করিয়া কৃতার্থম্মন্য হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাবার্থ—আত্মোৎকর্ষসম্পন্ন সাধক সাধনা-প্রভাবে পরাজ্ঞান লাভ করেন।)॥ (৩প—৫অ—২খ—১০সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'পরি প্রাসিষ্যদৎ' পরিস্পন্দতে 'কবিঃ' মেধাবী 'সিন্ধোরূর্ম্মাবধিশ্রিতঃ, আশ্রিতঃ সন 'পুরুস্পৃহং' বহুভিঃ স্পৃহণীয়ং 'কারুং' স্তোতারং 'বিভ্রৎ' ধারয়ন্ সোমঃ পরিস্পন্দতে ইতি সম্বন্ধঃ। 'কারুং' কারম্ 'ইতি পাঠে'। (৩—৫অ—২খ—১০সা)।

ইতি শ্রীসায়ণাচার্য্য-বিরচিতে সামবেদার্থপ্রকাশে ছন্দোগাখ্যানে পঞ্চমপ্রপাঠকস্য দ্বিতীয়ঃ খণ্ডঃ।২।

* * *

দশম (৪৮৬) সামের মর্ম্মার্থ।

যাঁহারা সত্ত্বগুণান্বিত তাঁহারা সমগ্র বিশ্বকে ভালবাসেন; বিশ্বের হিতের জন্য তাঁহারা আপনার শক্তিকে নিয়োজিত করেন। তাঁহারা যে পরম ধন লাভে কৃতার্থ হইয়াছেন, তাহা জগৎবাসীকে দান করিয়া তাহাদিগের জীবন পবিত্র ও সার্থক করিয়া তুলিতে তাঁহারা সর্ব্বদাই যত্নপরায়ণ। মন্ত্রের মধ্যে এই নিত্যসত্যটীই প্রখ্যাপিত হইয়াছে।

এই বিশ্বজনীনতা হিন্দুধর্ম্মের অস্থিমজ্জায় গ্রথিত। আর্য্যগণ বিশ্বের একত্ব সম্যকরূপে উপলব্ধি করিয়াছিলেন এবং এই উদার ভাব কার্য্যক্ষেত্রেও প্রদর্শন করিয়াছেন। বিশ্বের মঙ্গলে প্রত্যেক ব্যক্তির মঙ্গল, বিশ্ববাসী সকলে যদি পরাজ্ঞান লাভ করে, তবেই নির্ব্বিঘ্নে আপনার চরম অভীষ্ট লাভ করিতে পারে।

এই বিশ্বজনীন ভাব হৃদয়ে পূর্ণ বিকশিত হইলে সাধক নিজেকে বিশ্বমঙ্গলে নিয়োজিত না করিয়া থাকিতে পারেন না। কারণ তখন 'ত্বং' ও 'অহং' এর পার্থক্য ঘুচিয়া যায়। সুতরাং সাধক যাহা করেন, তাহাই বিশ্বমঙ্গল সাধন করে। তাঁহাদিগের শক্তি জ্ঞান সমস্তই জগৎবাসীর কল্যাণে নিয়োজিত করেন।

মন্ত্রান্তর্গত কয়েকটী পদের ব্যাখ্যা সম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। প্রথমতঃ 'কারুং' পদ। ঐ পদের 'গোঃ' অর্থ নিরুক্তসম্মত। 'গো' অর্থে জ্ঞান। সুতরাং 'কারুং' পদে 'জ্ঞানং' অর্থ গ্রহণ করিয়াছি। তার পর 'সিন্ধোঃ' পদে 'সত্ত্বসমুদ্রস্য' অর্থ গ্রহণ করা হইয়াছে। পূর্ব্বাপর আমরা ঐ অর্থ গ্রহণ করিয়াছি এবং এক্ষেত্রে ঐ অর্থে সঙ্গতি লক্ষ্য করি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দৃষ্টে অধিগত হইবে।

প্রচলিত ব্যাখ্যা-সমূহের সহিত আমাদিগের ব্যাখ্যার ঐক্য নাই। এখানেও সোমরসকে টানিয়া আনা হইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল; যথা,—"নদী তরঙ্গে আধিমশ্রিত কবি সোম অনেকের স্পৃহণীয় শব্দ উচ্চারণ করিয়া ক্ষরিত হইতেছেন।" বলা বাহুল্য, আমরা এই ব্যাখ্যার মর্ম্ম অবধারণ করিতে পারি নাই।

মন্ত্রের উপমাবাক্য—'সিন্ধোরূর্ম্মাবধিশ্রিতঃ'। এই উপমা-বাক্যের তাৎপর্য্য নিষ্কাশনে মন্ত্রের অর্থ বিশদীকৃত হইতে পারে। ঊর্ম্মি-সমূহ সিন্ধুকে আশ্রয় করিয়া অবস্থিতি করে, সিন্ধুতেই তাহার উৎপত্তি, আবার সিন্ধুতেই তাহার লয়। উভয়ের যেমন আধার ও আধেয় সম্বন্ধ, সাধকের ও পরাজ্ঞানের সম্বন্ধেও তাহাই বুঝিতে হইবে। আত্মোৎকর্ষ সাধিত হইলে, হৃদয়ে আপনা-আপনি জ্ঞানের সঞ্চার হয়। তখন সিন্ধুতে ঊর্ম্মিমালার ন্যায়, হৃদয়েও জ্ঞানের তরঙ্গ খেলিতে থাকে। আর সেই তরঙ্গে ভাসিয়া ভাসিয়া সাধক জ্ঞানাধারের প্রশান্ত বক্ষে আশ্রয় গ্রহণ করেন। উপমার এই তাৎপর্য্য আমরা অনুভব করি। (৩প—৫অ—২খ—১০সা)।০

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের চতুর্দ্দশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম—"ঔশনম্।"

ওঁ

সামবেদ-সংহিতা।

—‡•‡—

কৌথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

—•—

পবমানং পর্ব্ব (তৃতীয়ং পর্ব্ব)। পঞ্চমোঽধ্যায়ঃ। তৃতীয়ঃ খণ্ডঃ।

• • •

তৃতীয়ঃ খণ্ডঃ।

—•—

প্রথমং সাম।

২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১র ৩র
উপো ষু জাতমপ্তুরং গোভির্ভঙ্গং পরিষ্কৃতম্।

১ ২ ৩ ১ ২
ইন্দুং দেবা অয়াসিষুঃ ॥ ১ ॥

* * *

গেয়-গানং।

২ — ১ র র — ১ ২ —
১। ইহা২ ইহা। উপোষুজাতমা২ প্তুরাম্। ইহা। ইহা২

১ র — ১ ২ —
ইহা। গোভির্ভঙ্গম্পরা২ ইষ্কৃতাম্। ইহা। ইহা২ ইহা।

র র — ১ ২
ইন্দুন্দেবাঅয়া২ সিষুঃ। ইহা ১॥

• • •

১ র র — ১ র ১
২। উপোবুজাতমা ২ প্তুরাম্। উপা। গোভ' ২ ৩ ইর্হাই। ভঙ্গম্পরা

— ১ ১ র ১র —
২ ইষ্কৃতাম্। উপা। ইন্দু ২ ৩ ৮ হোই। দেবা অয়া ৫।

১২ ২ৰ
সিষুরা ৩ ১ ওবা ২ ৩ উ ৩ ২ ৩ ৪ পা॥

* * *

৪ ৫র ৪র ৫ ১ ২ ৩ S ২ ২
৩। উপোদ্ধো। হোইজাতাম্। আপ্তু৩রাম্। ঔ ৩ হো ৩ বা ৩

১ ২ ৩ ৫ ১ ৭ — ১ র ২
গোভির্ভা ২ ৩ ৪ ঙ্গাম্। ওইপারিষ্কৃতা ২ ম্। ইন্দূ ২ ৩ ম্। দেবা

৫র র ২র ৩ ১ ১ ১ ১
৩ ৪ ঔ হোবা। অয়াসিষ ২ ৩ ৪ ৫ ঃ। ৯॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সুজাতং' (সম্যক্ প্রাদুর্ভূতং, সৎকর্ম্মণা, সজ্ঞানেন চ পূর্ণবিকশিতং) 'অপ্তুরং (সৎকর্ম্মণা সঞ্জাতং অমৃতসদৃশং ইত্যর্থঃ) 'ভঙ্গং' (রিপুনাশকং) 'গোভিঃ পরিষ্কৃতং' (বিশুদ্ধজ্ঞানেন সুসংস্কৃতং) 'ইন্দুং' (সত্ত্বভাবং) 'দেবাঃ' (দেবভাবসম্পন্নাঃ সাধকাঃ) 'উপায়াসিষুঃ' (উপগচ্ছন্তি, প্রাপ্নুবন্তি); দেবভাবান্বিতাঃ জনাঃ সৎকর্ম্মসাধনেন শুদ্ধসত্ত্বং লভন্তে ইতি ভাবঃ। (৩প—৫অ ৩থ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মের ও সজ্ঞানের দ্বারা পূর্ণবিকশিত সৎকর্ম্মসঞ্জাত অমৃতসদৃশ, রিপুনাশক, বিশুদ্ধ জ্ঞানের দ্বারা সুসংস্কৃত সত্ত্বভাবকে দেবভাবসম্পন্ন সাধকগণ প্রাপ্ত হয়েন। (ভাব এই যে,—দেবভাবান্বিত ব্যক্তিগণ সৎকর্ম্ম সাধন দ্বারা শুদ্ধসত্ত্ব লাভ করেন)। (৩প—৫অ—৩থ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অমহীয়ুর্ঋষিঃ। 'সুজাতং' সম্যক্ প্রাদুর্ভূতং 'অপ্তুরং' বসতীবরীভিঃ প্রেরিতং 'ভঙ্গং' শত্রুণাম্ভঞ্জকং 'গোভিঃ' গোবিকারৈঃ পয়োভিঃ 'পরিষ্কৃতং' অলঙ্কৃতং সংস্কৃতং। 'ইন্দুং' সোমং 'দেবাঃ' ইন্দ্রাদয়ঃ 'উপায়াসিষুঃ' উপগচ্ছন্তি। (৩প—৫অ-৩থ—১সা)॥

* * *

প্রথম (৪৮৭) সামের মর্ম্মার্থ।

দেবভাব ও সত্ত্বভাবের মধ্যে অতি নিকট সম্বন্ধ বর্ত্তমান। একটীর আবির্ভাবে অন্যটীর উপস্থিতি প্রায়ই পরিলক্ষিত হয়। যাঁহারা নিজের হৃদয়কে হীন কামনা-বাসনা হইতে মুক্ত করিয়াছেন, যাঁহারা হৃদয় হইতে পশুভাবকে চিরদিনের জন্য বিদায় দিয়াছেন, তাঁহারা স্বতঃই সেই অসীম সত্ত্ব-সমুদ্রের দিকে অগ্রসর হইতে থাকেন। পরাজ্ঞান তখন তাঁহা-দিগের হৃদয়ে আবির্ভূত হয়। এই জ্ঞানালোকের সাহায্যে অতি সহজেই তাঁহারা আপনাদের গন্তব্য-পথ নির্দ্দেশ করিতে পারেন। জ্ঞানের তীব্রালোকে অজ্ঞানান্ধকার পলায়ন করে। সুতরাং আঁধারলোকবাসী রিপুগণও সেই সঙ্গে অন্তর্হিত হয়। পরিণামে সাধক অমৃতত্ব লাভ করেন।

এই মন্ত্রান্তর্গত 'অপ্তুরং' পদে বিবরণকার 'অপ্সু ভবতীতি অপ্তুরং' অর্থ গ্রহণ করিয়াছেন। 'অপ্' শব্দে অমৃত বুঝায়, তাই আমরাও তাঁহার অনুসরণে ঐ পদে 'অমৃত-সদৃশং' ব্যাখ্যা গ্রহণ করিয়াছি। 'দেবাঃ' পদে ভাষ্যকার 'ইন্দ্রাদয়ঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা 'দেবভাবসম্পন্নাঃ সাধকাঃ' অর্থেই সঙ্গতি লক্ষ্য করিয়াছি। (৩প - ৫খ ৩ব ১দ)॥ *

দ্বিতীয়া সাম।

৩　১　২　৩উ　৩　২　৩　১ ২
পুনানো অক্রমীদভি বিশ্বা মৃধো বিচর্ষণিঃ।
৩ ২ ৩　১ ২　৩ ১ ২
শুম্ভন্তি বিপ্রং ধীতিভিঃ॥ ২॥

গেয়-গান।

৫ র র　২ ৮ ৩　৫　১ ৮ ৩　৫
পুনানোআ। ক্রামীদা২৩৪ভী। বিশ্বা২মা২৩৪র্দ্ধাঃ।
২ ৩　৫　১ ৮ ৩　৫　১ ৮ ৩
বীচর্ষা২৩৪ণীঃ। শুম্ভা২ন্তা২৩৪ইপ্রা। প্রা২ধা।
৫ র র　৩　৫
২৩৪ওহোবা। ধী২৩৪ভীঃ॥ ২।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের ত্রয়োদশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, বিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম,—"বাসানি ত্রীণি।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বিচর্ষণিঃ' (সর্ব্বস্য দ্রষ্টা, সর্ব্বজ্ঞঃ ইত্যর্থঃ) 'পুনানঃ' (পবিত্রঃ শুদ্ধসত্ত্বঃ—ইতি যাবৎ) 'বিশ্বাঃ' (বিশ্বান্‌, সর্ব্বান্‌) 'মৃধঃ' (রিপূন্‌) 'অভ্যক্রমীৎ' (অতিক্রামতি, পরাজয়তি। ; শুদ্ধসত্ত্বঃ হৃদ্‌গতান্‌ রিপুশত্রূন্‌ বিদূরয়তি ইতি ভাবঃ ; তদা ভগবান 'ধীতিভিঃ' (সদ্বুদ্ধিভিঃ) 'বিপ্রং' (মেধাবিনং, ক্রান্তদর্শিনং জনং ইত্যর্থঃ) 'শুম্ভন্তি' (অলং কুর্ব্বন্তী, অলংকরোতি ইত্যর্থঃ)। আত্মোৎকর্ষসম্পন্নঃ সাধকঃ রিপুজয়ী ভবতি, সঃ ভগবৎকৃপয়া শুভবুদ্ধিং লভতে—ইতি ভাবঃ। (৩প ৫অ—৩খ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

সর্ব্বজ্ঞ পবিত্র শুদ্ধসত্ত্ব সমস্ত রিপুকে পরাজিত করেন; (ভাব এই যে,—শুদ্ধসত্ত্ব হৃদ্গত রিপুশত্রুদিগকে বিদূরিত করেন); তখন ভগবান্‌ সদ্বুদ্ধির দ্বারা সেই মেধাবী ব্যক্তিকে অলঙ্কৃত করেন। (ভাব এই যে,—আত্মোৎকর্ষসম্পন্ন সাধক রিপুজয়ী হয়েন; তিনি ভগবৎকৃপায় শুভবুদ্ধি লাভ করেন।)। (৩প—৫অ—৩খ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'বিচর্ষণিঃ' দ্রষ্টা 'পুনানঃ' সোমঃ 'বিশ্বাঃ' সর্ব্বাঃ 'মৃধঃ' শত্রুসেনাঃ 'অভ্যক্রমীৎ' অতিক্রামতি। 'বিপ্রং' মেধাবিনং তং সোমং 'ধীতিভিঃ' শুচিভির্ব্বা 'শুম্ভন্তি' অলং কুর্ব্বন্তি। (৩প-৫অ—৩খ-২সা)।

* * *

দ্বিতীয় (৪৮৮) সামের মর্ম্মার্থ।

'যাদৃশী ভাবনা যস্য সিদ্ধিঃ ভবতি তাদৃশী'—যাহার যেমন ভাবনা তিনি তদনুরূপ ফলও লাভ করিয়া থাকেন। যিনি আপনাকে সর্ব্বপ্রকারে পবিত্র রাখিতে ইচ্ছা করেন, ভগবান্‌ তাঁহাকে তদনুরূপ শক্তি ও প্রবৃত্তি প্রদান করেন। যিনি আত্মোৎকর্ষসাধনে তৎপর, তিনি জ্ঞান ও বুদ্ধি প্রাপ্ত হয়েন। বিশ্বমঙ্গল-নীতির বিরোধী না হইলে সকলের আন্তরিক প্রার্থনাই পূর্ণ হয়। যিনি সৎপথে থাকিয়া আপনাকে পবিত্র ও উন্নত করিতে চাহেন, ভগবান্‌ তাঁহাকে সেইরূপ বুদ্ধি প্রদান করিয়া মোক্ষলাভের পথে পরিচালিত করেন। তাই এই মন্ত্রে বলা হইয়াছে—মেধাবী ব্যক্তিকে ভগবান সদ্বুদ্ধি প্রদানের দ্বারা অলঙ্কৃত করেন। যিনি আপনাকে পবিত্র রাখিতে বদ্ধপরিকর, তিনি নিশ্চিতই রিপুজয়ের দিকে মনোনিবেশ করিবেন। কারণ, তাহা না হইলে সাধনার প্রাথমিক অংশই অসম্পূর্ণ থাকিয়া যায়। আর

যিনি ঐকান্তিকভাবে রিপুজয়ের জন্য সচেষ্ট হয়েন, ভগবানের মঙ্গল বিধানে তিনি তাহাতে কৃতকার্য্যও হইয়া থাকেন।

'ধীতিভিঃ' পদে বিবরণকার "কর্ম্মভিঃ বুদ্ধিভিঃ বা" অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা তাঁহারই অনুসরণে 'সদ্বুদ্ধিভিঃ' অর্থ গ্রহণ করিয়াছি। ভগবান্ তাঁহার সন্তানকে যে বুদ্ধি প্রদান করেন তাহা সদ্বুদ্ধি, তাহা পরিণামে অশেষ মঙ্গলের পথে মানুষকে পরিচালিত করে। তাই "ধীতিভিঃ" পদে 'সদ্বুদ্ধিভিঃ' অর্থ গ্রহণ করা হইয়াছে। 'বিচর্ষণিঃ' পদে পূর্ব্বাপরই 'আত্মোৎকর্ষসাধক' 'সর্ব্বজ্ঞ' প্রভৃতি অর্থ করা হইয়াছে। এখানেও ঐ অর্থে সঙ্গত লক্ষিত হয়। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দৃষ্টে অবগত হওয়া যাইবে। (৩প—৫অ ৩খ—২সা)। *

— • —

তৃতীয়ং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ১র ২র

আবিশন্ কলশং সুতো বিশ্বা অর্ষন্নভি শ্রিয়ঃ।

৩ ১ ২

ইন্দুরিন্দ্রায় ধীয়তে ॥ ৩ ॥

* * *

গেয়-গানং।

৫র র ৫ ১ ২র১২ ১ ২ S

১। আবিশন্কালা ৬ শ৬্সুতাঃ। বাইশ্বা অর্ষন্। অভাইশ্রায়া ৬ঃ। ও ৩

২ ১ ২A ৩ ৩১ ১ ১ A ৫

হা ৩। ওবা। ও ২ ৩ ৬ হাই। ইন্দু ২ ৩ ৪। আ ৫ ইন্দ্রা

৫র র ২ র ৩ ১ ১ ১ ১

২ ৩ ৪ ঔহোবা। য়াধীয়তে ২ ৩ ৪ ৫ ॥

• • •

৪র ৩ ৪ ৫ ৩ ২ ৪ ৫ ১ ২ ১ ২A

২। আবিশন্কলশম্। সুতা ৩ঃ। বাইশ্বাঃ। অষন্। অভা ই শ্রায়া।

৩র র ৫ ১ ২র ২ —

ঔহোহো ২ ৩ ৪ বা। ঔহোহো ১ ই। ইন্দ্রা ১ ইন্দ্রা ২। য।

১র A ৩ ৫র র ৩ ৫

ধীয়া ২ তা ২ ৩ ৪ ঔহোবা। উ ২ ৩ ৪ পা ॥ ৩ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চত্বারিংশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, ত্রিংশবর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "বৈরূপম্।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সুতাঃ' (অভিষুতাঃ, বিশুদ্ধাঃ) 'ইন্দবঃ' (সত্ত্বভাবাঃ) 'বিশ্বাঃ' (সর্ব্বাঃ) 'প্রিয়ঃ' (সম্পদঃ) 'অভ্যর্ষন্' (অভিতো গময়ন্, ধৃত্বা ইত্যর্থঃ) 'কলশং' (আধারং, হৃদ্রূপং ইত্যর্থঃ) 'আবিশন্' (গময়ন্- অধিতিষ্ঠন্ ইত্যর্থঃ) 'ইন্দ্রায়' (ভগবৎপ্রীতয়ে ইত্যর্থঃ) 'ধীয়ন্তে' (নিধীয়ন্তে, অভিসিঞ্চতু অস্মান্ ইতি ভাবঃ); প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। পরমসম্পদদায়কং সত্ত্বভাবং ভগবল্লাভায় বয়ং প্রাপ্নুয়াম—ইতি ভাবঃ॥ (৩প—৫অ—৩খ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

বিশুদ্ধ সত্ত্বভাব সকল সম্পদ ধারণ করিয়া আমাদিগের হৃদয়রূপ আধারে অধিষ্ঠিত হইয়া (সেই সত্ত্বভাব) ভগবানের প্রীতির নিমিত্ত আমাদিগকে অভিষিক্ত করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—পরমসম্পদদায়ক বিশুদ্ধ সত্ত্বভাব ভগবল্লাভের জন্য আমরা যেন প্রাপ্ত হই॥ (৩প—৫অ—৩খ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'সুতাঃ' অভিষুতাঃ 'সোমাঃ' 'কলশং' দ্রোণম 'আ বিশন' 'বিশ্বাঃ' সর্ব্বাঃ 'প্রিয়ঃ' সম্পদঃ 'অভ্যর্ষন' অভিতো গময়ন্ 'ইন্দবঃ' দীপ্তাঃ সোমাঃ 'ইন্দ্রায়' ইন্দ্রার্থং 'ধীয়ন্তে' দশাপবিত্রে অধ্বর্য্যুভির্নিধীয়ন্তে॥ (৩প—৫অ—৩খ—৩সা)।

* * *

তৃতীয় (৪৮৯) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। মন্ত্রে ভগবানের প্রীতির নিমিত্ত হৃদয়ে সদ্ভাব উন্মেষণের লক্ষ্য পরিদৃষ্ট হয়।

হৃদয়ে সত্ত্বভাবের উপজন হইলে মানুষ পরম সম্পদের অধিকারী হয়েন। বিশুদ্ধ সত্ত্বভাবের মধ্যে মানুষের আকাঙ্ক্ষনীয় সকল বস্তুই আছে। তাই বলা হইয়াছে,—"বিশ্বাঃ প্রিয়ঃ অভ্যর্ষন্।" হৃদয়ে সত্ত্বভাবের সঞ্চার হইলে মানুষ সত্ত্বভাবের উৎস সেই পরম পুরুষের দিকে অগ্রসর হয়। সত্ত্বভাবের এই শক্তি আছে বলিয়াই প্রার্থনা করা হইয়াছে—'আমরা যেন পরমসম্পদ সত্ত্বভাব লাভ করি; সেই সত্ত্বভাব যেন আমাদিগকে সেই অনন্ত-পুরুষ জগৎপিতার দিকে প্রেরণ করে। আমাদিগের কর্ম্ম, চিন্তা, বাক্য যেন তাঁহার সাধনায় নিয়োজিত হয়।'

ভাষ্যকার 'কলশং' পদে 'দ্রোণং' অর্থ গ্রহণ করিয়াছেন। 'কলশ' শব্দে আধার, পাত্র বুঝায়। সত্ত্বভাবধারণের সর্ব্বাপেক্ষা উপযোগী পাত্র—আমাদিগের হৃদয়। তাই 'কলশং' পদে 'হৃদয়ং' অর্থ পরিগৃহীত হইয়াছে। (৩প—৫অ—৩খ-৩সা)।

—•—

চতুর্থং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ * ৩ ১ ২ ৩ক ২র ৩ ২

অসর্জ্জি রথ্যোযথা পবিত্রে চম্বোঃ সুতঃ।

১ ২ ৩ ১ ২

কার্ষন্ বাজী ন্যক্রমীৎ ॥ ৪ ॥

• • •

গেয়-গানং।

৫ ২ ১র ২ ১২র ১ ৭ ৬ ৩

অসার্জ্জয়া। থি। যোযা ২ ৩ থা। পবিত্রে। চা। মুবো ২ : সু

৫ ২র ১ ২ ১ ২ ১

২ ৩ ৪ তাঃ। কার্ম্মস্ব ২ ৩ জী। নিয়ক্রমাইৎ। ঔ ২ ৩

৪ ৫ ৪

হোবা হো ৫ ই। ডা ॥ ৪ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'রথ্যো যথা' (অশ্বঃ যথা রথে নিযুজ্যতে তদ্বৎ) 'চম্বোঃ' (দ্যুলোকভূলোকয়োঃ অবস্থিতঃ, সর্ব্বত্র বিদ্যমানঃ ইত্যর্থঃ) 'সুতঃ' (অভিষুতঃ, বিশুদ্ধঃ) সত্ত্বভাবঃ 'পবিত্রে' (পবিত্রহৃদয়ে) 'অসর্জ্জি' (সৃষ্টঃ ভবতি, সমুদ্ভবতি); 'বাজী' (শক্তিসম্পন্নঃ—সত্ত্বভাবঃ ইতি যাবৎ) 'কার্ম্মন্' (কার্ম্মণি, রিপুসংগ্রামে ইত্যর্থঃ) 'ন্যক্রমীৎ' (অভিক্রামতি, পরাজয়তি—শত্রূন্ ইতি শেষঃ); নিত্যসত্যপ্রকাশকঃ অয়ং মন্ত্রঃ। পবিত্রহৃদয়ঃ সাধকঃ বিশুদ্ধং সত্ত্বভাবং লভতে তথা রিপুজয়ী ভবতি—ইতি ভাবঃ। (৩প ৫অ ৩খ—৪সা)।

• • •

বঙ্গানুবাদ।

অশ্ব যেমন রথে নিযুক্ত হয়, সেইরূপ সর্ব্বত্র বিদ্যমান বিশুদ্ধ সত্ত্বভাব পবিত্র হৃদয়ে সমুদ্ভূত হয়েন; শক্তিসম্পন্ন সত্ত্বভাব রিপু-সংগ্রামে শত্রু-

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ছিষষ্টিতম সূক্তের ঊনবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, সপ্তবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম—"ঔশনেষে।"

দিগকে পরাজয় করেন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রকাশক। ভাব এই যে,—পবিত্র হৃদয় সাধক বিশুদ্ধ সত্ত্বভাব লাভ করেন এবং রিপুজয়ী হয়েন।)। (৩প—৫অ—৩খ—৪সা ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

প্রভূবসুঃ সঃ। 'রথ্যো যথা' রথসম্বন্ধী অশ্ব ইব স যথা বিসৃজ্যতে যজ্ঞে তদ্বৎ 'চম্বোঃ' অধিষবণফলকয়োঃ 'সুতঃ' অভিষুতঃ সোমঃ 'অসর্জ্জি' 'পবিত্রে' সৃষ্টোঽভূৎ। তথাভূতো 'বাজী' বেগবান্ সোমঃ 'কার্ষ্মন্' কার্ষ্মণি যুদ্ধে ইতরেতরাকর্ষণাৎ। অত্র দেবানামাকর্ষণবতি যজ্ঞাখ্যেসংগ্রামে 'অক্রমীৎ' নিতরাং ক্রামতি। (৩প—৫অ—৩খ—৪সা)॥

* * *

চতুর্থ (৪৯০) সামের মর্ম্মার্থ।

———:০:———

সর্ব্বত্র বিদ্যমান সত্ত্বভাব পবিত্র হৃদয়ে উপজিত হয়েন। প্রশ্ন হইতে পারে—সত্ত্বভাব যদি সর্ব্বত্র বিদ্যমান, তবে বিশিষ্ট কোন স্থানে উপজিত হয়েন—এ কথার অর্থ কি? সত্ত্বভাব সর্ব্বত্র বিদ্যমান বটে, কিন্তু পবিত্র সাধক-হৃদয়ে তাহা বিশিষ্টভাবে প্রকাশিত হয়। আরও, সর্ব্বত্র বিদ্যমান থাকিলেও সকলে তাহা উপভোগ করিতে সমর্থ হয় না। সত্ত্বভাব ধারণের ও তাহা কাজে প্রয়োগ করিবার উপযুক্ত শক্তি থাকা চাই। হৃদয়ের পবিত্রতা দ্বারা সেই শক্তি লাভ হয়। তাই বলা হইয়াছে—বিশুদ্ধ সত্ত্বভাব পবিত্র হৃদয়ে উপজিত হয়।

হৃদয়ে সত্ত্বভাবের উপজন হইলে সাধক অপূর্ব্ব শক্তিসমন্বিত হয়েন। সেই শক্তির সাহায্যে তিনি রিপুগণকে পরাজিত করিতে সমর্থ হয়েন। সত্ত্বভাবের এই শক্তিই এখানে প্রখ্যাপিত হইয়াছে।

মন্ত্রের অন্তর্গত 'রথ্যো যথা' উপমা-বাক্য লক্ষ্য করিবার বিষয়। উপমার ভাব এই যে,—অশ্ব যেমন রথে নিযুক্ত হয়, সেইরূপ সদ্ভাবসমূহ পবিত্র হৃদয়ে সঞ্জাত হইয়া থাকে। পবিত্র হৃদয়ই সদ্ভাবের আধার—উপমার ইহাই লক্ষ্যস্থল বলিয়া মনে করি।

মন্ত্রান্তর্গত দু একটী পদের ব্যাখ্যা সম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। 'চম্বোঃ' পদের 'দ্যাবাপৃথিবী' অর্থ নিরুক্তে দৃষ্ট হয়। আমরা তাহার অনুসরণে ঐ পদে দ্যুলোক-ভূলোকয়োঃ অবস্থিতঃ, সর্ব্বত্র বিদ্যমানঃ' অর্থ গ্রহণ করিয়াছি। অন্যান্য পদের ব্যাখ্যা সম্বন্ধে আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দ্রষ্টব্য। (৩প—৫অ—৩খ—৪সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের, ষট্‌ত্রিংশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, উনত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "সোম সাম।"

পঞ্চমং সাম।

২উ ৩ ।১ ২ ১ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২

প্র যদ্গাবো ন ভূর্ণয়স্ত্বেষা অয়াসো অক্রমুঃ।

১ ২ ৩ ২উ ৩ ১ ২

ঘ্নন্তঃ কৃষ্ণামপ ত্বচম্ ॥ ৫ ॥

* * *

গেয়-গানং

৪ ৫ ২র র ১ ২ ৩র ২

১। প্রযদ্গাউ। গাবোনা ৩ ভূর্ণা ১ য়া ২ ৩ ৪ ঃ। ত্বেষা ৩ ঃ।

১ ২র র ১ ২ ১ ২

আয়া ২ সোঅক্রমুঃ। ঘ্নন্তাঃ কা ২ ৩ ষ্ণাম্। অপাত্বচম্।

র ১ ৯ ৩ ৫র র ২৯ ৯ ৫

ঔহো ২ হা ২ ৩ ৪ ঔহোবা। উ ৩ ২ ৩ ৪ পা ॥

* * *

২ ১ ২ ৪র ৫র ১ র ২র ১ ১

২। প্রযদ্গা ৩ বোনভূর্ণয়াঃ। ত্বাইষাঅয়া। সোঅক্রমু ২ ৩ ঃ।

১ র ৫ ১ ৯ ৩ ৫র র

ঘ্না ২ ৩ ৪ স্তোহাই। কা ২ ষ্ণা ২ ৩ ৪ ঔহোবা।

১ ২ ১ ৩ ১ ১ ১

অপত্বচা ২ ৩ ৪ ৫ ম্ ॥ ৫ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গাবঃ ন' (জ্ঞানরশ্ময়ঃ যথা জ্যোতিষা অজ্ঞানময়ং ক্ষিপ্রং উত্তাসয়ন্তি, অথবা, ভক্তিবাচ্চঃ যথা ভক্ত্যং ক্ষিপ্রং প্রাপ্নুবন্তি, তদ্বৎ) 'ভূর্ণয়ঃ' (ত্বরণশীলাঃ, স্তোতৃণাং পোষকাঃ) 'ত্বেষাঃ' (দীপ্তাঃ, জ্যোতির্ময়াঃ) 'অয়াসঃ' (গমনকুশলাঃ, আশুমুক্তিদায়কাঃ) 'কৃষ্ণাং ত্বচং' (কৃষ্ণাবরণং, অজ্ঞানান্ধকারং) 'অপঘ্নন্তঃ' (বিনাশকারিণঃ) 'যৎ' (যে সত্ত্বভাবাঃ ইতি যাবৎ) তে সত্ত্বভাবাঃ 'প্রাক্রমুঃ' (প্রবর্ত্তন্তু, সৎকর্ম্মণি মোক্ষপথি চ অস্মান্ ইতি শেষঃ)। প্রার্থনামূলকোহয়ং মন্ত্রঃ। জ্ঞানসমন্বিতেন সত্ত্বভাবসহায়েন বয়ং মোক্ষং লভেম ইতি ভাবঃ। (৬প-৫খ-৩খ-৫মো)।

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানরশ্মিসমূহ যেমন জ্যোতির দ্বারা অজ্ঞহৃদয়কে উদ্ভাসিত করে, অথবা স্তুতিবাক্য যেমন ক্ষিপ্রতার সহিত স্তোতাকে প্রাপ্ত হয়, সেইরূপ স্তোতৃদিগের পোষক, জ্যোতিষ্মান্, আশুমুক্তিদায়ক অজ্ঞানান্ধকারবিনাশকারী যে সত্ত্বভাব, সেই সত্ত্বভাব আমাদিগকে সৎকর্ম্মে মোক্ষপথে প্রবর্ত্তিত করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—জ্ঞানসমন্বিত সত্ত্বভাব সাহায্যে আমরা যেন মোক্ষলাভ করি।)। (৩প—৫অ—৩খ—৫সা)॥

সায়ণ-ভাষ্যং।

মেধ্যাতিথিঋষিঃ। 'যৎ' যে 'তূর্ণয়ঃ' ক্ষিপ্রাঃ 'ত্বেষাঃ' দীপ্তাঃ 'অয়াসঃ' অয়াঃ গমনকুশলাঃ 'কৃষ্ণাং' 'ত্বচং' 'অপঘ্নন্তঃ' আভিষবেণ নিরস্যন্তঃ ঋত্বিগ্ভিঃ সম্বরণকর্ম্মা (তু পং)। ইদৃগ্ভূতাঃ সোমাঃ 'প্রাক্রমুঃ' যজ্ঞং প্রবর্ত্তয়ন্তি। তত্র দৃষ্টান্তঃ—'গাবো ন' উদকানীব তানি যথা ক্ষিপ্রমধঃ পতন্তি তদ্বৎ। গাবঃ এব বা উপমীয়তে তা যথা স্বগোষ্ঠমাশু গচ্ছন্তি তদ্বৎ। অথবা গাবঃ স্তুতিবাচঃ তা যথা স্তোতারং প্রতি ক্ষিপ্রং প্রাপ্নুবন্তি তদ্বৎ যজ্ঞং প্রবর্ত্তয়ন্তি তান্ স্তবে ইতি শেষঃ। 'যৎ' 'যে' ইতি সাম্ন ঋচঃ পাঠৌ। (৩প—৫অ—৩খ ৫সা)।

পঞ্চম (৪৯১) সামের মর্ম্মার্থ।

আলোকের আবির্ভাবে যেমন অন্ধকার পলায়ন করে, জ্ঞানের বিকাশে সেইরূপ অজ্ঞানতা দূরীভূত হয়। জ্ঞানসমন্বিত সত্ত্বভাবের সাহায্যে মানব মোক্ষপথে অগ্রসর হইতে পারে। সুতরাং আমরাও পরিণামে মোক্ষলাভে সমর্থ হইব। ইহাই প্রার্থনার সারমর্ম্ম।

মন্ত্রান্তর্গত 'গাবঃ' পদে পূর্ব্বাপর আমরা 'জ্ঞানং' অর্থ গ্রহণ করিয়াছি। নৈঘণ্টুতে 'গাবঃ' পদ 'পরম উদক' অর্থে প্রযুক্ত হইয়াছে। তাহা হইতেই বোধ হয় ভাষ্যকার অর্থ করিয়াছেন,—'উদকানীব'। উদক যেমন ক্ষিপ্রগতিতে অধঃপতিত হয়, সোম তেমনি ক্ষিপ্রগতিতে যজ্ঞে প্রবর্ত্তিত হইয়া থাকে। ভাষ্যকার 'গাবো ন' উপমাবাক্যের ত্রিবিধ অর্থ গ্রহণ করিয়াছেন। একবিধ অর্থ পূর্ব্বেই উল্লেখ করিয়াছি। দ্বিতীয় অর্থ—গরুসকল যেমন ক্ষিপ্রগমনে স্বগোষ্ঠাভিমুখে গমন করে, এবং তৃতীয় অর্থ স্তুতিবাক্য যেমন ক্ষিপ্রগতিতে স্তোতার প্রতি প্রধাবিত হয়; সেইরূপ সোম-সমূহ যজ্ঞে প্রবর্ত্তিত হইয়া থাকে। আমরা প্রথম দুইটী অর্থের সার্থকতা উপলব্ধি করিতে পারি নাই। কারণ, আমাদের 'গাবঃ' এবং 'সোমাঃ' লৌকিক গোবৎস এবং সোমরূপ মাদকদ্রব্যের অতিরিক্ত এক স্বর্গীয় সামগ্রী। মন্ত্রানুসারিণী-ব্যাখ্যাতেই আমাদের পরিগৃহীত ভাব পরিস্ফুট হইবে। ভাষ্যকারের তৃতীয় ব্যাখ্যা আমরা গ্রহণ করিয়াছি এবং তৎসঙ্গে আমাদের মন্তব্যও প্রকাশিত হইয়াছে। 'গাবঃ' পদে জ্ঞানকিরণ অর্থ আমরা পূর্ব্বাপর গ্রহণ করিয়াছি। এখানেও আমরা সেই অর্থেরই

সার্থকতা উপলব্ধি করি। তাহাতে 'গাবো ন' উপমাবাক্যের অর্থ হয় এই যে,—'জ্ঞানরশ্মি-সমূহ যেমন আলোক দ্বারা অজ্ঞানজনকে উদ্ভাসিত করে, সেইরূপ আমাদের হৃদয় সত্ত্বভাবে পরিপূর্ণ হউক এবং সেই সত্ত্বভাবের প্রভাবে আমরা যেন সৎকর্ম্মে প্রবর্ত্তিত হই এবং মোক্ষপদ লাভ করি।' আবার 'গাবো ন' উপমাবাক্যের ভাষ্যকার-পরিগৃহীত তৃতীয় ব্যাখ্যা গ্রহণ করিলেও, একটা ভাব উপলব্ধি হইতে পারে। তাহাতে অর্থ হয়,—স্তুতিসমূহ যেমন ক্ষিপ্রতার সহিত স্তুতীকে প্রাপ্ত হয়, সেইরূপ ক্ষিপ্রতার সহিত সদ্ভাবসমূহ আমাদিগকে প্রাপ্ত হউক, আমাদিগকে সৎকর্ম্মে প্রবর্ত্তিত করিয়া মোক্ষপথে স্থাপন করুক। 'গাবো ন' উপমাবাক্যের এই ভাবেই সার্থকতা অনুভব করি।

মন্ত্রের অন্তর্গত 'ভূর্ণয়ঃ' পদ পোষণার্থক 'ভৃ' ধাতু হইতে উৎপন্ন। তদনুসারে আমরা 'ভূর্ণয়ঃ' পদে 'ভরণশীলাঃ, স্তোতৄণাং পোষকাঃ' অর্থ গ্রহণ করিয়াছি। বিবরণকারও 'ভরণ-শীলাঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। 'ভূর্ণয়ঃ' পদের 'ভ্রমণশীলাঃ' অর্থও গ্রন্থান্তরে পরিদৃষ্ট হয়। ভ্রমণশীল অর্থাৎ সর্ব্বত্রগতিবিশিষ্ট সর্ব্বত্রগ। সত্ত্বভাব সর্ব্বত্রগ বলিতে এই বুঝায় যে, উৎকর্ষসাধিত হইলেই শুদ্ধসত্ত্বের অধিষ্ঠান অবশ্যম্ভাবী। যে হৃদয়ই শুদ্ধসত্ত্ব-গ্রহণের উপযোগী হয়, সেই হৃদয়েই শুদ্ধসত্ত্বের অধিষ্ঠান হইয়া থাকে। তাহাতে কালাকাল নাই, পাত্রাপাত্র জাতি ধর্ম্মের বিচার নাই। এই অর্থেই 'ভূর্ণয়ঃ' পদের 'ভ্রমণশীলাঃ' অর্থের সার্থকতা। 'কৃষ্ণাং ত্বচং' পদদ্বয়ে গাঢ়কৃষ্ণ আবরণ বুঝায়। যাহা ভেদ করিয়া আলোক আসিতে পারে না, তাহাই—কৃষ্ণাবরণ। সুতরাং ঐ পদদ্বয়ে অন্ধতমসা অজ্ঞানতাকে লক্ষ্য করে। অজ্ঞানতার অপেক্ষা বস্তুর স্বরূপ আবরণকারী আর কি হইতে পারে? অন্ধকারময়ী রজনীতে যেমন বস্তুর স্বরূপ উপলব্ধি হয় না, সেইরূপ অজ্ঞানতমসাচ্ছন্ন হৃদয়ে ভগবানের বা শুদ্ধসত্ত্বের আলোকরশ্মি ভিষ্ঠিতে পারে না। জ্ঞানালোকে উদ্ভাসিত হইলেই তাহা ভগবদধিষ্ঠানের উপযোগী হইয়া থাকে। সুতরাং অজ্ঞানতাই যে 'কৃষ্ণাং ত্বচং' পদের লক্ষ্য, তাহা নানা ভাবে প্রতীত হয়। 'ত্বচং' পদে ভাষ্যকার সম্বরণ অর্থ গ্রহণ করিয়াছেন। আমাদের অর্থ অন্যরূপ। আমাদিগের প্রকাশিত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় ও বঙ্গানুবাদে তাহা পরিস্ফুট হইবে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমরা একমত হইতে পারি নাই। নিম্নে এই মন্ত্রের একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল, যথা—"যে সোমসকল জলের ন্যায় শীঘ্র দীপ্তিযুক্ত ও গমনশীল হইয়া কৃষ্ণত্বক্‌দিগকে হনন করিয়া বিচরণ করেন তাঁহাদিগকে (স্তব কর)।" এই অনুবাদের টীকায় লিখিত হইয়াছে যে, 'কৃষ্ণত্বক্‌' বলিতে কৃষ্ণবর্ণ অনার্য্যদিগের উল্লেখ পাওয়া যায়। 'কৃষ্ণত্বক্‌' বলিলেই যদি অনার্য্যের উল্লেখ হয়, তাহা হইলে শ্রীকৃষ্ণ, অর্জ্জুন, দ্রৌপদী, ভীম প্রভৃতিও তো অনার্য্য শ্রেণীভুক্ত হইয়া যান! এমন কি, নবদূর্ব্বাদলকান্তি রামচন্দ্রও এই দল হইতে বাদ পড়েন না। কবির ভাষায় তাঁহার বর্ণ—ঘনশ্যাম আবরণ মাত্র। সুতরাং ব্যাখ্যাকারের এই সিদ্ধান্ত সমীচীন বলিয়া গ্রহণ করা অসম্ভব। (৩খ ৫সা—৩থ ৫সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একচত্বারিংশ সূক্তের প্রথমা ঋক্‌ (সপ্তম অষ্টক, অষ্টম অধ্যায়, একত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম,—"কার্ফ্ণে দ্বে।"

ষষ্ঠং সাম।

৩ ১ ২ ৩ ১২ ২ ১ ২ ৩ ২
অপঘ্নন্ পবসে মৃধঃ ক্রতুবিৎ সোম মৎসরঃ।
৩ র ২র ৩ ১২
নুদস্বাদেবয়ুং জনম্ ॥ ৬ ॥

* * *

গেয়-গানং।

৫ ৫র ৫ ১ ২ — ১ ২ র ১ ২
অপঘ্নো। হোইপাবা। স্নাইমা ১ র্ধা ২ ঃ। ক্রাতুর্বিৎসো। মমাৎসা
— ১ ১ ৮ ৩ ৫র র
১ রা ২ ঃ। নুদা ৫ ৩। স্বা ২ দা ২ ৩ ৪ ঔহোবা।
২ ১ ১ ১ ১ ১
বয়ুঞ্জনা ২ ৩ ৪ ৫ ম্ ॥ ৬ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'মৎসরঃ' (পরমানন্দদায়কঃ) ত্বং 'মৃধঃ' (শত্রূন, রিপূন) 'অপঘ্নন্' (বিনাশয়ন, বিনাশ্য) 'পবসে' (ক্ষর, অস্মাকং হৃদি আবির্ভব); 'ক্রতুবিৎ' (সৎকর্ম্মণাং ক্রমবেত্তারঃ, জ্ঞানদায়কঃ ইত্যর্থঃ) ত্বং 'অদেবয়ুং' (অদেবকামং, পাপরূপান্ শত্রূন) 'নুদস্ব' (প্রেরয়, অস্মৎ সকাশাৎ বিদূরয় ইত্যর্থঃ) প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবঃ অস্মান্ রিপুজয়িনঃ কৃত্বা অস্মাকং হৃদি আবির্ভবতু, তথা পাপিনাং পাপান্ বিনাশয়তু—ইতি ভাবঃ। (৩প-৫স-৩খ-৬সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! পরমানন্দদায়ক তুমি রিপুশত্রুগণকে বিনাশ করিয়া আমাদিগের হৃদয়ে আবির্ভূত হও; জ্ঞানদায়ক তুমি পাপরূপ শত্রুদিগকে আমাদিগ হইতে বিদূরিত কর। (ভাব এই যে,—সত্ত্বভাব আমাদিগকে রিপুজয়ী করিয়া আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউক এবং পাপিগণের পাপ বিনাশ করুক।)। (৩প—৫স—৩খ—৬সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অস্যাঃ পরভাগশ্চ নিরুবিশ্ববিঃ। হে 'সোমঃ!' 'মৎসরঃ' মদকরঃ যঃ ত্বং 'মৃধঃ' হিংসকান্ শত্রূন্ 'অপ ঘ্নন্' মারয়ন্ 'ক্রতুবিৎ' অস্মভ্যং প্রজ্ঞাং প্রযচ্ছন্ 'পবস্ব' ক্ষরসি স ত্বং 'অদেবয়ুং' অদেবকামং জনং রাক্ষসবর্গং 'দূরম্' প্রেরয়। (২প—৫অ-২খ-৬ম)।

•　•　•

ষষ্ঠ (৪৯২) সামের মর্ম্মার্থ।

——‡•‡——

'বিনাশায় চ দুষ্কৃতাং'—ভগবানের করুণা-ধারা ক্ষরিত হয়। ভগবান্ তাঁহার সন্তানগণকে চিরদিনের জন্য অধঃপতিত রাখেন না। মানুষ আপনার প্রবৃত্তিবশে অসৎপথে চলিয়া নিজের অধঃপতন আনয়ন করে সত্য; কিন্তু সে চিরদিনই অধঃপতিত থাকিতে পারে না। নিজের কর্ম্মের ফলে অশান্তি ভোগ করিয়া বিশ্বমঙ্গল নীতির প্রভাবে সে আবার প্রকৃত পথে চলিতে বাধ্য হয়।

মানুষ যখন আপনার কর্ম্মফলে অধঃপতনের নিম্নতম স্তরে অবরোহণ করিয়া অশেষ যন্ত্রণা পাইতে থাকে, তখন ভগবানের করুণাদত্ত শাস্তি ভোগ করিয়া পাপের পথ ত্যাগ করিয়া আবার মঙ্গলময় পথে চলিতে বাধ্য হয়; তেমনই পাপীর বিনাশ ঘটে। যে পাপী ছিল, তখন সেই নবজীবন লাভ করে—ইহাই পাপীর মৃত্যু। তাই ভগবান বলিয়াছেন,—"আমি সাধুদিগকে রক্ষা করিবার জন্য ও পাপীর বিনাশের জন্য যুগে যুগে অবতীর্ণ হই।"

মানুষের হৃদয়ে যখন সদ্ভাবের উদয় হয়, তখন সে পাপ-পথ পাপজীবন পরিত্যাগ করিয়া নূতন জীবন পায়। তাই এই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে—"জগতের পাপীদিগকে দূর করিয়া দাও প্রভু! তোমার অমৃতময় সদ্ভাব বিতরণে পাপীর পাপজীবন ধ্বংস করিয়া দাও, তোমার অমৃত-প্রবাহে জগৎ অভিষিক্ত হউক।"

মন্ত্রে পাপরূপ শত্রুসমূহের বিনাশের প্রার্থনা আছে। 'অদেবয়ুঃ' পদের অর্থ বিবরণকারের মতে,—"যো দেবান্ যষ্টুং ন কাময়তে ইত্যর্থঃ' অর্থাৎ যে জন দেবগণের পূজা করিতে কামনা করে না অর্থাৎ পাপী ব্যক্তি। 'পাপী ব্যক্তিকে দূর কর'—বলিতে দ্বিবিধ ভাব উপলব্ধ হয়। এক ভাবে আমাদিগকে পাপ সম্বন্ধ হইতে দূরে রক্ষা কর, আর এক ভাবে পাপীদিগের পাপ নাশ করিয়া তাহাদিগকে মোক্ষ-পথে প্রতিষ্ঠাপিত কর। (৩প-৯খ-৫ম-৬দা)।*

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্রিষষ্টিতম সূক্তের চতুর্বিংশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, চতুস্ত্রিংশৎ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান—একটী। উহার নাম "বৈশ্বদেবম্।"

সপ্তমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
অয়া পবস্ব ধারয়া যয়া সূর্য্যমরোচয়ঃ।
৩ ১র ২র ৩ ২
হিন্বানো মানুষীরপঃ ॥ ৭ ॥

* * *

গেয়-গানং।

৫র র ২ — ১২ ২ ৫ ১রর
এ অয়াপবা। স্বধা ২। রয়া ৩ ১ উবা ২ ৩। উ ৩ ৪ পা। যয়াসূর্য্য-
— ১২ ২ ৫ ১র র র
মরো ২। চয়া ৩ ১ আবা ২ ৩। উ ২ ৪ পা। হিন্বানোমানুষা
১ ২ ২ ৫
২ ২ ইহোই। আপআ ৩ ১ উবা ২ ৩। উ ৩ ২ ৩ ৪ পা ॥ ৭ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! 'হিন্বানঃ' (সেবমান, পবিত্রকারকঃ) ত্বং 'মানুষীঃ' (মনুষ্যাণাং হিত-জনকেন) 'অপঃ' (অমৃতসম্বন্ধিনা) 'যয়া ধারয়া' (যেন প্রবাহেন সহ ইত্যর্থঃ) 'সূর্য্যং' (জ্ঞানং, জ্ঞানরশ্মিং) 'রোচয়ঃ' (প্রকাশয়সি) 'অয়া' (অনয়া, তেন প্রবাহেন সহ ইত্যর্থঃ) 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি সমুদ্ভব ইত্যর্থঃ)। প্রার্থনামূলকোঽয়ং। অমৃতস্বরূপং জ্ঞানং অস্মাকং হৃদি উপজায়তু ইতি ভাবঃ। (৩প—৫অ ৩খ—৭সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! পবিত্রকারক তুমি মনুষ্যদিগের হিতজনক অমৃত-সম্বন্ধি যে প্রবাহের দ্বারা জ্ঞানরশ্মি প্রকাশিত কর, সেই প্রবাহের সহিত আমাদিগের হৃদয়ে উপজিত হও। (ভাব এই যে, অমৃতস্বরূপ জ্ঞান আমাদিগের হৃদয়ে উপজিত হউক।)॥ (৩প—৫অ—৩খ—৭সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'মানুষীঃ' মনুষ্যাণাং হিতানি 'অপঃ' উদকানি 'হিন্বানঃ' প্রেরয়ন্ ত্বং 'যয়া' 'ধারয়া' 'সূর্য্যম্' 'রোচয়ঃ' প্রকাশয়ঃ। তয়া 'অয়া' অনয়া ধারয়া 'পবস্ব' ক্ষর। ৭।

* * *

সপ্তম (৪৯৩) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। এই মন্ত্রে সত্ত্বভাবজনিত জ্ঞানলাভের জন্ত প্রার্থনা করা হইয়াছে। জ্ঞান ও সত্ত্বভাব একত্র হইলে মানুষ সহজেই অমৃতত্ব-লাভে সমর্থ হয়। তাই হৃদয়ে জ্ঞান-সমন্বিত সত্ত্বভাবের উপজনের জন্য প্রার্থনা করা হইয়াছে।

এই মন্ত্রের একটী প্রচলিত বঙ্গানুবাদ নিম্নে উদ্ধৃত হইল। যথা,—"হে সোম! সেই ধারা-সহকারে ক্ষরিত হও, যাহা দ্বারা মনুষ্যকুলের হিতের জন্ত বৃষ্টির জল বর্ষণ-পূর্ব্বক সূর্য্যের দীপ্ত উজ্জ্বল করিয়াছিলে।" 'সোমকে' অবশ্য মাদকদ্রব্য বলিয়া ধরা হইয়াছে। কিন্তু সাধারণ মাদকদ্রব্য কিরূপে মানুষের হিতের জন্ত বৃষ্টির জল বর্ষণ করিতে পারে? আর তাহা কিরূপেই বা সূর্য্যের দীপ্ত উজ্জ্বল করিবে? এই ব্যাখ্যা বুঝিতে আমরা অসমর্থ। আমরা যতই আলোচনা করিতেছি ততই দেখিতেছি যে, 'সোম' সাধারণ মাদকদ্রব্য নয়, তাহা বহু উচ্চতর শক্তিসম্পন্ন ঐশ্বরিক ভাবপ্রবাহ। তাহা সত্ত্বভাব। 'সূর্য্য' শব্দেও আমরা জ্ঞান, জ্ঞানরশ্মি—যাহা দ্বারা অজ্ঞানান্ধকার দূরীভূত হয়, তাহাই লক্ষ্য করিয়াছি। সূর্য্যালোকে যেমন জগতের অন্ধকার দূরীভূত হয়, জ্ঞানালোকে তেমনই অজ্ঞানান্ধকার বিনাশপ্রাপ্ত হইয়া থাকে'—এই ভাবেই 'সূর্য্য' পদের অর্থের সার্থকতা। (৩প—৫প ৩খ ৭সা)।*

অষ্টমং সাম।

১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
স পবস্ব য আবিথেন্দ্রং বৃত্রায় হন্তবে।
২ ১ ২ ৩ ২ ৩ ২
বব্রিবা৺সং মহীরপঃ ॥ ৮ ॥

গেয়-গানং।

৩ ২ ২৩৫ ১ — ১ ২ ১ ২ ১ ২ ৩
স হো ৩ ৪ ৩ ই। পবস্ব। যআ ২ বিথা। ইন্দ্রং বৃত্রা ৩। যাহন্তা।
৫ ১ ২ ৪ ৫ ২ ১ ২ ১ ২র ১
২ ৩ ৪ বে। ওবা ৩ ওবা। বব্রিবা ২ ৩ ৺সাম্। মাহীরপা।
২ ৪ ৫ ৪
ঔ ৩ হোবা। হো ৫ ই। ডা। ৮॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বিষষ্টিতম সূক্তের সপ্তমী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, একত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম—"বৈশ্বদেবঃ সূর্য্যসাম।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! 'যঃ' (ত্বং) 'মহীঃ অপঃ' (মহাস্বাদকানি, অমৃতপ্রবাহান্ ইত্যর্থঃ) 'বব্রিবাংসং' (নিরুদ্ধকারিণং) 'বৃত্রায় হন্তবে' (বৃত্রং হন্তুং, পাপনাশায় ইত্যর্থঃ) 'ইন্দ্রং' (বলৈশ্বর্য্যাধিপতিং দেবং, ভগবন্তং ইত্যর্থঃ) 'আবিথ' (রক্ষসি, তস্য শক্তিস্বরূপঃ ভবসি ইত্যর্থঃ); 'সঃ' (তথাবিধঃ ত্বং) 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি আবির্ভব)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। প্রার্থনায়াঃ ভাবঃ—ভগবতঃ পাপনাশিকা শক্তিঃ বয়ং লভেম—ইতি ভাবঃ। (৩প-৫অ—৩খ-৮সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! তুমি অমৃতপ্রবাহ-নিরুদ্ধকারী পাপকে নাশ করিবার জন্য বলৈশ্বর্য্যাধিপতি দেবতাকে রক্ষা কর অর্থাৎ তাঁহার শক্তিস্বরূপ হও; তুমি আমাদিগের হৃদয়ে আবির্ভূত হও। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবানের পাপনাশিকা শক্তি আমরা যেন লাভ করিতে পারি।)॥ (৩প—৫অ—৩খ—৮সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অমহীয়ুর্ঋষিঃ। হে সোম! যস্ত্বং 'মহীঃ' মহতীঃ 'অপঃ' মহাস্বাদকানি 'বব্রিবাংসং' নিরুদ্ধানং 'বৃত্রায়' বৃত্রং 'হন্তবে' হন্তুং 'ইন্দ্রম্' 'আবিথ' অরক্ষঃ 'স' ত্বং 'পবস্ব' ধারয়া ক্ষর। সোমং পীত্বা মত্তঃ সন্নিন্দ্রো মহাস্বাদকানিরুদ্ধানং বৃত্রং জঘানেত্যর্থঃ। (৩প—৫অ-৩খ—৮সা)।

* * *

অষ্টম (৪৯৪) সামের মর্ম্মার্থ।

——•——

ভগবানের মঙ্গলময় শক্তিই অমঙ্গল বিনাশ করে। সত্ত্বভাব ভগবানের শক্তি। সেই শক্তিপ্রভাবে জগতের পাপ তাপ বিনষ্ট হয়। তাই সত্ত্বভাব সম্বন্ধে বলা হইয়াছে—"পাপ নাশ করিবার জন্য তাঁহার শক্তিস্বরূপ হও।" মানুষ যতই পাপী অধঃপতিত হউক না কেন, তাহার হৃদয়ে সত্ত্বভাবের উদয় হইলে সে পাপ হইতে মুক্তি লাভ করে। মানুষ যখন পাপের পথে বিচরণ করে, তখন তাহার হৃদয়ের সমস্ত উচ্চভাব নিরুদ্ধ হইয়া যায়। ভগবানের করুণা ধারায় সেই নিরুদ্ধ উচ্চভাব-সমূহ আবার পূর্ণতেজে প্রকাশিত হইতে পারে।

প্রচলিত ব্যাখ্যাদিতে বৃত্র নামক অসুরের উল্লেখ দেখা যায়। নিম্নে একটী বঙ্গানুবাদ প্রদত্ত হইল। "হে সোম! যখন বৃত্র তাবৎ জলভাণ্ডার রোধ করিয়া রাখিয়াছিল, সেই সময়ে ইন্দ্রের বৃত্রসংহাররূপ ব্যাপারের সময় তুমি ইন্দ্রকে রক্ষা করিয়াছিলে। সেই তুমি এক্ষণে ক্ষরিত হও। সেই মন্ত্রের ব্যাখ্যায় ভাষ্যকার আরও যে একটু লিখিয়াছেন তাহা এই,—

"সোমপানে প্রমত্ত হইয়া ইন্দ্র বৃত্রকে বধ করিয়াছিলেন।" এই ব্যাখ্যানুসারে দেখা যায় যে, বৃত্র একটী বলবান্ অসুর ছিল এবং জগতের যাবতীয় জল অবরুদ্ধ করিয়া রাখিয়াছিল। কোনও অসুরের পক্ষে সসাগরা পৃথিবীর জল অবরুদ্ধ করিয়া রাখা অসম্ভব। সুতরাং ব্যাখ্যাকারগণ এই বৃত্রবধের একটী রূপক ব্যাখ্যা দিয়াছেন।

একজন ব্যাখ্যাকার লিখিয়াছেন, "মেঘের নাম বৃত্র বা অহি, ইন্দ্র মেঘকে বজ্রদ্বারা আঘাত করিয়া বৃষ্টি বর্ষণ করিতেছেন। এইরূপ উপলব্ধি করিয়া ঋগ্বেদের ঋষিগণ উপমা ও কল্পনা-পূর্ণ কবিতা লিখিয়াছেন, তাহা হইতে পৌরাণিক বৃত্র অসুরের গল্প উৎপন্ন।" সুতরাং দেখা যাইতেছে যে প্রচলিত ব্যাখ্যা একটী রূপক ব্যাখ্যা মাত্র। ঋগ্বেদের ভাষ্যকারও একস্থলে (১ম - ৩২সূ - ৫ঋ) 'বৃত্রতরং' পদের ব্যাখ্যা করিতে যাইয়া লিখিয়াছেন—'বৃত্রতরং অতিশয়েন লোকানাং আবরকং অন্ধকাররূপং।' সুতরাং দেখা যাইতেছে, ভাষ্যের সহিত আমাদিগের ব্যাখ্যার বিশেষ অনৈক্য নাই, - যদিও তিনি বর্ত্তমান মন্ত্রের ভাষ্যে বৃত্রকে অসুর বলিয়াই কল্পনা করিয়াছেন। (৩প - ৫অ - ৩খ—৮সা) ॥ *

নবমং সাম।

৩ ২ ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ২ ৩ ২
অয়া বীতী পরিস্রব যস্ত ইন্দ্রো মদেষ্বা।

৩ ১ ২ ৩ ১ ২র
অবাহন্ নবতীর্ন্নব ॥ ৯ ॥

* * *

গেয় গানং।

৫ র র ২র ১ ২ ১ ২র ১ ১ ২
১। অয়া বীতী। পারিস্রবা। যস্তইন্দাউ মাদাইষুবা। অবাহা

২ ২ ১ ৫ ৪ ৫
৩ মা ৩। নবতো২৩৪বা। না৫বো৬হাই ॥

* * *

২ ১র র ২৯ ৩র ১ ২ ২র ২ ২র র ৯ ৩
২। অয়া বীতা। ঔহোবা। ঔহো৬৪ই। ঔ। হো২। বা

৫র র ১ ২ ১ ২৯ ৩র ১ ২ ৩র
২৩৪। ঔহোবা। পরিস্রব। যস্তইন্দা। ঔহোবা। ঔহো

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের দ্বাবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "বার্ত্রঘ্নম্।"

২র ১ ২ ৫র র ১ ২র
৩৪ ই। ঔ। হো ২। বা ২৩৪। ঔহোবা। মদে ২

১র র ২ ৩র ১ ২ ৩র ২ ২র
ষুবা। অবাহমা। ঔহোবা। ঔহো ৩৪ ই। ঔ।

১ ৩ ৫র র ২ ১র ১ ১ ১ ১
হো ২। বা ২৩৪। ঔহোবা। বতীর্নবা ২৩৪৫॥

• • •

৪ ৩ ই ৪ ২ ৪ ৫ ১ ২ র ১ ২
ঔ। অয়া ২ ৫ বী। তা ৩ ই পা ৬ রিস্রবা। যাস্তইন্দো। মদাইষু

— ১ ২ ২ ৩র ২ ১ ২ ৪ ৫
১বা ২। অবাহা ৩ মা। বতীর্নবা। ঔ ৩ হোবা।

৪
হো ৫ ই। ডা। ৯॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দো' (হে শুদ্ধসত্ত্ব!) 'তে' (তব) 'যঃ' (যা—দীপ্তিঃ ইতি যাবৎ) 'মদেষু' (পরমানন্দদানায়, যদ্বা রিপুসংগ্রামেষু) 'নবতীর্নব' (অসংখ্যান্ রিপূন ইতি যাবৎ) 'অবাহন' (বিনশয়তি) 'অয়া' (অনুয়া) 'বীতী' (বীত্যা, দীপ্ত্যা সহ) 'পরিস্রব' (প্রকৃষ্টেন পরিক্ষর, অস্মাকং হৃদি আবির্ভব ইত্যর্থঃ)। প্রার্থনামূলকোহয়ং মন্ত্রঃ। বয়ং দীপ্তিমন্তং সত্ত্বভাবং লভেম - ইতি ভাবঃ॥ (৩প—৫দ—৩থ—৯সা)॥

• • •

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! তোমার যে দীপ্তি পরমানন্দদানের জন্য (অথবা রিপুসংগ্রামে) অসংখ্য রিপু বিনাশ করে, সেই দীপ্তির সহিত আমাদিগকে প্রাপ্ত হও অর্থাৎ আমাদের হৃদয়ে প্রকৃষ্টরূপে আবির্ভূত হও। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—আমরা যেন দীপ্তিমান্ সত্ত্বভাব লাভ করি।)॥ (৩প—৫দ—৩থ—৯সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অসহীয়ুর্ভিঃ। হে 'ইন্দো' সোম! 'অয়া' অনেন ত্বয়েন 'বীতী' বীত্যৈ ইন্দ্রত ভক্ষণায় 'পরিস্রব' পরিক্ষর। কীদৃশেন মদেনেত্যাহ যস্য 'তে' তব 'মদে' মদেষু 'মদেষু' সংগ্রামেষু 'নবতীর্নব' নবনবতি সংখ্যাকাঃ শম্বরপুরীঃ 'অবাহন্' জঘান (অমুং সোমরসং পীত্বা মত্তঃ সন্নিন্দ্রঃ উক্তসংখ্যাকান্ শম্বরপুরীর্জ্জঘানেতি মদো রসো জঘানেত্যুপচারঃ)। (৩৭ ৫অ—৩৭ ৯সা)।

• • •

নবম (৪৯৫) সামের মর্ম্মার্থ।

—— —• — ——

এই মন্ত্রান্তর্গত 'নবতীর্নব' পদের ব্যাখ্যায় ভাষ্যকার শম্বরপুরীর উল্লেখ করিয়াছেন। অন্য এক জন ব্যাখ্যাকার এই শম্বর শব্দের বিবিধ ব্যাখ্যা দিয়াছেন। যথা—মেঘ, উদক, বল। কেহ আবার ঐতিহাসিকদিগের মতানুসারে শম্বর নামে দৈত্য বিশেষের উল্লেখও করিয়াছেন। কিন্তু এই মন্ত্রের ব্যাখ্যায় 'শম্বর' শব্দকে টানিয়া আনিবার কোনই সার্থকতা দেখি না। 'নবতীর্নব' পদে সংখ্যার বহুত্ব প্রকাশ করে মাত্র। 'নবতীর্নব অবাহন্' পদদ্বয়ে অসংখ্য শত্রুর বিনাশ বুঝায়। চারিদিকে অসংখ্য-শত্রু মানুষকে মোক্ষপথ হইতে নিবৃত্ত করিবার জন্য চেষ্টা করে। সেই রিপুদিগকে জয় করিয়া মোক্ষমার্গে অগ্রসর হইতে হয়। হৃদয়ে সত্ত্বভাবের সঞ্চার হইলে এই সকল রিপু ধ্বংস প্রাপ্ত হয়। এখানে সত্ত্বভাবের সেই শক্তি এবং মানুষের এই অসংখ্য রিপুর কথাই বিবৃত হইয়াছে—কোন দৈত্য বা অসুরের কথা বলা নাই। তাই ঐ পদদ্বয়ে 'অসংখ্যরিপু বিনাশ করে' এই অর্থই সঙ্গত বলিয়া গ্রহণ করিয়াছি।

'বীতী' পদ দীপ্ত্যর্থক। সত্ত্বভাবের যে জ্যোতিঃপ্রভাবে অজ্ঞানতা প্রভৃতি মোক্ষমার্গের বিঘ্ন শত্রুগণ পরাজিত হয়, 'বীতী' পদ তাহাই নির্দ্দেশ করিতেছে। বিবরণকারও 'বীতী' পদে 'কান্তি' অর্থ সঙ্গত বলিয়া গ্রহণ করিয়াছেন। অন্যান্য বিষয় আমাদিগের অর্থানুসারিণী ব্যাখ্যা দৃষ্টেই পরিস্ফুট হইবে।

ভাষ্যকার মন্ত্রের যে ব্যাখ্যা প্রদান করিয়াছেন, তাহাতে ইন্দ্রকে একজন মদ্যপায়ী বলিয়াই অনুমান হয়। তিনি ভাষ্যশেষে স্পষ্ট করিয়াই বলিয়াছেন,—"অমুং সোমরসং পীত্বা মত্তঃ সন্নিন্দ্রঃ উক্তসংখ্যাকান্ শম্বরপুরীর্জ্জঘানেতি।" অর্থাৎ সোমরস পান করিয়া মত্ত হইয়া ইন্দ্রদেবতা নবনবতি শম্বর পুরী ধ্বংস করিয়াছিলেন। ভগবদ্ভাববিকাশে এরূপ ব্যাখ্যার কোনও সার্থকতাই আমরা উপলব্ধি করি না। আমরা ভিন্ন পথের পথিক। আমাদের অর্থ তাই ভিন্ন পথ অবলম্বন করিয়াছে। আমরা 'ইন্দ্র' পদে ভগবানকে লক্ষ্য করি। আর 'সোম' বলিতে তাঁহারই বিভূতিরাজি শুদ্ধসত্ত্ব বলিয়াই বুঝি। মানুষকে ভগবদনুসারী করিবার জন্যই বেদ-মন্ত্রের অবতারণা। তাহাতে কোনও কুরুচির বা কুভাবের সমাবেশ কদাচ সম্ভবপর নহে। এই ভাবেই, এই যুক্তিতেই আমরা পূর্ব্বাপর বেদ-মন্ত্রের অর্থ গ্রহণ করিয়াছি। এখানেও আমাদের সেই একই লক্ষ্য।

ভগবান্ শুদ্ধসত্ত্ব গ্রহণে পরমানন্দ প্রাপ্ত হন, ভক্তিসুধা গ্রহণে ভক্তের মনোবাঞ্ছা পূর্ণ করেন; পাপ নাশ করিয়া তাহাকে মোক্ষপথে প্রতিষ্ঠিত করেন—ইহাই আমাদিগের ব্যাখ্যার তাৎপর্য্য। (৩প-১অ-৩খ-৯)। *

—•—

দশমং সাম।

১ ২ ৩ ১র ২র ৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২
পরি দ্যুক্ষং সনৎ রয়িং ভরৎ বাজং নো অন্ধসা।
৩ ১ ২ ৩ ২ ৩ ২
স্বানো অর্ষ পবিত্র আ ॥ ১০ ॥

* * *

গেয়-গানং।

৫ ১ — ১ র
পরিদ্যুক্ষাম্। ওই। সনদ্রায়ী ২ ম্। ভরদ্বাজা ২ ম্। ওই। নোঅন্ধাসা
৩র ২ ৩২ ৪ ৫ ৪ ৫
২ ৬ ৪। স্বানো ৩ ৪ অর্ষা ৩। পবোবা। ত্রা ৫ য়ো ৬ হাই। ১০ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

দেবঃ 'নঃ' (অস্মান্) 'অন্ধসা' (সত্ত্বভাবেন সহ) 'দ্যুক্ষং' (দীপ্তং, জ্যোতির্ম্ময়ং) 'বাজং' (শক্তিং, আত্মশক্তিং ইত্যর্থঃ) তথা 'সনৎ' (চিরন্তনং, নিত্যং) 'রয়িং' (ধনং, পরমধনং) 'পরিভরৎ' (প্রযচ্ছতু); হে সত্ত্বভাব! 'স্বানঃ' (অভিষূয়মাণঃ, বিশুদ্ধঃ) ত্বং 'পবিত্রে' (পবিত্রহৃদয়ে, অস্মান্ পবিত্রান্ কৃত্বা ইত্যর্থঃ) 'আর্ষ' (অভিমুখোন্নস্বর, অস্মাকং হৃদি সমুদ্ভব ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ কৃপয়া অস্মভ্যং আত্মশক্তিং তথা সত্ত্বভাবং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প—৫অ—৩খ-১০সা)।

• , •

বঙ্গানুবাদ।

দেবতা আমাদিগকে সত্ত্বভাবের সহিত আত্মশক্তি এবং নিত্যধন প্রদান করুন; হে সত্ত্বভাব! বিশুদ্ধ তুমি আমাদিগকে পবিত্র করিয়া আমাদিগের হৃদয়ে উপজিত হও। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়; অষ্টাদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম "সোমসামানী ত্রীণি।"

ভাব এই যে,—ভগবান্ কৃপা করিয়া আমাদিগকে আত্মশক্তি এবং সত্ত্বভাব প্রদান করুন।)॥ (৩প—৫অ—৩খ—১০সা)॥

* *

সায়ণ-ভাষ্যং।

উরধ্যাঋষিঃ। 'দ্যুক্ষং' দীপ্তং 'সনৎ' দীয়মানং দৈক্ষং যা 'রয়িং' ধনং যত্ তাদৃশং 'বাজং' বলং 'অক্তা' অয়েন সহ সোমঃ 'নঃ' অস্মাকং 'পরিস্রবৎ' পরতোহরতু প্রযচ্ছতু ইত্যর্থঃ। অথ প্রত্যক্ষস্তুতিঃ। হে সোম! 'স্বানঃ' সুবানোঽভিষূয়মাণস্ত্বম্ 'পবিত্রে' 'আ অর্ষ' আভিমুখ্যেন অর। 'দ্যুক্ষং' 'সনদ্রয়িং' 'দ্যুক্ষঃসনদ্রায়' ইতি 'স্বানঃ' 'সুবানঃ' ইতি চ সাম্ন ঋচঃ পাঠৌ॥ (৩প-৫অ ৩খ—১০সা)।

ইতি শ্রীসায়ণাচার্য্য-বিরচিতে সামবেদার্থপ্রকাশে ছন্দোব্যাখ্যানে
পঞ্চমস্যাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ॥

* * *

দশম (৪৯৬) সামের মর্ম্মার্থ

—‡•‡—

মন্ত্রটী দুইভাগে বিভক্ত। প্রথমভাগে ভগবানের নিকট সত্ত্বভাব ও আত্মশক্তিলাভের জন্য প্রার্থনা আছে; এবং দ্বিতীয়ভাগে ভগবৎশক্তি সত্ত্বভাবকেই সম্বোধন করিয়া তাহা প্রাপ্তির জন্য প্রার্থনা করা হইয়াছে।

এই মন্ত্রের ব্যাখ্যায় আমরা অনেকস্থলে বিবরণকারের অনুসরণ করিয়াছি। 'সনৎ' পদে ভাষ্যকার 'দীয়মানং' অর্থ গ্রহণ করিয়াছেন, বিবরণ কারের অনুসরণে ঐ পদে 'চিরন্তনং নিত্যং' অর্থই আমরা সঙ্গত বলিয়া মনে করিয়াছি। যাহা সৎ তাহা নিত্য, তাহা অবিনাশী অক্ষয়। মোক্ষাভিলাষী মানবের পক্ষে সেই নিত্যধনের জন্য প্রার্থনা করাই স্বাভাবিক ও সঙ্গত। এই মন্ত্রান্তর্গত 'নঃ' পদের ব্যাখ্যায় বিবরণকার ষষ্ঠ্যন্ত 'অস্মাকং' পদের পরিবর্ত্তে দ্বিতীয়ান্ত 'অস্মান্' পদ গ্রহণ করিয়াছেন। 'পরিস্রবৎ' ক্রিয়ার কর্ম্ম 'নঃ'। সুতরাং বিবরণকারের ব্যাখ্যাই সঙ্গত বিবেচিত হয়। মন্ত্রের ভগবৎসম্বোধনের সহিত তাঁহারই শক্তি সত্ত্বভাবের সম্বোধন একই সূত্রে গ্রথিত ভগবানের শক্তিকে সম্বোধন করায় ভগবানকে সম্বোধন করা হয়। এজন্যই আমরা অনেক মন্ত্রের মধ্যেই ভগবৎশক্তির প্রত্যক্ষস্তুতি দেখিতে পাই। এই মন্ত্রের দ্বিতীয় অংশেও ভগবৎশক্তি সত্ত্বভাবের নিকটই প্রার্থনা করা হইয়াছে। মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দৃষ্টেই সমস্ত পরিস্ফুট হইবে। (৩প-৫অ—৩খ—১০সা)। *

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বিপঞ্চাশত্তম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, নবম বর্গের অন্তর্গত।)। ইহার গেয় গান একটী। উহার নাম—"ভারদ্বাজম্।"

ওঁ

সামবেদ-সংহিতা।

কৌথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

পবমানং পর্ব্ব (তৃতীয়ং পর্ব্ব)। পঞ্চমোঽধ্যায়ঃ। চতুর্থঃ খণ্ডঃ।

চতুর্থঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

১ ২ ৩ ২৩ ১ ২ ৩ ২ ৩ ১র ২র ৩ ২
অচিক্রদৎ বৃষা হরির্ম্মহান্ মিত্রো ন দর্শতঃ।
১র ২র
সꣳ সূর্য্যেণ দিদ্যুতে ॥ ১ ॥

গেয়-গানং।

২ ১ ৪ ২র ১র র
অচিক্রদা ৩ ৎ। আচিক্রদা ৫ দে। বৃষাহয়া ৩ ই। বার্ষাহয়া ৩ ই।
৪র ২র ১র ২ ৪র
বৃষাহয়া ৫ এ। মহান্মিত্রা ৩ঃ। মাহান্মিত্রা ৫ ও। নদা। দর্শ
২ ১ ২ ৪
৫ ও। নাদর্শতা ৩ঃ। নাদর্শতা ৩ঃ। নদর্শতা ৫ এ।
২ র ১ র ৪ র
সꣳসূরিয়া ৩ ই। সাꣳসূরিয়া ৩ ই। সꣳসূরিয়া
২ ১ ২ ৪
৫ এ। ণাদিদ্যুতা ৩ ই। ণাদিদ্যুতা ৩ ই। ণদা।

৫ ইডভাউ। বা ॥ ১ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা

'অচিক্রদৎ' (শব্দং কুর্ব্বন্, জ্ঞানপ্রকাশকঃ, জ্ঞানদায়কঃ) 'বৃষা' (অভীষ্টবর্ষকঃ) 'হরিঃ' (পাপহারকঃ) 'মহান্' (পূজ্যঃ) 'মিত্রঃ ন' (মিত্রঃ ইব, মিত্রতুল্যঃ ইত্যর্থঃ) 'দর্শতঃ' (সর্ব্বস্য দ্রষ্টা, সর্ব্বজ্ঞঃ) ভগবান 'সং সূর্য্যেণ' (জ্ঞানকিরণেন, সহ) 'দিদ্যুতে' (দিব্যং, জ্যোতিঃ প্রকাশয়তু, অস্মাকং হৃদি আবির্ভবতু ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং ভগবন্তং প্রাপ্নুয়েম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প—৫অ—৪খ—১সা)॥

অথবা,

'বৃষাঃ' (কামানাং বর্ষকঃ, সর্ব্বাভীষ্টপূরকঃ ইত্যর্থঃ) 'হরিঃ' (পাপহারকঃ) 'মহান্' (সর্ব্বেষাং বরণীয়ঃ, মহত্ত্বাদিগুণসম্পন্নঃ ইতি যাবৎ) 'মিত্রো ন' (সখিবৎ পরমপ্রিয়ঃ) 'দর্শতঃ' (দর্শনীয়ঃ, সর্ব্বেষাং প্রীতিকরঃ ইত্যর্থঃ) শুদ্ধসত্ত্বঃ 'অচিক্রদৎ' (শব্দং কুর্ব্বতি, সর্ব্বেষাং জ্ঞানোন্মেষণং করোতি ইতি ভাবঃ); সঃ শুদ্ধসত্ত্বঃ 'সূর্য্যেণ' (পরমজ্যোতিষা) 'সংদিদ্যুতে' (দিবি প্রকাশতে, অন্তরং সম্যক্ উদ্ভাসয়তি—ইতি ভাবঃ)। নিত্যসত্য-প্রকাশকঃ প্রার্থনামূলকঃ চ অয়ং মন্ত্রঃ। মন্ত্রঃ শুদ্ধসত্ত্বস্য শক্তিং প্রকটয়তি। শুদ্ধসত্ত্ব-প্রভাবেন লোকাঃ জ্ঞানজ্যোতিঃ লভন্তে। প্রার্থনায়াঃ ভাবঃ-বয়ং যেন শুদ্ধসত্ত্ব-প্রভাবেন পরাজ্ঞানং লভেয়ং। (৩প ৫অ-৪খ ১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানদায়ক, অভীষ্টবর্ষক, পাপহারক পূজ্য মিত্রতুল্য সর্ব্বজ্ঞ ভগবান্ জ্ঞানকিরণের সহিত আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবানকে প্রাপ্ত হই।)। (৩প—৫অ—৪খ—১সা)।

অথবা,

সর্ব্বাভীষ্টপূরক পাপহারক মহত্ত্বাদিসম্পন্ন ও সকলের বরণীয়, সখিবৎ পরমপ্রিয় এবং সকলের প্রীতিকর শুদ্ধসত্ত্ব সকলের জ্ঞানোন্মেষণ করে। সেই শুদ্ধসত্ত্ব পরমজ্যোতির সহিত অন্তরকে সম্যকরূপে উদ্ভাসিত করে। (মন্ত্রটী নিত্যসত্যপ্রকাশক ও প্রার্থনামূলক। মন্ত্র শুদ্ধসত্ত্বের শক্তি প্রকটন করিতেছেন। শুদ্ধসত্ত্বপ্রভাবে লোকসকল জ্ঞানজ্যোতিঃ লাভ করে। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন শুদ্ধসত্ত্বপ্রভাবে পরাজ্ঞান লাভ করি। (৩প—৫অ—৪খ—১সা)।

* * *

মেধাতিথিঋষিঃ 'বৃষা' কামানাং বর্ষকঃ 'হরিঃ' হরিতবর্ণঃ 'মহান্' পূজ্যঃ 'মিত্রো ন' যথা সখা তদ্বৎ। 'দর্শতঃ' দর্শনীয়যোঃ সোমঃ 'অচিক্রদৎ' শব্দকরোতি সোঽয়ং সোমঃ 'সূর্য্যেণ' সহ 'দিদ্যুতে' দিবি প্রকাশতে। 'দিদ্যুতে' 'রোচতে' ইতি সায়ণচঃ পাঠৌ। (৩প ৫দ-৪খ-১সা)।

প্রথম (৪৯৭) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্যপ্রকাশক ও প্রার্থনামূলক। শুদ্ধসত্ত্বই মূলীভূত, শুদ্ধসত্ত্বই জ্ঞান-বিজ্ঞানের আধারস্থানীয়—মন্ত্র এই ভাব প্রকটন করিতেছেন। মন্ত্র কহিতেছেন,—যদি পরমপদ লাভ করিতে চাও, শুদ্ধসত্ত্ব সঞ্চয়ে প্রযত্নপর হও। ভগবান ও তাঁহার বিভূতি অভিন্ন। ভগবানকে পাইতে হইলে তাঁহার বিভূতিসমূহের আরাধনা কর; সেই ভাবে ভাবান্বিত হইতে সচেষ্ট হও। যখন তাঁহার বিভূতি-সমূহ তোমার অধিগত হইবে, তখনই আধারস্থানীয় ভগবান স্বয়ং আবির্ভূত হইবেন। মন্ত্র এই সত্য প্রকটিত করিতেছেন বলিয়াই আমরা মনে করি। দ্বিতীয় অন্বয়ের ইহাই তাৎপর্য্য।

প্রথম অন্বয়ে আমরা 'অচিক্রদৎ' পদের অর্থ করিয়াছি—'শব্দং কুর্ব্বন্ অর্থাৎ জ্ঞান-প্রকাশক। কি সূত্রে আমরা ঐ অর্থ সিদ্ধ করিয়াছি, তাহার একটু আভাস প্রদান করা আবশ্যক মনে করি। নাদ বা শব্দ ব্রহ্ম। শব্দই জ্ঞান, শব্দের দ্বারাই জগৎ প্রকাশিত হইয়াছে। শব্দের সাহায্যেই ভগবান জগৎ সৃষ্টি করিয়াছেন। শব্দ—ভাবধারার বহিঃপ্রকাশ মাত্র। উহা জ্ঞানের বাহ্য প্রকৃতি। বিশ্বজগৎ জ্ঞানের দ্বারা সৃষ্ট হইয়াছে, সেই জ্ঞান ভগবানের মধ্যে ভাবরূপে বর্ত্তমান থাকে। সেই জ্ঞান ও ভাব শব্দরূপে প্রকাশিত হয়। তাই শ্রুতিতে বলা হইয়াছে "তিনি 'ভূঃ' বলিয়া পৃথিবী সৃষ্টি করিলেন।" এই অনুসারেই আমরা 'অচিক্রদৎ' পদে, 'জ্ঞানদায়কঃ' অর্থ গ্রহণ করিয়াছি।

এই মন্ত্রের অন্তর্গত 'মিত্রঃ ন' পদদ্বয় বিশেষ অনুধাবনযোগ্য। ভগবান্ মানবের মিত্রতুল্য। বন্ধু যেমন বন্ধুর সাহায্য করে, বিপথে চলিলে যেমন তাহাকে হাত ধরিয়া সুপথে আনয়ন করে, ভগবানও সেইরূপ মানুষকে তাঁহার জ্ঞানালোক প্রদানে প্রকৃত গন্তব্য পথে পরিচালিত করেন। তিনি মানবের প্রকৃত ও একমাত্র বন্ধু। কেবলমাত্র তিনিই মানুষকে প্রকৃত শান্তি দিতে পারেন।

এখানে হিন্দু ধর্ম্মের একটী বিশেষত্ব দেখিতে পাওয়া যায়। প্রেমের সাধনায় ভারতীয় আর্য্যগণ যেমন উন্নত হইয়াছিলেন, পৃথিবীর আর কোনও দেশে বা জাতির মধ্যে তেমন দেখিতে পাওয়া যায় না। ভক্তিমার্গে পঞ্চরসের সাধনা, একমাত্র হিন্দুধর্ম্মেই আছে।

হৃদয় যখন ভগবদভিমুখী হয়, তখন মানুষ দূরে থাকিতে চায় না,—দূরে থাকিতে পারে না। সে নিকটে, অতিনিকটে—অন্তরের অন্তরতম দেশে প্রেমাস্পদকে পাইতে চায়। মানব হৃদয়ের এই চিরন্তন ভাব ভগবৎ-সাধনার মধ্যেও বিশেষ ভাবে আত্মপ্রকাশ করিয়াছে।

মানুষের ব্যাকুলতা, ভগবানকে দূরে রাখিয়া পূজা করিয়া ও তাঁহার নিকট প্রার্থনা করিয়াই সন্তুষ্ট ও তৃপ্ত হয় না। সে চায়—'কভু কাঁধে চড়ি, কভু বা চড়াই।' তাই নিত্যবৃন্দাবনের সেই অপূর্ব্ব কিশোরের লীলাখেলা অনন্ত মাধুর্য্যমণ্ডিত হইয়া আছে। মানুষের সখ্যরস-সাধনা এখানে যেন মূর্ত্ত হইয়া উঠিয়াছে। বর্ত্তমান মন্ত্রের মধ্যেও আমরা সেই সখ্য রসেরই বিকাশ দেখি। (৩প—৫অ—৪খ—১সা)। *

দ্বিতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২

আ তে দক্ষং ময়োভুবং বহ্নিং অদ্য আ বৃণীমহে।

৩ ১ ২ ৩ ১ ২

পান্তং আ পুরুস্পৃহম্॥ ২ ॥

গেয়-গানং

৫র র ২ ১ ২ ২ ১ ২ ১ ৭ ৴ ৩

১। আতেদক্ষাম্। ময়োভু ৩ বাম্। বহ্নিম। স্তা। বৃণী ২ মা ২ ৩ ৪

৫ ১ ২ S ২ ১ ১ ৴ ৩

হাই। পান্তমা ৩। ঈ ৩ য়া। পুরু ২ ৩। স্পৃ ২ হা ২ ৩ ৪

৫র র ২৴ ৴ ৫

ঔহোবা। উ ৩ ২ ৩ ৪ পা ॥

২ ৴ ৩ ৫ ২ ৴ ৩ ৫ ২ ৫ ৩র ৫র

২। আতেদা ২ ৩ ৪ ক্ষাম্। মায়োভু ২ ৩ ৪ বাম্। বহ্নিমস্তাবৃণী।

৫ ৫ ১ ২ ২ S ২ ১ ৴ ৩

মহো ২ ৩ ৪ হাই। পান্তা ৩ মা ৩। ঈ ৩ য়া ৩। পু ২ রু

৫র ২ ৩ ৫

২ ৩ ৪ঔহোবা। স্পৃ ২ ৩ ৪ হাম্॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বিতীয় সূক্তের ষষ্ঠী ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায়, ঊনবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম—"বার্হাহরম।"

৩র ৪র ৩ ৪ ৫ ৩ ৫ ৩ ৪ ৩র ৪৫র ৩
৩। আ৩ে৩দক্ষম্ময়ঃ। ভুবো২৩৪হাই। বাহ্নমস্তাবৃণী। মহো

৫ ১২ — ১ ২ ১ ২
২৪৪হাই। পান্তা১মা২। পুরুস্পৃহম্। ইড়া২৩ভা

১
৪৩। ও২৩৪৫ই। ডা॥২॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে দেব! 'তে' (তব সম্বন্ধি) 'ময়োভুবং' (সুখস্য ভাবয়িতারং, সুখকরং) 'পুরুস্পৃহং' (বহুভিঃ স্পৃহণীয়ং, সর্ব্বৈরাকাঙ্ক্ষণীয়ং) 'পান্তং' (শত্রুভ্যোরক্ষকং, রিপুনাশকং) 'বহ্নিং' (জ্ঞানং, পরমধনপ্রাপকং) 'দক্ষং' (বলং, প্রজ্ঞানশক্তিং ইত্যর্থঃ) 'অদ্য' (অস্মিন্ দিনে নিত্যকালং ইত্যর্থঃ) 'আ' (বিশেষেণ) 'বৃণীমহে' (প্রার্থয়ামঃ—বয়ং ইতি শেষঃ) মন্ত্রোঽয়ং প্রার্থনামূলকঃ। হে ভগবন্! অস্মভ্যং পরাজ্ঞানং আত্মশক্তিং চ প্রদেহি—ইতি ভাবঃ॥ ২॥

বঙ্গানুবাদ।

হে দেব! আপনার সম্বন্ধি সুখকর সর্ব্বলোকস্পৃহণীয় রিপুনাশক ও পরমধনপ্রাপক প্রজ্ঞানশক্তি আমরা নিত্যকাল বিশেষরূপে প্রার্থনা করি। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—হে ভগবন্! আমাদিগকে পরাজ্ঞান এবং আত্মশক্তি প্রদান করুন।)॥ (৩প—৫অ—৪খ—২সা)॥

সায়ণ-ভাষ্যং।

ভৃগুর্ঋষিঃ। হে সোম! যষ্টারো বয়ং 'তে' তব স্বভূতং 'দক্ষং' বলম্ 'অদ্য' অস্মিন্ যাগদিনে 'আ' আভিমুখ্যেন 'বৃণীমহে' সম্ভজামহে। কীদৃশম্? 'ময়োভুবং' সুখস্য ভাবয়িতারং 'বহ্নিং' ধনাদীনাং প্রাপকম্ 'পান্তং' শত্রুভ্যোরক্ষকং। 'পুরুস্পৃহং' বহুভিঃ স্পৃহণীয়ং কাম্যমানম্বলমিতি॥ (৩প—৫অ—৪খ—২সা)॥

দ্বিতীয় (৪৯৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। পরাজ্ঞান ও আত্মশক্তি লাভের জন্য এই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে।

সিদ্ধিলাভের মূল কারণ—শক্তি। শক্তি লাভ না করিতে পারিলে জীবনে উন্নতি লাভ অসম্ভব। প্রজ্ঞানশক্তি ও ভাবশক্তির সাহায্যে মানুষ আপনার অভীষ্ট সম্পাদন করিতে পারে। তাই, সেই শক্তিসাগর ভগবানের চরণে শক্তিলাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

মন্ত্রের অন্তর্গত 'বহ্নিং' পদ সম্বন্ধে আমাদের কিঞ্চিৎ বক্তব্য আছে। আমরা এ স্থলে ঐ পদের অর্থে ভাষ্যকারের অনুসরণ করিয়াছি। 'বহ্নিং' পদে আমরা পূর্ব্বাপর জ্ঞানবহ্নি অর্থই গ্রহণ করিয়াছি। কিন্তু এ স্থলে তাহার ব্যত্যয় ঘটিয়াছে। জ্ঞানের পূর্ণ পরিণতি ভগবৎ-প্রাপ্তি। স্বরূপ জ্ঞান-ভিন্ন সে অবস্থায় মানুষ কোনমতেই পৌঁছিতে পারে না। ভগবৎ প্রাপ্তিই পরমধন লাভ। সুতরাং জ্ঞানের পূর্ণ-পরিণতিতে জ্ঞানাধার ভগবৎপ্রাপ্তি-রূপ পরমধন লাভ হয়। এই তাৎপর্য্যেই আমরা 'বহ্নিং' পদের 'পরমধনপ্রাপকং' অর্থ পরিগ্রহণ করিয়াছি।

মন্ত্রের অন্তর্গত অন্যান্য পদের তাৎপর্য্য আমাদের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় প্রকটিত হইয়াছে। এ স্থলে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। (৩প—৫অ ৪থ ২সা)। *

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ২ ৩ ১ ২
অধ্বর্য্যো অদ্রিভিঃ সুতꣳ সোমং পবিত্র আ নয়।

৩ ১ ২ ৩ ১ ২
পুনাহি ইন্দ্রায় পাতবে ।। ৩।।

গেয়-গানং।

২ ১ ৫ ২ ১ ২ ২ ১র ৮ ৩
১। অধ্বর্য্যো ২ ৩ ৮ আ। দ্রিভাইঃ সু ০ তা ৩ ম্। সোমা ২ পা।

৫ ১ ২ — ১ র ২
২ ৩ ৪. বী। ত্রা আ ১ নায়া ২। পুনা ২ ৩। হীন্দ্রা ৩ ৪

৫র র ২র ১ ২ ৩ ১ ১ ১ ১
ঔহোবা। য়পাতবে ২ ৩ ৪ ৫ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্টিতম সূক্তের অষ্টাবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম "বার্ষাণি ত্রীণি।"

৪ ৫ র ধ ৫ ২ ১ S ২ ২ ১র
২। অধ্বর্য্যো। হো অদ্রী। ভিঃস্তুতম্। ঔ॰ হো॰ বা॰। সোমা

৩ ৫ ১ ২ — ১ ১ ৩
২ স্প: ২ ৩ ৪ বী। ওবাআ ১ নায়া ২। পুনা ২ ৩। হা ২ ইন্দ্রা

৫র র ২ ১র ২ ৩ ১ ১ ১ ১
২ ৩ ৪ ঔহোবা। য়পাতবে ২ ৩ ৪ ৫ ॥ ৩ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অধ্বর্য্যো' (সৎকর্ম্মণি নিয়োজিতঃ হে মম মন!) ত্বং 'অদ্রিভিঃ' (কঠোরকৃচ্ছ্রসাধনৈঃ ইত্যর্থঃ) 'সুতং' (পবিত্রং) 'সোমং' (শুদ্ধসত্ত্বং) 'পবিত্রে' (হৃদ্রূপে যজ্ঞাগারে ইতি ভাবঃ) 'আনয়ঃ' (প্রতিষ্ঠাপয় ইত্যর্থঃ); তদনন্তরং তং শুদ্ধসত্ত্বং 'ইন্দ্রায়' (পরমৈশ্বর্য্যশালিনঃ ভগবতঃ ইতি ভাবঃ) 'পাতবে' (পানায়, গ্রহণায় ইত্যর্থঃ) 'পুনাহি' (পবিত্রং কুরু, উৎকর্ষং গময় ইত্যর্থঃ)। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধনমূলকঃ। অত্র সত্ত্বভাবপ্রভাবেন ভগবৎ-প্রীতিসাধনায় যাজ্ঞিকং আত্মানং উদ্বোধয়তি। ভাবার্থস্তু—সদ্ভাবপ্রভাবেন সৎকর্ম্মণা চ বয়ং যেন ভগবন্তং প্রাপ্নুয়াম। (৩প—৫অ ৪থ - ৩সা)॥

অথবা,

'অধ্বর্য্যো' (সৎকর্ম্মসাধনসমর্থ হে মম মন!) 'অদ্রিভিঃ' (কাঠোরসৎকর্ম্মসাধনৈঃ) 'পবিত্রে' (পবিত্র হৃদয়ে, হৃদয়ং পবিত্রং কৃত্বা ইত্যর্থঃ) 'সুতং' (বিশুদ্ধং) 'সোমং' (সত্ত্ব-ভাবং) 'আনয়' (প্রাপয়); 'ইন্দ্রায়' (ইন্দ্রেস্য, বলৈশ্বর্য্যাধিপতিদেবস্য) 'পাতবে' (পানায়, গ্রহণায়) 'পুনাহি' (পবিত্রং কুরু, সত্ত্বভাবং ইতি যাবৎ)। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধনমূলকঃ, শুদ্ধসত্ত্বলাভায় বয়ং কঠোরতপোপরায়ণাঃ ভবেম—ইতি ভাবঃ। (৩প—৫অ—৪থ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মে নিয়োজিত হে আমার মন! তুমি কঠোর কৃচ্ছ্র-সাধনের দ্বারা পবিত্রীকৃত শুদ্ধসত্ত্বকে হৃদ্রূপ যজ্ঞাগারে প্রতিষ্ঠিত কর; তদনন্তর সেই শুদ্ধসত্ত্বকে পরমৈশ্বর্য্যশালী ভগবানের গ্রহণের জন্য পবিত্র (অর্থাৎ উৎকর্ষ সাধন) কর। (মন্ত্রটী আত্মোদ্বোধনমূলক। এখানে সত্ত্বভাবপ্রভাবে ভগবানকে প্রাপ্তির জন্য যাজ্ঞিক আত্মাকে উদ্বোধিত করিতেছেন। মন্ত্রের ভাব এই যে,—সদ্ভাবপ্রভাবে সৎকর্ম্মের দ্বারা আমরা যেন ভগবানকে প্রাপ্ত হই।)॥ (৩প—৫অ—৪থ—৩সা)॥

অথবা,

সৎকর্ম্মসাধনসমর্থ হে আমার মন! কঠোর সৎকর্ম্মসাধনের দ্বারা হৃদয় পবিত্র করিয়া বিশুদ্ধ সত্ত্বভাব প্রাপ্ত হও; বলৈশ্বর্য্যাধিপতি দেবের গ্রহণের জন্য সত্ত্বভাবকে পবিত্র কর। (মন্ত্রটী আত্মোদ্বোধন-মূলক; ভাব এই যে, শুদ্ধসত্ত্বলাভের জন্য আমরা যেন কঠোর তপো-পরায়ণ হই।)॥ (৩প—৫অ—৪খ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

উচথ্যঋষি। হে 'অধ্বর্য্যো!' 'অদ্রিভিঃ' গ্রাবভিঃ 'সুতম্' অভিষুতং সোমং 'পবিত্রে' 'আনয়' প্রাপয়। এতদেব দর্শয়তি—'ইন্দ্রায়' ইন্দ্রস্য 'পাতবে' পানায় 'পুনাহি' পুনীহি পাবয়। 'পুনাহি' 'পুনীহি' ইতি, 'আনয়' 'আসৃজ' ইতি চ সামগাঃ পাঠঃ। (৩প—৫অ—৪খ—৩সা)।

* * *

তৃতীয় (৪১৯) সামের মর্ম্মার্থ।

মনই কর্ম্মের নিয়ামক। মন ইন্দ্রিয়সমূহের রাজা। আমরা ইন্দ্রিয়সমূহের দ্বারা সমস্ত কার্য্য নির্ব্বাহ করি বটে; কিন্তু ইন্দ্রিয়কে নিয়ন্ত্রিত করে—মন। তাই উত্তরবিধ অন্বয়ে 'অধ্বর্য্যো' পদে 'সৎকর্ম্মসাধনসমর্থ হে মম মন!' অর্থ গৃহীত হইয়াছে। কারণ, মনই সৎকর্ম্ম বা অসৎকর্ম্মসম্পাদক। মোক্ষলাভের পথে অগ্রসর হইতে হইলে, সৎকর্ম্মসাধন প্রয়োজন। কঠোর তপঃপরায়ণ হওয়া ভিন্ন গত্যন্তর নাই। তদ্দ্বারা হৃদয় পবিত্র হইলে, মানুষ সত্ত্বভাব লাভ করিতে সমর্থ হয় এবং পরিণামে মুক্তি লাভ করে। তাই জীবনের সেই চরম লক্ষ্য সাধনের জন্য সাধক নিজ মনকে সৎকর্ম্মপরায়ণ করিতে চেষ্টা করিতেছেন। মন্ত্রের মধ্যে আমরা এই আত্মোদ্বোধনই দেখিতে পাই।

সৎকর্ম্মসাধনের পথে বহু বাধাবিঘ্ন বর্ত্তমান। সেই সকল বাধা অতিক্রম করিয়া সৎপথে অগ্রসর হওয়া অতিশয় কষ্টকর। বজ্রাদপি কঠোর হৃদয় লইয়া কর্ম্মক্ষেত্রে অগ্রসর না হইলে এই সকল বাধাবিঘ্ন অতিক্রম করা যায় না। তাই 'অদ্রিভিঃ' পদে "কঠোরসৎকর্ম্মসাধনৈঃ" অর্থ গ্রহণ করা হইয়াছে। বাধাবিঘ্ন কঠোর, তাহা দূর করারূপ কর্ম্মও অতিশয় কঠোর। তার পর একাগ্রচিত্ত হইয়া জীবনপণ করিয়া কর্ম্ম না করিলে সফলতা লাভও অসম্ভব। সেই জন্য তপঃও কঠোর। সুতরাং সেই তপঃ অথবা সৎকর্ম্মকে পর্ব্বতের কঠোরতার সহিত তুলনা করা হইয়াছে। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় বিবৃত হইয়াছে। (৩প—৫অ—৪খ—৩সা)॥ *

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একপঞ্চাশত্তম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম—"বৈরূপে দ্বে"।

চতুর্থং সাম।

২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র
তরৎস মন্দী ধাবতি ধারা সুতস্যান্ধসঃ।
৩ ২ ৩ ১ ২
তরৎস মন্দী ধাবতি॥ ৪॥

* * *

গেয়-গানং।

৫ ২র ১ ২ ১র ৪ ৩ ৫ ২ ১
তরৎসমা। দীধাবা ১ ত্তা ২ ৩ ই। ধারা ২ সূ ২ ৩ ৪ তা। স্যআ ২ ৩ ১
১ ৪ ৩ ৫র র ১ র২র ৩ ২ ১ ১ ১
ধা ২ সা ২ ৩ ৪ ঔহোবা। তরৎসমন্দীধাবতী ২ ৩ ৪ ৫॥ ৪॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সুতস্য' (বিশুদ্ধস্য) 'অন্ধসঃ' (সত্ত্বভাবস্য) 'মন্দী' (দেবানাং হর্ষকঃ, পরমানন্দদায়কঃ) 'সঃ' 'ধারা' (প্রবাহঃ) 'তরৎ' (স্তোতৄন পাপাৎ তারয়ন) 'ধাবতি' (প্রবহতি—তেষাং হৃদি ইতি যাবৎ); 'তরৎ স মন্দী ধাবতি' (সঃ সত্ত্বপ্রবাহঃ স্তোতৄন পাপাৎ তারয়ন তেষাং হৃদি প্রবহতি); নিত্যসত্যপ্রকাশকঃ অয়ং মন্ত্রঃ। আদরার্থং পুনরুক্তিঃ; সত্ত্বভাবঃ স্তোতৄণাং পাপনাশকঃ ভবতি—ইতি ভাবঃ॥ (৩প—৫অ—৪খ—৪সা)॥

* * *

বঙ্গানুবাদ।

বিশুদ্ধ সত্ত্বভাবের পরমানন্দদায়ক সেই প্রবাহ স্তোতৃদিগকে পাপ হইতে ত্রাণ করিয়া তাঁহাদিগের হৃদয়ে প্রবাহিত হয়; সেই সত্ত্বপ্রবাহ স্তোতৃদিগকে পাপ হইতে ত্রাণ করিয়া তাঁহাদিগের হৃদয়ে প্রবাহিত হয়; (মন্ত্রটী নিত্যসত্য প্রকাশক। আদরার্থে পুনরুক্তি; ভাব এই যে,—সত্ত্বভাব স্তোতৃদিগের পাপনাশক হয়।)॥ (৩প—৫অ—৪খ—৪সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অবৎসারঋষিঃ। 'মন্দী' দেবানাং হর্ষকঃ স সোমঃ 'তরৎ' স্তোতৄন পাপ্মনঃ সকাশাৎ তারয়ন 'ধাবতি' দ্রোণকলশঙ্গচ্ছতি। ধাবতীতি পুনরপি তদেবাহাভ্যাসাদরার্থং তরৎসন্দীধাবতীতি। যদ্বা। অস্য ঋচো যাস্কেনোক্তার্থো দ্রষ্টব্যঃ; তদ্যথা—'তরতি স

পাপং সর্ব্বং মন্দী যঃ স্তৌতি ধাবতি গচ্ছতু্র্দ্ধাং গতিঙ্কারা সুতস্তান্ধসো ধারয়াভিযুতস্য মন্ত্রপূতস্য বাচা স্তুতস্যেতি (নি০ প০ ১৩।৬)। (৩প—৫অ—৪খ—৪সা)।

* * *

চতুর্থ (৫০০) সামের মর্ম্মার্থ।

সত্ত্বভাবের পাপনাশিনী-শক্তি এই মন্ত্রে বিশেষভাবে উল্লিখিত হইয়াছে। 'তরৎ স মন্দী ধাবতি' পদসমূহ মন্ত্রে দুইবার উক্ত হইয়াছে। ইহা নিশ্চয়ার্থজ্ঞাপক। সত্ত্বপ্রবাহ দেবতা-দিগেরও আনন্দদায়ক, মানুষের তো কথাই নাই। যেখানে সত্ত্বভাব দেখেন, দেবতারা সেই-খানে অধিষ্ঠান করেন। মানুষের হৃদয়ে সত্ত্বভাব সঞ্চার হইলে সেখানে দেবতার—দেবভাবের আবির্ভাব হয়, সুতরাং পাপ দূরে পলায়ন করে। দেবভাব ও পাপ একত্র থাকিতে পারে না। তাই দেবভাব অথবা সত্ত্বভাবের উপজন হইলে মানুষ মোক্ষলাভের অধিকারী হয়, পরমানন্দ লাভ করে। (৩প—৫অ—৪খ—৪সা)। *

— — * — —

পঞ্চমং সাম।

১　২　৩ ১ ২　৩ ১　২　৩ ১ ২
আ পবস্ব সহস্রিণꣳ রয়িꣳ সোম সুবীর্য্যম্।
৩　১র　১র
অস্মে শ্রবাꣳসি ধারয় ॥ ৫ ॥

* * *

গেয়-গানং।

৫র　২১　১　২　১র
আপবস্বা। সহস্রিণম্। হুবাই। হুবা২৩হো। রয়িꣳসোমা।
২র১　১　২র১
সুবীরিয়াম্। হুবাই। হুবা২৩হোই। অস্মেশ্রবা।
২র১　১ ৮　৩
সিধারয়া। হুবাই। হুবা২৩হো২। বা
৫র র　৩　৫
২৩৪ ঔহোবা। উ২৩৪পা ॥ ৫ ॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের অষ্টপঞ্চাশত্তম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "তরত্তঃ।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) ত্বং 'সহস্রিণং' (বহুসংখ্যাকং, প্রভূতপরিমাণং) 'সুবীর্য্যং' (শোভনসামর্থ্যোপেতং, আত্মশক্তিদায়কং ইত্যর্থঃ) 'রয়িং' (পরমধনং) 'আ পবস্ব' (আভিমুখ্যেন ক্ষর, অস্মান্ প্রযচ্ছ) অপিচ 'অস্মে' (অস্মভ্যং) 'শ্রবাংসি' (শ্রেয়াংসি, শ্রেয়স্করং বলং) 'ধারয়' (স্থাপয়, প্রযচ্ছ); প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। অস্মাকং হৃদি বিশুদ্ধঃ পরমশ্রেয়স্করঃ সত্ত্বভাবঃ আবির্ভবতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প—৫অ—৪খ—৫সা)॥

• • •

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! তুমি প্রভূতপরিমাণে আত্মশক্তিদায়ক পরমধন আমাদিগকে প্রদান কর; অপিচ, আমাদিগকে শ্রেয়স্কর বল প্রদান কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমাদিগের হৃদয়ে বিশুদ্ধ পরমশ্রেয়স্কর সত্ত্বভাব আবির্ভূত হউক।)॥ (৩প—৫অ—৪খ—৫সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

নিধ্রুবিঋষিঃ। হে 'সোম!' ত্বং 'সহস্রিণং' বহুসংখ্যাকং 'সুবীর্য্যং' শোভন-সামর্থ্যোপেতং 'রয়িং' ধনং 'আ পাবস্ব' আভিমুখ্যেন ক্ষর। অপিচ 'অস্মে' অস্মাসু 'শ্রবাংসি' অন্নানি 'ধারয়' স্থাপয়॥ (৩প—৫অ—৪খ—৫সা)॥

• • •

পঞ্চম (৫০১) সামের মর্ম্মার্থ।

—— • ——

একমাত্র 'সোম' পদের ব্যাখ্যা ব্যতীত অন্যান্য পদের প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদিগের ব্যাখ্যার বিশেষ কোন অনৈক্য নাই। এই প্রার্থনা-মূলক মন্ত্রে সত্ত্বভাব লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। সেই সত্ত্বভাব প্রভূতধনদাতা, আত্মশক্তিদাতা। মানুষ ধন ও শক্তির কামনা করে। যে ধন মানুষের চরম অভীষ্ট সাধনে সমর্থ, যে ধন নিত্য, যাহা দ্বারা মানুষ তাহার আকাঙ্ক্ষার চিরনিবৃত্তি করিতে পারে, সেই ধনেরই প্রার্থনা করা হইয়াছে। যাহা দ্বারা মানুষ আত্মশক্তি লাভ করিতে পারে, স্ব-স্বরূপে অবস্থিত হইতে পারে তাহাই তাহার একমাত্র কাম্য। সেই কাম্যবস্তু—সত্ত্বভাব। আত্মশক্তিদায়ক পরমধন প্রদানের জন্য সত্ত্বভাবের নিকট অর্থাৎ সত্ত্বভাবরূপ ভগবৎশক্তির নিকট প্রার্থনা করা হইয়াছে। সত্ত্বভাবের দ্বারা আত্মশক্তি লাভ হয় কিরূপে? সত্ত্বভাব লাভ হইলে মানুষ আপনার স্বরূপ উপলব্ধি করিতে পারেন, তিনি যে মোহ-মায়ার অতীত পরম চৈতন্য-সত্ত্বা তাহা বুঝিতে পারেন। সুতরাং তাঁহার নিজের অসীম

শক্তিরও সন্ধান পান, মেষমূর্ত্তিধারী সিংহ আপনার পরিচয় জানিতে পারেন। তখন তিনি মোহনিদ্রা হইতে জাগরিত হইয়া আপনার স্বকার্য্য-সাধনে তৎপর হয়েন। স্বরূপতঃ মানুষের যে অসীম শক্তি তাহাই তিনি লাভ করেন। (৩প—৫অ—৪খ—৫সা)।*

ষষ্ঠং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র
অনু প্রত্নাস আয়বঃ পদং নবীয়ো অক্রমুঃ।
৩ ১ ২ ৩ ১ ২
রুচে জনন্ত সূর্য্যম্॥ ৬॥

গেয় গানং।

৫ র র ৫ ২ ১ র র ৭
অনুপ্রত্নাসআয়া ৬ বাঃ। পদন্নবীয়ো অক্রমুঃ। রুচাইজনা।
২ ৫ ১ ২ ৫
ন্তা ০ সূ। র্য্যামোয়ে ৩। য়ী ২ ৩৪ য়াম্। ৬।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'প্রত্নাসঃ' (পুরাতনাঃ, আদিভূতাঃ, সনাতনাঃ ইত্যর্থঃ) 'আয়বঃ' (গমনশীলাঃ, ঊর্দ্ধগতিপ্রাপকাঃ ইত্যর্থঃ—দেবভাবাঃ ইতি যাবৎ) লোকান্ 'নবীয়ঃ' (নবতরং, নূতনং) 'পদং' (স্থানং, জীবনং ইত্যর্থঃ) 'অনক্রমুঃ' (অনুক্রামন্তি, উৎপাদয়ন্তি, প্রযচ্ছন্তি ইত্যর্থঃ); তথা 'রুচে' (দীপ্তৌ, দিব্যজ্যোতিঃপ্রদানায়) 'সূর্য্যং' (জ্ঞানং, জ্ঞানালোকং) 'জনন্তঃ' (সৃজন্তি); নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ লোকান্ নবজীবনং প্রদানায় তেষাং হৃদি পরাজ্ঞানং প্রযচ্ছন্তি—ইতি ভাবঃ। (৩প—৫অ—৪খ—৬সা)।

* * *

বঙ্গানুবাদ।

সনাতন ঊর্দ্ধগতিদায়ক দেবভাবসমূহ লোকদিগকে নূতন জীবন প্রদান করেন; এবং দিব্যজ্যোতিঃ প্রদানের জন্য জ্ঞানালোক সৃজন করেন।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্রিষষ্টিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম—"সোমসাম।"

৪।

(মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—ভগবান্ লোকদিগকে নবজীবন প্রদান করিবার জন্য তাহাদিগের হৃদয়ে জ্ঞান প্রদান করেন।)॥ (৩প—৫অ—৮খ—৬সা)॥

সায়ণ-ভাষ্যং ।

'প্রত্নাসঃ' পুরাণাঃ কেচিৎ 'আয়বঃ' গমনবন্তোঽশ্বাঃ 'নবীয়ঃ' নবতরং 'পদং' 'অবক্রমুঃ' অনুক্রমন্তে (রূপকব্যবহারেণ সোমাঃ স্তূয়ন্তে) 'রুচে' দীপ্তৈ্য তদর্থং 'সূর্য্যং' 'জনন্ত' জনয়ন্তি। (৩প—৫অ-৮খ-৬সা)॥

ষষ্ঠ (৫০২) সামের মর্ম্মার্থ।

——‡··‡——

ভাষ্যকার এই মন্ত্রের ব্যাখ্যা করিতে যাইয়া লিখিয়াছেন যে, এই মন্ত্রে রূপকের সাহায্যে সোমরসের স্তুতি করা হইয়াছে। কিন্তু সেই রূপকমূলক ব্যাখ্যাও মোটেই পরিষ্কার হয় নাই। একটী প্রচলিত বাঙ্গালা অনুবাদও উদ্ধৃত হইল,—"কোন পুরাণ অশ্ব নূতন পদ অনুসরণ করে, সূর্য্যকে দীপ্ত করে।" বলা বাহুল্য ঐ ব্যাখ্যা ভাষ্য হইতেও দুর্ব্বোধ্য। ব্যাখ্যার প্রথম অংশের সহিত দ্বিতীয় অংশের সম্বন্ধ আছে বলিয়া মনে হয়। কিন্তু 'দীপ্ত করে' ক্রিয়ার কর্ত্তা 'অশ্ব' আর কর্ম্ম 'সূর্য্য'। সুতরাং শেষাংশ এই বাক্যে পরিণত হয়—"পুরাণ অশ্ব সূর্য্যকে দীপ্ত করে।" এই বাক্যের যে কোন সঙ্গতার্থ থাকিতে পারে, তাহা আমরা ভাবিতে পারি না। অশ্ব সূর্য্যকে দীপ্ত করে কিরূপে? এই ব্যাখ্যা আমরা গ্রহণ করিতে পারি নাই। বিবরণকার 'আয়বঃ' পদে 'মনুষ্যাঃ' অর্থ গ্রহণ করিয়াছেন এবং 'পদং' পদের ব্যাখ্যা করিয়াছেন—'পদ্যতে, উৎপাদ্যতে'। কিন্তু এই ব্যাখ্যার দ্বারাও কোন সঙ্গত অর্থ পাওয়া যায় না। সুতরাং তাহাও আমরা গ্রহণ করিতে পারি নাই। আমাদিগের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই প্রকাশিত হইয়াছে। হৃদয়ে দেবভাবের সঞ্চার হইলে মানুষ নবজীবন লাভ করে—মানুষ দেবতা হয়। 'নবীয়ঃ পদং' পদদ্বয়ে এই নব জীবনকেই লক্ষ্য করে। অজ্ঞান মানুষকে দিব্যজ্যোতিঃপ্রদান করিয়া তাহাদিগকে মোক্ষমার্গে পরিচালিত করিবার জন্যই ভগবান্ তাহাদিগের হৃদয়ে জ্ঞানালোকের সৃষ্টি করেন। 'রুচে জনন্ত সূর্য্যং' পদত্রয়ে এই সত্যই বিবৃত হইয়াছে। 'আয়বঃ' পদে সাধারণতঃ 'গমনশীলাঃ' অর্থ গৃহীত হয়। কিন্তু গমনশীল বলিলে কিছুই পরিষ্কারভাবে বুঝা যায় না। ভগবানের প্রতি গমন করিতে দেবভাবই মানুষের প্রধান সহায়। যখন দেবভাব অন্তরে জাগরূক হয়, তখনই তাহা মানুষকে ঊর্দ্ধদিকে ঠেলিয়া লইয়া যায়—ভগবৎচরণ প্রাপ্ত করায়। সেইজন্য 'আয়বঃ' পদে 'ঊর্দ্ধগতিপ্রাপকাঃ' অর্থ গৃহীত হইয়াছে। 'সূর্য্যং' পদে আমরা 'জ্ঞানং' 'জ্ঞানালোকং' প্রভৃতি অর্থ গ্রহণ করিয়াছি; যাহা দ্বারা বিশ্বের অজ্ঞানতাতমস দূরীভূত হয়, যাহাদ্বারা মানুষ বন্ধন

প্রকৃত স্বরূপ জানিতে পারে, সেই পরমবস্তু জ্ঞানকেই 'সূর্য্যং' পদে লক্ষ্য করে। আমরা এই যুক্তিতেই মন্ত্রের ব্যাখ্যা গ্রহণ করিয়াছি। (৩প—৫দ—৪খ—৬সা)।*

—— • ——

সপ্তমং সাম।

১২　　৩ ১ ২ ৩ ১র　　২র ৩　　১ ২
অর্ষা সোম দ্যুমত্তমোভি দ্রোণানি রোরুবৎ।

৩　২ ৩　২ ৩ ২
সীদন্ যোনৌ বনেষ্বা ॥ ৭ ॥

গেয়-গান।

২ ১　　১র　—　১　　২ ১
১। অর্ষা। ইহা। সোমদ্যুমা ২ ত্তমা। ইহা। অভাই।

র র　—　১　২র ১
ইহা। দ্রোণানিরো ২ রুবা। ইহা। সীদা। ইহা।

র র　—　১　২
যোনৌবনা ২ ইষ্বা। ইহা ১ ॥

৪ ৫　১র　র　২　১ ২　৬
২। অর্ষাহাউ। সোমদ্যুমত্তমো। ভিদ্রো ২ ৩ ণা। নিরাউ ০ হো।

১　র ২　১র　২　২
রুবা ২ ৩ ৫। সীদাউবা। যোনৌবা ৩ নে।

১　২　৫
হুম্মারে ৩। ম্ ২ ৩ ৪ ষা ॥

৩ ৪র ৫র　৫ ১A　৩ ৪র ৫র　১ র　১ ২ র ১
৩। অর্ষাসোমদ্যুম। ত্তমাঃ। অর্ষাসোমা। দ্যুমত্তমঃ। অভিদ্রোণা

২　১র ২　১ ২র ১　২　১
২ ৩ হা। নিরোরুবৎ। সাইদন্ত্রোনা ২ ৩ উহাই। বনাইষ্ব

২　১
৩ ৩ বা ৩ ৪ ৩। ও ২ ৩ ৪ ৫ ই। ডা ॥ ৭ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্রয়োবিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম—"সোমসাম।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব !) 'দ্যুমত্তমঃ' (জ্যোতিঃসম্পন্নঃ) ত্বং 'রোরুবৎ' (শব্দং কুর্ব্বন্, জ্ঞানং প্রযচ্ছন্, পরাজ্ঞানপ্রদানায় ইত্যর্থঃ) 'দ্রোণানি অভি' (পাত্রাণি অভি লক্ষ্য, অস্মাকং হৃদয়েষু ইত্যর্থঃ) 'অর্ষ' (আগচ্ছ) ; 'বনেষু যোনৌ' (জ্যোতিঃরূপে উৎপত্তিস্থানে, স্ব-স্বরূপে ইত্যর্থঃ) 'আসীদন্' (স্থাপয়, অস্মান্ ইতি যাবৎ) ; প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং শুদ্ধসত্ত্বলাভেন মোক্ষং প্রাপ্নুয়াম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৩প—৫অ—৪খ—৭সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব ! জ্যোতিঃসম্পন্ন তুমি পরাজ্ঞানপ্রদান করিবার জন্য আমাদিগের হৃদয়ে আগমন কর ; স্ব-স্বরূপে আমাদিগকে স্থাপন কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন সত্ত্বভাব লাভ করিয়া মোক্ষপ্রাপ্ত হই।) ॥ (৩প—৫অ—৪খ—৭সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

ভৃগুঋষিঃ। হে সোম ! 'দ্যুমত্তমঃ' অতিশয়েন দীপ্তিমান ত্বং 'দ্রোণানি' (প্রত্যেকবাক্যাপেক্ষমেৎ বহুবচনম্।) দ্রোণকলশান অভিলক্ষীকৃত্য 'রোরুবৎ' পুনঃপুনঃ ভৃশং বা শব্দং কুর্ব্বন 'অর্ষ' আগচ্ছতু দশাপবিত্রমধ্যান্নির্গতঃ সোমঃ অবিচ্ছিন্নধারয়া পতন শব্দং করোতি খলু। তত্র দৃষ্টান্তঃ—'বনেষু' বননীয়েষু যজ্ঞেষু বনসম্বন্ধিষু যজ্ঞগৃহেষু বা 'যোনৌ' স্থানে 'আসীদন্'। যথা। শ্যেন যোনৌ ভূমৌ আসদন পূর্ব্বং স্থিতঃ সন্ যজ্ঞগৃহং অভ্যর্থয়তি তদ্বৎ। 'সীদঞ্ছ্যেনো ন যোনিমাসদৎ' শ্যেনো ন যোনিমেতিসাম্যশ্চঃ পাঠৌ ॥ ৭ ॥

* * *

সপ্তম (৫০৩) সামের মর্ম্মার্থ।

—— * ——

মন্ত্রটী প্রার্থনা-মূলক। মন্ত্রের প্রথম ভাগে জ্ঞান লাভের জন্য এবং শেষাংশে মোক্ষলাভের জন্য প্রার্থনা আছে।

পূর্ব্ব মন্ত্রের (৩প—৫অ—৪খ—১সা) 'অচিক্রদৎ' পদের ব্যাখ্যা সম্বন্ধে আমরা যাহা বলিয়াছি, বর্ত্তমান মন্ত্রের 'রোরুবৎ' পদের ব্যাখ্যা সম্বন্ধেও তাহা প্রযোজ্য। সুতরাং এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন।

'বন' শব্দে আমরা 'জ্যোতিঃ' অর্থ গ্রহণ করিয়াছি। এই অর্থ নিরুক্ত সম্মত। সুতরাং 'বনেষু যোনৌ' পদদ্বয়ে জ্যোতির চরম উৎপত্তি স্থান অর্থাৎ ভগবৎ চরণকে লক্ষ্য করিয়াছি ; সেই স্থানে পৌঁছিলে মানুষ স্ব-স্বরূপে অবস্থিত হয়। তাই ঐ পদদ্বয়ে 'স্ব-স্বরূপে' অর্থই সঙ্গত।

বলিয়া মনে করিয়াছি। এই মন্ত্রে মোক্ষলাভের জন্য প্রার্থনা করা হইয়াছে বলিয়া আমাদিগের ধারণা এবং তাহাই ব্যাখ্যায় ব্যক্ত করা হইয়াছে। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী ব্যাখ্যায় দ্রষ্টব্য। (৩প-৫খ ৪থ-৭ম)। *

—•—

অষ্টমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ৩ ২

বৃষা সোমদ্যুমাঁ অসি বৃষা দেব বৃষব্রতঃ।

৩ ১ ২

বৃষা ধর্ম্মাণি দধ্রিষে ॥ ৮ ॥

* * *

গেয়-গান।

৫ র র ২ —২ — ১ ২ ২ ১ ২ ৩

বৃষাসোমা। দ্যুমাঁ২ আসা২ ই। বৃষাদেবা৩ ব্রা৩ ই। বার্ষব্রা

৫ ১ ২ S ২ ১ ২র

২৩৪ তাঃ। বৃষাধর্ম্মা ৩। ঔ৩ম্মা। ণাইদধ্রিষে।

২ ১

ইডা ২৩ভা ৩৪৩। ও২৩৪৫ ই। ডা ॥ ৮ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'দ্যুমান্' (দীপ্তিমান্) ত্বং 'বৃষা' (লোকানাং অভীষ্টবর্ষকঃ) 'অসি' (ভবসি); 'দেব' (হে ভগবন্!) 'বৃষব্রতঃ' (বর্ষণশীলঃ, অভীষ্টপূরণশীলঃ) ত্বং মাং প্রতি 'বৃষা' (অভীষ্টবর্ষকঃ—ভব ইতি শেষঃ); 'বৃষা' (কামানাং বর্ষকঃ, কামনাপূরকঃ) ত্বং 'ধর্ম্মাণি' (সর্ব্বেষাং হিতজনকানি ধারকাণি, সর্ব্বেষাং মঙ্গলানি) 'দধ্রিষে' (ধারয়সি, ত্বমেব সর্ব্ব-মঙ্গলনিধানং ইত্যর্থঃ); নিত্যসত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ অয়ং মন্ত্রঃ। অয়ং ভাবঃ—হে ভগবন্! মঙ্গলস্বরূপঃ ত্বং কৃপয়া অস্মাকং পরমাভীষ্টং পূরয়। (৩প-৫খ-৪থ-৮ম)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্টিতম সূক্তের উপরিলিখিত ঋক্ (প্রথম অষ্টক, দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম,—"বাভ্রোদ্যুম্নানি ত্রীণি।"

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! দীপ্তিমান্ আপনি লোকদিগের অভীষ্টবর্ষক হয়েন; হে ভগবন! অভীষ্টপূরণশীল আপনি আমার প্রতি অভীষ্টবর্ষক হউন, কামনাপূরক আপনি সকলের মঙ্গল ধারণ করেন অর্থাৎ আপনিই সর্ব্বমঙ্গলের নিধান। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। ভাব এই যে,—হে ভগবন্! কৃপা করিয়া আমাদিগের পরমাভীষ্ট পূর্ণ করুন।)॥ (৩প—৫খ—৪খ—৮সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

কশ্যপঋষিঃ। হে 'সোম!' 'বৃষা' কামানাং বর্ষকত্বং 'দ্যুমান' দীপ্তিমান 'অসি'। অপিচ. হে 'দেব' দ্যোতমান সোম! 'বৃষা' ত্বং 'বৃষব্রতঃ' বর্ষণশীলকর্ম্মাসি। কিঞ্চ হে সোম! 'বৃষা' ত্বং 'ধর্ম্মাণি' দেবানাং মনুষ্যানাং চ হিতানি কর্ম্মাণি 'দধ্রিষে' দধিষে ইতি পাঠৌ। (৩প—৫খ—৪খ—৮সা)।

* * *

অষ্টম (৫০৪) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী তিন অংশে বিভক্ত। প্রথম ও শেষাংশ নিত্যসত্যপ্রখ্যাপক এবং দ্বিতীয় অংশ প্রার্থনামূলক। প্রথম দুইভাগে জীবনের পরম অভীষ্ট পূরণের অর্থাৎ মোক্ষলাভের জন্য প্রার্থনা আছে। শেষাংশে ভগবানের মঙ্গল-স্বরূপ প্রখ্যাপিত হইয়াছে।

ভগবান মঙ্গল-স্বরূপ। সত্যং শিবং সুন্দরং তিনি। এখানে তাঁহার এই মঙ্গল-স্বরূপ ব্যক্ত হইয়াছে। জগৎ এক পরম মঙ্গলনীতির দ্বারা পরিচালিত হইতেছে। সেই মঙ্গলনীতির মূলে আছেন—স্বয়ং তিনি। তাঁহার পদপ্রান্ত হইতে কল্যাণ-মন্দাকিনীধারা প্রবাহিত হইয়া মানুষকে পরম শান্তির পথে লইয়া যাইতেছে। জগতের মধ্যে যাহা কিছু সুন্দর, যাহা কিছু পবিত্র, তাহার মূলে বর্ত্তমান আছেন—সেই পরমশিবং তিনি। তাই তাঁহার বিশ্বে অকল্যাণ, পাপ স্থায়ী হইতে পারে না। আজ যাহা আপাতঃদৃষ্টিতে অমঙ্গলজনক বলিয়া মনে হইতেছে, কল্য তাহা তাঁহার মঙ্গলশক্তি প্রভাবে অশেষ কল্যাণের আধার হইয়া দাঁড়ায়। ভগবানের মঙ্গলরূপের চিত্রই আমরা এই মন্ত্রে দেখিতে পাই।

তিনি কল্পতরু—অভীষ্টবর্ষক। মানবের যাহা কল্যাণকর, পরম আকাঙ্ক্ষার বস্তু, তাহা ভগবানের কৃপায় লাভ হইয়া থাকে। আমরা এই মন্ত্রে তাঁহার সেই অভীষ্ট-বর্ষক রূপেরও পরিচয় পাই। (৩প—৫খ—৪খ—৮সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ষট্‌ত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান একটী। উহার নাম,—"বৃষকম্।"

নবমং সাম।

৩　১　২　৩　১ ২　৩ ১ ২　৩ ১ ২
ইষে পবস্ব ধারয়া মৃজ্যমানো মনীষিভিঃ।
১　২　৩ ১র　২র
ইন্দো রুচাভি গা ইহি॥ ৯॥

* . *

গেয়-গানং।

৫ র　২র র র ২　৫র র　২ ১ ১র
ইষেপবা। স্বধারয়োহোবা ৩ হা ৩ ৪। ঔহোবা। মৃজ্যমা ২
র র ১ ২　৩ ২র ৩ ৫র　২ র র ২
নোমনীষিভিঃ। ইন্দোরুচা। অভিগোহোবা ৩ হা ৩ ৪।
৫র র　১　২৩ ১ ১ ১ ১
ঔহোবা। উপ্। ইহী ২ ৩ ৪ ৫। ৯।

* . *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দো' (হে শুদ্ধসত্ত্ব!) 'মনীষিভিঃ' (সাধকৈঃ, সাধকানাং সৎকর্ম্মভিঃ ইতি ভাবঃ) 'মৃজ্যমানঃ' (শোধ্যমানঃ, বিশুদ্ধঃ) ত্বং 'ইষে' (অন্নায়, শক্তিদানায়, অস্মভ্যং ইতি শেষঃ) 'ধারয়া' (ধারারূপেণ) 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি সমুদ্ভব); তথা 'রুচা' (দীপ্ত্যা, জ্যোতিষা সহ) 'গাঃ' (জ্ঞানকিরণান্) 'অভি' (অস্মান্ অভিলক্ষ্য, অস্মভ্যং ইত্যর্থঃ) 'ইহি' (প্রাপয়); বয়ং জ্ঞানসমন্বিতং সত্ত্বভাবং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প—৫অ-৪খ-৯সা)॥

* . *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! সাধকগণের সৎকর্ম্মের দ্বারা বিশুদ্ধ তুমি আমাদিগকে শক্তিদান করিবার জন্য ধারারূপে আমাদিগের হৃদয়ে উপস্থিত হও; এবং জ্যোতিঃর সহিত জ্ঞানকিরণসমূহ আমাদিগকে প্রাপ্ত করাও। (প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন জ্ঞানসমন্বিত সত্ত্বভাব প্রাপ্ত হই।)। (৩প—৫অ—৪খ—৯সা)॥

* . *

সায়ণ-ভাষ্যং।

কশ্যপঋষিঃ। হে 'ইন্দো' সোম! 'মনীষিভিঃ' ঋত্বিগ্‌ভিঃ 'মৃজ্যমানঃ' শোধ্যমানস্ত্বং 'ইষে' অস্মাকমন্নায় 'ধারয়া' 'পবস্ব' ক্ষর 'রুচা' রোচমানেন অস্মদ্‌'সচ' দ্রষ্টু 'অভীহি' অভিগচ্ছ। (৩প্র—৫খ-৪ব—৯সা)।

* . *

নবম (৫০৫) সামের মর্ম্মার্থ।

——:০:——

হীরকাদি মহামূল্য মণি অপরিষ্কৃত অবস্থায় খনির মধ্যে থাকে। খনি হইতে উত্তোলন করিয়া নানা প্রক্রিয়ায় ... সংস্কৃত করিলে, তাহা ব্যবহারযোগ্য হয়। আমাদিগের হৃদয়ের মধ্যেও এইরূপ বহুমূল্য রত্নরাজি আছে। সেই সত্ত্বকেও সৎকর্ম্ম প্রভৃতির দ্বারা আমাদিগের লক্ষ্যসাধনের উপযোগী করা যায়। সত্ত্বভাব জগৎকে ধারণ করিয়া আছে। উহা সর্ব্বত্রই বিদ্যমান। কিন্তু মোক্ষলাভের জন্য সৎকর্ম্ম সাধন দ্বারা তাহা বিশুদ্ধ করিয়া লইতে হয়। সাধকের নিজের হৃদয়ও বিশুদ্ধ হওয়া চাই। সাধকগণ সাধনপ্রভাবে তাঁহাদের অন্তর্নিহিত সত্ত্বভাবকে বিশুদ্ধ করেন। জ্ঞান ও সৎকর্ম্মসমন্বিত এই শুদ্ধসত্ত্বই মানুষকে মোক্ষপ্রদানে সমর্থ। 'মনীষিভিঃ মৃজ্যমানঃ' পদদ্বয়ে এই শুদ্ধসত্ত্বকেই লক্ষ্য করা হইয়াছে এবং এই মন্ত্রে সেই শুদ্ধসত্ত্ব লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

জ্ঞানসমন্বিত সত্ত্বভাব মোক্ষদায়ক। জ্ঞান ও সত্ত্বভাব অবিচ্ছিন্ন ভাবে জড়িত থাকে। যেখানে জ্ঞানের আলোকে হৃদয় উদ্ভাসিত হইয়াছে, সেখান হইতে পাপ অজ্ঞানতা প্রভৃতি দূরে পলায়ন করে। হৃদয় হইতে অজ্ঞানতা জনিত রজঃ ও তমঃ দূরীভূত হয়, সুতরাং মানুষ সত্ত্বভাবাপন্ন হয়। আবার, প্রথমে ভগবৎ কৃপায় হৃদয়ে সত্ত্বভাবের উপজন হইলে, সেখানে জ্ঞানেরও আবির্ভাব হয়। এই মন্ত্রে জ্ঞানসমন্বিত সত্ত্বভাবের জন্য প্রার্থনা করা হইয়াছে। (৩প্র—৫খ—৪ব ৯সা)। *

——•——

দশমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
মন্দ্রয়া সোম ধারয়া বৃষা পবস্ব দেবয়ুঃ।
৩ ১ ২ ৩ ২
অব্যা বারেভিরস্ময়ুঃ ॥ ১০ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের ত্রয়োদশী ঋক্। (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, অষ্টাত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম,—"ঐষব্।"

গেয়-গানং।

৫　র　　২ ১র　　র　　২　　১　　২　　১
অন্ধ্রয়াসো। মধারয়া। বৃষাপা২ ৩ বা। স্বদাইবা২ ৩ য়ূঃ। অব্যা
১ ^ ৩　　৫র র　　২ ৩২
২ ৩ঃ। বা২ রা২ ৩ ৪ ঔহোবা। ভিরস্ময়ূ ১ ঃ॥ ১০॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'বৃষা' (অভীষ্টবর্ষকঃ) 'দেবয়ুঃ' (দেবকামঃ, দেবত্বপ্রাপকঃ) ত্বং 'মন্দ্রয়া' (আনন্দদায়কেন অমৃতেন) 'ধারয়া' (ধারারূপেণ) 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি আবির্ভব ইত্যর্থঃ); 'অস্ময়ুঃ' (অস্মৎকামঃ, অস্মাকং মঙ্গলাকাঙ্ক্ষী ইত্যর্থঃ) ত্বং 'বারেভিঃ' (রিপুবারকেন, অস্ত্রেন ইতি যাবৎ) পরাজ্ঞানেন ইতি ভাবঃ, 'অব্যাঃ' (রক্ষ অস্মান ইতি শেষঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং পরমানন্দদায়কং সত্ত্বভাবং লভেম, তথা রিপুজয়িনঃ ভবেম ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প—৫দ-৪খ ১০সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! অভীষ্টবর্ষক দেবত্বপ্রাপক তুমি আনন্দদায়ক অমৃত ধারারূপে আমাদিগের হৃদয়ে আবির্ভূত হও; আমাদিগের মঙ্গলাকাঙ্ক্ষী তুমি রিপুবারক অস্ত্রের—জ্ঞানের দ্বারা আমাদিগকে রক্ষা কর; (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন পরমানন্দদায়ক সত্ত্বভাব লাভ করি, এবং রিপুজয়ী হই।)। (৩প—৫অ—৪খ—১০সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অসিতঋষিঃ। হে সোম! 'বৃষা' কামানাং বর্ষিতা 'দেবয়ুঃ' দেবকামঃ 'অস্ময়ুঃ' অস্মৎকামশ্চ ত্বং 'অব্যা' অবেঃ 'বারেভিঃ' বালৈঃ কৃতে দশাপবিত্রে 'মন্দ্রায়' মদকরয়া ধারয়া 'পবস্ব' ক্ষর 'অব্যাবারেভিঃ' 'অব্যোবারেষু' ইতি পাঠৌ। (৩প-৫দ—৪খ—১০সা)।

* * *

দশম (৫০৬) সামের মর্ম্মার্থ।

—‡•‡—

সত্ত্বভাব দেবতাও মানবের মধ্যে মিলনসেতু। সত্ত্বভাব প্রভাবে মানব দেবত্ব লাভ করে। ভগবানের শক্তিস্বরূপ সত্ত্বভাব মানবের হৃদয়ে থাকিয়া তাহাকে তাহার প্রকৃতস্বরূপ সম্বন্ধে সচেতন করিয়া দেয়। মানুষ স্বরূপতঃ ভগবানেরই অংশ। সে সেই পরমপুরুষ হইতে আসিয়াছে। তাই মানুষের ভিতরে ভগবৎ-প্রদত্ত দেবভাব-সমূহ বীজাবস্থায় থাকে। উপযুক্ত সাধনপ্রভাবে তাহা ফলফুলসমন্বিত সুশোভন শান্তিদায়ক বৃক্ষে পরিণত হয়। মানুষ ভগবান্ হইতে একেবারে বিচ্ছিন্ন নয়, মানুষ ও ভগবানের মধ্যে মিলন-সূত্র—সত্ত্বভাব। তাই

মন্ত্রের সত্ত্বভাবকে 'দেবয়ুঃ' ও 'অস্মযুঃ' বলা হইয়াছে। সত্ত্বভাব মানুষ ও দেবতা উভয়েই কামনা করে, অর্থাৎ দেবতা ও মানুষ উভয়ের মধ্যেই আছে, এবং এই সূত্র অবলম্বন করিয়াই মানুষ ভগবানকে প্রাপ্ত হয়।

মন্ত্রান্তর্গত 'বারেভিঃ' পদে ভাষ্যকার 'বালৈঃকৃতে দশাপবিত্রে' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা ঐ পদে নিরুক্ত-সম্মত 'রিপুবারকেণ অস্ত্রেণ' অর্থ গ্রহণ করিয়াছি রিপুবারক অস্ত্র জ্ঞান। তাই ঐ পদদ্বয়ে আমরা লক্ষ্য করিতেছে। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই বিবৃত করা হইয়াছে। (৩প—৫দ ৪খ—১০সা)। *

—•—

একাদশং সাম।

৩ ১ ৩ ৩ ১ ২ ৩ ২উ ৩ক ২র

অয়া সোম সুকৃত্যয়া মহাংৎসন্ অভ্যবর্দ্ধথাঃ।

৩ ১ ২র

মন্দান ইৎ বৃষায়সে। ১১॥

• • •

গেয় গানম্।

৫ ৪ ৩ ৪ ৫ ২ ১র ৭ ২ ৩ ৫

অয়া৩ সো ৬ মসুকৃত্যয়া। মহাং ৎসন্না। ভ্যবা ২ র্দ্ধ ২ ৩ ৪ থাঃ।

১২র ১ ২ ১ ৪ ২

মান্দানআয়েতৎ। বৃষা ৩ য়া ৫ সা ৬ ৫ ৬ ই। ১১।

• •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) ত্বং 'অয়া সুকৃত্যয়া' (অস্মাভিঃ কৃতৈঃ সৎকর্ম্মভিঃ, অস্মাকং সৎকর্ম্মসাধনেন ইত্যর্থঃ) 'অভ্যবর্দ্ধথাঃ' (প্রবৃদ্ধঃ ভব—অস্মাকং হৃদি ইতি যাবৎ); অস্মাকং 'মন্দানঃ' (আনন্দদায়কঃ) 'সন্' 'মহান্' (পূজনীয়ঃ, প্রার্থনীয়ঃ আকাঙ্ক্ষণীয়ঃ) ত্বং অস্মভ্যং 'ইৎ' (পরাজ্ঞানং) 'বৃষায়সে' (বর্ষয়, প্রযচ্ছ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং সত্ত্বভাবেন সহ পরাজ্ঞানং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প—৫দ ৪খ—১১সা)॥

• • •

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! তুমি আমাদিগের সৎকর্ম্মসাধনের দ্বারা আমাদিগের হৃদয়ে বর্দ্ধিত হও; আমাদিগের আনন্দদায়ক হইয়া আকাঙ্ক্ষণীয় তুমি আমাদিগকে পরাজ্ঞান প্রদান কর। (মন্ত্রটী প্রার্থনামূলক।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষষ্ঠ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায়, ঊনত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "জানাবন্তং"

প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন সত্ত্বভাবের সহিত পরাজ্ঞান লাভ করিতে পারি ।) ॥ (৩প—৫অ—৪খ—১১সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

কবিঃ ঋষিঃ । হে 'সোম !' 'অয়া' অনয়া 'রুক্ত্যা' শোভনয়া অভিষবাদি-লক্ষণয়া ক্রিয়য়া 'মহান্' পূয়মানঃ 'সন্' দেবান্ প্রতি অভ্যবর্দ্ধথাঃ অভ্যবর্দ্ধয়ঃ । 'মন্দানঃ ইৎ' মোদমানঃ এব 'বৃষায়সে' বৃষবদাচরসি যথা মোদমানো বৃষভঃ শব্দং করোতি তথাভিষববেলায়াং উপরবেষু শব্দং করোষীত্যর্থঃ । 'অভ্যবর্দ্ধথাঃ' 'অভ্যবর্দ্ধত' ইতি 'বৃষায়সে' 'বৃষায়তে' ইতি চ পাঠঃ ॥ (৩প—৫অ—৪খ—১১সা) ॥

* * *

একাদশ (৫০৭) সামের মর্ম্মার্থ

—:•:—

সৎকর্ম্মের দ্বারা হৃদয় পবিত্র হইলে তাহাতে সত্ত্বভাবের উদয় হয় । সৎকর্ম্ম সাধনের দ্বারাই তাহা বর্দ্ধিত হয় । আমরা যাহাতে সৎকর্ম্মপরায়ণ হইয়া হৃদয়ে সত্ত্বভাব প্রাপ্ত হইতে পারি, তাহার জন্য এই মন্ত্রের মধ্যে প্রার্থনা করা হইয়াছে । শুদ্ধসত্ত্ব ও পরাজ্ঞানের একত্র মিলনই পরমানন্দ লাভের - অমৃত লাভের উপায় । অমৃতের সন্ধানেই মানব ব্যাকুল হইয়া বেড়ায় । সত্ত্বভাব আনন্দ দান করে, সেই আনন্দ নিত্য ও শাশ্বত, তাহাই মানবজীবনের একমাত্র পরম কাম্য বস্তু । এই মন্ত্রের মধ্যে সেই অমৃতলাভের জন্যই প্রার্থনা পরিদৃষ্ট হয় । ভাষ্যকার এই মন্ত্রান্তর্গত 'বৃষায়সে' পদের ব্যাখ্যা করিয়াছেন—'বৃষবদাচরসি ।' কিন্তু আমরা ঐ অর্থে এখানে সঙ্গতি লক্ষ্য করিতে পারি নাই । 'বৃষ্' ধাতু বর্ষণার্থক । তাই ঐ পদে আমরা "বর্ষয়, প্রযচ্ছ" অর্থ গ্রহণ করিয়াছি এবং তাহাতে ভাব ও অর্থের সামঞ্জস্য রক্ষিত হয় । 'অভ্যবর্দ্ধথাঃ' পদের অর্থে 'দেবান্ প্রতি' এই শব্দদ্বয় যোজনা করিবার কোন আবশ্যকতা নাই । 'বৃধ্' ধাতু বর্দ্ধনার্থক । সুতরাং ঐ পদে আমরা 'প্রবৃদ্ধ হও' অর্থই সঙ্গত মনে করি । (৩প—৫অ—৪খ—১১সা) ॥

—•—

দ্বাদশং সাম ।

৩ ১র   ২র   ৩ ১র   ২র   ৩   ১ ২

অয়ং বিচর্ষণির্হিতঃ পবমানঃ সচেততি ।

৩ ২র   ২র   ৩ ২

হিন্বান আপ্যং বৃহৎ ॥ ১২ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের সপ্তচত্বারিংশ সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, চতুর্থ বর্গের অন্তর্গত) । ইহার গেয়-গান একটি । উহার নাম,—"অয়াসোমীয়ম্ ।"

গেয়-গানং।

২৮ ৩র ৪র ৫ ২ ১ ২৮ ৩র ৪র

আ। হো হোবাহাই। অয়ংবিচা। র্ষণাইর্হাইতা। ঔ হো

৫ র ২ ১ ২৮ ৩র ৪র ৫

হোবাহাই। পবমানাঃ। স চাইতাতা। ঔ হো হোবাহাই।

র ২ ২ ৪ ৫

হিন্বানআ। পিয়ো ৩ হো ৩। হবোবা।

৪ ৫

ৰ্ হো ৬ হাই॥ ১২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

পবমানঃ' (পবিত্রকারকঃ) 'বিচর্ষণিঃ' (আত্মোৎকর্ষবিধায়কঃ) 'অয়ং হিতঃ' (অস্মাকং হৃদয়স্থিতঃ—সত্ত্বভাবঃ ইতি যাবৎ) অস্মান 'সচেততি' (জ্ঞানং প্রযচ্ছতি); সঃ সত্ত্বভাবঃ 'অপ্যাং' (অপ্সু ভবং, অমৃতজাতং) 'বৃহৎ' (মহৎ-ধনং ইতি যাবৎ) 'হিন্বানঃ' (প্রেরয়ন, অস্মভ্যং প্রযচ্ছতু ইত্যর্থঃ); সত্ত্বভাবঃ আত্মোৎকর্ষসাধকঃ তথা জ্ঞানদায়কঃ ভবতি, তেন বয়ং পরমধনং লভেম—ইতি ভাবঃ॥ (৩প ৫অ-৪খ-১২সা)।

* * *

বঙ্গানুবাদ।

পবিত্রকারক আত্মোৎকর্ষবিধায়ক আমাদিগের হৃদয়স্থিত সত্ত্বভাব আমাদিগকে জ্ঞান প্রদান করে; সেই সত্ত্বভাব অমৃতজাত মহৎ ধন আমাদিগকে প্রদান করুক। (ভাব এই যে,—সত্ত্বভাব আত্মোৎকর্ষসাধক এবং জ্ঞানদায়ক; তাহা দ্বারা আমরা যেন পরমধন লাভ করি।)॥ (৩প—৫অ—৪খ—১২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অমদগ্নিঃ ঋষিঃ। 'বিচর্ষণিঃ' বিদ্রষ্টা 'হিতঃ' পাত্রে নিহিতঃ 'পবমানঃ' শোধ্যমানঃ 'অয়ং' সোমঃ 'আপ্যম্' অপ্সু ভবং 'বৃহত্' মহৎ অন্নং 'হিন্বানঃ' প্রেরয়ন্ 'সচেততি' সর্ব্বৈঃ সংজ্ঞায়তে॥ (৩প—৫অ—৪খ—১২সা)।

* * *

দ্বাদশ (৫০৮) সামের মর্ম্মার্থ।

—— : ০ : ——

এই মন্ত্রের 'বিচর্ষণিঃ' পদের ব্যাখ্যায় ভাষ্যকার 'বিদ্রষ্টা' অর্থ গ্রহণ করিয়াছেন। 'বিচর্ষণিঃ' পদ কর্ষণার্থক 'কৃষ্' ধাতু-নিষ্পন্ন। উহার অর্থ—যিনি কর্ষণ করেন। যিনি আত্মার সম্যক্ উৎকর্ষসাধন করিতে পারেন, তিনি বিচর্ষণি। এখানে সত্ত্বভাব সম্বন্ধে

'বিচর্ষণি' পদ ব্যবহৃত হওয়ায় উহা সাধক অথবা প্রার্থনাকারীদের উৎকর্ষবিধায়করূপে ব্যাখ্যাত হয়। বাস্তবিকপক্ষে সত্ত্বভাবের নিজের উৎকর্ষসাধন বলিলে কোন অর্থ সঙ্গতি থাকে না। যাঁহারা প্রার্থনা করেন তাঁহারা আত্মার উৎকর্ষের জন্যই প্রার্থনা করেন। সত্ত্বভাব সেই উৎকর্ষ প্রদান করিতে সমর্থ। সত্ত্বভাবের উপজন হইলে মানুষের হৃদয় আপনাআপনি উন্নত হয়। তাই সত্ত্বভাবের বিশেষণ 'বিচর্ষণিঃ' পদের 'আত্মোৎকর্ষবিধায়কঃ' অর্থ সঙ্গত বলিয়া গৃহীত হইয়াছে। আত্মোৎকর্ষের সহিত জ্ঞানের নৈকট্য সম্ভতঃ বিদ্রষ্টা, সর্ব্বজ্ঞ প্রভৃতি অর্থও গৃহীত হয়। 'অয়ং' পদে নিকটস্থ বস্তু নির্দ্দেশ করে। আমাদিগের হৃদয়স্থিত সত্ত্বভাবই 'অয়ং' পদের লক্ষ্যস্থল। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দৃষ্টেই পরিস্ফুট হইবে। (৩প—৫অ—৪খ—১২সা)॥ •

—•—

ত্রয়োদশং সাম।

১ ২ ৩ ১র ২র ৩ ১র ২র

প্র ন ইন্দো মহে তুন ঊর্ম্মিং ন বিভ্রৎ অর্ষসি।

৩ ২ ৩ ২ ৩ ১ ২

অভি দেবাঁ অয়াস্যঃ॥ ১৩॥

* * *

গেয় গানং।

৩৪৫ র র ২ ৩ ৩ ২ ১র —১ —S ২

১। প্রনইন্দোঔ। হাঔহা ২ ৩ ৪ য়া। মহেতুনঔ ২ হাঔ ২ হা ৩ য়া।

র ১ —১ —S ২ ১ ২ ১ ৩

ঊর্ম্মিম্বিভ্রদর্ষসঔ ২ হোঔ ২ হা ৩ য়া। অভায়ে ৩। দা ৩ ইবা

৫র র ২১র ২৩ ১ ১ ১ ১

২ ৩ ৪ ঔ হোবা। অয়া সিয়া ২ ৩ ৪ ৫ : ১ ১৩॥

* * *

৩৪৫ র ২ ২ ৫ ২১র S ২

২। প্রনইন্দো। ইয়া ৩ ৪ ৩ ই ৩ ৪ য়া। মহেতুনইয়া ২ ঈ ৩ য়া।

র ১ —S ২ ১ ২ ১ ৯ ৩

ঊর্ম্মিম্বিভ্রদর্ষসইয়া ২ ঈ ৩ য়া। অভায়ে ৩। দা ২ ইবা

৫র র ২ ২১র ২৩ ১ ১ ১ ১

২ ২ ৪ ঔ হোবা। এ ৩। অয়াসিয়া ২ ৩ ৪ ৫ : ১ ১৩॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বিষষ্টিতম সূক্তের দশমী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, পঞ্চবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম,—"আয়েয়ম্।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দো' (হে শুদ্ধসত্ত্ব!) ত্বং 'মহে' (মহতে) 'তুনে' (ধনায়, ধনপ্রদানায়) 'নঃ' (অস্মান্) 'প্রার্ষসি' (প্রগচ্ছসি, প্রাপয় ইত্যর্থঃ); 'অয়াস্যঃ ন' (ঊর্দ্ধগমনশীলঃ সাধকঃ ইব) তব 'ঊর্ম্মিং' (তরঙ্গং, প্রবাহং, অমৃতপ্রবাহং ইত্যর্থঃ) 'বিভ্রৎ' (ধারয়ন্) 'অভি দেবাং' (দেবং, ভগবন্তং উদ্দিশ্য বয়ং গচ্ছেম ইতি শেষঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবং লব্ধ্বা বয়ং ভগবন্তং প্রাপয়েম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প-৫অ—৪খ—১৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! তুমি মহৎ ধন প্রদান করিবার জন্য আমাদিগকে প্রাপ্ত হও; ঊর্দ্ধগমনশীল সাধকের ন্যায় তোমার প্রবাহ অর্থাৎ সত্ত্বপ্রবাহ ধারণ করিয়া আমরা যেন ভগবৎ উদ্দেশে গমন করিতে পারি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—সত্ত্বভাব লাভ করিয়া আমরা যেন ভগবানকে প্রাপ্ত হই।)। (৩প—৫অ—৪খ—১৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অয়াস্যঋষিঃ। হে 'ইন্দো' ক্লিশ্যমান! ত্বং 'নঃ' অস্মাকং 'মহে' মহতে 'তুনে' ধনায় "প্রার্ষসি" প্রগচ্ছতি। 'ন' সম্প্রত্যর্থে অয়াস্যশ্চায়মৃষিঃ তব 'ঊর্ম্মিং' তরঙ্গং 'বিভ্রৎ' ধারয়ন্ দেবান্ যষ্টুমতি গচ্ছতি॥ (৩প-৫অ—৪খ—১৩সা)॥

* * *

ত্রয়োদশ (৫০৯) সামের মর্ম্মার্থ।

এই প্রার্থনামূলক মন্ত্রটী দুই ভাগে বিভক্ত। প্রথম ভাগে সত্ত্বভাব লাভ করিবার জন্য প্রার্থনা আছে এবং দ্বিতীয় অংশে সেই সত্ত্বভাব লাভের ফলস্বরূপ ভগবৎপ্রাপ্তির জন্য আকাঙ্ক্ষা প্রকাশ করা হইয়াছে। প্রথমে সত্ত্বভাব প্রাপ্তি, তৎপরে ভগবৎচরণাশ্রয়লাভ। হৃদয়ে সত্ত্বভাবের উপজন হইলে মানুষ ঊর্দ্ধদিকে, অনন্ত উন্নতির দিকে গমন করে। এই সিদ্ধান্তের উপরই প্রার্থনার ভিত্তি স্থাপিত।

এই মন্ত্রান্তর্গত 'অয়াস্যঃ' পদের ব্যাখ্যায় ভাষ্যকার একজন ঋষির কল্পনা করিয়াছেন। এই মন্ত্রের ঋষির নাম অয়াস্য। তাই মন্ত্রের মধ্যে 'অয়াস্যঃ' পদ দৃষ্টে প্রচলিত ব্যাখ্যাকারগণ 'অয়াস্যঃ' পদে এই মন্ত্রের ঋষিকেই নির্দ্দেশ করিয়াছেন, যেন ঋষি নিজেই নিজের নাম উচ্চারণ করিয়া মন্ত্র পাঠ করিতেছেন। কিন্তু সনাতন অপৌরুষেয় বেদের এই ব্যাখ্যা সঙ্গত বলিয়া আমরা গ্রহণ করিতে পারি না। ঋষি মন্ত্রদ্রষ্টা মাত্র। এতদ্ভিন্ন বেদমন্ত্রের সহিত ঋষির অন্য কোন সম্বন্ধ আছে বলিয়া মনে হয় না। সুতরাং অপৌরুষেয় বেদের মধ্যে কোন

ঐতিহাসিক ব্যক্তির নাম সংযোজিত আছে, অথবা কোন বিশেষ ব্যক্তি ঐ মন্ত্রের রচনা করিয়া তাহার মধ্যে নিজের নাম প্রবিষ্ট করিয়া দিয়াছেন, আমরা এই মতের সমর্থন করিতে পারি না। 'অয়ং' এবং 'অস্য' এই দুইটী পদের মিলনে অয়াস্য পদ সিদ্ধ হইয়াছে এবং প্রথমার একবচনান্ত বলিয়া বিসর্গান্ত হইয়াছে। 'অয়ং' শব্দ গমনার্থক 'ই' ধাতু-নিষ্পন্ন। উহার অর্থ— ঊর্দ্ধগমনং। সুতরাং 'ঊর্দ্ধগমন যাঁহার' অর্থাৎ যিনি ঊর্দ্ধগমন করেন এই অর্থে 'ঊর্দ্ধগমনশীলঃ' অর্থ পাওয়া যায়। আমরা উহাই 'অয়াস্যঃ' পদের ব্যাখ্যায় গ্রহণ করিয়াছি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দৃষ্টেই অবগত হওয়া যাইবে। (৩প—৫অ—৪খ—১৩সা)। *

—•—

চতুর্দ্দশং সাম।

৩　১　২　৩　২উ　৩　২　৩　১　২

অপঘ্নন্ পবতে মৃধোঽপ সোমো অরাব্ণঃ।

৩　১ ২　৩ ২

গচ্ছন্নিন্দ্রস্য নিষ্কৃতম্ ॥ ১৪ ॥

* * *

গেয়-গানং।

২^ ৩　৫　৪ ৫　২ ১　২^ ১ ১ ১　২^ ৩

হোঙ্ঈ ২ ৩ ৪ য়া। ২। ইয়াহাই। অপঘ্না ২ ৩ ন্ পা ৩ ৪ ৫। হোঙ্ঈ

\-　৫　৪ ৫　২ ১　^　৩　৫র র

২ ৩ ৪ য়া। ২। ইয়াহাই। বতাই। ম্যা ২। ধা ২ ৩ ৪। ঔ হোবা।

১　র Sর　১Sর　১ ১ ১　২^ ৩ —　৫

অপসোমো ২ অরা ২ ব্ণ ৩ ৪ ৩ ৪। হোঙ্ঈ ২ ৩ ৪ য়া। ২।

৪ ৫　২ ১　২ ১ ১ ১ ১　২^ ৩　৫

ইয়াহাই। গচ্ছন্ন্যা ২ ৩ ইন্দ্রা ২ ৩ ৪ ৫। হোই ২ ৩ ৪ য়া।

৪ ৫　২ ১　^　৩

২। ইয়াহাই। স্যনাই:। কৃ ২। তা ২ ৩ ৪।

৫র র　৩ ১ ১ ১ ১

ঔ হোবা। ই ২ ৩ ৪ ৫। ১৪ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃচত্বারিংশ সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম,—"আয়াস্তম্" "আয়াস্তমুত্তরম্।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মৃধঃ' (হিংসকান্ শত্রূন) 'অপঘ্নন্' (বিনাশ্য) তথা 'অরাব্ণঃ' (লোভমোহাদিরিপূন্) 'অপ' (অপসার্য্য) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'পবতে' (ক্ষরতি, উপজায়তি,—সাধকস্য হৃদি ইতি যাবৎ); সত্ত্বভাবপ্রাপ্তঃ সঃ জনঃ 'ইন্দ্রস্য' (বলৈশ্বর্য্যাধিপতিদেবস্য, ভগবতঃ ইত্যর্থঃ) 'নিষ্কৃতং' (স্থানং, সান্নিধ্যং) 'গচ্ছন' (গচ্ছতি, প্রাপ্নোতি); সত্ত্বভাবলাভেন জনাঃ রিপুজয়িনঃ ভবন্তি তথা ভগবৎপদং প্রাপ্নুবন্তি ইতি ভাবঃ। (৩প-৫অ—৪খ—১৪সা)।

* * *

বঙ্গানুবাদ।

হিংসকশত্রুদিগকে বিনাশ করিয়া, এবং লোভমোহাদি অপসরণ করিয়া সত্ত্বভাব সাধকদিগের হৃদয়ে উপজিত হয়; সত্ত্বভাবপ্রাপ্ত সেই ব্যক্তি ভগবানসান্নিধ্য প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সত্ত্বভাব লাভের দ্বারা মানুষ রিপুজয়ী হয় এবং ভগবৎপদ প্রাপ্ত হয়।)। (৩প—৫অ—৪খ—৪স)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অমহীয়ুঃ ঋষি। 'সোমঃ' 'মৃধঃ' হিংসকান্ শত্রূন 'অপঘ্নন্' মারয়ন 'আরাব্ণঃ' শত্রৌ সত্যান্ ধনানামদাতৄংশ্চ অপঘ্নন 'ইন্দ্রস্য' 'নিষ্কৃতং' স্থানং 'গচ্ছন্' প্রাপ্নুবন 'পবতে' ধারয়া ক্ষরতি॥ (৩প—৫অ—৫খ—১৪সা)॥

ইতি শ্রীসায়নাচার্য্য-বিরচিতে সামবেদার্থপ্রকাশে ছন্দোব্যাখ্যানে পঞ্চমস্যাধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ। ৪।

* * *

চতুর্দ্দশ (৫১০) সামের মর্ম্মার্থ।

——:০:——

সত্ত্বভাব সঞ্চারের সঙ্গে সঙ্গেই মানুষের হৃদয় পবিত্র হইতে থাকে, তাহার হৃদয় হইতে কালিমা মলিনতা দূর হইতে থাকে। শুদ্ধসত্ত্বের প্রভাবে মানুষ রিপুজয়ী হয়, ভগবৎচরণে আত্ম-সমর্পণ করে। মন্ত্রের মধ্যে সত্ত্বভাবের এই রিপুনাশিকা শক্তিই প্রখ্যাত হইয়াছে।

'অরাব্ণঃ' পদে ভাষ্যকার ব্যবকুণ্ঠ কৃপণদিগকে নির্দ্দেশ করিয়াছেন। বিবরণকার ঐ পদের ব্যাখ্যা করিয়াছেন "অনৃতাভিঃ শত্রুঃ।" আমরা কতকটা তাঁহারই অনুসরণ করিয়া "লোভমোহাদিরিপূন" অর্থ গ্রহণ করিয়াছি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই ব্যক্ত হইয়াছে। (৩প—৫অ—৪খ—১৪সা)। *

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের পঞ্চবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "ভারদ্বাজম্।"

ওঁ

সামবেদ-সংহিতা ।

কোথুমী শাখা । ছন্দ আর্চ্চিকঃ ।

পবমানং পর্ব্ব (তৃতীয়ং পর্ব্ব) । পঞ্চমোঽধ্যায়ঃ । পঞ্চমঃ খণ্ডঃ ।

পঞ্চমঃ খণ্ডঃ ।

প্রথমং সাম ।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র
পুনানঃ সোম ধারয়া অপো বসানো অর্ষসি

১ ২ ৩ ১র ১র ৩ ১ ২ ৩ ২
আ রত্নধা যোনিং ঋতস্য সীদসী উৎসো

৩ ১ ২ ৩ ১ ২
দেবো হিরণ্যয়ঃ ॥ ১ ॥

গেয়-গানং ।

৫ র ১ ∧ ৩ ৫র র ৩ ৫
১ । পুনানঃ সো । মা ২ ধা ২ ৩ ৪ ঔহোবা । রা ২ ৩ ৪ য়া ।

২ ১র Sর র ১র ২ ২ ১র ২ ২
অপোবসানোঅর্ষসি । আরত্না ৩ ধাঃ । যোনাইমা ২ র্ত্তা ৩ ।

১ ∧ ৩ ৫র র ৩ ৫ ১ ২ ৩
স্যা ২ সা ২ ২ ৪ ঔহোবা । দা ২ ৩ ৪ সী । উৎসোদে ৩ বো ৩ ।

১ ∧ ৩ ৫র র ৩ ৫
হা ২ ইরা ২ ৩ ৪ ঔহোবা । ণ্যা ২ ৩ ৪ য়াঃ ॥

* * *

১ — ১ ২ ১র ৩২ ৫ ২ ১র র২র
২। ইয়া ২ উ ৩ য়া। পুনানঃ সো ২। মধারা ২ ৩ ৪ য়া। অপোবসানো

১ ২ ১র র র ২ ১র ২ ৩ র ২র ১
অষা ২ ৩ সী। আরত্নধাযোনিমৃতস্যসীদা ২ ৩ সী। উৎসোদেবো ২ ৩।

১ ৩ ৫র র ২ ১ ১ ১ ১ ১
হা ২ ইয়া ২ ৩ ৪ ঔহোবা। ণ্যা ৩ স্না ২ ৩ ৪ ৫ ঃ॥

* * *

৫ র ৪ ৫র ৪র৫৪ ২ ১র ২র র ১ ২ ১ ২
৩। পুনানঃ সোমধারয়া অপোবসানোঅর্ষ। সো৷ ৩ হা। ও ৩ হা।

১র ২ ১রর ২ ১ ২ র ১ ২ ১ ২ ১ ২
আরত্নধাযোনিমৃতস্যসীদ। সো৷ ৩ হা। ও ৩ হা। উৎসোদা

— ১ ২ ১ ২ ১ ২
২ ইবা ২ঃ। ও ৩ হা। ও ৩ হা। হিরণ্যা ২ ৩ য়া ৩ ৪ ৩ঃ।

১
ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥

* * *

৪ র র ৪ ১ — ১ — র ১
৪। পুনানঃ সো ৫ মধারয়া। আপো ২ বাসা ২। নো অর্ষসী।

১ — — ২র ১ — ১র
আরা ২ ত্নধা ২ঃ। যোনিমার্ত্তা ২। স্যসীদসী। উৎসো

— ১ — ১ ২
২ দাইবা ২ঃ। হিরণ্যা ২ ৩ য়া ৩ ৪ ৩ঃ।

১
ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥

* * *

৪ ৫ ৪ ১ ২ ১র র ২ ২
৫। আইপুনা। নাঃ সো। মধারয়া। আপোবসা ৩ ১। নো

১ ২ র ২ ১র ২
অর্ষসী। আরত্নধা ৩ ১ঃ। যোনিমৃতা। স্যসীদসী। উৎসোদেবা

২ ১ ২ ১
৩ ১ঃ। হিরণ্যা ২ ৩ য়া ৩ ৪ ৩ঃ। ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥

* * *

৫ র ৪　৫র ৪র৫র　র৪　৪৫　১র　২　১র ২
৬। পুনানঃ সোমধারয়া। পোবযোবা। নো অর্ষসি। আরত্ন।

১　১ ২　২　১র ২১২র　১ ২র র
ধাউবা ২ ৩। হোব ৩ হাই। যোনিমৃতস্যসীদসি। উৎসোদে।

১　১২　২　১　২
বাউবা ২ ৩। হোবা ৩ হাই। হিরণ্যা ২ ৩ য়া ৩ ৪ ৩ঃ।

১
ও ১ ৫ ৪ ৫ ই। ড ॥

* * *

৫ র ৪　৫র ৪র　৪　২১র র২১　—
৭। পুনানঃ সোমধা। হো ৫ রয়া। আপোবসানআহো ২।

১　—　১র　র　র　২১　—　১　—　১
মাসী ২। আরত্নধাযোনিমৃতস্যসাহো ২ ই। দাসী ২। উৎসা

—　১　২　২ ১　৫
২ হো ১ ই। দা ২ ৩ ইবো ৩। হিরো ২ ৩ ৪ বা।

৪　৫
ণ্যা ৫ য়ো ৬ হাই ॥

* * *

৫র　র　রর　৪৫　১২৮৩　৫　১　৮
৮। পুনানঃ সোমধাহাউহোবা। রায়াপা ২ ৩ ৪ সো। বসা ২।

৩ ২　৩　৫　১র২　৩র ৪র ৫
ন আ ৩ ৪ ৫। যা ২ ৩ ৪ সী। আরা ৩ ৪। ঔহোবা।

১র র　৮　৩ ২　৩　৫　১ ২
ত্নধাযোনিমৃতা ২। স্যসা ৩ ৪ ৫ ই। দা ২ ৩ ৪ সী। উৎসা

৩র ৪র ৫　১　৮　৩২　৩　৫
৩ ৪। ঔহোবা। দাইবো ২। হিরা ৩ ৪ ৫। ণ্যা ২ ৩ ৪ য়াঃ ॥

* * *

৫র র ৪ ৫র ৪র ৫ ৪ ২ ১র ২ ১২ ২ ১ র
৯। পুনানঃ সোমধারয়া। অপোবসা। নো ৬ আর্ষা ৩ সী। আরত্নধা-
র র ৩ ৫র ২ ১র ৫ ২ ২
যোনিমৃতস্যসীদসা ২ ৬ ৪ ঐহী। উৎসোদা ২ ৩ ৩ ইবাঃ। হিরা
২ ২ ৩ ২
৩ ১ উবা ২ ৩। এ ৩। ণ্যয়আ॥

* . *

৪ র ৩ ৪র ৩র ৪ ৫র ২ ২ ৪ ১ ২
১০। পুনানঃ সোমধারয়া। এ ৩। ঔ ৩ হো ৫ বা ২। আপো ৩।
১ ৯ ৩৩ ২ — ১ ২ ১ ২ ১
বসা ২ ১। নআ ৩ ৪ ৫। ষা ৩ সী ২। আরত্নধাঃ। যোনিমৃতা।
২ ১ ২ ৪ ৫ ২ ১ ২ ২
স্যাসা ৩ আ। ঔ ৩ হো ৩। দা ২ ৩ ৪ সী। উৎসাঔ ৩ হো।
১ ৯ ৩২ ২ ১ ১ ১ ১ ১
দাইবো ২। হিরা ৩ ৪ ৫। ণ্যা ৩ য়া ২ ৩ ৪ ৫ : ॥

* . *

৫ র র র র র র র ৫ র র র ৫ ২ ১র
১১। পুনানঃ সোমধারয়াওহাওহ। ৬ এ। ঔহোঔহো ৬ বা। অপোব-
২র র ১ ২ S ২ ৫ ২ ২ S ২ S ২ ২
সানোঅর্ষ। স্মো ৩ হা। ও ৩ হা ৩ এ। ঔ ৩ হোই। ঔ ৩ হো ৩ বা।
১র ২ ১র র ২ ১ ২ র S ২ S ২ ২ S
আরত্নধাযোনিমৃতস্য সীদ। স্মো ৩ হা। ও ৩ হা ৩ এ। ঔ ৩
২ S ২ ২ ১ ২ — S
হোই। ঔ ৩ হো ৩ বা। উৎসোদা ১ ইবা ২ :। ও ৩
২ S ২ ২ S ২ S ২
হা। ও ৩ হা ৩ এ। ঔ ৩ হোই। ঔ ৩ হো ৩
২ ১ ৯ ৩ ৫র র
বা। হির। ণ্যা ২ য়া ২ ৩ ৪ ঔহোবা।
২ র ১ ৩ ১ ১ ১ ১
মদো বিশা ২ ৩ ৪ ৫ : ॥

* . *

— ২ — ২ ১
১২। ও ২ হো ১। বাওবা। ২। ও ২ হো ১। বাওবা ৩। ও ২

৩ ৫র র ২র ১ ২র ১র ২র ১র ২র র ১র ২
বা ২ ৩ ৪ ঔহোবা। পুনানঃসোমধারয়া। পোবসানোঅর্ষসি। আরত্ন-

১র র ২ ১ ২ র ১ ২র র ১ -- ২
ধাযোনিমৃতস্যসীদসিউৎসোদেবাঃ। ও ২ হো ১। বাওবা। ২।

— ২ ১ ^ ৩ ৫র র
ও ২ হো ১। বাওবা ৩। ও ২ বা ২ ৩ ৪ ঔহোবা।

২ র ১ ১ ১ ১ ১
এ ৩। হিরণ্ময়া ২ ৩ ৪ ৪ঃ॥

* * *

২ ৩ ২ ১ ৩ ৫র র ২র ১
১৩। ও ৩। হো ১। বাওবা ৩। ও ২ বা ২ ৩ ৪ ঔহোবা। পুনানঃ

২র ১র ২র ১র ২র র ১র ২ ১র র ২ ১ ২ র
সোমধারয়া। পোবসানোঅর্ষসি। আরত্নধা যোনিমৃতস্যসীদ। স্যো ৩।

২ ২ ১ ^ ৩ ৫র র ১ ২র র ১র
হো ১। বাওবা ৩। ও ২ বা ২ ৩ ৪ ঔহোবা। উৎসোদেবো-

র ১ ২ ১
হিরণ্ময়ঃ। ইডা ২ ৩ ভা ৩ ৪ ৩। ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥

* * *

২ ২ ২ ২^ ৩ ৫ ২
১৪। হা। বো ৩ হা ৩। বো ৩ হা। হা। ও ২ ৩ ৪ বা। হাই।

^ ৩ ৫ ২ ^ ৩ ৫ ২ ^ ৩
পুনানা ২ ৩ ৪ঃ সো। মাধারা ২ ৩ ৪ য়া। আপোবা ২ ৩ ৪

৫ ১ ৩ ২ ৩ ৫ ২ ৩
সা। নোঅর্ষা ২ ৩ ৪ সী। আরত্না ২ ৩ ৪ ধাঃ। যোনীমা ২ ৩ ৪

৫ ২ ^ ৩ ৫ ২ ^ ৩ ৫ ২^ ৩
র্তা। স্যাসীদা ২ ৩ ৪ সী। উৎসোদা ২ ৩ ৪ ইবো। হাইরণ্যা

৫ ২ ২ ২ ২^
২ ৩ ৪ য়াঃ। হা। বো ৩ হা। বো ৩ হা ৩। হা।

৩ ৫ ২ ৫র র ২ ১ ২
ও২৩৪বা। হা৩৯। ঔহোবা। এত। অতি-

১২র ১র২র৩১১১
বিশ্বানি দুরিতাতরেমা২৩৪॥

* * *

২র র ১ ৫ ১ র র র র র
১৫। পুনানঃ সোমা৩ধারা২৩৪য়া। আপোবসানোঅর্ষস্যারত্নধা-

র A ৩২ ১২ ২ ১ র র র
যোনিমৃতস্যসা২ইদাহাই। ওহা৩উবা। উৎসোদেবোরা

২ ১২ ২ ১ ২ ৪ ৫
২৩হাই। ওহা৩উবা। ণ্যয়া। ঔ৩হোবা।

৪
হো৫ই। ডা॥

* * *

৩২ ২ ৪ ৫ ২১৩ ৫ ১ ২
১৬। পুনা২১। না৩ঃসো। ম। ধারা২৩৪য়া। আপো৩।

১ A ৩ ২ ৩ ৫ ২র১২১ ২র
বসা২। নআ৩৪৫। ষা২৩৪সী। আরাত্নধাঃ। যো।

১ A ৩২ ৩ ৫ ২ --
নিমৃতা২। স্যসা৩৪৫ই। দা২৩৪সী। উৎসা২ঃ।

১ A ৩ ২ ৩ ৫
দাইবো২। হিরা৩৪৫ণ্যা২৩৪য়াঃ॥১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'পুনানঃ' (শোধকঃ, পবিত্রকারকঃ) ত্বং 'অপঃ' (অমৃতং) 'বসানঃ' (আচ্ছাদয়ন্, ধারয়ন প্রদানায় ইত্যর্থঃ) 'ধারয়া' (ধারারূপেণ) 'অর্ষসি' (আগচ্ছ, অস্মান প্রাপয়); 'দেবঃ' (দ্যুতিমান্, জ্যোতির্ম্ময়ঃ) 'হিরণ্যয়ঃ' (লোকানাং হিতরমণীয়ঃ, পরমহিতসাধকঃ) 'উৎসঃ' (শ্রেষ্ঠধনানাং উৎসস্বরূপঃ) 'রত্নধা' (রত্নধাতা, পরমধনদাতা ইত্যর্থঃ) 'ঋতস্য যোনিং' (সৎকর্ম্মাণাং উৎপত্তিস্থলঃ যদ্বা সত্যস্বরূপঃ) ত্বং 'আসীদসি' (আগচ্ছ, অস্মাকং হৃদি আবির্ভব); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্যস্বরূপং। পরমধনদাতারং ভবন্তং বয়ং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প-৫অ-৫খ-১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! পবিত্রকারক তুমি অমৃত প্রদান করিবার জন্য ধারারূপে আমাদিগকে প্রাপ্ত হও; জ্যোতির্ম্ময়, লোকের পরম হিতসাধক, শ্রেষ্ঠধনের উৎসস্বরূপ, পরমধনদাতা, সত্যস্বরূপ তুমি আমাদিগের হৃদয়ে আবির্ভূত হও। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—সত্যস্বরূপ পরমধন-দাতা সত্ত্বভাবকে আমরা যেন প্রাপ্ত হই) ॥ (৩প—৫অ—৫খ—১সা) ॥

* *

সায়ণ-ভাষ্যং।

ভরদ্বাজাদয়ঃ সপ্ত ঋষয়ঃ। হে 'সোম'! 'পুনানঃ' শোধকঃ 'অপঃ' বসতীবরীঃ 'বসানঃ' আচ্ছাদয়ন 'ধারয়া' 'অর্ষসি' গচ্ছসি দ্রোণকলশে কিঞ্চ 'রত্নধা' রমণীয়ানাং ধনানাং দাতা ত্বম্ 'ঋতস্য' যজ্ঞস্য 'যোনিং' স্থানং 'আসীদসি'। অপিচ 'দেবঃ' দ্যোতমানঃ সোমঃ 'উৎসঃ' প্রস্যন্দনশীলঃ সন 'হিরণ্যয়ঃ' দেবানাং হিতরমণীয়ো ভবসি খলু। 'দেবো' 'দেব' ইতি সাম্ন ঋচঃ পাঠৌ। (৩প ৫অ—৫খ—১সা) ॥

* * *

প্রথম (৫১১) সামের মর্ম্মার্থ।

প্রার্থনা-মূলক এই মন্ত্রটী দুই ভাগে বিভক্ত। উভয় অংশেই সত্ত্বভাব লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। এই মন্ত্রের প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদিগের ব্যাখ্যার অনৈক্য দৃষ্ট হইবে। অধিকন্তু প্রচলিত ব্যাখ্যা-সমূহের মধ্যেও যথেষ্ট অনৈক্য আছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। তাহা হইতে ভাষ্যের সহিত উহার কি পার্থক্য তাহা বোধগম্য হইবে। "হে সোম! তুমি শোধিত হইতে হইতে জলের সহিত মিশ্রিত হইয়া ধারার আকারে যাইতেছ। হে দেব! তুমি সুবর্ণের আকরস্বরূপ, তুমি উত্তম উত্তম বস্তু দিবে বলিয়া যজ্ঞস্থানে উপবেশন করিতেছ।"

এই মন্ত্রের 'ঋতস্য যোনিং' পদদ্বয়ের দুইটী অর্থ হইতে পারে, তাহা মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় প্রদত্ত হইয়াছে। আমরা দ্বিতীয় অর্থই সঙ্গত বোধে গ্রহণ করিলাম। সেই ভগবান্ হইতেই সত্য প্রকাশিত হয়, তিনি সত্যস্বরূপ। সুতরাং তাঁহার শক্তি সত্ত্বভাব সম্বন্ধেও ঐ বিশেষণ প্রযোজ্য হইতে পারে। তাই 'ঋতস্য যোনিং' পদদ্বয়ে 'সত্যস্বরূপঃ' অর্থই আমরা গ্রহণ করিয়াছি। (৩প - ৫অ - ৫খ—১সা) ॥ •

এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বাদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান ষোলটী। উহাদের নাম, "আয়স্যম্" "মাণ্ডবম্" "আপদাসম্" "সোমসাম" "ঐড়মায়াস্যম" "মাণ্ডবম্" "উৎসৎ প্রাজাপত্যম্" "ত্রৌশিধনমায়াস্যম্" "কশ্বরথন্তরম্" "তিরশ্চীনিধনমায়াস্যম্" "সদোবিশীয়ম্" "স্বরাদিনী দ্বে" "প্লব" "রৌরবম্" "যৌধাজয়ম্।"

দ্বিতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ২ ৩ ২
পরিতো ষিঞ্চতা সুতং সোমো য উত্তমং হবিঃ।

৩ ১র ২র ৩ ২ ৩ ২উ ৩ ২ ৩
দধন্বাং যো নর্য্যো অপ্স্বাতন্তরা সুষাব

২ ৩ ১ ৩
সোমং অদ্রিভিঃ॥ ২॥

* * *

গেয়-গানং।

৫ র র ২ ৫ ১র ২র
১। পরীতোষী। চতা ৩ ১ উবা ২ ৩। সূ ২ ৩ ৪ তাম্। সোমো

১২১ ২১ ৫র র ২ ৫
২ যউত্তমং হবীঃ। সোমোযউ। তমা ৩ ১ উবা ২ ৩। হা ২ ৩ ৪ বোঃ।

২১র র ২র ১ ২১র ৫ র ১ ২র ১
দধন্বাং যোনর্য্যো ২ প্সু বন্তরা। দধন্বাং যাঃ। নর্য্যো ২। আ।

২ ৫ ২১র র ৩
প্সপা ৩ ১ উবা ২ ৩। ত্তা ২ ৩ ৪ রাঃ। সুষাবসোমমদ্রিভী

৫র ২
২ ৩ ৪ঃ। সুষাবসো। মমা ৩ ১ উবা

৫
২ ৬। দ্রা ৩ ৪ ইভোঃ॥

* * *

৫ র র ২১২ ২ ২ ২ ২ ২ ১
২। পরীতোষী। চতাসূ ৩ তাম্। ঔ ৩ হো ৩ বা। ঔ ৩ হো ৩ বা।

২ ২ ২ ২ ৫ ২ ১র ২র ১ ২ ২১
ঔ ৩ য়া। ঔ ৩ য়া ৩ ৪। হা। হাউবা। সোমো ২ যউত্তমং হবীঃ।

৫র র ২১ ২ ২ ২ ২ ২ ২ ২ ২
সোমোযউ। তমাং হা ৩ বীঃ। ঔ ৩ হো ৩ বা। ঔ ৩ হো ৩ বা।

১　২　১　২　৫　২　১র　র　১র
ঈ৩য়া। ঈ৩য়া৩৪। হা। হাউবা। দধন্বা৬যোনর্য্যো। ২

১　২১র　৫র　১১র　১　২　১২　২
প্সু বস্তরা। দধন্বা৬যাঃ। নর্য্যো ২। আ। প্সূ৩আস্তা৩রা।

১　২　২　১　২　২　৫　২　৫
ঔ৩হা৩বা। ঔ৩হো৩বা। ঈ৩য়া৩৪। হা।

২　১র　র　৩　৫র
হাউবা। সুষাবসোমমদ্রিভী২৩৪ঃ। সুষাবসো।

২১২　২　১　২　২　১　৩　২
মমাদ্রী৩ভাই। ঔ৩হো৩বা। ঔ৩হো৩বা।

১　২　১　২　৫　২
ঈ৩য়া। ঈ৩য়া৩৪। হা। হাউবা

২A　A　৫
৩। উ৩২৩৪পা॥

* * *

৫র র　র র　২র　১　১　২　৩র২
৩। ঔহোইপরীতোষী। চন্তাসুতম্। ঔ৩হোই। ঔহোই।

১　২র　২　১র ১র　১২১২১　১　২
আ৩। ঔহো৩বা। সোমো২যউত্তম৬হবিঃ। ঔ৩হোই।

৩র২　১　২র　২　১র　র১র　১২১র
ঔহোই। আ৩। ঔহো৩বা। দধন্বা৬যোনর্য্যো২প্সু বস্তরা।

১　২　৩র২　১　২র　২　১র　র
ঔ৩হোই। ঔহোই। আ৩। ঔহা৩বা। সুষাবসো-

২　১　২　৩র২　১
মদ্রিভিঃ। ঔ৩হোই। ঔহোই। আ২৩৪।

৫　৫
উহুবা৬হাউ। বা॥ ॥

* * *

৪　৫　২র১১র　১　২র৩২র৩
৪। প। বৈপারী। তাবিশ্বতা২সুতম্। আউবা২৩। হাউহাউ।

১　২　১র১র　১২১২১　২র৩২র৩
হো৩বা। সোমো২যউত্তম৬হবিঃ। আউবা২৩। হাউহাউ।

S ২ ১র র Sর ১ ২১
হো • বা। দধন্বা৺যোনর্যো২ প্সুবন্তরাউ। বা২৩।

২র৩২র S ২ ১র ২ ২র৩২র৩
হাউহাউ। হো ৬ বা। সুষাবা২৩.গো ঔঁ। হাঁউহাউ।

S ২ ৩২ ১
হো ৬ বা। মম। দ্রা২৩৪ইডা ই।

৫ ৫
উহুবা ৬ হাউ। বা॥

* * *

৫রর র ২রর ১৭ ২A ৩
৫। পরিতোষিঞ্চতাসুতম্। এ। সোমোযউ ৩ ত্তামৎ৺হাবিঃ। দা২৩৪

৫ ২ ১র র র ৭ ২A ৩ ৫ ২
ধা। হাই। স্বা৺যোনর্যোঅপ্সুঅন্তারা। সু২৩৪বা। হাই।

১র২১ ৫ ৪
বাসোমমো২৩৪বা। দ্রা ৫ ইডো ৬ হাই॥

* * *

৫রর র ২রর ১৭ ২A
৬। পরীতোষিঞ্চতাসুতম্। এ। এ। সোমোযউ ৩ ত্তামৎ৺হাবিঃ।

৩ ৫ ২ ২ ১র র র ৭ ২A ৩
দা২৩৪ধা। হা ৩ হাই। স্বা৺যোনর্যোঅপ্সুঅন্তারা। সু২৩৪

৫ ২ ২ ১র২১ ৫ ৪ ৫
বা। হা ৬ হাই। বাসোমমো২৩৪বা। দ্রা ৫ ই ডো ৬ হোই॥

* * *

৪৫র৪র৫ র ৪ ১রর ২১ ২ ১২
৭। পরীতোষিঞ্চতাসুতম্। ইহা। সোমোষ উত্তম৺হা২৩বোঃ। ইহা।

১র র র ২১ ২ ১২ ১র ২ ১২
দধন্বা৺যোনর্যোঅপ্সুবন্তা২৩রা। ইহা। সুষাবা২৩গো। ইহা।

১ ১A ৩ ৫রর ৩ ৫
মমা২৩। দ্রা২ইডা২৩৪ঔহোবা। ঈ২৩৪হা॥

* * *

৪ ৫র ৪র ৫ র ৪ ১র র ২ ১ ২
৮। ইহা। পরীতোষিঞ্চতাসুতম্। ইহা। গোমোষউত্তম৮ হা ২ ৩ বোঃ।

১ ২ ২ ৫ ২ ১র র র ২ ১ ২ ১২
ইহাউবা ৩। উ ৩ ৪ পা। দধন্বা৮ যোনর্য্যোঅপ্সুবন্তা ২ ৩ রা। ইহা

২ ৫ ২ ১র ২ ১ ২ ২
উবা ৩। উ ৩ ৪ পা। সুষাবা ২ ৩ সো। ইহাহাউবা ৩। উ

৫ ২ ১ ২ ১ ২ ২ ৫
৩ ৪ পা। মদ্রা ২ ৩ ইভোঃ। ইহাউবা ৩। উ ৩ ২ ৩ ৪ পা॥

* * *

৪ ৫র ৪র ৫ র র ২র ১র ২ ১ ২ ৩ ২ ১ ২ ৩
৯ পরীতোষিঞ্চতাসুতাম্। গোমোষউ। ত্তম৮ হবাইঃ। দাধাও ২ ৩ ৪

৫ ৩ ৫ ১র র র ২ ১ ২ ১র
বা। উ ২ ৩ ৪ পা। ম্ব৮ যোনর্য্যোঅপ্সুবন্তা ২ ৩ রা। সুষাবা ২ ৩

২ ১ ২ ১ ২ ১
সো। মামদ্রিভিঃ। ইডা ২ ৩ ভা ৩ ৪ ৩। ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥

* * *

৪ ৫র ৪র ৫ র ৪ ৫ ৫ ১র ৪র ১ ২ ১ ২ ১
১০ পরীতোষিঞ্চতাসুতম্। ও ৬ বা। গোমো ২ ষউত্তম৮ হবিঃ।

২ ২ ২ ১ ৪র ১ ২ র ২
দধান্বা৮ যো ৩। হা ৩ হাই। নর্য্যো ২ প্সুবন্তরা। সুষাবাসো ৩।

২ ১ ২ ১ ২
হ ৩ হ। মামদ্রিভিঃ। ইডা ২ ৩ ভা ৩ ৪ ৩।

১
ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥

* * *

৪ ৫র ৪র ৫ ৬ ৪ ১র র —
১১। পরীতোষিঞ্চ। তা ৫ সুতাম্। গোমো ষ উত্তামা ২ ১ ২ ম্।

১ — ১র র র র — ১ — ১র
হাবী ২ঃ। দধন্বা৮ যোনর্য্যোঅপ্সুবা ২ ১ ২। ন্তারা ২। সুষাবা

২ ২ ১ ৫ ৫ ৫
২ ৩ সো ৩। মদো ২ ৩ ৪ বা। দ্রা ৫ ই ভো ৬ হাই॥

* * *

১র র — ১র — ১র — ১র — ১র২
১২। পরীতোষা২ই। চতাসুতা২ম্। ঐহী২। ঐহী২। ঐহিহা

— ১ — S ২ ১রর — ১
২ই। উবা২ই। ঈ৩য়া। সোমোযউ২। ত্তম৺হবী

— ১র — ১র — ১র২ — ১ —
২ঃ। ঐহী২। ঐহী২। ঐহিহা২ই। উবা২ই।

S ২ ১র র — ১ — ১র —
ঈ৩য়া। দধন্বা৺যোনর্য্যো২। অপ্সুবন্তরা২। ঐহী২।

১র — ১র২ — ১ — S ২
ঐহী২। ঐহিহা২ই। উবা২ই। ঈ৩য়া।

১র — ১ — ১র — ১র —
সুষাবসো২। মমদ্রিভা২ই। ঐহী২। ঐহী২।

১র২ — ১ — S ২
ঐহিহা২ই। উবা২ই। ঈ৩য়া৩৪৩।

১
ও৩৪৫ই ডা॥

৩২৲৩৫ ৩২ ৩২৲৩৫ ২রর ৲৩২র৩৫ ৩২৲৩৫
১৩। উপাউপ। উপা৩১। উপাউপ। পরীতোষিঞ্চতাসুতম্। উপাউপ।

৩২৲ ৩২৲৩৫ ২রর ৲৩২.৩২ ৩২৲৩৫ ৩২
উপা৩১। উপাউপ। সোমোযউত্তম৺হবিঃ উপাউপ। উপা৩১।

৩২৲৩৫ ২ র র Sর ২৲৩২র ৩২৲৩৫ ৩২
উপাউপ। দধন্বা৺যোনর্য্যো৩অপ্সুবন্তরা। উপাউপ। উপা৩১।

৩২৩৫ ২র র৩২৩২ ৩২৲৩৫ ৩২
উপাউপ। সুষাবসোমমদ্রিভিঃ। উপাউপ। উপা৩১।

৩২ ৪ ৫ ৫
উপা৩উ৫পা৬৫৬। উ২৩৪পা॥

১৪। হাউহাউহাউবা। পরীতোষিঞ্চতাসুতম্। উপা২৩৪৫। হাউহাউ-
হাউবা। পরীতোষিঞ্চতাসুতম্। ইহা। উপা২৩৪৫। হাউহাউ-
হাউবা। পরীতোষিঞ্চতাসুতম্। ইহা। উপা২৩৪৫। হাউহাউ
হাউবা। পরীতোষিঞ্চতা সুতম্। শ্রবোবৃহৎ। উপা২৩৪৫।
হাউহাউহাউবা। পরীতোষিঞ্চতাসুতম্। সোমো২যউত্তমম্‌
হবিঃ। দধন্বাং যোনর্য্যো২প্স্বন্তরা। সুষাবসো
২৩৪৫। হাউহাউহাউবা। এ৩।
মমদ্রিভো২৩৪৫॥

* * *

১৫। হাও২৩৪বা২। হা৩আ২৩৪বা। হাউবা। পরীতো-
ষিঞ্চতাসুতম্। সোমো২যউত্তমম্‌ হবিঃ। দধন্বাং যোনর্য্যো২
প্স্বন্তরা। সুষাবসোমমা। হাও৩৩৪বা। ২। হা৩ও
২৩৪বা। হাউবা৩। দ্রা৩ইডা২৩৪৫॥২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে মম মনঃ! 'যঃ সোমঃ' (যঃ সত্ত্বভাবঃ) 'উত্তমং' (শ্রেষ্ঠং) 'হবিঃ' (দেবপূজোপকরণং) তং 'সুতং' (বিশুদ্ধং—সত্ত্বভাবং ইতি যাবৎ) 'ইতঃ' (ইহ, হৃদি ইত্যর্থঃ) 'পরিষিঞ্চত' (উৎপাদয়); 'অদ্রিভিঃ' (কঠোরতপোসাধনেন) 'সুষাব' (অভিষুতঃ, বিশুদ্ধঃ)

'অপ্সু, অন্তর' (অমৃতমধ্যেস্থিতঃ, অমৃতপ্রাপকঃ) 'নর্য্যঃ' (নরাণাং হিতকারকঃ) 'যঃ' (যঃ সত্ত্বভাবঃ) তং 'সোমং' (সত্ত্বভাবং) 'সস্বান্' (গচ্ছন্, প্রাপয়ন্, প্রাপয় ইত্যর্থঃ); সৎকর্ম্মসাধনেন লোকানাং হিতসাধকং বিশুদ্ধং সত্ত্বভাবং বয়ং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প ৫অ-৫খ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে আমার মন! যে সত্ত্বভাব শ্রেষ্ঠ দেবপূজোপকরণ, সেই বিশুদ্ধ সত্ত্বভাবকে হৃদয়ে উৎপাদন কর; কঠোরতপোসাধনের দ্বারা বিশুদ্ধ, অমৃতপ্রাপক, মানুষের হিতকারক যে সত্ত্বভাব সেই সত্ত্বভাবকে প্রাপ্ত হও। (প্রার্থনার ভাব এই যে,—সৎকর্ম্ম সাধনের দ্বারা, লোকের হিতসাধক বিশুদ্ধ সত্ত্বভাব আমরা যেন লাভ করিতে পারি।)। (৩প—৫অ—৫খ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ঋত্বিজঃ! 'সুতং' অভিষুতং 'সোম' 'ইতঃ' অস্মাৎ কর্ম্মণস 'ঊর্দ্ধং' অথবা অস্মাৎ প্রদেশাদূর্দ্ধং 'পরিষিঞ্চত' বসতীবরীভিঃ। 'ইতোষিঞ্চত' ইত্যত্র সংহিতায়াং ছান্দসং রোরুত্বম। আদেশপ্রত্যয়য়োরিতি ষত্বং 'যশ্চ' সোমঃ দেবানাম 'উত্তমং' প্রশস্তং 'হবিঃ' ভবতি। অপিচ 'নর্য্যঃ' মনুষ্যায় হিতঃ 'যঃ' চ সোমঃ 'অপ্সু' বসতীবরীষু 'অন্তর' অন্তরিক্ষে বাস্তব্ 'দধন্বান' গচ্ছন ভবতি। তং সোমং 'অদ্রিভিঃ' গ্রাবভিঃ অধ্বর্য্যুঃ 'সুষাব' অভিষুতং চকার তং পরিষিঞ্চতেতি সম্বন্ধঃ। (৩প—৫অ—৫খ-২সা)।

দ্বিতীয় (৫১২) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী আত্মোদ্বোধন-মূলক। উহা দুইভাগে বিভক্ত। উভয় অংশেই সাধকের নিজহৃদয়ে সত্ত্বভাব লাভের জন্য প্রচেষ্টা লক্ষিত হয়।

এই মন্ত্রের মধ্যে দুইটী পদ বিশেষ ভাবে প্রণিধানযোগ্য। তাহা—'উত্তমং হবিঃ'। সত্ত্বভাবই দেবপূজার শ্রেষ্ঠ উপকরণ। দেবপূজার উদ্দেশ্য—দেবতাকে লাভ করা, দেবভাব প্রাপ্ত হওয়া। সেই উদ্দেশ্য সাধনের উপায়—হৃদয়ে সত্ত্বভাবের উপজন। ভগবান্ মানুষের পূজা গ্রহণ করেন—যদি সেই পূজা বিশুদ্ধ হৃদয়ে সম্পন্ন করা হয়। সত্ত্বভাবময় ভগবান্ তাঁহার প্রিয় সন্তানগণের মধ্যে সত্ত্বভাব দেখিলেই সন্তুষ্ট হয়েন। তাঁহাদিগকে আপনার কোলে টানিয়া নেন। ভগবান্ মানুষের বাহ্য পূজা উপাসনা অথবা প্রার্থনা দেখেন না—তিনি দেখেন মানুষের হৃদয়। হৃদয়ের বিশুদ্ধ ভাব দিয়াই তাঁহার প্রকৃত পূজা হয়। তাই বলা হইয়াছে,—সোমঃ উত্তমং হবিঃ—সত্ত্বভাবই শ্রেষ্ঠ পূজোপকরণ। তাই বলা হইয়াছে,

"হে আমার মন! যদি তুমি জীবনের উদ্দেশ্য সফল করিতে চাও, তবে হৃদয় পবিত্র কর, সত্ত্বভাবের অনুসরণ কর। কঠোর সৎকর্ম্ম সাধনের দ্বারা হৃদয়ে বিশুদ্ধ সত্ত্বভাব উৎপাদন কর। সত্ত্বভাবময় সেই পরম পুরুষকে সত্ত্বভাবের অর্ঘ্যই প্রদান করা চাই। তবেই তোমার জীবন সফল হইবে—ধন্য হইবে। সৎকর্ম্মসাধনের দ্বারা শুদ্ধসত্ত্ব লাভ হয়। সুতরাং সেই পরম আকাঙ্ক্ষণীয় দেবপূজার শ্রেষ্ঠ উপকরণ লাভ করিবার জন্য আমরা যেন উদ্বুদ্ধ হই—মন্ত্রে এবংবিধ ভাবই বিবৃত হইয়াছে। (৩প—৫অ - ৫খ—২সা)। *

—— * ——

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১র ২র ৩ ১র ২র ৩ ১ ২
আ সোম স্বানো অদ্রিভিস্তিরো বারাণ্যব্যয়া।
৩ ২ ৩ ২ ৩ক ২র ৩ ২ ৩ ২ ৩
জনো ন পুরি চম্বোর্ব্বিশদ্ধরিঃ সদো
১ ২
বনেষু দধ্রিষে॥ ৩॥

গেয়-গানং।

১ ৫ ২ র ৫র ১ ২ ৩ ৫ ২ ১র
১। আ ৫ ৩ ৪ সো। মস্বানো ৩ আ। দ্রাইভা ও ২ ৩ ৪ বা। ভিরো-
র ২র ১ ১ ২ ৩ ৫ ১ ২ ৩ ৫
বারা ২ ণিঅব্যয়া ২ ৩। জানাও ২ ৩ ৪ বা। নাপাও ২ ৩ ৪ বা।
১ ৫র ৫র ১ ১ ২ ৩ ৫ ১ ২ ৩
রিচমুবোবো ২ র্ব্বিশদ্ধরী ২ ৩ঃ। সাদাও ২ ৩ ৪ বা। বানাও
৫ ৪ ৪ ২
২ ৩ ৪ বা। যুদা ৫ ধ্রিষাই। হো ৫ ই। ড॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বাদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান পনরটী। উহাদের নাম,—"আছিদ্রম্" "রয়িষ্ঠং" "ভারদ্বাজে দ্বে" "আভীশবং" "উত্তরমাভীশবম্" "মাণ্ডবম্" "মাণ্ডবমুত্তরম্" "অভীবাসঃ সাম" "পরিবাস সামঃ" "বৈণবম্" "সৌমক্রতবীয়ম্" "গর্গঃ" "প্রতোদঃ" মহাযৌধাজয়ম্"

৫র ১র ১ ২ ৩ ৫ ২ ৩ ৫ ২
২। হাবাসোমস্বা। নোঅগ্ন্রা ২৩৪ ইভীঃ। তিরোবা ২৩৪ রা। সিয়া ৩ ১

৫ ২ ৩ ৫ ২ ৩ ৫
উবা ২৩। ষা ২৩৪ য়া। জনোনা ২৩৪ পু। রাইচামূ ২৩৪ বোঃ।

২ ৫ ২ ৩ ৫
বিশা ৩ ১ উবা ২৩। হা ২৩৪ রোঃ। সদোবা ২৩৪ নে।

২ ৫
যুদা ৩ ১ উবা ২৩। শ্রী ২৩৪ যে ॥

* * *

৩র ৫র ৫ ৩র ৫ ৫ ২ ১র র ২
৩। আসোমস্বানোঅদ্রিভাইঃ। তিরোবারাণিআব্যা ১ য়া ২।

১ র ২ ১ ২ ৩ র ২ ১
জনোনপুরিচামূ ১ বো ২ ঃ। বিশাদ্ধা ১ রী ২ ৪। সদোবনাই।

৩ ২ ১
ষ ২ দ্রিয়ে ২ ৩ ৪ ৫ ই। ডা ॥

* * *

৩র ৪র র ৩র ৪ ৫ র ২ ৪র ৫ ৪ ৫ ১ র
৪। আসোমস্বানোঅদ্রিভিঃ। তিরোবা ৩ রাণিঅব্যয়া। জনোনপুরি-

র ২ ১ ১ ২ ১ র র
চমুবোর্বিশদ্ধরিঃ। ঔ ২। হুবাই। হো ৩ বা। সদোবনেষুদৌ ২।

১ ২ ১ ২ ৪ ৫ ৪
হুবাই। হো ৩ বা। শ্রিষা। ঔ ৩ হোবা। হো ৫ ই। ডা ॥ ৪ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব) 'অদ্রিভিঃ' (কঠোরসৎকর্ম্মভিঃ) 'স্বানঃ' (অভিষূয়মাণঃ, বিশুদ্ধঃ) 'বারাণি' (অমৃতানি, অমৃতযুক্তঃ ইত্যর্থঃ) 'অব্যয়া' (নিত্যং, অবিনাশী) তৎ 'আ তিরঃ' (আ তীর্ণং, অস্মাকং হৃদয়ং তীর্ণং কুরু, পরিপ্লুতং কুরু, অস্মাকং হৃদয়ং প্রাপয় ইত্যর্থঃ); 'জনঃ ন' (জনঃ যথা) 'পুরি' (নগরং) 'বিশৎ' (প্রবিশতি) তদ্বৎ 'চম্বোঃ' (দ্যাবাপৃথিব্যো—স্থিতঃ ইতি যাবৎ, দ্যুলোকভূলোকস্থিতঃ ইত্যর্থঃ) 'হরিঃ' (পাপহারকঃ) ত্বং 'বনেষু' (কিরণময়ে, জ্ঞানালোকিতে, জ্ঞানালোকিতং কৃত্বা ইত্যর্থঃ) 'সদঃ' (স্থানং, অস্মাকং হৃদয়ং ইত্যর্থঃ) 'দধ্রিষে' (ধারয়, প্রবেশয় ইতি ভাবঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং জ্ঞান-সমন্বিতং পাপনাশকং সত্ত্বভাবং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প—৫অ—৫খ—৩সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! কঠোর সৎকর্ম্মের দ্বারা বিশুদ্ধ, অমৃতযুক্ত, অবিনাশী তুমি আমাদিগের হৃদয়কে প্রাপ্ত হও; লোক যেমন নগরে প্রবেশ করে সেই-রূপ দ্যুলোকভূলোকস্থিত পাপহারক তুমি জ্ঞানালোকিত করিয়া আমা-দিগের হৃদয়ে প্রবেশ কর। (প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন জ্ঞান সমন্বিত পাপ নাশক সত্ত্বভাব লাভ করি।)। (৩প—৫অ—৫খ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'সোম!' 'অদ্রিভিঃ' গ্রাবভিঃ 'সূয়মানঃ' অভিষূয়মাণস্ত্বম 'অব্যয়া' অবিময়ানি 'বারাণি' বালানি পবিত্রাণি 'তিরস্' কুর্ব্বন ব্যবধায়কানি কুর্ব্বাণঃ সন্ 'আ পবসে' আভিমুখ্যেন ক্ষরসি। 'হরি' হরিতবর্ণঃ স সোমঃ চম্বোরধিষবণফলকয়োরুপরিস্থিতে কলশে 'বিশৎ' প্রাবিশতি। তত্র দৃষ্টান্তঃ—'জনো ন' যথা জনঃ 'পুরি' পুরে প্রাবিশতি। স ত্বং বনেষু কাষ্ঠনির্ম্মিতেষু পাত্রেষু 'সদঃ' স্থানং 'দধ্রিষে' 'দধিষে' ইতি সাম্যাঃ পাঠৌ। (৩প-৫অ-৫খ—৩সা)।

* * *

তৃতীয় (৫১৩) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের কয়েকটী পদের ব্যাখ্যা উপলক্ষে প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদিগের মতদ্বৈধ ঘটিয়াছে। ভাষ্য এবং নিম্নোদ্ধৃত একটি বঙ্গানুবাদ হইতে তাহা উপলব্ধ হইবে। প্রচলিত বঙ্গানুবাদটি এই,—"হে সোম! প্রস্তরের দ্বারা তুমি নিষ্পীড়িত হইতে হইতে মেষের লোমকে আচ্ছাদন করিতেছে। দুই ফলকের উপরিস্থিত কলসের মধ্যে সোম প্রবেশ করিতেছেন। পরে উজ্জ্বল হইয়া ভিন্ন ভিন্ন কাষ্ঠ নির্ম্মিত পাত্রে স্থান গ্রহণ করিতেছেন।"

মন্ত্রান্তর্গত 'অদ্রিভিঃ' পদের ব্যাখ্যা সম্বন্ধে চতুর্থ খণ্ডের তৃতীয় সামের ব্যাখ্যা দ্রষ্টব্য। 'অব্যয়া' পদে আভিধানিক অর্থ 'নিত্য, অবিনাশী' শব্দদ্বয় গ্রহণ করিয়াছি এবং সত্ত্বভাব সম্বন্ধে তাহা সঙ্গত অর্থ। সত্ত্বভাব চিরাবস্থমান, অক্ষয়, অব্যয়। উহা ভগবৎশক্তি, তাহার বিনাশ নাই, ধ্বংস নাই। 'তিরঃ' পদের 'তীর্ণঃ' অর্থ নিরুক্ত-সম্মত। তাই ঐ পদে 'তীর্ণং কুরু' অভিভূত কর, অর্থাৎ আমাদিগের হৃদয়ে প্রবিষ্ট হইয়া হৃদয়কে পরিপ্লুত কর—এই অর্থ গ্রহণ করিয়াছি। 'চম্বোঃ' পদের ব্যাখ্যা সম্বন্ধে তৃতীয় খণ্ডের চতুর্থসামের ব্যাখ্যা দ্রষ্টব্য। অন্যান্য বিষয় আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দৃষ্টেই পরিস্ফুট হইবে। (৩প-৫অ-৫খ—৩সা)। *

* ইহ সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের দশমী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান চারিটি। উহাদের নাম; "আশ্ম" "সোমসাম"।

চতুর্থং সাম।

১ ২ ৩১ ২ ৩ ২৩১ ২ ৩ ১ ২
প্র সোম দেববীতয়ে সিন্ধুর্ন পিপ্যে অর্ণসা।
৩ ১র ২র ৩ ১র ২র ৩ ২ ৩
অংশোঃ পয়সা মদিরো ন জাগৃবিরচ্ছা
১ ২ ৩ ১ ২
কোশং মধুশ্চুতং ॥ ৪ ॥

* * *

গেয়-গানং।

৫ র ২ ৯ ৩ ৫ ২ ১ ২
১। প্রসোমদা। বাবীতা ২ ৩ ৪ য়াই। সিন্ধূর্ণপাইপ্যা ৩ ১ উবা
৫ ২ ৯ ৩ ৫ ২র ১ র ২
২ ৩। পা ২ ৩ ৪ সা। আংশোঃ পা ২ ৩ ৪ য়া। সামদাইরোনজা
৫ ২ ৩ ৫
৩ ১ উবা ২ ৩। গৃ ২ ৩ ৪ বীঃ। আছাকো ২ ৩ ৪ শাম্।
২ ৫
মধা ৩ ১ উবা ২ ৩। শচ ২ ৩ ৪ তাম্ ॥

* * *

৩ ৪র ৫ র ৪৫র ৩ ৫ ৩ ৪ ৩ ৪ ৫র ৩
২। প্রসোমদেববী। তয়ো ২ ৩ ৪ হাই। সিন্ধুর্ণপিপ্যে অ। র্ণসো
৫ ১ ২৯ ৩ ৫ ১ ২৯ ৩ ৫ ৪র ৩র
২ ৩ ৪ হাই। আংশো ও ২ ৩ ৪ বা। পায়াও ২ ৩ ৪ বা। সামদিরা-
৪ ৫র ৩ ৫ ৫ ১ ২৯ ৩ ৫ ১ ২৯
নজা। গৃ ২ ৩ ৪। বী ৬ হাই। আছাও ২ ৩ ৪ বা। কোশাও
৪ ৪
২ ৫ ৪ বা। মধূ ৫ শ্চুতাম্। হো ৫ ই। ডা ॥

* * *

২ ১র ধর ৪র ১ র র র
৩। প্রসোমা ২ ৩ দেববী ৩ য়াই। সাইন্ধুর্নপিপ্যেঅর্ণসা৬শোঃপয়-

র ২ ৩র ২ ১ — ১ ২ ১র র ২২র ২
সামদিরোনজোহা ৩। হুম্মা ২ গৃ ২ ৩ বীঃ। অচ্ছাকোশাম্মধোহো ৬।

১ — ১ ৪ ৫ ৪
হুম্মা ২। শ্চুতাম্। ঔ ২ ৩ হোবা। হো ৫ ই। ডা॥

* * *

৩ ৪র র৩৪র৫র ৩২ ৩র৪র৫ ২র১
৪। প্রসোমদেববীতয়ে। সিন্ধুঃ। নপা ৩ ৪ ঔহোবা। প্যেঅর্ণসা ২।

২ ২ ৩ ২ ৪ ৫র ৪
হা ৩ ১ উবা ২ ৩। উ ৩ ৪ পা। অ৬শো ৩ ঃ পয়ঃ। ঔহোবা-

৫ ১ ২ ১ ২র১র ২
হাই। সামদিরো। নজাগৃবিঃ। হা ৩ ১ উবা ২ ৩। উ

৫ ৩২ ৪র ৫র ৪ ৫ ৩২
৩ ৪ পা। অচ্ছা ৩ কোশম্। ওহোবাহাই। মধু ৩

৪ ৩ ১ ১ ১ ১
শ্চ ৫ তা ৬ ৫ ৬ ম্। উ ২ ৩ ৪ ৫॥

* * *

৫ র র ৫র ২১২১ ২র ১ — ১২
৫। প্রসোমদাইবা ৩ বীতয়াই। সিন্ধুর্নপাই। পোঅর্ণসা ২। ইহা ৩।

১ ২ ৪৫ ২৲ ৩ ৫ ১ ২ ১ ২র১
আ৬শো ৩ ঃ পায়া। হাহো ২ ৩ ৪ হা। সামদিরো। নজাগৃ ২ ৩

২ ১২ ১ ২ ৪ ৫ ২৲ ৩ ৫
বীঃ। ইহা ৩। আচ্ছা ৩ কাশাম্। হাহো ২ ৩ ৪ হা।

৩২ ৪ ৩ ১ ১ ১ ১
মধু ৩ শ্চ ৫ তা ৬ ৫ ৬ ম্। হে ২ ৩ ৪ ৫॥ ৪॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'সিন্ধুঃ নঃ' (সমুদ্রঃ যথা জলেন সর্ব্বং পূরয়তি তদ্বৎ) ত্বং 'দেববীতয়ে' (দেবতর্পণায়, ভগবদারাধনায়) 'অর্ণসা' (অমৃতেন) 'প্রাপিপ্যো' (প্রপূরয় অস্মান্ ইতি শেষঃ); 'জাগৃবিঃ' (চিরজাগরণশীলঃ, চৈতন্যস্বরূপঃ) 'মদিরঃ' (মদকরঃ, পরমানন্দদায়কঃ) ত্বং 'ন' (সাম্প্রতং, নিত্যকালং ইত্যর্থঃ) 'অংশোঃ পয়সা' (জ্ঞানকিরণস্য অমৃতেন, জ্ঞানামৃতেন সহ ইত্যর্থঃ) 'মধুশ্চ্যুতং' (অমৃতস্রাবিনং, অমৃতধারণসমর্থং ইতি ভাবঃ) 'কোশং' (স্থানং, অস্মাকং হৃদয়ং ইত্যর্থঃ) 'অচ্ছ' (আগচ্ছ, প্রাপয়); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। অস্মাকং হৃদয়ং সত্ত্বভাবপূর্ণং ভবতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প—৫অ—৫খ—৪সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! সমুদ্র যেমন জল দ্বারা সমস্ত পূর্ণ করে, সেইরূপ তুমি ভগবদারাধনার জন্য অমৃত দ্বারা আমাদিগকে পূর্ণ কর; চৈতন্যস্বরূপ পরমানন্দদায়ক তুমি নিত্যকাল জ্ঞানামৃতের সহিত অমৃতধারণসমর্থ আমাদিগের হৃদয়কে প্রাপ্ত হও। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমাদিগের হৃদয় সত্ত্বভাবপূর্ণ হউক।)। (৩প—৫অ—৫খ—৪সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

বিশ্বামিত্রঃ ঋষিঃ। হে 'সোম'! ত্বং 'দেববীতয়ে' দেবানাং পানায় তদর্থং 'অর্ণসা' বলভীবর্য্যাপ্যোনোদকেন 'প্রপিপ্যো' প্রাপ্যায়সে। তত্র দৃষ্টান্তঃ 'সিন্ধুঃ ন' যথা সিন্ধুরুদকেন প্রপ্যায়তে তদ্বৎ (প্যায়তেঃ লিটি লিট্যাঙোশ্চেতি পীভাবঃ) ততঃ স ত্বং 'মদিরঃ' মদকরঃ সুরাদিরিব 'জাগৃবিঃ' জাগরণশীলঃ যদ্বা ন সম্প্রত্যর্থে ইদানীং মদকরো জাগরণশীলস্ত্বং 'অংশোঃ' লতাখণ্ডস্য 'পয়সা' রসেন 'মধুশ্চ্যুতং' মধুররসস্য ক্ষারয়িতারং 'কোশং' দ্রোণকলশং 'অচ্ছ' অভিগচ্ছসি। (৩প—৫অ—৫খ ৪সা)॥

* * *

চতুর্থ (৫১৪) সামের মর্ম্মার্থ।

—— ‡ · ‡ ——

এই মন্ত্রের অন্তর্গত 'সোম' পদের বিশেষণরূপে ব্যবহৃত কয়েকটী পদের প্রতি এবং তাহাদের প্রচলিত ব্যাখ্যার প্রতি লক্ষ্য করিলেই 'সোম' শব্দে কি বস্তু নির্দ্দেশ করে, আমরা তাহার একটা সুন্দর মীমাংসা পাইব। 'সোমঃ' পদের বিশেষণ 'জাগৃবিঃ'। তাহার ভাষ্যার্থ—'জাগরণশীলঃ' অর্থাৎ সর্ব্বদা সচেতন থাকাই যাহার স্বভাব। এখন জিজ্ঞাস্য এই যে, এমন মোহকারক অচেতনকারী মদিরা কিরূপে জাগরণশীল হইতে পারে? সুতরাং স্বতঃই

মনে হয়, ভাষ্যকার এবং প্রচলিত ব্যাখ্যাকারগণ সোমের সত্যস্বরূপ ধরিতে পারেন নাই। তাঁহারা এক সঙ্গেই সোমকে মত্ততাউৎপাদক ও জাগরণশীল উভয় বিশেষণেই বিশেষিত করিয়াছেন। সুতরাং এই ব্যাখ্যায় অসঙ্গতি দোষ লক্ষিত হয়। আমরা 'জাগৃবিঃ' পদে 'জাগরণশীলঃ' অর্থই গ্রহণ করিয়াছি, আর সত্ত্বভাব সম্বন্ধে এই বিশেষণ সম্পূর্ণ উপযোগী। সত্ত্বভাব মানুষের মনে অনন্ত চৈতন্যের জাগরণ আনিয়া দেয়, মানুষ পরম চৈতন্য সত্তার সন্ধান পায়। তাই সত্ত্বভাব চির-জাগরণশীল।

'সিন্ধুঃ ন' উপমা দ্বারাও সত্ত্বভাবের বিশেষত্ব প্রখ্যাপিত হইয়াছে। অসীম অনন্ত সমুদ্র স্বরূপ এই সত্ত্বভাব বিশ্ব ব্যাপিয়া আছে। ইহার আদি নাই, অন্ত নাই। সত্ত্বভাবের উৎপত্তি বিলয় নাই—কারণ তাহা ভগবানেরই শক্তি। এই সত্ত্বভাবামৃত লাভের জন্যই মন্ত্রে প্রার্থনা পরিদৃষ্ট হয়। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে দ্রষ্টব্য। (৩প—৫অ ৫খ—৪সা)। *

পঞ্চমং সাম

১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
সোম উ ষ্বাণঃ সোতৃভিঃ অধি ষ্ণুভিঃ অবীনাম্।

১২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অশ্বয়া ইব হরিতা যাতি ধারয়া মন্দ্রয়া

৩ ১ ২
যাতি ধারয়া ॥ ৫ ॥*

গেয় গানং।

৪ ৫ ২র ১ ২ — ১ ২ ১ ২ ১ ২র র ১ S
১। হাউসোমা। উষ্বাণা ৩ সোতৃ ১ ভো ২। আধিষ্ণুভিরবো ২ নাম্ আশ্বৌ

২ ১র র র ২ — ১ ২ ২
৩ হো। য়েবহরিতাযাত্তাইধা ১ রায়া ২। মন্দ্রায়া ৩ য়া ৬ ৪।

৫র প ৫ ২ ১র ৩ ১ ১ ১ ১
হাওবা। তিধারয়া ১ ২ ৪ ৫ ॥

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের দ্বাদশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, চতুর্দ্দশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান পাঁচটী। উহাদের নাম,—"শ্রৌণিধনমাগ্নেয়ম্" "অগ্নের্ব্বৈশ্বানরস্য সাম" "দ্বিহিঙ্কারংবামদেব্যম্" "উৎসেধঃ" "নিষেধঃ"।

৫র ২ ৪র৫ ৪র ৫ ১ ২ রর ১ ৩
২। সোমউ ৩ষ্বাণঃসোতৃভাইঃ। আধিষ্ণুভিরবোনাম্। আশ্বয়ে ২৩৪

৫ ২১রর ২ ২ ২ ^ ৩ ৫ ৩
বা। হরিতায়াতিধা ১ রা ৩ য়া'। মন্দ্রায়া ২৩৪ য়া। তা ২৩৪

৫ ২১ ২ ৪৫ ৪
ইধা। রয়া। ঔ ৩ হোবা। হা ৫ ই। ডা॥

৪র৫ র৪ ৫র৪৫ ৫ ৪ ১ ২
৩। সোমউষ্বাণঃসোতৃভিঃ। এ ৫। অধী। ষ্ণুভিরা ৩ ১ উবা ২৩।

৫ ১ ২ ১র রর ২
বো ২৩৪ নাম্। আ ২৩ শ্বা। য়েসহরিতায়াতিধা ৩ ১ উবা ২৩।

৫ ১০ ২ ১র২
রা ২৩৪ য়া। মা ২৩ দ্রা। যাযাতিধা ৩ ১

৫
উবা ২৩। রা ২৩৪ য়া॥

৪র ৫র৪ ৫র৫৫ ৪ ৪ ১২১Sর ১ ২র
৪। সামউষ্বাণঃসোতৃভিঃ। এ ৫। অধী। ষ্ণুভিরনী ২। নাম। অশ্বয়েব।

১ ৭ — ১ রর২র ১ ২ ^ ৩ ৫ ২১
হারিতায়া ২। তাইধারয়া। মান্দ্রয়াযোবা। তো ২৩৪ ধা। রয়া।

২ ৪৫ ৪
ঔ ৩ হোবা। হো ৫ ই। ডা॥

৪র৫ র৪ ৫র৪ ৫৪ ৫৪৫র ১২১২১Sর ৭
৫। সোমউষ্বাণঃসোতৃ। ভাই। অধিষ্ণুভিরবী। নান্। আধিষ্ণুভিরনী ২।

১ র ২১রর ২
নাম্। অশ্বয়েবা। হরিতাযাতা ২৩ ইধা। রয়া ৩১ উবা ২৩।

৫ ২ ১৩ ৫ ২ ২৮৩র ৪ ৫
মা ২ ৩ ৪ ৫ দ্রা। য়াযান্তী ২ ৩ ৪ ধা। রয়াঔহোবা॥

৪
হো ৫ ই। ডা॥

* * *

৩র৪ র ৩ ৪র ৫ s ২ ১ ৫৪৫র
৬। গোমউম্রাণঃসোতৃভিঃ। ঔ ৩ হো ৩ ই। আ ২ ৩ ৪। ধিষ্ণুভিরবী-

১ ২র র র ১ ২ ১৩ ৫ ২ ১ র ২
নাম্। আশ্বয়েবহরিতায়া। ভিধারায়ৌ। বা ও ২ ৩ ৪ বা। মন্দ্রয়াযান্তী

২S ২ ৫
৩ধা। হু ৩ মৃ হু ৩ ৪ ৩ ম্। বা ৩ ৪ ৫ য়ো ৬ হাই॥ ৫॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোতৃভিঃ' (পূজাপরায়ণৈঃ জনৈঃ) 'অবীনাং' (জ্ঞানানাং, জ্ঞানস্য) 'স্নুভিঃ' (ধারাভিঃ, প্রবাহৈঃ) 'স্নানঃ' (অভিষুতঃ, বিশুদ্ধঃ সন্ ইত্যর্থঃ) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'উ' (নিশ্চিতং) 'অধি' (অধিগচ্ছতি, তান্ প্রাপ্নোতি ইত্যর্থঃ) 'অশ্বয়া ইব' (ব্যাপকজ্ঞানং যথা সাধকং প্রাপ্নোতি তদ্বৎ) সত্ত্বভাবঃ 'হরিতা' (পাপহারকেন) 'ধারয়া' (প্রবাহরূপেণ) 'যাতি' (গচ্ছতি, সাধকান্ প্রাপ্নোতি) সঃ 'মন্দ্রয়া' (আনন্দদায়কেন) 'ধারয়া' (ধারারূপেণ) 'যাতি' (গচ্ছতি, সাধকান্ প্রাপ্নোতি ইত্যর্থঃ) ; নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। পূজাপরায়ণাঃ জনাঃ জ্ঞানসমন্বিতং সত্ত্বভাবং লভন্তে—ইতি ভাবঃ॥ (৩প—৫অ—৫খ—৫সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পূজাপরায়ণ ব্যক্তিগণ কর্তৃক জ্ঞানপ্রবাহ দ্বারা বিশুদ্ধ হইয়া সত্ত্বভাব নিশ্চিতই তাঁহাদিগকে প্রাপ্ত হয়েন ; ব্যাপকজ্ঞান যেমন সাধককে প্রাপ্ত হয়, সেইরূপ সত্ত্বভাব পাপহারক প্রবাহরূপে সাধককে প্রাপ্ত হয়েন ; তিনি আনন্দদায়ক ধারারূপে সাধককে প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। ভাব এই যে,—পূজাপরায়ণ ব্যক্তিগণ জ্ঞানসমন্বিত সত্ত্বভাব লাভ করেন।)॥ (৩প—৫অ—৫খ—৫সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'সোতৃভিঃ' যুষ্মভিঃ 'খানঃ অভিষূয়মাণঃ 'সোমঃ' 'অবীনাং স্নুভিঃ' (মাংস্পৃৎস্নু-নামুপদাংখ্যানমিতি বার্ত্তিকেন সানুশব্দস্য স্নুভাবঃ) সমুচ্ছ্রিতৈর্বালৈঃ পবিত্রৈরধিযাতি 'অধি' অধিকং গচ্ছন্তি। 'উ' ইতি প্রসিদ্ধৌ। 'অশ্বয়েব' বড়বয়েব হরিতবর্ণয়া ধারয়া যাতি। 'মন্দ্রয়া' মদকারিণ্যা ধারয়া দ্রোণকলশমধিগচ্ছতি। 'উন্থানঃ' 'ইষুবাণঃ' ইতি পাঠৌ॥৫॥

* * *

পঞ্চম (৫১৫) সামের মর্ম্মার্থ।

— • —

মন্ত্রটী নিত্য-সত্য-প্রখ্যাপক। পূজাপরায়ণ ব্যক্তি সত্ত্বভাব লাভ করেন অথবা মন্ত্রের ভাবানুযায়ী বলা যায়—সত্ত্বভাব সাধকের নিকট গমন করে। যাঁহারা ভগবৎপরায়ণ তাঁহাদিগের হৃদয় আপনা হইতেই পবিত্রতার দিকে পরিচালিত হয়, তাঁহাদিগের হৃদয়ে সত্ত্বভাবের সঞ্চার হয়। ভগবানের কৃপায় মানবজীবনের চরম কাম্যবস্তু তাঁহারা লাভ করেন। এই নিত্য-সত্যই মন্ত্রের মধ্যে প্রখ্যাত হইয়াছে।

মন্ত্রটী দুইভাগে বিভক্ত। উভয় অংশেই এক সত্য বিভিন্ন ভাষা ও ভাবধারার মধ্য দিয়া ব্যক্ত হইয়াছে। মন্ত্রের শেষাংশে 'যাতি' ক্রিয়াপদটী নিশ্চয়ার্থে দুইবার ব্যবহৃত হইয়াছে। সত্ত্বভাব সাধকের হৃদয়ে সঞ্চারিত হয়, এই সত্যটী মানবের মনে দৃঢ়রূপে মুদ্রিত করিয়া দিবার জন্যই 'যাতি' পদ দুইবার উক্ত হইয়াছে।

'সোতৃভিঃ' পদে 'পূজাপরায়ণৈঃ জনৈঃ' অর্থ গৃহীত হইয়াছে। এতৎসম্বন্ধে আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম—২৮৭—৮ঋ) দ্রষ্টব্য। 'অবি' অথবা 'অবী' শব্দ জ্ঞানার্থক। এবং ক্ষরণার্থক 'স্নু'-ধাতু-মূলক 'স্নুভিঃ' পদের 'প্রবাহৈঃ' অর্থ পরিদৃষ্ট হয়। তাই আমরা 'অবীনাং স্নুভিঃ' পদদ্বয়ে 'জ্ঞানস্য প্রবাহৈঃ' অর্থ গ্রহণ করিয়াছি। 'উ' অব্যয় এখানে নিশ্চয়ার্থক। ঐ অর্থেই এখানে সঙ্গতি লক্ষিত হয়।

এই মন্ত্রের একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। তাহা হইতে আমাদিগের ব্যাখ্যার সহিত প্রচলিত ব্যাখ্যার পার্থক্য অনুভূত হইবে। অনুবাদটী এই,—"নিষ্পীড়ন কর্ত্তারা সোমকে প্রস্তুত করিতেছেন, তিনি উচ্চস্থানস্থিত মেষলোমের পবিত্রদ্বারা ঝরিতেছেন। তাঁহার উজ্জ্বলধারা ঘোটকের ন্যায় দ্রুত যাইতেছে, তিনি আনন্দবর্দ্ধনকারী ধারার আকারে যাইতেছেন।" আমরা পূর্ব্বাপর সঙ্গতি রক্ষা করিয়া 'অশ্ব' শব্দে 'ব্যাপকজ্ঞান' অর্থই গ্রহণ করিয়াছি। (৩প-৫অ—৫থ—৫সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের অষ্টমী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান ছয়টী। উহাদের নাম,—"সোমসামানিষট্"।

ষষ্ঠং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
তবাহ৺ সোম রারণ সখ্য ইন্দো দিবে দিবে।
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ২উ ৩
পুরূণি বভ্রো নি চরন্তি মামব পরিধী৺রতি
১ ২
তা৺ ইহি ॥ ৬ ॥

* . *

গেয়-গানং।

৫র ২ — ১ র — ১
১। তবাহ৺সো। মরা ২ রণা। রণ। সখ্যইন্দোদিমা ২ ই। দিবাই।
র র র — ১ র
দিবে। পুরূণিবভ্রোনিচরন্তিমা ২ মবা। অব। পরিধী৺রতিতা৺
— ১ ১ ৲ ৩ ৫র র ২^ ৫
২ ইহা ২ ৩ ই। আ ২ ই। হা ২ ৩ ৪। ঔহোবা। উ ৩ ২ ৩ ৪ পা ॥

* * *

৪ ৫র ৪ ২ ১ র র ২ ২ ১'২ ২
২। তবা। তবা। অহ৺সোমরারণ। সখ্যাঙ্গী ৩০ দো। দিবাঔ ৩ হো।
১ — ১র র ২ ২ ২ ১ ২ ২ ১
দাইবে ২। পুরূণিবভ্রোনিচরন্তিমা ১ মা ৩ বা। পরাঔ ৩ হো। ধাই৺-
২ ১ ৫ ৪ ৫
রতিতো ২ ৩ ৪ বা। আ ৫ ইহো ৬ হাই ॥

* * *

৫ র র র ৫র ২ ^ ৩ ৫ ১ ^ ৩
৩। তবাহ৺সোমা ৬ রারণা। সাখ্যাঙ্গী ২ ৩ ৪ ০ দো। দিবেদা ২ ৩ ৪
৫ ৪ ৩র ঘ র ৩ ৪ ৫ র ১ ৫ ৪ ৫ ৪ ৫
ইবে। পুরূণিবভ্রোনচরন্তিমাম। আবা ২ ৩ ৪ হাই। পারীধাই৺রা।
২ ১ ৫ ৪ ৫
তিতা ২ ৩ ৪ বা। আ ৫ ইহো ৬ হাই ॥

* . *

৪৫র৪ ৫র র ৪ ৪ ১২১ ^ ৩৩
৪। তবাহ৺,সোমরৌ। হো ৫ রণা। সাখ্যইন্দো। ২। দিবা ৪ ৪ ৫ ই।

৩ ৫ ১ — ১ — ১র ^ ৩২
দী ২ ৩ ৪ বে। পুরূ ২ ণাইবা ২। ভ্রোনিচরা ২। ন্তিমা ৩ ৪ ৫ মু।

৩ ৫ ২ ১ — ১ ^ ৩২
আ ২ ৩ ৪ বা। পারী ২ ধাই৺্রা ২। ন্তিতা৺্

৩ ৫
৩ ৪ ৫। ঈ ২ ৩ ৪ হী॥

* * *

২৪র৩ ৪র৫র ২৩র৪র৫ ২১ র ২১র
৫। তবাহ৺্সোমরারণ। সখ্যইন্দোদিবেদিবাই। সখ্যইন্দোদিবেদা ২ ৩

২ ১র র ২১র ৩
ইবে। পুরূণিবভ্রোনিচন্তিমামা ২ ৩ বা।

২ ২ ১ ২
পরাইধা ২ ৩ ই৺্রা। ন্তিতা৺্২ ৩ ই হা। ৩ ৪ ৩ ই।

১
ও ২ ৩ ৪ ৫ ই। ডা। ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব) 'অহং' (প্রার্থনাকারী অহং) 'তব সখ্যে' (তব সখিকর্ম্মণি, তব সখিত্বং ইত্যর্থঃ) 'দিবে দিবে' (অনুদিনং, নিত্যকালং) 'রারণ' (রমে, স্তুতিং কুর্ম্মঃ, প্রার্থয়ামি ইত্যর্থঃ); 'বভ্রো' (পালক, আশ্রিতপালক) 'ইন্দো' (হে সত্ত্বভাব) 'পুরূণি' (বহুনি—নিম্নানি ইতি যাবৎ, রিপবঃ ইত্যর্থঃ) 'মাং' 'নিচরন্তি' (বাধন্তে) অতঃ 'তান্ পরিধীন্' (তান্ শত্রূন্) 'অতীহি' (বিনাশয়)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। অয়ং ভাবঃ—ভগবান্ কৃপয়া অস্মভ্যং সত্ত্বভাবং প্রযচ্ছতু, বয়মপি রিপুজয়িনঃ ভবেম॥ (৩প-৫দ—২র্থ—৬সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব। প্রার্থনাকারী আমি তোমার সখিত্ব নিত্যকাল যেন প্রার্থনা করি; হে আশ্রিতপালক সত্ত্বভাব! রিপুগণ আমাকে কষ্ট দিতেছে,

তুমি সেই শত্রুদিগকে বিনাশ কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—ভগবান্ কৃপাকরিয়া আমাদিগকে সত্ত্বভাব প্রদান করুন, আমরাও যেন হইতে রিপুজয়ী হইতে পারি)॥ (৩প—৫অ—১খ—৬সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দো'! সোম! তব 'সখ্যে' সখিকর্ম্মণি অহং 'দিবে দিবে' অন্বহং 'রারণ' রমে, (রণেলিটি উত্তমে পদি রূপম।) হে 'বভ্রো' বভ্রুবর্ণ! সোম! 'পুরূণি' বহুনি রক্ষাংসি 'মাং' তব সখ্যেস্থিতং 'অবচরন্তি' নীচীনং চরন্তি বাধন্তে। যে মাং বাধন্তে তান্ 'পরিধীন্' রক্ষসান্ ত্বং 'অতীহি' আগচ্ছ। (৩প—৫অ—৫খ—৬সা)।

* * *

ষষ্ঠ (৫১৬) সামের মর্ম্মার্থ।

এই প্রার্থনা-মূলক মন্ত্রটীর মধ্যে মানবজীবনের দুর্ব্বলতার একটী চিত্র বিশেষভাবে ফুটিয়া উঠিয়াছে। মানুষ দুর্ব্বল, তাহার চারিদিকে পরাক্রমশালী শত্রুগণ তাহাকে অধঃপতনের দিকে অনবরত টানিতেছে। ভগবানের—ভগবৎশক্তির—সাহায্য ভিন্ন সে আপনার ইচ্ছাসত্ত্বেও অগ্রসর হইতে পারিতেছে না। তাই কাতর ভাবে ভগবানের আশ্রয় ভিক্ষা করিতেছে। "ওগো অনাথের নাথ, দুর্ব্বলের বল! তুমি আসিয়া তোমার এই দুর্ব্বল সন্তানকে রিপুকবল হইতে উদ্ধার কর। আমার শক্তি নাই যে, ভয়ঙ্কর শত্রুদের সঙ্গে সংগ্রামে জয়লাভ করি। আমি পদে পদে পরাজিত ও বিধ্বস্ত হইতেছি। ভীষণ রিপুকুলের আক্রমণে আমি বিব্রত হইয়া পড়িয়াছি। তাই এই বিষম বিপদ হইতে রক্ষা পাইবার জন্য বিপদভঞ্জন তোমার চরণে আশ্রয় লইতেছি। আমি প্রতি মুহূর্ত্তে তোমার অভয় হস্তের আলিঙ্গন কামনা করি। তুমি বন্ধুর মত আসিয়া আমাকে তোমার অনন্ত স্নেহক্রোড়ে আশ্রয় দাও, আমি চিরদিনের জন্য নিশ্চিন্ত হই। ওগো আমায় রক্ষা কর।"

আমাদিগের ব্যাখ্যার সহিত প্রচলিত ব্যাখ্যার অনৈক্য থাকিলেও তাহার মধ্যে এই আশ্রয় প্রার্থনার সুরই ধ্বনিত হইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত করিলাম। "হে সোম! তোমার বন্ধুত্ব লাভের জন্য আমি প্রত্যহ তোমাকে আহ্বান করি। বিস্তর রাক্ষস আমার প্রতি অত্যাচার করিতেছে, এবং আমাকে ঘিরিয়া দাঁড়াইয়াছে; হে পিঙ্গলবর্ণধারী! আমাকে রক্ষা কর রাক্ষসদিগকে নিধন কর।"

অসুরের উপদ্রব হইতে রক্ষা পাইবার জন্য মানবের ইহাই চিরন্তন প্রার্থনা। অনাদিকাল হইতে মানুষ ভগবানের চরণে এই আশ্রয় ভিক্ষা করিয়া আসিতেছে এবং অনন্ত কাল পর্য্যন্ত করিবে। তাহার অন্তরে বাহিরে অসুরকুলের, মানবের ভীষণ শত্রুর, তাণ্ডব নৃত্য চলিয়াছে। তাহার মধ্যে দাঁড়াইয়া আছে—সহায়হীন দুর্ব্বল মানব। জগতের কোথায়ও কেহ নাই যে

তাহাকে এই ভীষণ দৈত্যগণের কবল হইতে উদ্ধার করে। তাই মানুষ জগতের একমাত্র আশ্রয়, সর্ব্বশক্তিমান্ শ্রীমধুসূদনের চরণে আপনার দুর্ব্বলতার অর্ঘ্য নিবেদন করিয়া তাঁহারই করুণা ভিক্ষা করে। মানুষ তাহার অন্তরের অন্তরে জানে যে তাহার একজন আশ্রয়দাতা আছেন—যিনি তাহাকে সর্ব্ববিপদ হইতে উদ্ধার করিয়া তাহাকে তাঁহার মঙ্গলময় ক্রোড়ে তুলিয়া লইবেন। তাই সে বিপদের মুহূর্ত্তে তাঁহাকেই ডাকে—"ত্রাহি মাং মধুসূদন!"

এই মন্ত্রান্তর্গত 'বারণ' পদে বিবরণকার-সম্মত 'স্তুতিংকুর্ম্মঃ' অর্থ গ্রহণ করিয়াছি এবং পালনার্থক 'ভৃ' ধাতু নিষ্পন্ন 'বভ্রো' পদের 'পালক, আশ্রিত পালক' অর্থ পরিগৃহীত হইয়াছে। (৩প---৫অ-৫খ—৬সা)॥*

—— * ——

সপ্তমং সাম।

৩ ১ ২ ৩ ১র ২র
মৃজ্যমানঃ সুহস্ত্যা সমুদ্রে বাচং ইন্বসি।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩
রয়িং পিশঙ্গং বহুলং পুরুস্পৃহং

১ ২ ৩ক ২র
পবমান অভ্যর্ষসি॥ ৭॥

*

গেয় গানং।

৫ র ২ ১ ২ ৪ ৪ ২
১। মৃজ্যমানাঃ। সুহস্তিয়া ৩। সামু ১ দ্রোইবা। চমিন্বসা ৩ ই।

১ ২ ৪ ৪ ১ ৯ ৩ ৫
রায়ো ৩ ০ পাইশা। গম্বহুলা ৩ম্। পুরু ২ স্পৃ ২ ৩ ৪ হায়্।

১ ২র ১ ২ ২ ১ ৫ ৪ ৫
পবমা। না। ওঁ ৩ হো। ভিয়ো ২ ৩ ৪ বা। সা৫ শো ৬হাই॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের ঊনবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান পাঁচটী। উহাদের নাম "বৈষ্ণবম্" "দ্বিতীয়ং বৈষ্ণবম্" "আঙ্গিরসানিত্রীণি"।

৫ র　২ ১ — ১ ২র র　১ ৭
২। মৃজ্যমানাঃ। সুহস্তায়া২। সমুদ্রেবা। চাম্বিন্বাবা২৩৪ই।

৩২　৩২　১　৭ — ১　১
রয়া৩৪ইংপিশা। গম্বহুলংপুরুস্পৃহা২মৃ। পবা২৩। মা

— ৩　৫র র　১২র　৩ ১ ১ ১ ১
২না২৩৪ঔহোবা। ভিয়া২র্ষসী২৩৪৫॥

* * *

৫ র　২　১　২ — ১ —
৩। মৃজ্যমানাঃ। সুহ। স্তিয়া। সা১মু২দ্রাইষা৭। চমি।

১　২ — ১ — ১ ২ ১ ২　২　২
ম্বসাই। য়া১য়ী২৩পাইশা২। গম্বহুলংপুরু, স্পৃহায়। পা১

— ১　১ ৯ ৩　৫র র　৫
বা২মানা২৩। ভা২য়া২৩৪ঔহোবা। ষা২৩৪সী॥

* * *

৫　৫　১র　২　২　১র র　২　২
৪। মৃজ্যা৬এ। মানঃসুহস্তিয়াঔ৩হো। সমুদ্রেবাচম্বিম্বসাঔ৩হো।

১　২　২　১　২
রয়িংপিশঙ্গবহুলং পুরুস্পৃহাঔ২হো। পবমা২৩না৩।

২ ১　৫ ৪ ৫ ৫
ভিয়ো২৩৪বা। ষা৫সো৬হাই।

* * *

৫৪৫র　৪　৫　২ ১　৭ ৯ ৩
৫। মৃজ্যমানঃসুহস্ত্যা। বাহাই। সমদ্রাইবা। চম্বো২ষা২৩৪

৫　৩২　৩২　১ ২　১৭　৩২
সী। রয়া৩৪ইংপিশা। গম্বহুলম্। পুরুস্পৃহা২৩৪মৃ। পবা

৩র২　২ ১　৫　৪　৫
৩৪মানা৩। ভিয়ো২৩৪বা। ষা৫সে৬হাই॥

* * *

৪ র ৪ ১ — ১ — ১ — ১ —
৬। মৃজ্যমানা৫ঃ সুহস্তিয়া। সমু২ দ্রাইবা২। চমা২ ইংম্বাণী২।
১ ২ ২ ১ ২
রয়িংপিশঙ্গংবহুলংপুরুস্পৃহাঔ৩ হো। পবমা২৩না৩।
২ ১ ৫ ৪ ৫
ভিয়ো২ ৪বা। মা৫ সো৬ হাই॥
* * *
৫৪৫র র র ৪৫ ১ ২ ১ ৭ ২
৭। মৃজ্যমানঃসুহস্ত্যা। সমুদ্রেবোবা। চামিম্বসি। রায়িংপিশা৩।
২ ২ ১ ২১ ২ ১ ২ ১ র২ ২ ২
হা৩হা। গম্বহুলংপুরুস্পৃহম্। পবমানা৩। হা৩হা।
১ ২ ১
ভিষর্ষা২৩সা৩৪০ই। ঔ২৩৪৫ই। ডা॥
* * *
৫৪৫র ৪ ১ — ১ — ১ র — ১ ২র১
৮। মৃজ্যমানঃসুহা। স্তিয়া২। সমু২হো। দ্রেবা২হো। চামিম্বসাই।
— ১ — ১ ২১ ২র১ —
ম্বয়া২ শ্বি৬হোই। পিশা২হো। গম্বহুলাম্। পুরুস্পৃহাম্। পবা২
১ র — ১ ২র১ ১
হো। মানা২হো। ভীয়র্ষগা৩১উবা২৩।
২র১র ২ ২
বাজীম্বিগী৩বা৬৲১॥৭॥
* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সুহস্ত্যা' (শোভনহস্ত, শোভনকর্ম্মসম্পাদক, সংকর্ম্মণাং আধার, হে পরমদাতঃ ইতি ভাবঃ) 'মৃজ্যমানঃ' (শোধ্যমানঃ, পবিত্রতাস্বরূপঃ) ত্বং 'সমুদ্রে' (হৃদয়পতি, যথা—সমুদ্রবৎবিশালে ইতি ভাবঃ, হৃৎপ্রদেশে) 'বাচং' (জ্ঞানং) 'ইম্বসি' (প্রেরয়সি, প্রযচ্ছসি); 'পবমান' (হে পবিত্রকারক দেব) ত্বং 'বহুলং' (প্রভূতপরিমাণং) 'পুরুস্পৃহং' (সর্ব্বলোকপ্রার্থনীয়ং) 'পিশঙ্গং রয়িং' (হিরণ্ময়ং ধনং, পরমধনং) 'অভ্যর্ষসি' (প্রযচ্ছ, প্রার্থনাকারিণঃ অস্মভ্যং ইতি শেষঃ)। নিত্যসত্য-প্রকাশকঃ প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। প্রার্থনায়াঃ ভাবঃ—হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং পরাজ্ঞানং পরমধনং চ প্রযচ্ছ—ইতি ভাবঃ॥ (৩প—৫অ ৫খ ৭সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে পরমদাতা! পবিত্রতাস্বরূপ আপনি ইহজগতে অথবা সমুদ্রবৎ বিশাল হৃদপ্রদেশে জ্ঞান প্রদান করেন; হে পবিত্রকারক দেব! আপনি প্রার্থনাকারী আমাদিগকে প্রভূতপরিমাণ সর্ব্বলোকপ্রার্থনীয় পরমধন প্রদান করুন। (মন্ত্রটী নিত্যসত্য প্রকাশক ও প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পরাজ্ঞানরূপ পরমধন প্রদান করুন।)॥ (৩প—৫অ—৫খ—৭সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

বশিষ্ঠঃ ঋষিঃ। হে 'সুহস্ত্যা'! হস্তে ভবা হস্ত্যাঃ অঙ্গুলয়ঃ শোভনাঙ্গুলিক সোম! 'মৃজ্যমানঃ' শোধ্যমানস্ত্বং 'সমুদ্রে' অন্তরিক্ষে কলশে বা 'বাচং' শব্দং ইষ্যসি প্রেরয়সি। কিঞ্চ হে 'পবমান' পূয়মান সোম! 'পিশঙ্গং' হিরণ্যং রজতাদিভিঃ পিশঙ্গবর্ণং 'বহুলং' প্রভূতং 'পুরুস্পৃহং' বহুভিঃ স্পৃহণীয়ং 'রয়িং' ধনম্ অভ্যর্ষসি স্তোতৃণামভিক্ষরসি প্রযচ্ছসীত্যর্থঃ॥ ৭॥

* * *

সপ্তম (৫১৭) সামের মর্ম্মার্থ।

জ্ঞান-স্বরূপ, পবিত্রতা-স্বরূপ পরম পবিত্র ভগবানই জগতে জ্ঞান ধন বিতরণ করেন। জগতের যত আবিলতা, যত মলিনতা তাঁহারই কৃপায় দূরীভূত হয়; পৃথিবী শান্তি-সুখে সুখী হইয়া থাকে। জ্ঞান-স্বরূপ তিনি। তাঁহারই জ্ঞানালোকে জগতের অজ্ঞানান্ধকার দূর হয়। তিনি মানুষকে জ্ঞান-জ্যোতিঃ প্রদান করিয়া পুণ্য পবিত্র পথে চলিবার শক্তি প্রদান করেন। তাঁহারই কৃপায় মানুষ আপনার চরম গন্তব্য পথে চলিতে সমর্থ হয়। মন্ত্রের প্রথমাংশে এই নিত্যসত্যই প্রখ্যাপিত হইয়াছে।

তিনি মোক্ষপ্রদায়ক। যে ধন লাভ করিলে মানুষের আকাঙ্ক্ষণীয় আর কিছু থাকে না, সেই পরম ধনের জন্য মন্ত্রের দ্বিতীয়াংশে প্রার্থনা করা হইয়াছে। তিনি পরমদাতা, তাঁহারই কৃপায় মানব আপনার অভীষ্ট লাভ করিতে পারে। তাই সেই কল্পতরুমূলেই মানব আপনার বাসনা কামনা নিবেদন করে।

এই মন্ত্রান্তর্গত 'সমুদ্রে' পদে নিরুক্ত-সম্মত 'ইহজগতি' অর্থ গৃহীত হইয়াছে। অন্যান্য পদের ব্যাখ্যার জন্য মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দ্রষ্টব্য। (৩প ৫অ ৫খ—৭সা)। *

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের একবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, ষোড়শ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান আটটী। উহাদের নাম, "বারমৌক্ষেক্রং", "ঔক্ষোরন্ধ্রম্" "সাপ্তেমানি ত্রীণি" "ঐড়মৌক্ষোরন্ধ্রং" "বাজজিৎ"।

অষ্টমং সাম।

৩ ১ ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
অভি সোমাস আয়বঃ পবন্তে মদ্যং মদম্।

৩ ১র ২র ৩ ১ ২ ৩ ১ ২
সমুদ্রস্য অধি বিষ্টপে মনীষিণো

৩ ১ ২ ৩ ১ ২
মৎসরাসো মদচ্যুতঃ॥ ৮॥

* * *

গেয় গানং।

২ ২ র র ১ ২ ২ ২
১। হা ৩ হাই। অভিসোমাসা ৩ আয়া ১ বা ২ ৩ঃ। হা ৩ হাই।

র ১ ২ ২ ২ র র
পবন্তেমদো ৩ যাংমা ১ দা ২ ৩ ম্। হা ৩ হাই। সমুদ্রস্যাধিবিষ্টপেমা

১ ২ ২ ২ র র ১ ২
৩ নাইষা ১ ইণা ২ ৩ঃ। হা ৩ হাই। মৎসরাসোমা ৩ দাচ্যু ১

২ ২ ১
তা ২ ৩ঃ। হা ৩ হা ৩ ৪ ৩ ই। ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥

* * *

৪ ৫ ৪ ৫ ২ ৫ ৪ ৫ ৪ ৫
২। আভীসোমা। সআ ৩ ১ উবা ২ ৩। যা ২ ৩ ৪ বাঃ। পাবন্তাইমা।

২ ৫ ৪ ৫ ৪ ৫ ২ ১ র ২
দিয়া ৩ ১ উবা ২ ৩। মা ২ ৩ ৪ দাম্। সামুদ্রস্যা। ধিবিষ্ঠাপেমনা

২ ৫ ৪ ৫ ৪ ৫ ২
৩ ১ উবায়ে ২ ৩। ষো ২ ৩ ৪ ণাঃ। মাৎসারাসাঃ মদা ৩ ১

৫
উবা ২ ৩। চ্যু ২ ৩ ৪ তাঃ॥

* * *

২ ১ ২ ৪র ৫র ২ ১ ২র ১ ২১ ২ ২ ১ ২
৩। অভিসো ৩ মাসআয়বাঃ। পবস্তেমদিয়ম্ম। দা। ঔ ৩ হো। আঔ

২ ১র ২ ১ র২র ১ ২ ২ ১ ২ ২
৩ হো। সমুদ্রস্যাধিবিষ্টপেমনীষি। ণা। ঔ ৩ হো। আঔ ৩ হো।

১র র ২ ১ ২ ২ ১ ২ ২
মৎসরাসোমদচ্যু। ভা। ঔ ৩ হো। আ ঔ ৩ হো ৩ ৪ ৩।

১
ও ২ ২ ৩ ৪ ৫ ই। ডা॥

• • •

৫ ৪ র ৫র র ৪ ৪ ১ র র ২ ১
৪। অভিসোমাসআ। হো ৫ যবাঃ। পবস্তেমস্তম্মদস্পবস্তেম। দিয়া৺-

২ ১ র র র ২ ১
হোই। মা ২ ৩ দাম্। সমুদ্রস্যাধিবিষ্টপেমনীষিণাঃ। মনাহোই।

২ ১র র ২ ১
ষা ২ ৩ ইণাঃ। মৎসরাসোমদচ্যুতাঃ। মদাহোই।

২ ১
চ ৩ ৩ তা ৩ ৪ ৩ঃ। ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥

• • •

১ A ৩র ২ ৩র ৪ র ৪ ১ A ৩র ২
৫। অভা ২ ইসোমা ৩ ৪। ঔহো ৫ সআয়বাঃ। পবা ২ ০ তেমা ৩ ৪।

৩র ৪ ৪ ১ A ৩ ২ ৩র ৪ ৪ ১ ২
ঔহো ৫ দিয়ম্মদাম্। সমু ২ দ্রস্যা ৩ ৪। ঔহো ৫ ধিবিষ্টপাই। ওয়ে

১ A ৩ র র ৩ ৫ ৩ ৫
৩। মা ২ না ২ ৩ ৪ ঔহোবা। ষী ২ ৩ ৪ ণাঃ। ভু ২ ৩ ৪ পা। ২।

৩ ২র ১ ১ A ৩ ২ ৫র র ৩ ৫
মৎসরাসো ২ ৩। মা ২ দা ২ ৪ ঔহোবা। চ ২ ৩ ৪ তাঃ॥

• • •

৪র ৫র ৫ ৫ ৪ র ৫র র ৪ ৫ ৪র ৫র ৪ ১ A ৪র ২ ৪
৬। ঔহোবা। অভিসোমাস আয়ুবঃ। ঔহোবা। পবা ২ তেমা ৩ ও

২ ১ ২ ১ A ৩ ২ ৪
৫ বা ৬ ৫ ৬। দিয়ম্মদম্। সমু ২। দ্রস্যা ৩ ও ৫ বা ৬ ৫ ৬।

২ ১৫র র১১র S ২ ^ ৩র২
ধিবিস্টপে ২ মনীষিণা ২ঃ। ঔ৩হো ৩ ১ ই। মৎসা ২। রাসা
৪ ২ ১৩ ১ ১ ১ ১
৩ ও ৫ বা ৬ ৫ ৬। মদচ্যুতা ২ ৩ ৪ ৫॥

* * *

৫ র র র র ৫ ১ ^ ৩র ২ ৪
৭। অভিসোমাসআয়া ৬ বাঃ। পবা ২। স্তেমা ৩ ও ৫ বা ৬ ৫ ৭।
২ ১২ ১ ^ ৩ ২ ৪ ২ ১ ১র র ১ ১র
দিব্যাস্মদম্। সমু ২। দ্রস্যা ৩ ও ৫ বা ৬ ৫ ৬। ধিবিস্টপে ২ মনীষিণা
১ ^ ৩র২ ৪ ২ ১ ৩ ১ ১ ১ ১
২ঃ। মৎসা ২। রাসা ৩ ও ৫ বা ৬ ৫ ৬। মদচ্যুতা ২ ৩ ৪ ৫ঃ॥

* * *

৫ র র র ৫ ১ ৭ ^ ৩ ৫
৮। অভিসোমাসআয়া ৬ বাঃ। পবন্তাইমা। দিয়া ২ ০ মা ২ ৩ ৪ দাম্।
৩ ২ ১ ২ ১ ২ ৪ ৫ ১ ২ র ১ ১
সমুদ্রস্যা। ধিবিষ্টপাই। মনা ৩ ইষাইণাঃ। মাৎসরাসো ২ ৩। মা
^ ৩ ৫ র র ৩ ৫
২ দা ৩ ৪ ঔহোবা। চ্যা ২ ৩ ৪ তাঃ॥ ৮॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা॥

'আয়বঃ' (দ্রুতগমনশীলাঃ, আশুমুক্তিদায়কাঃ ইত্যর্থঃ) 'মনীষিণঃ' (বিজ্ঞাঃ, প্রজ্ঞানরূপাঃ ইত্যর্থঃ) 'মৎসরাসঃ' (আনন্দজনকাঃ) 'মদচ্যুতঃ' (পরমানন্দদায়কাঃ) 'সোমাসঃ' (সত্ত্বভাবাঃ) 'সমুদ্রস্য' (হৃদাং ইত্যর্থঃ) 'অধিবিষ্টপে' (পরমপবিত্রে প্রদেশে) 'মন্তং' (মদকরং, আনন্দজনকং) 'মদং' (অমৃতস্রোতং) 'অভিপবন্তে' (অভিক্ষরন্তি, প্রবহন্তি ইত্যর্থঃ) নিত্যসত্য-প্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবেন লোকাঃ অমৃতং লভন্তে—ইতি ভাবঃ॥ (৩প-৫অ-৫খ ৮সা)॥

* * *

বঙ্গানুবাদ।

আশুমুক্তিদায়ক প্রজ্ঞানস্বরূপ, আনন্দজনক, পরমানন্দপ্রদায়ক সত্ত্বভাব পৃথিবীর উপরে অর্থাৎ হৃদয়ের পরমপবিত্র প্রদেশে আনন্দজনক অমৃত-

স্রোত প্রবাহিত করেন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে, সত্ত্বভাবের দ্বারা মানুষ অমৃত লাভ করে।)॥ (৩প—৫অ—৫খ—৮সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

বিশ্বামিত্রঃ ঋষিঃ। 'আয়বঃ' গমনশীলাঃ 'সোমাসঃ' সোমাঃ 'মন্দং' মদকরং 'মদং' আত্মীয়ং রসং 'অভিপবন্তঃ' অভিতো নির্গময়ন্তি। কুত্রেত্যুচ্যতে 'সমুদ্রস্য' অন্তরিক্ষস্য 'অধিবিষ্টপে' অধিকং সমুচ্ছ্রিতপবিত্রে। যদ্বা। সমুদ্রস্য যস্মাৎ সমুদ্দ্রবন্তি রসাঃ তস্য কলশস্য অধি উপরি বিষ্টপে স্থানে পবিত্রে নির্গময়ন্তি। কীদৃশঃ? 'মনীষিণঃ' মনসঈশিতারঃ 'মৎসরাসঃ' মদকরাঃ 'মদকরেণ রসেন চ্যাবয়িতারঃ। 'বিষ্টপে' বিষ্টপি 'মদচ্যুতঃ' 'স্বর্ব্বিদঃ' ইতি চ পাঠৌ। (৩প—৫অ ৫খ ৮সা)।

* * *

অষ্টম (৫১৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী এক সত্য তত্ত্ব প্রকটিত করিতেছে। পবিত্র হৃদয়ে সত্ত্বভাবের সমাবেশ হয়, সেই সত্ত্বভাব-প্রভাবে মানুষ আনন্দ-সাগরে মগ্ন হইয়া থাকে; আর সেই চিদ্ঘন চিদানন্দময় ভগবানকে প্রাপ্ত হইয়া মানুষের সর্ব্বার্থসিদ্ধ হয়,—মন্ত্র এই সত্য প্রকটিত করিতেছে।

এই মন্ত্রের ব্যাখ্যা-প্রসঙ্গে আমরা প্রথমে একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদান করিতেছি; যথা,—এই সমস্ত সোমরস, যাহারা দ্রুতগামী, পণ্ডিত, আনন্দকর, এবং ভাবৎবস্তু দিতে পারে, তাহারা কলসের উপরিস্থিত উন্নত পবিত্রে ক্ষরিত হইতেছে।" এই ব্যাখ্যাতে সোমের কয়েকটী বিশেষণের প্রতি লক্ষ্য করা প্রয়োজন। সোমের একটী বিশেষণ 'পণ্ডিত'। অবশ্য 'জ্ঞানদায়ক' অর্থে 'পণ্ডিত' শব্দ ব্যবহৃত হইয়াছে। আমরা যতই সোমরসের বিশেষণ-গুলির সম্বন্ধে আলোচনা করিতেছি, ততই দেখিতেছি যে, সোমরস সাধারণ মদ্য হইতে স্বতন্ত্র-জাতীয় পদার্থ। এ কথা আমরা পূর্ব্বে বহুবার উল্লেখ করিয়াছি এবং বক্ষ্যমাণ মন্ত্রেও পূর্ব্বাপর সেই ভাবই পরিগৃহীত হইয়াছে।

মন্ত্রটী যদিও নিত্য সত্য প্রকাশ করিতেছে; তথাপি মন্ত্রে প্রচ্ছন্নভাবে প্রার্থনার ভাবও বিদ্যমান রহিয়াছে। 'ভগবানের বিভূতি-স্বরূপ শুদ্ধসত্ত্ব হৃদয়ে উপজিত হইয়া 'আমাদিগকে পরমানন্দদানে অমৃতত্বের অধিকারী করুক'—মন্ত্রে এই প্রার্থনার ভাব বিদ্যমান বলিয়া মনে করি। (৩প—৫অ ৫খ ৮সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের চতুর্দ্দশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, চতুর্দ্দশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান আটটী। উহাদের নাম "বৈশ্বদেবে দ্বে" "ইন্দ্রসামনী দ্বে" "স্বঃ পৃষ্ঠম্" "ইন্দ্রনামানি ত্রীণি।"

নবমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
পুনানঃ সোম জাগৃবিঃ অব্যা বারৈঃ পরি প্রিয়ঃ।
১র ২র ৩ ১ ২ ৩ ১
ত্বং বিপ্রো অভবো অঙ্গিরস্তম মধ্বা যজ্ঞং
২
মিমিক্ষ ণঃ ॥ ৯ ॥

গেয় গানং।

৫ র ৪ ৫র ৪র ৫ ৪ ১র র ৭ — ১ র
পুনানঃ সোমজাগৃবিরব্যাঃ। বারৈঃ পারিপ্রিয়া ২ ঃ। ত্বংবিপ্রোঅভবোঙ্গা-
৩২ ১২র ১ ১A ৩
ইরা ২ ৩ ৪। স্তমা ৩। মাধ্বাযজ্ঞা ২ ৩ মৃ। মা ২ ইমা ২ ৩ ৪
৫র র ৩ ৫
ঔহোবা। ক্ষা ২ ৩ ৪ পাঃ ॥ ৯ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব) 'প্রিয়ঃ' (লোকানাং প্রিয়ঃ) 'জাগৃবিঃ' (চিরজাগরণশীলঃ, চৈতন্যস্বরূপঃ ইতি ভাবঃ) 'পুনানঃ' (পূয়মানঃ, পবিত্রতাস্বরূপঃ ইতি যাবৎ) ত্বং 'অব্যা বারৈঃ' (জ্ঞানামৃতৈঃ সহ ইতি যাবৎ) 'পরি' (পরিক্ষর, অস্মাকং হৃদি সমুদ্ভব ইত্যর্থঃ) ; 'অঙ্গিরস্তম' (হে জ্ঞানিনাং শ্রেষ্ঠ, হে শ্রেষ্ঠজ্ঞানাধার) 'বিপ্রঃ' (মেধাবী, সর্ব্বজ্ঞঃ ইতি ভাবঃ) 'ত্বং' 'অভবঃ' (ভবসি, সর্ব্বেষু ভূতেষু নিত্যবর্ত্তমানঃ ভবসি ইত্যর্থঃ) ; অতএব ত্বং 'নঃ' (অস্মাকং) 'যজ্ঞং' (সৎকর্ম্ম) 'মধ্বা' (মধুনা, ভবৎসম্বন্ধিনা অমৃতেন ইত্যর্থঃ) 'মিমিক্ষ' (সিঞ্চ, অভিষিক্তং কুরু ইত্যর্থঃ)। প্রার্থনামূলকোঽয়ং নিত্যসত্যজ্ঞাপকশ্চ। বয়ংপ্রজ্ঞান-সমন্বিতাঃ সন্তঃ সত্ত্বভাবং লভেম ; অস্মাকং সর্ব্ববিধং কর্ম্ম অমৃতলাভায় ভবতু— ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প—৫অ—৫খ—৯সা)।

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! সর্ব্বলোকপ্রিয় চিরজাগরণশীল (অর্থাৎ চৈতন্যস্বরূপ) পবিত্রতাস্বরূপ আপনি জ্ঞানামৃতের সহিত আমাদিগের হৃদয়ে উপজিত হউন; হে শ্রেষ্ঠজ্ঞানাধার! সর্ব্বজ্ঞ আপনি সর্ব্বভূতে নিত্যবর্ত্তমান

রহিয়াছেন; আপনি আমাদিগের সৎকর্ম্ম আপনার সম্বন্ধি অমৃতের দ্বারা অভিষিক্ত করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক ও নিত্যসত্য-জ্ঞাপক। ভাব এই যে, আমরা যেন জ্ঞান-সমন্বিত হইয়া সত্ত্বভাব লাভ করি; আমাদিগের সর্ব্ববিধ কর্ম্ম অমৃত-লাভের জন্য হউক।) ॥ (৩প—৫অ—৫খ—৯সা।) ॥

• . •

সায়ণ-ভাষ্যং।

কাশ্যপঃ ঋষিঃ। হে 'সোম'! 'জাগৃবিঃ' জাগরণশীলঃ 'প্রিয়ঃ' প্রীণয়িতা ত্বং 'পুনানঃ' পূয়মানঃ সন্ 'অব্যাঃ' মেষ্যা 'বারৈঃ বালৈর্নির্ম্মিতে দশাপবিত্রে পরিক্ষরসি। 'অঙ্গিরস্তম' হে অঙ্গিরসাং বরিষ্ঠ! 'বিপ্রঃ' মেধাবী ত্বং পিতৄণাং নেতা 'অভবঃ' ভবসি। স ত্বং নঃ অস্মদীয়ং 'যজ্ঞং' 'মধ্বা' মধুনা আত্মীয়েন রসেন 'মিমিক্ষ' সেক্তুমিচ্ছসি। মিহেঃ সেচনার্থস্য (ভ্বা০ প০) সনি রূপং। (৩প—৫অ—৫খ—৯সা)।

• . •

নবম (৫১৯) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী একটু জটিলতাসম্পন্ন। মন্ত্রের ব্যাখ্যাপ্রসঙ্গে ভাষ্যকারের সহিত আমাদের অনেক স্থলেই মতান্তর ঘটিয়াছে। সুতরাং ভাষ্যকারের ভাব এস্থলে প্রদান করা আবশ্যক বলিয়া মনে করি। ভাষ্যের অর্থ,—'হে সোম, জাগরণশীল প্রীণয়িতা আপনি পূয়মান হইয়া মেষরোম নির্ম্মিত দশাপবিত্রে পরিক্ষরিত হও। হে আঙ্গিরসগণের শ্রেষ্ঠ! মেধাবী আপনি পিতৃগণের নেতা হয়েন। সেইরূপ আপনি আপনার আত্মীয় রসের দ্বারা আমাদিগের সম্বন্ধি যজ্ঞকে অভিষিক্ত করিতে ইচ্ছা করেন।'

ভাষ্যের এই ব্যাখ্যার সহিত আমাদের মর্ম্মানুসারিণী ব্যাখ্যা মিলাইয়া পাঠ করিলেই পার্থক্য অনুভূত হইবে। ব্যাখ্যা প্রসঙ্গে ভাষ্যকার কতকগুলি পদের অধ্যাহার করিয়াছেন—যে সকল পদ মন্ত্রের মধ্যে সহসা অধ্যাহৃত হইবার কোনই হেতু পাওয়া যায় না। 'ত্বং অভবঃ' মন্ত্রাংশের ব্যাখ্যায় তিনি "পিতৃণাং নেতা" পদদ্বয়ের অধ্যাহার করিয়াছেন। কিন্তু কিরূপে কোথা হইতে সেই পদদ্বয় সমাহৃত হয়, তাহা বোধগম্য হয় না। মন্ত্রে 'ত্বং' ও 'ভবসি' পদদ্বয় আছে মাত্র। ঐ দুই পদে কোনও উচ্চভাব-মূলক অর্থের অধ্যাহার করিতে হইলে 'পিতৃণাং নেতা' পদদ্বয়ের সমাহারে উদ্দেশ্য সিদ্ধ হয় বলিয়া মনে হয় না। ক্রিয়াকাণ্ডান্তর্গত বিধিপরম্পরার অনুসরণে যদি ঐ পদদ্বয়ের অধ্যাহার সমীচীন হয়, তৎসম্বন্ধে আমাদের কোনও বক্তব্য নাই। কিন্তু আমরা যে পথের অনুসরণ করিয়াছি, তাহাতে ঐ স্থলে 'সর্ব্বেষু ভূতেষু' পদদ্বয়ের অধ্যাহার করিলেই সুষ্ঠু সঙ্গত অর্থ সিদ্ধ হইতে পারে বলিয়া মনে করি। 'শুদ্ধসত্ত্ব বা ভগবান সর্ব্বভূতে সর্ব্বকালে নিত্যবিদ্যমান রহিয়াছেন',—সকল শাস্ত্রে এতদুক্তি দেখিতে পাই। আমাদের

মনে হয়, বেদমন্ত্রের এই ভাবই অন্যান্য শাস্ত্রে পরিগৃহীত হইয়াছে। এই ভাবই সঙ্গত—এই ভাবেই বেদমন্ত্রের সার্থকতা। নচেৎ, 'সোমরূপ মাদক-দ্রব্য পিতৃগণের নেতা হয়েন'—এতদ্বাক্যে বেদ-মন্ত্রের নিত্যত্ব ও অপৌরুষেয়ত্ব রক্ষিত হওয়া সুকঠিন।

তার পর, মন্ত্রের 'অব্যাবারৈঃ' পদ। ভাষ্যমতে ঐ পদের অর্থ—'মেষ্যাঃ বালৈঃ' অতঃপর 'নির্ম্মিতে দশাপবিত্রে' ও 'পরিক্ষরসি' প্রভৃতি পদ অধ্যাহৃত হইয়াছে। তাহাতে অর্থ হয়—'মেষরোম-নির্ম্মিত দশাপবিত্রে পরিক্ষরিত হও।' এখানে 'দশাপবিত্রে ক্ষরিত হও'—কোথা হইতে আসিল, তাহাও বোধগম্য হয় না। আর এরূপ অর্থে মন্ত্রের কি উচ্চভাব সূচিত হয়, তাহাও উপলব্ধি হয় না। লৌকিক অর্থে ভাষ্যকার ও ব্যাখ্যাকারগণ ক্রিয়াকর্ম্মের উপযোগী যে ভাব পরিগ্রহণ করেন, এখানেও তাহারই অনুসরণ আছে,—ইহাই আমাদের সিদ্ধান্ত। নচেৎ, 'সোমকে' আধ্যাত্মিকতা-মূলক 'শুদ্ধসত্ত্ব' বলিয়া ব্যাখ্যা করিলে 'মেষরোমনির্ম্মিত দশা-পবিত্র' প্রতিবাক্য কদাচ আসিতে পারে না। মেষরোম, দশাপবিত্র প্রভৃতি লৌকিক সামগ্রী। বেদমন্ত্র নিত্য অপৌরুষেয়। অপৌরুষেয় নিত্য সামগ্রীর সহিত অনিত্য মেষরোম বা দশা-পবিত্রের সম্বন্ধ-স্থাপনে বেদমন্ত্রের নিত্যত্বে ও অপৌরুষেয়ত্বে বিঘ্ন ঘটে। আমরা বেদমন্ত্রের শাস্ত্রানুমোদিত নিত্যত্বে ও অপৌরুষেয়ত্বে বিশ্বাস করি। তাই আমাদের ব্যাখ্যায় 'অব্যা বারৈঃ' পদের স্বতন্ত্র অর্থ নির্দ্দিষ্ট হইয়াছে। আর সেরূপ অর্থে মন্ত্রের যে কি উচ্চভাব সূচিত হইয়াছে, আমাদের মর্ম্মানুসারিণী ব্যাখ্যায় ও বঙ্গানুবাদে তাহা পরিদৃষ্ট হইবে।

ফলতঃ, শাস্ত্রানুমোদিত অর্থ ই আমরা পরিগ্রহণ করিয়াছি। মানুষের জ্ঞান বুদ্ধি ও রুচি বিভিন্ন। চিন্তার গতি যাঁহার যে দিকে প্রধাবিত হয়, তিনি সেইভাবেই আপন আপন মন্তব্য প্রকাশ করিয়া থাকেন। এখানেও আমরা তাহাই উপলব্ধি করি। ভাষ্যকারের জ্ঞানবুদ্ধি ও শিক্ষাক্রমে তিনি একরূপ অর্থ গ্রহণ করিয়াছেন; আর আমাদের জ্ঞান বুদ্ধি ও চিন্তাশক্তি অনুসারে আমাদের অর্থ প্রকটিত হইতেছে। সুতরাং ভাষ্যকার যে অশাস্ত্রীয় বা অশুদ্ধ ব্যাখ্যা প্রকট করিয়াছেন, তাহা আমরা বলিতেছি না। বেদমন্ত্রের ত্রিবিধ ব্যাখ্যার বিষয় নিরুক্তাদিতে পরিদৃষ্ট হয়। সে ত্রিবিধ ব্যাখ্যা,—আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধি-দৈবিক। আমাদের ব্যাখ্যা তাহারই অন্যতম—আধ্যাত্মিকতা মূলক। আরও, বেদ দর্পণ-স্বরূপ। যিনি যেমন ভাবে প্রতিকৃতি দেখিবার প্রয়াসী হইবেন, দর্পণে তাহা সেইভাবেই প্রতিফলিত হইবে। বেদ-মন্ত্রের ব্যাখ্যা সম্বন্ধেও আমাদের তাহাই মন্তব্য।

'অব্যা বারৈঃ' পদদ্বয়ের 'অব্যা' পদ 'অবিস্' শব্দ হইতে নিষ্পন্ন। সংস্কৃত 'অবিস্' শব্দ লাটিন ভাষায় 'ওভিস' (*Ovis*) এবং গ্রীক ভাষায় 'ওইস' (*Ois*) রূপে প্রযুক্ত হইয়া থাকে। 'অবিস্' পদ গমনার্থক বা রক্ষার্থক অব্ ধাতু হইতে নিষ্পন্ন। অভিধানে উহার 'স্বামী, সূর্য্য, মেষ, মূষিক, কম্বল, বায়ু ও রজস্বলা স্ত্রী' প্রভৃতি বিবিধ পর্য্যায় পরিদৃষ্ট হয়। কিন্তু ধাত্বর্থের অনুসরণে ঐ 'অবিস্' পদে স্বামী, সূর্য্য প্রভৃতি ভিন্ন অন্য অর্থ সূচিত হয় বলিয়া মনে করি না। মনু যদিও 'অবিস' পদে "খশূকরখরোষ্ট্রানাং গোঽজাবিমৃগপক্ষিণাং' প্রভৃতি বিবিধ পর্য্যায় নির্দ্দেশ করিয়াছেন; আমরা মনে করি, সে সকল পর্য্যায় লৌকিক ব্যবহারের অনুসারী। ভাষ্যকার 'অবিস্' পদের অন্যান্য পর্য্যায় পরিত্যাগ করিয়া কেবল যে 'মেষ' পর্য্যায় গ্রহণ

করিয়াছেন, তাহাও ক্রিয়াকাণ্ডানুসারী বলিয়াই আমাদের ধারণা। নচেৎ, তিনি 'অব্যা' পদে শূকর, ছাগ, পক্ষী, কুক্কুর, মৃগ প্রভৃতি অর্থ গ্রহণ করেন নাই কেন? প্রয়োজনানুরূপ উদ্দেশ্যানুযায়ী নির্ব্বাচনই এখানে ইহার মূলীভূত কারণ বলিয়া মনে করি। যাহা হউক, ঐ 'অব্যা বারৈঃ' পদের 'অব্যা' শব্দে আমাদের প্রয়োজনানুরূপ পূর্ব্বা, স্বামী প্রভৃতি পর্য্যায় গ্রহণ করিয়া ঐ পদে 'জ্ঞান' অর্থ নিষ্পন্ন করিয়াছি। আমরা মনে করি, গ্রীক ও লাটিন ভাষার অনুকরণে এইরূপ অর্থেরই অনুসরণ আছে। অবশ্য আমরা পাশ্চাত্যের আদর্শে অনুপ্রাণিত নহি। দৃষ্টান্ত-স্থলে এতদ্বিষয় উল্লিখিত হইল মাত্র। আর, অন্যান্য দেশেও কিরূপভাবে ভারতের আদর্শ অনুসৃত হইয়াছে, তাহা প্রদর্শন করাও আমাদের এক উদ্দেশ্য। যাহা হউক, আমাদের অনুসৃত পন্থার অনুসরণে আমরা উচ্চভাব-মূলক অর্থই ধাত্বর্থের অনুসরণে পরিগ্রহণ করিয়াছি।

'বার' পদেরও এইরূপ বিবিধ পর্য্যায় আছে; যথা,—রবি, সোম, জল, দ্বার, শিব, ক্ষণ, মুহূর্ত্ত, মদিরাপাত্রপ্রভৃতি। আবরণার্থক বৃ ধাতু হইতে ঐ পদ নিষ্পন্ন। ভাষ্যকার যে বারৈঃ পদে 'বালৈঃ নির্ম্মিতৈঃ' অর্থ পরিগ্রহণ করিয়াছেন, অভিধানে তদর্থ-বোধক কোনও পর্য্যায়ই পরিদৃষ্ট হয় না। এইরূপ অর্থ পরিগ্রহণের কোন হেতুও ভাষ্যকার নির্দ্দেশ করেন নাই। নিঘণ্টুতে বা নিরুক্তে 'বারৈঃ' পদের 'বালৈঃ' অর্থ পাওয়া যায় না। সুতরাং কি সূত্রে কি ভাবে ভাষ্যকার 'অব্যাবারৈঃ' পদের 'মেষ্যাবালৈঃ' অর্থ অধ্যাহার করিলেন, তাহা বোধগম্য হয় না। 'অব্যা' পদে যখন 'মেষ্যা' অর্থ গ্রহণ করা হইল, তখন 'বারৈঃ' পদের 'বালৈঃ' অর্থ গ্রহণ না করিলে সঙ্গতি রক্ষা হয় কিরূপে—ভাষ্যকারের ভাব এইরূপ বলিয়াই আমরা মনে করি। যাহা হউক, ভাষ্যকারের পরিগৃহীত কোনও অর্থই আমরা গ্রহণ করিতে পারিলাম না। যে ভাবে 'অব্যা' পদের অর্থ নিষ্পন্ন করিয়াছি, 'বারৈঃ' পদের অর্থও আমরা সেই ভাবেই অধ্যাহার করি। তাহাতে 'অব্যা' পদের অর্থ হইয়াছে -'জ্ঞান' আর 'বারিঃ' পদের অর্থ হয় -'কিরণৈঃ বা 'অমৃতৈঃ'। জ্ঞানকিরণ যে অমৃতস্বরূপ, তাহা বলাই বাহুল্য। অমৃতস্বরূপ ভগবানকে পাইতে হইলে জ্ঞানামৃতই সে পক্ষে প্রধান সহায় ও অবলম্বন। প্রকৃষ্ট জ্ঞান ভিন্ন ভগবল্লাভ সুদূরপরাহত। আমরা মনে করি,—এই ভাবেই 'অব্যাবারৈঃ' পদের সার্থকতা।

বোধ সৌকর্য্যার্থে আমরা এই প্রার্থনা-মূলক মন্ত্রটীকে তিন ভাগে বিভক্ত করিয়াছি। উত্তর অংশেই বিভিন্ন ভাবের মধ্য দিয়া সত্ত্বভাব প্রাপ্তির জন্য প্রার্থনা আছে। সত্ত্বভাব চিরজাগরণশীল, তাই চৈতন্যস্বরূপ। উহা মানুষকে আপনার স্বরূপ অবস্থা সম্বন্ধে সচেতন করিয়া দেয়। মানুষের হৃদয়ে সত্ত্বভাবের সঞ্চার হইল, সে তাহার জীবনের চরম লক্ষ্য সম্বন্ধে জ্ঞান লাভ করে,—নিজের অতীত উন্নত অবস্থা সম্বন্ধে সচেতন হয়। মানুষ সত্ত্বস্বরূপ ভগবান হইতে আসিয়াছে। তাই তাহার মনে সেই শুদ্ধসত্ত্বের আবির্ভাব হইলে, সে তাহার প্রকৃত অবস্থা বুঝিতে পারে। যাঁহা হইতে আসিয়াছে, তাঁহাতেই আবার তাহাকে ফিরিয়া যাইতে হইবে। সে হীন নয়, ক্ষুদ্র চিরপতিত নয়। তাহার অতীত মহৎ, এবং ভবিষ্যৎ ও সেই মহত্বেরই নির্দ্দেশ করে। তাঁহার দ্বারা তখন হীন কাজ, হীন চিন্তা অসম্ভব হইয়া পড়ে।

তিনি তখন আপনার গৌরবময় অধিকার লাভের জন্য সতত উদ্‌গ্রীব থাকেন। তাই সত্ত্বভাব মানুষের মনে চিরজাগরণ অর্থাৎ চৈতন্য আনিয়া দেয়।

সত্ত্বভাব—ভগবানের বিভূতি, ভগবৎশক্তি। সুতরাং উহা নিত্যকাল বর্তমান আছে। আদিতে সত্ত্বভাব ছিল এবং অনন্ত ভবিষ্যতেও বর্তমান থাকিবে। তাই তাহা নিত্যবর্তমান। সত্য চিরকালই সত্য; সত্য একবার সত্য, একবার মিথ্যা হয় না; মিথ্যা কখনও সত্যকে চিরআবৃত রাখিতে পারে না। সত্য—অব্যয় অক্ষর—ভগবানেরই স্বরূপ;—সুতরাং তাহা নিত্য বিদ্যমান। একখানি প্রচলিত ব্যাখ্যাতে—ভাষ্যের অনুসরণেই,—'অঙ্গিরস্তম অভবঃ' পদদ্বয়ের অর্থ করা হইয়াছে "তুমি অঙ্গিরা নামক পিতৃলোকদিগের শ্রেষ্ঠ হইয়াছ।" সোম পিতৃলোকদিগের শ্রেষ্ঠ হইলেন কিরূপে? ঐ ব্যাখ্যায় কোন সঙ্গতার্থ পাওয়া যায় না। আমরা মন্ত্রান্তর্গত 'অঙ্গিরস্তম' পদে 'জ্ঞানিনাং শ্রেষ্ঠ, শ্রেষ্ঠজ্ঞানপ্রদায়ক' অর্থ গ্রহণ করিয়াছি। ঐ পদের ব্যাখ্যা সম্বন্ধে আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম—১২১সূ—১ঋ) দ্রষ্টব্য। 'মিমিক্ষ' পদে বিবরণকারের অনুসরণে 'সিঞ্চ, অভিষিক্তং কুরু' অর্থ গ্রহণ করিয়াছি। 'মধু' পদে পূর্ব্বাপর সঙ্গতি রক্ষা করিয়া 'অমৃত' অর্থ পরিগৃহীত হইয়াছে। অন্যান্য পদের ব্যাখ্যা সম্বন্ধে আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ও বঙ্গানুবাদ দ্রষ্টব্য। (৩প—৫অ—৫খ—৯সা)॥

—— • ——

দশমং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
ইন্দ্রায় পবতে মদঃ সোমো মরুত্বতে সুতঃ।
৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ১ ২
সহস্রধারো অতি অব্যং অর্ষতি তমী মৃজন্তি আয়বঃ॥১০॥

* * *

গেয়-গানং।

৫ র ২ — ১ — ১র র — ১ —
১। ইন্দ্রায়পা। বতা ২ ইমাদা ২ঃ। সোমোমরুত্বতা ২ ইসুতা ২ঃ।
১. ২র ১ ১ — — ১ —
স। হাস্রধারঃ। অতিঅব্যা ২ র্ষাতী ২। তমা ২ ইমার্জ্জা ২।
১ ২ ৩ ১
ভিআয়া ২৩ বা ৩৪৩ঃ। ও ২৩৪৫ ই। ডা॥

এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিক শততমসূক্তের ষষ্ঠী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম—"সোমসাম।"

৫ র ২ র ১ ২র র ১ — ১ র — র
২। ইন্দ্রায়পা। বতেমদাঃ। সোমোমারু ২। ত্বতেহো ২ ই। সুতা

— ১ ২র ১ ১ ২৳ ৩ ৫ ৩
২ঃ। স। হাস্রধারঃ। অতিঅব্যসা। যাতা ও ২ ৩ ৪ বা। উ

৫ ১ — ১ — ১র ২
২ ৩ ৪ পা। ভমীহো ২ ই। মার্জ্জা ২। ভিআয়া ২ ৩ বা

১
৩ ৪ ৩ ঃ। ও ২ ৩ ৪ ৫ ই। ডা।

* * *

৫ র ২ ৪ ৫ ৫ ৫ ১র র ২ ২
৩। ইন্দ্রায়। ৩ পাবতাইমদাঃ। সোমোমরুত্বতা ১ ইসূ ৩ তাঃ। স।

১ ২র ১ ২ ৪ ৫ ২ ১ ২ ২ ৪ ৫
হাস্রধারঃ। অতিঅব্যয়া ৩। যাতী। ভমাঔ ৩ হো ৩ ই। মার্জ্জা।

১ ৳ ৩ ৫র র ৩ ৫
তা ২ য়া ২ ৩ ৪ ঔহোবা। যা ২ ৩ ৪ বাঃ ॥ ১০ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মরুত্বতে' (প্রজ্ঞানস্বরূপায়) 'ইন্দ্রায়' (ভগবতে, ভগবৎপ্রীত্যর্থং ইতি ভাবঃ) 'মদঃ' (পরমানন্দদায়কঃ) 'সুতঃ' (বিশুদ্ধঃ, পবিত্রীকৃতঃ ইত্যর্থঃ) 'সোমঃ' (শুদ্ধসত্ত্বঃ) 'পবতে' (ক্ষরতু, অস্মাকং হৃদি সমুদ্ভবতু ইতি ভাবঃ); তদনন্তরং সঃ শুদ্ধসত্ত্বঃ 'সহস্রধারঃ' (বহুধারোপেতঃ, পরমমঙ্গলসাধকঃ সন্ ইত্যর্থঃ) 'অব্যম্' (জ্ঞানদীপ্তং আধারভূতং হৃদয়ং ইতি ভাবঃ) 'অত্যর্ষতি' (অধিগচ্ছতু, প্রাপ্নোতু ইত্যর্থঃ); কিঞ্চ 'আয়বঃ' (আয়ুষ্কামযমানাঃ, সৎকর্ম্মময়চিরজীবনাকাঙ্ক্ষিণঃ সাধকাঃ ইতি যাবৎ) 'তং (তথাবিধং শুদ্ধসত্ত্বং) 'ঈং' (নিত্যং সদৈব ইত্যর্থঃ) 'মৃজন্তি' (শোধয়ন্তি, আত্মশোধনায় হৃদি ধারয়ন্তি ইতি ভাবঃ)। প্রার্থনামূলকঃ আত্মোদ্বোধকঃ অয়ং মন্ত্রঃ। শুদ্ধসত্ত্বঃ হি পরমানন্দদায়কঃ ভগবৎপ্রীতিমূলকঃ। শুদ্ধসত্ত্বপ্রভাবেন ভগবন্তং প্রাপ্তব্যং। অতএব ভগবৎপ্রীতিকামিনঃ শুদ্ধসত্ত্বং সঞ্চয়িতুং অর্হন্তি। প্রার্থনায়াঃ ভাবঃ—ভগবৎসম্মিলনায় বয়ং যেন শুদ্ধসত্ত্বং লভেমহি। (৩প—৫অ—৫খ—১০সা)।

অথবা,

'ইন্দ্রায়' (বড়ৈশ্বর্য্যাধিপতিদেবায়, তং লাভায় ইত্যর্থঃ) 'মরুত্বতে' (বিবেকজ্ঞানলাভায়) 'মদঃ' (মদকরঃ, আনন্দদায়কঃ) 'সুতঃ' (বিশুদ্ধঃ) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'পবতে' (ক্ষরতু, অস্মাকং হৃদি সমুদ্ভবতু ইত্যর্থঃ) 'অব্যম্' (জ্ঞানং, জ্ঞানযুক্তং তং সত্ত্বভাবং) 'ঈং' (নিশ্চিতং)

'আয়বঃ (ঊর্দ্ধগমনশীলাঃ, সাধকাঃ) 'সৃজন্তি' (শোধয়ন্তি, আত্মহৃদয়শোধনায় লভন্তে ইত্যর্থঃ); 'শতধারঃ' (বহুধারোপেতঃ, বহুকল্যাণপ্রদঃ) সঃ সত্ত্বভাবঃ 'অভ্যর্ষতু' (অভিগচ্ছতু, অস্মান্ প্রাপ্নোতু ইত্যর্থঃ)। সাধুঃ সেবিতং বহুকল্যাণপ্রদং সত্ত্বভাবং বয়ং লভেম ইতি ভাবঃ। (৩প—৫অ—৫খ—১০সা)।

* * *

বঙ্গানুবাদ।

প্রজ্ঞানস্বরূপ ভগবানের প্রীতির নিমিত্ত পরমানন্দদায়ক পবিত্রীকৃত শুদ্ধসত্ত্ব আমাদিগের হৃদয়ে সমুদ্ভূত হউক; তদনন্তর সেই শুদ্ধসত্ত্ব পরমমঙ্গলপ্রদ হইয়া, জ্ঞানপ্রদীপ্ত আধারভূত হৃদয়কে প্রাপ্ত হউক; অপিচ, আয়ুষ্কাময়মান অর্থাৎ সৎকর্ম্মময় চিরজীবন অভিলাষী সাধকগণ সেই শুদ্ধসত্ত্বকে আত্মশোধনের নিমিত্ত সর্ব্বদা হৃদয়ে ধারণ করেন। (মন্ত্রটী প্রার্থনামূলক ও আত্মোদ্বোধক। শুদ্ধসত্ত্বই পরমানন্দদায়ক এবং ভগবৎপ্রাপ্তিমূলক। শুদ্ধসত্ত্ব-প্রভাবেই ভগবানকে পাওয়া যায়। অতএব ভগবৎপ্রীতিকামী ব্যক্তির শুদ্ধসত্ত্ব সঞ্চয় করা কর্ত্তব্য। প্রার্থনার ভাব এই যে,— ভগবানে সম্মিলিত হইবার জন্য আমরা যেন শুদ্ধসত্ত্ব লাভ করি।)। (৩প—৫অ—৫খ—১০সা)।

অথবা,

বলৈশ্বর্য্যাধিপতি দেবতাকে এবং বিবেকজ্ঞান লাভের জন্য, আনন্দদায়ক বিশুদ্ধ সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে উপজিত হউক; জ্ঞানযুক্ত সেই সত্ত্বভাবকে নিশ্চয়ই ঊর্দ্ধগমনশীল সাধকগণ তাঁহাদিগের হৃদয়শুদ্ধির জন্য লাভ করেন; বহুকল্যাণপ্রদ সেই সত্ত্বভাব আমাদিগকে প্রাপ্ত হউক। (ভাব এই যে, সাধুগণসেবিত বহুকল্যাণপ্রদ সত্ত্বভাব আমরা যেন লাভ করিতে পারি।)। (৩প—৫অ—৫খ—১০সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

জমদগ্নিঃ ঋষিঃ। 'মদঃ' মদকরঃ 'সুতঃ' অভিষুতঃ 'সোমঃ' 'মরুত্বতে' মরুদ্ভিস্তদ্বতে 'ইন্দ্রায়' ইন্দ্রার্থং 'পবতে' ক্ষরতি। ততঃ 'সহস্রধারঃ' বহুধারোপেতঃ সোমঃ 'অব্যম্' অবিময়ং পবিত্রম্ 'অত্যর্ষতি' অতিগচ্ছতি তমিমং 'আয়বঃ' মনুষ্যা ঋত্বিজঃ 'মৃজন্তি' শোধয়ন্তি। (৩প—৫অ—৫খ—১০সা)।

* * *

দশম (৫২০) সামের মর্ম্মার্থ।

সত্ত্বভাবলাভ করিলে হৃদয় ভগবদভিমুখী হয়—মানুষ বিবেকজ্ঞান লাভ করে। হৃদয় হইতে হীন কামনা বাসনা দূরীভূত হয়, তখন মানুষের মনে যে সকল আকাঙ্ক্ষা জাগরিত হয় তাহা বিশ্বমঙ্গলনীতির অনুগামী হইয়া থাকে। সুতরাং সেই আকাঙ্ক্ষা অনায়াসেই পূর্ণ হয়;—কামনার অপূর্ণতা হেতু নৈরাশ্য-জনিত দুঃখ পাইতে হয় না। সুতরাং হৃদয় পরমানন্দে পূর্ণ হয়। তাই সত্ত্বভাবকে আনন্দদায়ক বলা হইয়াছে হৃদয়বিশুদ্ধকারক এই বহুকল্যাণপ্রদ সত্ত্বভাবের জন্য মন্ত্রের মধ্যে প্রার্থনা করা হইয়াছে। যে সত্ত্বভাবের কল্যাণে মানুষ সেই পরমপদ প্রাপ্ত হয়, যাহা লাভ করিলে মানবজীবনের শ্রেষ্ঠতম সম্পৎ লাভ করা যায়, আমরা যেন সেই সত্ত্বভাব লাভ করিয়া জীবন সার্থক ও ধন্য করিতে পারি।" এই প্রার্থনাই মন্ত্রের প্রথম ও শেষাংশে প্রাপ্ত হওয়া যায়। (৩প ৫অ—৫খ—১ সা)॥ *

—•—

একাদশং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ২

পবস্ব বাজসাতমোঽভি বিশ্বানি বার্য্যা।

১ ২৩১ ২৩ ২র ৩১২

ত্ব৺ং সমুদ্রঃ প্রথমে বিধর্ম্মং দেবেভ্যঃ

৩২

সোম মৎসরঃ॥ ১১॥

* * *

গেয়-গানং।

৪৫ র ৪র ৩ ৫ ২ ১ ২র ১ ২র ১

পাবস্ববাজসা। ইহা। তা২৩৪মাঃ। অভিবিশ্বানি। বা'রয়া। ত্ব৺সা

ʌ ৩ ৫র র ১২ ১র ২ ২ ২

২মু২৩৪ঔহোবা। দ্রঃপ্রথমেবিধর্ম্মন্। দাইবাম্যে৩। ভ্যা

ʌ ৩ ৫র র ২ ৩২

২ঃসো২৩৪ঔহোবা। মমৎসরা১ঃ॥ ১১॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের সপ্তদশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, পঞ্চম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম "বঃ ক্রৈমাঙ্গিরসম্" "সোম সাম।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! 'বাজসাতমঃ' (সৎকর্ম্মসামর্থ্যদায়কঃ) ত্বং 'বিশ্বানি' (সর্ব্বাণি) 'বার্য্যা' (বরণীয়ানি, স্তোত্ররূপাণি সৎকর্ম্মাণি) 'অভি' (অভিলক্ষ্য) 'পবস্ব' (ক্ষর); অস্মাকং স্তোত্র-কর্ম্মাণি সত্ত্বভাবসমন্বিতানি ভবন্তু ইত্যর্থঃ ; 'সোম' (হে শুদ্ধসত্ত্ব) 'মৎসরঃ' (পরমানন্দ-দায়কঃ) 'বিধর্ম্মন্' (বিশেষেণ পোষকঃ, আশ্রিতপালকঃ ইত্যর্থঃ) 'সমুদ্রঃ' (সমুদ্রবৎ সমুন্দনশীলঃ, সর্ব্বস্য ধারকঃ ইত্যর্থঃ) 'ত্বং' দেবেভ্যঃ' (দেবলাভায়, দেবভাবপ্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'প্রথমে' (শ্রেষ্ঠে, সৎকর্ম্মণি) পরিক্ষর, আগচ্ছ বা ইতি শেষঃ) প্রার্থনামূলকোঽয়ং। ভগবৎ-প্রাপ্তয়ে অস্মাকং সৎকর্ম্ম সত্ত্বভাবান্বিতং ভবতু—ইতি ভাবঃ। (৩প—৫অ—৫খ -১১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! সৎকর্ম্মসামর্থ্যদায়ক তুমি আমাদিগের সর্ব্ববিধ স্তোত্ররূপ সৎকর্ম্মকে লক্ষ্য করিয়া ক্ষরিত হও; (ভাব এই যে, আমাদিগের স্তোত্রসমূহ সত্ত্বভাবসমন্বিত হউক) হে শুদ্ধসত্ত্ব! পরমানন্দদায়ক আশ্রিতপালক সমুদ্রবৎ সমুন্দনশীল অর্থাৎ সকলের ধারক তুমি দেবভাব প্রাপ্তির জন্য আমাদিগের সৎকর্ম্মে পরিক্ষরিত হও অর্থাৎ আগমন কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—ভগবৎ প্রাপ্তির জন্য আমাদিগের সৎকর্ম্ম সত্ত্বভাবান্বিত হউক।)। (৩প—৫অ—৫খ—১১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

বশিষ্ঠঃ ঋষিঃ। হে 'সোম'! 'বিশ্বানি' সর্ব্বাণি 'বার্য্যা' বরণীয়ানি স্তোত্রাণি 'অভি' লক্ষ্য 'বাজসাতমঃ' অতিশয়েনান্নস্য সম্ভক্তত্বং 'পবস্ব' ক্ষর। হে সোম! 'দেবেভ্যঃ' দেবানাং 'মৎসরঃ' মদকরঃ 'সমুদ্রঃ' সমুন্দনশীলঃ 'বিধর্ম্মন্' বিশেষেণ পোষক! ত্বং 'প্রথমে' মুখ্যে শ্রেষ্ঠে যজ্ঞে দেবেভ্যস্তদর্থং ক্ষর। 'বিধর্ম্মন্' 'বিধারয়ং' ইতি 'বাজসাতয়ে' 'বাজসাতমঃ' ইতি 'বার্য্য' 'কাব্যা' ইতি চ ক্রমেণ সামগাঃ পাঠাঃ। (৩প -৫অ—৫খ—১২সা)।

* * *

একাদশ (৫২১) সামের মর্ম্মার্থ।

———:§*§:———

এই মন্ত্রের ব্যাখ্যায় আমরা কোন কোনও স্থলে ভাষ্যের অনুসরণ করিয়াছি বটে, কিন্তু সর্ব্বত্র ভাষ্যকারের সহিত একমত হইতে পারি নাই। 'বাজসাতমঃ' পদে ভাষ্যকার "অতিশয়েন অন্নস্য সম্ভকঃ ত্বং" অর্থ করিয়াছেন। কিন্তু আমরা পূর্ব্বাপরই লক্ষ্য করিয়াছি যে 'বাজ' শব্দে 'সৎকর্ম্মসামর্থ্য' 'শক্তি' 'পুজা' প্রভৃতি অর্থ প্রকাশ করে। তাই, ঐ পদে আমরা 'সৎকর্ম্মসামর্থ্যদায়ক' অর্থ গ্রহণ করিয়াছি।

প্রচলিত ব্যাখ্যাদির মধ্যেও পরস্পর মিল নাই। উদাহরণস্বরূপ একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল; যথা,—"হে সোম! সর্ব্বপ্রকার কবিতার প্রতি দৃষ্টি রাখিয়া, অন্নলাভের নিমিত্ত গমন কর। হে সোম! তুমি শ্রেষ্ঠ এবং দেবতাদিগের আনন্দবিধাতা। তুমি কলসকে ধারণ করিয়া (আশ্রয় করিয়া) থাক।" যাহা হউক, আমাদিগের অভিমত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই ব্যক্ত হইয়াছে॥ (৩প্র ৫খ ৫খ—১১সা)। *

—•—

দ্বাদশং সাম।

১ ২　　　৩ ২ ৩ ২ ৩　১ ২

পবমানা অসৃক্ষত পবিত্রমতি ধারয়া।

৩ ১ ২　　৩ ১　২ ৩ ১র　২ ২র　৩ ২ ৩ ১

মরুত্বন্তো মৎসরা ইন্দ্রিয়া হয়া মেধামভি

২র

প্রয়াংসি চ॥ ১২॥

* * *

গেয়-গানং।

৪ ৫ ৰ র　　৪　　১ র ২　র　র ২ ২

পবমানা অসৃক্ষতপবাই। ত্রামতিধারয়ামরুত্বন্তো মৎসরাইন্দ্রা ৩ য়াঃ।

১　　২　１ ２　১ ৩

হয়াঃ। মা ২ ৩ ইধাম্। অভায়ো ৬। প্রা ২ য়া ২ ৩ ৪

৫ র র　৩　৫

ঔহোবা। সী ২ ৩ ৪ চা॥ ১২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মরুত্বন্তঃ' (বিবেকজ্ঞানযুক্তাঃ, প্রজ্ঞানস্বরূপাঃ ইত্যর্থঃ) 'মৎসরাঃ' (পরমানন্দদায়কাঃ) 'ইন্দ্রিয়াঃ' (ইন্দ্রজুষ্টাঃ, দেবপ্রিয়াঃ ইত্যর্থঃ) 'হয়াঃ' (বেগগামিনঃ, সৎকর্ম্মাদিপতয়ঃ) 'পবমানাঃ' (পরমপবিত্রাঃ—সত্ত্বভাবাঃ ইতি যাবৎ) 'মেধাং' (প্রজ্ঞাং) 'চ' (তথা) 'প্রয়াংসি' (শক্তীন, আত্মশক্তিং ইত্যর্থঃ) 'অভি' (আভলক্ষ্য, প্রার্থনাকারিণং প্রদানায় ইত্যর্থঃ) 'ধারয়া' (ধারারূপেণ) 'পবিত্রং অতি' (পবিত্রহৃদয়ং অতীত্য, যদ্বা—সাধকানাং পবিত্রহৃদয়ং পরিপ্লাবন্ ইতি ভাবঃ) 'অসৃক্ষত' (সৃজ্যন্তে, ভগবন্তং প্রতি প্রধাবন্তি ইতি ভাবঃ)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ সত্ত্বভাবঃ পরমানন্দদায়কঃ তথা

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিক শততম সূক্তের ত্রয়োবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, ষোড়শ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী।

পরমশক্তিবিধায়কঃ; সত্ত্বাবসমন্বিতাঃ সৎকর্ম্মপরায়ণাঃ সাধকাঃ তেন সত্ত্বাবেন ভগবন্তং অর্চ্চয়ন্তি ইতি ভাবঃ। (৩প—৫অ—৫খ—১২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

বিবেকজ্ঞানযুক্ত অর্থাৎ প্রজ্ঞানস্বরূপ পরমানন্দদায়ক দেবগণের প্রিয় সৎকর্ম্মাধিপতি পরমপবিত্র সত্ত্বভাবসমূহ, প্রার্থনাকারীদিগকে প্রজ্ঞা এবং আত্মশক্তি প্রদানের জন্য ধারারূপে সাধকের পবিত্র হৃদয়কে পরিপ্লাবিত করিয়া ভগবানের প্রতি প্রধাবিত হয়। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সত্ত্বভাব পরমানন্দদায়ক এবং পরম শক্তি প্রদায়ক; সত্ত্বাবসমন্বিত সৎকর্ম্মপরায়ণ সাধকগণ সেই সত্ত্বাবের দ্বারা ভগবানকে অর্চ্চনা করেন.)॥ (৩প—৫অ—৫খ—১২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'পবমানাঃ' পূয়মানাঃ সোমাঃ 'ধারয়া' অশ্মীয়য়া 'পবিত্রং' 'অতি' অতীত্য 'অসৃক্ষত' সৃজ্যন্তে। কীদৃশাঃ? 'মরুত্বন্তঃ' মরুদ্ভির্যুক্তাঃ 'মৎসরাঃ' মদকরাঃ 'ইন্দ্রিয়াঃ' ইন্দ্রজুষ্টাঃ। 'মেধাং' স্তুতিং 'প্রিয়াংসি' অন্নানি চ 'অভি' লক্ষ্য স্তোতৃভ্য উভয়ং কর্ত্তুং বা 'হয়া' যজ্ঞে গন্তারঃ সৃজ্যন্তে। (৩প—৫অ ৫খ—১২সা)।

পঞ্চমস্যাধ্যায়স্য পঞ্চমঃ খণ্ডঃ। ৫।

* * *

দ্বাদশ (৫২২) সামের মর্ম্মার্থ।

——‡•‡——

জ্ঞানসমন্বিত সত্ত্বভাবদ্বারা মানুষ মোক্ষলাভের অধিকারী হয়। সত্ত্বভাব দেবগণের অতিশয় প্রিয় যেখানে সত্ত্বভাব সেখানেই তাঁহারা বিদ্যমান। তাই যখন মানুষের হৃদয়ে সত্ত্বভাবের সঞ্চার হয়, তখন তিনি ক্রমশঃ দেবতাভিমুখী হইতে থাকেন। জ্ঞানসমন্বিত সত্ত্বভাব উপজিত হইলে হৃদয়ে আত্মশক্তির আবির্ভাব হয়। মানুষ নিজের প্রকৃত পরিচয় পায়, অনন্তশক্তির অধিকারী হইতে পারে; এবং সেই শক্তি প্রয়োগে আপনার অভীষ্টলাভ করিতে যত্নপরায়ণ হয়। সত্ত্বভাব সৎকর্ম্মের নিয়ামক। সত্ত্বভাব লাভ করিলে মানুষ আপনা হইতেই সৎকর্ম্মপরায়ণ হয়। যেখানে সত্ত্বভাব বিদ্যমান থাকে, সেখানে সৎ ব্যতীত অসৎ থাকিতে পারে না। সত্ত্বভাবই মানুষকে সৎপথে পরিচালিত এবং সৎকর্ম্মে নিয়োজিত করে। তাই সত্ত্বভাবকে সৎকর্ম্মাধিপতি বলা হইয়াছে। (৩প ৫অ—৫খ—১২সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দশাধিকশততম সূক্তের পঞ্চবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, ষোড়শ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "সোমসাম।"

ওঁ

সামবেদ-সংহিতা।

—:•:—

কৌথুমী শাখা। ছন্দ আর্চ্চিকং।

পবমানং পর্ব্ব (তৃতীয়ং পর্ব্ব)। পঞ্চমোঽধ্যায়ঃ। ষষ্ঠঃ খণ্ডঃ।

ষষ্ঠঃ খণ্ডঃ।

—•—

প্রথমং সাম।

১ ২র ৩ ২ ৩ ২ ৩ ১২ ৩ ১ ১
প্র তু দ্রব পরি কোশং নিষীদ নৃভিঃ

৩ ২ ৩ ১র ২র
পুনানো অভি বাজং অর্ষ।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩
অশ্বং ন ত্বা বাজিনং মর্জ্জয়ন্তো অচ্ছা

১ ২ ৩ ১ ২
বর্হী রশনাভিঃ নয়ন্তি ॥ ১ ॥

* * *

গেয়-গানং।

২ ৩ ৫ ৩ ২ ২ ১ ২ ২ ৩ ৪ ৫ ২A ৩ ৫
১। ওইপ্রতু। ইহা ৩ ১। দ্রবা। পরিকো ৩। শাম্নিষীদা। ওইনৃভিঃ।

৩ ২ ২ ১ ২ ১ ২A ৩ ৪ ৫ ২ ৩ ৪ ৩ ২
ইহা ৩ ১। পুনা। নো ৩ অভি। বাজমর্ষা। ওঅশ্বম্। ইহা ৩ ১

২ ১ ২ ১ ২ ৩ ৪ ৫ ২ ৩ ৫ ৩ ২ ২ ১
নত্বা। বা ৩ জিনম্। মর্জ্জয়ন্তাঃ। ওঅচ্ছ। ইহা ৩ ১। বর্হাইঃ।

১ র ২ ২ ৪
রশনা। ভা ৩৪ ৩ ইঃ। না ৩ য়া ৫ ন্তা ৬ ৫ ৬ ই।

• • •

৪ ৫ ৪ ৫ ২ ১ ২ ১ ২ ২৩৪৫ ৪৫
২। প্রভু। এপ্রভু। দ্রবা। দ্রবা। পরিকো ৩। শাম্নিষীদা। নৃভিঃ।
৪ ৫ ২২ ২১ ২ ১ ২৲৩৪৫ ৪৫ ৪ ৫
এনৃভিঃ। পুনা। পুনা। নো ৬ অভি। বাজমর্ষা। অশ্বম্। এঅশ্বাম্।
২১ ২১ ২ ১ ২৩৪৫ ৪৫ ৪৫
নথা। নথা। বা ৬ জিনম্। মর্জ্জয়ন্তাঃ। অছ। এঅছা।
২১ ২১ ২ ২র২ ৩ ২ ৫
বর্হাইঃ। বর্হাইঃ। রশনাভিঃ। নয়ে ৩৪। হিয়া ৬
৫ ৩১১১১
হাউবা। ভা২৩৪৫ই॥

৪৫৪ ১ র ২ ২ ২ ১ ২৲ ৩র২৲ ৩র S
৩। প্রভুদা। বাপরিকোশাম্। নিষী ৩দা। সাইদা। ঔহোই। ঔহো
২ ১ র র ৭ ২ ১২৲ ৩র২৲
৬বা। নৃভিঃপুনানোঅভিবা। জমা২৩র্ষা। আর্ষা। ঔহোই।
৩র S ২ ১ রর ৭ ১২৲
ঔহো ৬বা। অশ্বন্তাবাজিনস্থা। জয়া২৩স্তাঃ। ষাস্তা।
৩র২৲ ৩র S ২ ১র২১ ২ ১র২ ৩২
ঔহোই। ঔহো ৬বা। অছাবর্হাইঃ। রশনাভিঃ। নয়ে
৫ ৫ ৩১১১১
৩৪। হিয়া ৬ হাউবা। ভা২৩৪৫ই॥

৫র ৫ ৩ ২ ৫ ৫ ২ ১ ২
৪। হাও ৬হা। উহুবা ৩৪। ও ৬হা। প্রভুদ্রবা। পরিকো ৩।
২৩৪৫ ২১ ২১ ২ ১ ২৲৩৪৫ ২১ ২ ১
শাম্নিষীদা। নভাইঃপুনা। নো ৩ অভি। বাজমর্ষা। অশ্বন্তা। বা ৩ জিনম্।
২৩৪৫ র ৫ ৩ ২ ৫ ৫ ২১র২১
মর্জ্জয়ন্তাঃ। হাও ৬হা। উহুবা ৩৪। ও ৬ হা। অচ্ছাবর্হাইঃ।
২১র ২ ২ ৪
রশনা। ভা২৩৪৩ইঃ। না৩য়া৫৩ভা৬৫৬ই॥

৪ ৫ ১ র ২ ২ ১ ২ ১ ২ ১
৫। প্রাতু দ্রবাপরিকোশাম্। নিষী ৩ দা। নৃভাইঃপুনা। নো ৩ অভি।

২ ৩ ৪ ৫ ১ র র ৭ ২ ১ র ২ র
বাজমষা। অশ্বম্বাবাজিনম্মা। জয়া ২ ৩ ০ তাঃ। অছাবর্হাইঃ।

২ ১ র ২ ২ ৪
রশনা। ভা ৩ ৪ ৩ ইঃ। না ৩ য়া ৫ ০ হা। ৬ ৫ ৬ ই। ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! 'সু' (ক্ষিপ্রং) 'প্রদ্রব' (আগচ্ছ) আগত্য চ 'কোশং' (পাত্রং, অস্মাকং হৃদয়ে ইত্যর্থঃ) 'পরিনিষীদ' (নিষণ্ণো ভব, অধিষ্ঠানং কুরু); 'নৃভিঃ' (সৎকর্ম্মকর্তৃভিঃ) 'পুনানঃ' (পবিত্রতাসম্পন্নঃ) ত্বং 'বাজং' (শক্তিং) 'অভ্যর্ষ' (প্রযচ্ছ); 'মর্জ্জয়ন্তঃ' (শোধয়ন্তঃ, আত্মহৃদয়ং পবিত্রং কুর্ব্বন্তঃ সাধকাঃ ইতিভাবঃ) 'অশ্বং ন' (পালকঃ যথা অশ্বং মার্জ্জয়তি তদ্বৎ) 'বর্হী' (শোধনেন প্রবৃদ্ধং) 'বাজিনং' (শক্তিসম্পন্নং) 'অচ্ছ' (পবিত্রং) 'ত্বা' 'রশনাভিঃ' (বাক্যযন্ত্রেন, প্রার্থনয়া ইত্যর্থঃ) 'নয়ন্তি' (গৃহ্নন্তি, পূজয়ন্তি ইত্যর্থঃ)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ সাধকান্ আত্মশক্তিং প্রযচ্ছতি; সাধকাঃ অপি ভগবৎপরায়ণাঃ ভবন্তি ইতি ভাবঃ। (৩প—৫অ—৬খ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! শীঘ্র আগমন করুন; এবং আমাদিগের হৃদয়ে অধিষ্ঠিত হউন; সৎকর্ম্মকারীদিগের দ্বারা পবিত্রতাসম্পন্ন আপনি শক্তি প্রদান করুন; আত্মহৃদয় পবিত্রকারী সাধকগণ—অশ্বের ন্যায় মার্জ্জনে প্রবৃদ্ধ, শক্তিসম্পন্ন ও পবিত্র আপনাকে প্রার্থনাদ্বারা পূজা করিতেছে। (মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। ভাব এই যে,—ভগবান্ সাধকগণকে আত্মশক্তি প্রদান করেন; সাধকগণও ভগবৎপরায়ণ হয়েন।)॥ (৩প—৫অ—৬খ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

উশনাঋষিঃ। হে সোম! 'সু' ক্ষিপ্রং 'প্রদ্রব' প্রগচ্ছ আগত্য চ 'কোশং' দ্রোণকলশং 'পরিনিষীদ' নিষণ্ণো ভব। 'নৃভিঃ' নেতৃভিঃ 'পুনানঃ' পূয়মানঃ 'বাজং' অন্নং যজমানার্থমুদ্দিশ্য 'অভ্যর্ষ' বাজং সংগ্রামং বা 'বাজিনং' বলবন্তম্ 'অশ্বং ন' অশ্বমিব তং যথা মার্জ্জয়ন্তি তদ্বৎ ত্বাং 'মর্জ্জয়ন্তঃ' শোধয়ন্তঃ 'বর্হি' যজ্ঞং অচ্ছ, 'প্রতিরশনাভিঃ' অশনাবদায়তাভিঃ অঙ্গুলীভিঃ 'নয়ন্তি' অধ্বর্য্যুপ্রমুখাঃ। (৩প—৫অ—৬খ—১সা)।

* * *

প্রথম (৫২৩) সামের মর্ম্মার্থ।

— ‡ * ‡ —

এই মন্ত্রটী তিন ভাগে বিভক্ত। প্রথম দুইভাগ প্রার্থনা-মূলক এবং শেষাংশে নিত্য-সত্য প্রখ্যাপন আছে।

ভগবানকে পাইবার ব্যাকুল আকাঙ্ক্ষা এই মন্ত্রের প্রার্থনাংশে লক্ষিত হয়। যাহাদের হৃদয়ে সৎকর্ম্মসাধনের আকাঙ্ক্ষা বর্ত্তমান অথচ শক্তির অভাবে কর্ম্মে প্রবৃত্ত হইতে সমর্থ হয়েন, তাঁহাদিগের একমাত্র ভরসা—ভগবানের কৃপা। যাহাদের হৃদয় কলুষিত, অথচ দুর্ব্বলতায় জন্ম হৃদয়কে পবিত্র করিতে পারিতেছে না, ভগবানের করুণাবারিই তাহাদিগের একমাত্র সম্বল। তাই প্রার্থনা করা হইতেছে, 'পবিত্রতার আধার, জ্যোতির্ম্ময় হে ভগবন্! তুমি আমাদের এই মলিন হৃদয়কে পবিত্র করিয়া তোমার উপযুক্ত সিংহাসন প্রস্তুত করিয়া লও। আমাদিগের শক্তি নাই যে, সৎকর্ম্মসাধনে প্রবৃত্ত হই, তুমি আমাদিগকে শক্তি দাও। তুমিই একমাত্র ভরসা। আমাদিগের মলিন অন্তরকে তোমার পবিত্র পাদস্পর্শে পুণ্যোজ্জ্বল কর। আমাদিগকে ধন্য কর।"

দ্বিতীয় অংশে সাধকের সাধনার চিত্র উদ্‌ঘাটিত হইয়াছে। সাধক ভগবৎপরায়ণ হয়েন, সেই চির-পবিত্র, সর্ব্বশক্তিমান দেবতার চরণে আপনার প্রার্থনা-পুষ্পাঞ্জলি প্রদান করেন। যাঁহারা নিজেকে উন্নত পবিত্র করিতে চাহেন, তাঁহারা ভগবানের চরণেই আশ্রয় গ্রহণ করেন। মন্ত্রে আমরা এই চিত্রই দেখিতে পাই। মন্ত্রান্তর্গত 'বহ্নী' পদে বিবরণকারের অনুসরণে 'প্রবৃদ্ধং' অর্থ গ্রহণ করিয়াছি। 'অচ্ছা' পদে অভিধানসঙ্গত 'পবিত্রং' অর্থ গৃহীত হইয়াছে। (৩প ৫অ—৬থ ১সা)। *

— * —

দ্বিতীয়ং সাম।

১ ২র ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩
প্র কাব্যং উশনা ইব ব্রুবাণো দেবো দেবানাং

১ ২
জানমা বিবক্তি।

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
মহিব্রতঃ শুচিবন্ধুঃ পাবকঃ পদা বরাহো

৩ক ২র ৩ ১ ২
অভ্যেতি রেভন্ ॥ ২ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাশীতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান পাঁচটী। উহাদের নাম—"ঔশনম্", "বৃষোশনং সাম" "জানস্তাত্ৰীবর্ত্তৌ দ্বৌ" "ত্রিষ্টুব্‌ভ্রৌশনম্"।

গেয় গানং।

৪৩　১র　--　১.　—　১　২　১র র　—
১। প্রা। কাবিয়া ২ যু। উশনেবা ২। ব্রবা ২ ৩ ণাঃ। দেবোদেবা ২।

১র　—　১　২　১—　--　১　--　১
নাঞ্জনিমা ২। বিবা ২ ৩ ক্তো। মহিব্রোতা ২ঃ। শুচিবন্ধু ২ঃ। পবা

২　১র　--　১র　৴　৩১
২ ৩ কঃ। পদাবারা ২। হোতভিয়া ২ ই। ভিরা ৩ ৪

৫র র　৩ ১ ১ ১ ১
ঔহোবা। ভা ২ ৩ ৪ ৫ ন্॥

* * *

১র　--　১　--　র　--　১র র　--
২। প্রকাবিয়া ২ যু। উশনেবা ২। ব্রুবাণা ২ঃ। দেবোদেবা ২ঃ।

১র　—　১　—　১　—　১　—　১
নাঞ্জনিমা ২। বিবাক্তো ২। মহিব্রোতা ২ঃ। শুচিবন্ধু ২। পবাকা

--　১র　—　১ ৴　১২　৫র র
২ঃ　পদাবারা ২। হো ২। ভিয়া ৩ ৪ ঔহোবা।

২ ১র ৩ ১ ১ ১ ১
তিরেভা ২ ৩ ৪ ৫ ন্॥

* * *

২র　র　১ ২৴　৩　৫　২র র র　র
৩। প্রকাব্যমুশনেবব্রু ৩ বাণো। দে ২ ৩ ৪ বাঃ। দেবানাঞ্জনিমাবী ৩

১২৴　৩　৫　২　১২৴　৩　৫
বাক্তো। মা ৩ ৩ ৪ হী। ব্রতঃ শুচিবন্ধুঃ পা ৩ বাকঃ। পা ২ ৩ ৪ দা।

২ র র　র ১　২　১ ১ ১ ১
বরাহোঅভ্যেতিরা ২ ৩। হাউবা ৩। ভা ২ ৩ ৪ ৫ ন্॥

* * *

৫র র　১　২ ১র　২ ১ র　২ ৩ ৪ ৫　২র ১র
৪। হাউহাউ। হুপ্। প্রকাবিয়াম্। উশনে। বব্রুবাণাঃ। দেবো-

র　২　১　২৴ ৩ ৪ ৫　২ ১　২
দেবা। না ৩ ৩ জনি। মাবিবক্তো। মহিব্রতাঃ। শুচিবা ৩।

২ ৩৪৫ ৪র ১ ২১র ২ ২
ধুঃপবাকঃ। হাউহাউ। হুপ্। পদাবরা। হো ৩ অভি।

২ ২ ৪
আ৩৪৩ই। তী৩রা৫ইভা৬৫৬ন্।২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'উশনা ইব' (ভগবৎকর্ম্মকারিণঃ মোক্ষাভিলাষিণঃ আত্মোৎকর্ষসম্পন্নাঃ সাধকাঃ ইব, তে যথা ভগবৎপরায়ণাঃ ভবন্তি তদ্বৎ ইত্যর্থঃ) 'কাব্যং' (স্তোত্রং, প্রার্থনাং) 'ব্রুবাণঃ' (উচ্চারণকারী) 'দেবঃ' (দেবভাবসম্পন্নঃ জনঃ,) 'দেবানাং (দেবভাবানাং) 'জনিমা' (কর্ম্মাণি উৎপত্তিপ্রকারাণি ইত্যর্থঃ) 'প্রাবিবক্তি' (প্রকৃষ্টেন বদতি, কীর্ত্তয়তি); অপিচ সঃ সাধকঃ 'শুচিবন্ধুঃ' (দীপ্ততেজস্কঃ,) 'পাবকঃ' (পাপানাং নাশকঃ,) 'বরাহঃ' (অবিচালতঃ, দৃঢ়চিত্তঃ) 'মাহব্রতঃ' (মহতঃ কর্ম্মণঃ ধারয়িতা, সৎকর্ম্মসাধকঃ) 'রেভন্' (স্তুবন, স্তুতিপরায়ণঃ সন্) 'পদা' (পদানি, স্থানানি পরমং পদং ইত্যর্থঃ) 'অভ্যেতি' (প্রাপ্নোতি)। মন্ত্রোঽয়ং নিত্যসত্যমূলকঃ। সৎকর্ম্মসাধকাঃ প্রার্থনাপরায়ণাঃ ভবন্তু; তে দেবভাবানাং উৎপত্তিপ্রকারাণি প্রব্রুবন্তি, ইহজগতি বিজ্ঞাপয়ন্তি। সৎকর্ম্মপ্রভাবেন তে মোক্ষং লভন্তে—ইতি ভাবঃ॥ (৩প-৫অ ৬খ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

ভগবৎ কর্ম্মকারী মোক্ষাভিলাষী আত্মোৎকর্ষসম্পন্ন সাধকদিগের ন্যায় অর্থাৎ তাঁহারা যেমন ভগবৎপরায়ণ হন, সেইরূপ প্রার্থনা উচ্চারণকারী দেবভাবসম্পন্ন ব্যক্তি দেবভাবসমূহের কর্ম্মসমূহ অথবা উৎপত্তিকারণসমূহ কীর্ত্তন করেন; দীপ্ততেজস্ক পাপনাশক দৃঢ়চিত্ত সৎকর্ম্মকারী স্তুতিপরায়ণ হইয়া পরমপদ প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সৎকর্ম্মকারী জন প্রর্থনাপরায়ণ হয়েন; দেবভাবসমূহের উৎপত্তি প্রকার জগতে বিঘোষিত করেন। সৎকর্ম্ম প্রভাবে মোক্ষ লাভ করিয়া থাকেন।)॥ (৩প—৫অ—৬খ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

বৃষগণো বাসিতঋষঃ। 'উশনে এব' তন্নামক ঋষিরিব 'কাব্যং' কবিকর্ম্ম স্তোত্রং 'ব্রুবাণঃ' দেবঃ স্তোতা অয়মৃষির্বৃষগণো নাম 'দেবানাং' ইন্দ্রাদীনাং 'জনিমা' 'জন্মানি' 'প্রাবিবক্তি' প্রকর্ষেণ বদতি। বচ পরিভাষণে (অদা০ প০)। ব্যত্যয়েন বিকরণস্য শ্লুঃ (৩।১।৮৫) বহুলং ছন্দসীতি (৭।৪।৭৮) অভ্যাসস্য ইত্বম্ মাহব্রতঃ প্রভূতকর্ম্মা। 'শুচিবন্ধুঃ' বন্ধুস্তি

শক্রনিতি বস্তুনি তেজাংসি বলানি বা দীপ্ততেজস্কঃ 'পাবকঃ' পাপানাং শোধকঃ 'বরাহঃ' বরঞ্চ তদহশ্চ বরাহঃ রাজাহঃ সখিভ্যাষ্টচ্ ইতি টচ্ সমাসান্তঃ। তস্মিন্নহনি অভিষুয়মাণত্বেন তদ্বান্। অর্শ আদিত্বান্মত্বর্থীয়োঽচ্ তাদৃশঃ সোমঃ রেভন্ শব্দং কুর্ব্বন্ পদানি স্থানানি পাত্রাণি অভ্যেতি অভিগচ্ছতি। যদ্বা। যথা কশ্চন বরাহঃ পদা পদেন ভূমিং বিক্রিয়মাণঃ শব্দং করোতি তদ্বৎ॥ (৩প—৫অ—৬খ ২সা)॥

দ্বিতীয় (৫২৪) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী নিত্য-সত্য-প্রখ্যাপক। মোক্ষাভিলাষী ব্যক্তি সতত প্রার্থনাপরায়ণ হয়েন। প্রার্থনা করিতে গিয়া তাঁহার মনে আত্মানুসন্ধিৎসা জাগিয়া উঠে, নিজের হৃদয়ের কালিমা, তাঁহার দুর্ব্বলতা, হীন কামনা বাসনা তিনি নিজেই স্পষ্টরূপে দেখিতে পান এবং তাহা দূর করিবার জন্য অধিকতর ঐকান্তিকতার সহিত প্রার্থনা করিতে থাকেন। নিজকে সম্পূর্ণরূপে ভগবানের চরণে নিবেদন করিয়া দেন। তিনি সর্ব্বদা ভগবানের গুণগানে রত থাকেন। তাহা দ্বারা ক্রমশঃ তাঁহার মন ভগবানের প্রতি অধিকতরভাবে আকৃষ্ট হয়। তাঁহার হৃদয়ের কালিমা দূরীভূত হয়, পাপের প্রতি ঘৃণা জন্মে, ভগবানের করুণা প্রত্যক্ষ করিয়া দৃঢ়চিত্তে তিনি আপনার অভীষ্ট সাধনে আত্মনিয়োগ করেন।

'যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী' যাহার মনের ধারণা যেরূপ, ভগবান্ তাহাকে সেইরূপ সিদ্ধি দান করেন। মোক্ষাভিলাষী ব্যক্তি ঐকান্তিকতার সহিত ভগবানের চরণে আত্মনিবেদন করিলে ভগবান্ ও তাঁহাকে আপনার কোলে টানিয়া নেন। তাঁহার যত পাপকালিমা সমস্ত দূরীভূত হয়। তিনি ভগবৎ কৃপাসাগরে নিমগ্ন হইয়া অপার আনন্দের অধিকারী হয়েন।

মন্ত্রান্তর্গত 'উশনা' পদের ব্যাখ্যা সম্বন্ধে আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতার (১ম—৫১সূ—১০ঋ) দ্রষ্টব্য। 'জনিমা' পদে বিবরণকার-সম্মত 'কর্ম্মাণি' অর্থ গ্রহণ করিয়াছি। 'মহিব্রতঃ' ও 'রেভন্' পদদ্বয়ের ব্যাখ্যাতে ও বিবরণকারের অনুসরণ করিয়াছি। 'বরাহঃ' পদের ব্যাখ্যার জন্য ঋগ্বেদ-সংহিতা (১ম—১১৪সূ—৫ঋ) দ্রষ্টব্য।

'জনিমা' পদের ভাষ্যানুমোদিত অর্থ 'জন্মানি' তাহা হইতে আমাদের অর্থ হইয়াছে—'উৎপত্তিপ্রকারাণি।' কিভাবে, কিরূপ সাধনার দ্বারা হৃদয়ে সদ্ভাবের উদয় হয়, ভগবৎপরায়ণ জনই, সে তথ্য অবগত আছেন। এ সংসারে তাঁহাদের দ্বারাই সে তত্ত্ব ব্যক্ত হয়। এই জন্যই শাস্ত্রগ্রন্থে সাধুসঙ্গের, সৎপ্রসঙ্গের মহিমা পরিকীর্ত্তিত। পুষ্পের মধ্যে অবস্থিত কীট যেমন পুষ্পের সঙ্গে সঙ্গে দেবতার মস্তকে আরোহণ করে; সেইরূপে অসৎ পাপী জনও সজ্জনের সহবাসে সৎপ্রসঙ্গের আলাপনে সচ্চিন্তার উন্মেষণে পাপমুক্ত হইয়া সৎস্বরূপের সামীপ্য লাভের অধিকারী হয়। ইহাই আমাদের ব্যাখ্যার তাৎপর্য্য॥ (৩প ৫অ—৬খ—২সা)। *

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের সপ্তমী ঋক্ (সপ্তম অষ্টক; চতুর্থ অধ্যায়, দ্বাদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয় গান চারিটী। উহাদের নাম,—"বাজসনোদ্বে" "বাজজিৎ সাম" "বারাহম্"।

তৃতীয়ং সাম।

৩ ১র ২র ৩ ১ ৩র ৩ ১ ২
তিস্রো বাচ ঈরয়তি প্র বহ্নিঃ ঋতস্য

৩ ১র ২র ৩ ২
ধীতিং ব্রহ্মণো মনীষাম্।

১ ২ ৩ ১ ২ ৩.২ ২ ৩ ১ ২
গাবো যন্তি গোপতিং পৃচ্ছমানাঃ সোমং

৩ ১ ৩ ২
যন্তি মতয়ো বাবশানাঃ ॥ ৩ ॥

গেয়-গানং।

১ ২ ১ ২ ১র র ২ ১ ২ ৩ ৪ ৫
১। হোই। হো। হা৩ হোই। তিস্রোবাচা। ঈ ৩ রয়া। তিপ্রবহ্নীঃ।

১ র ১ ২ ১র র ২ ১ ২ ৩ ৪ ৫ ২র
হোইয়া ২ ৩ হোই। তিস্রোবাচাঃ। ঈ ৩ রয়া। তিপ্রবহ্নীঃ। আ।

২ ১ ২ ১র র ২ ২ ২ ৩ ৪ ৫
হোইয়া ২ ৩ হোই। তিস্রোবাচাঃ। ঈ ৩ রয়া। তিপ্রবহ্নীঃ।

১ ২ ১ S ২ ২ ১র র
হোইহা। ইহোইহা। ঔ ৩ হো ৩ ১ ই। ইহা। তিস্রোবাচাঃ

২ ১ ২ ৩ ৪ ৫ ১ ২ ১
ঈ ৩ রয়া। তিপ্রবহ্নীঃ। হোইয়া। ইয়োইয়া। ঔ ৩

২ ২ ১র র ২
হো ৩ ১ ই। ইয়া। তিস্রোবাচাঃ। ঈ ৩

১ ২ ৩ ৪ ৫
রয়া। তিপ্রবহ্নীঃ ॥

১ ২৲ ৩ ৫ ২ র ১ ৩র ২ ৩ ৫ ২ ১র র ২
২। ইহোইহ। ইহোইহা ৩ হো। বাহোইৎ। তিস্রোবাচাঃ। ঈ ৩ রয়া।

২ ৩ ৪ ৫ ৪র ২ ১ ২ ৫ ৪
তিপ্রবহ্নীঃ। ইহোবা ৫। ইহোবা ২৩। ঈ ৩ ৪ হহাই। ঈ ৫।

৪ ২ ১র র ২ ১ ২ ৩ ৪ ৫ ২ ১
ইহা। ত্রিস্রোবাচাঃ। ঈ ৩ রয়। ত্রিপ্রবহ্নীঃ। ইহোবা

২ ৫ ৪ ২ র র ২
২ ৩। ঈ ৩ ৪ বহাই। ইহা। ত্রিস্রোবাচাঃ। ঈ ৩ ৪

১ ২ ৩ ৪ ৫ ১ ২ ২ ১ ২ ২
রয়। ত্রিপ্রবহ্নীঃ। আঔ ৩ হো। আঔ ৩ হো ৩ ৪।

৫ র র ২ ২ ১র র
ঔহোবা। হা ৩ হাই। ত্রিস্রোবাচাঃ।

২ ১ ২ ৩ ৪ ৫ ১ ২ র র
ঈ ৩ রয়। ত্রিপ্রবহ্নীঃ। আ। ঔ ৩ হোবা

২ ৩র ৪র ৫ ২ ১র র
হা ৩ ৪। ঔহোবা। ত্রিস্রোবাচাঃ।

২ ১ ২ ৩ ৪ ৫
ঈ ৩ রয়। ত্রিপ্রবহ্নীঃ ॥

* * *

৩র ২ ৪ ৫ ৪ ২ ২ ১ ২ ১ ২ ৩ ৪ ৫
৩। ওহো ৩। ওহা ওহা। ঋতস্যধাই। ধী ৩ ৩ ব্রহ্ম। গোমনীষাম্।

১ ২ ১ ২ ৩র ২ ১ ২র ১র ২ ১ ২ ৩ ৪ ৫
হহাহাই। হহহাহাহো ৩। গাবোয়ন্তাই। গো ৩ পতিম্। পৃচ্ছমানাঃ।

১ ২ ১ ২ ৩র ২ ১ র ১ ২ ১ ২
ইহহোই। ইহহাহহোই। সোমং যন্তাই। মতয়ঃ। বা ৩ ৪ ৩।

২ ৪
বা ৩ শা ৫ না ৬ ৫ ৬ ঃ ॥ ৩ ॥
১

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বহ্নিঃ' (অগ্নিপ্রতিমঃ সৎকর্ম্মসাধকঃ) 'ত্রিস্রঃ বাচঃ' (ঋগযজুঃসামাত্মিকাং স্তুতিং) 'প্রেরয়তি' (উচ্চারয়তি) বেদমার্গানুসরণেন ভগবন্তং আরাধয়তি ইত্যর্থঃ; তথা 'ঋতস্য' (সত্যস্য) 'ধীতিং' (ধারয়িত্রীং) 'ব্রহ্মণঃ' (ভগবতঃ) 'মনীষাং' (কল্যাণবাণীং, প্রার্থনাং ইত্যর্থঃ) উচ্চারয়তি (যথা সত্যস্য ধারয়িতৃ 'ব্রহ্মণঃ মনীষাং' বেদোক্তং কর্ম্ম সম্পাদয়তি)

'গাব.' (জ্ঞানরশ্ময়ঃ) যথা 'গোপতিং' (জ্ঞানাধীশং, জ্ঞানিনং ইত্যর্থঃ) 'যন্তি' (প্রাপ্নুবন্তি) তদ্বৎ 'পৃচ্ছমানাঃ' (পৃচ্ছন্তঃ, জ্ঞানার্থিনঃ) 'বাবশানাঃ' (কাময়মানাঃ, মোক্ষাভিলাষিণঃ) 'মতয়ঃ' (স্তোতারঃ) 'সোমং' (সত্ত্বভাবং) 'যন্তি' (প্রাপ্নুবন্তি)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সাধকঃ বেদমার্গানুসরণেন ভগবন্তং আরাধয়তি তথা সৎকর্ম্মসম্পাদয়তি; প্রার্থনা-পরায়ণঃ সৎকর্ম্মসাধকঃ সত্ত্বভাবং লভতে—ইতি ভাবঃ। (৩প—৫অ-৬খ—৩সা)।

* . *

বঙ্গানুবাদ।

অগ্নিপ্রতিম সৎকর্ম্মসাধক ঋক্-যজুঃ-সামাত্মিকা স্তুতি উচ্চারণ করেন অর্থাৎ বেদমার্গানুসরণে ভগবানকে আরাধনা করেন, এবং সত্যের ধারণ-কারী ভগবানের প্রার্থনা উচ্চারণ করেন (অথবা সত্যের ধারণকারী বেদোক্ত কর্ম্ম সম্পাদন করেন); জ্ঞানরশ্মি যেমন জ্ঞানীকে প্রাপ্ত হয়, সেইরূপ জ্ঞানার্থী মোক্ষাভিলাষী স্তোতাগণ সত্ত্বভাবকে প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সাধক বেদমার্গানুসরণে ভগবানকে আরাধনা করেন, এবং সৎকর্ম্ম সম্পাদন করেন; প্রার্থনাপরায়ণ সৎকর্ম্মসাধক সত্ত্বভাব লাভ করেন।)। (৩প—৫অ—৬খ—৩সা)॥

. . .

সায়ণ-ভাষ্যং।

পরাশরঃ ঋষিঃ। 'বহ্নিঃ' বোঢ়া যজমানঃ 'তিস্রো বাচঃ' ঋগ্যজুঃসামাত্মিকাঃ স্তুতীঃ প্রেরয়তি। তথা 'ঋতস্য' যজ্ঞস্য 'ধীতিং' ধারয়িত্রীং 'ব্রহ্মণঃ' পরিবৃঢ়স্য সোমস্য 'মনীষাং' মনস ঈশিত্রীং কল্যাণবাচং চ প্রেরয়তি। কিঞ্চ 'গোপতিং' বৃষভং যথা গাবোঽভিগচ্ছন্তি তদ্বৎ গবাং স্বামিনং সোমং 'গাবঃ' পৃচ্ছমানাঃ পৃচ্ছন্ত্যঃ সত্যো যান্তু স্বপয়সামিশ্রয়িতুমভিগচ্ছন্তি তথা 'বাবশানাঃ' কাময়মানাঃ 'মতয়ঃ' স্তোতারঃ সোমং 'যন্তি' স্তোতুমভিগচ্ছন্তি॥ ৩॥

* * *

তৃতীয় (৫২৫) সামের মর্ম্মার্থ।

—— * ——

বেদই জ্ঞান, বেদই মানবের মুক্তিপথের আলোক-বর্ত্তিকা। অনন্ত রত্নের আকর বেদই মানবকে পরাশান্তির পথ প্রদর্শন করিতেছেন। মানবের যাহা কিছু কাম্য, যাহা কিছু মানুষ প্রার্থনা করিতে পারে, তাহার সমস্তই এই বেদ-রত্নাকর খুঁজলে পাওয়া যায়। বেদকল্পতরু-মূলে যাহা প্রার্থনা করা যায় তাহাই পাওয়া যায়। যিনি এই বেদ মহীরুহের সুশীতল ছায়ায় আশ্রয় গ্রহণ করেন, তাঁহার জীবন চিরশান্তিময় হয়, তিনি ইহজীবনেই স্বর্গসুখ উপভোগ করেন। তাই বেদকেই ব্রহ্ম বলা হইয়াছে।

যিনি প্রকৃত সাধক, যিনি আপনার জীবনকে পূর্ণ ও সফল করিয়া তুলিতে চাহেন, তিনি বেদের আশ্রয় গ্রহণ করেন। বেদ-প্রদর্শিত পন্থায় চলিলেই মানবের চরম অভীষ্ট লাভ হয়, ইহা জানিয়া তিনি বেদমার্গেরই অনুসরণ করেন। তিনি বেদানুযায়ী প্রার্থনা করেন, বেদানুযায়ী সৎকর্ম্মে আত্মনিয়োগ করেন। দুঃখতাপগ্রস্ত মানুষকে শান্তি দিতে বেদই একমাত্র মহৌষধ। ভবরোগের মহৌষধ সেই পরম পূজ্য সনাতন জ্ঞানভাণ্ডারস্বরূপ বেদের মহিমা কীর্ত্তনই আমরা এই মন্ত্রে দেখিতে পাই।

এই মন্ত্রের নানাবিধ ব্যাখ্যা দেখিতে পাওয়া যায়। প্রচলিত ব্যাখ্যাসমূহের মধ্যে পরস্পর মিল নাই। এই মন্ত্রান্তর্গত প্রায় প্রত্যেক পদের বিভিন্ন ব্যাখ্যা পাওয়া যায়। বিবরণকারই দুই তিন প্রকার ব্যাখ্যা দিয়াছেন। তাঁহার আধ্যাত্মিক ব্যাখ্যা নিয়ে উদ্ধৃত হইল,—"বহ্নিঃ আত্মা ভবতি। বহ্ন্যাদিগুণসংযোগাৎ সঃ তিস্রো বাচঃ প্রেরয়তি। বিদ্যাবুদ্ধিমনাংসি। বিদ্যা মহান্। বুদ্ধিরহঙ্কারং মন ইতি প্রাধান্যাদ্ ভূতেন্দ্রিয়াণি ঋতস্যাত্মনঃ ধীতিং মনসঃ ইষ্টানি কর্ম্মাণি প্রেরয়ন্তি। ব্রহ্মণঃ আত্মনঃ। গোপাঃ গোপায়িতি। আত্মানং ইন্দ্রিয়াণি স্বামিনং পৃচ্ছমানাঃ। আত্মানং তদভিপ্রায়েণ শব্দাত্মনুগমনাৎ। এতমেবমাত্মানং সোমকাময়মানা ইব যন্তি ন ভূয়ঃ তদর্থং প্রাদুর্ভবন্তি" ইতি। অর্থাৎ বহ্ন্যাদিগুণহেতু বহ্নিই আত্মা। তিনি বিদ্যাবুদ্ধিমনরূপ ত্রিবিধ বৃত্তি প্রেরণ করেন। বিদ্যা মহৎ; বুদ্ধি, অহঙ্কার; প্রাধান্যবশতঃ মন ইন্দ্রিয়দিগকে (প্রেরণ করে)। 'ব্রহ্মণঃ' ও 'ঋতস্য' পদের অর্থ করা হইয়াছে—আত্মা। আত্মাই প্রকৃতপক্ষে ইন্দ্রিয়গণের অধিপতি। আত্মাই তাহাদিগের রক্ষক ও পরিচালক। আত্মার জন্যই ইন্দ্রিয়াদি কর্ম্মে প্রবৃত্ত হয়।

এই ব্যাখ্যা হইতে ইহা পরিদৃষ্ট হইবে যে,—আত্মার প্রাধান্য স্থাপন করিতে গিয়া ব্যাখ্যাকার নানাবিধ শাস্ত্রের সাহায্য গ্রহণ করিয়াছেন। অর্থাৎ এই সকল শাস্ত্রই বেদের ভিত্তির উপর প্রতিষ্ঠিত। বেদজ্ঞান হইতেই অন্যান্য জ্ঞানধারা প্রবাহিত হয়। উদাহরণস্বরূপ বলা যায় 'তিস্রঃ বাচঃ' পদদ্বয়ের ব্যাখ্যায় ব্যাখ্যাকার সাঙ্খ্যদর্শনের অনুসরণ করিয়াছেন। মহৎ অহঙ্কার বুদ্ধি মন প্রভৃতি সেই ভগবান সেই বিশ্বাত্মা হইতেই আসিয়াছে। অবশ্য সাঙ্খ্যদর্শনের ব্যবহৃত পারিভাষিক শব্দাবলীর সাহায্যে ব্যাখ্যা করিলেও এখানে সাঙ্খ্যদর্শনের বহুআত্মবাদ নাই। একটা কথা প্রণিধান করিয়া দেখিতে হইবে যে, বেদানুসারী সাঙ্খ্যদর্শনে এই বহুবাদের স্থান কোথায়। এই বহুত্ব ও একত্ব সম্বন্ধে আমরা পূর্ব্বে বহুক্ষেত্রে আলোচনা করিয়াছি, সুতরাং এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। সমস্ত শাস্ত্রই যে বেদ হইতে উৎপন্ন ইহা প্রদর্শন করিবার জন্য এই প্রসঙ্গের অবতারণা করা গেল।

বেদ দর্পণস্বরূপ। সকলেই তাহার মধ্যে নিজের প্রতিবিম্ব দেখিতে পান, সুতরাং একই মন্ত্রের বিভিন্ন ব্যাখ্যা হওয়া অসম্ভব নয়। আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (৩প—৫অ—৬ষ—৩সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের চতুঃত্রিংশতী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম "সংক্রন্দনাম্বেয়ং" "চয়দাৰ্ব্বিশালে দ্বে"।

চতুর্থং সাম।

৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
অস্য প্রেষা হেমনা পূয়মানো দেবো

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
দেবেভিঃ সমপৃক্ত রসম্।

৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩
সুতঃ পবিত্রং পর্যেতি রেভন্মিতেব

১ ২ ৩ ২ ৩ ১ ২
সদ্ম পশুমন্তি হোতা॥ ৪॥

* *

গেয় গানং।

৩ ২ ৩র ৪র ৫ ১র ২ ১ র ২৲৩ ৪ ৫ ৩ ২
১। অস্যা ৩ ৪ ঔহোবা। প্রেষা। হে ৩ মনা। পূয়মানাঃ। উহুবাই।

৪ ২ ৩র ৪র ৫ ১র ২ ১ র ২৲৩ ৪ ৫ ২
অস্যা ৩ ৪ ঔহোবা। প্রেষা। হে ৩ মনা। পূয়মানাঃ। হাই।

৲ ৩র ২ ৩র ৪র ৫ ১র ২ ১ ২ ৩
উহুবা। দেবা ৩ ৪ ঔহোবা। দেবাই। ভী ৩ঃ সম। পৃক্ত-

৪ ৫ ২ ৲ ৩ ২ ৩র ৪র ৫ ১
রসাম্। হাউ। হোই। সুতা ৩ ৪ ঔহোবা। পবাই।

২ ১ ২ ৩ ৪ ৫ ২ র৲
ত্রা ৩ ম্পরি। এতিরেভান্। হা। হা ঔহোই।

৩ ২ ৩র ৪র ৫ ১ ২ ১
মিতা ৩ ৪ ঔহোবা। বসা। দ্মা ৩ পশু।

২ ৩ ৪ ৫ ১ ২ ২
মন্তিহোতা। পশু। মা ৩৪৩। উ

৪
৫ হো ৫ ডা ৬৫৬॥

* * *

১র২র৩র২　১　৩২　১　র　১২র　২৩৪৫
২। ঔহোবাহা ৩ হোই। ইহী। অস্তপ্রেণা। হে ৩ মনা। পুয়ানানাঃ।
২র১র র　২　১　২৩৪৫　২১　২
দেবোদেবাই। ভী ৩ঃ সম। পৃক্তরসাম্। সুঙঃ পবাই। ত্রা ৩
১　২৩৪৫　১র২র৩র২　১　৩১
স্পারি। এতিরেভান্। ঔহোবাহা ৩ হোই। ইহা।
১র　২　১　২　২
মিত্রেবণা। দ্মা ৩ পশূ। মা ৩ ৪ ৩। তী ৩
৪
হো ৫ ভা ৬৫ ৬ য় ৪ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'হেমনা' (হিরণেন, হিতরমণীয়রত্নেন, পরমধনদানেন ইত্যর্থঃ) 'পূয়মানঃ' (পবিত্রকারকঃ) 'দেবঃ' (ভগবান্) 'অস্য' (তস্য) 'রসং' (অমৃতং) 'প্রেষা' (প্রকর্ষেচ্ছয়া, স্বেচ্ছয়া, লোকানাং হিতেচ্ছয়া ইত্যর্থঃ) 'দেবেভিঃ' (দেবৈঃ, দেবভাবৈঃ সহ) 'সমপৃক্ত' (সংযোজয়তি); দেবভাবেন লোকাঃ অমৃতং লভন্তে—ইতি ভাবঃ; 'সুতঃ ইব' (বিশুদ্ধঃ, অপাপবিদ্ধঃ দেবঃ যথা) 'পবিত্রং' (পবিত্রহৃদয়ং) 'পর্য্যেতি' (পরিগচ্ছতি, প্রাপ্নোতি) তদ্বৎ 'রেভন' (প্রার্থনাপরায়ণঃ) 'মিত্রো হোতা' (সৎকর্ম্মসাধকঃ) 'পশুমতি' (পশূন, রিপূন্ ইত্যর্থঃ) বিনাশায় ইতি যাবৎ 'সদ্ম' (যজ্ঞগৃহং, সৎকর্ম্মসাধনস্থলং) প্রাপ্নোতি—ইতি শেষঃ; নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সৎকর্ম্মসাধনেন রিপুনাশঃ ভবতি ইতি ভাবঃ। (৩প—৫অ ৬খ ৪সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পরমধনদানে পবিত্রকারক ভগবান্ তাঁহার অমৃতকে লোকগণের হিতের জন্য দেবভাবের সহিত সংযোজিত করেন; (ভাব এই যে,—দেবভাবের দ্বারা মানুষ অমৃত লাভ করে); অপাপবিদ্ধ দেবতা যেমন পবিত্র হৃদয়কে প্রাপ্ত হয়েন, সেইরূপ প্রার্থনাপরায়ণ সৎকর্ম্মসাধক রিপুগণকে বিনাশ করিবার জন্য সৎকর্ম্মসাধনস্থল প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সৎকর্ম্ম সাধনের দ্বারা রিপুনাশ হয়।)। (৩প—৫অ—৬খ—৪সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

বসিষ্ঠঃ ঋষিঃ। অত্র সোমস্য 'প্রেষা' প্রেষতির্গত্যর্থঃ (তু০ প০) কিপি রূপং। সাবেকাচ ইতি বিভক্তেরুদাত্তত্বং প্রেষা প্রেরকেণ 'হেমনা' হিরণ্যেন 'পূয়মানঃ' হিরণ্যপাণিরভিষুণোতীতি

হিরণ্যসম্বন্ধঃ। তাদৃশঃ দেবো দীপ্যমানঃ অংশুঃ রসঃ আত্মীয়ং দেবেভিঃ দেবৈঃ সহ সমপৃক্তং সম্পর্কয়তি সংযোজয়তি। পৃচী সম্পর্কে (অদা০ আ০) ততঃ 'সুতঃ' অভিষুতঃ সোমঃ 'রেভন্' শব্দায়মানঃ সন্ 'পবিত্রং' ঊর্ণাস্তকেন নির্ম্মিতং 'পর্যেতি' পরিগচ্ছতি। কথমিব? 'হোতা' দেবানামাহ্বাতা ঋত্বিক্ 'মিতের' নির্ম্মাতেন পশুমন্তি' বদ্ধপশূন 'সদ্ম' সদনানি যজ্ঞগৃহাণি যথা পর্যেতি তদ্বৎ॥ (৩প—৫অ—৬খ—৪সা)॥

* * *

চতুর্থ (৫২৬) সামের মর্ম্মার্থ।

——‡•‡——

এই মন্ত্রটী একটু জটিলতাসম্পন্ন। প্রচলিত ব্যাখ্যাদিতেও অর্থ পরিস্ফুট হয় নাই। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "সুবর্ণের দশু এই সোমকে আহ্লাদিত করিল; তদ্দ্বারা শোধিত হইয়া ইনি আপনার রস দেবতাদিগের নিকট আনয়ন করিলেন। যেরূপ হোতা কোন পুরোহিত যজমানের ধনধান্যসম্পন্ন সুনির্ম্মিত ভবনে যান, তদ্রূপ পুনঃ নিষ্পীড়িত হইয়া শব্দ করিতে করিতে পবিত্রের চতুর্দ্দিকে যাইতেছেন।" ভাষ্যের সহিত তুলনা করিলে দেখা যাইবে যে, এই উভয় ব্যাখ্যার মধ্যেও অসামঞ্জস্য আছে।

এই মন্ত্রান্তর্গত 'ত্রৈধা', পদে বিবরণকার-সম্মত 'প্রভূতৈশ্বর্য্যেচ্ছয়া' অর্থ গ্রহণ করিয়াছি। 'রেভন্' পদের ব্যাখ্যা সম্বন্ধে এই খণ্ডের দ্বিতীয় সাম দ্রষ্টব্য। 'মিতা' ও 'হোতা' পদদ্বয় একার্থ-বাচক। উভয় পদের দ্বারাই 'সৎকর্ম্মসাধক' অর্থ প্রাপ্ত হওয়া যায়। তাই একত্রই উভয় পদের অর্থ গ্রহণ করিয়াছি॥ (৩প—৫অ—৬খ—৪সা)॥*

——•——

পঞ্চমং সাম

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
সোমঃ পবতে জনিতা মতীনাং জনিতা

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
দিবো জনিতা পৃথিব্যাঃ

৩ ১র ২র ১ ১র ২র ৩ ১ ২
জনিতা অগ্নের্জ্জনিতা সূর্য্যস্য জনিতা ইন্দ্রস্য

৩ ১র ২র
জনিতা উত বিষ্ণোঃ॥ ৫॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয় গান দুইটী। উহাদের নাম "অগস্ত্যস্য যমিকে দ্বে"।

গেয়-গানং।

২র র র ১ — র র র
১। সোমঃ পবতেজনিতামা ৩ তাইনা ২ ম্। জনিতাদিবোজনিতা পৃ ৩

১ — ১র র র ৭ ২ ১র
থাইব্যা ২ ঃ। জনিতাগ্নের্জ্জনিতাসূ। রিয়া ২ স্যা। জনিতেন্দ্রা।

২ ১ ২ ২ ৪
স্যা ৩ জনি। তো ৩ ৪ ৩। তা ২ বা ৫ ইঢ়ে ৬ ৫ ৬ ঃ।

* * *

৩ ৪ ৫ র র ২ ২ ৪ ১
২। সোমঃ পবতেজনিতা। এ ৩। ঔ ৩ হো ৫ বা ৫। মাতা ২ ৩ ৪ ৫ ইনা

২ ১র ২ ১র ২ ১র ২ ১র ৯ ৩
৬ ৫ ৬ ম্। জনিতাদিবোজনিতাপৃথিব্যাঃ। জনা ২ ইতা ২ ৩ ৪

৫ ২ র ২ ৪
গ্নেঃ। জনিতা। সূ ৩ ৪ ৩। র্য্যী ৩ য়া ৫ স্যা ৬ ৫ ৬।

৩ ১র ২ ১র ৩ ১ ১ ১ ১
জনিতেন্দ্রস্যজনিতোতবিষ্ণো ২ ৩ ৪ ৫ ঃ॥

* * *

৫র ৪ ৪ ৫ ১ ১
৩। হাউজনৎ। ৩। জনদ্ধাউ। ৩। হোই। জনৎ। ২। হোই।

২র ১ ২ ১ ২৯ ৩ ৪ ৫ ২ ১র
জনাৎ। সোমঃ পবা। তে ৩ জনি। তামতীনাম্। জনিতাদাই।

২ ২ ২ ৩ ৪ ৫ ২ ১র ২ ১ র ২৯ ৩ ৪ ৫
বো ৩ জনি। তাপৃথিব্যাঃ। জনিতাগ্নাইঃ। জনিতা। সূরিয়স্যা।

৫র ৪ ৪ ৫ ১
হাউজনৎ। ৩। জনদ্ধাউ। ৩। হোই। জনৎ। ২।

১র ২ ২
হোই। জনাৎ। জনিতেন্দ্রা। স্যা ৩ জনি। তো

২ ৪
৩ ৪ ৩। তা ৩ বা ৫ ইষ্ণো ৬ ৫ ৬ ঃ।

* * *

৪ ৫ ৪ ৫ ১
৪। জনন্ধাউ। ৩। জনদাউ। ৩। জনৎ হোই। ৩।

২র ১ ২ ১ ২৯ ৩ ৪ ৫ ২ ১র ২
সোমঃ পবা। তে ৩ জনি। তামতীনাম্। জনিতাদাই। বো

১ ২৯ ৩ ৪ ৫ ২ ১র ২ ১র ২ ৩ ২ ৫
৩ জনি। তাপৃথিব্যাঃ। জনিতাগ্নাই। জনিতাসূরয়্যা।

৪ ৫ ৪ ৫ ১ র
জনন্ধাউ। ৩। জনদাউ। ৩। জনৎ। হোয়ি।

২ ১র ২ ১ ২
৩। জনিতেন্দ্রা। স্য ৩ জনি। তো ৩৪৩।

২ ৪
ঙা ৩ বা ৫ য়িষ্ণো ৫ ৬ঃ॥ ৫॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'পবতে' (ক্ষরতু, অস্মাকং হৃদি সমুদ্ভবতু ইত্যর্থঃ) ; সঃ 'মতীনাং' (বুদ্ধিবৃত্তীনাং) 'জনিতা' (উৎপাদকঃ), 'দিবঃ' (দ্যুলোকস্য, দেবভাবস্য ইত্যর্থঃ) 'জনিতা' (উৎপাদকঃ, জনকঃ) 'পৃথিব্যাঃ' (পৃথিবীস্থিতানাং সর্ব্বেষাং লোকানাং ইতি ভাবঃ) 'জনিতা' (উৎপাদকঃ, সৃষ্টিকর্ত্তা), সঃ 'অগ্নেঃ' (জ্ঞানস্য) 'জনিতা' (উৎপাদকঃ), 'সূর্য্যস্য' (জ্ঞানকিরণস্য) 'জনিতা' (উৎপাদকঃ, প্রকাশকঃ), 'ইন্দ্রস্য' (বলাধিপতিদেবস্য, শক্তিরূপদেবস্য, আত্মশক্ত্যাঃ ইত্যর্থঃ) 'জনিতা' (উৎপাদকঃ, মূলকারণং) ; 'উত' (অপিচ) 'বিষ্ণোঃ' (সর্ব্বব্যাপকস্য, বিশ্বস্য অখিলদেশস্য) 'জনিতা' (উৎপাদকঃ, ধারকঃ) ; নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবতঃ শক্ত্যাঃ সত্ত্বভাবাৎ নিখিলং বিশ্বং উৎপন্নং — ইতি ভাবঃ ॥ (৩প—৫অ-৬খ-৫সো) ॥

* * *

বঙ্গানুবাদ।

সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে উৎপন্ন হউন ; তিনি বুদ্ধিবৃত্তির উৎপাদক, দেবভাবের জনক, পৃথিবীস্থিত সকল লোকের সৃষ্টিকর্ত্তা, তিনি জ্ঞানের উৎপাদক, জ্ঞানকিরণের প্রকাশক, আত্মশক্তির মূলকারণ ; অপিচ, অখিল দেশের ধারণকর্ত্তা। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবানের শক্তি সত্ত্বভাব হইতে নিখিল বিশ্ব উৎপন্ন হইয়াছে) ॥ (৩প—৫অ—৬খ—৫সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

প্রতর্দ্দনঋষিঃ। 'সোমঃ' অভিষূয়মাণঃ 'পবতে' পাত্রেষু ক্ষরতি। কীদৃশঃ? 'মতীনাং' স্তুতীনাং যদ্বা। মননীয়ানাং স্তুতীনাং 'জনিতা' জনয়িতা 'জনিতা মন্ত্রে' (৬।৪।৫৩।) ইতি নিপাতনেন ণি-লোপঃ। কিঞ্চ 'দিবঃ' দ্যুলোকস্য 'জনিতা' প্রাদুর্ভাবয়িতা। তথা 'পৃথিব্যাঃ জনিতা'। 'অগ্নেঃ জনিতা' প্রকাশকঃ। 'সূর্য্যস্য' সর্ব্বপ্রেরকস্যাদিত্যস্য 'জনিতা' 'ইন্দ্রস্য' 'জনিতা' পালনেন মহত্ত্ব জনয়িতা 'উত' অপিচ 'বিষ্ণোঃ' ব্যাপকস্য 'জনিতা' জনয়িতা। এতৎ সর্ব্বং সোমেঽভিষূয়মাণে ভবতি সোমেন হি দেবতাপ্যায়ন্তে ইতি। ৫।

* * *

পঞ্চম (৫২৭) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রে সত্ত্বভাবের মহিমা কীর্ত্তন আছে সত্ত্বভাব ভগবানের শক্তি; সুতরাং ভগবানের প্রতি যে সকল অভিধা ব্যবহৃত হয়, পরোক্ষভাবে সত্ত্বভাবের প্রতিও তাহা ব্যবহৃত হইতে পারে।

এই মন্ত্রে সত্ত্বভাবকে জগতের সৃষ্টির মূল কারণ বলিয়া বর্ণনা করা হইয়াছে। ইহা ভগবানের পরোক্ষ মহিমা খ্যাপন। তাঁহা হইতেই জগৎ সৃষ্টি হইয়াছে। চন্দ্র-সূর্য্য-তারা তাঁহারই মহিমা বিঘোষিত করিতেছে। অনাদিকাল অনন্ত গগণ সদনে তাঁহারই মাহাত্ম্য কীর্ত্তন করে। এই শ্যামলা ধরণী, জীববৃন্দের তৃপ্তির নানা উপচার বক্ষে ধারণ করিয়া সেই পরম প্রেমময়েরই স্নেহ বিঘোষণ করিতেছে। মানুষ যাহা কিছু দেখে, যাহা জানিতে পারে, তাহার সমস্তই সেই অনাদি পরম দেবতার দান। মায়ের মুখে তাঁহারই অসীম স্নেহের প্রতিচ্ছবি পরিলক্ষিত হয়, ভীষণ বজ্রনির্ঘোষে তাঁহারই প্রলয়বিষাণ শুনিতে পাই। সৃষ্টি-স্থিতি-ধ্বংস তাঁহারই লীলা। তাঁহার আদেশে চন্দ্রসূর্য্য কিরণ দান করে, মলয়-সমীর প্রবাহিত হয়। তাঁহারই মঙ্গলবিধানে মানুষ জ্ঞান লাভ করিয়া অমৃতত্ব প্রাপ্ত করে। তাঁহারই প্রেরণায় মানব তাঁহার চরণে আশ্রয় গ্রহণ করিয়া জীবন ধন্য করে। আদিতে তিনি, অন্তে ও মধ্যে তিনি। তিনিই বিশ্বরূপে আপনাকে প্রকাশিত করিয়াছেন। দেশ ও কাল তাঁহাতেই অপরিচ্ছিন্নরূপে বর্ত্তমান। তাঁহার প্রদত্ত জ্ঞানামৃত পানেই মানুষ অমর হয়। তাঁহারই শক্তি সত্ত্বভাবের মহিমা খ্যাপনচ্ছলে তাঁহারই মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের মতের ঐক্য নাই তাহা সায়ণভাষ্য দৃষ্টেই অবগত হওয়া যাইবে। সোমরস নামক মাদকদ্রব্য যে কিরূপে ইন্দ্র বিষ্ণু প্রভৃতির জনয়িতা হইতে পারে তাহা বুঝা অসম্ভব। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল, তাহা হইতে দেখা যাইবে যে, সোমরস নামক মাদকদ্রব্যই সকলের উৎপাদক বলিয়া গৃহীত হইয়াছে। বঙ্গানুবাদটী এই,—"সোম ক্ষরিত হইতেছেন। ইহা হইতেই স্তুতিবাক্যসমূহের উৎপত্তি, ইহা হইতেই দ্যুলোক ও ভূলোক ও অগ্নি ও সূর্য্য ও ইন্দ্র ও বিষ্ণুর উৎপত্তি।"

ভাষ্যকার 'অনিত্তা' পদের বিভিন্ন অর্থ করিয়াছেন, তাহা সঙ্গত বলিয়া মনে হয় না। বিবরণকারও দুইটী ব্যাখ্যা দিয়াছেন এবং যস্ক 'সোম' পদে 'সূর্য্য' ও 'আত্মা' অর্থ গ্রহণ করিয়া দুইটী ব্যাখ্যা দিয়াছেন। কিন্তু এই সকলের কোন ব্যাখ্যাই আমরা গ্রহণ করিতে পারি নাই। (৩প ৫প—৬ষ্ঠ ৫সা)॥ *

ষষ্ঠং সাম।

৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ১২

অভি ত্রিপৃষ্ঠং বৃষণং বয়োধাং অঙ্গোষিণং

৩ ১ ২

অবাবশন্ত বাণীঃ।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ১

বনা বসানো বরুণো ন সিন্ধুঃ বিরত্নধা

২ ৩ ১ ২

দয়তে বীর্য্যাণি ॥ ৬ ॥

গেয়-গানং।

২ ২ S ২^ ৩র ২ ১ — S ২ ২ ১

ও ৩ হায়ি। ও ৬ হা। ও৷। ইয়া ২। ও ৩ হা ৩ এ। আভিত্রিপা।

২ ১ ২ ৩ ৪ ৫ ২ ১র ২ ১র ২ ৩ ৫ ৫

ষ্ঠা ৩ ০ বৃষ। ণম্বয়োধাম্ অঙ্গোষিণাম্। অবাব। শন্তবাণীঃ।

২ র ২ ১ ২ ৩ ৪ ৫ ২ ১ ১ ২

বনাবসা। নো ৩ বরুণোনাসিন্ধুঃ। ও ৩ হায়ি। ও ৩ হা।

S র ২ ১ — S র ২ ২ ১ ২ ১ র

ওহা। ইয়া ২। ও ৩ হা ৩ এ। বিরত্নধাঃ। দয়তে।

২ ২ ৪ ৫ ১

বা ৩ ৪ ৩। রী ৩ য়া ৫ ণা ৬ ৫ ৬ য়ি ॥ ৬ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের পঞ্চমী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, ষষ্ঠ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান চারিটী। উহার নাম "কাল-ক্রাকন্দো" "অনিত্রে বে"।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ত্রিপৃষ্ঠং' (ভূর্ভুবঃস্বঃত্রিলোকপূজিতং, সর্ব্বলোকপূজিতং ইত্যর্থঃ) 'বৃষণং' (অভীষ্টবর্ষকং) 'বয়োধাং' (শক্তিপ্রদাতারং) 'অঙ্গোষিণং' (স্তুতিভিঃ আরাধিতং দেবং) 'অবাবশন্ত' (কাময়মানাঃ) 'বাণীঃ' (প্রার্থনাঃ—অস্মাকং ইতি যাবৎ) 'অভি' (অভিলক্ষ্য, তস্য দেবস্য অভিমুখে গচ্ছন্তু—ইত্যর্থঃ); বয়ং ভগবৎ-স্তুতিপরায়ণাঃ ভবেম—ইতি ভাবঃ; 'সিন্ধুঃ ন' (কারুণ্যরূপঃ দেবতুল্যঃ) 'বনা' (বনানি, জ্যোতীংষি) 'বসানঃ' (আচ্ছাদয়ন, ধারয়ন্) 'রত্নধা' (পরমধনধারকঃ, পরমধনদাতা) 'বরুণঃ' (অভীষ্টপূরকঃ দেবঃ) 'বার্য্যাণি' (বরণীয়ানি ধনানি) 'দয়তে' (অস্মভ্যং প্রযচ্ছতু); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ কৃপয়া অস্মভ্যং পরমধনং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প—৫অ—৬খ—৬সা)।

* * *

বঙ্গানুবাদ।

সর্ব্বলোকপূজিত অভীষ্টবর্ষক শক্তিপ্রদাতা স্তুতিদ্বারা আরাধিত দেবতাকে কামনাকারী আমাদিগের প্রার্থনা, সেই দেবের অভিমুখে গমন করুক; (ভাব এই যে, আমরা যেন ভগবৎস্তুতিপরায়ণ হই); কারুণ্যরূপ দেবতার তুল্য জ্যোতিঃধারণকারী, পরমধন দাতা, অভীষ্ট-পূরক দেবতা বরণীয় ধন আমাদিগকে প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপা পূর্ব্বক আমাদিগকে পরমধন প্রদান করুন।)। (৩প—৫অ—৬খ—৬সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

বসিষ্ঠঃ ঋষিঃ। 'ত্রিপৃষ্ঠং' ত্রীণি পৃষ্ঠানি দ্রোণকলশাদিস্থানানি সবনানি বা যস্য ত তথোক্তগুণম্ 'বৃষণং' বর্ষকম্। 'বয়োধাম্' অন্নস্য দাতারম্। 'অঙ্গোষিণং' আঘোষন্তং সোমং 'বাণীঃ' স্তোত্ররূপা বাচঃ 'অবাবশন্ত' কাময়ন্তে শব্দায়ন্তে বা 'বনা' বনানি উদকানি 'বসানঃ' আচ্ছাদয়ন 'বরুণো ন' বরুণঃ ইব 'সিন্ধুঃ' অপাং স্যন্দয়িতা পর্য্যন্ত প্রদেশানাচ্ছাদয়তি তদ্বৎ 'রত্নধাঃ' রত্নানাং দাতা সোম 'বার্য্যাণি' ধনানি। 'দয়তে' স্তোতৃভ্যঃ প্রযচ্ছতি ॥৬॥

* * *

ষষ্ঠ (৫২৮) সামের মর্ম্মার্থ।

এই প্রার্থনা-মূলক মন্ত্রটী দুই অংশে বিভক্ত। প্রথম অংশে আত্মোদ্বোধন-মূলক প্রার্থনা আছে। এবং দ্বিতীয় অংশে প্রত্যক্ষভাবে ভগবানের নিকট প্রার্থনা পরিদৃষ্ট হয়।

'সর্ব্বলোকপূজিত সেই পরম দেবতার চরণে যেন আমরা প্রার্থনাপরায়ণ হই। তিনিই মানবের অভীষ্টপ্রদানকারী। তাঁহার চরণ হইতেই অমৃতধারা প্রবাহিত হইয়া মানবকে

বিমল শান্তি দান করে। তিনি জ্যোতিঃস্বরূপ করুণানিধান। তাঁহার নিকটে মানুষ আপনার কামনা নিবেদন করিলে তিনি তাহা পূর্ণ করেন—তিনি অভীষ্ট-বর্ষক। তাই সেই দেবতার চরণে মানব আপনার সকল আকাঙ্ক্ষা নিবেদন করে। 'তিনি আমাদের অভীষ্টপূর্ণ করুন'- এই প্রার্থনাই মন্ত্রমধ্যে আমরা দেখিতে পাই।

মন্ত্রান্তর্গত 'সিন্ধুঃ' এবং 'ধরুণঃ' পদদ্বয়ের ব্যাখ্যা সম্বন্ধে আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম-১১৫সূ ৬ঋ) দ্রষ্টব্য। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই ব্যক্ত করা হইয়াছে (৩প—৫অ—৬খ—৬সা)। *

— • —

সপ্তমং সাম।

১ ২ ১ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ৩

অক্রান্ৎসমুদ্রঃ প্রথমে বিধর্ম্মন্ জনয়ন্

৩ ১র ২র ২ ২

প্রজা ভুবনস্য গোপাঃ।

১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১র ২র

বৃষা পবিত্রে অধি সানো অব্যে বৃহৎসোমো

৩ ১র ২র

বাবৃধে স্বানো অদ্রিঃ॥ ৭॥

গেয়-গানং।

২ ১ ১ ২র ১ ২ ১র ২ ১ র ২ ১

হো। পোপি। অক্রাংৎসমুদ্রঃ প্রথমেবিধামান্। হোহোয়ি। জনয়ন্

২ ১ ২ র ১ ১ ৮ র ২র ১ ২র ১ ২ ১র র৪ ১

প্রজাভুবনস্যগোপাঃ। হো। হোয়ি বৃষা পাবিত্রে অধিসানো ২ অ।

২ ১ র র ৭ র র র ১র র ২

ব্যায়ি। হো। হো। বৃহৎসোমো ২ বাবৃধেস্বানোঅ। দ্রা। ঔ ৩।

র র ২ ২ ২র ১র ১ ১ ১ ১

হোবাহাউবা ৬। এ ৩। স্বানাগ। দ্রী ২৩৪৫ঃ। ৭॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ৯৭ সপ্তনবতিতম সূক্তের দ্বিতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, ষড়্‌বিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম— "অঙ্গিরসাং ব্রতোপোকং"।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ভুবনস্য' (ত্রিলোকস্থ, বিশ্বস্য) 'বিধর্ম্মন' (ধারয়ন, ধারণকারী) গোপাঃ' (রক্ষকঃ দেবঃ, সর্ব্বস্য ইতি যাবৎ) 'প্রজাঃ' (লোকান) 'জনয়ন' (জনয়তি, সৃজতি); 'প্রথমে' (প্রথমে জাতঃ, আদিভূতঃ) 'সমুদ্রঃ' (সমুদ্রবৎ অসীমঃ) সঃ 'অক্রান' (সর্ব্বং অতিক্রামতি, সর্ব্বেষাং শ্রেষ্ঠঃ ভবতি ইত্যর্থঃ); সর্ব্বেষাং অধিপতিঃ ভগবান বিশ্বং সৃজতি রক্ষতি চ—ইতি ভাবঃ; 'অধিসানঃ' (অভীষ্টবর্ষকঃ, বর্ষণশীলঃ, কামনাপূরকঃ ইত্যর্থঃ) 'স্বানঃ' (অভিষূয়মাণঃ, বিশুদ্ধঃ) 'অদ্রি' (পাপনাশায় পাষাণবৎকঠোরঃ) 'বৃষা' (অভীষ্টবর্ষকঃ) 'বৃহৎ' (মহান্) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'অব্যে' (জ্ঞানযুক্তে) 'পবিত্রে' (পবিত্রহৃদয়ে) 'বাবৃধে' (বর্দ্ধয়তি); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। পবিত্রহৃদয়ে বিশুদ্ধঃ সত্ত্বভাবঃ উপগচ্ছতি—ইতি ভাবঃ। (৩প—৫অ—৬খ—৭সা)।

* * *

বঙ্গানুবাদ।

বিশ্বের ধারণকারী সকলের রক্ষক দেবতা লোকসকলকে সৃজন করেন; আদিভূত সমুদ্রবৎ অসীম তিনি সমস্তকে অতিক্রম করেন, অর্থাৎ সকলের শ্রেষ্ঠ হয়েন; (ভাব এই যে, সকলের অধিপতি ভগবান্ বিশ্ব সৃষ্টি ও রক্ষা করেন); কামনাপূরক, বিশুদ্ধ, পাপনাশে পাষাণবৎ কঠোর, অভীষ্টবর্ষক, মহান্ সত্ত্বভাব জ্ঞানযুক্ত পবিত্রহৃদয়ে বর্দ্ধিত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—পবিত্র হৃদয়ে বিশুদ্ধ সত্ত্বভাব উপস্থিত হয়)। (৩প—৫অ—৬খ—৭সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

পরাশরঋষিঃ। 'সমুদ্রঃ' অস্মাদাপঃ সমুদ্রবন্তি স সমুদ্রঃ অপাং বর্ষকঃ। 'গোপাঃ' জগতাং রক্ষকঃ সোমঃ 'প্রথমে' বিস্তৃতে 'ভুবনস্য' উদকস্য। 'বিধর্ম্মন' বিধারকেঽন্তরিক্ষে 'প্রজাঃ' 'জনয়ন্' উৎপাদয়ন 'অক্রান' সর্ব্বমতিক্রামতি ক্রমতের্লুঙি, তিপ, ইডভাবে বৃদ্ধৌ চ কৃতায়াং হলঙ্যাদিলোপে মকারস্য মোঽনোধাতোরিতি নকারে রূপম 'বৃষা' কামানাং বর্ষিতা 'স্বানঃ' অভিষূয়মাণঃ। 'অদ্রি'—'ইন্দুঃ' ইতি চ সামগাঃ পঠন্তি। (৩প—৫অ—৬খ—৭সা)।

* * *

সপ্তম (৫২৯) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী দুই অংশে বিভক্ত। প্রথম অংশে ভগবানের মহিমা কীর্ত্তন আছে। তিনি বিশ্ব সৃজন করেন, এবং এই বিশ্ব তাঁহাতেই বিধৃত আছে। তিনিই আদি তিনিই অন্ত, তাঁহার অপেক্ষা শ্রেষ্ঠ কেহ নাই। তিনি অনন্ত। জগতে এমন কিছু নাই যাহার সহিত

তাঁহার তুলনা হইতে পারে—তিনি অতুলনীয়। তাঁহা হইতেই বিশ্ব সৃষ্ট হইয়াছে। এই পরিদৃশ্যমান জগৎ তাঁহারই প্রতিরূপ। অনন্ত অসীম তিনি—এই শান্তবিশ্বের মধ্যদিয়াই আপনাকে প্রকাশ করিতেছেন। মন্ত্রের প্রথমাংশে এই তত্ত্বই পরিস্ফুট দেখিতে পাই।

মন্ত্রের দ্বিতীয় অংশে সত্ত্বভাবলাভের উপায় বিবৃত হইয়াছে। সেই উপায়—হৃদয়ের পবিত্রতা। হৃদয় পবিত্র হইলে তাহাতে সত্ত্বভাব আবির্ভূত হয়। সেই সত্ত্বভাব মানুষের পরম অভীষ্ট প্রদান করে। মানবের চরম কাম্য বস্তু মোক্ষলাভ সম্ভবপর হয়—এই সত্ত্বভাবের প্রভাবে। মন্ত্রের শেষাংশে এই সত্ত্বভাবেরই মাহাত্ম্য প্রখ্যাপন আছে।

ভাষ্যকার এই মন্ত্রের অনেক পদেরই কোন ব্যাখ্যা দেন নাই, এবং যে সকল পদের ব্যাখ্যা দিয়াছেন তাহাও অসম্পূর্ণ নিরুক্তকার যাস্ক এবং বিবরণকার প্রত্যেকেই এই মন্ত্রের ব্যাখ্যা দিয়াছেন। আমরা অনেকস্থলেই বিবরণকারের অনুসরণ করিয়াছি। (৩প—৫অ—৬খ—৭সা)। •

অষ্টমং সাম।

১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩
কনিক্রন্তি হরিরা সৃজ্যমানঃ সীদন্

১ ৩ ৩ ১ ২ ৪ ২
বনস্য জঠরে পুনানঃ।

১ ২ ৩ ১ ৩ ৩ ২ ৩ ৩ ২র ৩ ১
নৃভির্যতঃ কৃণুতে নির্ণিজং গামতো মতিং

২ ৩ ১ ২
জনয়ত স্বধাভিঃ ॥ ৮ ॥

গেয়গানং।

৪ ৫ ১— ১— র ১ ২
১। কানো। ক্রান্তো ২ ক্রান্তো ২। হরিরাসৃজামা ২ ৩ না ৩ঃ।

৪ ৫ ১-- -- র ১ ২ ২ ৪ ৫
সাদিদান্। বানা ২ বানা ২। নস্যজঠরেপুনা ২ ৩ না ৩ঃ। ত্রন্তীঃ।

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবমমণ্ডলের সপ্তনবতিতম সূক্তের চত্বারিংশী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, অষ্টাদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "সাম্যনামান বে"।•

১ — ১ — ৱ ১ ৱ ২ ৪ ৫
ষাতা২ষাতা২ঃ। কৃণুতেনির্ণিজা২৩গা৩ম্। আভাঃ।

১ — ১ — ১ ২ৱ ৩
মাতো২ম্যাতো২য়্। জনয়ন্তা২৩স্ব২ধা২৩

৫ৱ ৱ ৩ ১ ১ ১ ১
৪ ঔহোবা। ভো২৩৪৫ঃ।

* * *

৩ ৪ ৫ ৱ ২ ২২ৱ ৩২ৱ ৩ ৫ ২ৱ ১
২। কানিক্রান্তিহা। হোম। হরিরাসৃজ্য। মা২৩৪মা। হাহোয়ি।

ৱ ৱ২১ ২ ২ৱ১ ৱ ২১
সীদন্বনস্যজঠরেপুনা২৩নাঃ। হাহোয়ি। নৃভির্যতঃ কৃণুতেনির্ণিজা

২ ৱ ১ ৱ ২ ১ ১ৱ
২৩গাম্। হাহোয়ি। অতোমতীর্জনয়ন্তা২৩। স্বা

৩ ৫ৱ ৱ ৩ ১ ১ ১ ১
২ধা২৩৪ঔহোবা। ভো২৩৪৫ঃ॥ ৮॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'আ সুষ্যাণঃ' (সংস্তূয়মানঃ, বিশেষেণ আরাধনীয়ঃ) 'পুনানঃ' (পবিত্রকারকঃ) 'হরিঃ' (পাপহারকঃ দেবঃ) 'বনস্য' (বননীয়স্য, জ্যোতির্ম্ময়স্য সাধকস্য) 'জঠরে' (অভ্যন্তরে, হৃদয়ে) 'সীদন্' (অবস্থিতঃ সন্) 'কনিক্রন্তি' (ভৃশং শব্দায়তে, উদ্বোধয়তি—তস্য চিত্তবৃত্তিং ইতি যাবৎ); সাধকানাং হৃদয়ং ভগবৎ-পরায়ণং ভবতি—ইতি ভাবঃ; 'যতঃ' (যেন উপায়েন, যেন সত্ত্বভাবলাভেন ইত্যর্থঃ) 'নৃভিঃ' (কর্ম্মনেতৃভিঃ, সৎকর্ম্মসাধকৈঃ ইত্যর্থঃ) 'গাং' (জ্ঞানং) 'নির্ণিজং' (বিশুদ্ধং, পবিত্রং) 'কৃণুতে' (করোতি) 'অতঃ' (তেন উপায়েন, তং সত্ত্বভাবং লব্ধ্বা ইত্যর্থঃ) জনাঃ 'স্বধাভিঃ' (আত্মশক্তিভিঃ) 'মতিং' (সদ্বুদ্ধিং) 'জনয়ন্ত' (উৎপাদয়ন্তি, লভন্তে ইতি যাবৎ) নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবলাভেন জ্ঞানং বিশুদ্ধং ভবতি তথা হৃদি সদ্বুদ্ধিঃ সমুৎপদ্যতে—ইতি ভাবঃ। (৩প—৫দ—৬খ—৮সা)।

* * *

বঙ্গানুবাদ।

বিশেষরূপে আরাধনীয়, পবিত্রকারক, পাপহারক দেবতা জ্যোতির্ম্ময় সাধকের হৃদয়ে অবস্থিত হইয়া তাঁহার চিত্তবৃত্তিকে উদ্বোধিত করেন; (ভাব এই যে,—সাধকদিগের হৃদয় ভগবৎ-পরায়ণ হয়); যে সত্ত্বভাব

লাভের দ্বারা সৎকর্ম্মসাধক জ্ঞানকে বিশুদ্ধ করেন, সেই সত্ত্বভাব লাভ করিয়া মানুষ প্রার্থনার দ্বারা সদ্বুদ্ধি হৃদয়ে উৎপন্ন করেন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সত্ত্বভাব লাভের দ্বারা জ্ঞান বিশুদ্ধ হয় এবং হৃদয়ে সুবুদ্ধি উৎপাদিত হয়।)। (৩প—৫অ—৬খ—৮সা।) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

প্রস্কণ্ব ঋষিঃ। 'সৃজ্যমানঃ' আ সমন্তাদ্বিসৃজ্যমানোঽভিব্রুয়মাণঃ 'হরিঃ' হরিতবর্ণঃ সোমঃ 'কনিক্রন্তি' পুনঃ পুনঃ শব্দায়তে ক্রন্দতের্যঙ্লুকি, তিপি, ইডভাবে দাধর্ত্তিদর্দ্ধর্তীত্যাদিনা নিপাতনাদভ্যাসস্যানিগাগমঃ অভ্যাসস্বরঃ তথা 'পুনানঃ' পূয়মানঃ 'বনস্য' বননীয়স্য চারু দ্রোণ-কলশস্য 'জঠরে' 'সীদন' উপাবিশন্ শব্দায়তে। কিঞ্চ "নৃভিঃ" কর্ম্মনেতৃভিঃ ঋত্বিগ্ভিঃ 'ধৃতঃ' সংযতঃ সোমঃ 'গাঃ' গোবিকারান্ ক্ষীরাদীন আচ্ছাদয়ন 'নির্ণিজং' শুদ্ধং আত্মনোরূপং "কৃণুতে" গ্রহাদিষু করোতি। অতোঽস্মৈ সোমায় মতিং মননীয়াং স্তুতিং 'স্বধাভিঃ' হবির্ভিঃ সহ "জনয়ত" স্তোতারোঽজনয়ন ফণ্ড্বাস্ত্বাদেশাভাবঃ ছান্দসঃ। অদাদেশঃ। যদ্বা। হে স্তোতারঃ অস্মৈ সোমায় স্তুতিং জনয়ত উৎপাদয়ত কুরুতেতি যাবৎ। (৩প—৫অ ৬খ—৮সা)।

• • •

অষ্টম (৫৩০) সামের মর্ম্মার্থ।

— * —

ভগবানই ভাগ্যবানের সহায়। যিনি প্রকৃতি বলে ভগবানের চরণে আত্মনিবেদন করেন ভগবানই তাঁহাকে পথ প্রদর্শন করিয়া থাকেন। তাঁহার হৃদয়ে অধিষ্ঠিত হইয়া ভগবান সাধকের সকল চিত্তবৃত্তিকে ঊর্দ্ধমুখী করেন।

সত্ত্বভাব লাভ হইলে মানুষের সকল চিত্তবৃত্তিই ঊর্দ্ধমুখী হয়। তাঁহার অর্জ্জিত অপরাজ্ঞান পরাজ্ঞানে পরিণত হয়। বুদ্ধিবৃত্তি মার্জ্জিত হয় প্রত্যেক কার্য্যই তাঁহাকে ভগবৎচরণের দিকে লইয়া যায়। তাই সাধকের প্রধান কামনা—সত্ত্বভাবপ্রাপ্তি। এই সত্ত্বভাবের বিষয়ই মন্ত্রের শেষাংশে বিবৃত হইয়াছে।

মন্ত্রান্তর্গত 'আসৃজ্যমানঃ' পদে বিবরণকারের অনুসরণেই 'সংস্তূয়মানঃ' অর্থ গ্রহণ করিয়াছি। কনিক্রন্তি পদের ব্যাখ্যার জন্য (৩প ৫অ-১খ-৫সা) দ্রষ্টব্য। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে বিবৃত হইয়াছে। (৩প ৫অ—৬খ—৮সা) ॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চনবতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, পঞ্চম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম "সোম সামনি দ্বে"।

নবমং সাম।

৩ ২উ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩
এষ স্য তে মধুমাঁ২ ইন্দ্র সোমো বৃষা বৃষ্ণঃ
১ ২ ৩ ১ ২
পরি পবিত্রে অক্ষাঃ।
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ২ ৩
সহস্রদাঃ শতদা ভূরিদাবা শশ্বত্তমং
২উ ৩ক ২র
বর্হিরা বাজ্যস্থাৎ ॥ ৯ ॥

গেয়-গানং।

৪ ৫ ৪ ৫ ৩ ২ ৪ ৫ র ৪র ৫ র
এষাএষাঃ। স্যতা ৩ ১ ২ ৩ ৪ য়ি। মধুমাঁ২ ইন্দ্রসোমঃ। বৃষাবৃষা
৩ ২ ৫ ৪ ৫র র
৬ এ। বৃষ্ণো ৩ ১ ২ ৩ ৪ঃ। পরিপবিত্রে অক্ষাঃ। সহস্রদা ৬
৫ ৩ ২ ৫ ৫র ৫ ৪র৫র
এ। স্রদা ৩ ১ ২ ৩ ৪ঃ। শতদাভূরিদাবা। শশ্বচ্ছশ্বা।
৫ ৩ ২ র ৫র ৪ ৫
৬ দে। ত্তমা ৩ ১ ২ ৩ ৪ ম্। বর্হিরাবাজপে।
৫ ৫ ১ ১ ১ ১
হিয়া ৬ হাউবাস্থা ২ ২ ৩ ১ ৫ ৭ ৯ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলৈশ্বর্য্যাধিপতে হে দেব!) 'বৃষ্ণঃ' (বর্ষকস্য, কামনাপূরকস্য) 'তে' (তব হেতোঃ, ত্বাং প্রাপ্তুং ইত্যর্থঃ) 'এষঃ' (অয়ং) 'বৃষা' (অভীষ্টবর্ষকঃ) 'মধুমান' (অমৃতস্বরূপঃ) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'পবিত্রে' (পবিত্রহৃদয়ে, অস্মাকং হৃদয়ং পবিত্রং কৃত্বা ইত্যর্থঃ) 'পর্য্যক্ষাঃ' (ক্ষরতু, সমুত্তিষ্ঠতু); 'ভূরিদাবা, সহস্রদাঃ, শতদাঃ' (প্রভূতপরিমাণস্য দাতা, অসীমদানশীলঃ) 'বাজী' (শক্তিমান্) 'স' (সঃ) 'শশ্বত্তমং' (অতিশয়েন পুরাণং, নিত্যং, নিত্যকালং ইত্যর্থঃ) 'বর্হিঃ' (সৎকর্ম্মসাধনস্থলং, অস্মাকং হৃদয়ং ইতি ভাবঃ) 'অস্থাৎ' (অধিতিষ্ঠতু); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবৎপ্রাপ্তয়ে সর্বং সত্ত্বভাবং প্রাপ্নুয়েম ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প-১অ-৬দ-৯সা)॥

মন্ত্রানুবাদ।

হে সর্বৈশ্বর্যাধিপতি দেব! কামনাপূরক আপনাকে পাইবার জন্য এই অভীষ্টবর্ষক অমৃতস্বরূপ সত্ত্বভাব আমাদিগের হৃদয়কে পবিত্র করিয়া যেন সমুদ্ভূত হয়েন; অসীম দানশীল, শক্তিমান্ তিনি নিত্যকাল আমাদিগের হৃদয়ে অধিষ্ঠিত থাকুন; (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবৎ-প্রাপ্তির জন্য আমরা যেন সত্ত্বভাব লাভ করি)। (৩প—৫অ—৬খ—৯সা)॥

সায়ণ-ভাষ্যং।

উত্থামাপদিঃ। হে ইন্দ্র! 'বৃষ্ণঃ' সর্বকস্য 'তে' তুভ্যং চতুর্থ্যর্থে ষষ্ঠী 'এবঃ' 'সঃ' স সোমঃ 'মধুমান্' মাধুর্যোপেতঃ 'বৃষা' বর্ষকঃ 'পবিত্রে' 'সধাক্ষাঃ' পর্যস্রবৎ ক্ষরতেলুঙি রূপম্। স এব 'সহস্রদাঃ' সহস্রসংখ্যাকস্য ধনস্য দাতা 'শতদাঃ' শতসংখ্যাকস্য দাতা 'ভূরিদাবা'। ততোঽপি ভূরের্দাতা 'বাজী' বলবান সোমঃ 'শশ্বত্তমম্' অতিশয়েন পুরাণং বর্হিঃ যজ্ঞং 'অস্থাৎ' অধিতিষ্ঠতি। 'বৃষা বৃষ্ণঃ' - ইতি 'সহস্রদাঃ' 'শতসাঃ' ইতি চ সামগাঃ পাঠাঃ॥ ৯॥

নবম (৫৩১) সামের মর্মার্থ।

—‡•‡—

এই ত্রিধা-বিভক্ত মন্ত্রটীতে সত্ত্বভাব লাভের জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। ভগবান অভীষ্টবর্ষক, সুতরাং তাঁহার শক্তিও অভীষ্টবর্ষক। এই শক্তির সাহায্যেই ভগবৎ-প্রাপ্তি ঘটে। তাঁহার শক্তির ভিতর দিয়াই তিনি প্রকাশিত হয়েন। তাঁহার শক্তির বিকাশ দর্শনেই আমরা তাঁহার অস্তিত্বের প্রথম পরিচয় পাই। তিনি সত্যং জ্ঞানং অনন্তং। মানুষের মধ্যে সেই জ্ঞান ও সত্য বিকাশ লাভ করে বলিয়া আমরা সেই জ্ঞান ও শক্তির আদি প্রস্রবণের অনুসন্ধানে নিযুক্ত হই। আমাদিগের ভিতরে যে অনন্তের সাড়া পাই—তাহা যতই ক্ষীণ হউক না কেন তাহাই আমাদিগকে সেই অনন্তের অনুসন্ধানে প্রেরণা দেয়। সেই বীজ-স্বরূপ সত্য ও জ্ঞানকে পূর্ণ বিকশিত করিবার প্রচেষ্টাতেই আমরা সেই সত্যস্বরূপ জ্ঞানস্বরূপ পরম পুরুষের দিকে অগ্রসর হই।

সত্ত্বভাব তাঁহারই শক্তি, তাঁহারই ঐশ্বর্য্য। সেই ঐশ্বর্য্যের কণা মাত্র লাভ করিলেই মানুষ তাহা পূর্ণরূপে পাইতে চায়। সেই অনুসন্ধিৎসা ভগবানই মানুষের অন্তরে দিয়াছেন। তাই সেই অনুসন্ধিৎসা দ্বারা চালিত হইয়া মানুষ তাঁহারই অভিমুখে চলিতে থাকে। সেই জন্যই সত্ত্বভাব লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। সত্ত্বভাব প্রাপ্ত হইলে ভগবানের মঙ্গলনীতি বলে মানুষ ক্রমশঃ তাঁহার অভিমুখে চলিতে থাকে। সত্ত্বভাবের দ্বারা মানুষ সেই পরম বস্তু লাভ করে বলিয়া সত্ত্বভাবকে অসীম দানশীল বলা হইয়াছে। এই দানশীলতা বিশেষ ভাবে ব্যক্ত করিবার জন্যই একার্থবাচক 'শতদাঃ', 'সহস্রদাঃ' 'ভূরিদাবা' এই তিনটী পদ মন্ত্রে ব্যবহৃত

হইয়াছে। আর, এই পরম কল্যাণ-দায়ক বস্তু লাভ করিবার জন্য ভগবৎ-সমীপে প্রার্থনা করা হইয়াছে। এই মন্ত্রের অন্তর্গত 'বর্হিঃ' পদের ব্যাখ্যা সম্বন্ধে আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম -১৩সূ-৫ঋ) দ্রষ্টব্য। অন্যান্য পদের অর্থ মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে পরিদৃষ্ট হইবে॥ (৩প-৫অ-৬খ-৯সা)॥ *

দশমং সাম।

১ ২　　৩　১ ২　　৩ ২　　৩ ১র

পবস্ব সোম মধুমাং ঋতো অাপো

২র ৩　২ ৩　২ ৩　১ ২

বসানো অধি সানো অব্যে।

৩　১ ২　৩ ১ ২　৩ ১ ১

অব দ্রোণানি ঘৃতবন্তি রোহ মদিন্তমো

৩ ১　১ ৩ ১ ২

মৎসর ইন্দ্রপানঃ॥ ১০॥

* * *

গেয়-গানং।

২ ৩　৫　৩ ২　২ ১　২ ১　২ ৩ ৪ ৫

হাও ২ ৩ ৪ হাই। ইহা ৩ ১। পবস্বসো। মা ৩ মধু। মা৬ ঋতাবা।

২ ১র　২ ১　২ ৩র ৪ ৫　২ ১ র　২ ১

অপোবসা। নো ৩ অধি। সানোঅব্যাই। অবদ্রোণা। নী ৩ ঘৃত।

২ ৩ ৪ ২১　২ ৩　৫　৩ ২　২ ১

বান্তিরোহা। হাও ২ ৩ ৪ হাই। ইহা ৩ ১। মদিন্তমো।

২ ১　২　২ ৪

মৎসরঃ। আ ৩ ৪ ৩ ই　দ্রো ৩ পা ৫ না ৬ ৫ ৬॥ ১০॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'মধুমান' (মধুযুক্তঃ) 'আপঃ বসানঃ' (অমৃতং আচ্ছাদয়ন, অমৃতময়ঃ) 'অভিসানঃ' (অভিলিপ্যমানঃ, অভীষ্টবর্ষণশীলঃ) ত্বং 'ঋতো অব্যে' (সত্যায় জ্ঞানায় চ, সত্যং তথা জ্ঞানং প্রদানায়) 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি সমুদ্ভব) ; 'ঘৃতবন্তি' (উদকবান্, অমৃতযুক্তঃ) 'মদিন্তমঃ' (অতিশয়েন আনন্দদায়কঃ, পরমানন্দদায়কঃ) 'মৎসরঃ' (আনন্দস্বরূপঃ) 'ইন্দ্রপানঃ' (ইন্দ্রেণ পাতব্যঃ, ভগবতঃ গ্রহণযোগ্যঃ পূজোপহারস্বরূপঃ) ত্বং 'দ্রোণানি' (পাত্রাণি, অস্মাকং হৃদয়ানি ইত্যর্থঃ) 'অবরোহ' (প্রাপয়) ; প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং পরমানন্দ-দায়কং অমৃতময়ং সত্ত্বভাবং লভেম ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প-৫অ ৬খ-১০সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাশীতিতম সূক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী উহার নাম,—"ঐরম্"

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! মধুযুক্ত অমৃতময় অমৃতময় অভীষ্টবর্ষণশীল আপনি সত্য এবং জ্ঞান প্রদানের জন্য আমাদিগের হৃদয়ে উপস্থিত হউন; অমৃতযুক্ত, পরমানন্দদায়ক, আনন্দস্বরূপ, ভগবানের গ্রহণযোগ্য পূজোপহারস্বরূপ আপনি আমাদিগের হৃদয়কে প্রাপ্ত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—পরমানন্দদায়ক অমৃতময় সত্ত্বভাব আমরা যেন লাভ করিতে পারি।)। (৩প—৫অ—৬খ—১০সা)।

সায়ণ-ভাষ্যং।

প্রতর্দ্দনশ্চাসিঃ। হে 'সোম!' 'মধুমান্' মত্বর্ণীয়ঃ তাদৃশস্ত্বং 'অপঃ' বসতীবরীঃ একধনাঃ 'বসানঃ' আচ্ছাদয়ন্ 'অধি' অধিকং 'সানো' সমুচ্ছ্রিতে 'অব্যে' অবিভবে পবিত্রে 'পবস্ব' ক্ষর। ততঃ 'মদিন্তমঃ' অতিশয়েন মদকরঃ 'ইন্দ্রপানঃ' ইন্দ্রেণ পাতব্যঃ 'মৎসরঃ' মাদয়িতা সোমঃ 'ঘৃতবন্তি' উদকবন্তি 'দ্রোণানি' দ্রোণকলশান্ 'অবরোহ' প্রাদুর্ভবসি। 'রোহ' 'সীদ' ইতি পাঠৌ। ৩প—৫অ—৬খ—১০সা)।

পঞ্চমস্যাধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ॥

দশম (৫৩২) সামের মর্ম্মার্থ।

হৃদয়ের সত্ত্বভাবই ভগবৎ পূজার শ্রেষ্ঠ উপাদান। ভগবান তাঁহার ভক্তের হৃদয়ের সত্ত্বভাব-কুসুমাঞ্জলিতেই তৃপ্ত হয়েন। সকল পূজার শ্রেষ্ঠ পূজা—তাঁহাকে হৃদয়ের সত্ত্বভাব প্রদান করা। জপ, তপ, যোগ, আরাধনা প্রভৃতির মূলে যদি পবিত্র হৃদয় ও ব্যাকুল আকাঙ্ক্ষা না থাকে, তাহা হইলে সকল পূজা বিফল হয়, হৃদয়ের দেবতা বিমুখ হইয়া ফিরিয়া যান—সকল বাহিক অনুষ্ঠান ভস্মে ঘৃতাহুতি হয় মাত্র। তাই সাধক বলিয়াছেন—'বিনা প্রেমসে নাহি মিলে নন্দলালা।' এই মন্ত্রে সেই সত্য-তত্ত্বই প্রকাশিত হইয়াছে।

শুদ্ধসত্ত্বই বিশুদ্ধ আনন্দের জনক। হৃদয় পবিত্র হইলে জগৎ মধুময় হয়, বিশ্ব আনন্দে পরিপূর্ণ হয়। সে আনন্দের তুলনা নাই। হৃদয়ের হীনতা, কালিমা দূরীভূত হয়, সুতরাং তজ্জনিত অপূর্ণতা থাকে না। অপূর্ণতাই দুঃখের কারণ। তাই শুদ্ধসত্ত্ব জনিত যে পূর্ণতা লাভ হয়, তাহা পরমানন্দ দান করিতে পারে। তাই সত্ত্বভাব মধুযুক্ত ও অমৃতময়। মন্ত্রের মধ্যে এই পরম আকাঙ্ক্ষণীয় বস্তু লাভ করিবার জন্যই প্রার্থনা পরিদৃষ্ট হয়॥ (৩প ৫অ ৬খ—১সা)। *

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষন্নবতিতম সূক্তের ত্রয়োদশী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম,—"মাধুচ্ছন্দসম"।

ওঁ

সামবেদ-সংহিতা।

——‡•‡——

কৌথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

——:§ • §:——

পবমানং পর্ব্ব (তৃতীয়ং পর্ব্ব)। পঞ্চমোঽধ্যায়ঃ। সপ্তমঃ খণ্ডঃ।

• . •

সপ্তমঃ খণ্ডঃ।

—•—

প্রথমং সাম।

১ ২ ৩ ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩
প্র সেনানীঃ শূরো অগ্রে রথানাং গব্যন্নেতি

১ ২ ৩ ১ ২
হর্ষতে অস্য সেনা।

৩ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ২উ ৩
ভদ্রান্ কৃণ্বন্নিন্দ্রহবাংৎসখিভ্য আ সোমো

১ ২ ৩ ১ ২
বস্ত্রা রভসানি দত্তে॥ ১॥

* . *

গেয় গানং।

৩ ৫ ৩ ৫ ৪ ৫ ২ ১র ২র ১ র ১ ২ ২ ৩৪
১। হো ৪ বা উহুবা ৩। হোবা প্রসেনানাইঃ। শূরোআহ। য়াইরথা

৫ ২ ১ ২র ১ ২ ২ ৩ ৪ ৫ ২ ১র ১ ২
নাম্। গব্যন্নেতাই। হর্ষতা ৩ ই। অস্যসেনা। ভদ্রান্ কৃণ্বান্।

২ ২ ৩ ৪ ৫ ২র ১র ২র ১ ২ ১
ইন্দ্রহা ৩। বাংসখিভ্যাঃ। আসোমোবা স্ত্রা ৩ রভ।

২র ৩ ৪ ৫ ৩ ৫ ৩ ২
সানিনত্তাই। হো ৪ বা। উহুবা ৩।

৪ ৫ ৫
হো বা ৬। হাউবা॥

* * *

৫র ৪ ২৮ ১ ১ ১ ২ ১র ২র ১ র র ২ ২ ৩ ৪ ৫
২। ঔহো ৩ বা ৩ ৪ ৫। প্রসেনানাইঃ। শূরোআ ৩। গ্রাই রথানাম্।

২ ১ ২র ১ ২ ২ ৩ ৪ ৫ ২ ১র ২ ১ ২
গব্যন্নেতাই। হর্ষতা ৩ ই। অস্যাসেনা। ভদ্রান্ কৃণ্বান্। ইন্দ্রহা

২৮ ৩ ৪ ৫ র ৪ ২৮ ১ ১ ১ ২র ১র ২র ১
৩। বাংসখিভ্যাঃ ঔহো ৩ বা ৩ ৪ ৫। আসোমোবা।

২ ১ ২ ২ ৪
স্ত্রা ৩ রভ। সা ৩ ৪ ৩। নী ৩ সা ৫ ত্তা ৬ ৫ ৬ ই॥

* * *

৫র ৪ ২৮ ১ ১ ১ ৩ র ২র ১ র র ২ ২৮ ৩ ৪ ৫
৩। ঔহো ৩ বা ৩ ৪ ৫। প্রসেনানাইঃ। শূরোআ ৩। গ্রাই রথানাম্।

৩ ২র ১ ২ ২ ৩ ৪ ৫ ৩ র ২ ১ ২
গব্যন্নেতাই। হর্ষতা ৩ই। অস্যাসেনা। ভদ্রান্‌কৃণ্বান্। ইন্দ্রহা ৩।

২ ৩ ৪ ৫ র ৪ ২ ১ ১ ১ ৩র র ২র ১ ২
বাংসখিভ্যাঃ। ঔহো ৩ বা ৩ ৪ ৫। আসোমোবা। স্ত্রা

১ ২ ২ ৪ ৩ ১ ১ ১ ১
৩ রভ। সা ৩ ৪ ৩। নী ৩ সা ৫। ত্তা ২ ৩ ৫ ৫ ৫ ই। ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সেনানীঃ' (রিপু-সংগ্রামে সেনা-নায়কঃ) 'শূরঃ' (শত্রূণাং বাধকঃ, শত্রুনাশকঃ) 'গব্যন্' (স্তোতৃভ্যঃ জ্ঞানং দাতুং ইচ্ছন্, জ্ঞানপ্রদায়কঃ) লম্বন্তাবঃ 'রথানাং' (সৎকর্ম্মরূপ-যানানাং, সৎকর্ম্মণাং) 'অগ্রে' (প্রারম্ভে) 'প্রতি' (প্রগচ্ছতি, স্তোতারং প্রাপ্নোতি); 'অস্য' (অস্য সৎস্বভাবস্য) 'সেনা' (সদ্ভাবরূপাঃ সৈন্যাঃ) 'হর্ষতে' (হৃষ্যন্তি পরমানন্দং প্রযচ্ছন্তি

ইতি ভাবঃ) রিপুসংগ্রামে সত্ত্বভাবস্য অধিনায়কত্বেন সদ্ভাবাঃ বর্দ্ধিতাঃ ভবন্তি—ইতি ভাবঃ; 'সোম' (সত্ত্বভাবঃ) 'ইন্দ্রহবান' (ইন্দ্রস্য আহ্বানানি, ভগবদারাধনাঃ ইত্যর্থঃ) 'ভদ্রান' (মঙ্গলজনকাঃ) 'কৃণ্বন্' (করোতি); সঃ 'সখিভ্যঃ' (সখিস্থানীয়েভ্যঃ প্রার্থনাপরায়ণেভ্যঃ অস্মভ্যং) 'রংহাণি' (বেগেনগমননিমিত্তানি, আশুমুক্তিদায়কান্) 'বস্ত্রা' (হৃদয়স্য পরিধেয়তুল্যান্, সদ্ভাবান্ ইত্যর্থঃ) 'আ দত্তে' (প্রযচ্ছতু); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবং প্রাপ্য বয়ং তৎসহায়েন মোক্ষং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প—৫খ—৭খ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

রিপু-সংগ্রামে সেনানায়ক, শত্রুনাশক, স্তোতাদিগকে জ্ঞানপ্রদায়ক সত্ত্বভাব সৎকর্ম্মের প্রারম্ভে স্তোতৃদিগকে প্রাপ্ত হয়েন; এই সত্ত্বভাবের সদ্ভাবরূপ সৈন্যগণ পরমানন্দ প্রদান করে; (ভাব এই যে,—রিপুসংগ্রামে সত্ত্বভাবের অধিনায়কত্বে সদ্ভাবসমূহ বর্দ্ধিত হয়); সত্ত্বভাব ভগবদারাধনাকে মঙ্গল জনক করেন; তিনি সখিস্থানীয় প্রার্থনাপরায়ণ আমাদিগকে আশুমুক্তিদায়ক সদ্ভাবসমূহ প্রদান করুন। মন্ত্রটী প্রার্থনামূলক। (প্রার্থনার ভাব এই যে,—সত্ত্বভাব প্রাপ্ত হইয়া আমরা যেন তাহার সহায়তায় মোক্ষলাভ করিতে পারি।)। (৩প—৫অ—৭খ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

প্রতর্দ্দনঋষিঃ। 'সেনানীঃ' সেনানামগ্রেনেতা। শূরঃ' শত্রূনাং বাধকঃ 'সোমঃ' 'গব্যন' ইচ্ছন যজমানানাং পশ্বাদিকমিচ্ছন 'রথানাং 'অগ্রে' পুরতঃ 'এতি' প্রকর্ষেণ' সংগ্রামং গচ্ছতি। 'অস্য' সোমস্য 'সেনা' চ 'হর্ষতে' হৃষ্যতি বাক্যভেদাদনিঘাতঃ কিঞ্চ 'সখিভ্যঃ' সমানখ্যানেভ্যো যজমানেভ্যঃ ইন্দ্রহবান' তৈঃ কৃতানি ইন্দ্রস্য আহ্বানানি 'ভদ্রান' কল্যাণানি যথার্থানি 'কৃণ্বন'। আহুতোতীন্দ্রঃ সোমং পীত্বা কামান প্রযচ্ছতীতি। 'রংহাংসি' ইন্দ্রস্য বেগেনাগমন নিমিত্তানি 'বস্ত্রা' বস্ত্রাণ্যাচ্ছাদকানি পয়ঃপ্রভৃতীন্যাশ্রয়ণানি 'আ দত্তে' আ গৃহ্ণাতি॥ (৩প—৫অ—৭খ—১সা)।

* * *

প্রথম (৫৩৩) সামের মর্ম্মার্থ।

— * —

হৃদয়ে পবিত্রতার বাতাস লাগিলেই মানুষ সৎকার্য্যে সচ্চিন্তায় অগ্রসর হয়। কাহাকেও সৎকর্ম্মে নিযুক্ত দেখিলেই বুঝিতে পারা যায় যে, তাহার অন্তরে পবিত্রতা জাগিয়াছে, হৃদয় একটু মলিনতাশূন্য হইয়াছে। হৃদয়ে সত্ত্বভাবের উন্মেষ হইলেই মানুষ উন্নতির পথে অগ্রসর

হয়। সত্ত্বভাব আলোক-বর্ত্তিকা লইয়া আসেন, মানুষ তদ্দ্বারা আপনার গন্তব্যপথ নির্ণয় করে। তাই বলা হইয়াছে "রথানাং অগ্রে এতি"।

হৃদয়ে যখন সত্ত্বভাবের উন্মেষ হয়, তখন অন্যান্য সদ্ভাবরাজীও শক্তিলাভ করে, তাহারা সত্ত্বভাবকে সেনাপতিরূপে গ্রহণ করিয়া রিপুনাশে ব্রতী হয়। সেই মহাশক্তির নিকট রিপুগণ মাথা নত করিতে বাধ্য হয়। সদ্ভাব শিবিরে আনন্দের কল্লোল উঠে।

সত্ত্বভাবসমন্বিত প্রার্থনা পরম কল্যাণজনক। কারণ পবিত্রতা হইতে উৎপন্ন পবিত্র প্রার্থনা অনায়াসেই সেই পবিত্রস্বরূপ ভগবানের চরণে পৌঁছিতে পারে। সত্ত্বভাবের শক্তিতে মানুষ মোক্ষলাভ করিতে পারে। তাই মিত্রভাবে আমাদিগকে গ্রহণ করিবার জন্য শুদ্ধসত্ত্বের নিকট প্রার্থনা করা হইয়াছে।

এই মন্ত্রের প্রচলিত একটী অনুবাদ নিম্নে উদ্ধৃত হইল। "এই দেখ সোম বীরপুরুষ ও সেনাপতির ন্যায় বিপক্ষদিগের গোধন হরণ করিবার জন্য রথের অগ্রে অগ্রে যাইতেছেন, ইহার সেনা ইহাকে দেখিয়া উৎসাহিত হইতেছে। যজ্ঞকর্ত্তা ব্যক্তিরা ইহার সখা, তাহারা ইন্দ্রের আহ্বান করে, ইনি তাহাদিগের সেই কার্য্য সুসম্পন্ন করেন, যে সকল দুগ্ধ আদি বস্তু দেখিয়া ইন্দ্র শীঘ্র আসিবেন, ইনি সেই বস্তুর সহিত মিশ্রিত হইতেছেন।" এখন জিজ্ঞাস্য এই যে,—সোমরস কিরূপ সেনাপতি এবং তাহার সেনাই বা কাহারা? আর তিনি বিপক্ষের গোধনই বা হরণ করেন কিরূপে? যাহা হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে দ্রষ্টব্য। (৩প-৫অ—৭খ-১সা)।*

— — • — —

দ্বিতীয়ং সাম।

২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩
প্র তে ধারা মধুমতীঃ অসৃগ্রন্ বারং

২ ৩ ২ ৩ ১র ২র
যৎ পূতো অত্যেষি অব্যম্।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ১ ২ ৩ ২ ৩ ১ ২
পবমান পবসে ধাম গোনাং জনয়ন্ৎ সূর্য্যং

৩ ২
অপিন্বো অর্কৈঃ॥ ২॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষণ্ণবতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক চতুর্থ অধ্যায়, ষষ্ঠ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান তিনটী। উহাদের নাম,— "কুৎসাধিরথীয়া।।পঞ্জৌণ"

গেয়-গানং।

২র র ২ র র র ১ ৭ ১ ১ ১ ১
হাউহোবা ৩ হাই। প্রতেধারামধুমা ৩ তা ইরসৃগ্রা ২ ৩ ৪ ৫ ন্।

২র র ২ র র র ১ ৭ ১ ১ ১
হাউহোবা ৩ হাই। বারংযৎপূতোঅত্যে ৩ ষাইষি আব্যা ২ ৩ ৪

১ ২র র ২ র ১র ১ ৭ ১ ১ ১
ও ম্ হাউহোবা ৩ হাই। পবমানপবসে ৩ ধামগোনা ২ ৩ ৪

১ র র ২ র ১ ৭র
ও ম্ হাউহো ৩ হাই। জনয়ন্ৎসূর্য্যমা ৩ পাইন্বো অর্কৈ।

১ ১ ১ ১ ২র র ২
৩ ৩ ৪ ৫ ইঃ। হাউ হোবা ৩ হাউ।

১ ১ ১ ১
ব ৩ ১ ৫ । ২ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! 'পূতঃ' (পবিত্রঃ) ত্বং 'যৎ' (যদা) 'অব্যং বারং' (জ্ঞানযুক্তংপ্রবাহং, জ্ঞানপ্রবাহং) 'অত্যেষ'। (অতীত্য গচ্ছসি, প্রাপ্নোষি) জ্ঞানেন সহ সম্মিলিতঃ ভবসি ইত্যর্থঃ তদা ত্বং 'তে' (তব) 'মধুমতীঃ' (মধুযুক্তাঃ, অমৃতযুক্তাঃ) 'ধারাঃ' (প্রবাহাঃ) 'প্রাসৃগ্রন্' (প্রসৃজসি, বিতরসি—জগতি ইতি যাবৎ); 'পবমানঃ' (পবিত্রকারকঃ) ত্বং 'গোনাং ধাম' (গবাং, জ্ঞানস্য উৎপত্তিস্থানং, সাধকানাং হৃদয়ং ইত্যর্থঃ) অভিমুখেন ইতি যাবৎ 'পবসে' (ক্ষরসি); সাধকাঃ জ্ঞানসমন্বিতং সত্ত্বভাবং লভন্তে—ইতি ভাবঃ; 'জনয়ন্' (উৎপাদয়ন্ সন্—সাধকানাং হৃদি ইতি যাবৎ) ত্বং 'অর্কৈঃ' (স্বতেজোভিঃ) 'সূর্য্যং (জ্ঞানং) 'অপিন্ব' (পূরয়সি); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবলাভেন সাধকস্য জ্ঞানং পূর্ণত্বং প্রাপ্নোতি ইতি ভাবঃ। (৩প—৫দ—৭ম ২সা)।

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! পবিত্র আপনি যখন জ্ঞানপ্রবাহ প্রাপ্ত হয়েন অর্থাৎ জ্ঞানের সহিত সম্মিলিত হয়েন, তখন আপনি আপনার অমৃতযুক্ত প্রবাহ জগতে বিতরণ করেন; পবিত্রকারক আপনি জ্ঞানের উৎপত্তিস্থান অর্থাৎ

সাধকের হৃদয় অভিমুখে ক্ষরিত হয়েন; (ভাব এই যে,—সাধকগণ জ্ঞানসমন্বিত সত্ত্বভাব লাভ করেন); সাধকগণের হৃদয়ে উৎপাদিত হইয়া আপনি আপনার তেজের দ্বারা জ্ঞানকে পূর্ণ করেন; (মন্ত্রটী নিত্যসত্যমূলক ভাব এই যে,—সত্ত্বভাব লাভের দ্বারা সাধকের জ্ঞান পূর্ণত্ব প্রাপ্ত হয়)। (৩প—৫অ—১খ—২সা)।

* *

সায়ণ-ভাষ্যং।

পরাশরঃঋষিঃ। তদা প্রস্তরান্ত্যে 'যৎ' যদা 'পূতঃ' বসতীবরীভিঃসং 'অব্যং' অবিক্তবং 'বারং' বালং পবিত্রম 'অত্যেষি' অতীত্য গচ্ছসি। কিঞ্চ হে 'পবমান' শোধ্যমান সোম! 'গোনাং' গবাং 'নাম' ধীয়তে পীয়ত ইতি নাম পয়ঃ তৎ লক্ষ্যীকৃত্য 'পবসে' ক্ষরসি। ততঃ 'জনয়ন' জায়মাংস্তং 'অর্কৈঃ' অর্চনীয়ৈঃ স্বতেজোভিঃ 'সূর্যাম' আদিত্যম্ 'অপিষঃ' পুরয়সি। 'বারং যৎ পূতো অত্যেষ্যব্যম্'—'বারাণ্যৎপূতো অত্যেষ্যব্যান্'- ইতি, 'জনয়ন'—'জজ্ঞানঃ'— ইতি চ সামগ্রচঃ পাঠৌ। (৩প ৫অ—১খ—২সা)।

* * *

দ্বিতীয় (৫৩৪) সামের মর্ম্মার্থ।

—— * ——

জ্ঞান ও পবিত্রতা পরস্পরের অনুগামী। যেখানে একটীর আবির্ভাব হয় সেখানে অন্যটী ও উপস্থিত হইয়া থাকে। অবশ্য এই উভয় বস্তুকেই ধারণ করিবার উপযোগী হৃদয় থাকা চাই। সৎকর্ম্ম সাধনের দ্বারা সেই হৃদয় প্রস্তুত হয়।

জ্ঞান ও সত্ত্বভাব উভয় একত্র সম্মিলিত হইলে, সাধক অনায়াসেই মোক্ষপথে অগ্রসর হইতে পারেন। একটী অন্যটীর সহকারী। জ্ঞান ও সত্ত্বভাব, এই দুইটীর মধ্যে যে কোন একটী প্রথমে উপস্থিত হইতে পারে। এই দুইটী একত্র হইলেই মানুষ পূর্ণতার দিকে অগ্রসর হয়। জ্ঞান ও সত্ত্বভাবের প্রত্যেকটীই অন্যটীর অনুপূরক জ্ঞানের সহিত সত্ত্বভাব মিলিত হইলে মানুষ পূর্ণজ্ঞান লাভ করে। তাই বলা হইয়াছে "জনয়ন্‌ৎসূর্য্যমপিষঃ অর্কৈঃ"।

সেই জ্ঞানসমন্বিত সত্ত্বভাবই মানবের মোক্ষদায়ক। ভগবানের অপার কৃপায় মানুষ সেই অমৃত লাভ করিতে পারে এবং তাহা প্রাপ্ত হইয়া অমর হয়। মন্ত্রের প্রথম অংশে এই সত্যই বিবৃত হইয়াছে। (৩প ৫অ ১খ ২সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের একত্রিংশী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম,—"বৈয়শ্বজ্যোতিষাণি ত্রীণি।"

তৃতীয়ং সাম ।

১   ২ ৩ক   ২র   ৩ ১   ২র
প্র গায়ত অভ্যর্চ্চাম দেবান্‌ৎসোমং

৩ ১র ২র
হিনোত মহতে ধনায় ।

৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
স্বাদুঃ পবতাং অতি বারং অব্যং আ সীদতু

৩ ১ ২   ৩ ১   ২র
কলশং দেব ইন্দুঃ ॥ ৩ ॥

* * *

গেয়-গানং

২ ১র   ২ ১   ২ ৩ ৪ ৫   ২র ১   ২ ১
প্রগায়তা । অভিয় । চাঽদেবান্ । সোম৺হিনো । তা ৩ মহ ।

২ ৩ ৪ ৫   ২র ১   ২ ১   ২ ৩ ৪ ৫   ২র ১র
তেধনায়া । স্বাদুঃপবা । তা ৩ মতি । বারমব্যাম্ । আসীদতু ।

২ ১   ২   ২ ৪
কলশম্ । দা ৩ ৪ ০ ই । বা ৩ আ ৫ ইন্দূ ৬ ৫ ৬ঃ ॥ ৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

হে মম চিত্তবৃত্তয়ঃ ! 'প্রগায়ত' (বিশেষেণ, ঐকান্তিকতয়া ভগবন্তং আরাধয়ত) ; বয়ং 'দেবান্' (দেবভাবান্, ভগবন্তং ইত্যর্থঃ) 'অভ্যর্চ্চাম' (পূজয়েম, অনুসরেম ইত্যর্থঃ) ; অহং ভগবৎপরায়ণঃ ভবেয়ং — ইতি ভাবঃ ; 'মহতে' (শ্রেষ্ঠায়) 'ধনায়' (পরমধনলাভায় ইত্যর্থঃ). 'সোমং' (সত্ত্বভাবং) 'হিনোত' (প্রেরয়ত, হৃদি উপজনয়ত) 'স্বাদুঃ' (অমৃতোপমঃ—সত্ত্বভাবঃ ইতি যাবৎ) 'অব্যং বারং' (জ্ঞানপ্রবাহং) 'অতি' (অতীত্য, সার্দ্ধং ইত্যর্থঃ) 'পবতাম্' (ক্ষরতু, মম হৃদি সমুদ্ভবতু ইত্যর্থঃ) ; 'দেবঃ' (দ্যুতিমান্, জ্যোতির্ম্ময়ঃ) 'ইন্দুঃ' (সত্ত্বভাবঃ) 'কলশং' (পাত্রং, মম হৃদি ইত্যর্থঃ) 'সীদতু' (অধিতিষ্ঠতু) ; প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ । অহং অমৃতোপমং সত্ত্বভাবং প্রাপ্নুয়াং ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৩প—৫দ—৭খ—৩সা) ॥

• • •

বঙ্গানুবাদ ।

হে মম চিত্তবৃত্তিসমূহ ! ঐকান্তিকতার সহিত ভগবানের আরাধনা কর ; আমরা যেন ভগবানের অনুসরণ করি ; (ভাব এই যে,—আমি যেন

ভগবৎপরায়ণ হই); শ্রেষ্ঠ পরমধন লাভের জন্য সত্ত্বভাবকে হৃদয়ে উৎপাদন কর; অমৃতোপম সত্ত্বভাব জ্ঞানপ্রবাহের সহিত আমার হৃদয়ে সম্মিলিত হউন; জ্যোতির্ম্ময় সত্ত্বভাব আমার হৃদয়ে অধিষ্ঠিত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমি যেন অমৃতোপম সত্ত্বভাব লাভ করি।)॥ (৬প—৩অ—৩খ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্য।

ইন্দ্রপ্রমতির্বাসিষ্ঠঋষিঃ। হে স্তোতারঃ! 'প্রগায়ত' 'সোম' প্রকর্ষেণাভিষ্টুত। বয়ন্ত 'দেবান্' 'অভ্যর্চ্চামঃ' অভিষ্টুমঃ। যুয়ং। দেবানভ্যর্চ্চামো যুষ্মৎকৃতে (পুরুষ-ব্যত্যয়ঃ)। কিঞ্চ। 'মহতে' মহৎ প্রভূতং 'ধনায়' ধনং প্রাপ্তুং সোমং হিনোত' অভিষবার্থং প্রেরয়ত (ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ (২।৩।১৪) ইতি ধনশব্দস্য চতুর্থী) ততঃ 'স্বাদুঃ' মধুরঃ সোমঃ 'অব্যং' অবিজবং 'বারং' বালং পবিত্রং 'অতিপবতাম্' অতীত্য ক্ষরতু। 'দেবঃ' দ্যোতমানঃ সোমঃ 'ইন্দুঃ' দীপ্তঃ সন্ 'কলশং' দ্রোণং অভি আসীদতু আভিমুখ্যেন তিষ্ঠতু। 'পবতাং' 'পর্য্যতু' ইতি, 'দেবইন্দু'—'দেবযুর্ন'—ইতি সামগাঃ পাঠৌ॥ ৩॥

তৃতীয় (৫৩৫) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী উদ্বোধন ও প্রার্থনামূলক। ভগবৎপরায়ণ হইবার জন্য ব্যাকুল আকাঙ্ক্ষা এই মন্ত্রে পরিস্ফুট হয়। সত্ত্বভাব লাভ করিয়া হৃদয়কে ভগবদভিমুখী করিবার জন্য প্রার্থনা আছে।

সত্ত্বভাবের সহিত জ্ঞানলাভ করিলে তাহা মানুষের অশেষ কল্যাণ সাধন করে। সত্ত্বভাব অমৃতপ্রাপক। তাহা লাভ করিলে মানুষ দেবভাবাপন্ন হয়েন, তাঁহার হৃদয় আপনা হইতে সেই সত্য-স্বরূপ ভগবানের প্রতি আকৃষ্ট হয়। হৃদয়ে জ্ঞানের উদয় হইলে মানুষ আপনার জীবনের চরম লক্ষ্যপথ নির্দ্দেশ করিতে পারেন, এবং সত্ত্বভাবের প্রেরণায় সেই পরম লক্ষ্যাভিমুখে চলিতে সমর্থ হয়েন। তাই সেই লক্ষ্য সাধনের জন্য হৃদয়কে উদ্বোধিত করা হইয়াছে—"হে আমার মন! তুমি ভগবানের গুণকীর্ত্তনে তন্ময় হও, তাঁহাকে লাভ করিবার উপায়ভূত সত্ত্বভাব পাইবার জন্য ঐকান্তিক চেষ্টা কর। সত্ত্বভাব লাভ করিলে, জীবন ধন্য হইবে। (৩প—৩অ—৭খ ৩সা)॥ *

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান একটী।

চতুর্থং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ২ ৩
প্র হিম্বানো জনিতা রোদস্যো রথো

১র ২র ৩ ১ ২
ন বাজম্ সনিষন্ অয়াসীৎ।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩
ইন্দ্রং গচ্ছন্ আয়ুধা সম্ শিশানো বিশ্বা

২ ৩ ১ ২ ৩ ১ ২
বসু হস্তয়োঃ আদধানঃ ॥ ৪ ॥

গেয়-গানং।

২র র ২ র র র ২ ৩র ৪র ২র র
হাউহোবা ৩ হাই। প্রাহিম্বানোজনিতারো ৩ ৪ ৩ দসীয়োঃ। হাউহোবা

১ র র ২ ৩র ৫র ২র র ২
৩ হাই। রথোনবাজম্ সনিষা ৩ ৪ ৩ নয়াসীৎ হাউহোবা ৩ হাই।

র র ২ ৩র ৫ ২র র
ইন্দ্রংগচ্ছন্নায়ুধাসা ৩ ৪ ৩ ম্ শিশানঃ। হাউহোবা ৩

২ র র ২ ৩র ৫
হাই। বিশ্বাবসু হস্তয়োরা ৩ ৪ ৩ দধানঃ।

৪
দধা ৫ নাউ। বা ॥ ৪ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'রোদস্যো' (দ্যুলোকভূলোকয়োঃ) 'জনিতা' (উৎপাদয়িতা) সত্ত্বভাবঃ ইতি যাবৎ 'রথঃ ন' (সৎকর্ম্ম যথা আত্মশক্তিং প্রযচ্ছতি তদ্বৎ) 'বাজং' (শক্তিং, আত্মশক্তিং) 'সনিষন্' (প্রযচ্ছন) 'প্রহিম্বানঃ' (প্রের্য্যমাণঃ, উৎপদ্যমানঃ, অস্মাকং হৃদি উৎপাদিতঃ ভবতু— ইত্যর্থঃ); সঃ 'ইন্দ্রং গচ্ছন' (ইন্দ্রং প্রাপ্নুবন্, ভগবন্তং প্রাপ্তুম্ ইতি ভাবঃ) 'আয়ুধা' (রিপুনাশকারীণি আয়ুধানি, সত্ত্বাবাদীনি) 'সংশিশানঃ' (সম্যক্ তীক্ষ্ণীকুর্ব্বন, সম্যক্ বিকশিতকুর্ব্বন্) 'বিশ্বা' (সর্ব্বাণি) 'বসু' (ধনানি, পরমধনং ইত্যর্থঃ) 'হস্তয়োরাদধানঃ'

(অস্মভ্যং দানায় হস্তে ধৃত্বা) 'অয়াসীৎ' (প্রগচ্ছতি, অথবা প্রাপয়তু ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। আত্মশক্তিপ্রদং পরমধনদাতারং সত্ত্বভাবং বয়ং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প—৫দ—৭খ—৪সা)॥

বঙ্গানুবাদ।

দ্যুলোকভূলোকের উৎপাদনকারী সত্ত্বভাব, সৎকর্ম্ম যেমন আত্মশক্তি প্রদান করে, তদ্বৎ আত্মশক্তি প্রদান করিয়া আমাদিগের হৃদয়ে উৎপাদিত হউন; তিনি ভগবৎপ্রাপ্তির জন্য সদ্ভাবসমূহকে সম্যক্ প্রকারে বিকশিত করিয়া সকলধন অর্থাৎ পরমধন আমাদিগকে দান করিবার জন্য হস্তে ধারণকরতঃ আমাদিগকে প্রাপ্ত হউন। (মন্ত্রটি প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আত্মশক্তিপ্রদ পরমধনদাতা সত্ত্বভাবকে আমরা যেন লাভ করিতে পারি।)॥ (৩প—৫অ—৭খ—৪সা)॥

সায়ণ-ভাষ্যং।

বসিষ্ঠঋষিঃ। 'প্রহিয়ানঃ' অধ্বর্য্যুভিঃ প্রের্য্যমাণঃ 'জনিতা' উৎপাদয়িতা 'রোদস্যোঃ' দ্যাবাপৃথিব্যোঃ তয়োর্জ্জনয়িতৃত্বং বৃষ্টিপ্রদানহবিঃপ্রাপণাভ্যাম্ তাদৃক সোমো 'বাজম্' অন্নং 'সনিষ্যন্' দাস্যন্ 'অয়াসীৎ'-প্রগচ্ছতি। 'ইন্দ্রং গচ্ছন্' প্রাপ্নুবন্ 'আয়ুধা' 'আয়ুধানি' 'সংশিশানঃ' সম্যক্ তীক্ষ্ণীকুর্ব্বন্ ইন্দ্রং সহায়গমনার্থং তীক্ষ্ণায়ুধঃ সন্ 'বিশ্বা' সর্ব্বাণি 'বসু' বসূনি ধনানি 'হস্তয়োরাদধানঃ' অস্মভ্যং দানায় এবং কুর্ব্বন্ অয়াসীৎ॥৪॥

চতুর্থ (৫৩৬) সামের মর্ম্মার্থ।

সত্ত্বভাব দ্যুলোকভূলোকের উৎপাদক। শুদ্ধসত্ত্বময় ভগবান হইতেই এই পরিদৃশ্যমান জগৎ সৃষ্ট হইয়াছে, তাই সত্ত্বভাবকে দ্যুলোক ভূলোকের জনয়িতা বলা হইয়াছে। এই শুদ্ধসত্ত্বের প্রভাবেই জগৎ পরিচালিত হইতেছে। যখন মানুষ এই মহান্ সত্ত্বভাবকে লাভ করেন তখন তাঁহার হৃদয়ে ঐশী শক্তির আবির্ভাব হয়। শুদ্ধসত্ত্বের প্রভাবে তাঁহার সহিত ভগবানের যোগ অনুভব করিয়া তিনি অসীম শক্তি লাভ করেন। সৎকর্ম্মের প্রভাবে হৃদয়ে যে শক্তি জাগরিত হয়, সত্ত্বভাবের জন্য ও সেইরূপ শক্তিলাভ ঘটে।

আবার, সত্ত্বভাবের উন্মেষের সঙ্গে সঙ্গে মানুষের অন্তরস্থিত সদ্ভাবসমূহও বিকশিত হয়। রিপুসংগ্রামে জয়লাভ করিবার প্রধান অস্ত্র এই—সদ্ভাবরাজী। হৃদয়ের সদ্ভাবসমূহ পূর্ণ-বিকশিত হইলে অসদ্বৃত্তিসকল আপনা হইতেই পলায়ন করিতে বাধ্য হয়। সুতরাং সাধক রিপুসংগ্রামে অনায়াসেই জয়লাভ করে।

তাই প্রার্থনা করা হইয়াছে - "আমরা যেন পরমধনদাতা, সদ্ভাব লাভ করিতে পারি। আমাদের হৃদয়ের সদ্‌বৃত্তিরাজী বিকশিত হউক, পাপ এবং মলিনতা দূরীভূত হউক। আমরা যেন পরাশান্তি লাভ করিতে পারি।"

প্রচলিত ভাষ্যাদির সহিত আমাদিগের ব্যাখ্যার অনেক স্থলে অনৈক্য পরিলক্ষিত হইবে। ভাষ্যকার 'রথঃ ন' পদদ্বয়ের ব্যাখ্যা দেন নাই, তাহাতে মূলভাবের ব্যত্যয় ঘটিয়াছে। (৩প—১অ—৭খ - ৩সা)॥

— • —

পঞ্চমং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩
তক্ষদ্যদী মনসো বেনতো বাক্ জ্যেষ্ঠস্য

১ ২ ৩ ১ ২র
ধর্ম্মন্ দ্যুক্ষোঃ অনীকে।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ১ ২
আদীমায়ন্ বরমা বাবশানা জুষ্টং পতিং

৩ ২ ৩ ২ ৩ ১ ২
কলশে গাব ইন্দুং ॥ ৫ ॥

গেয়-গানং।

৩ ৪ ৫র ৩ ১ ১ ১ ১ ৩ ৪ র ৩র ৪ ৫ ৩ ১ ১ ১ ১
১। তক্ষদ্যদী। হো ২ ৩ ৪ ৫ ই। মনসোবেনতঃ। বা ২ ৩ ৪ ৫ ক্।

৩র ৪ ৫ ৩ ১ ১ ১ ১ ৪ ৩র ৪ ৫র ৩ ১ ১ ১ ১
জ্যেষ্ঠস্যধা। হো ২ ৩ ৪ ৫। মন্দ্যুক্ষোরনী। কা ২ ৩ ৪ ৫ ই।

৩র ৪র৫র ২ ৩ ১ ১ ১ ১ ৩ ৪ ৩র৪র৫র ৩ ১ ১ ১
আদীমায়ন্। হো ২ ৩ ৪ ৫ ই। বরমাবাবশা। না ২ ৩ ৪

২ ৩৪ ৫ ৩ ১ ১ ১ ১
৫ঃ। জুষ্টম্পতিম্। হো ২ ৩ ৪ ৫ ই।

৪ র
কলশেগা ৫ বঃ। ই। দাউ। বা।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)। ইহার একটী গেয়-গান আছে।

সায়ণ-ভাষ্যং ।

মৃড়ীকো বাসিষ্ঠ ঋষিঃ । 'বেনন্তঃ' [বেনো বেনতেঃ কান্তিকর্ম্মণঃ (নৈ ৪ ৩।৮) ইতি যাস্কঃ] কাময়মানস্য 'মদন্তঃ' মদো মদতেঃ স্তুতিকর্ম্মণঃ স্তোতুঃ 'বাক' স্তুতিলক্ষণা যজ্ঞেষু 'তক্ষৎ' সংস্করোতি । 'ধর্ম্মন' সারকে যজ্ঞে 'জ্যোতিষা' প্রশস্যস্য 'দ্যুক্ষোঃ' দীপ্তিমতঃ দ্যুক্ষু শব্দে (অ০ প০) ইত্যাস্মাৎ ক্ত প্রত্যয়ঃ । সবন্যা 'অনীকে' প্রমুখে যদা যজ্ঞেষু সবনমুখে স্তোতুর্ব্বাক্ সোমং স্তোতীত্যর্থঃ । 'আ' অনন্তরমেব 'বরং' বরণীয়ং 'জুষ্টং' সেব্যমানং মদায় পর্য্যাপ্তং 'পতিং' সর্ব্বস্য পালকং 'কলশে' স্থিতং 'ইন্দুম্' 'ঈম্' এনং সোমং 'ধাবশানাঃ' কাময়মানাঃ 'গাবঃ' 'আয়ন্' সর্ব্বদা ক্ষীরেণ শ্রীণয়িতুমাগচ্ছন্তি । 'সদ্মন' 'ধর্ম্মণি' ইতি পাঠৌ ॥ ৫ ॥

পঞ্চম (৫৩৭) সামের মর্ম্মার্থ।

সাধকের প্রার্থনা অপূর্ণ থাকে না। ভগবৎ-পরায়ণ ব্যক্তি তাঁহার ভালমন্দ সমস্তই ভগবানের চরণে সমর্পণ করেন। সুতরাং ভগবান্ ও সাধকের ভার গ্রহণ করেন। কাজেই ভক্ত যখন বিপদে পড়িয়া তাঁহাকে ডাকেন তখন তিনি স্থির থাকিতে পারেন না। ভক্তের কাতর প্রার্থনা তিনি পূর্ণ করেন। তিনি ভক্তবৎসল। রিপু-সংগ্রামে জর্জ্জরিত হইয়া সাধক যখন কাতরকণ্ঠে তাঁহাকে ডাকিতে থাকে, তখন তাঁহার পুণ্যস্নেহধারা ভক্তের মস্তকে বর্ষিত হয়

রিপুসংগ্রামে জয়লাভের একটী প্রধান অস্ত্র জ্ঞান। জ্ঞানবলে মানুষ আপনার অন্তরের হীনতা কালিমা দূর করিতে পারে, সুতরাং শত্রুর আশ্রয়স্থান ভাঙ্গিয়া দিতে পারে, তাই রিপু-সংগ্রামে জ্ঞানের এত বেশী প্রয়োজনীয়তা। ভগবান্ সেই জ্ঞানই সাধককে প্রদান করেন।

জ্ঞান সত্ত্বভাবের অনুসঙ্গী। যেখানে সত্ত্বভাব থাকে জ্ঞানও সেখানে উপস্থিত হয়। তাই বলা হইয়াছে "ইন্দুং ধাবশানাঃ গাবঃ"। আমরা 'বেনন্তঃ' পদে বাক্যের অনুসরণে পঞ্চমান্ত 'জ্যোতির্ম্ময়াৎ' অর্থ গ্রহণ করিয়াছি। 'অনীক' শব্দ যুদ্ধার্থক, তাই 'অনীকে' পদের 'রিপু-সংগ্রামে' অর্থ গৃহীত হইয়াছে। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দৃষ্টে উপলব্ধ হইবে। (৩৭-৫অ ১খ—সো) ।*

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের দ্বাবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান দুইটী। উহাদের নাম—"বাচঃসামানী দ্বে।"

মন্ত্রং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
সাকমুক্ষো মর্জ্জয়ন্ত স্বসারো দশ ধীরস্য

৩ ২ ৩ ১ ২
ধীতয়ো ধনুত্রীঃ।

৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ২
হরিঃ পর্য্যদ্রবৎ জাঃ সূর্য্যস্য দ্রোণং ননক্ষে

২ ৩ ২ ৩ ২
অত্যো ন বাজী ॥ ৬ ॥

* * *

গেয়-সামং।

৪ ৫ ১ র ২ ১ ২ ১ — ১র
১। সাকাম্। উক্ষোমর্জ্জয়ন্ত। স্বসা ২ ৩ রাঃ। দাশা ২। ধীরস্য—

র ২ ১ ২ ১ ১ র ৭
ধীতয়োধনূ ২ ৩ ত্রীঃ। হারী ২ঃ। পর্য্যদ্রবজ্জাঃ সূরিয়া

২ ১ — ১ র র
২ ৩ স্যা। দ্রোণা ২ য়্। ননক্ষেঅত্যোনবা-২ ৩।

২ ১ ১ ১ ১
হাউবা ৩। জী ২ ৩ ৪ ৫॥

* * *

৫র ৫ ২ ৫ ৪ ৫র র ৫
২। সাকমুক্ষা ৬ এ। এ ৩ ১ ২ ৩। মর্জ্জয়ন্তস্বসারঃ। দশধীরা ৬ এ।

২ ৫র ৪ ৫র ৪ ৫ ৪ ৫ ৫ ২
এ ৩ ১ ২ ৩ ৪। স্যধীতয়োধনুত্রীঃ। হরিঃ পর্য্যা ৬ এ। এ ৩

১ ৫ ৪র র ৫ র ৫
১ ২ ৩ ৪। দ্রবজ্জাঃসূর্য্যস্য। দ্রোণনন ৬ এ।

২ র ৫র ৪ ৫
এ ৩ ১২ ৩ ৪। ক্ষেঅত্যোনবা ৬।

৫ ৩ ১ ১ ১ ১
হাউবা। জী ২ ৩ ৪ ৫। ৬॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সাকমুক্ষঃ' (অভিসেচনকারিণঃ, সদ্বৃত্তিবর্দ্ধনকারিণঃ ইত্যর্থঃ) 'স্বসারঃ' (জ্ঞানরশ্ময়ঃ) 'মর্জ্জয়ন্তঃ' (শোধয়ন্তি সাধকস্য হৃদয়ং বিশুদ্ধং কুর্ব্বন্তি ইত্যর্থঃ); 'ধীরস্য' (প্রাজ্ঞস্য) 'দশ' (দশসংখ্যাকানি, দশেন্দ্রিয়সম্পাদিতানি সর্ব্বাণি ইত্যর্থঃ) 'ধীতয়ঃ' (কর্ম্মাণি, সৎকর্ম্মাণি) 'ধন্বত্রীঃ' (প্রেরয়িত্র্যঃ, পরিত্রাণকারকানি ভবন্তি ইতি শেষঃ); জ্ঞানিনঃ মোক্ষং লভন্তে ইতি ভাবঃ; 'হরিঃ' (পাপহারকঃ দেবঃ) 'সূর্য্যস্য জাঃ' (জ্ঞানস্য জায়া, জ্ঞানশক্তিং ইত্যর্থঃ) 'পর্য্যদ্রবৎ' (পরিতঃ গচ্ছতু, অস্মভ্যং প্রযচ্ছতু ইত্যর্থঃ); 'বাজী ন' (আত্মশক্তিতুল্যঃ) 'অত্যঃ' (ঊর্দ্ধগমনশীলং, ঊর্দ্ধগতিপ্রাপকং—জ্ঞানং ইতি যাবৎ) 'দ্রোণং' (অস্মাকং হৃদয়ং) 'ননক্ষে' (ব্যাপ্নোতু, প্রাপ্নোতু ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং পরাজ্ঞানং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প-৫অ—৭খ—৬সা)।

* * *

বঙ্গানুবাদ।

সদ্বৃত্তিবর্দ্ধনকারী জ্ঞানরশ্মিসমূহ সাধকের হৃদয়কে বিশুদ্ধ করে; প্রাজ্ঞ জনের সমস্ত সৎকর্ম্ম মোক্ষদায়ক হয়; (ভাব এই যে,—জ্ঞানিগণ মোক্ষ লাভ করেন); পাপহারক দেবতা জ্ঞানশক্তি আমাদিগকে প্রদান করুন; আত্মশক্তি তুল্য ঊর্দ্ধগতিপ্রাপক জ্ঞান আমাদিগের হৃদয়কে প্রাপ্ত হউক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন পরাজ্ঞান লাভ করিতে পারি।) । (৩প—৫অ—৭খ—৬সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

সৌধাশ্বিঃ। 'সাকমুক্ষঃ' উক্ষ সেচনে (ভ্বা° প°) ক্বিপি রূপং তাদৃশ্যঃ 'স্বসারঃ' কর্ম্মকরণার্থমিতস্ততঃ সুষ্ঠু গচ্ছন্ত্যঃ অঙ্গুলয়ঃ 'মর্জ্জয়ন্তঃ' সোমং শোধয়ন্তি মৃজু শৌচালঙ্কারয়োঃ (চু° উভ°) তাঃ দশসংখ্যাকাঃ 'ধীতয়ঃ' অঙ্গুলিনামৈতৎ (নৈ° ২।৫।৭) অঙ্গুলয়ঃ 'ধীরস্য' সমর্থস্য প্রাজ্ঞস্য বা দেবৈর্দ্ধ্যাতব্যস্য কাম্যমানস্য বা সোমস্য 'ধন্বত্রীঃ' প্রেরয়িত্র্যো ভবন্তি। ততঃ 'হরিঃ' হরিতবর্ণঃ সোমঃ 'সূর্য্যস্য জাঃ' প্রাদুর্ভূতা জায়া দিশস্তাঃ পর্য্যদ্রবৎ পরিতো গচ্ছতি। সূর্য্যস্য তেজসা হি আবির্ভবন্তীতি দিশাং তস্য জায়াত্বং। 'অত্যঃ' অতনশীলঃ 'বাজী ন' অশ্ব ইব স্থিতঃ সোমঃ 'দ্রোণং' কলশং 'ননক্ষে' ব্যাপ্নোতি নক্ষতির্ব্যাপ্তি-কর্ম্মা (নৈ° ২।১৮।২)। (৩প ৫অ—৭খ ৬সা)।

* * *

ষষ্ঠ (৫৩৮) সামের মর্ম্মার্থ।

মহাপুরুষদিগের হৃদয়বৃত্তিই এমন ভাবে বিশুদ্ধ হয় যে, তাহা কখনও বিপথে চালিত হয় না। তাঁহারা যাহা করেন তাহাই তাঁহাদিগকে মোক্ষলাভে সাহায্য করে; তাঁহারা যাহা

চিন্তা করেন, তাহাই তাঁহাদিগের আত্মাকে ঊর্দ্ধপথে লইয়া যায়; তাঁহাদিগের বাক্য মাত্রই প্রার্থনায় পরিণত হয়। তাঁহাদিগের বাক্য চিন্তা, কর্ম্ম সমস্তই ভগবদারাধনার অঙ্গীভূত হইয়া যায়। হৃদয় পবিত্র হওয়াতে কোন অপবিত্র ভাব কিম্বা চিন্তা তাঁহাদিগের অন্তরে স্থান পায় না। সুতরাং তাঁহাদিগের সমস্ত কর্ম্মই মোক্ষপথে সহায় হয়। তাঁহাদিগের দেহমন প্রাণ সকলই ভগবানের চরণে অর্পিত হয়, নিজের বলিয়া তাঁহাদের কিছুই থাকে না। সুতরাং কোন কর্ম্মই তাঁহাদিগকে আবদ্ধ করিতে পারে না। তাঁহারা তাই বলিতে পারেন "যৎকরোমি জগন্মাতঃ তদেব তব পূজনং।" বিশুদ্ধ জ্ঞানের ফলে এই অবস্থা লাভ সম্ভবপর হয়। তাই সেই পরমকল্যাণদায়ক জ্ঞান লাভের জন্য এই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। "ওগো, সত্যস্বরূপ জ্ঞান-স্বরূপ পরমদেবতা! আমাদিগকে তোমার সেই জ্ঞানজ্যোতিঃ প্রদান কর, যাহাদ্বারা আমরা তোমার পদ প্রান্তে পৌঁছিতে পারি। আমরা যেন তোমার চরণে সম্পূর্ণরূপে আত্মলীন হইতে পারি। আমাদিগের নিজের বলিতে কিছু রাখিওনা, আমাদিগকে তুমি সম্পূর্ণরূপে গ্রহণ কর। তোমার কৃপাদত্ত জ্ঞান ফলে যেন আমরা তোমার চরণে সম্পূর্ণরূপে আত্মসমর্পণ করিতে পারি।" এবম্বিধ প্রার্থনাই আমরা মন্ত্রের মধ্যে প্রাপ্ত হই।

এই মন্ত্রের অন্তর্গত 'সূর্য্যস্য জাঃ' পদদ্বয়ের ব্যাখ্যা উপলক্ষে প্রচলিত ব্যাখ্যাকারগণের মধ্যে নানাবিধ গবেষণা দেখিতে পাওয়া যায়। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "দশ ভগ্নী অর্থাৎ দশ অঙ্গুলি একসঙ্গে জল সেচন করিতে করিতে সোমকে শোধন করিতেছে, সেই দশ অঙ্গুলি সুস্থির সোমকে চালাইয়া দিতেছে। হরিদ্বর্ণ ধারণ পূর্ব্বক সোম সূর্য্যের পত্নীর দিকে ধাবমান হইতেছেন, বেগবান ঘোটকের ন্যায় সোম কলস পূর্ণ করিলেন।" 'সূর্য্যস্য জাঃ' পদদ্বয়ের বিবরণকার 'সূর্য্যস্য অপত্যং' অর্থ গ্রহণ করিয়াছেন। ভাষ্যকার ঐ পদদ্বয়ে দিক্ অর্থ করিয়াছেন। এ সম্বন্ধে সায়ণভাষ্য দ্রষ্টব্য। প্রথমোক্ত অনুবাদক এই বিষয়ে একটী টীকাও সংযোজিত করিয়া দিয়াছেন। তাহা এই "আমরা জানি বেদে সোম অর্থে সোমরস। তবে তাহার সহিত সূর্য্যের দুহিতার বিবাহের প্রকৃত মৌলিক অর্থ কি? ঋগ্বেদের নবম মণ্ডলের ১ সূক্তের ৬ ঋক হইতে আমরা ইহা কিছু অনুভব করিতে পারি। 'পুনাতিতে পরিস্রুতং সোমং সূর্য্যস্য দুহিতা।' অর্থাৎ সূর্য্যের দুহিতা পরিস্রুত সোমকে বিশুদ্ধ করেন। সূর্য্যকিরণে সোমরস মাদকতা (Fermentation) প্রাপ্ত হয়, এই কি সূর্য্যার সোমের সহিত বিবাহের উপাখ্যানের প্রকৃত উৎপত্তি?" এ সম্বন্ধে আর কিছু উদ্ধৃত করবার প্রয়োজন নাই। আমাদিগের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই প্রকাশিত হইয়াছে। 'স্বসারঃ' এবং 'ধিতয়ঃ' পদদ্বয়ের নিরুক্ত-সম্মত ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে॥ (৩প—৫খ ৭থ—৬সা)॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্রিনবতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম, "দাশস্পত্যে দ্বে"।

সপ্তমং সাম ।

৩ ১২ ৩ ১ ২ ৩ ২৩ ১২৩
অধি যদস্মিন্ বাজিনি ইব শুভঃ স্পর্দ্ধন্তে
২৩ ২৩ ১ ২র
ধিয়ঃ সূরে ন বিশঃ ।
৩ ১ ২৩১ ২ ৩ ১২ ৩১র
অপো বৃণানঃ পবতে কবীয়ান্ ব্রজং
২র৩১২ ৩ ১২
ন পশুবৰ্দ্ধনায় মন্ম ॥ ৭ ॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

৪৫৪ ৩ ১র ২ ১ব ১ ২র১র ২ ৩৪৫
ভাধিযদা । স্মাইন্বা২জিনী২বশু । ভাঃ । স্পর্দ্ধন্তেধিয়স্ । রাইনবিশাঃ ।
২ ১র র ১ ২ ১ ২১
অপোবৃণানঃ পবতাই । কবী২৩য়ান্ । ব্রজম । পা । শুবর্দ্ধ ।
২ ২ ৪
না৩৪৩ । যা৩মা৫ম্ম ৬৫৬ঃ ৭ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

'বাজিনি' (আত্মশক্তৌ) 'ইব' (যথা) 'শুভঃ' (মঙ্গলং) 'স্পর্দ্ধন্তে' (স্পর্দ্ধয়ন্তে, বর্দ্ধন্তি ইত্যর্থঃ) তথা 'সূরে' (দেবনশীলে, জ্ঞানে, জ্ঞানং লব্ধ্বা ইত্যর্থঃ) 'ন' (যথা) বিশঃ' (মনুষ্যাঃ, সাধকাঃ) আনন্দিতাঃ ভবন্তি ইতি যাবৎ তদ্বৎ 'যদ্' (যদা) 'অস্মিন' (সাধক-হৃদয়ে ইত্যর্থঃ) 'ধিয়ঃ' (প্রজ্ঞাঃ) 'অধি' (অধিতিষ্ঠন্তি) তদা 'মন্ম পশুবর্দ্ধনায়' (রাক্ষভবাঃ পশ্বাদয়ঃ বৃদ্ধিহেতৌ) 'ব্রজং ন' (যথা আশ্রয়স্থানং প্রাপ্নুবন্তি তদ্বৎ) 'কবীয়ান্' (স্তোতৄন্ প্রাপ্তুমিচ্ছন্) 'অপঃ বৃণানঃ' (অমৃতং আচ্ছাদয়ন্, অমৃতসংযুক্তঃ —সত্ত্বভাবঃ ইতি যাবৎ) 'পবতে' (ক্ষরতি, সাধকহৃদয়ং প্রাপ্নোতি ইত্যর্থঃ); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ প্রার্থনাপরায়ণাঃ সাধকাঃ সত্ত্বভাবং লভন্তে ইতি ভাবঃ । (৩প - ৫অ - ৭খ - ৭সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

আত্মশক্তিতে যেমন মঙ্গল বর্দ্ধিত হয়, এবং জ্ঞানলাভ করিয়া যেমন সাধকগণ আনন্দিত হয়েন, সেইরূপ যখন সাধকহৃদয়ে প্রজ্ঞা অধিষ্ঠিত হয়, তখন রক্ষণীয় পশ্বাদি, বৃদ্ধ্যা জন্য যেমন আশ্রয় স্থান প্রাপ্ত হয় সেইরূপ স্তোতাদিগকে পাইতে অভিলাষী অমৃতসংযুক্ত সত্ত্বভাব সাধক-হৃদয়কে প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—প্রার্থনা-পরায়ণ সাধকগণ সত্ত্বভাব লাভ করেন।) (৩প—৫খ—৭খ—৭সা)।

• • •

সায়ণ-ভাষ্যং।

কথঋষিঃ। 'যদ্' যদা 'অস্মিন্' সোমে 'বাজীনীব শুভঃ' অশ্বে যথা শস্ত্রপ্রভৃত্যলঙ্কারা ভবন্তি। যদা যাস্মিন্ সোমে 'সূরে ন' সূর্য্যো ন যথা সূর্য্যাঃ 'বিশঃ' রশ্ময়ঃ উদিতা ভবন্তি তদা 'ধিয়ঃ' অঙ্গুলয়ঃ 'আধিস্পর্দ্ধন্তে' অহং পুরস্তাচ্ছোধয়াম্যহং পুরতঃ শোধয়ামীত্যহমিকয়া উপতিষ্ঠন্তে। অতোহয়ং সোমঃ 'অপঃ' বসতীবরীঃ 'বৃণানঃ' আচ্ছাদয়ন 'পবতে' পাত্রেষু ক্ষরতি কলশানভিগচ্ছতি। কীদৃশঃ? 'কবীয়ান্' কাবরিবাচরন। যথা কবয়ঃ স্তোতারঃ। তানিচ্ছন্। তত্র দৃষ্টান্তঃ—'ব্রজং ন মন্ম' মননীয়' বোদ্ধব্যাং রক্ষিতব্যাং গবাং গোষ্ঠং পশুবর্দ্ধনায় গোপালঃ পরিগচ্ছতি যথা তথা দেবানাং প্রীণনায় পাত্রাণি পবতে। 'সূর্য্যো সূরে' ইতি কবীয়ান কবীয়ন ইতি চ সাম্ন ঋচঃ পাঠঃ। (৩প—৫খ—৭খ—৭সা)।

* * *

সপ্তম (৫৩৯) সামের মর্ম্মার্থ।

— * —

এই মন্ত্রটী একটু জটিলতাসম্পন্ন। মন্ত্রের মধ্যে একসঙ্গে তিনটী উপমা ব্যবহৃত হইয়াছে; এবং বিভিন্ন ধরনের উপমার একত্র সংযোগে মন্ত্রটীর জটিলতা বৃদ্ধি পাইয়াছে। প্রথম উপমা, 'বাজিনীব শুভঃ' 'আত্মশক্তি লাভ করিলে যেমন পরম মঙ্গল সাধিত হয়।' আত্মশক্তির ফল - রিপুজয়। সুতরাং রিপুজয় হইলে মানুষ আপনা হইতেই মঙ্গলের পথে পরিচালিত হয়। সুতরাং এই উপমা পরোক্ষভাবে সত্ত্বভাব জনিত মঙ্গলকে নির্দ্দেশ করিতেছে।

দ্বিতীয় উপমা, 'সূরে ন বিশঃ' - 'সাধকগণ যেমন জ্ঞানলাভে আনন্দিত হয়েন'। 'সূরঃ' অর্থ দ্যোতনশীল। লক্ষণা দ্বারা এখানে সপ্তম্যন্ত 'সূরে' পদে দ্যোতনশীলের শক্তি-জ্যোতিঃ, জ্ঞানকে বুঝাইতেছে। সাধকগণের পক্ষে জ্ঞান পরম প্রার্থনীয় বস্তু। তাহা লাভ করিতে পারিলে সাধকের আনন্দের সীমা থাকে না। এখানে এই উপমা সত্ত্বভাব জনিত আনন্দকে লক্ষ্য করিতেছে।

তৃতীয় উপমা,—'ব্রজংন পশুবর্দ্ধনায়'—'পশুগণ যেমন বৃদ্ধি হেতু, পোষণের জন্য, আশ্রয় স্থান প্রাপ্ত হয়।' পশুর আশ্রয় স্থান প্রাপ্তির সহিত সত্ত্বভাবের সাধকহৃদয় প্রাপ্তির তুলনা হইয়াছে। সত্ত্বভাব 'কনীয়ান' অর্থাৎ সাধককে পাইতে ইচ্ছা করেন। সাধকের হৃদয়ই তাহার আশ্রয় স্থান। সাধকের হৃদয়েই সত্ত্বভাব বর্দ্ধিত হয়েন। সাধক যেমন সত্ত্বভাব প্রাপ্তির জন্য লালায়িত, সত্ত্বভাবও সেইরূপ সাধকহৃদয় পাইবার জন্য ইচ্ছুক। অর্থাৎ ভগবান্ মোক্ষাভিলাষী সাধকের হৃদয়ে সত্ত্বভাব প্রদান করিয়া তাঁহার বাসনা পূর্ণ করেন। এই নিত্য-সত্যই মন্ত্রের মধ্যে প্রখ্যাপিত হইয়াছে॥ (৩প—৫অ—৭খ—৮সা)॥ *

—•—

অষ্টমং সাম।

১২ ৩১ ২৩ ১২৩ ২৩
ইন্দুঃ বাজী পবতে গোন্যোধা ইন্দ্রে

২৩ ২৩ ২৩ ১৩
সোমঃ সহ ইন্বন্ মদায়।

৩ ২৩ ১২৩ ১র ২র ৩ ১২
হন্তি রক্ষো বাধতে পরি অরাতিং বরিবঃ

৩২ ৩১২৩ ১২
কৃণ্বন্ বৃজনস্য রাজা॥ ৮॥

* * *

গেয় গানং।

২ ১ — ১ র র ২ ১ ৫
ইন্দ্‌৺ ৪ বাজী ২। পাবতেগোনিয়োধাঃ। ইন্দ্রাইসো ২ ৩ ৪ মাঃ।

১ ২ ১ ৫ ১র র ৩
সাহইন্বন্মদায়া। হন্তাইবা ২ ৩ ৪ ক্ষাঃ। বাধতেপর্য্যরাতিম্।

১ ২ ২ ১ ১ S ২A ৩
বরাইবা ২ ৩ ৪ স্ক্৺। বৃন্ব৺জানা ২ ৩ স্যা। রা ৩ জোবাও

৫ ৪
২ ৩ ৪ বা। হো ৫ ই। ডা॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুর্ণবতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, চতুর্থ সর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম,—"কাশ্যপস্য চ সোভনম্।"

৪ ৫ ২৪২ ৫ ২ ৫২ ৫ ১ ৩ ২ ৩
২। ইন্দুর্ব্বাজীপবাতৌ। গৌহোবাহাই। গোনিয়োধৌ। বাও২

৫ ১২ ১২ ১২১ ২ ৩
৩৪বা। ইন্দ্র২সোমা২ঃ সহই। ম্বাম্মদায়ৌ। বাও২৩৪

৫ ১২১২২১২২২ ১ ৩ ৫
বা। হস্তিরক্ষোবাধতে। পার্য্যরাতৌ। বাও২৩৪বা।

১ ২ ১ ২ ১ ২
বরিবস্কৃণ্বন্নৃজনা৩। স্যা। রা৩কৌবাও

৫ ২
২৩৪বা। হো ৫ ই। ডা॥

* * *

৫ ২ ২ ২ ২৪৫২২ ২ ২ ২১ ২
৩। ইন্দুরৌহোবাহাঈয়াবাজাউ। বা৩। হাউবা। পবতেগোনিয়োঘাউ

২ ১ ২ ১ ২ ২ ২
বা৩। হাউবা। ইন্দ্রাইসোমঃ। সহইন্বাউ। বা৩। হউবা৩।

১ ৩ ৫২ ২ ৩ ১ ১ ১ ২ ১ ২ ২ ১
মা২দা২৩৪ঔহোবা। মা২৩৫। হস্তাইরক্ষো। বাধাতা-

২ ২ ১ ৩ ৫২ ২
ইপাউ। বা৩। হাউবা৩। যা২রা২৩৪ঔহোবা।

৩ ১ ১ ১ ১ ২ ৩ ২ ২ ১
তী২৩৪৫ম্। বরাইবস্কৃ। এবন্নৃজনাউ। বা৩। হাউবা

১ ২ ৫২ ২ ৩ ১ ১ ১ ১
৩। স্যা২রা২৩৪ঔহোবা। জা২৩৪৫॥

* * *

৫ ২ ২ ২ ২ ৪ ৫ ৩ ২ ৪ ৫ ৩২
৪। ইন্দুর্ব্বাজীপবতেগোনিয়োঘা। ইন্দ্রেসোমঃসহইন্বন্মদায়া। হস্তিরক্ষো-

২ ২ ৪ ৫ ৪ ৫ ৩২ ২ ৫২ ২
বাধতেপর্য্যরাতীম্। বরিস্কৃণ্বন্নৃজনস্যরাজা। রাজা৩৪ঔহোবা।

২ ২ ১২ ৩ ১ ১ ১ ১
এ৩। স্যরাজা২৩৪৫। ৮॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বাজী' (শক্তিমান, শক্তিদায়কঃ ইত্যর্থঃ) 'ইন্দুঃ' (সত্ত্বভাবঃ) 'পবতে' (ক্ষরতু, অস্মাকং হৃদি সমুদ্ভবতু); 'ইন্দ্রে' (ইন্দ্রায়, বলৈশ্বর্য্যাধিপতিদেবলাভায়) 'সহঃ' (বলদায়কঃ) 'গোন্যোঘাঃ' (ঊর্দ্ধগতিপ্রাপকাঃ জ্ঞানকিরণনিবহাঃ) 'ইষ্যন্' (প্রেরয়ন, অস্মাকং হৃদি সমুদ্ভবতু ইত্যর্থঃ); 'মদায়' (পরমানন্দলাভায়) 'সোমঃ' (সত্ত্বভাবঃ— উৎপন্নঃ ভবতু ইতি শেষঃ); সঃ 'রক্ষঃ' (শত্রূন) 'হন্তি' (বিনাশয়তু), 'অরাতিং' (রিপূন) 'পরিবাধতে' (সম্যক্প্রকারেণ সংহরতু); 'বৃজনস্য রাজা' (বলস্য অধিপতিঃ, পরমশক্তিমান) সঃ 'বরিবঃ' (পরমধনং) 'কৃণ্বন্' (করোতু, অস্মাকং প্রযচ্ছতু ইত্যর্থঃ) প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং ভগবৎপরায়ণাঃ ভবেম; রিপুনাশকঃ সত্ত্বভাবঃ অস্মাকং হৃদয়ে আবির্ভবতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প ৫অ ৭খ ৮সা)॥

বঙ্গানুবাদ।

শক্তিদায়ক সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে উপজিত হউন; বলৈশ্বর্য্যাধিপতি দেবতাকে লাভ করিবার জন্য বলদায়ক ঊর্দ্ধগতিপ্রাপক জ্ঞানকিরণনিবহ আমাদিগের হৃদয়ে উপজিত হউক; পরমানন্দলাভের জন্য সত্ত্বভাব উৎপন্ন হউন; তিনি শত্রুদিগকে বিনাশ করুন, রিপুগণকে সম্যক প্রকারে সংহার করুন; পরমশক্তিমান তিনি আমাদিগকে পরমধন প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে—আমরা যেন ভগবৎপরায়ণ হই; রিপুনাশক সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন।)। (৩প—৫অ—৭খ—৮সা)॥

*

সায়ণ-ভাষ্যং।

মন্ত্রার্থবাসিষ্ঠঋষিঃ। 'ইন্দুঃ' ক্ষরণশীলঃ 'বাজী' বলবান 'গোন্যোঘাঃ' গমনশীল-নীচীনাগ্র রসং ভ্যাতঃ 'ইন্দ্রে' 'সহঃ' বলকরং রসম্ 'ইষন' প্রেরয়ন 'সোমঃ মদায়' তস্য মদার্থং পবতে ক্ষরতি। কিঞ্চ। 'রক্ষঃ' রক্ষঃকুলং 'হন্তি' হিনস্তি। কিঞ্চ 'আরাতীঃ' অরাতীন্ শত্রূন 'পরিবাধতে' পরিতঃ সংহরতি। কীদৃশঃ? 'বরিবঃ' বরণীয়ং ধনং 'কৃণ্বন্' স্তোতৃণাং কুর্ব্বন্ "বৃজনস্য" বলস্য 'রাজা' ঈশ্বরঃ সোম ইতি। (৩প—৫অ—৭খ ৮সা)॥

* * *

অষ্টম (৫৪০) সামের মর্ম্মার্থ।

—— * ——

প্রার্থনা-মূলক এই মন্ত্রটী পাঁচ অংশে বিভক্ত। প্রত্যেক অংশেই জ্ঞান অথবা সত্ত্বভাব লাভের জন্য প্রার্থনা পরিদৃষ্ট হয়।

এই মন্ত্রের ব্যাখ্যাপ্রসঙ্গে প্রচলিত ব্যাখ্যা সমূহের সহিত আমাদিগের মতানৈক্য ঘটিয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। এই সঙ্গে সায়ণ-ভাষ্যও দ্রষ্টব্য। এই অনুবাদের সঙ্গে ভাষ্যেরও অনৈক্য লক্ষিত হইবে। অনুবাদটী এইঃ—"গাভীদুগ্ধে পরিপুষ্ট হইয়া ঘোটকের ন্যায় সোম ক্ষরিত হইতেছেন। তিনি ইন্দ্রের বলাধান এবং মত্ততা উৎপাদন করিতেছেন। তিনি রাক্ষস সংহার এবং বিপক্ষ পরাভব করিতেছেন, তিনি বলশালী রাজা, তিনি সর্ব্ব-প্রকারে কাম্যবস্তু উৎপাদন করেন।"

মন্ত্রান্তর্গত গোজোষাঃ' পদের 'গো' শব্দে ভাষ্যকার এখানে 'গমনশীল' অর্থ গ্রহণ করিয়াছেন। অন্যত্র 'গাভী' অর্থ পরিদৃষ্ট হয়। প্রচলিত বঙ্গানুবাদে গাভী অর্থ গৃহীত হইয়াছে, যদিও 'গাভীদুগ্ধে পরিপুষ্ট' অর্থ কিরূপে গৃহীত হইয়াছে তাহা বুঝা যায় না। অন্য একখানা ব্যাখ্যার টীকাতে লিখিত হইয়াছে "গোণী শব্দো গমনশীলার্থে অপভ্রংশঃ ইতি পতঞ্জলি।" 'গো' শব্দ সমূহার্থে ব্যবহৃত হয়। তাই আমরা কতকটা তাঁহারই অনুসরণে 'গোজোষাঃ' পদে 'ঊর্দ্ধগতিপ্রাপকাঃ জ্ঞানকিরণনিবহাঃ' অর্থ গ্রহণ করিয়াছি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে দ্রষ্টব্য। (৩প—৫খ ৭ঋ—৮সা)। *

—•—

নবমং সাম।

১ ২   ৩ ১   ২ ৩   ১র   ২র   ৩ ১
অথা পবা পবস্ব এনা বসূনি মাংশ্চত্ব-

২ ৩   ১ ২ ৩   ১   ২
ইন্দো সরসি প্র ধন্ব।

৩ ২ ৩   ২ ৩   ২ ৩   ২ ৩ ১   ২ ৩ ১ ২ ৩
ব্রধ্নশ্চিৎ যস্য বাতো ন জূতিং পুরুমেধাশ্চিৎ

১ ২ ৩   ১ ২
তকবে নরং ধাৎ॥ ৯॥

* * *

গেয়-গানং।

৫র ৪ ৫   ৪ ৫   ১র   রর২   ২   ২
১। ঔহোহাই। আয়োহাই। পবা পবস্বৈনাবসূ ২ ৩ নী। ঔ ৩

১ম   ৩ ২   S ২   র   ১ র   ২ ১   ২
হোই। ইহা। ঈওয়া। মাংশ্চত্বইন্দোসরসিপ্রধা ২ ৩ ন্বা।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের দশমী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, দ্বাদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান চারিটী। উহাদের নাম,—"দাশস্পত্যানি চত্বারি"।

২ ৩২ ২ ১ ২২২১
ঔ২ হোই। ইহা। ঈ৩য়া। ব্রহ্মশিস্তম্পাতোনক্ত, ২

২ ২ ৩২ ২ ২
৩ভীম্। ঔ৩হোই। ইহা। ঈ৩য়া। পুরু-

১২২ ২২১ ২ ২
মেধাশ্চিত্তকবেনরা ২৩ ঙ্কাৎ। ঔ৩হোই।

৩২ ৩ ৫২২
ইহা ঈ২। যা২৩৪। ঔহোবা।

২ ২২৩২
এ৩। দোদিহী ১॥

* * *

৫৪৫ ১৫ ১ ২২২১ ২ ২
২। অয়োহাই। পবোহাই। পবস্বৈনাবসূ ২৩ নী। ইহো ইয়া ৩।

২ ২ ২ ২১ ২ ২
ঈ৩য়া। মাংশ্চন্দ্রইন্দোপরাসিপ্রধ ২৩ স্ব। ইহোইয়া ৩।

২ ১ ২২২ ২
ঈ৩য়া। ব্রহ্মশ্চত্রম্পাবাতোনক্ত, ২৩ভীম। ইহোইয়া ৩।

২ ১২২ ২২১ ২
ঈ৩য়া। পুরুমেধাশ্চিত্তকবেনরা ২৩ ঙ্কাৎ।

২ ১ ৩ ৫২২
ইহোইয়া ৩। ঈ২। যা২৩৪। ঔহোবা।

২ ২২১ ১১১১
এ৩। দীদয়া ২৩৪৫৬॥

* * *

২৩ ৫ ২ ১ ৫ ২ ১২
৩। হাউ ২৩৪ বা। ২। হা৩ও২৩৪ বা। হাউবা। আ।

২১২২ ২১২২২ ১২ ১ — ১২ ১২ ২
পবাপবস্বৈনাবসূনি। ইহই। হিয়া ২। ইহা। ইহা। মাং-

১ ২২১ ২১২ ১২ ১ ১২ ১২
শ্চদ্রইন্দোপরাসিপ্রধন্ব। ইহই। হিয়া ২। ইহা। ইহা।

১ ২ ১ ২ ২র ১ ২র ১ ২ ১ —
ব্রধ্নশ্চদ্যস্যবাতোনজূতিম্। ইওই। হিয়া ২।

১ ২ ১ ২ ২র ৩ ৫
ইহা। ইহা ৩। হাও ২ ৩ ৪ বা। ২।

২ ১ ৫ ২ ১র ২র
হা ৩ ও ২ ৩ ৪ বা। হাউবা। পুরুমেধা-

১ ২র ১ ২র ১ ২ ১
শ্চিত্তকবেনরন্ধাৎ। ইহই। হিয়া

— ১ ২ ২ ৩ ১ ১ ১ ১
২। ইহা। ইহা ২ ৩ ৪ ৫। ৯॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে সত্ত্বভাব! 'অয়া' (অনয়া, তব ইত্যর্থঃ) 'পবা' (পবমানয়া ধারয়া, পবিত্রয়া ধারয়া সহ) 'এনা বসূনি' (এনানি ধনানি, পরমধনানি ইত্যর্থঃ) 'পবস্ব' (ক্ষর, অস্মভ্যং প্রযচ্ছ—ইত্যর্থঃ) ; 'ইন্দো' (হে সত্ত্বভাব !) 'মাংশ্চত্বে' (ত্বৎকামযমানে) 'সরসি' (কলশে, পাত্রে, মম হৃদয়ে ইত্যর্থঃ) 'প্রধন্ব' (প্রগচ্ছ, আবির্ভব) ; বয়ং সত্ত্বভাবং লভেম—ইতি ভাবঃ ; 'পুরুমেধাশ্চিৎ' (বহুজ্ঞানসম্পন্নঃ, প্রাজ্ঞঃ জনঃ) 'যস্য' (যস্য দেবস্য) 'বাতঃ ন' (বায়ুতুল্যাঃ, আশুমুক্তিদায়কাঃ ইত্যর্থঃ) 'জূতিং' (গতিং, জ্যোতিঃ) 'ধাৎ' (ধারয়তি, প্রাপ্নোতি) 'ব্রধ্নশ্চিৎ' (সর্ব্বেষাং মূলভূতঃ সঃ ব্রহ্ম) 'নরং' (সৎকর্ম্মনেতারং) 'তকবে' (প্রাপ্নোতি) ; নিত্যসত্যমূলকোঽয়ং। জ্ঞানীজনঃ ভগবন্তং প্রাপ্নোতি - ইতি ভাবঃ। (৩প — ৫অ ৭খ — ৯স)।

• • •

বঙ্গানুবাদ।

হে সত্ত্বভাব! তোমার পবিত্রকারক ধারার সহিত পরমধন প্রদান কর ; হে সত্ত্বভাব! তোমাকে কামনাকারী আমার হৃদয়ে আবির্ভূত ; হও ; (ভাব এই যে, আমরা যেন সত্ত্বভাব লাভ করি) ; প্রাজ্ঞ ব্যক্তি যে দেবতার আশুমুক্তিদায়ক জ্যোতিঃ প্রাপ্ত হয়েন, সকলের মূলীভূত সেই ব্রহ্ম সৎকর্ম্মনেতাকে প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—জ্ঞানী ব্যক্তি ভগবানকে লাভ করেন।) । (৩প—৫অ—৭খ—৯সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

কুৎসঋষিঃ। হে সোম! 'অয়া' অনয়া 'পবা' পবমানয়া ধারয়া সহ 'এনা' এনানি 'বসূনি' ধনানি 'পবস্ব' ক্ষর (পবা—পূঞ্ পবনে) (ক্র্যা০ উ০) "অন্যেভ্যোঽপি দৃশ্যন্তে (৩।২।১০১) ইতি বিচ্ প্রত্যয়ঃ। আর্দ্ধধাতুকলক্ষণো গুণঃ। সাবেকাচঃ (৬।১।১৬৯) —ইতি তৃতীয়ায়া উদাত্তত্বম্। তথা হে 'ইন্দো' ত্বং 'মাংশ্চত্বে' মন্যমানানাং চাতকে 'সরসি' উদকে বসতীর্ণাখ্যো কলশে 'প্রধন্ব' প্রগচ্ছ। ততঃ যস্য যং ব্রধ্নশ্চিৎ সর্ব্বেষাং প্রজাপকঃ মূলভূতো বা আদিত্যঃ। 'বাতো ন' বাত ইব 'জূতিং' বেগং কুর্ব্বন্। কিঞ্চ। পুরুমেধাশ্চিৎ বহুবিধপ্রজ্ঞ ইন্দ্রশ্চ 'তকবে' তকতির্গতকর্ম্মসু পঠিতঃ। অস্মাদৌণাদিক উন্ প্রত্যয়ঃ যজেতি (২।৩।৩৭) কর্ম্মণি ষষ্ঠী ন লোকাব্যয়েতি (২।৩।৬৯) ষষ্ঠী প্রতিষেধশ্ছান্দসঃ সোমমত্ত গচ্ছতামিত্যর্থঃ। যস্য যত্র—ইতি,জূতি জুতঃ ইতি—মরন্ধাৎ সরন্দাৎ ইতি চ সাম্ন ঋচঃ ক্রমেণ পাঠাঃ। (৩প ৫খ ৭থ—৯সা)।

• • •

নবম (৫৪১) সামের মর্ম্মার্থ।

—— * ——

মন্ত্রটী অত্যন্ত জটিল। ভাষ্যকারও মন্ত্রের সকল পদের ব্যাখ্যা দেন নাই। ভাষ্যে মন্ত্রের শেষাংশের 'মরং দাৎ' পদদ্বয়ের ব্যাখ্যা প্রদত্ত হয় নাই। অধিকন্তু 'যস্য' পদে বিভক্তি-ব্যত্যয় স্বীকার করিয়াছেন। যে সকল পদের ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে তাহাও খুব পরিষ্কার হয় নাই।

আমাদের ব্যাখ্যায় মন্ত্রান্তর্গত 'ব্রধ্নশ্চিৎ' পদে বিবরণকারের অনুসরণে 'ব্রহ্ম' অর্থ গৃহীত হইয়াছে। 'জূতি' পদে নিরুক্ত-সম্মত 'জ্যোতিঃ' অর্থ গ্রহণ করিয়াছি। অন্যান্যপদের ব্যাখ্যা সম্বন্ধে মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দ্রষ্টব্য।

এই মন্ত্রটীর প্রথমাংশে সত্ত্বভাব লাভের জন্য প্রার্থনা আছে। দ্বিতীয় অংশে নিত্য-সত্য প্রকাশিত হইয়াছে। ভগবান্ জ্ঞানীদিগের হৃদয়ে আবির্ভূত হয়েন। যাঁহারা সাধক, যাঁহারা সৎকর্ম্মনিরত তাঁহারা ভগবান্‌কে প্রাপ্ত হয়েন। যাঁহারা ভগবানের পরম মঙ্গলদায়ক জ্যোতির সন্ধান পান, তাঁহাদিগের জীবন ধন্য হয়, কৃতার্থ হয়। সেই সৌভাগ্যশালী সাধকের নিকট ভগবান্ নিজে আসিয়া উপস্থিত হয়েন। (৩প—৫খ-৭থ ৯সা)। *

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের দ্বিপঞ্চাশী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)। ইহার তিনটী গেয়-গান আছে। উহাদের নাম, 'শ্রৌতানি ত্রীণি'।

দশমং সাম।

৩ ১র ২র ৩১ ২ ৩ ১র
মহৎ তৎ সোমো মহিষঃ চকার অপাং

২র ৩২
যৎ গর্ভো অবৃণীত দেবান্।

১২৩ ২ ৩ ১২ ৩ র ২র ৩
অদধাৎ ইন্দ্রে পবমান ওজঃ অজনয়ৎ

২ ৩ ১ ৩ ১২
সূর্য্যে জ্যোতিঃ ইন্দুঃ ॥ ১০ ॥

* * *

গেয়-গানং।

২ র র ১ — র র র ১ --
মহত্তৎসোমোমহিষশ্চাকারা ২। অপাংযদ্গর্ভোবৃণীতা ৩ দাইবা ২ ন।

র র র ১ র Sব র
অদধাদিন্দ্রেপবমানা ৩ ওজা ২ঃ। অজনয়ৎসূর্য্যে ৩ জ্যো ২ ৩।

২ ২ ১ ২ ১র ২র
তিরিন্দ্রাউবা ৩। এ ৩। অজনয়ৎসূর্য্যে-

১র ২ ১ ১ ১ ১ ১
জ্যোতিরি দূ ১ ৩ ৪ ৫ ৪॥ ১০॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যৎ' (যঃ) 'মহৎ' (মহান) 'মহিষঃ' (মহিমান্বিতঃ, তেজসম্পন্নঃ) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'অপাংগর্ভঃ' (উদকানাং গর্ভভূতঃ অনন্বিতত্বাৎ, অমৃতোৎপাদনং ইত্যর্থঃ) 'চকার' (করোতি) 'তৎ' (সঃ) সত্ত্বভাবঃ 'দেবান' (দেবভাবান) 'অবৃণীত' (বৃণোতি, তৈঃ সহ মিলিতঃ ভবতি ইত্যর্থঃ); সত্ত্বভাবঃ অমৃতং তথা দেবভাবং সাধকস্য হৃদয়ে উৎপাদয়তি ইতি ভাবঃ; 'পবমানঃ' (পবিত্রকারকঃ) সত্ত্বভাবঃ 'ইন্দ্রে' (বলৈশ্বর্য্যাধিপত্যো দেবৌ, ভগবতি ইত্যর্থঃ) 'ওজঃ' (শক্তিং) 'অদধাৎ' (প্রযচ্ছতি, সত্ত্বভাবঃহি ভগবতঃ পরমাশক্তিঃ ইত্যর্থঃ); 'ইন্দুঃ' (সত্ত্বভাবঃ) 'সূর্য্যে' (জ্ঞানদেবে, জ্ঞানে) 'জ্যোতিঃ' (তেজঃ) 'অজনয়ৎ' (উৎপাদয়তি;

সত্ত্বভাবাৎ জ্ঞানস্য শক্তিঃ বিকশিতা ভবতি ইত্যর্থঃ); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবঃ হি সর্ব্বশক্তেঃ মূলকারণং—ইতি ভাবঃ। (৩প ৫অ-৭খ ১০সা)।

* * *

বঙ্গানুবাদ।

যে মহান্ তেজঃসম্পন্ন সত্ত্বভাব অমৃতোৎপাদন করেন, সেই সত্ত্বভাব দেবভাবসমূহের সহিত মিলিত হয়েন; (ভাব এই যে,—সত্ত্বভাব অমৃত এবং দেবভাবকে সাধকের হৃদয়ে উৎপাদন করেন); পবিত্রকারক সত্ত্বভাব ভগবানে শক্তি প্রদান করেন, অর্থাৎ সত্ত্বভাবই ভগবানের পরমশক্তি; সত্ত্বভাব জ্ঞানেতে তেজ উৎপাদন করেন, অর্থাৎ সত্ত্বভাব হইতে জ্ঞানের শক্তি বিকশিত হয় (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সত্ত্বভাবই সকল শক্তির মূল কারণ।)। (৩প—৫অ—৭খ—১০সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

পরাশরপুত্রঃ। 'মহিষঃ' মহান্ পূজ্যো বা 'সোমঃ' 'মহৎ' প্রভূতং 'তৎ' কর্ম্ম 'চকার' অকরোৎ। কিং তৎ? 'অপাংগর্ভঃ' উদকানাং গর্ভভূতঃ জনয়িতৃত্বাজ্জনয়িতা বা। স সোমঃ 'দেবান্' 'অবৃণীতঃ' সমভজতেতি 'যৎ' তৎ কৃতবানিতি। কিঞ্চ। 'পবমানঃ' পূয়মানঃ সোমঃ 'ওজঃ' সোমপানসম্ভূতং বলং 'ইন্দ্রে' 'অদধাৎ' স্থাপিতবান্ তথা 'ইন্দুঃ' সোমঃ 'সূর্য্যে' জ্যোতিঃ তেজঃ অজনয়ৎ। (৩প—৫অ ৭খ—১০সা)।

* * *

দশম (৫৪২) সামের মর্ম্মার্থ।

——‡ • ‡——

এই নিত্য-সত্য-প্রখ্যাপক মন্ত্রে সত্ত্বভাবের মহিমা কীর্ত্তিত হইয়াছে, উহা ভগবানের পরমশক্তি। এই শক্তিবলে জগৎ সৃষ্ট হইয়াছে, ও পরিচালিত হইতেছে। সত্ত্বভাবের কল্যাণে মানুষ অমৃতলাভে সমর্থ হয়, তাই সত্ত্বভাবকে অমৃতের জনয়িতা বলা হইয়াছে। শুদ্ধসত্ত্বের সহিত দেবভাবের অতি নিকট সম্বন্ধ। তাই হৃদয়ে শুদ্ধসত্ত্বের উদয় হইলে মানুষ দেবভাবাপন্ন হয়েন।

এই মহাশক্তির বলেই মানুষের অন্য সর্ব্ববিধ শক্তি লাভ হয়। জ্ঞান ও পূর্ণজ্যোতিতে বিকশিত হয়, কর্ম্মশক্তি তীক্ষ্ণ হয়। সত্ত্বভাবের বলে মানুষের আত্মশক্তি জাগরিত হয়—তদ্দ্বারা তিনি আপনার চরমলক্ষ্য অভিমুখে চলিতে সমর্থ হয়েন। মন্ত্রের মধ্যে এই নিত্য-সত্যই ব্যাখ্যাত হইয়াছে।

মন্ত্রান্তর্গত 'মহিষাঃ' পদে আমরা 'মহিমান্বিতঃ' 'তেজোসম্পন্নঃ' অর্থ গ্রহণ করিয়াছি। ভাষ্যকার 'মহিষাঃ' পদে পূর্ব্বে (৩প ৫অ—২খ—২সা) 'মৃগাঃ' অর্থ গ্রহণ করিয়াছিলেন, কিন্তু বর্ত্তমান মন্ত্রে 'মহান্ পূজ্যঃ' অর্থই গৃহীত হইয়াছে। (৩প ৫অ—১খ—১০সা)। *

—•—

একাদশং সাম।

১ ২ ৩ ২৩ ২ ৩ ২৩ ২
অসর্জ্জি বক্বা রথ্যে যথা আজৌ

৩২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
ধিয়া মনোতা প্রথমা মনীষা।

৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
দশ স্বসারো অধি সানো অব্যে

৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
মৃজন্তি বহ্নিং সদনেষু অচ্ছ॥ ১১॥

• • •

গেয় গানং।

২ ১ ২ ২ ১ -- ১ ২ ৫র ১ ১ ১ ১ ১
অসাঔ ৩ হো। জিবাক্বা ২। রথ্যাইয়া ৩ ৪। যা। জা২৩৪৫

২ ১ ২ ২ ১ -- ১ ২ ৫র ৩
উ। ধিয়াঔ ৩ হো। মনোতা ২। প্রথমাসা ৩ ৪। নী। ষা

১ ১ ১ ১ ২ ১ ২ ২ ১ -- ১ ২
২৩৪৫। দশাঔ ৩ হো। স্বসারা ২ঃ। অধিসানো

৫ ৫ ১ ১ ১ ১ ১ ১ ২ ২
৩৪। অ। ব্যা২৩৪৫ই। মৃজা ঔ ৩ হো।

১ ১ ২ ৫
ন্তিবার্হ্নী ২ ম্। সদনাইষু ৩ ৪। অচ্ছা ২

১ ১ ১
উ। বা৩৪৫॥ ১১॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতমসূক্তের একচত্বারিংশী ঋক্‌, (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, উনবিংশী বর্গের অন্তর্গত)। ইহার গেয় গান একটী। উহার নাম, "আভিষ"।

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা ।

'রথ্যো যথা' (সৎকর্ম্মসাধনে যথা জ্ঞানং উৎপন্নং ভবতি) তথৈব 'আজৌ' (রিপুসংগ্রামে) 'ধিয়া' (প্রজ্ঞয়া, প্রার্থনয়া) 'মনোতা' (দেবপ্রিয়ং, দেবত্বপ্রাপকং) 'প্রথমঃ' (শ্রেষ্ঠং) 'মনীষী' (মনসঃ ঈষা, তদ্বান্ ধীসম্পন্নং, ধীশক্তিদায়কং ইত্যর্থঃ ; যদ্বা, 'মনীষা' স্তুতিঃ তদ্বান্, প্রার্থনীয়ং ইত্যর্থঃ) 'বক্বা' (শব্দায়মানঃ বাক্যং, জ্ঞানং ইত্যর্থঃ) 'অসর্জ্জি' (সৃষ্টং—ভবতি ইতি শেষঃ) ; 'দশ' (দশেন্দ্রিয়াণি, দশেন্দ্রিয়সাধ্যং) 'অধিসানঃ' (অভিসিঞ্চমানং, অভীষ্টবর্ষণশীলং) 'স্বসারঃ' (যৎ জ্ঞানকিরণনিবহং) 'বহ্নিং' (মোক্ষপথপ্রাপকং তৎ জ্ঞানজ্যোতিঃ) সাধকাঃ 'অব্যে' (জ্ঞানসংযুক্তে, জ্ঞানদায়কে) 'সদনেষু' (সৎকর্ম্মসাধনস্থলে, সৎকর্ম্মসাধনেন ইত্যর্থঃ) 'অচ্ছ' (সম্যক্ প্রকারেণ) 'অজন্তি' (প্রেরয়ন্তি, প্রাপ্নুবন্তি ইত্যর্থঃ) সাধকাঃ প্রার্থনয়া তথা সৎকর্ম্মসাধনেন জ্ঞানং লভন্তে ইতি ভাবঃ ॥ (৩প—৫অ—৭খ—১১সা)॥

• . •

বঙ্গানুবাদ ।

সৎকর্ম্মসাধনে যেমন জ্ঞান উৎপন্ন হয়, সেইরূপ রিপুসংগ্রামে প্রার্থনা দ্বারা দেবত্বপ্রাপক, শ্রেষ্ঠ, ধীশক্তিদায়ক জ্ঞান সৃষ্ট হয় ; দশেন্দ্রিয়সাধ্য অভীষ্টবর্ষণশীল যে জ্ঞানকিরণনিবহ, মোক্ষপথপ্রাপক সেই জ্ঞানজ্যোতিঃ সাধকগণ জ্ঞানদায়ক সৎকর্ম্মসাধনস্থলে অর্থাৎ সৎকর্ম্মসাধন দ্বারা সম্যক্ প্রকারে প্রাপ্ত হয়েন । (ভাব এই যে, সাধকগণ প্রার্থনা এবং সৎকর্ম্মসাধন দ্বারা জ্ঞান লাভ করেন) । (৩প—৫অ—৭খ—১১সা) ।

• . •

সায়ণ-ভাষ্যং ।

কশ্যপঋষিঃ । 'বক্বা' শব্দায়মানঃ বচ পরিভাষণে (অদা° প°) অসর্জি তাদৃশঃ পবমানঃ সোমঃ 'আজৌ' অজন্ত কর্ম্মার্থং যুক্তা ইতি আজির্যজ্ঞঃ তস্মিন 'ধিয়া' কর্ম্মণা স্তোত্রেণ বা সাধকম্ 'অসর্জ্জি' পাত্রেষু সৃজ্যতে । তত্র দৃষ্টান্তঃ । 'রথ্যো যথা' রথো রথার্হে আজৌ সংগ্রামনামৈতৎ । অজান্ত প্রাক্ষপস্থ্যা যুগান্তরেতি তস্মিন্ অশ্বো যথা সৃজ্যতে তদ্বৎ । কীদৃশঃ ? 'মনোতা' যস্মাৎ দেবানাং মনাংসি প্রোতানি সা তথা চ ব্রাহ্মণম্ 'তস্যাং হি তেষাং মনাংসি প্রোতানি ইতি' 'প্রথমঃ' মুখ্যঃ 'মনীষী' মনস ঈষা মনীষা স্তুতিঃ তদ্বান্ । যদ্বা । ধিয়া বিদধাতি স্তৌতীরিতি ধীঃ স্তোতা তেন স্তুতঃ প্রেৰ্য্যতে । কিঞ্চ । 'দশ স্বসারঃ' দশসংখ্যাকা অঙ্গুলয়ঃ 'সদনেষু' যজ্ঞগৃহেষু পাত্রাণ্যভিমুখকৃত্য বহ্নিং বোঢ়ারং সোমং 'সানৌ' সমুচ্ছ্রিতে আসঃ সম্মার্থানুবাদকঃ 'অব্যে' অবিভবে অবিবালেন কৃতে পবিত্রে 'অজন্তি' প্রেরয়ন্তি । 'প্রথমো মনীষা' 'প্রথমো মনীষী' ইতি 'সদনেষু' 'সদনানি ইতি চ সাম বচঃ পাঠঃ ॥ ১১ ॥

• . •

একাদশ (৫৪৩) সামের মর্ম্মার্থ।

মানুষের কর্ম্মশক্তি ও ভগবানের অনুগ্রহ এই উভয় উপায়েই জ্ঞান লাভ হইতে পারে। ভগবান মানুষকে কিছু পরিমাণ কর্ম্ম-স্বাধীনতা দিয়াছেন। কর্ম্মশক্তির উপযুক্ত ব্যবহার করিয়া, ভগবৎনিয়মের পরিচালনাধীন থাকিয়া মানুষ জ্ঞানলাভ করিতে পারে। অথবা ভগবান কৃপাপরবশ হইয়া সাধককে জ্ঞান দান করিতে পারেন। প্রথম প্রকারের সাধককে সাধনসিদ্ধ বলে, এবং দ্বিতীয় প্রকারের সাধক কৃপাসিদ্ধ। যে উপায়েই হউক না কেন জ্ঞানলাভ করা মানুষের একান্ত আকাঙ্ক্ষার বিষয়। সৎকর্ম্মসাধন করিতে করিতে মানুষের চিত্ত নির্ম্মল হইলে তাহাতে জ্ঞানজ্যোতিঃ বিকশিত হয়। মানুষ যখন রিপু-সংগ্রামে ক্ষতবিক্ষত হইয়া পড়ে, তখন ভগবানের শরণ লয় তিনি তাহাকে সেই রিপুসংগ্রামে জয়লাভ করিবার জন্য জ্ঞান প্রদান করেন। সেই জ্ঞানবলে সাধক রিপুজয় করিতে সমর্থ হয়েন।

এই মন্ত্রান্তর্গত 'অনর্জ্জি' পদে বিবরণ কারের অনুসরণে 'সৃষ্টং' অর্থ গৃহীত হইয়াছে। 'অধিদানঃ' পদের ব্যাখ্যা সম্বন্ধে পূর্ব্বের (৩প—৫অ ৬খ - ৭সা) ব্যাখ্যা দ্রষ্টব্য। 'দশ স্বসারঃ' পদদ্বয়ের অর্থ এই খণ্ডের ষষ্ঠ সামের ব্যাখ্যাতে প্রদত্ত হইয়াছে। ভাষ্যকার 'সৃজন্তি' স্থলে ঋগ্বেদীয় পাঠ 'অজ্ঞান্ত' পদ গ্রহণ করিয়াছেন। (৩প—৫অ—৭খ—১১সা)।

—•—

দ্বাদশং সাম।

৩ ২ ৩২ ৩ ২ ৩ ১ ৩
অপ্যামিব ইৎ ঊর্ম্ময়ঃ তর্ত্তুরাণাঃ

২ ২৩১ ২ ৩ ২ ৩ ১ ২
প্র মনীষা ঈরতে সোমমচ্ছ।

৩ ২,৩ ১২ ৩ ২র ২ ২র
নমস্যন্তীঃ উপ চ যন্তি সং চাচ

৩২ ৩১২
বিশন্তি উশতীঃ উশন্তম্॥ ১২॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একনবতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, চতুর্থ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "বাসিষ্ঠম্"।

গেয়-গানং।

৫ ৪র ৫ ৪র৫র৪৫ ৪র ৫ ৩ ২১ ৩ ৩র ২
অপামিবেদূর্ম্ময়স্তৌ। হোবা। হাই। তুরাণা ৩ ৩ ৪ ঃ। হাহোই।

১ ২র ১ ২র ২ ৩ ৫ ২ ৩র ২
প্রমনী। ষাঃ। ঈরতে ৩। সোমম। চ্ছা ৩ ৪। হাহোই।

১ ২ ২ ৩ ৫ ২ ৩র ২
নমস্য। ন্তাইঃ। উপচা ৩। যন্তিসম্। চা ৩ ৪। হাহোই।

১ ২ ১ ২ ৩ ২ ৩ ৫ ২ ৩র
আববি। শা। ন্তিয়ূশ। ন্তীরূশ। ন্তা ৩ ৪ ম্। হাহা

৫র র ২ ১ ১ ১ ১ ১
৩ ৪। ঔহোবা। বা ৩ হা ২ ৩ ৪ ৫ ঃ॥ ১২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অপাং উর্ম্ময়ঃ ইব' (অমৃতপ্রবাহঃ যথা আশুমুক্তিং প্রযচ্ছতি) তদ্বৎ 'তর্দ্ধুরাণাঃ' (আশুমুক্তিং কাময়মানাঃ সাধকাঃ) 'ইৎ' (নিশ্চিতং) 'সোমং' (সত্ত্বভাবং—প্রাপ্তয়ে ইতি যাবৎ) 'অচ্ছ' (সম্যক্ প্রকারেণ) 'মনীষা' (ভগবৎ স্তুতিং) 'প্রেরতে' (প্রেরয়ন্তি); সাধকাঃ সত্ত্বভাবলাভায় প্রার্থয়ন্তি—ইতি ভাবঃ; 'চ' (তথা) সাধকানাং 'নমস্যন্তীঃ' (নমস্কুর্ব্বতী, পূজাযুক্তাঃ, সৎকর্ম্মযুতাঃ ইত্যর্থঃ) 'উশতীঃ' (কাময়মানাঃ, সত্ত্বভাবকাময়মানাঃ প্রার্থনাঃ) 'উশন্তং' (কাময়মানং, সাধককাময়মানং) সত্ত্বভাবং 'উপযন্তি' (প্রাপ্নুবন্তি), তেন সহ 'সংযন্তি চ' (সম্মিলিতাঃ ভবন্তি চ) 'চ' (অপিচ) 'আবিশন্তি' (প্রবিশন্তি); মন্ত্রোঽয়ং নিত্যসত্যমূলকঃ সাধকাঃ ঐকান্তিকয়া প্রার্থনয়া সত্ত্বভাবং লভন্তে—ইতি ভাবঃ॥ (৩প—৫অ—৭খ—১২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

অমৃতপ্রবাহ যেমন আশুমুক্তি প্রদান করে—সেইরূপ আশুমুক্তি কামনাকারী সাধকগণ নিশ্চিতরূপে সত্ত্বভাব পাইবার জন্য সম্যক্ প্রকারে ভগবৎ স্তুতি প্রেরণ করেন; (ভাব এই যে,—সাধকগণ সত্ত্বভাব লাভের জন্য প্রার্থনা করেন); এবং সাধকদিগের সৎকর্ম্মযুক্ত সত্ত্বভাবকামনাকারী প্রার্থনা, সাধককামনাকারী সত্ত্বভাবকে প্রাপ্ত হয়, এবং তাহার সহিত সম্মিলিত হয়, তাহাতে প্রবিষ্ট হয়। (মন্ত্রটী নিত্যসত্যমূলক।

ভাব এই যে,—ঐকান্তিক প্রার্থনা দ্বারা সাধকগণ সত্ত্বভাব লাভ করেন।)। (৩প—৫অ—৭খ—১২সা)।

• • •

সায়ণ-ভাষ্যং।

প্রস্কণ্বঋষিঃ। 'অপামিব' যথা উদকানাম্ 'ঊর্ম্ময়ঃ' স্বরন্তে। ইৎ ইতি পূরণঃ। তদ্বৎ 'তর্তুরাণাঃ' কর্ম্মাণি দেবান্ স্তোতুং ত্বরমাণাঃ। ত্বর ত্বরণে জৌহোত্যাদিকঃ (আ)। যঙ্লুগন্তস্য শানচি রূপম্। অভ্যাসস্য উবর্ণস্য রেফাদেশশ্ছান্দসঃ। অভ্যস্তস্বরঃ। তাদৃশা ঋত্বিজঃ 'মনীষাঃ' মনস ঈশিত্রীঃ স্তুতীঃ 'সোমমচ্ছ' সোমং প্রতি প্রেরয়ন্তি 'নমস্যন্তীঃ' নমস্যন্ত্যঃ সোমং যোজয়ন্ত্যঃ সত্যঃ তম্ 'উপযন্তি' চ। উপ সমীপে গচ্ছন্তি। তমেব 'সংযন্তি চ' সঙ্গচ্ছন্তে। চ বা যোগে প্রথমা (৮১৫৯)। ইতি ন নিঘাতঃ। উশতীঃ কাময়মানাঃ স্তুতয়ঃ উশন্তং কাময়মানং সোমম্ আবিশন্তি চ প্রবিশন্তি চ। (৩প—৫অ ৭খ ১২সা)।

ইতি শ্রীমৎসায়ণাচার্য্যবিরচিতে মাধবীয়ে সামবেদার্থ-প্রকাশে ছন্দোব্যাখ্যানে পঞ্চমস্যাধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ।

• • •

দ্বাদশ (৫৪৪) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটীর প্রথম ভাগে একটী উপমা আছে। অমৃতপ্রবাহে অভিষিক্ত হইলে মানুষ যেমন আশুমুক্তি লাভ করে, সেইরূপ আশুমুক্তি পাইবার জন্য সাধকগণ প্রার্থনা করিয়া থাকেন। যতদিন মানুষ বদ্ধ থাকে, ততদিনই দুঃখভোগ করে। মুক্তি লাভ ঘটিলে সেই দুঃখের হাত হইতে নিস্তার পাওয়া যায়। তাই সেই 'ত্রিবিধং দুঃখহেয়ং' হইতে রক্ষা পাইবার জন্য সাধক প্রাণপণে চেষ্টা করেন। হৃদয়ে সত্ত্বভাবের উন্মেষ সাধিত হইলে মানুষ সেই পরম আকাঙ্ক্ষণীয় মুক্তি পথে অগ্রসর হইতে পারে। তাই মুক্তিকামী সাধকগণ সত্ত্বভাব লাভের জন্য প্রার্থনা করেন। মন্ত্রের প্রথমাংশে এই নিত্য-সত্যই প্রখ্যাপিত হইয়াছে।

মন্ত্রের দ্বিতীয়াংশে সত্ত্বভাব লাভের জন্য ব্যাকুল প্রার্থনা আছে। সাধক যেমন সত্ত্বভাব কামনা করেন, সত্ত্বভাব ও তেমনি সাধককে পাইতে ইচ্ছুক, অর্থাৎ ভগবান্ সাধকের হৃদয়ে সত্ত্বভাব প্রেরণ করিয়া তাঁহাকে মোক্ষপথে চলিতে সমর্থ করেন। সন্তানের কামনা পূরণ করাই জগৎপিতার উদ্দেশ্য, তাই যখন তিনি কাহাকেও তাঁহার চরণ প্রান্তে পৌঁছিবার জন্য সচেষ্ট দেখিলে, তিনি নিজ হইতেই অগ্রসর হইয়া তাঁহাকে কোলে তুলিয়া নেন। তিনি যদি নিজকে ধরা না দেন, তবে মানুষের কি সাধ্য যে মানুষ তাঁহাকে পাইবে! ভগবানের এই অসীম করুণার কথাই মন্ত্রে বিবৃত হইয়াছে। (৩প ৫অ ৭খ—১২সা)। •

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চনবতিতম সূক্তের তৃতীয়া ঋক্ (সপ্তম অষ্টক চতুর্থ অধ্যায়, পঞ্চম বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান একটী। উহার নাম,—"অপাঙ্ক সাম"।

ওঁ

সামবেদ-সংহিতা।

—— : § * § : ——

কোথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

—— ‡ • ‡ ——

পবমানং পর্ব্ব (তৃতীয়ং পর্ব্ব)। পঞ্চমোঽধ্যায়ঃ। অষ্টমঃ খণ্ডঃ।

• • •

অষ্টম খণ্ডঃ।

—— • ——

পুরোজিতীতি-মুণাস্ত নবর্চ্চো বৃহতীভাগো।
'আর্ষাভায়ধুক্ষবে' শিষ্টা অনুষ্টুভঃ স্মৃতাঃ॥
পৃষাণাং বিপ্রকীর্ণত্বাত্তত্র তত্রাভিধাস্যতে॥

* * *

প্রথমং সাম।

৩ ১ ৩ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
পুরোজিতী বো অন্ধসঃ সুতায় মাদয়িত্নবে।
৩ ১ ২ ৩ ১ ২ ৩ক ২র
অপ শ্বানং শ্নথিষ্টন সখায়ো দীর্ঘজিহ্ব্যম্॥ ১॥

* * *

গেয় গানং।

৫ র ২ ৩ ৫ ২ ৭র
১। পুরোজিতী। বা অন্ধা ২ ৩ ৪ সাঃ। সুতায়ামা ২ দয়া ৩ ১
৩ ৫ ১ ২
উপায়ে ৩। ত্না ২ ৩ ৪ বে। অপশ্বানা ২ ৮ শ্রথা ৩ ১ উপায়ে ৩।
৫ ১ ২ ২ ৫
ষ্টা ২ ৩ ৩ না। সখায়োদাই ২ র্ঘজা ৩ ১ বায়ে ৩। হ্বা ২ ৩ ৪ য়াম্॥

• • •

৫ র ১ ১২ ২ ১২র — —
২। পুরোজিতী। বো ৩ ওন্ধা ৩ সাঃ। সুতায়মা ২। উ ২। হাঃ

— ২ ২ ২ ১ ২র — — --
২ ই। ওহ ২। দা য়াইন্থা ৩ বে। আপশ্বানা ২ মৃ। উ। হা ৫

১ ১ ২ ২ ১ ২র র
ই। উহ ২। শ্লা ৩ য়া ইম্টা ৩ তা। সাখা যোদা ২ ই।

— — ১ ১ ৳ ৩
উ´২। হা ২ ই। উ ২ ৩। ঘা ২ জা ২ ৩ ৪

৫র র ১ ১ ১ ১ ১ ১
ঔহোবা। এ ৩। হ্বিয়া ৪ ৫ মৃ।

* * *

৫ র র ৩ ৫ ২র ১ ২ ২ ৪ ৫
৩। পুরোহাহাউ। জা ২ ৩ ৪ ইতী। বো আঔ ৩ হো ৩। ধাসাঃ।

২ ১ ২ ২ ৪ ৫ ৫ ২ ১ Sর ১ ২
সুতাঔ ৩ হো ৩। যাবা ৬। হাউবা। দয়িল্লবে ২। উপা।

১ র ২ ২ ২ ১২ ২ ৪ ৫
অপশ্বানং শ্নথা১ইষ্টা ৩ না। সখাঔ ৩ হো ৩। যোদা ৬।

৫ ২ ১ ৩ ১ ১ ১ ১
হাউবা। ঘজিহ্বিরম্। উপা ২ ৩ ৪ ৫।

* * *

৫ ৪র ৫ র ৪ ৫ ৪ ৫ ২র র ২
৪। পুরোজিতীবোঅন্ধসঃ। ওবাহাই। সুতায়মাদয়িত্নবওবা ২ ৩ হোই।

র ১ ২র র ১ ২ ৩
অপশ্বানং শ্নথিষ্টনওবা ২ ৩ হোই। সাখায়োদাই। ঘাজিহ্বা ২ ৩ ৪ ৫

২ ২ ১র ২ ১ র S ৩ ২
য়া ৬ ৫ ৬ মৃ। সুরুক্তিভির্মাদনস্তরে ২ যুবা ১।

* * *

৩ ২ ২ ৪ র ৫ ২ ৪ ১
৫। সুপুরো। জী ৩ তী। বোঅ। ধা ৩ সঃ এহিয়া। সূ।

র র ২ ১ — ১র — ১র ২
তায়মাদা। যি। ত্নবা ২ ই। এহিয়া ২। অপশ্বানং শ্ন ৩

৪ ৫ ২র — ১র — র ১র
থা৩। স্টা২৩৪না। ঐহা২ই। এহিয়া৬। সখায়ো-

২ ৪ ২ ৫
দাইর্ঘা৩ভী৩। হব ·৪৫মো৬হাই॥

* * *

৫ র র ৫ ২১র র ২ ১
৬। পুরোজিতীবো ৪ন্ধাসাঃ। সুতায়। মাদা২৩য়া। ত্নস্ন২১

১র র ২ ১২ ২ ১
২১। সুবেঅপশ্বানত্ শ্নথিষ্টন্। সাখা৩উা। যো২দী।

২ ১ ৪৫ ৪
ঘা২৩জী। হিবয়াম্। ঔ২৩বোবা। হো৫ই। ডা।১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সখায়ঃ' (সৎকর্ম্মসাধনে সখিভূতাঃ হে মম চিত্তবৃত্তয়ঃ) 'পুরোজিতী' (জয়প্রদান-কারিণঃ—রিপুসংগ্রামে ইতি যাবৎ) 'অন্ধসঃ' (সত্ত্বভাবস্য) 'সুতায়' (পবিত্রায়, বিশুদ্ধায়) 'মাদয়িত্নবে' (পরমানন্দায়, পরমানন্দলাভায় ইত্যর্থঃ) 'বঃ' (যূয়ং) 'দীর্ঘজিহ্ব্যং' (সর্ব্ব-গ্রাসিনং; সত্ত্বাবনাশকং) 'শ্বানং' (পশূন্, রিপূন্নিবহং) 'অপশ্নথিষ্টন' (অপবাধধ্বং, বিনাশয়ত); মন্ত্রোহয়ং আত্মোদ্বোধক। মোক্ষলাভায় অহং রিপুজয়ী ভবেয়ং—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প-৫অ-৮খ-১সা)।

* * *

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মসাধনে সখিভূত হে আমার চিত্তবৃত্তিসমূহ! রিপুসংগ্রামে জয়-প্রদানকারী সত্ত্বভাবের বিশুদ্ধ পরমানন্দ লাভের জন্য তোমরা সত্ত্বাবনাশক রিপুনিবহকে বিনাশ কর। (মন্ত্রটী আত্মোদ্বোধক। ভাব এই যে,—মোক্ষলাভের জন্য যেন আমি রিপুজয়ী হই।)। (৩প—৫অ—৮খ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

ত্রাবাশ্বঋষিঃ। হে 'সখায়ঃ' সখিভূতাঃ সমানখ্যানা বা হে স্তোতারঃ! 'বঃ' যূয়ং 'পুরোজিতী' ষষ্ঠ্যাঃ পূর্ব্বসবর্ণদীর্ঘঃ পুরঃ-স্থিত-জয়স্য 'অন্ধসঃ' অদনীয়স্য সোমস্য অভূতায় 'সুতায়' অভিষুতায় 'মাদয়িত্নবে' অত্যন্তং মদকরায় রসায় 'দীর্ঘজিহ্ব্যং' দীর্ঘা জিহ্বা যস্য স দীর্ঘজিহ্বী

দীর্ঘজিহ্বী চ ছান্দসি (৪।১৬৯) ইতি ঙীষন্তত্বেন নিপাতিতঃ. তাদৃশং 'শ্বানং' চ 'অপশ্নথিষ্ট'. অপশ্নথয়ত অপবাধধ্বং। যথা শ্বা রাক্ষসা বা 'স্নুতং' সোম ন লিহ্যাত্ত তথা কুরুতেত্যর্থঃ ॥ ১

• • •

প্রথম (৫৪৫) সামের মর্ম্মার্থ।

—— * ——

মানুষ আপনার ইচ্ছাশক্তির পরিচালনা দ্বারা কর্ম্ম সম্পাদন করে। এই ইচ্ছাশক্তির প্রেরয়িতা চিত্তবৃত্তি। সৎকার্য্য বা অসৎকার্য্য যাহাই করা যাউক না কেন, তাহার মূলে থাকে এই চিত্তবৃত্তি। এই চিত্তবৃত্তিসমূহ যখন মানুষকে সৎপথে পরিচালিত করে, তখন তাহারা মানুষের পরম উপকারী বন্ধু। মানবজীবনের যাহা প্রকৃত কাম্যবস্তু, যাহা পাইলে মানুষ আর কিছুরই আকাঙ্ক্ষা করেনা। সেই পরমধন লাভ করিবার জন্য যখন চিত্তবৃত্তি সমূহ ক্রিয়াশীল হইয়া উঠে, তখন তাহাদের মত উপকারী বন্ধু আর কেহ নয়। তাই সৎকার্য্যসাধনে সহায়ভূত চিত্তবৃত্তি সমূহকে সখা বলিয়া সম্বোধন করা হইয়াছে।

সদ্ভাবই মানুষকে রিপুসংগ্রামে জয় প্রদান করিতে পারে। কারণ হৃদয়ে সদ্ভাবের উন্মেষ হইলে রিপুগণ হীনবল হয়, পলায়ন করে। এই সদ্ভাব জনিত পরমানন্দ লাভের প্রধান বিঘ্ন—এই রিপুকুল। তাহারাই মানুষকে সন্মার্গগমনে পদে পদে বাধা দেয়, হৃদয়ের সদ্ভাবপ্রবাহকে শুষ্ক করিয়া তুলে। যাহাতে এই শত্রুগণ শক্তিশালী হইয়া অনিষ্ট করিতে না পারে, সেইজন্য সাধক নিজকে সতর্ক করিতেছেন।

এই মন্ত্রান্তর্গত 'শ্বানং' পদে ভাষ্যকার 'রাক্ষস' অর্থ গ্রহণ করিয়াছেন। অন্য একজন ব্যাখ্যাকার 'কুকুর' অর্থ করিয়াছেন। 'শ্বানং' পদে হৃদয়স্থিত পশুকেই' আমরা লক্ষ্য করিয়াছি। তাহারা দীর্ঘজিহ্বা, আমাদিগের হৃদয়ের সকল সদ্বৃত্তি, সদ্ভাবপ্রবাহ প্রভৃতি বিনষ্ট করে। আমাদিগের যাহা কিছু পরমার্থপ্রদ, তাহা সমস্তই এই হৃদয়স্থিত পশুগণ ধ্বংস করে। তাই ঐ পদে 'রিপু নিবহং' অর্থ গ্রহণ করিয়াছি। (৩প ৫অ—৮খ ১সা)॥

—— • ——

দ্বিতীয়ং সাম

৩ ২ ৩ ২ ৩২উ ৩ ১ ২র ৩ ১ ২
অয়ং পূষা রয়ির্ভগঃ সোমঃ পুনানো অর্ষতি।
৩ ১২ ৩ ১ ২ ৩ক ২র ৩ ১ ২ ৩ ২
পতির্ব্বিশ্বস্য ভূমনো ব্যখ্যৎ রোদসী উভে ॥ ২ ॥

এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের একাধিকশততম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)। ইহার গেয় গান ছয়টী। উহাদের নাম,—"প্রত্নো বো" "কার্ত্তয়শম্" "ঔর্দ্ধসদ্মন্" "শাবাশ্বম্" "আন্ধীগবম্"

গেয়-গানং।

২ ১র র ২র ১ ২র ১ ২ ৪
১। অয়ম্পূনোহো। রায়ির্ভগাঃ। সোমঃ পুনা ৩। নোআর্ষা ৫ তা

২ ১ র ২র ১র ২
৬৫৬ই। পতির্বিশ্বোহো। স্যাভুমনাঃ। বিয়খ্যদ্রো ৩।

১ ২ ৪
দাসী ৩ উ ৫ ভা ৬৫৬ ই ॥

* * *

৫ র র ২ ১ ২র ১ -- র ১
২। অয়ম্পুষা। অয়ম্পুষা। রয়ির্ভগাঃ। সোমঃ পুনা ২। নো অর্ষ৩াই।

২ ১ — ১ ২ -- ১ ২ ১র
পতির্ব্বাইশ্বা ২। ওস্যাভু ১ মানা ২ঃ। ওইবিয়খ্যা ২৩ দ্রো। দা ৭উ ৬।

১ ২ ১
ইড়া ২৩ ভা ৩৪৩। ও ২৩৪৫ ই ডা ২॥

* * *

৪৩৪২৫র ২র ৩৪৫ ৫ ১ — ১৮ ৩২
৩। অয়ম্পুষা। হো। রয়ির্ভগা ৬ এ। সোমা ২ঃ পুনা ২। নআ ৩।

৩ ৫ ১ ২১র ২ ২ ২
৪৫এ। ষা ২৩৪ তো। পতিবিশ্বস্যভু নঃ। বিয়খ্যা ২৩ দ্রো।

১র ২ ১
দসীউ ২৩ ভা ৩৪৩ ই। ও ২৩৪৫ ই। ডা ২॥

* * *

মন্ত্রানুসারিণী-ব্যাখ্যা।

'পূষা' (সর্বেষাং পোষকঃ) 'রয়ির্ভগঃ' (পরমধনহেতুঃ ভজনীয়ঃ, পরমধনদায়কঃ) 'পুনানঃ' (পবিত্রকারকঃ) 'অয়ং' (ভগবতি বিদ্যমানঃ, যদ্বা সর্ব্বত্রবিদ্যমানঃ, অয়ং) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'অর্ষতি' (আগচ্ছতু, অস্মাকং হৃদি ইতি যাবৎ); বয়ং পরমধন-দাতারং সত্ত্বভাবং লভেম ইতি ভাবঃ; 'বিশ্বস্য' (সর্ব্বস্য) 'ভুমনঃ' (ভূতজাতস্য, সৃষ্টবস্তুনাং) 'পতিঃ' (পালকঃ, সঃ 'উভেরোদসী' (দ্যুলোকভূলোকৌ) 'আপ্রাৎ' (স্বতেজসা প্রকাশয়তি); নিত্যসত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবং হি বিশ্বসৃষ্টেঃ মূলকারণং - ইতি ভাবঃ। (৩প—৫অ—৮থ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সকলের পোষক, পরমধনদায়ক, পবিত্রকারক এই সত্ত্বভাব আমা-দিগের হৃদয়ে আগমন করুন; (ভাব এই যে,—আমরা যেন পরমধন-দাতা সত্ত্বভাব লাভ করি); সকল সৃষ্টবস্তুর পালক তিনি দ্যুলোক-ভূলোককে আপনার জ্যোতিঃতে প্রকাশিত করেন (মন্ত্রটী নিত্য-সত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। ভাব এই যে,—সত্ত্বভাবই বিশ্বসৃষ্টির মূলকারণ)। (৩প—৫অ—৮খ—২সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

যথাভির্মাহবণদিঃ। 'পূষা' পোষকঃ সর্ব্বেষাং। 'ভগঃ' ভজনীয়ঃ 'রয়িঃ' ধনহেতুঃ-অয়ং সোমঃ 'পুনানঃ' পবিত্রে পূয়মানঃ সন 'অর্ষতি' কলশমভিগচ্ছতি। তথা 'বিশ্বস্য' সর্ব্বস্য ভুবনঃ ভূতজাতস্য 'পতিঃ' পালয়িতা 'সোমঃ' উভে 'রোদসী' দ্যাবাপৃথিব্যৌ 'ব্যখ্যৎ' স্বতেজসা প্রকাশয়তি। অনেন লোকদ্বয়পতিত্বং সূচিতং (৩প—৫অ—৮খ—২সা)।

• • •

দ্বিতীয় (৫৪৬) সামের মর্ম্মার্থ।

বিশ্ব সৃষ্টির মূল কারণ সত্ত্বভাব। সাম্যাবস্থাপ্রাপ্ত ত্রিগুণাত্মিকা প্রকৃতিতে যখন আভ্যন্তরিক আকর্ষণ বিকর্ষণের ফলে সত্ত্বভাব প্রাধান্য লাভ করে, তখনই বিশ্বসৃষ্টির সূচনা হয় কারণবারিধিতে বুদ্বুদের উদ্ভব হয়। বিশ্বকারণে সংলীন বীজ-সমূহ হইতে সৃষ্টির পত্তন আরম্ভ হয়। তাই সত্ত্বভাব বিশ্বসৃষ্টির মূলকারণ। এই সত্ত্বভাবের জ্যোতিঃতে নিখিল বিশ্ব জ্যোতিঃ পায়, এই মহান্ জ্যোতিঃসমুদ্রের বিন্দুমাত্র আলোক পাইয়া চন্দ্র-সূর্য্য জ্যোতিমান হয়। তাই সত্ত্বভাব সম্বন্ধে বলা হইয়াছে "উভে রোদসী ব্যখ্যৎ"।

যাহা কিছু উজ্জ্বল, যাহা কিছু মহান্ যাহা কিছু জগতের উপকারী, তাহা সমস্তই সত্ত্বসম্ভূত। সত্ত্বভাবের শক্তিতে বিশ্ব বিধৃত ও পরিচালিত হইতেছে। সকল ধনের শ্রেষ্ঠ ধন মোক্ষ—এই সত্ত্বভাবলভ্য। তাই সত্ত্বভাবকে পরমধনদাতা বলা হইয়াছে। সত্ত্বভাব জগৎকে পোষণ করে। যাহা কিছু মহৎ উন্নত, যাহা দ্বারা জগৎ পরিপুষ্ট হয়, শক্তি লাভ করে, তাহা সমস্তই এই সত্ত্বভাবের দান। তাই সত্ত্বভাবকে জগতের পোষক বলা হইয়াছে।

এই পরম মঙ্গলদায়ক সত্ত্বভাব প্রাপ্তির জন্য প্রার্থনা করা হইয়াছে। ভাষ্যের সহিত অধিকাংশ স্থলেই আমাদিগের মতানৈক্য ঘটে নাই। (৩প—৫অ ৮খ ২সা)। •

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একাধিকশততম সূক্তের সপ্তমী ঋক্ সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বিতীয় বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম,—"ক্রৌঞ্চানি ত্রীণি"।

তৃতীয়ং সাম।

৩ ২ ৩　১২　৩　২ ৩　২ ২　৩ ১ ২
সুতাসো মধুমত্তমাঃ সোমা ইন্দ্রায় মন্দিনঃ।

৩ ১ ২　৩ ১　২　৩　১২
পবিত্রবন্তো অক্ষরং দেবান্ গচ্ছন্তু বো মদাঃ॥ ৩॥

* * *

গেয়-গানং।

৫ র র　২　২　১র ২　২　২
১। সুতাসোমা। ধুমা ৩ত্তমাঃ। সোমাইন্দ্রা ৩ য়মা ৩। এ ৩।

২৩২　১　২　২　২　২৩২　১　২
দিনআ। পবাইত্রবা ৩ ন্তো ৩। এ ৬। ক্ষরম্। দাইবান্গচ্ছা

২　২　২৩র ২
৬ন্তুবা ৩ঃ। এ ৩। মদা। আ॥

* * *

৫ ৪র১র৪৫ ৪　১ — ১ ʌ　৩২　৩
২। সুতাসোমধুমত্তমাঃ। সোমা ২ ইন্দ্রা ২। যমা ৩৪৫। দী ২৩৪

৫　১২ ২ র　ʌ　৩র র　২ ১　২ ১র
নাঃ। পবিত্রবন্তোঅক্ষরন্। দেবান্ গচ্ছা। ন্তুবোমা

২　১
২৩দা৩৪৩ঃ। ও২৩৪৫ই। ডা॥

* * *

৫ ৪র৫র৪৫　র　৪র ৫　২ ১　৭ —
৩। সুতাসোমধুমত্তমাঃ। সোমাইন্দ্রা। যমন্দিনঃ। পাবিত্রাবা ২।

১র ২　১ র ১ ʌ　৩　৫
ন্তোঅক্ষরম্। দাইবান্ গচ্ছোবা। তু ২৩৪ বাঃ৮

২১　২　৪৫　৪
মদা। ঔ ৩ হোবা। হো ৫ ই। ডা॥

* * *

৫ ৪র ৫র ৪ ৫ র ৪র ৫ ২ ১র ১ ৭ ^
৪। সুতাসোমধুমত্তমাঃ সোমাহাউ। ইন্দ্রা ৩ য়ামন্দনা ২ঃ।

৩ ২ ১ ৭ ^ ৩ ৫ ২ ১ ৭
ইন্দ্রা ৩ হো। যম। ২ দা ২ ৩ ৪ ইনাঃ। পবিত্রবা ৩ স্তোঅক্ষারা

^ ৩ ২ ১ ৭ ^ ৩ ৫ ২র র
২ ন্। ত্রবা ৩ হো। তো ২ ক্ষা ২ ৩ ৪ রান্। দেবান্গচ্ছা

১ ২ ^ ৩র ২ ১ ৩
৩ ন্তুবো ১ মাদা ২ঃ। দেবা ৩ ন্হোই। গচ্ছো

৫ ১ ^ ৩ ৫র র
২ ৩ ৪ বা। তু ২ বা ২ ৩ ৪ ঔহোবা।

৩ ১ ১ ১ ১ ১
মদা ৩ আ ২ ৩ ৪ ৫।

* * *

৫র র ৫ ২র র ১র ১ ৭ — ২ —
৫। সুতাসোমধুমত্তমা ৬ এ। সোমাইন্দ্রা ৩ য়ামন্দনা ২ঃ। দাইনা ২ঃ।

১ ৭ — ১ — র র ১ র
পবিত্রবা ৩ স্তো অক্ষারা ২ ন্ ক্ষারা ২ ন্। দেবান্ গচ্ছা ৩ ন্তুবো

— ১ ^ ৩র ২ ১ ৩
১ মাদা ২ঃ। মাদা ২ঃ। দেবা ৩ ন্হোই। গচ্ছা ২ ৩ ৪

৫ ১ ^ ৩ ৫র র ২ ১ ১ ১ ১ ১
বা। তু ২ বা ২ ৩ ৪ ঔহোবা। মদা ৩ ঈ ২ ৩ ৪ ৫।

* * *

১ র র ২ ২^ ৩ ২ ১ — ১র র ২ ২^ ৩ ২ ১
৬। সুতাসোমা ৩ হা। ধুমত্তাম ২ঃ। সোমাইন্দ্রা ৩ হা। যমন্দাইনা

— ১ ২ ২ ৩র ২ ১ — ১র র ২ ২ ^
২ঃ। পবিত্রবা ৩ হা। তোঅক্ষারা ২ ন্। দেবান্গচ্ছা ৩ হা।

৩ ২ ১ ৫ ৪ ৫
তুবো ৩ হো ২ ৩ ৪। বা। মা ৫ দো ৬ হাই।

* * *

৫র ৩র ২ ২ ২৳ ৩২৩ ১ র ৫র
৭। সুতা। সোমা৩। হা৩হা। ধুমত্তমা২৩৪ঃ। সোমাঃ।

৩ ২ ২ ২৳ ৩ ২ ১ ৫ ৩২
ইন্দ্রা৩। হা৩হ। মমন্দাইনা২৩৪ঃ। পাবি। ত্রবা৩।

২ ২ ৩র ২ ১ ১৫র ৩ ২ ২
হা৩হ। ক্ষো-ক্ষারা২৩৪ন্। দেবান্। গচ্ছ৩। হা৩

২ ৩ ২ ১ ৫ ৬ ৫
হা। ভুবো৩হো২৩৪বা। মা৫দো৬হাই॥

* * *

৫ র ২ ৪৫৪ ৫ ২র১র২১ ২ ১ ২৳ ৩
৮। সুতাসো৩মাধুমত্তমাঃ। সোমাইন্দ্রা। মমান্দনঃ। পাবা ও

৫ ২র A ৩১র২ ১ ২১র
২৩৪বা। ত্রাসস্তাসক্ষরন্। দেবান্গচ্ছ। ভুবোমা২

২ ১
দা ৪ঃ। ও২৩৪৫ই। ডা৩॥

মৰ্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মধুমত্তমাঃ' (অতিশয়েন মাধুর্য্যোপেতাঃ, অমৃতোপমাঃ) 'সুতাসঃ' (অভিষুতাঃ, শুদ্ধাঃ) 'মন্দিনঃ' (পরমানন্দদায়কাঃ) 'পবিত্রবন্তঃ' (পরমপবিত্রাঃ, পবিত্রকারকাঃ) 'সোমাঃ' (সত্ত্বভাবাঃ) 'ইন্দ্রায়' (ইন্দ্রদেবায়, ভগবৎ-প্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'ক্ষরন' (ক্ষরন্তু, অস্মাকং হৃদি সমুদ্ভবন্তু ইত্যর্থঃ); বয়ং সত্ত্বভাবং লভেম—ইতি ভাবঃ; হে সত্ত্বভাবাঃ! অস্মাকং হৃদয়স্থিতাঃ 'বঃ' (যুষ্মাকং) 'মদাঃ' (পরমানন্দদায়কাঃ রসাঃ) 'দেবান' (দেবান্ আকাঙ্ক্ষ্য, ভগবদভিমুখেন) 'গচ্ছন্তু' (ঊর্দ্ধং গচ্ছন্তু ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং ভগবন্তং প্রাপ্নুয়াম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৫প ৫দ—৮খ ৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

অমৃতোপম বিশুদ্ধ পরমানন্দদায়ক পবিত্রকারক সত্ত্বভাবসমূহ ভগবৎ প্রাপ্তির জন্য আমাদিগের হৃদয়ে ক্ষরিত হউন; (ভাব এই যে,—আমরা যেন সত্ত্বভাব লাভ করি); হে সত্ত্বভাব! আমাদিগের হৃদয়স্থিত আপনাদিগের পরমানন্দদায়ক রস ভগবদভিমুখে ঊর্দ্ধে গমন করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবানকে প্রাপ্ত হই)॥ (৫প—৫দ—৮খ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

যথাভির্নাহুষশ্বষিঃ। 'মধুমত্তমাঃ' অতিশয়েন মাধুর্য্যোপেতাঃ অতএব 'মন্দিনঃ' মদকরাঃ 'সুতাসঃ' অভিষুতাঃ সোমাঃ 'পবিত্রবন্তঃ' পবিত্রে বর্ত্তমানাঃ সন্তঃ 'ইন্দ্রায়ঃ' ইন্দ্রার্থম 'ক্ষরন্' পাত্রেষু ক্ষরন্তি। অথ প্রত্যক্ষস্তুতিঃ। 'বঃ' যুষ্মাকং 'মদাঃ' মদ হেতবো রসাঃ 'দেবান্' ইন্দ্রাদীন্ 'গচ্ছন্তু'॥ (৩প - ৫অ—৮থ—৩সা)॥

* * *

তৃতীয় (৫৪৭) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুইভাগে বিভক্ত, উভয় অংশেই প্রার্থনা আছে। প্রথম অংশে হৃদয়ে সত্ত্বভাব উপজনের জন্য এবং দ্বিতীয় অংশে প্রত্যক্ষভাবে সত্ত্বভাবকে সম্বোধন করিয়া তাহার সাহায্যে ভগবৎপ্রাপ্তির জন্য প্রার্থনা পরিদৃষ্ট হয়।

প্রথমে হৃদয়ে সত্ত্বভাব প্রাপ্তি ও তৎপরে ভগবৎচরণ লাভ। সত্ত্বভাবের দ্বারা হৃদয় ভগবানের অভিমুখে পরিচালিত হয়। সেই সত্ত্বস্বরূপ পরম দেবতাও কৃপা করিয়া সাধকের দিকে অগ্রসর হয়েন। ক্ষুদ্র তরঙ্গিণী যেমন কুলুকুলুস্বরে হৃদয়সঙ্গীত গাহিয়া আপনার পরমআশ্রয় সাগরে গিয়া আত্মসমর্পন করে, তেমনি ক্ষুদ্র সত্ত্বভাবকণা বৃহৎ অসীম সত্ত্ব সমুদ্রে বিলীন হয়। আপনার বলিতে তাহার আর কিছু তখন থাকে না। যাহা হইতে উৎপত্তি তাহাতেই বিলয় প্রাপ্ত হয়. ইহাই মানবের জগতের একমাত্র পরিণতি। প্রথমে হৃদয়ে ভগবৎভাবের উদ্দীপনা তারপর তাঁহার চরণে আত্মবিলয়। আমরা এই মন্ত্রে সাধনা ও সিদ্ধির এই ক্রমের-ই অভিব্যক্তি দেখিতে পাই। (৩প ৫অ - ৮খ ৩সা)। *

চতুর্থং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
সোমাঃ পবন্ত ইন্দবো অস্মভ্যং গাতুবিত্তমাঃ।
৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ক ২র ৩ ১ ২
মিত্রাঃ স্বানা অরেপসঃ স্বাধ্যঃ স্বর্ব্বিদঃ॥ ৪॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একাধিকশততম সুক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান আটটী। উহাদের নাম,—"ত্বাষ্ট্রী সাম" "উর্দ্ধেউত্বাষ্ট্রি" "বাসিষ্টম্" "আকারণিধনং ত্বাষ্ট্রী" "বাসিষ্টম্" "ঘারত্বাষ্ট্রী" "বিরতান্তত্বাষ্ট্রী" "বাসিষ্টম্"।

গেয়-গানং।

৪ ৫ ২ ১ ৭ ২ ২ ১ ১
১। হাউসোমাঃ। পব৩স্তইন্দবাউ৲ বা৩। হউবা। অস্মভ্যঙ্গা-
৭ ২ ২ ১র র র ২ ২
তুবত্তামাউ। বা৩। হাউবা। মিত্রাঃ স্বানাঅরে১পাসাউ। বা
২ ৫র ৩২ ১ ৪
৩। হাউবা৩৪। সুবা। ধিয়া৩ঃ। সু২৩বা
২ ৫
৩ঃ। বা৩৪৫ ইদো৬হাই ॥
* * *
৫র র ৩২৩৪৫ ২১২১ ২৩২১ ২৮ ৩
২। সোমাঃ পবস্তইন্দবাঃ। অস্মাভ্যঙ্গা। তুবিত্তমাঃ। মাইত্রা ও
৫ ২র১র ২র১২৮ ৩র২১ ১১
২৩৪বা। স্বানাঅরেপসঃ। স্বাধিয়াঃ। সুবর্ব্বি২৩
২ ১
ইদাঃ৩৪৩ঃ। ও২৩৪৫ই ড ॥৩॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গাতুবিত্তমাঃ' (অতিশয়েন মার্গস্য লম্ভকাঃ; সম্মার্গপ্রাপকাঃ) 'মিত্রাঃ (সখিভূতাঃ—সৎকর্ম্মসাধনে ইতি যাবৎ) 'সোমাঃ' (সত্ত্বভাবাঃ) 'অস্মভ্যং' (অস্মদর্থং,) 'পবন্তে' (ক্ষরন্তু, সমুদ্ভবন্তু—হৃদি ইতি যাবৎ); 'ইন্দবঃ' (সত্ত্বভাবাঃ) 'স্বানাঃ' (অভিষূয়মানাঃ, বিশুদ্ধাঃ) 'অরেপসঃ' (পাপরহিতাঃ, অপাপবিদ্ধাঃ) 'স্বাধ্যঃ' (শোভনধ্যানাঃ, প্রার্থনীয়াঃ) তথা 'স্বর্বিদঃ' (সর্ব্বজ্ঞাঃ—ভবন্তু ইতি শেষঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং পরমধন-প্রাপকং সত্ত্বভাবং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প ৫অ ৮খ—৪সা)॥
* * *

বঙ্গানুবাদ।

সম্মার্গপ্রাপক সৎকর্ম্মসাধনে সখিভূত সত্ত্বভাব আমাদিগের জন্য হৃদয়ে সমুদ্ভূত হউন; সত্ত্বভাব বিশুদ্ধ, অপাপবিদ্ধ, প্রার্থনীয় এবং সর্ব্বজ্ঞ হয়েন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন পরমধন-প্রাপক সত্ত্বভাব লাভ করি।)॥ (৩প—৫অ—৮খ—৪সা)॥
* * *

সায়ণ-ভাষ্যং।

মন্ত্রঃ সাংবরণঋষিঃ। 'গাতুবিত্তমাঃ' অতিশয়েন মার্গস্য লম্ভকাঃ 'ইন্দবঃ' দীপ্তাঃ সোমাঃ 'পবন্তে' অস্মভ্যং মদর্থং 'ক্ষরন্তি' আগচ্ছন্তু বা। কীদৃশাঃ? 'মিত্রাঃ' দেবানাং সখিভূতাঃ

'স্বানাঃ' অভিযুধ্যমানাঃ 'অরেপসঃ' পাপরহিতাঃ অতএব 'স্বাধ্যঃ' শোভনধ্যানাঃ 'স্বর্দৃশঃ' সর্বজ্ঞাঃ। 'স্বানা.' 'সুবানাঃ' ইতি পাঠৌ॥ ৫প ৫অ—৭খ—৪সা)॥

চতুর্থ (৫৪৮) সামের মর্ম্মার্থ।

সত্ত্বভাব সন্মার্গপ্রাপক। মানুষের মধ্যে সত্ত্বের উন্মেষ হইলে তিনি সত্ত্বভাবের মূলপ্রস্রবণের দিকেই অগ্রসর হয়েন। তাঁহার অন্তরস্থিত সত্ত্ববিন্দু তাঁহাকে সেই অসীম সিন্ধুর দিকে পরিচালিত করে। যাহার অন্তরে পাপ অপবিত্রতা থাকে সে স্বভাবতঃই অপবিত্র পথে চলে, অসত্ত্বের অনুসন্ধানে নিজকে নিয়োজিত করিয়া উন্মার্গগামী হয়। সম, সমেরই অনুসরণ করে; বিষমের দিকে পরিচালিত হয় না তাহা তাহার প্রকৃতি-বিরুদ্ধ। যাঁহাদিগের হৃদয় মহৎ ও উন্নত, তাঁহারা সত্ত্বভাববশেই মহত্ত্বের অনুসন্ধান করেন, সম সমীপেতেই তাঁহার আনন্দ। সত্ত্বভাব ভগবৎশক্তি। সুতরাং তাহা মানুষকে ভগবানের দিকে প্রেরণ করে, ভগবৎ প্রাপ্তির পথ প্রদর্শন করে। তাই সত্ত্বভাবকে 'গাতুবিত্তমাঃ'—সন্মার্গ প্রদর্শক বলা হইয়াছে।

যিনি আমাদিগের এমন কল্যাণ সাধনের উপায় বিধান করেন তিনিই প্রকৃত মিত্র। পরম আরাধনীয় সত্ত্বভাবকে তাই 'মিত্রাঃ' বলা হইয়াছে। (৫প ৫অ ৮খ—৪সা)।*

পঞ্চমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ২
অভী নো বাজসাতমꣳ রয়িমর্ষ শতস্পৃহম্।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইন্দো সহস্রভর্ণসং তুবিদ্যুম্নং বিভাসহম্॥ ৫॥

গেয়-গানং।

৫ র র ১ ৲ ৩ ৫ র র ১ ৲ ৫
১। অভীনোবা। জা২ সা২৩৪ম ঔহোবা। তা২৩৪ মায়্।
২ ১ ২ ১ ২ ১ র ১ ৭ —
রায়িমর্ষশতস্পৃহম্। ইন্দোসহস্রভা২৩র্ণো। সসা২য়্।
১ ১ ২ ২ ৩
তুবিদ্যুম্নংবিভা২৩হোয়ে৩। সহমো২৩৪৫ই। ডা।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের একাধিকশততম সূক্তের দশমী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বিতীয় বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটি। উহাদের নাম "ক্রোঞ্চে দ্বে"।

৫ র র　১ র ২　১ র　১ ২ ৩
২ । অভীনোবা । জাগাতমম্ । রয়িম । বাউবা ২ ৩ । হোবা ২ হাই ।

১ ২　১ ৭র　১　১ ২ ২
শতস্পৃহম্ । ইন্দা ২ স । হাউবা ২ ৩ । হোবা ৩ হা । স্রহর্ণসম্ ।

১　১ ৯ ৩　৫র র　২ র ১ ৩ ১ ১ ১ ১
তুপাসে ৩ । দ্যু ২ ম্না ২ ৩ ৪ ঔহোবা । বিভাসহ ২ ৩ ৪ ৫ ম্ ॥

* *

২ — ১　২র র　৪　২৯ ৩　৫　২ —
৩ । অভী ২ হোই । নোবাজা ৩ দা ৩ । হাভা ২ ৩ ৪ গাম্ । রয়ী ২

১　২　৪　২৯ ৩　৫　২ — ১
হোই । মর্ষণা ৩ ভা ৩ । হাস্পৃ ২ ৩ ৪ হাম্ । ইন্দো ২ হোই ।

২　৪　২৯ ৩　৫　২ — ১
সহস্রা ৩ ভা ৩ । হার্ণ ২ ৩ ৪ সাম্ । তুবা ২ হোই ।

২　৪　২　৪
দ্যুম্নং গী ৩ ভা ৩ । হ ৩ সা ৫ হা ৬ ৫ ৬ ম্ ॥

. . .

২ ১ ২　৫র　৩২　২ ১ ২
৪ । অভীনোবা ৩ ১ ২ ৩ ৪ । জসা । তম　ম্ । রয়িমর্ষা ৩ ১ ২ ৩ ৪ ।

৫　৩২　২ ১ ২　৫　৩২
শত । স্পৃহা ৩ ম্ । ইন্দোবাহা ৩ ১ ২ ৩ ৪ । স্রভ । ণসা ৩ ম্ ।

২ ১ ২　৪
তুবাইদ্যুম্না ৩ ১ ২ ৩ ম্ । বিভা ৫ সহাউ । বা ॥

. . .

৪ র র র　র ৪　র　৪
৫ । অভীনোবৌহো ৫ জগাতমাম্ । রয়িমর্ষৌহো ৫ শতস্পৃহাম্ ।

র র　৪　র　র ৪　৫
ইন্দোসহোহো ৫ স্রভর্ণসাম্ । তুবিদ্যুম্নোহো ৫ বিভাসহাম্ । সহম্ ।

৪ ৫　৫　২　১ ১ ১ ১ ১
তুবিদ্যুম্নং বিভা ৬ । হাউবা । সহা ৩ মে ২ ৩ ৪ ৫ । ৫ ॥

. . .

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দো' (হে শুদ্ধসত্ত্ব) 'নঃ' (অস্মভ্যং) 'বাজসাতমং' (আত্মশক্তিপ্রদায়কং) 'শতস্পৃহং' (বহুভিঃ স্পৃহণীয়ং, সর্ব্বলোকবরণীয়ং) 'সহস্রভর্ণসং (অনেকপোষণযুক্তং, সর্ব্বেষাং পোষকং) 'ভুবিদ্যুম্নং' (জ্যোতির্ম্ময়ং) 'বিভাসহং' (অতিতেজস্বিনং, শত্রুনাশকং ইত্যর্থঃ) 'রয়িং' (পরমধনং) 'অভ্যর্ষ' (প্রযচ্ছ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং আত্মশক্তিদায়কং পরমধনং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৩প ৫দ ৮থ—৫সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! আমাদিগকে আত্মশক্তিপ্রদায়ক, সর্ব্বলোকবরণীয়, সকলের পোষক, জ্যোতির্ম্ময়, শত্রুনাশক ধন প্রদান কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন আত্মশক্তিদায়ক পরমধন লাভ করি।) ॥ (৩প—৫দ—৮থ—৫সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অম্বরীষঋজিশ্বানৌ ঋষী। হে 'ইন্দো' দীপ্যমান সোম! 'বাজসাতমম' অত্যন্তং বলপ্রদ মন্নপ্রদং বা ধনং পুত্রং 'নঃ' অস্মাকম 'অভ্যর্ষ' অভিগময়। কীদৃশম? 'শতস্পৃহং' বহুভিঃ স্পৃহণীয়ম্। 'সহস্রভর্ণসং' বহুবিধভরণম্ অনেকপোষণযুক্তমিত্যর্থঃ। 'ভুবিদ্যুম্নং' দ্যুম্নং দ্যোততের্যশো বান্নং বেতি যাস্কঃ বহ্বন্নং বহুযশোযুক্তং বা। 'বিভাসহং' মহতঃ প্রকাশস্যাভিভবিতারম্ অতিতেজস্বিনমিত্যর্থঃ। শতস্পৃহম্—পুরুস্পৃহম্—ইতি, বিভাসহং বিভ্বাসহম্—ইতি চ সাম্ন ঋচঃ পাঠা ॥ (৩প—৫দ—৮থ—৫সা) ॥

* * *

পঞ্চম (৫৩৮) সামের মর্ম্মার্থ।

—‡ * ‡—

ভাল জিনিষটী সকলেই পাইতে চায়। যাহা দ্বারা মানুষ উপকার পায়, যাহা মানুষকে শান্তি দিতে পারে, তাহাই মানুষ আগ্রহের সহিত কামনা করে। সত্ত্বভাব মানুষকে তাহার জীবনের সর্ব্বশ্রেষ্ঠ কাম্যবস্তু দিতে পারে, কাজেই সকলে তাহা পাইবার জন্য আকাঙ্ক্ষা প্রকাশ করে। সেইজন্যই সত্ত্বভাবকে 'শতস্পৃহং' বলা হইয়াছে।

এই মন্ত্রের ব্যাখ্যার সহিত প্রচলিত ভাষ্যাদির বিশেষ কোন অনৈক্য নাই। অধিকাংশ স্থলেই ভাষ্যের সহিত আমাদিগের মতের মিল আছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদত্ত হইল,—"হে সোম! আমাদিগের নিকট এতাদৃশ ধন লইয়া এস, যাহাতে প্রভূত অন্ন পাওয়া যায়, যাহা সর্ব্বজনের কামনীয়, যাহাদ্বারা সহস্র প্রকার অভীষ্ট ফল লাভ হয়,

যাহার জ্যোতিঃ অতি চমৎকার, যাহা বলবানকে আরও বলশালী করে।" অবশ্য, প্রচলিত ব্যাখ্যাদিতে 'ইন্দো' পদে সোমরসকেই লক্ষ্য করা হইয়াছে। (৩প-৫অ ৮থ-৫দ)। *

ষষ্ঠং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ২

অভী নবন্তে অদ্রুহঃ প্রিয়ং ইন্দ্রস্য কাম্যম্।

৩ ২উ ৩ ১ ২র ৩ ১ ২ ৩ ১ ২

বৎসং ন পূর্ব্ব আয়ুনি জাতং রিহন্তি মাতরঃ॥ ৬॥

* * *

গেয়-গানং।

৩ ৫ ১ ২ — ১ ২

১। অা২৩৪ভী। ওইনবন্ত আন্ত ১হা২ঃ। ওইপ্রিয়মিন্দ্রস্যকামা

— ২ র ২ -- ১ র ২

১য়া২ম্। ওই বৎসন্নপূর্ব্বআয়ু১নী২। ওই। জাত৮রিহন্তিমো

৫ ৪ ৫

১২৩৪। বা। তা৫রো৬হাই॥

* * *

৫র ৩২ ৪ ২ ১২A ৩

২। অভী। নবী৩২। তঅা৫দ্রুহাঃ। প্রিয়ামিন্দ্রা৩। স্যাকামা

৫ ২ ১২A ৩ ৫ ১র২ ১

২৩৪য়াম্। বৎসন্নপূ৩। র্ব্বাআয়ু২৩৪নী। জাতা৫৮হোই।

২ ২ ২১র ২ ১

রিহা৩হো। ন্তিমাতা২৩রা৩৪৩ঃ। ও২৩৪৫ই। ডা॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের অষ্টনবতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান পাঁচটী। উহাদের নাম "সোম সামানি ত্রাণি" "ক্রৌঞ্চং" "সোমসাম"।

৫ ৩১২ ৩ ২র ২ ৫ ৪ ৫ ৪ ৫ ৪২ ৫ ৪

৬। অভীনবন্তে অদ্রুহঃ। ওহাই। প্রিয়মিন্দ্রস্য কাম্যম্। ওহাই।

৫ ৪ ২র ৫ ৪২ ৫ ২র ৪ ৫ ১ ২ ৩

বৎসন্নপূর্ব্ব আয়ুনি। ঔহোবাহাই জাতংরিহন্তী। ঔ২৩৪

৫ ২১ ২ ৪ ৫ ৪

মা। তরা। ঔ ৩ হো বা। হো ৫ ই। ডা॥ ৬॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মাতরঃ ন' (মাতরঃ যথা) 'পূর্ব্বে' (প্রথমে) 'আয়ুনি' (বয়সি) 'জাতং' (উৎপন্নং, জাতং) 'বৎসং' (সন্তানং) 'রিহন্তি' (লিহন্তি, আদ্রিয়ন্তে) তদ্বৎ 'অদ্রুহঃ' (অদ্রুহাঃ, অজাতশত্রবঃ, রিপুজয়িনঃ জনাঃ ইত্যর্থঃ) 'ইন্দ্রস্য' (বলাধিপতিদেবস্য, ভগবতঃ ইত্যর্থঃ) 'প্রিয়ং' 'কাম্যং' (সর্ব্বেষাং আকাঙ্ক্ষণীয়ং—জ্ঞানং ইতি যাবৎ) 'অভি নবন্তে' (অভিগচ্ছন্তি, আদরেণ সহ গৃহ্ণন্তি); নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। রিপুজয়িনঃ সাধকাঃ পরমং আকাঙ্ক্ষণীয়ং পরাজ্ঞানং প্রাপ্নুবন্তি—ইতি ভাবঃ॥ (৩প—৫অ—৮খ ৬সা)।

* * *

বঙ্গানুবাদ।

মাতা যেরূপ প্রথম বয়সে জাত সন্তানকে আদর করেন, সেইরূপ রিপুজয়ী ব্যক্তিগণ ভগবানের প্রিয় সকলের আকাঙ্ক্ষণীয় জ্ঞানকে আদরের সহিত গ্রহণ করেন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—রিপুজয়ী সাধকগণ পরম আকাঙ্ক্ষণীয় পরাজ্ঞান প্রাপ্ত হয়েন)॥ (৩প—৫অ—৮খ—৬সা)॥

* * *

সায়ণ ভাষ্যং।

অভ্যস্য কাশ্যপো ঋষিঃ। যথা 'মাতরঃ' গাবঃ 'পূর্ব্বে' প্রথমে 'আয়ুনি' বয়সি 'জাতং' বৎসং 'রিহন্তি' লিহন্তি তথা 'অদ্রুহঃ' অদ্রোগ্ধারঃ বসতীবর্য্যাখ্যা আপঃ ইন্দ্রস্য 'প্রিয়ং' কাম্যং দর্শৈঃ কাময়মানং সোমং 'অভি নবন্তে' অভিগচ্ছন্তি॥ (৩প—৫অ—৮খ ৬সা)॥

* * *

ষষ্ঠ (৫৫০) সামের মর্ম্মার্থ।

মা সন্তানকে প্রাণ দিয়া ভালবাসেন। সন্তানের চেয়ে অধিকতর স্নেহাস্পদ জগতে আর কেহ নাই। আবার প্রথমজাত সন্তান সর্ব্বাপেক্ষা অধিক প্রিয় হয়। জীবনের এই প্রথম অপূর্ব্ব অনুভূতি, স্নেহের মূর্ত্তিমান বিগ্রহের আবির্ভাব, মাতৃহৃদয়কে অভিভূত

করিয়া ফেলে। এই সংস্পৃষ্টির আনন্দে তিনি আত্মহারা হইয়া যান। যাহা দ্বারা এই পরম শান্তি ও তৃপ্তি লাভ করেন, যাহা দ্বারা পুন্নাম নরক হইতে ত্রাণ পাওয়া যায়, সেই পুত্রের প্রতি মাতার আদরের আর সীমা থাকে না। এই উপমা দ্বারা সাধকহৃদয়ের অবস্থা চিত্রিত হইয়াছে। সাধক তেমনি আগ্রহে, তেমনি ব্যাকুলতার সহিত, জ্ঞান লাভের জন্য সচেষ্ট হয়েন। যেমনভাবে মাতা তাহার প্রিয়তম পুত্রকে বুকে জড়াইয়া ধরেন, তেমনি ব্যাকুল আকাঙ্ক্ষার সহিত সাধক নিজ হৃদয়ে জ্ঞানকে পাইবার জন্য প্রার্থনা করেন। সে আকাঙ্ক্ষার, সেই ঔৎসুক্যের তুলনা নাই। যাঁহারা রিপুজয়ী, যাঁহারা সৎকর্ম্মান্বিত, তাঁহারা সেই পরমকল্যাণদায়ক, জ্ঞান প্রাপ্ত হয়েন। সেই সর্ব্বলোকাকাঙ্ক্ষণীয় জ্ঞান, দেবতার পরম প্রিয়বস্তু। সুতরাং জ্ঞানীকে ভগবান সাদরে আপনার চরণে আশ্রয় দেন। মন্ত্রের মধ্যে এই সত্যই প্রকটিত হইয়াছে। (৩প ৫অ—৮খ ৬সা)॥ *

—— • ——

সপ্তমং সাম।

১ ২৩ ১২ ৩২ ৩ ১২ ৩ ১ ২
আ হর্য্যতায় ধৃষ্ণবে ধনুঃ তন্বন্তি পৌংস্যম্।

৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২
শুক্রা বিয়ন্তি অসুরায় নির্ণিজে

৩ ১র ২র ৩ ১ ২
বিপামগ্রে মহীয়ুবঃ ॥ ৭ ॥

* * *

গেয়-গানং।

৩র ২ ১ ৫ ২ ১র ২ ১ ২র ৩ ২ ১ ৫
১। আহা ৩। ও ২ ৩ ৪ বা। যতায়ধৃষ্ণবে ২। ধনুঃ ৪। ও ২ ৩ ৪ বা।

২ ১র ২ ৩ ২ ১ ৫ ২র
তন্বন্তুপৌংসিয়ম্। শুক্রা ৩ঃ। ও ২ ৩ ৪ বা। বিয়ন্ত্যসুরায়-

১ ১র ৩ ১ ৫ ১ ২র
নির্ণিজে ২। বিপা ৩। ও ২ ৩ ৪ বা। অগ্রে ২

র ১ ১ ১ ১ ১
মহীয়ুবা ২ ৩ ৪ ৫ ঃ॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের শততম সূক্তের সপ্তমাঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান তিনটী। উহাদের নাম "আভরদ্বাজ ত্রীণি।"

২ ২ ১ ৭ ২৮ ৩ ৫ ২ ২ ৫র র ৩
২। হা ৩ হাই। আহর্য্যতা। যা ২ ৩ ৪ ধু। হা ৩ হা ৩ ৪। ঔহোবা। স্বা

৫ ২ ২ ১ ২৮ ৩ ৫ ২ ২
২ ৩ ৪ বে। হা ৩ হাই। ধনুষ্টাস্বা। তৌ ২ ৩ ৪ পো। হা ৩ হা ৩ ৪।

৫র ৫ ৩ ৫ ২ ২ ১ র ১ ২ ৭ ২৮
ঔহোবা। সী ২ ৩ ৪ য়াম্। হা ৩ হাই। শুক্রাবিয়। ভাদস্থুরা।

৩ ৫ ২ ২ ৫র র ৩ ৫
বা ২ ৩ ৪ নী। হা ৩ হা ৩ ৪। ঔহোবা। শ্রী ২ ৩ ৪ কে।

২ ২ ১ ২৮ ৩ ৫ ২ ২
হা ৩ হাই। বিপাসাগ্রাঙ্গ। সা ২ ৩ ৪ হো। হা ৩ হা ৩ ৪॥

৫র র ৩
ঔহোবা। যূ ২ ৩ ৪ বাঃ॥

৪ ৫ ৪র ৪ ৫ ৪ ১ ২ — ১ ২ —
৩। আহর্য্যতায়ধৃষ্ণবস্কা। ধনুষ্টা ১ স্ব ২। তিপৌ৬সা ১ য়া ২ স্বু।

১ র ২ ১ ৭ ২ ১ ৩ ৫ ১ ২
শুক্রাবিয়। ভাদস্থুরা ৩। ধানী ২ র্ণ ২ ৩ ৪ ইন্দ্রাই। বিপাঃসা

— ১ ৪ ২ ৫
১ গ্রা ২ ই। ঔই। সা ২ ৫ হো ৩। যূ ৩ ৪ ৫ বো ৬ হাই॥

৩ ৫ ৩ ৫ ২ ৪ ৫ ২ ৩ ২
৪। আ ৪ হর্য্য। তা ৪ য়ধৃ। স্বা ৩ বোধসুষ্টস্বা। তিপৌ৬সিয়াস্।

৫ র ২ ১ ৭ ২৮ ৩ ২ ৫ ১ ২
শুক্রাবিয়। ভাদস্থুরা। ধনাউবা ৩। শ্রী ২ ৩ ৪ কে। বাইপা ৩

২ ১ ২ ২ ১ র ২
৬হাই। আগ্রে ৩ হাঙ্গ। সহীযূ ২ ৩ বা ৩ ৪ ৬ঃ।

১
ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥ ৭॥

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'মহীযুবঃ' (পূজাকামাঃ অধ্বর্য্যবঃ, সৎকর্ম্মনিরতাঃ জনাঃ) 'হর্য্যতায়' (সর্ব্বৈঃ স্পৃহণীয়ায়, সর্ব্বলোকবরণীয়ায়) 'ধৃষ্ণবে' (রিপুবিমর্দ্দকায় দেবায়, তং লাভায় ইত্যর্থঃ) 'পৌংস্যং' (বলং, আত্মশক্তিং) 'ধন্বন্তি' (ধনুর্ব্বি জ্যাং কুর্ব্বন্তীতি, লক্ষ্যসিদ্ধং কুর্ব্বন্তি, উৎপাদয়ন্তি ইত্যর্থঃ); 'বিপামগ্রে' (সাধকানাং অগ্রেস্থিতঃ, শ্রেষ্ঠঃ সাধকঃ) 'নির্ণিজে' (তমোগুণাত্মকায়) 'অসুরায়' (রিপবে, তং বিনাশায় ইত্যর্থঃ) 'শুক্রা' (শুভ্রবর্ণাঃ, বিশুদ্ধতা ইতি ভাবঃ) 'বিরস্তি' (উৎপাদয়ন্তি হৃদি ইতি শেষঃ); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ ভগবৎপ্রাপ্তয়ে রিপুজয়িনঃ তথা পবিত্র-হৃদয়াঃ ভবন্তি—ইতি ভাবঃ। (৩প—৩অ—৮খ—৭সা)।

• . •

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মনিরত ব্যক্তি সর্ব্বলোকবরণীয় রিপুবিমর্দ্দক দেবতাকে লাভ করিবার জন্য আত্মশক্তি উৎপাদন করেন; শ্রেষ্ঠ সাধক তমোগুণাত্মক রিপু বিনাশের জন্য বিশুদ্ধতা হৃদয়ে উৎপাদন করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সাধকগণ ভগবৎপ্রাপ্তির জন্য রিপুজয়ী এবং পবিত্র হৃদয় হয়েন।)॥ (৩প— অ—৮খ—৭সা)।

• . •

সায়ণ-ভাষ্যং।

'হর্য্যতায়' সর্ব্বৈঃ স্পৃহণীয়ায় 'ধৃষ্ণবে' শত্রূণাং ধর্ষণশীলায় সোমায় 'পৌংস্যং পুংস্ত্বজাতি বাঙ্ক্ষং সরং 'ধন্বন্তি' ধনুর্ব্বি জ্যাং কুর্ব্বন্তীতি সোমস্য ধারা বিসর্গার্থং বিস্তারয়মানং পবিত্র মাতন্বীয়তে তদেব বিবৃণোতি 'বিপাং' মেধাবিনাং 'অগ্রে' পুরস্তাৎ 'মহীযুবঃ' পূজাকামা অধ্বর্য্যব 'শুক্রা' শুক্লবর্ণানি গো-পয়াংসি 'অসুরায়' বলবতে 'নির্ণিজে' স্বরূপায় শোধনার্থং 'বয়ন্তি' আচ্ছা দয়ন্তীত্যর্থঃ। 'শুক্রাবিয়ন্ত্যসুরায়নির্ণিজে' শুক্রাবয়ন্ত্যসুরায়নির্ণিজম্ ইতি সাম পাঠঃ পাঠ্যঃ। ৭

• . •

সপ্তম (৫৫১) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের একটী প্রচলিত বঙ্গানুবাদ নিম্নে উদ্ধৃত হইল। "এই সুশ্রী অসুর সোমে জন্য পুরুষের ধারণ যোগ্য ধনুকে গুণ যোজনা করিতেছে। পূজা করিবার জন্য পুরোহিতগণ এই অসুরের জন্য শুভ্রবর্ণ বস্ত্র বিস্তার করিতেছেন, দেবতারা দেখিতেছেন।" এ ব্যাখ্যাকার 'শুক্রা' পদে 'শুভ্রবর্ণ বস্ত্র' অর্থ গ্রহণ করিয়াছেন। ভাষ্যকার ঐ পদে শুভ্রবর্ণ দুধের সম্বন্ধ কল্পনা করিয়াছেন। মূলে না থাকিলেও উভয়ত্রই সোমরসের কথা আনিবা কোন প্রয়োজন দেখি না। 'শুক্রা' পদে বিশুদ্ধ শুভ্রবর্ণের চরমোৎকর্ষ, হৃদয়ের বিশু তাকেই লক্ষ্য করে। উপরোক্ত বাঙ্গালা অনুবাদে অথবা ভাষ্যে 'যোজনা করিতে

কর্ম্মের কর্ত্তার উল্লেখ নাই। বিশেষতঃ প্রথমাংশের ব্যাখ্যা মোটেই পরিষ্কার হয় নাই। উহার কোন সঙ্গতার্থ খুঁজিয়া পাওয়া যায় না। অসুর শব্দে ভাষ্যকার 'বলবান' অর্থ গ্রহণ করিয়াছেন এবং বাঙ্গলা অনুবাদকেরও ঐ মত পরিদৃষ্ট হয়। কিন্তু অসুরের প্রকৃত অর্থ সুরবিদ্বেষী অর্থাৎ দেবভাববিদ্বেষী। যাহা দেবভাবের প্রতিকূল, তাহাই 'অসুর'। আমরা পূর্ব্বাপর ঐ অর্থই গ্রহণ করিয়াছি এবং এখানেও তাহার ব্যতিক্রম লক্ষ্য করি না। তাই আমরা অসুর শব্দের 'রিপবে' অর্থ সঙ্গত বলিয়া মনে করি। 'নির্ণিজে' পদেও পূর্ব্বানুসারে (ঋগ্বেদ, ১ম—২১৩সূ—১৪ঋ। 'তমোগুণাত্মিকায়' অর্থ গ্রহণ করিয়াছি। 'গোঃঘ্নং' পদের অর্থও অন্যত্র আলোচিত হইয়াছে। আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম—১০১সূ ৩ঋক দ্রষ্টব্য)। ভাষ্যকার 'বিয়ন্তি' পদের স্থলে ঋগ্বেদীয় পাঠ 'এমান্তি' পদ গ্রহণ করিয়াছেন। আমরা সামবেদীয় পাঠই গ্রহণ করিয়াছি। (৩প ৫অ—৮থ

অষ্টমং সাম।

২ ৩ ১ ১ ৩ ১র ২র ৩ ১

পরি ত্যং হর্য্যতং হরিং বভ্রুং

২ ৩ ১ ২

পুনন্তি বারেণ।

২ ৩ ২উ ৩ ১উ ৩ ১ ২

যো দেবান্ বিশ্বাং ইৎপরি মদেন

৩ ১র ২র

সহ গচ্ছতি ॥ ৮ ॥

গেয় গানং।

৩ ৪ ৩ ৪ ৩ ৪ ৫ ৩ র ৪

পারিত্যাং হর্য্যাতং হরিম্। পা ২ ৩ ৪। রিত্যং তৌ হা ৫ র্য্যতং হরাইম্।

৩ র ৩র ৪র ৫ ১ র র ৪র ৩র ৪র

বভ্রুম্পুনন্তুবারেণ। বাঁ ২ ৩ ৪। ভ্রুম্পু নাঁতো ৫ স্তুবারেণা। যাদে।

এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের নবনবতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, পঞ্চবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান চারিটী। উহাদের নাম "সুং সময়ন্ত হৃস্বানি চত্বারি"।

৩র ৪র ৩৪ ৫ ১ রর র র র
বা শ্বশ্বা৬ ইৎপারি। যো ২৩৪। দেবাহ্বাহো ৫ শ্চায় ইৎপরাই।

৩৪র ৩ ৪ ৫ ১ র র
মদেনসহগচ্ছাত। মা ২ ৩ ৪। দেনগোহো ৫ হগ।

৪ ৫
চ্ছা ৫ তো ৬ হাই ।৮॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মদেন সহ' (আনন্দেন সহ, সাধকায় পরমানন্দদানায় ইত্যর্থঃ) 'যঃ' (যঃ সত্ত্বভাবঃ) 'বিশ্বান' (সর্ব্বান) 'দেবান' (দেবভাবান) 'ইৎ' (নিশ্চিতং) 'পরিগচ্ছতি' (প্রাপ্নোতি, তৈঃ সহ সম্মিলতঃ ভবতি ইত্যর্থঃ) 'ত্যং' (তং) 'হরিং' (পাপহারকং) হর্য্যতং' (সর্ব্বৈঃ স্পৃহণীয়ং, সর্ব্বলোকস্পৃহণীয়ং) 'বভ্রুং' (পালকং সজ্জনপালকং—সত্ত্বভাবং ইতি যাবং) 'বারেণ (অমৃতেন) সাধকাঃ 'পরি' (সর্ব্বতোভাবেন) 'পুনন্তি' (শোধয়ন্তি); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ অমৃতদায়কং বিশুদ্ধং সত্ত্বভাবং প্রাপ্নুবন্তি-ইতি ভাবঃ। (২প ৫অ ৮খ ৮সা)॥

বঙ্গানুবাদ।

সাধককে পরমানন্দ দিবার জন্য যে সত্ত্বভাব সমস্ত দেবভাবকে নিশ্চিতরূপে প্রাপ্ত হয়েন, অর্থাৎ তাহাদের সহিত মিলিত হয়েন, সেই পাপহারক, সর্ব্বলোকস্পৃহণীয়, সজ্জনপালক সত্ত্বভাবকে অমৃতের দ্বারা সাধকগণ সর্ব্বতোভাবে শোধন করেন। (মন্ত্রটী নিত্যসত্য-মূলক। ভাব এই যে—সাধকগণ অমৃতদায়ক বিশুদ্ধ সত্ত্বভাবকে প্রাপ্ত হয়েন।)॥ (৬প—৫অ—৮খ—৮সা)॥

সায়ণ-ভাষ্যং।

অভিষ্বাম্বরীষাবৃষী। 'হর্য্যতং' সর্ব্বৈঃ স্পৃহণীয়ং 'হরিং' হরিতবর্ণং 'বভ্রুং' বভ্রুবর্ণং চ 'ত্যং' তং সোমং 'বারেণ' বালেন পবিত্রেণ 'ধারা পুনন্তি' পরিশোধয়ন্তি। 'যঃ' সোমঃ 'বিশ্বান' সর্ব্বান্ দেবান ইৎ 'দেবান' দেবাদীন 'মদেন' মদকরেণ রসেন সহ 'পরি' গচ্ছতি ইতি ।৮॥

অষ্টম (৫৫২) সামের মর্ম্মার্থ।

—:০:—

ভাষ্যকার এই মন্ত্রের অন্তর্গত 'বভ্রুং' পদের অর্থ করিয়াছেন—'বভ্রুবর্ণ' অর্থাৎ পিঙ্গলবর্ণ। অন্যত্র তাঁহার মতানুসারেই সোমরস হরিৎবর্ণ। একই জিনিষ, একই অবস্থায়, দুই বর্ণ হয় কিরূপে? প্রচলিত ব্যাখ্যাদিতে 'বভ্রু' পদ সোমরসের বিশেষণরূপে গৃহীত হইয়াছে। পালনার্থক 'ভৃ' ধাতু-নিষ্পন্ন 'বভ্রু' শব্দে পালক, সজ্জনপালক প্রভৃতি ভাবকে লক্ষ্য করে। আমরা এই অর্থই সঙ্গত বলিয়া গ্রহণ করিয়াছি। মন্ত্রান্তর্গত 'বারেণ' পদের ব্যাখ্যা সম্বন্ধে পূর্ব্বে (৩প—৫অ-৫খ—৩সা) আলোচনা করা গিয়াছে। এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন।

মন্ত্রের মধ্যে একটি নিত্য-সত্য প্রখ্যাপিত হইয়াছে। সত্ত্বের সঙ্গেই সত্ত্বের মিলন হয়, সমধর্ম্মী সমধর্ম্মীকেই চায়। তাই সত্ত্বভাব ও দেবতা অচ্ছেদ্য সম্বন্ধে আবদ্ধ। এই উভয়ের মিলনে, বিশুদ্ধ সত্ত্বভাবের সহিত দেবতা সম্মিলিত হইলে সাধক পরমানন্দ—অমৃতত্ব প্রাপ্ত হয়েন। মন্ত্রে এই সত্যই বিবৃত হইয়াছে। (৩প ৫অ ৮খ-৮সা)। *

— • —

নবমং সাম।

২ ৩১ ২র ৩ ২ ১ ২ ৩ ১র ২র

প্র স্বানায় অন্ধসো মর্ত্তো ন বষ্ট তদ্বচঃ।

৩ ১২ ৩ ৩ ২ ৩১ ২র

অপ শ্বানমরাধসঁ হতা মখং ন ভৃগবঃ ॥ ৯ ॥

* * *

গেয়-গানং।

২১ ৪র ৫ ১২ ১ ^ ৩২৩ ৫

প্রস্বা২৩নায়অন্ধসাঃ। মর্ত্তঃ। নবা২। ষ্টতদ্বা২৩৪বাঃ।

২ র ৩২^ ৩ ৫ ২১র ২^

অপাশ্বানমরা। ধা২৩৪সাম্। হতামা২৩খম্।

৩২ ৩

নভৃ৩.গা৫বা৬৫৬:॥৯॥

---

* এই সাম-মন্ত্রটি ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের অষ্টনবতিতম সূক্তের ষষ্ঠী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, চতুর্ব্বিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "বিমত্যান্তমাকু পারম।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মর্ত্তঃ ন' (মনুষ্যঃ ইব, সাধকঃ যথা) 'সুষ্বানায়' (অভিযূয়মানায়, বিশুদ্ধস্য ইত্যর্থঃ) 'অন্ধসঃ' (সত্ত্বভাবস্য, সত্ত্বভাবসম্বন্ধিনঃ) 'তৎ বচঃ' (প্রসিদ্ধঃ বচঃ, জ্ঞানং) 'প্রবষ্ট' (শৃণোতি, গৃহ্লাতি) তথা 'ভৃগবঃ ন মখং' (সাধকাঃ যথা সৎকর্ম্ম সম্পাদয়ন্তি) তদ্বৎ হে মম চিত্তবৃত্তয়ঃ! যূয়ং 'অরাধসং' (সাধনবিঘ্নকারিণঃ) 'শ্বানং' (রিপূন্) 'অপহত' (বিনাশয়ত, বিনাশ্য জ্ঞানসম্পন্নাঃ তথা সৎকর্ম্মসাধনরতাঃ ভবত ইত্যর্থঃ); মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধকঃ। বয়ং সৎকর্ম্মান্বিতাঃ তথা পরাজ্ঞানসম্পন্নাঃ ভবেম ইতি ভাবঃ॥ (৩প—৫অ—৮খ—৯সা)॥

বঙ্গানুবাদ।

সাধক যেমন বিশুদ্ধ সত্ত্বভাব সম্বন্ধীয় জ্ঞান গ্রহণ করেন এবং সাধকগণ যেমন সৎকর্ম্ম সম্পাদন করেন, সেইরূপ হে আমার চিত্তবৃত্তিসমূহ! তোমরা সাধনবিঘ্নকারী রিপুদিগকে বিনাশ কর, অর্থাৎ বিনাশ করিয়া জ্ঞানসম্পন্ন এবং সৎকর্ম্মসাধনরত হও। (মন্ত্রটী আত্মোদ্বোধক। ভাব এই যে,—আমরা যেন সৎকর্ম্মান্বিত এবং জ্ঞানসম্পন্ন হই)॥ (৩প—৫অ—৮খ—৯সা)॥

সায়ণ-ভাষ্যং।

প্রজাপতিঋষিঃ। 'সুষ্বানায়' অভিষূয়মাণায় (ষষ্ঠ্যর্থে চতুর্থী) অভিষূয়মাণস্য 'অন্ধসঃ' সোমস্য 'তৎ' প্রসিদ্ধং 'বচঃ' বচনং ঘোষং 'মর্ত্তো-ন' মর্ত্ত্যঃ ইব কর্ম্ম-বিঘ্ন-কারী 'প্রবষ্টন' কাময়মানং ন শৃণোত্বিতি যাবৎ। তথা হে স্তোতারঃ! 'অরাধসং' সাধক-কর্ম্ম রহিতং 'শ্বানম্' 'অপহত'। তত্র দৃষ্টান্তঃ। 'মখং' ন যথা পুরা অরাধসং মখং এতন্নামানং ভৃগবোঽপহতবন্তঃ তথা। অপহতেত্যর্থঃ। 'সুষ্বানায়'—'সুষ্বাণস্য'—ইতি, 'বষ্ট' 'বৃত্তে'—ইতি চ সাম ঋচঃ পাঠঃ॥ (৩প—৫অ—৮খ—৯সা)॥

ইতি শ্রীমৎ সায়ণাচার্য্য-বিরচিতে মাধবীয়ে সামবেদার্থ-প্রকাশে

ছন্দোব্যাখ্যানে পঞ্চমোঽধ্যায়স্যাষ্টমঃ খণ্ডঃ॥ ৮॥

॥ইত্যাগ্নেয়ম্॥

নবম (৫৫৩) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটীর মধ্যে দুইটী উপমা ব্যবহৃত হইয়াছে। প্রথমটী—'মর্ত্তঃ ন' অর্থাৎ সাধকগণ যেমন জ্ঞান গ্রহণে আগ্রহান্বিত থাকেন অথবা যেমন জ্ঞান লাভ করেন, সেইরূপ

ভাবে জ্ঞান লাভে আমরা যেন সচেষ্ট হই—ইহাই উপমার মর্ম্মার্থ। সাধকগণ তাঁহাদের সাধন বলে নিজের চিত্তবৃত্তিসমূহকে ভগবদভিমুখী করেন। সাধনপ্রভাবে তাঁহাদের হৃদয়ের মলিনতা দূরীভূত হয়। সেই সাধনাপ্লুত হৃদয়ে সত্ত্বভাব পরাজ্ঞান পূর্ণজ্যোতিতে আবির্ভূত হইয়া থাকে। মানবহৃদয়ই জ্ঞানের উৎপত্তিস্থল। উপযুক্ত সাধনাদ্বারা মানব মাত্রেই পরাজ্ঞানের অধিকারী হইতে পারেন। ভগবান কাহাকেও জ্ঞানদানে বিমুখ নহেন। কেবলমাত্র সেই জ্ঞান ধারণ করিবার উপযোগী হৃদয় প্রস্তুত করা চাই। যিনিই সেই উপযোগীতা লাভ করিবেন, জাতিবর্ণ নির্ব্বিশেষে তিনিই ভগবানের সেই পরমদান গ্রহণ করিতে সমর্থ হইবেন। আমরাও মানুষ, আমরাও সেই পরমধন লাভ করিবার অধিকারী— কেবল মাত্র সেই জন্য নিজকে প্রস্তুত করা চাই। 'মর্ত্তঃ ন' উপমায় এই সাধন-ধারার ইঙ্গিত করা হইয়াছে।

ভাষ্যকার 'মর্ত্তঃ ন' পদ দ্বয়ের ব্যাখ্যা করিয়াছেন—"মর্ত্তা ইব বিঘ্নকারী"। কিন্তু এই ব্যাখ্যা দ্বারা কি ভাব সূচিত হয়? 'মর্ত্তঃ' পদে যদি প্রচলিত 'মনুষ্য' অর্থও গ্রহণ করা যায়, তথাপি এই ব্যাখ্যার কি কোন সার্থকতা থাকে? মানুষ কিসের বিঘ্নকারী হইবে? আর মানুষকে যদি সৎকর্ম্মের বিঘ্নকারী বলিয়া ধরিয়া লওয়া যায়, তবে সৎকর্ম্মসাধনকারী কে? পরন্তু মানুষই সৎকর্ম্মসাধন করিতে পারে, মানুষই সত্ত্বভাব লাভ করিবার অধিকারী। সুতরাং দেখা যাইতেছে যে, এই উপমার ভাষ্যার্থ হইতে কোন সঙ্গত ভাব খুঁজিয়া পাওয়া যায় না।

দ্বিতীয় উপমা 'ভৃগবঃ ন মখং'। সাধকগণ যেমন সৎকর্ম্ম সাধন করেন, সেইরূপ সৎকর্ম্ম সাধনের জন্য আত্মোদ্বোধনই এই উপমার লক্ষ্য। এই উপমা হইতেও প্রথমোক্ত উপমার সার্থকতা পরিলক্ষিত হয়। কিন্তু প্রচলিত ভাষ্যাদিতে তাহার সম্পূর্ণ বিপরীত অর্থ কল্পনা করা হইয়াছে। দ্বিতীয় উপমার ব্যাখ্যায় এক আখ্যানের অবতারণা দেখা যায়। তাহা এই যে—'মখ' নামক সাধককর্ম্মরহিত ব্যক্তিকে ভৃগুগণ নিধন করিয়াছিলেন। এই উপাখ্যান কোথা হইতে আসিল, তাহা জানি না। আমরা 'ভৃগু' পদে সৎকর্ম্মসাধনশীল অর্থই পূর্ব্বে গ্রহণ করিয়াছি এবং বর্তমান মন্ত্রেও ঐ অর্থের কোন ব্যত্যয় পরিদৃষ্ট হয় না। সুতরাং এই আখ্যায়িকা বা উপমার প্রচলিত ব্যাখ্যা আমরা গ্রহণ করিতে পারিলাম না। 'মখং' শব্দ নিরুক্তে 'যজ্ঞ' 'সৎকর্ম্ম' ইত্যাদিবাচক পর্য্যায়ভুক্ত। তাহা হঠাৎ 'অরাধসং' হইল কিরূপে তাহা বুঝা যায় না। যাহা হউক আমাদিগের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই প্রকটিত হইয়াছে। ভাষ্যানুসরণে আমরাও 'সুদানায়' পদে বিভক্তি-ব্যত্যয় স্বীকার করিয়াছি। (৩প—৫অ—৮খ ৯সা)। *

---

* এই সাম মন্ত্রটি ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একাধিকশততম সূক্তের ত্রয়োদশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটি। তাহার নাম "বৈরূপম"।

ওঁ

সামবেদ-সংহিতা।

কৌথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

পবমানং পর্ব্ব (তৃতীয়ং পর্ব্ব)। পঞ্চমোঽধ্যায়ঃ। নবমঃ খণ্ডঃ।

নবমঃ খণ্ডঃ।

অগৰ ক্রমাদভিপ্রিয়াণীতি মুখ্যা দ্বাদশ সম্মতাঃ।
আদ্যাস্তিস্র ঋচো দৃষ্টাঃ কবি নাম্না মহর্ষিণা।
উত্তরা বিপ্রকীর্ণত্বাদক্ষাস্তে ঋষয়ঃ পৃথক্।

* * *

প্রথমং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩
অভি প্রিয়াণি পবতে চনোহিতো

১ ২ ৩ ২উ ৩ ২ ৩ ১২
নামানি যহ্বো অধিযেষু বর্দ্ধতে

১ ২র ৩ ২ ৩ ২উ ৩
আ সূর্য্যস্য বৃহতো বৃহন্নধি

২ ৩ ১ ২ ৩ ২
রথং বিশ্বঞ্চমরুহদ্বিচক্ষণঃ ॥ ১ ॥

* * *

গেয়-গানং।

২ ৩ ৫ ২ ৩ ৫ ২র১র ২ ৵৩
১। আভিপ্রী২৩৪স্না। পীপাবা২৩৪তাই। চনোহিত২৩ঃ। নামনী
৫ ২ ৩ ৫ ২র১ ৫ ২ ৵৩ ৫
২৩৪যা। হ্বোঅধী২৩৪রে। যুবর্দ্ধতায়ে৩। আসুরী২৩৪রা।
২ ৵৩ ৫ ২র১ ২ ২ ৩ ৫ ২ ৵৩
স্তাবৃহা২৩৪তাঃ। বৃহমধায়ে৩রাথংবা২৩৪ইম্রা। মামান্দ্র
৫ ৩ ২
২৩৪হাৎ। বিচা৩১উবা২৩। ক্ষা২৩৪পাঃ॥

* * *

৪ ৪ ৫৵ ৩৪৫ ৪ ৪র৫ ৫
২। এ৫। অভিপ্রিয়া২। পিপবতাই। এ৫। চনোহিতাঃ। এ৫।
৪রর৫৵ ৩র৪২ ৪ ৪৫ ৪ ৪রর৫৵
নামানীয়া২। হ্বোঅধিযাই। এ৫। যুবর্দ্ধতাই। এ৫। আসুরিয়া২।
৩৪৫ ৪ ৪৫ ৪ ৪৫৵
স্তবৃহতাঃ। এ৫। বৃহমধী। এ৫। রথংবিম্রা২।
৩৪৫ ৪ ৪৫ ৪
চমন্দ্রহাৎ। এ৫। বিচক্ষপাঃ। হো৫ই। ডা॥

* * *

৫র ররর ৪৫১২৵৩ ৫ ২১ ২র১২
৩। অভোহোবাহাইপ্রিয়াণী পবতা ইচা২৩৪নো। হিতাঃ। নামানি-
র৩২র ১ ২র১২ র ১ ২১ ২
য়াহ্বোঅধিয়েযুর্দ্ধতাই। আসূর্য্যস্যবৃহতোবৃহমধাই। রথম্। বাইম্র-
১২ ২ ১১১১১
ঞ্চমন্দ্রহৎ। বিচা৩১উবা২৩। ক্ষা৩পা২৩৪৫ঃ॥

* * *

২ ১ ২র১ ১ ২ ১ ২ ৫র ৪
৪। অভিপ্রিয়া। ণীপবস্তাই। হোইহো বা ৩ হোয়ে ৩ ৪। চনোহিতাঃ।

৫র ৪ ৫ ২রর ১ ২র১ ১ ২
হাহো। বাহাই। নামানিয়া। হ্বোঅধিয়াই। হোইহোবা ৩

১ ২ ৫ ৪ ২ ৫র ৪ ৫ ২র র ১
হোয়ে ৩ ৪। যুগদ্ধেতাই। হাহো। বাহাই। আসূরিয়া।

২র১ ১ ২ ১ ২ ৫ ৪
আরুহতাঃ। হোইহোবা ৩ হোয়ে ৩ ৪। বৃহন্মধা।

৫র ৪ ৫ ২ ১ ২র১
হাহো। বাহাই। রথংবিম্বা। চামরুহাৎ।

১ ২ ১ ২ ৫ ৪
হোইহোবা ৩ হোয়ে ৩ ৪। বিচক্ষণাঃ।

৫র ৪ ৫ ৫
হাহো। বা ৩ হাউ। বা।

২র২র ২ ১
বাজীজগী ৩ বা৬ ৯।

* * *

২ ১ ২র১ ২র ১র ২ ১
৫। অভিপ্রিয়া। ণীপবস্তাই। চানোহিতাঃ। হোবা ৩ হোই।

২র র ১ ২র ১ ২র১ ২ ১
নামানিয়া। হ্বোঅধিয়াই। যুদ্ধেতাই। হোবা ৩ হোই।

২রর ১ ২র১ ২র ১ ১ ১
আসূরিয়া। আরুহতাঃ। বৃহন্মধাই। হোবা ৩ হো।

২ ১ ২র১ ২র১ ২ ১ ^
রথংবিম্বা। চামরুহাৎ। বীচক্ষণাঃ। হোবা ৩ হো ২।

৩ ৫র র ২র১র ২র১র
বা ২ ৩ ৪ ঔহোবা। বাজী জিগীবা-

৩র১ ১র ^ ৩ ১ ১ ১ ১
বিশ্বাধনা ২ নী ২ ৩ ৪ ৫।

* * *

৫ ৪ ২ ১র ২ র ১ ১র র র
৬। আ৩্যাবা। প্রিয়াণিপবতাই। চনোহাইতা ২ঃ। নামানিয়হ্বো-

২ ১ — ২র র ২ ১ ১ ২
অধিয়াই। যুর্দ্ধাতা ২ ই। আসূর্য্যস্যবৃহতো। বৃহন্নাধী ২ ৩। য়াথা ৩

৪ ৫ ২ ১ ১ ২ ৪
০ বাইম্বা। চমরুহা। ২৩৫। বাইচা ০ ক্ষা। ৫ পা। ৬৫৬ঃ। ১।

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'চনোহিতঃ' (হিতাম্নঃ, শক্তিযুক্তঃ, আত্মশক্তিদায়কঃ ইত্যর্থঃ) সত্ত্বভাবঃ 'প্রিয়াণি' (সর্ব্বস্য প্রীণয়িতৄণি) 'নামানি' (নমনশীলানি উদকানি, অমৃতপ্রবাহং ইত্যর্থঃ) 'অভি' (অভিলক্ষ্য) 'পবতে' (ক্ষরতি) সত্ত্বভাবঃ অমৃতপ্রবাহেন সহ মিলিতঃ ভবতি ইতি ভাবঃ; 'যেষু' (অমৃতেষু, অমৃতপ্রবাহে) 'যহ্বঃ' (অয়ং সত্ত্বভাবঃ) 'অধিবর্দ্ধতে' (সম্যক্প্রকারেণ প্রবৃদ্ধঃ ভবতি); 'বৃহন্' (মহান্) 'বিচক্ষণঃ' (বিশ্বস্য দ্রষ্টা, সর্ব্বদর্শী—সত্ত্বভাবঃ ইতি যাবৎ) 'বৃহতঃ' (মহতঃ) 'সূর্য্যস্য' (জ্ঞানস্য, জ্ঞানমূলকং ইত্যর্থঃ) 'বিষ্বঞ্চং' (বিশ্বগ্গমনং, ভগবৎ-প্রাপকং ইত্যর্থঃ) 'রথং' (সৎকর্ম্মরূপং যানং) 'অধ্যারোহৎ' (প্রাপ্নোতি); নিত্যসত্যমূলকঃঅয়ং মন্ত্রঃ। বিশুদ্ধঃ সত্ত্বভাবঃ জ্ঞানেন তথা সৎকর্ম্মণা সহ মিলিতঃ ভবতি—ইতি ভাবঃ। (৩প—৫অ—৯খ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

আত্মশক্তিদায়ক সত্ত্বভাব সকলের প্রিয় অমৃতপ্রবাহ অভিমুখে ক্ষরিত হয়েন; (ভাব এই যে,—সত্ত্বভাব অমৃতপ্রবাহের সহিত মিলিত হয়েন); অমৃতপ্রবাহে এই সত্ত্বভাব সম্যক্ প্রকারে প্রবৃদ্ধ হয়েন; মহান্ সর্ব্বদর্শী সত্ত্বভাব মহাজ্ঞানমূলক ভগবৎপ্রাপক সৎকর্ম্মরূপযানকে প্রাপ্ত হন; (ভাব এই যে,—মন্ত্রটী নিত্যসত্যমূলক। বিশুদ্ধ সত্ত্বভাব জ্ঞান এবং সৎকর্ম্মের সহিত মিলিত হয়েন।)। (৩প—৫অ—৯খ—১সা)।

• • •

সায়ণ-ভাষ্যং।

'চনোহিতঃ' (চন ইত্যন্ননাম চায়তেরসুনি চন ইত্যৌণাদিক-সূত্রেণ নিপাতিতঃ) চনসেঽন্নায় হিতঃ। যদ্বা। হিতান্নঃ সোমঃ 'প্রিয়াণি' জগতঃ প্রীণয়িতৄণি নামানি নমনশীলানি তান্যুদকানি 'অভিপবতে' অভিতঃ ক্ষরতি করোতি। 'যেষু' অন্তরিক্ষস্থিতেষু উদকেষু 'যহ্বঃ' মহানহং সোমঃ 'অধিবর্দ্ধতে' অধিকং প্রবৃদ্ধো ভবতি। অপাং মধ্যে সোমো অস্তি খলু। ততঃ 'বৃহন্' মহান্ সোমঃ 'বৃহতঃ' মহতঃ পরিবৃঢস্য 'সূর্য্যস্য' 'বিষ্বঞ্চং' বিষ্বগ্গমনং

প্রথম 'অধি' উপরি 'বিচক্ষণঃ' বিশ্বস্য দ্রষ্টা সন্ আরোহৎ আরোহতি। 'অশ্বৌ' প্রাপ্তাহুতিঃ সমাগাদিত্য মুপতিষ্ঠতে (ম° ৩।৭৬)—ইতি॥ (৩প ৫অ · ৯খ—১সা)॥

* * *

প্রথম (৫৫৪) সামের মর্ম্মার্থ।

———:§ * §:———

সত্ত্বভাব অমৃত-প্রাপক। মানুষের হৃদয়ে সত্ত্বভাবের উন্মেষ হইলেই তিনি অমৃতের সন্ধানে নিজকে নিয়োজিত করেন। সুতরাং আপনা হইতেই হৃদয় সৎকর্ম্মের প্রতি আসক্ত হয়। অসৎ তাঁহার বাক্যচিন্তা ও কর্ম্মের বাহিরে চলিয়া যায়। সত্ত্বভাবের সহিত জ্ঞান ও কর্ম্ম মিলিত হইলে মানুষের আকাঙ্ক্ষা করিবার মত আর কিছু থাকে না। যাহা কিছু মানুষের প্রার্থনীয়, তাহা সমস্তই তিনি প্রাপ্ত হয়েন। এই নিত্যসত্যই মন্ত্রের মধ্যে প্রকটিত হইয়াছে।

কিন্তু প্রচলিত ভাষ্যাদিতে মন্ত্রটী সম্পূর্ণ অন্যরূপ পরিগ্রহ করিয়াছে। উদাহরণ স্বরূপ নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "সোমরূপ অন্ন উৎপাদন কারী। তিনি সকলের প্রীতিকর জলের দিকে ক্ষরিত হইতেছেন, তিনি প্রবল হইয়া জলের মধ্যে বৃদ্ধি পাইতেছেন। তিনি নিজে প্রকাণ্ড ও বিচক্ষণ। প্রকাণ্ড সূর্য্যের বিশ্ববিহারীরথের উপর আরোহণ করিলেন।" (৩প—৫অ—৯খ—১সা)। *

— — * — —

দ্বিতীয়ং সাম।

৩　১ ২　　　৩ ১　২ ৩
অচোদসো নো ধন্বন্তু ইন্দবঃ

২　৩ ১　২　৩২ ৩ ২ ৩　১২
প্র স্বানাসো বৃহদ্দেবেষু হরয়ঃ।

১　২ ৩ ২　৩২ ৩　১ ২　১　১
বি চিদশ্নানা ইষয়ো অরাতয়োঽর্য্যো

২　৩　১ ২　৩　১ ২
নঃ সন্তু সনিষন্তু নো ধিয়ঃ॥ ২॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চসপ্ততিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, ত্রয়োত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান ছয়টী। উহাদের নাম,—"কাশম্," "ঐড়কাশম্," "বাজসান" "বাজজিৎ" "বাজজিৎসাম" "বারকাবম্।"

গেয়-গানং।

২ র ১ ২র ৪ ২র ১ ২ র ১
১। আ.চাদাসো ২ ৬। সোমনুবা ২ ৩। তুইন্দ্রাঃ। প্রস্বানাসো ২ ৩।

২ ১ ২ ২র১ ২ ১ ২র ১
বৃহদ্দাইবে ৩ ৩ মহরয়াঃ। বিচি শ্চা ২ ৬। নাইষায়া ২ ৩ঃ।

২র১র ২ ২ র ১ ২র ১
আরাতয়াঃ। অর্য্যোনাঃসা ৩। তুসনাইষা ২ ৩।

২র১র ২ ১ ১ ১ ১
তুসাদিয়া ৩ ১ উবা ২ ৩ ৪ ৫ ॥

• • •

১ ২র ৩ ২ক ৩র ৪ ৫ ৪ ৫ ১ ২র র ২ক ৩ ৪ র র৫
২। আচোদসো। সোমনুবস্তু। ইন্দ্রাঃ। প্রাস্বানাসো। বৃহদ্দেবেষু।

৪ ৫ ১ ২৩২ক ৩র ৪ র ৫ ৪র ৫ ১ ২র ৩ ২ক
হরয়াঃ। বাইচিদশ্ন। নাইষয়োঅ। রাতয়াঃ। অর্ষোনঃসা।

৩ ৪ ৫ ৪
তুসনিষ। তুনো ৫ ধিয়াউ। বা ॥

• • •

২র র ২ ২ র Sর ১ ২ ৪ ২ ৩
৩। হাউহোবা ৩ হাই। আচোদসোনো ৩ ধা। নুবা ৩ স্তু ৩। ইন্দ্রা।

১ ১ ১ ১ ২র র ২ র র র ১ ২র
২ ৩ ৪ ৫ঃ। হাউহোবা ৩ হাই। প্রস্বানাসোবৃ ৩ হাৎ। দেবে ৩

৪ ২ ৩ ১ ১ ১ ১ ২র র ২ র Sর
ষু ৩। হরয়া ২ ৩ ৪ ৫ঃ। হাউহোবা ৩ হাই। বিচিদশ্নানা ৩

১ ২ ৪ ২র ৩ ১ ১ ১ ১ ২র র
আই। ষয়ো ৩ আ ৩। রাতয়া ২ ৩ ৪ ৫ঃ। হউহোবা

২ র ১ ২ ৪
৩ হাই। অর্য্যোনঃসস্তু ৩ সা। নিষা ৩ স্তু ৩।

২র ১ ১ ১
সোদিয়া ৩ ২ উবা ৩ ৪ ৫ ॥

• • •

৫ ৪ ১ র র ২ ১ — ১ র র র র
৪। অচোহাই। দাগোনোধনুগা। তুইন্দাবা ২ঃ। প্রবানাগোবৃহদ্দেবাই।

২ ১ ৫ ৩ ৫ ৩ ৫ ২র র
মূহরায়া ২ঃ। বিচো ২ ৩ ৪ হাই। অশ্নো ২ ৩ ৪ হাই। নাইষয়ঃ।

৩ ৫ ১ ২ ৩ ৫ ৩
অরো ২ ৩ ৪ হাই। তায়াঃ৮ অর্য্যো ২ ৩ ৪ হাই। নঃ গো ২ ৩

৫ ২ ৩ ৫ ১ ২ ৫
৪ হা। তুগানী ২ ৩ ৪ ষা। তুনা ৩ উবা ৩, ধী ২ ৩ ৪ য়াঃ॥

• • •

৫ র ৪৫ ১ র র ২ ১ — ১ র র র
৫। অচোহোবা। দাগোনোধবাঃ। তুইন্দাবা ২ঃ। প্রবানাগো

র ২ ২ ১ ১ ২ ৪৫ ২ ৩
বৃহদ্দেবাই। মূহরায়া ২ ৩ঃ। বাইচো ৩ দাশ্না। নাইষা ২ ৩

৫ ২ ৩২ ৩ ৫ ৩
৪ য়া। হোই। অরাতা ২ ৩ ৪ য়াঃ। হো ৩ ই।

১ ২ ৪ ৫ ২ ৩ ৫ ২
আর্য্যো ৩ নাঃ সা। তুগানী ২ ৩ ৪ ষা। হো।

৩ ২ ৪ ১
তুনো ৩ ধা ৫ য়া ৬ ৫ ৬ঃ॥

• • •

৫ র ৪ ৫ ১ র র ২ ১ ১ র র র
৬। অচো। বাহাই। দাগোনোধনুবা। তুইন্দা ২ বাঃ। প্রাস্বানোগো

র ২ ১ ২র ১ ২ ১ ২
বৃহদ্দেবাই। মূহরায়া ২ ৩ঃ। বা ২ ৩ ইচোৎ। আ ২ ৩। শ্রো ৩ ৪।

৩র ৪৩ ৪র ৫র ২ ২ ১ ২ ১
নাইষয়ো অরা। তা ৩ য়াঃ। আ ২ ৩ র্য্যা। না ২ ৩ঃ

২ ৩ ৪৫ ৩ ২ ৪
সা ৩ ৪। তুগানিষ। তুনো ৩ ধা ৫ য়া ৬ ৫ ৬ঃ॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অচোদসঃ' (অনন্যপ্রেরিতাঃ, স্বতন্ত্রাঃ) 'স্বানাসঃ' (বিশুদ্ধাঃ) 'হরয়ঃ' (পাপহারকাঃ) 'ইন্দবঃ' (সত্ত্বভাবাঃ) 'বৃহদ্দেবেষু' (পরমদেবতাসু, ভগবৎপ্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'নঃ' (অস্মান্) 'বি' (বিশেষেণ) 'প্রধন্বন্তু' (প্রগচ্ছন্তু, প্রাপ্নুবন্তু); 'নঃ' (অস্মাকং) 'অরাতয়ঃ' (ধনদানাদিরহিতাঃ, সত্ত্বগুণবর্জ্জিতাঃ) 'অর্য্যঃ' (রিপবঃ) 'ইষয়ঃ বিচিদশ্নানাঃ' (অন্নলাভেন বঞ্চিতাঃ, শক্তিহীনাঃ ইত্যর্থঃ) 'সন্তু' (ভবন্তু); 'নঃ' (অস্মাকং) 'ধিয়ঃ' (প্রার্থনাঃ যদ্বা চিত্তবৃত্ত্যাদীনি) 'সনিষন্তু' (সম্ভজন্তু, প্রাপ্নুবন্তু,—ভগবন্তং ইতি শেষঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং সত্ত্বভাবং লভেম; রিপুজয়িনঃ ভবেম; ততঃ ভগবন্তং প্রাপ্নুয়াম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩প—৫অ—৯খ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

স্বতন্ত্র বিশুদ্ধ পাপহারক সত্ত্বভাব ভগবৎপ্রাপ্তির জন্য আমাদিগকে বিশেষরূপে প্রাপ্ত হউন, আমাদিগের সত্ত্বগুণবর্জ্জিত রিপুগণ শক্তিহীন হউক; আমাদিগের চিত্তবৃত্ত্যাদি ভগবানকে প্রাপ্ত হউক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন সত্ত্বভাব লাভ করি, রিপুজয়ী হই, তারপর ভগবানকে যেন প্রাপ্ত হইতে পারি।)। (৩প—৫অ—৯খ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'অচোদসঃ' অচোদনাঃ অনন্যপ্রেরিতাঃ 'ইন্দবঃ' সোমাঃ 'নঃ' অস্মাকং 'প্রধন্বন্তু' প্রগচ্ছন্তু (ধন্বতির্গতিকর্ম্মা)। কুত্র? 'বৃহদ্দেবেষু হরয়ঃ' প্রভূতদেবযুক্তেষু যজ্ঞেষু (যথা বা বৃহদ্দেবকুলজেষু মধ্যেষু ইতি সম্বন্ধঃ) কীদৃশা ইন্দবঃ? 'স্বানাসঃ' সূয়মানাঃ 'হরয়ঃ' হরিতবর্ণাঃ কিঞ্চ। 'অরাতয়ঃ' ধনাদিদানরহিতাঃ 'নঃ' অস্মাকম্ 'অর্য্যঃ' অরয়ঃ 'ইষয়ঃ' ইষোঽন্নানি ইচ্ছন্তঃ 'অশ্নানাঃ' অশনেন ভোজনেন বিযুক্তা এব সন্তু। কিঞ্চ। নোঽস্মাকং 'ধিয়া' কর্ম্মাণি দেববিষয়াণি স্তোত্রাণি 'সনিষন্ত' দেবান্ সম্ভজন্তু। 'দেবেষু'—'দিবেষু' ইতি পাঠৌ। 'বিচিদশ্নানা ইষয়ো অরাতয়োর্যো নঃ সন্তু সনিষন্তু নঃ ধিয়াঃ'—ইতি ছন্দোগাঃ। 'বিচিদশ্নানা ইষয়ো অরাতয়োর্যো নঃ সন্তু সনিষন্তো ধিয়া' বহ্বৃচাঃ॥ (৩প-৫অ—৯খ—২সা)।

* * *

দ্বিতীয় (৫৫৫) সামের মর্ম্মার্থ।

—— § * § ——

মন্ত্রটী প্রার্থনামূলক। উহা তিনভাগে বিভক্ত। মন্ত্রে সত্ত্বভাবপ্রাপ্তি, রিপুজয় ও ভগবৎপ্রাপ্তির জন্য প্রার্থনা করা হইয়াছে

প্রথমতঃ সত্বলাভ। হৃদয়ে সত্বভাব সঞ্চার হইলে মানুষের অন্তরস্থিত রিপুগণ আপনা হ্ত দূরে পলায়ন করে। সাধক-হৃদয়ের অপূর্ব্ব তেজ তাহারা সহ্য করিতে না পারিয়া লোকাগমে পেচকের ন্যায় নরকের অন্ধকারে আত্মবিলোপ করে। হৃদয় হইতে রিপুর দূর দূরীভূত হইলে মানুষ নিরুপদ্রবে সাধনমার্গে অগ্রসর হয়। সুতরাং সহজেই ভগবৎ-প পৌঁছিতে পারে। সাধনা ও সিদ্ধির এই ধারাই মন্ত্রে প্রখ্যাপিত হইয়াছে।

কিন্তু প্রচলিত ভাষ্যাদিতে সম্পূর্ণ অন্যভাব দেখা যায়। নিম্নে একটী প্রচলিত নুবাদ উদ্ধৃত হইল;—"যজ্ঞের সময় উজ্জ্বল ও শান্ত-স্বভাব সোমরসগুলি নিষ্পীড়িত য়া আমাদিগের নিকট আগমন করুক, আমাদিগের অন্নের হিংসাকারী শত্রুবর্গ নষ্ট ক, আমাদিগের শত্রুরাও নষ্ট হউক, আমাদিগের সৎকর্ম্মগুলি দেবতারা গ্রহণ ন।" (৩প—৫অ—৯খ ২সা)॥

—— * ——

তৃতীয়ং সাম।

৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩
এষ প্র কোশে মধুমাঁ অচিক্রদদিন্দ্রস্য

২ ৩ ১ ২ ৩ ১ ২
বজ্রো বপুষো বপুষ্টমঃ।

৩ ২ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
অভ্যৃতস্য সুদুঘা ঘৃতশ্চুতো বাশ্রা

২ ৩ ১ ২ ৩ ১ ২
অর্ষন্তি পয়সা চ ধেনবঃ॥ ৩॥

* * *

গেয়-গানং।

১ — ১ ৪ ৩ ২ ৪ ৩ ৫ ২ ১ ২ ১
মপ্রকোশে ২। ম। ধুমাঁ ২। অচাইক্রা ২ ৩ ৪ দাৎ। ইন্দ্রাস্যবাজ্রা

— ১ ৪ ৩৩৩ ৫ ২ ১ ২ ১ —
২ঃ। পুষো ২। বপুষ্টা ২ ৩ ৪ মাঃ। অভাপ্ততাস্যা ২। সু।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের উনসপ্ততিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম ষ্টক, তৃতীয় অধ্যায়, চতুর্থ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান ছয়টী। উহাদের নাম ঙ্গিরসানি ত্রীণি" "সামরাজম" "সোমরাজম" "সামরাজম" "মিমানা নিরজঃ"।

১ ৲ ৩২৲৩ ৫ ২র ১র ১২ —
দুঘাঃ ২ ঃ। ঘৃতশ্চ্‌ ২ ৩ ৪ তাঃ। বাশ্রা৷ অর্ষন্তী ২। প।

১ ২ ৪
যসা ২ ৩। চধা ৩ ইনা ৫ বা ৬ ৫ ৬ ঃ ॥ ৩ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্রস্য বজ্রঃ' (ইন্দ্রদেবস্য রিপুনাশকঃ অস্ত্রঃ ইব, পরমরিপুনাশকঃ ইত্যর্থঃ) 'মধুমান্' (অমৃততুল্যঃ) 'বপুষঃ' (দীপ্তিমতঃ) 'বপুষ্টমঃ' (পরমদীপ্তিমান) 'এষঃ' (অয়ং সত্ত্বভাবঃ) 'কোশে' (কলশে, পাত্রে, অস্মাকং হৃদয়ে ইত্যর্থঃ) 'প্রাচিক্রদৎ' (প্রকর্ষেণ শব্দায়তে, প্রকৃষ্টং জ্ঞানং প্রযচ্ছতি ইত্যর্থঃ); 'পয়সা চ বাশ্রাঃ ধেনবঃ' (অমৃতং কাময়মানাঃ জ্ঞানরশ্ময়ঃ যথা অমৃতপ্রবাহেণ সহ সম্মিলিতাঃ ভবন্তি তদ্বৎ) 'ঋতস্য দুহঃ' (সত্যস্য দোগ্ধ্রাঃ, সত্যজ্ঞান-বর্দ্ধকঃ) 'ঘৃতশ্চ্যুতঃ' (অমৃতদায়কঃ, অমৃতস্রাবী) সত্ত্বভাবঃ ইতি যাবৎ 'অভ্যর্ষন্তি' (অভি-গচ্ছন্তু, অস্মান্ প্রাপয়ন্তু, অস্মাকং সহ মিলিতঃ ভবতু ইত্যর্থঃ); প্রার্থনামূলকোঽয়ং। বয়ং সত্ত্বভাবং তথা পরাজ্ঞানং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প—৫অ—৯খ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পরমরিপুনাশক, অমৃততুল্য দীপ্তিমান্ হইতে পরম দীপ্তিমান্ এই সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে প্রকৃষ্ট জ্ঞান প্রদান করেন; অমৃতকামনাকারী জ্ঞানরশ্মিসমূহ যেমন অমৃত-প্রবাহের সহিত সম্মিলিত হয়, সেইরূপ সত্যজ্ঞানবর্দ্ধক অমৃতস্রাবী সত্ত্বভাব আমাদিগের সহিত মিলিত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন সত্ত্বভাব এবং পরাজ্ঞান লাভ করি।)॥ (৩প—৫অ—৯খ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'এষঃ' অয়ং সোমঃ 'মধুমান' মধুর-রসঃ 'কোশে' দ্রোণকলশে 'প্রাচিক্রদৎ' প্রকর্ষেণ শব্দায়তে। কীদৃশ এষঃ? 'ইন্দ্রস্য বজ্রঃ' বজ্রস্থানীয়ঃ বলকরত্বেন বজ্রবৎ প্রহরণসাধনত্বাদ্ বজ্রত্বোপচারঃ। 'এষ' এষঃ হি সোমঃ 'বপুষঃ' বীজানাং বপ্তুরস্মাৎ 'বপুষ্টমঃ' অতিশয়েন বপ্তা। বীজাবাপস্য সোমকর্ত্তৃকত্বাৎ (সোমো বৈ রেতোধা ইতি শ্রুতেঃ)। 'ঋতস্য' সত্যফলস্য সোমস্য ধারা ইতি শেষঃ। তা 'অভ্যর্ষন্তি' অভিগচ্ছন্তি। কীদৃশ্যঃ? 'দুহঃ' দুষ্টু দোগ্ধ্র্যঃ ফলানাম্। 'ঘৃতশ্চ্যুতঃ' উদকস্য রসস্য বা ক্ষারয়িত্র্যঃ 'বাশ্রাঃ' শব্দয়ন্ত্যঃ। পয়সা যুক্তা বাশ্রা ধেনব ইব লুপ্তোপমমেতৎ। 'বপুষ্টমঃ' 'বপুষ্টরঃ' ইতি 'অভ্যক্তস্য' 'অভীমৃতস্য' ইতি 'পয়সা চ ধেনবঃ' 'পয়সেন ধেণবঃ' ইতি চ ছন্দোগবহ্বৃচানাং পাঠাঃ। ৩॥

* * *

তৃতীয় (৫৫৬) সামের মর্ম্মার্থ।

সত্ত্বভাবকে 'ইন্দ্রস্য বজ্রঃ' বলা হইয়াছে। ঐ পদদ্বয়ের ব্যাখ্যায় ভাষ্যকার লিখিয়াছেন,—"বজ্রস্থানীয়ঃ বলকরত্বেন বজ্রবৎ প্রহরণ সাধনত্বাদ্ বজ্রত্বোপচারঃ"। আমরাও প্রায় ঐ মত পোষণ করি। বজ্রের রিপুনাশিকা শক্তি সম্বন্ধে আমরা পুনঃপুনঃ আলোচনা করিয়াছি। ভগবান যে শক্তি দ্বারা জগতের শত্রু নাশ করেন, অমঙ্গল বিদূরিত করেন, তাহা বজ্রশক্তি। সেই শক্তির সহিত সত্ত্বভাবের তুলনা করা হইয়াছে অথবা সত্ত্বভাবকেই বজ্র বলা হইয়াছে। মঙ্গলের দ্বারা অমঙ্গলের বিনাশ হয়, মহত্ত্বের দ্বারা ক্ষুদ্রত্ব দূরীভূত হয়। সত্ত্বভাবের শক্তিতে পাপ কালিমা বিনষ্ট হয়, সত্ত্বভাব প্রবাহে তমোজনিত মলিনতা অপবিত্রতা দূরে চলিয়া যায়। তাই এই অমোঘশক্তিসম্পন্ন সত্ত্বভাবকে ভগবানের রিপুনাশক মহাস্ত্র বলা হইয়াছে।

শুধু তাই নয়। সত্ত্বভাব "বজ্রাদপি কঠোরাণি মৃদূনি কুসুমাদপি"। উহা মধুময়,—অমৃততুল্যও বটে। যাঁহারা সাধক, যাঁহারা সৎকর্ম্মান্বিত তাঁহাদের পক্ষে উহা পরম মঙ্গল নিধান। যাহারা দুর্ব্বলহৃদয়, ক্ষীণশক্তি তাহাদের পক্ষেও উহা অমৃততুল্য সঞ্জীবনী সুধা। তাহাদের মধ্যে সত্ত্বভাবের উন্মেষ হইলে তাহারা অমিতবলসম্পন্ন হয়েন, জড়তা, হীনতা তাহাদের নিকট হইতে দূরে পলায়ন করে। সত্ত্বভাব 'শুভস্য সুদুঘঃ' তাহা হইতে সত্য ক্ষরিত হয়। সত্ত্বভাবের সঙ্গে সত্য জ্ঞানের অবিচ্ছিন্ন সম্বন্ধ। সত্ত্বভাব প্রাপ্তি ঘটিলে মানুষ হৃদয়ে সত্যের দেখা পান। তখন তিনি চরম সত্য উপলব্ধি করিতে পারেন। এই পরম মঙ্গলদায়ক সত্ত্বভাব লাভের জন্য মন্ত্রের মধ্যে প্রার্থনা পরিদৃষ্ট হয়।

'অভ্যর্ষন্তু' ক্রিয়া পদে বচন-ব্যত্যয় স্বীকার করিতে হইয়াছে। ভাষ্যকারও 'তাঃ' পদ অধ্যাহার করিয়া প্রকারান্তরে বচন-ব্যত্যয় স্বীকার করিয়াছেন। (৩প—৫অ—৯খ—৩সা)।

—•—

চতুর্থং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২উ

প্রো অয়াসীৎ ইন্দুঃ ইন্দ্রস্য নিষ্কৃতং

৩ ২ ৩ ২র ২র ৩ ১

সখা সখ্যুর্ন প্র মিনাতি সঙ্গিরম্।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩

মর্য্য ইব যুবতিভিঃ সমর্ষতি

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২

সোমঃ কলশে শতয়ামনা পথা ॥ ৪ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তসপ্ততিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, দ্বিতীয় বর্গের অন্তর্গত)। উহার গেয়-গান একটী। উহার নাম "বাসিষ্ঠম্।"

২র ১ ২ র ২ ৩ ৫ ৩র ২৩১র
পাসর্ষতায়ে ৩। সোমং কন্না ৭ সেশাতয়া।

৩ ২ ৪
অনা ৩ পা ৫ থা ৬ ৫ ৬॥

• • •

— ১ র র ৭ ৪ ২৩৫
৫। আ২ ই। ইয়া। প্রো অয়াসাইন্দিন্দুরিন্দ্রা ২ ৩। স্যা৩ নিষ্কৃতম্।

১র ৭ ৪ ২৩৫ ১ ৭
সখাসখ্যুর্নপ্রমিনা ২ ৩। তী ৩ সঙ্গিরম্, মর্য্যাইবাযুবতিভা ২ ৩ ইঃ।

৪ ২৩৫ — ১ র ২ ২
সা ৩ মর্ষা ৩। আ ২ ই। ইয়া। সোমঃ কলাশে ১ শতয়া ২ ৩।

২ ৪
মনা ৩ পা ৫ থা ৬ ৫ ৬॥ ৪॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সখা' (সখিভূতঃ) 'ইন্দুঃ' (সত্ত্বভাবঃ) 'নিষ্কৃতং' (প্রার্থনীয়াং মুক্তিং) 'প্রো অয়াসীৎ' (প্রকর্ষেণৈব গচ্ছতি, অস্মান প্রাপচ্ছতু ইত্যর্থঃ) সঃ 'সখ্যুঃ' (সখিভূতস্য) 'ইন্দ্রস্য' (বলাধিপতিদেবস্য ভগবতঃ ইত্যর্থঃ) উপাসকং ইতি যাবৎ, 'ন প্রমিনাতি' (ন হিনস্তি); মর্য্যঃ ইব 'যুবতিভিঃ' (মানবঃ যথা যুবত্যা সহধর্ম্মিণ্যা সহ সম্যক্ প্রকারেণ মিলিতঃ ভবতি তদ্বৎ) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'শতয়ামনা পথা' (সর্ব্বপ্রকারৈঃ) 'কলশে' (অস্মাকং হৃদয়ে ইতি ভাবঃ) 'সমর্ষতি' (আগচ্ছতু, আস্মাভিঃ সহ সম্যক্রূপেণ মিলিতঃ ভবতু,—ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। পূর্ণমুক্তিদায়কং সত্ত্বভাবং বয়ং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প-৫দ-৯খ ৪সা)॥

• • •

বঙ্গানুবাদ।

সখিভূত সত্ত্বভাব আমাদিগকে প্রার্থনীয় মুক্তি প্রদান করুন; তিনি সখিভূত ভগবানের উপাসককে হিংসা করেন না; মানুষ যেমন যুবতী সহধর্ম্মিণীর সহিত সম্যক্ প্রকারে মিলিত হয়, সেইরূপ ভাবে সত্ত্বভাব সর্ব্বপ্রকারে আমাদিগের হৃদয়ে আগমন করুন, অর্থাৎ আমাদিগের সহিত সম্যক্ প্রকারে মিলিত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার

ভাব এই যে—পূর্ণভাবে মুক্তিদায়ক সত্ত্বভাবকে আমরা যেন লাভ করি।)। (৩প—৫অ—৯থ—৪সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

ঋষিগণঋষিঃ। 'ইন্দুঃ' সোমঃ 'ইন্দ্রস্য' 'নিষ্কৃতং' সংস্কৃতং স্থানমুদরং 'প্রো অয়াসীৎ' প্রকর্ষেণৈব গচ্ছতি। গত্বা চ 'সখা' সখিভূতঃ সোমঃ 'সখ্যুঃ' ইন্দ্রস্য 'সঙ্গিরং' সমাগ গিরণা-ধারভূতমুদরং 'ন প্রমিনাতি' ন হিনস্তি। কিঞ্চ। সঃ 'মর্যা ইব' 'যুবতিভিঃ' মর্ত্ত্যা যথা তরুণীভিঃ সহ সঙ্গতো ভবতি তদ্বৎ অয়মপি সোমো যুবতিভির্মিশ্রণশীলাভিরপ্তীবরীভিরদ্ভিঃ সহ 'সমর্ষতি' সঙ্গচ্ছতে অভিষবকালে। স চ সোমঃ 'শতযামনা যাম্না অনেকয়া মননাধনচ্ছিদ্রো-পেতেন 'পথা' মার্গেণ দশাপবিত্রলক্ষণেন 'কলশে' দ্রোণকলশে গচ্ছতীতি শেষঃ। যদৈকমেব বাক্যম। যথা মর্য্যো যুবতিভিঃ সহ সঙ্গচ্ছতে এবং কলশে শতযাম্না পথা সঙ্গচ্ছতেঽদ্ভিঃ। 'শতযামনা' শতযাম্না ইতি পাঠঃ। (৩প—৫অ—৯থ—৪সা)।

* * *

চতুর্থ (৫৫৭) সামের মর্ম্মার্থ।

—‡*‡—

এই মন্ত্রের দুইটী পদ বিশেষভাবে উল্লেখ-যোগ্য। প্রথমটী, 'ইন্দুঃ' পদের বিশেষণ 'সখা'। সত্ত্বভাব আমাদিগের পরম বন্ধুর ন্যায় উপকারী। মানুষের পরমআকাঙ্ক্ষণীয় বস্তু—মুক্তি। সত্ত্বভাব সেই মুক্তিদান করিতে পারে। তাই সত্ত্বভাব মানুষের মিত্র।

দ্বিতীয়টি, 'ইন্দ্রস্য' পদের বিশেষণ 'সখ্যুঃ'। ভগবানও মানবের পরম বন্ধু। তাঁহার কৃপাতেই মানুষ বাঁচিয়া আছে, জীবনের যাহা পরম বস্তু, তাহাও পাইতেছে। তাই কবি বলিয়াছেন—

"কেবল ঈশ্বর এই বিশ্বপতি যিনি।
সকল সময়ে বন্ধু সকলের তিনি।"

মন্ত্রান্তর্গত 'নিষ্কৃতং' পদের ব্যাখ্যা বিবরণকারের অনুসরণে গৃহীত হইয়াছে। এই মন্ত্রের প্রচলিত ব্যাখ্যা কিরূপ দাঁড়াইয়াছে তাহার উদাহরণ-স্বরূপ নিম্ন লিখিত বঙ্গানুবাদটী উদ্ধৃত হইল। "সোম ইন্দ্রের উদরে প্রবেশ করেন, কারণ ইন্দ্র তাঁহার বন্ধু। তিনি ইন্দ্রের উদরের কোন অনিষ্ট করেন না। মানব যেমন যুবতীদিগের সহিত মিলিত হয়, তদ্রূপ ইনি শতচ্ছিদ্র পথ দিয়া নির্গত হইয়া জলের সহিত মিশ্রিত হইতেছেন।" (৩প—৫অ—৯থ—৪সা)। *

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়শীতিতম সূক্তের ষোড়শী ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান পাঁচটী। উহাদের নাম "সৌপর্ণ" "উত্তরসৌপর্ণ" "প্রবত্তার্গবম" "ঐন্দ্র" "বামন"।

পঞ্চমং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩
ধর্ত্তা দিবঃ পবতে কৃত্ব্যো রসো
১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
দক্ষো দেবানাম্ অনুমাদ্যো নৃভিঃ।
১ ২ ৩ ২উ ৩ ১ ২র ৩
হরিঃ সৃজানো অত্যো ন সত্বভিঃ
২ ৩ ১ ২ ৩ ৩ ২
বৃথা পাজা৺সি কৃণুষে নদীষ্বা ॥ ৫ ॥

* * *

গেয়-গানং।

২ ১ ২ ৪র ২ র ১ ২ ৪র
১। ধর্ত্তাদাইবা ৩। ওবা ৫ এ। পবাতেকৃত্বৌ ৩ য়োরাসা ৩। ওবা ৫ এ
২ ১ ২ ৪র ২র র ১ ২ ৪র
দক্ষোদাইবা ৩। ওবা ৫ এ। নামনুমাদৌ ৩ য়োন ২ ভা ৩। ওবা
২ ১ ২ ৪র ২র র ১ ২
৫ এ। হরাইঃসার্জ্জা ৩। ওবা ৫ এ। নোঅত্তিয়োনা ৩ সাত্বাভা ৩।
৪র ২ ১ ২ ৪র ২ ১ ২
ওবা ৫ এ। বৃথাপাজা ৩। ওবা ৫ এ সিকৃণুষাইনদাইষ্বা ৩।
৪র ৪
ওবা ৩ এ। হো ৫ ই। ডা ॥

* * *

৫ র র ৪ ৫ ২ ১ ২৯ ৩র ১ ২ ২
২। ধর্ত্তাঔহোহোহাই। দিবঃ। পবতেকা। ঔহো ৩ হা ৩। হা।
১র র ২৯ ৩র ১ ২ ২ ১র ২ ১র
ত্বিয়োরসো। দক্ষোদেবা। ঔহো ৩ হা ৩। হা। নামনুমা। দিয়ো-
২ ৩র ১ ২ ২ ১র
নৃভাইঃ। হরাইঃসার্জ্জা। ঔহো ৩ হা ৩। হা। নোঅত্তিয়ো।
২ ১ র ২৯ ৩র ১ ২ ২ ১ ২৯
নসত্বভাইঃ। বৃথাপাজা। ঔহো ৩ হা ৩। হা। সিকৃণুষা।

৩র ১ ২ ২ ৩ র ২ ১ ২র ১ ২ ২
ঔহো ৩ হা ৩। হাই। নদীষুবা। ঔহো ৩ হা ৩। হা ৩ ৪৫

৫র র ২ ৩ ৬র ২
ঔহোবা। এ ৩। নদীষুবা ৬॥ ৫॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ধর্ত্তা' (সর্ব্বস্য ধারণকর্ত্তা) 'দিবঃ' (দ্যুলোকস্য, স্বর্গজাতঃ ইত্যর্থঃ) 'রসঃ' (রসযুক্তঃ, অমৃতময়ঃ) 'শুভ্রঃ' (শোধনীয়ঃ ইত্যর্থঃ, বিশুদ্ধঃ) 'দেবানাং দক্ষঃ' (দেবভাবসম্পন্নানাং শক্তিদায়কঃ) 'নৃভিঃ' (সৎকর্ম্মনেতৃভিঃ, সাধকৈঃ,) 'অনুমাদ্যঃ' (স্তবনীয়ঃ; সাধকানাং প্রার্থনীয়ঃ ইত্যর্থঃ) সত্ত্বভাবঃ 'পবতে' (ক্ষরতু, অস্মাকং হৃদি সমুদ্ভাতু ইত্যর্থঃ); বয়ং পরমমঙ্গলদায়কং সত্ত্বভাবং লভেম ইতি ভাবঃ; 'অত্যঃ ন' (সৎকর্ম্ম যথা শক্তিং প্রযচ্ছতি তদ্বৎ) 'সত্বভিঃ' (প্রাণীভিঃ মনুষ্যৈঃ, তেষাং হৃদয়ে ইত্যর্থঃ) 'সৃজানঃ' (উৎপাদ্যমানঃ উৎপন্নঃ সন্) 'হরিঃ' (পাপহারকঃ—সত্ত্বভাবঃ ইতি যাবৎ) 'বৃথা' (অপ্রযত্নেন, স্বতএব) 'নদীষু' (সত্ত্বাধারেষু, হৃদয়েষু ইত্যর্থঃ) 'পাজাংসি' (বলানি) 'আকৃণুতে' (করোতি, শক্তিং প্রযচ্ছতি ইত্যর্থঃ); মন্ত্রোঽয়ং নিত্যসত্যমূলকঃ। সত্ত্বভাবঃ পাপনাশকঃ তথা আত্মশক্তিদায়কঃ ভবতি—ইতি ভাবঃ॥ (৩প-৫অ-৯খ-৫সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সকলের ধারণকর্ত্তা, স্বর্গজাত, অমৃতময়, বিশুদ্ধ, দেবভাবসম্পন্নদিগের শক্তিদায়ক, সাধকদিগের দ্বারা স্তবনীয় অর্থাৎ সাধকদিগের প্রার্থনীয় সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে সমুদ্ভূত হউন; (ভাব এই যে,—আমরা যেন পরমমঙ্গলদায়ক সত্ত্বভাব লাভ করি); সৎকর্ম্ম যেমন শক্তি প্রদান করে, সেইরূপ মনুষ্যদিগের হৃদয়ে উৎপন্ন হইয়া পাপহারক সত্ত্বভাব স্বতঃই হৃদয়ে বল প্রদান করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সত্ত্বভাব পাপনাশক এবং আত্মশক্তিদায়ক হয়েন।)॥ (৩প—৫অ—৯খ—৫সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

কবির্ঋষিঃ। 'ধর্ত্তা' সর্ব্বস্য ধারকঃ সোমঃ 'দিবঃ' অন্তরিক্ষাৎ অন্তরিক্ষস্থিতাদ্দশাপবিত্রাৎ 'পবতে' পূয়তে। কীদৃশঃ সোমঃ? 'কৃত্ব্যঃ' কর্ত্তব্যঃ শোধ্য ইত্যর্থঃ। 'রসঃ' রসাত্মকঃ। 'দেবানাং' 'দক্ষঃ' বলপ্রদঃ। যদ্বা। দক্ষঃ প্রবর্দ্ধনীয়ঃ দেবানামর্থায় তথা 'নৃভিঃ' নেতৃভিঃ ঋত্বিগ্‌ভিঃ 'অনুমাদ্যঃ' অনুমাদনীয়ঃ স্তোতব্যো বা। 'হরিঃ' হরিতবর্ণঃ। 'সত্বভিঃ' প্রাণিভিঃ

'বৃথা' অপ্রযত্নেন 'পাজাংসি' বলানি দীয়ান্ বেগান্ 'কৃণুতে' কুরুতে নদীষু' বসতীবরীষু অদ্ভিঃ ইত্যর্থঃ। অসিক্ত ইত্যর্থঃ। অয়মভিষবং সময়াভিপ্রায়ঃ। (৩প ৫অ—৯খ—৫সা)।

*

পঞ্চম (৫৫৮) সামের মর্ম্মার্থ।

—‡•‡—

এই দ্বিধা বিভক্ত মন্ত্রটীর উভয় অংশেই সত্ত্বভাবের মহিমা প্রখ্যাপিত হইয়াছে। এবং প্রথমাংশে বিশেষ ভাবে সত্ত্বভাব প্রাপ্তির জন্য প্রার্থনা আছে। সত্ত্বভাব সকলের ধারণ কর্ত্তা। জগতে যাহা কিছু আছে, তাহা সমস্তই সত্ত্বপ্রভাবে বর্ত্তমান রহিয়াছে। সত্ত্বের গুণ—স্থিতি। রজগুণের চাঞ্চল্য ও তমগুণের জড়তা নাশ হইলে সত্ত্বগুণের স্থৈর্য্য লাভ হয়। 'যস্মিন্ স্থিতে ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে'—যাহাতে অবস্থিত হইলে মানব কোন অবস্থায়ই বিচলিত হয়েন না, হৃদয়ের শান্ত স্থৈর্য্য অবিচলিতভাবে রক্ষা করিতে পারেন, তাহাই সত্ত্বভাব। এই সত্ত্বভাবের গুণেই জগৎ বিধৃত রহিয়াছে। একজন ব্যাখ্যাকার 'দিবঃ ধর্ত্তা' পদদ্বয়ে 'দ্যুলোকের ধারণকারী' অর্থ গ্রহণ করিয়াছেন। ঐ অর্থ অনেকটা সঙ্গত বলিয়া মনে হয়। তবে সত্ত্বভাব কেবল দ্যুলোকের নহে, তাহা সর্ব্বলোকের ধারণ কর্ত্তা।

সত্ত্বভাবই অমৃতময়, অমৃতপ্রাপক। তাহার প্রভাবে মানুষ অমৃতের সন্ধান পায়, অমৃতত্ব লাভ করে। সত্ত্বভাব মানুষের হৃদয়ে স্বর্গীয় শক্তি সঞ্চারিত করে। তাই সাধকগণ এই পরম কল্যাণকর শক্তিদায়ক বস্তু লাভ করিবার জন্য ঐকান্তিক চেষ্টা করেন। শুদ্ধসত্ত্ব হৃদয়ে উৎপন্ন হইলে তাহা স্বতঃই মানুষকে দিব্যশক্তি প্রদান করে। সেই শক্তি দ্বারা চালিত হইয়া তিনি অনায়াসে ভগবৎ-চরণ লাভ করিতে পারেন। মন্ত্রের শেষাংশে এই সত্যই প্রকটিত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের ব্যাখ্যার অনেক স্থলেই অনৈক্য লক্ষিত হইবে। উদাহরণস্বরূপ নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। সেই বঙ্গানুবাদটী এই। "এই সোমরস দ্যুলোক ধারণ করেন। ইনি শূন্যপথে ক্ষরিত হইতেছেন। ইঁহাকে শোধন করিতে হইবেক। ইহার রস দেবতাদিগের বলাধান করে, পরে মনুষ্যগণ সেই রসপানে মত্ত হয়। বেগবান ঘোটককে ঘোটকপালেরা সজ্জিত করিয়া দিলে, সে যেরূপ অবলীলাক্রমে অগ্রসর হয়, সেইরূপ এই সোমরস জলের সহিত মিশ্রিত হইয়া বিস্তর অন্ন আহরণ করিয়া দেন।"

প্রচলিত ব্যাখ্যাদিতে সোমরসের সম্বন্ধ কল্পনা করা হইয়াছে। কিন্তু তবুও কয়েকটি পদের ব্যাখ্যায় সহিত আমাদিগের মতের ঐক্য আছে। যথা 'বৃথা' 'অদ্ভিঃ' অনুমাদনীয়। ঐ সকল পদে প্রধানতঃ আমরা ভাষ্যেরই অনুসরণ করিয়াছি। (৩প—৫অ—৯খ—৫সা)॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষট্সপ্ততিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম,—"বাৎসাশ্বসীয়েন"

ষষ্ঠং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২উ
বৃষা মতীনাং পবতে বিচক্ষণঃ

৩ ১ ২ ৩ ১র ২র ৩ ২
সোমো অহ্নাং প্রতরীতা উষসাং দিবঃ।

৩ ১র ২র ৩ ১ ২ ৩
প্রাণা সিন্ধুনাং কলশঁ অচিক্রদৎ

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইন্দ্রস্য হার্দ্যাবিশন্মনীষিভিঃ ॥ ৬ ॥

* * *

গেয়-গানং।

২র ১ ২র ১ ২ ২ ২র র
১। বৃষামাতী ২ ৩। নাপবাতা ২ ৩ ই। এ৩। বিচক্ষণএ ৩। সোমো-

১ ২ ১ ২ ২ র ২র র ১
আহ্না ২ ৩ ম্। প্রতরাঈতা ২ ৩। এ ৩। উষসান্দিবএ ৩। প্রাণাসা-

২র ১ ২ ২ ২ ১
ইন্ধু ২ ৩। নস্কলাশাঁ ২ ৩। এ ৩। অচিক্রদদে ৩। ইন্দ্রস্যাহা

২ র ১ ৩ ২ র
২ ৩। দিয়াবাইশা ২ ৩ ন্। এ ৩। মনিষিভিরে ৩ ৪ ৩।

১
ও ২ ৩ ৪ ৫ ই। ডা ॥

* * *

১২র র ১র ২ ৫ ৩ ১ ১ ১ ১
২। বৃষামতীনাম্পা। তাইবা ১ ইচা ২ ৩ ৪। ক্ষ। ণা ২ ৩ ৪ ৫ ঃ।

১র ২র ১২র ১ ২র ১ ২ ৫ ২ ১ ১ ১
সোমোঅহ্নাম্প্রতরী। তোবা ১ সা ২ ৩ ৪ ম্। দি। বা ২ ৩ ৪ ৫ ঃ।

২র ১র ২র র ১ ২ ৫ ৩ ১ ১ ১ ১
প্রাণাসিন্ধুনাকল। শাঁআ ১ চা ২ ৩ ৪ ই। ক্র। দা ২ ৩ ৪ ৫ ৎ।

১ ২ ১র ২ ৩ ৪
আইন্দ্রেস্থহর্দ্দিয়াবি। শাম্মা ১ না ২ ৩ ৪ ই। সিভাহ্

২ উ। পা ৩ ৪ ৫ ॥

* * *

১ — ১ — ১র র ২ ১ ২ ১র — ১
৩। বৃষা ২ মতী ২ ই। নাম্পবতেবিচক্ষা ২ ৩ ণাঃ। সোমো ২ অহ্না

— ১ র র ২ ১র ২ ১র ১ — ১র র
২ মৃ। প্রতরীতোষসান্দা ২ ৩ ইবাং। প্রাণা ২ িন্ধু ২। নাঙ্কলশাঁ

২ ১ ২ ১ — ১ ১ র ২ ১র
অচিক্রা ২ ৩ দাৎ। ইন্দ্রা ২ স্যহা ২। দিঃাবিশন্মনীষা ২ ৩

২ ১
ইভা ৩ ৪ ৩ ইঃ। ও ২ ৩ ৪ ৫ ই। ডা ॥ ৬ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মতীনাং' (প্রাজ্ঞানাং, যদ্বা স্তোতৃণাং) 'বৃষা' (অভীষ্টবর্ষকঃ) 'বিচক্ষণঃ' (সর্ব্বস্য দ্রষ্টা, সর্ব্বজ্ঞঃ) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'পবতে' (ক্ষরতু, অস্মাকং হৃদি সমুদ্ভবতু); বয়ং অভীষ্টবর্ষকং সত্ত্বভাবং লভেম — ইতি ভাবঃ; সঃ 'অহ্নাং' (দিবসস্য, দিবালোকস্য, জ্ঞানস্য ইতি ভাবঃ) 'উষসাং' (জ্ঞানোন্মেষিকাদেব্যাঃ) তথা 'দিবঃ' (দ্যুলোকস্য, দেবভাবস্য ইত্যর্থঃ) 'প্রতরীতা' (বর্দ্ধয়িতা ভবতি ইতি শেষঃ); 'সিন্ধূনাং' (স্যন্দনশীলানাং উদকানাং, অমৃতপ্রবাহানাং ইত্যর্থঃ) 'প্রাণা' (কর্ত্তা যদ্বা পূরকঃ) সত্ত্বভাবঃ 'কলশান্' (হৃদয়পাত্রাণি, অস্মাকং হৃদয়ে ইত্যর্থঃ) 'অচিক্রদৎ' (ধারয়া প্রবিশতু); সঃ 'মনীষিভিঃ' (অস্মাকং স্তুতিভিঃ সহ) 'ইন্দ্রস্য' (বলাধিপতিদেবস্য, ভগবতঃ) 'হার্দ্দি' (হৃদয়ং, সামীপ্যং ইত্যর্থঃ) 'আবিশন্' (প্রবিশতু, গচ্ছতু); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। প্রার্থনয়া বয়ং ভগবন্তং লভেম — ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প — ৫অ ৯খ ৬সা)॥

* * *

বঙ্গানুবাদ।

স্তোতাদিগের অভীষ্টবর্ষক, সর্ব্বদ্রষ্টা সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে সমুদ্ভূত হউন; (ভাব এই যে,—আমরা যেন সত্ত্বভাব লাভ করি); তিনি জ্ঞান, জ্ঞানোন্মেষিকাদেবী এবং দেবভাবের বর্দ্ধনকারী হয়েন; অমৃতপ্রবাহের কর্ত্তা সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে ধারারূপে প্রবেশ করুন;

তিনি আমাদিগের স্তুতির সহিত ভগবৎসমীপে গমন করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—প্রার্থনার দ্বারা আমরা যেন ভগবানকে লাভ করি।)॥ (৩প—৫অ—৯খ—৬সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

সিকতা ঋষিঃ। অয়ং 'সোমঃ পবতে' অভিষূয়তে। কীদৃশঃ সোমঃ? 'মতীনাং' মন্তৄণাং স্তোতৄণাং 'বৃষা' বর্ষকঃ কামানাম্। 'বিচক্ষণঃ' বিদ্রষ্টা। 'অহ্নাং' উষসাং 'দিবঃ' দ্যুলোকস্যাদিত্যস্য বা 'প্রতরীতা' প্রবর্দ্ধয়িতা। কিঞ্চ। 'সিন্ধূনাং' স্যন্দমানানামুদকানাং 'প্রাণা' প্রকর্ষেণ অনিতি চেষ্টতে ইতি প্রাণা কর্ত্তা সোমঃ 'কলশান্' 'অচিক্রদৎ' ধারয়া অধ্বনয়ৎ প্রবেষ্টুম্। যদ্বা। 'সিন্ধূনাং' (তৃতীয়ার্থে ষষ্ঠী) সিন্ধুভিরদ্ভিঃ 'প্রাণা' প্রা পূরণে (অ০ প০) পূর্ণঃ 'সোমঃ' কলশান্ 'অভি' লক্ষ্য ক্রন্দতি। কিং কুর্ব্বন্? ইন্দ্রস্য 'হার্দ্দি' হৃদয়ম্ 'আবিশন্' প্রবিশন্ 'মনীষিভিঃ' মনস ঈশানৈঃ স্তোতৃভিঃ সহেতি শেষঃ। যদ্বা। ঋত্বিগ্ভিরপি মনীষিভিরিন্দ্রোঽৎ পবতে ইত্যনেন সম্বধ্যতে। 'প্রাণা' ইতি 'ক্রাণা' ইতি, অচিক্রদদ্ অবীবিশৎ ইতি পাঠাঃ॥ (৩প—৫অ—৯খ—৬সা)॥

* * *

ষষ্ঠ (৫৫৯) সামের মর্ম্মার্থ।

সত্ত্বভাব জ্ঞানের বর্দ্ধনকারী। জাগতিক জ্ঞানকে বিশুদ্ধ পরাজ্ঞানে পরিণত করিতে পারে সত্ত্বভাব। হৃদয়ে জ্ঞানের উন্মেষ হইলে তাহা প্রবর্দ্ধিত করিতে পারে—সত্ত্বভাব। শুদ্ধসত্ত্বই দেবভাবকে ডাকিয়া আনে, মানুষকে দেবতায় পরিণত করে। মানুষ ও দেবতার মধ্যে এই সত্ত্বগুণের তারতম্যের জন্যই জগতে পার্থক্যের সৃষ্টি হইয়াছে। সুতরাং এই সত্ত্বগুণের উপযুক্ত পরিমাণ আধিক্য ঘটিলে মানুষই দেবতা হয়। মানুষ স্বরূপতঃ দেবতা। তাহার চারিদিকের অন্ধকার আবরণের জন্য সে নিজকে দেখিতে পায় না। সত্ত্বভাবের গুণে যখন জ্ঞানাগ্নি প্রজ্বলিত হইয়া উঠে, তখন আলোকের সাহায্যে মানুষ আপনাকে চিনিতে পারে—আপনার স্বরূপের প্রকৃত পরিচয় পায়।

প্রচলিত ব্যাখ্যাদিতে "অহ্নাং প্রতরীতোষসাং দিবঃ" পদসমূহের অর্থ করা হইয়াছে—"ইনি দিন ও প্রাতঃকাল ও সূর্য্যের সৃষ্টিকর্ত্তা।" এই অর্থও অসঙ্গত বলিয়া মনে হয় না। কারণ সত্ত্বভাবের শক্তিতেই সমস্ত সৃষ্ট ও রক্ষিত হয়। সুতরাং সত্ত্বভাবকে দিন ও সূর্য্যের সৃষ্টিকর্ত্তা বলা অসঙ্গত হয় নাই॥ (৩প—৫অ—৯খ—৬সা) *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়শীতিতম সূক্তের উনবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম,—
"[illegible]" "[illegible]ম"।

সপ্তমং সাম।

১ ২ ৩২ ৩১২
ত্রিঃ অস্মৈ সপ্ত ধেনবো দুদুহ্রিরে

৩২ ৩ ১২ ৩ ১ ২
সত্যামাশিরং পরমে ব্যোমনি।

৩২ ৩ ১র ২র ৩ ২ ৩
চত্বার্য্যন্যা ভুবনানি নির্ণিজে

১ ২ ৩ ২ ৩ ১র ২র
চারূণি চক্রে যদ্ ঋতৈঃ অবর্দ্ধত ॥ ৭ ॥

* *

গেয়-গানং।

১ ৫র ৪৫র৪৫র র ৪ ৫ ২১র র
ত্রা ২ ৩ ৪ ইঃ। অস্মৈসপ্তধেনবোদুদো। হোহ্রাইরাই। সত্যামাশিরম্-

২র১ — ১র র ২ ১
স্পরমাই। বিয়োমানী ২। চত্বার্য্যন্যাভুবনা। নির্ণাইজা ২ ৩ ই।

২র৩ ৫ ২র১ ২র ১ ২ ৪
চারূণা ২ ৩ ৪ ইচা। ক্রেয়দৃতৈঃ। আবা ৩ র্দ্ধি ৫ তা ৬৫৬। ৭।

* *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পরমে ব্যোমনি' (উৎকৃষ্টে অন্তরিক্ষে, দ্যুলোকে - স্থিতায় ইতি যাবৎ) 'অস্মৈ' (অস্মৈ সত্ত্বভাবায়, সত্ত্বভাবপ্রাপ্তয়ে, তেন সহ সম্মিলনায় ইত্যর্থঃ) 'ত্রিঃ সপ্ত' (বহুসংখ্যাকাঃ, সর্ব্বে) 'ধেনবঃ' (জ্ঞানরশ্ময়ঃ) লোকানাং 'সত্যাং' (যথার্থং) 'আশিরং' (আশ্রয়স্বরূপং—সত্যং ইতি যাবৎ) 'দুদুহ্রিরে' (দুহন্তি); সত্ত্বভাবপ্রাপ্তয়ে, জ্ঞানং সত্যাশ্রয়ি ভবতি - ইতি ভাবঃ; যৎ (যদা) সত্ত্বভাবঃ 'ঋতৈঃ' (সত্যাচারৈঃ, সত্যেন) 'প্রবর্দ্ধত' (বর্দ্ধয়তি) তদা সঃ 'নির্ণিজে' (তমোগুণাত্মিকায়, তৎপরিশোধনায়, তমোগুণাত্মকং অমঙ্গলং বিনাশায় ইত্যর্থঃ) 'চত্বারি অন্যা' (অন্যানি চত্বারি, সর্ব্বাণি ইত্যর্থঃ) 'ভুবনানি' (বিশ্বং ইত্যর্থঃ); 'চারূণি' (মঙ্গলপূর্ণানি, সুশোভনানি) 'চক্রে' (করোতি)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। 'সত্যজ্ঞানসমন্বিতঃ সত্ত্বভাবঃ অমঙ্গলং নাশয়তি—ইতি ভাবঃ। (৩প - ৫দ - ৯খ—৭সা)।

• •

বঙ্গানুবাদ।

দ্যুলোকস্থিত সত্ত্বভাবকে পাইবার জন্য অর্থাৎ তাহার সহিত মিলিত হইবার জন্য সমস্ত জ্ঞানরশ্মি যথার্থ লোকদিগের আশ্রয়স্বরূপ সত্যকে দোহন করে; (ভাব এই যে,—সত্ত্বভাবপ্রাপ্তির জন্য জ্ঞান সত্যাশ্রয়ী হয়); যখন সত্ত্বভাব সত্যের দ্বারা প্রবর্দ্ধিত হয়েন, তখন তিনি তমোগুণাত্মক অমঙ্গলকে বিনাশ করিবার জন্য সকলভুবনকে অর্থাৎ বিশ্বকে মঙ্গলপূর্ণ করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সত্যজ্ঞানসমন্বিত সত্ত্বভাব জগতের হিত সাধন করেন)॥ (৩প—৫অ—৯খ—৭সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

রেণুঋষিঃ। 'অস্মৈ' পবমানায় 'পরমে' উৎকৃষ্টে 'ব্যোমনি' (বিবিধং ওম অবনং গমনং দেবানামত্রেতি) সোমো যজ্ঞঃ তস্মিন্ স্থিতায়। যদ্বা, পরমে ব্যোমন্যন্তরিক্ষে বর্ত্তমানায় 'ত্রিঃ সপ্তঃ' একবিংশতিসংখ্যাকাঃ 'ধেনবঃ' প্রীণয়িত্র্যো গাবঃ 'সত্যাম্' যথার্থভূতং 'আশিরম্' আশ্রয়ণসাধনং ক্ষীরাদি 'দুদুহ্রে' দুহন্তি (যদ্বা। ত্রিঃসপ্ত—দ্বাদশ মাসাঃ—পঞ্চর্ত্তবঃ—ত্রয়ইমে লোকাঃ—অসাবাদিত্য একবিংশ ইতি। এতৈঃ সর্ব্বৈঃ সহ গোষু পয় উৎপাদ্যতে তদসাবো দুহন্তীতি)। কিঞ্চ। অয়ং সোমঃ 'অন্যা' অন্যানি চত্বারি 'ভুবনা' উদকানি বসতীবরীস্তিস্রশ্চৈকধনা ইতি তানি চতুঃসংখ্যানি 'চারূণি' কল্যাণানি 'নির্ণিজে' নির্ণেজনায় পরিশোধনায় পরিপোষণায় বা 'চক্রে' তদা করোতি। 'যদ্' যদা অয়ম্ 'ঋতৈঃ' যজ্ঞৈঃ 'অবর্দ্ধত' বর্দ্ধিতবান্ তদা করোতি। "দুদুহ্রিরে'—'দুদুহ্রে'—ইতি, 'পরমে' 'পূর্ব্যে' ইতি চ পাঠাঃ॥ (৩প-৫অ ৯খ-৭সা)॥

* * *

সপ্তম (৫৬০) সামের মর্ম্মার্থ।

———‡ • ‡———

মন্ত্রটী অত্যন্ত জটিল। ভাষ্যে বা প্রচলিত ব্যাখ্যাদিতেও মন্ত্রার্থ খুব স্পষ্ট হয় নাই। 'ত্রিসপ্ত' পদ সম্বন্ধে ভাষ্যাদিতে নানা ব্যাখ্যা দৃষ্ট হয়। এতৎ সম্বন্ধে সায়ণ-ভাষ্য দ্রষ্টব্য। কেহ কেহ 'ত্রিসপ্ত' পদদ্বয়ে (৩×৭=২১) একুশ অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু 'একুশটী গাভী' এই বাক্যাংশ দ্বারা কি অর্থ সূচিত হইতে পারে তাহা বুঝা যায় না। গাভী সমূহের সংখ্যাই বা নির্দ্দিষ্ট হইবে কেন? ভাষ্যকার দুইটী অর্থের কল্পনা করিয়াছেন। তাহাদ্বারা বুঝা যায় যে, প্রকৃত অর্থ সম্বন্ধে তাঁহার মনেও সন্দেহ আছে। বিশেষতঃ দ্বিতীয় অর্থ একটী রূপকমাত্র। বিবরণকারও ঐ পদের অর্থ সম্বন্ধে অনেক কথা লিখিয়াছেন।

উল্লিখিত হইয়াছে বলিয়া মনে করি। পূর্ব্বেও এরূপস্থলে বহুবর্ষে সঙ্গতি লক্ষ্য করিয়াছি—এখানেও তাহার অন্যথা দৃষ্ট হয় না। সুতরাং প্রচলিত ভাষ্যাদির গবেষণা সম্বন্ধে বিশেষ আলোচনার কোন প্রয়োজন দেখি না। 'ত্রিংশত্' পদ সম্বন্ধে যাহা বলা গেল, 'অষ্টা চত্বারি ভুবনানি' সম্বন্ধেও সেই মন্তব্য প্রযুক্ত হয়। 'নির্ণিজে' পদের ব্যাখ্যা সম্বন্ধে সামবেদ (৩প—৫অ—৯খ—৭সা) দ্রষ্টব্য। (৩প—৫অ—৯খ—৭সা)। *

—— • ——

অষ্টমং সাম।

১ ২ ৩ ১২৩ ১ ২ ৩১

ইন্দ্রায় সোম সুষুতঃ পরি স্রব

২র ৩ ১ ২ ৩২

অপ অমীবা ভবতু রক্ষসা সহ।

৩ ১২ ৩ ২ ৩

মা তে রসস্য মৎসত দ্বয়াবিনো

১ ২ ৩২ ৩ ১ ২

দ্রবিণস্বন্ত ইহ সন্ত্বিন্দবঃ ॥ ৮ ॥

গেয় গানং।

২১ ২ র ৪ ২৩৫ ২১ ২রর

১। ইন্দ্রা। যসোমসুষুতা৩ঃপা৩রিস্রব। অপা। মীবাভবতুরা ৩

৪ ৩র ৩৩ ২র১ ২ ৪ ২র৩৫ ২১

ক্ষা৩সাসহ। মাতাই। রসস্যমৎসতা৩দ.৫য়াবিনঃ। দ্রবাই।

২ ৫ ৩২ ৪

ণস্বন্তইহস। ত্বা৩ইন্দা৫বা ৬৫৬ঃ॥

* * *

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্ততিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয় গান একটী। উহার নাম "মরুতাক্ষেত্রসাম"।

২ ১ র ৪৫ ৪৫র ৪ ৫ ১ররর ২ ২
২। ইন্দ্রায়সোমসুষুতঃপরোঁ। হোইস্রাবা। অপামীবা ভবতুরক্ষসা ১ সা

২ ১র র ২ ২ ২ ৩ ৫ ৩
৩ হা। মাতেরসস্যমৎসতসয়া ১ বী ৬ নো। দ্রা ২ ৩৪ বা। পা ২ ৩ ৪

৫ ১২৩২ ১ ২ ৪ ৩
স্ব। ওাইহসা ৩। হা ২ ৩। তুপা ৩ ইন্দ। ৫ বা ৬ ৫ ৬ঃ ॥ ৮ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে সত্ত্বভাব) 'সুষুতঃ' (বিশুদ্ধঃ) ত্বং 'ইন্দ্রায়' (বলাধিপতিদেবার্থং, ভগবৎপ্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'পরিস্রব' (পরিক্ষর, অস্মাকং হৃদি আবির্ভব); 'অমীবা' (ভবব্যাধি) 'রক্ষসা সহ' (সাধনবিঘ্নৈঃ সহ, রিপুভিঃ সহ) 'অপভবতু' (অপগতঃ, নিরাকৃতঃ ভবতু); 'দ্বয়াবিনঃ' (সত্যানৃতং তেনযুক্তাঃ, কপটচারিণঃ জনাঃ) 'তে' (তব) 'রসস্য' (অমৃতস্য, অমৃতলাভেন ইত্যর্থঃ) 'মা মৎসত' (পরমানন্দং নাপ্নুবন্তু); 'ইন্দবঃ' (সত্ত্বভাবাঃ) 'ইহ' (অস্মিন্ স্থানে, অস্মাকং হৃদয়ে) 'দ্রবিণস্বন্তঃ' (রসবন্তঃ, অমৃতস্রাবিণঃ) 'সন্তু' (ভবন্তু); মন্ত্রোঽয়ং নিত্য-সত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ। বয়ং সত্ত্বভাবং লব্ধা রিপুজয়িনঃ ভবেম, তথা ভগবন্তং প্রাপ্নুয়াম; পাপিনঃ সত্ত্বভাবং লব্ধুং ন শক্নুবন্তু ইতি ভাবঃ। (২প—৫অ-৯খ-৮সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে সত্ত্বভাব! বিশুদ্ধ আপনি ভগবৎপ্রাপ্তির জন্য আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন; ভবব্যাধি রিপুগণের সহিত নিরাকৃত হউক; কপটচারী ব্যক্তিগণ অমৃত লাভে পরমানন্দ প্রাপ্ত হয় না; সত্ত্বভাবসমূহ আমাদিগের হৃদয়ে অমৃতস্রাবী হউন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনা-মূলক। ভাব এই যে,—আমরা সত্ত্বভাব লাভ করিয়া যেন রিপুজয়ী হই, যেন ভগবানকে প্রাপ্ত হই; পাপীব্যক্তি সত্ত্বভাব লাভ করিতে সমর্থ হয় না।) । (২প—৫অ—৯খ—৮সা)।

• • •

সায়ণ-ভাষ্যং।

বেনোভার্গবঋষিঃ। হে 'সোম'! ত্বং 'সুষুতঃ' সন্ 'ইন্দ্রায়' তদর্থং 'পরিস্রব' পরিতো গচ্ছ রসংমুঞ্চ। 'অমীবা' রোগ 'রক্ষসা সহ' 'মা তে রসস্য মৎসত দ্বয়াবিনো দ্রবিণস্বন্ত ইহ' 'অপভবতু' অপগতো বিযুক্তো ভবতু 'তে' তব 'রসস্য' স্বাংশং রসং পীত্বা 'মা মৎসত' মা

ভবন্তু। কঃ ? 'যমাবিনঃ' যশঃ সত্যানৃতং তেন যুক্তাঃ পাপিন ইত্যর্থঃ। কিঞ্চ 'ইন্দবঃ' তে সোমাঃ 'ইহ' অস্মিন্‌যজ্ঞে 'দ্রবিণস্বন্তঃ' অস্মাকং ধনবন্তঃ 'সন্তু' ভবন্তু॥ ৮॥

* * *

অষ্টম (৫৬১) সামের মর্ম্মার্থ।

— ‡ * ‡ —

কপটচারিগণ অমৃতত্ব লাভ করিতে পারে না। মানুষকে ফাঁকি দেওয়া চলে, কিন্তু সর্ব্বদর্শী ভগবানকে ফাঁকি দেওয়া যায় না। জপ তপ প্রভৃতি বাহ্যানুষ্ঠানে তিনি তুষ্ট হয়েন না। তিনি হৃদয়ের দেবতা মানুষের হৃদয় দেখেন। বাহিরে খুব সদ্ভাবের আড়ম্বর দেখাইয়া মানুষের নিকট, অন্ততঃ কিছুকালের জন্য, প্রতিপত্তি লাভ করা যায়, মানুষের শ্রদ্ধাভক্তি আকর্ষণ করা যায়, কিন্তু ভগবানের চক্ষুতে ধুলা দেওয়া যায় না। তাঁহার সহস্র চক্ষু অনিমেষে বিশ্ব পরিদর্শন করিতেছে। মানুষের নিকট প্রতিপত্তি লাভ করিলেও ভগবানের নিকট তাহার কাণাকড়ির মূল্যও নাই-ই, অধিকন্তু তাহার জন্য অপরাপর মানুষের চক্ষুতে ধূলি নিক্ষেপ করার জন্য—শাস্তি ভোগ করিতে হয়। শুধু তাই নয়। মানুষকে প্রতারণা করিতে গিয়া স্বভাবতঃই সর্ব্বনাশকারী আত্ম-প্রতারণা আসিয়া পড়ে। উহা ক্রমশঃই আলেয়ার আলোর মত মানুষকে গভীর হইতে গভীরতম পঙ্কে নিমজ্জিত করে।

ভগবৎসাধনা অন্তরের কাজ। হৃদয়ের পূজাই প্রকৃত পূজা। বিশুদ্ধ হৃদয়ে বাহ্যপূজার অনুষ্ঠানে সাধকের উপকার হয় বটে, কিন্তু অভাবে হৃদয়ের বিশুদ্ধতা না থাকিলে পণ্ডশ্রম হয় মাত্র। তাই সাধক গাহিয়াছেন,—

"চর্ব্ব্য চুষ্য লেহ্য পেয় চারিনা চতুর্ব্বিধ রস;
তুমি কেবল ভাবের ভাবুক, ভাবগ্রাহী ভাবের বশ।"

আবার বাহ্যানুষ্ঠানের ও নিজ হৃদয়ের দৈন্য অনুভব করিয়া সাধক গাহিয়াছেন,—

"মনে মনে মন দেও মা, তাইতে দেখা দাওনা আমায়।"

এই মন্ত্রটী চারি ভাগে বিভক্ত। উহাতে প্রার্থনা ও নিত্য-সত্য প্রখ্যাপন, উভয়ই আছে। প্রথম অংশে সত্ত্বভাব লাভের জন্য দ্বিতীয়ভাগে রিপুনাশ ও অবসাদ নাশের জন্য প্রার্থনা আছে তৃতীয় অংশে নিত্য-সত্য প্রখ্যাপিত হইয়াছে, এবং শেষাংশে আছে সত্ত্বভাব-প্রাপ্তি ও রিপুনাশের জন্য প্রার্থনা। প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের ব্যাখ্যার অনেকাংশে সাদৃশ্য লক্ষিত হইবে॥ (৩প-৫স্ত ১খ ৮সা)॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চাশীতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, দশম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের

নবমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ২৩
অসাবি সোমো অরুষো বৃষা হরী

১ ২৩ ৩ ২ ৩ ১র ২র
রাজেব দস্মো অভি গা অচিক্রদৎ।

৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র
পুনানো বারমত্যেষ্যব্যয়ং শ্যেনো

২র ৩ ১ ২ ৩ ১ ২
ন যোনিং ঘৃতবন্তমাসদৎ ॥ ৯ ॥

গেয়-গানং।

১। অসাবিসো। সোঅরুষো ২ ৩ ৪। বৃষাহর'ইঃ। রাজেবদা।
স্মোঅভিগা ২ ৩ ৪ঃ। অচিক্রদাং। পুনানোবা। রামত্যে।
২ ৩ ৪ ই। সিঅব্যয়াম্। শ্যেনোনয়া। নিজ্য়্তবা ২ ৩।
ন্তমা ৫ সদাৎ। হো ৫ ই। ডা।

২। আসাবী ২ ৩ ৪ সো। সোঅরু ২ ৩ ৪ ষাঃ। বার্ষাহরাস্ত্রে ৩ঃ।
রা।জেবা ২ ৩ ৪ দা। স্মোঅভী ২ ৩ ৪ গাঃ। আচিক্রদা ২ ৩ ৫।
পূনানো ২ ৩ ৪ বা। রামাত্যে ২ ৩ ৪ ষ্যে। ষীঅব্যয়া ২ ৩ ম্।
শ্যেনোনা ২ ৩ ৪ য়ো। নিজ্যার্ত্তা ২ ৩ ৪ বা। ন্তমা ৩।
সা ২ দা ২ ৩ ৪ ঔহোবা। দে ৩। দিনী ২ ৩ ৪ ৫।

৩ ৫র ৪র ৫র ৪র ৫র ৩ র ৫র ৪র ৫ ৩ র ৫

৩। অসাবিসোমো অরুষোবৃষাহ। রাইঃ। রাজেবদস্মো অভিগা অচিক্র।

৩ ৫ র ৪র র ৫ ৩ ৫র ৩ ৫র ৩র র ৫ ৩

দাৎ। পুনানোবারমত্যোষ্যা। যাম্। শ্যেনোনয়োনিঘৃতব। বা।

৩ ২ ১ ৫ ৩ ৫র র ২

ন্তমা ৩। সা২দা৩৩৪ ঔহোবা। এ৩;

১ ১ ১ ১ ১

দিবী ২৩৪৫৭৯॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অরুষঃ' (অহিংসিতঃ, অজাতশত্রুঃ) 'বৃষা' (অভীষ্টবর্ষকঃ) 'হরিঃ' (পাপহারকঃ) 'রাজেব দস্মঃ' (রাজতুল্যদর্শনীয়ঃ, পরমরমণীয়ঃ) 'সোমঃ' (সত্ত্বভাবঃ—অস্মাকং হৃৎস্থিতঃ ইতি যাবৎ) 'অসাবি' (অভিষুতঃ, বিশুদ্ধঃ সন) 'অভি গাঃ' (জ্ঞানরশ্মীন অভিলক্ষ্য, জ্ঞানেন সহ ইত্যর্থঃ) 'অচিক্রদৎ' (শব্দঙ্করোতু, সম্মিলিতঃ ভবতু); 'পুনানঃ' (পবিত্রকারকঃ সঃ) 'বারমত্যেষি' (অমৃতপ্রবাহং) 'অত্যেষি' (অভীত্যাগচ্ছতি, প্রাপ্নোতি); 'শ্যেনঃ ন' (শ্যেনবৎ, ক্ষিপ্রগতিশীলঃ সাধকঃ যথা ভগবন্তং প্রাপ্নোতি তদ্বৎ ইতি ভাবঃ) সত্ত্বভাবঃ 'যোনিং' (উৎপত্তি-স্থানং, অস্মাকং হৃদয়ং ইত্যর্থঃ) 'ঘৃতবন্তং' (উদকবন্তং, অমৃতময়ং কৃত্বা ইতি যাবৎ) 'আসদৎ' (প্রাপ্নোতু); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। জ্ঞানসমন্বিতং অমৃতপ্রাপকং সত্ত্বভাবং বয়ং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প—৫দ—৯থ—৯সা)।

• • •

বঙ্গানুবাদ।

অজাতশত্রু, অভীষ্টবর্ষক, পাপহারক, পরম রমণীয়, আমাদিগের হৃদয়স্থিত সত্ত্বভাব বিশুদ্ধ হইয়া জ্ঞানের সহিত সম্মিলিত হউন; পবিত্রকারক তিনি অমৃতপ্রবাহকে প্রাপ্ত হয়েন; ক্ষিপ্রগতিশীল সাধক যেমন ভগবানকে প্রাপ্ত হয়েন, সেইরূপভাবে সত্ত্বভাব আমাদিগের হৃদয়কে অমৃতময় করিয়া প্রাপ্ত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—জ্ঞানসমন্বিত অমৃতপ্রাপক সত্ত্বভাবকে আমরা যেন লাভ করি।॥ (৩প—৫দ—৯থ—৯সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

ভরদ্বাজো বসুঋষিঃ। 'সোমঃ' 'অসাবি' অভিষুতোঽভূৎ। কীদৃশঃ সোমঃ? 'অরুষঃ' আরোচমানঃ 'বৃষা' বর্ষকঃ 'হরিঃ' হরিতবর্ণঃ। স চ 'রাজেব দস্মঃ' দর্শনীয়ঃ সন গাঃ উদকানি 'অভি' লক্ষ্য 'অচিক্রদৎ' শব্দঙ্করোতি স্বরসনির্গমসময়ে। পশ্চাৎ 'পুনানঃ' পূয়মানঃ

'অব্যং' অবিতবং 'বারং' 'বালং' পবিত্রং 'অত্যেষি' হে সোমঃ! অতিক্রম্য গচ্ছসি ততঃ 'শ্যেনো ন' শ্যেন ইব 'যোনিং' স্বীয়ং স্থানং 'ঘৃতবন্তম্' উদকবন্তম্ 'আসদৎ' বসতীবরীষ্বাসীদতীত্যর্থঃ। 'অত্যেসি'-'পর্য্যেষি' ইতি 'আসদৎ' আসদম্ ইতি চ পাঠাঃ॥ ৯॥

* * *

নবম (৫৬২) সামের মর্ম্মার্থ।

§ * §

মন্ত্রটী প্রার্থনা-মূলক। নানাভাষাবৈচিত্র্যের মধ্যদিয়া একটী ভাবই প্রকাশিত হইয়াছে— তাহা সত্ত্বভাব প্রাপ্তির জন্য প্রার্থনা।

'শ্যেনঃ ন' পদদ্বয়ের দ্বারা আমরা প্রার্থনাকারীর মনের একটা ধারার সন্ধান পাই। ক্ষিপ্রগতিশীল, অর্থাৎ সম্পূর্ণরূপে ভগবানে আত্মসমর্পিত, সৎকর্ম্মান্বিত সাধক যেমন আশুমুক্তি প্রাপ্ত হয়েন, 'ঊর্দ্ধগতিশীল সাধক যেমন তাঁহার চরণে শীঘ্রই আত্মবিলয় করেন, তেমনি ভাবে, তেমনি ক্ষিপ্রগামিতার সহিত, অমৃতপ্রাপক সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে উপস্থিত হউক, আমাদিগের হৃদয়কে অমৃত প্লাবনে অভিষিক্ত করুক' মন্ত্রের প্রার্থনায় এই স্বরই ধ্বনিত হইয়া উঠিয়াছে। হৃদয়ে বিশুদ্ধ সত্ত্বভাবের সঞ্চার হইলে হৃদয় অমৃতময় হয়। সাধক তখন স্বতঃই ভগবানে আত্মবিলোপ করেন।

জ্ঞানের সহিত সত্ত্বভাবের মিলন, সাধকের চরম ও পরম সৌভাগ্যের পরিচায়ক। তাই তাহার জন্য প্রার্থনা করা হইয়াছে। 'অত্যেষি' পদে বিবরণকারের মতানুসারে আমরা প্রথম পুরুষের ক্রিয়াপদ গ্রহণ করিয়াছি, এবং 'অক্রুধঃ' পদে 'অহিংসিত' অর্থ তাহারই অনুসরণে গৃহীত হইয়াছে॥ (৩প—৫অ ৯থ-৯সা)॥ *

—•—

দশমং সাম।

৩ ২উ ৩ ১ ২ ৩ ২ ৩ ১

প্র দেবম্ অচ্ছা মধুমন্ত ইন্দবো

২ ৩ ২ ৩ ২উ ২ ৩ ১ ২

অসিষ্যদন্ত গাব আ ন ধেনবঃ।

৩ ১ ২ ৩ ১ ২ ১ ২

বর্হিষদো বচনবন্তঃ ঊধভিঃ

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২

পরিস্রুতমুস্রিয়া নির্ণিজং ধিরে॥ ১০॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্ব্যশীতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম, "যামানি ত্রীণি"।

গেয়-গানং।

৪ ৫ ২১২র১২ — ১ ২৩ ৫ ২১র২র
প্রাদে। ধনাচ্ছামধুম। তআ২ ইন্দবাঃ। আগিম্যা২৩৪দা। ভগানআ।

— ১ ২৩ ৫ ২১র২র — ১
নথা২ইনবাঃ। বর্হিষা৩৪দাঃ। বচনাবা২। উউ২পভাইঃ।

২৩ ৫ ২১র ২ ২
পারিস্রু২৩৪তাম্। উস্রিয়ানির্ণিজঙ্কাইরায়ে৩। ধাইরা

৫র র ২ ১১১১১
৩৪ঔহোবা। ধা৩ইরা২৩৩৫ই ॥১০॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দেনবঃ ন আ' (জ্ঞানকিরণাঃ যথা সাধকং আশ্রয়ন্তি তদ্বৎ) 'গাবঃ' (জ্ঞানানি, জ্ঞানযুক্তাঃ ইত্যর্থঃ) 'মধুমন্তঃ' (অমৃতময়াঃ) 'ইন্দবঃ' (সত্ত্বভাবাঃ, অস্মাকং হৃদয়স্থিতাঃ ইতি যাবৎ) 'দেবং অচ্ছ' (দেবং প্রতি, ভগবন্তং প্রতি) 'প্রাসিষ্যন্দত' (প্রগচ্ছন্তু); সত্ত্বভাব-প্রভাবেণ বয়ং ভগবন্তং লভেম—ইতি ভাবঃ; 'বর্হিষদঃ' (বর্হিস্থিতাঃ, অস্মাকং হৃদিস্থিতাঃ ইত্যর্থঃ) 'বচনবন্তঃ' (জ্ঞানদায়কাঃ) 'উস্রিয়াঃ' (জ্যোতিঃকণাসমূহাঃ) 'উদভিঃ' (পয়োভিঃ, অমৃতপ্রবাহেণ) 'পরিস্রুতং' (পরিষ্কৃতং) 'নির্ণিজং' (বিশুদ্ধীকৃতং সত্ত্বং) সত্ত্বভাবং ইতি যাবৎ 'ধিরে' (ধারয়ন্তু); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং জ্ঞানসমন্বিতং সত্ত্বভাবং লভেম - ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৩প—৫অ—৯খ—১০সা)।

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানকিরণসমূহ যেমন সাধককে আশ্রয় করে, সেইরূপ জ্ঞানযুক্ত, অমৃতময়, আমাদিগের হৃদয়স্থিত সত্ত্বভাব ভগবানের প্রতি গমন করুক; (ভাব এই যে,—সত্ত্বভাবের প্রভাবে আমরা যেন ভগবানকে লাভ করি); আমাদিগের হৃদয়স্থিত জ্ঞানদায়ক জ্যোতিঃকণাসমূহ অমৃতপ্রবাহের দ্বারা পরিষ্কৃত—বিশুদ্ধীকৃত হইয়া সত্ত্বভাবকে ধারণ করুক। (মন্ত্রটী প্রার্থনা-

মূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন জ্ঞানসমন্বিত সত্ত্বভাব লাভ করি।)॥ (৫প—৫অ—৯খ—১০সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

সএব ঋষিঃ। 'মধুমন্তঃ' মদকরবসযুক্তাঃ 'ইন্দবঃ' সোমাঃ 'দেবং দ্যোতমানং' সোমাত্মকম্ ইন্দ্রম্ 'অচ্ছ' প্রতি 'প্রাসিষ্যদন্ত' পরিস্যন্দন্তে গ্রহাদিষু প্রক্ষরন্তি। স্যন্দতের্ণ্যন্তস্য লুঙি চঙি রূপম্ তত্র দৃষ্টান্তঃ। 'গাব আ ন ধেনবঃ' পয়স্বিন্যঃ প্রীণয়িত্র্যঃ গাবো যথা বৎসং প্রতি পয়াংসি প্রস্রবন্তি তদ্বৎ। কিঞ্চ 'বর্হিষদঃ' বর্হিষি সীদন্ত্যঃ। বচনব্যত্যয়ঃ। উস্তারগাদিশব্দবন্তঃ (উস্রেতি গোনাম) তাদৃশ্যো 'গাবঃ' উধভিঃ পয়আধারৈঃ স্বৈঃ স্বৈরূধোভিঃ তেজাঃ 'পরিস্রুতং' পরিতঃ স্রবণশীলং নির্ণিজং শুদ্ধং পয়োভূতং সোমরসং 'ধিয়ে' ধধিয়ে ইন্দ্রার্থং ধারয়ন্তি। (৩প ৫অ - ৯খ - ১০সা)॥

* * *

দশম (৫৬৩) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। আমরা জ্ঞানসমন্বিত সত্ত্বভাব লাভ করিয়া যেন ভগবানের চরণে পৌঁছিতে পারি। আমাদিগের জ্ঞান যেন সত্ত্বভাবমণ্ডিত হয়।

সত্ত্বভাব সর্ব্বত্রই বিদ্যমান আছে। পাপী তাপী সৎ অসৎ সকলের অন্তরেই সত্ত্বভাব আছে। ভগবান যেমন সর্ব্বভূতে বর্ত্তমান। সত্ত্বভাবও সেইরূপ সমস্ত বিশ্বে অনুস্যূত হইয়া রহিয়াছেন। আধারের প্রকার ভেদে প্রকাশের পার্থক্য হয় মাত্র। ভগবান্ সকলের মধ্যেই ঊর্দ্ধগতি লাভের উপায় দিয়াছেন। আমরা তাহার সদ্ব্যবহার করিলেই মুক্তি লাভ করিতে পারি।

বীজের ন্যায় যে সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে আছে, তাহাকে বিকাশিত করিয়া তুলিবার জন্যই সাধনার প্রয়োজন। সাধক প্রার্থনা ও আরাধনা করেন—হৃদয়কে পবিত্র নির্ম্মল করিয়া তাহাতে ভগবানের শক্তি বিকাশের জন্য। এই মন্ত্রে সেই অন্তরস্থিত শক্তিবীজেরবিকাশের জন্যই প্রার্থনা করা হইয়াছে। মন্ত্রান্তর্গত 'উসঃ' পদের ব্যাখ্যার জন্য আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম—৬সূ—২ঋ) এবং 'বর্হিষি' পদের ব্যাখ্যার জন্য (১ম ১০সূ—৫ঋ) দ্রষ্টব্য। (৩প - ৫অ—৯খ — ১০সা)। •

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের অষ্টাধিকষষ্টীতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, ঊনবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী। উহার নাম "সঙ্কতাঙ্কেহু"।

একাদশং সাম।

১ ২ ৩ক ২র ৩ ১২ ৩ ১ ২
অঞ্জতে ব্যঞ্জতে সমঞ্জতে ক্রতুং

৩ ২ ৩ক ২র
রিহন্তি মধ্বা অভ্যঞ্জতে।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
সিন্ধোঃ উচ্ছ্বাসে পতয়ন্তম্ উক্ষণং

৩ ২ ৩ ২ ৩ ১ ২
হিরণ্যপাবাঃ পশুম্ অপ্সু গৃভ্ণতে॥ ১১॥

* * *

গেয়-গানং।

২ ১ ২ ১ ২ ১ — ১ ২র ১
১। অঞ্জতাই। বিয়ঞ্জতাই। সমঞ্জাতা ২ ই। ক্রতুং রিহা। ন্তীমধুবা।

২ ১ — র ১ ২র ১ ২ ১ — ১
ভিয়ঞ্জাতা ২ ই। সিন্ধোরুচ্ছ্বা। সেপতয়া। ন্তমুক্ষাণা ২ ম্ হিরণ্যপা।

২র ১ ২র ১ ২ ১ ১ ১ ১
বাঃ শুমা। প্সগৃভ্ণতা ৩ ১ উবা ২ ৩ ৪ ৫॥

* * *

৩ ১ ১ ২ ১ ১ ৪ ২৩৫ ৩২
২। অঞ্জা ৩ হো। তে ৩ হোই। বিয়ঞ্জতে ৩ সা ৩ মঞ্জতাই। ক্রতু

১ ৩২ ১ ২ ৪ ২৩৫ ৩২
ং ৩ হোই। রিহা ৩ হো। ন্তিমধুবা ৩ ভী ৩ অঞ্জতাই। সিন্ধো ৩

১ ৩২ ১ ২র ৪ ৪৩৫ ৩২ ১
হোই। উচ্ছ্বা ৩ হো। সেপতয়া ৩ ন্তা ৩ মুক্ষাণম্। হিরা ৩ হো।

৩২ ১ ২র ৩২ ৪
ণ্যপা ৩ হো। বাঃ পশুম। প্সুগা ৩ ভৃ্ণা ৩ তা ৬ ৫ ৬ ই॥

* * *

৪ ৫ ১ ৩৪৫ র৩৪৫ র ১৩২ ১৩২
৩। হাবাঞ্জা। তা ২৩৪ ই। বিয়ঞ্জতেগমঞ্জতে। এহিয়া। এহিয়া।

৫ ১ ৩৪র ৩৪৫ র ১৩২
৩৪। হাউক্রাতুম্। রা ২৩৪ ই। হস্তিমধুনাভিয়ঞ্জতে। এহিয়া।

১৩২ ৫ ১ ৩র র ৪৩৪৫
এহিয়া ৩৪। হাউসাইন্ধোঃ। উ ২৩৪৫। চ্ছ্বাসেপাতয়ন্তমুক্ষণম্।

১ ২ ১৩২ ৫ ১ র ৩র
এহিয়া। এহিয়া ৩৪। হাউহাইরা। ণ্যা ২৩৪। পাবাঃ

৪৩৪ ৩৪৫ র ১৩২ ১৩২
পশুমপ্সু গৃভ্ণতে। এহিয়া। এহিয়া ৩৪।

৫ ৪
হাউ। বো ৫ ই। ডা ১১॥

• • •

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

সাধকাঃ 'সিন্ধোরুচ্ছ্বাসে' (সত্ত্বসমুদ্রতরঙ্গে) 'পতয়ন্তং' (নিমজ্জমানং, পতনশীলং, সত্ত্বভাবপ্রাপকং ইত্যর্থঃ) 'উক্ষণং' (অভীষ্টবর্ষকং) 'ক্রতুং' (সৎকর্ম্ম) 'অঞ্জতে ব্যঞ্জতে, সমঞ্জতে' (সম্যক্‌প্রকারেণ, সর্ব্বতোভাবেন গচ্ছন্তি, প্রাপ্নুবন্তি, সাধয়ন্তি ইত্যর্থঃ); 'মধ্বা' (মধুনা, অমৃতেন) 'অভ্যঞ্জতে' (অভিগচ্ছন্তি, মিশ্রিতং কুর্ব্বন্তি); সাধকাঃ সত্ত্বভাবপ্রাপকং অমৃতময়ং সৎকর্ম্ম সাধয়ন্তি—ইতি ভাবঃ; 'হিরণ্যপাবাঃ' (হিরণ্যেন পুনন্তঃ, পবিত্রহৃদয়াঃ সাধকাঃ ইত্যর্থঃ) 'পশুং' (পশুত্বং, অজ্ঞানতাং) 'অপ্সু' (অমৃতেষু, অমৃতপ্রবাহে) 'গৃভ্ণতে' (গৃহ্ণন্তি)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ অমৃতেন অজ্ঞানতাং দূরং কুর্ব্বন্তি—ইতি ভাবঃ॥ (৩প ৫অ ৯খ - ১১সা)॥

• • •

বঙ্গানুবাদ।

সাধকগণ সত্ত্বসমুদ্রতরঙ্গে পতনশীল, অর্থাৎ সত্ত্বভাবপ্রাপক, অভীষ্ট-বর্ষক সৎকর্ম্ম সম্যক্‌প্রকারে, সাধন করেন, অমৃতের সহিত মিশ্রিত করেন; (ভাব এই যে,—সাধকগণ সত্ত্বভাবপ্রাপক অমৃতময় সৎকর্ম্ম সাধন করেন); পবিত্রহৃদয় সাধকগণ অজ্ঞানতাকে অমৃতপ্রবাহে লইয়া যান; (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সাধকগণ অমৃতের দ্বারা অজ্ঞানতা দূর করেন)। (৩প—৫অ—৯খ—১১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অদ্রিষাবিহ। সোমং ঋত্বিজঃ 'অঞ্জতে' গোভিঃ তথা 'ব্যঞ্জতে' বিবিধমঞ্জন্তি 'সমঞ্জতে' সম্যক্ অঞ্জন্তি। স্তুত্যর্থত্বাদপুনরুক্তিঃ তথা 'ক্রতুং' বলকর্ত্তারং 'রিহন্তি' লিহন্তি আস্বাদয়ন্তি দেবাঃ। তথা পুনঃ 'মধ্বা' মধুনা রসেন 'অভ্যঞ্জতে'। তমেব সোমং 'সিন্ধোঃ' উদকস্য রসস্যাধারভূতে 'উচ্ছ্বাসে' উচ্ছ্রিত দেশে পতয়ন্তং' গচ্ছন্তং (পতত্যুতগ্যাবিত্যস্মাৎ স্বার্থিকো ণিচ বৃদ্ধ্যভাবশ্ছান্দসঃ) 'উক্ষণং' সেক্তারম্ 'হিরণ্যপাবাঃ' হিরণ্যেন পুনন্তঃ 'পশুং' দ্রষ্টারং পশুঃ পশ্যতেরিতি নিরুক্তম্। অপ্সু বসতীবরীষু গৃভ্ণন্তি গৃহ্ণন্তি। মধ্বা মধুনা ইতি অপ্সু আপ্সু ইতি চ পাঠঃ। (৩প ৫অ ৯খ—১১সা)।

* * *

একাদশ (৫৬৪) সামের মর্ম্মার্থ।

——:§ * §:——

সাধকগণ সৎকর্ম্মসম্পাদন করেন। সাধনার ঐকান্তিকতা বুঝাইবার জন্য একার্থবাচক 'অঞ্জতে' 'ব্যঞ্জতে' 'সমঞ্জতে' প্রভৃতি পদসমূহ ব্যবহৃত হইয়াছে। সাধকগণ কেবল বাহ্য আড়ম্বরের জন্য সৎকর্ম্মসাধনে ব্যাপৃত হয়েন না, পরন্তু তাঁহাদের সমস্ত হৃদয়-মন তাহাতে ঢালিয়া দেন। তাঁহাদিগের প্রত্যেক নিঃশ্বাস পতনেও সৎকার্য্যের চিন্তা মনে জাগরূক থাকে।

সেই সৎকর্ম্মের স্বরূপ বুঝাইবার জন্য কয়েকটী বিশেষণ ব্যবহৃত হইয়াছে। 'সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তং' সত্ত্বসমুদ্রতরঙ্গে পতনশীল, অর্থাৎ সত্ত্বভাবপ্রাপক। সৎকর্ম্ম স্বভাবতঃই সত্ত্বভাবের সহিত মিলিত হয়। সৎকর্ম্মের দ্বারা হৃদয় পবিত্র হইলে তাহাতে সত্ত্বভাবের সঞ্চার হয়। সুতরাং পরিণামে সাধকের চরম অভীষ্টলাভ হইয়া থাকে।

যাঁহাদের হৃদয় পবিত্র, তাঁহাদের নিকট অজ্ঞানতা থাকিতে পারে না। অজ্ঞানতা তাঁহাদের হৃদয়ের অমৃতময় পবিত্রতায় ডুবিয়া যায়, অজ্ঞানতার অস্তিত্ব বিলুপ্ত হয়। মানুষের হৃদয়ে যে পশুত্ব, অজ্ঞানতা আছে, তাহা সাধকের সাধনাগ্নিতে পুড়িয়া ভস্ম হইয়া যায়, তাঁহাদের কোনও অনিষ্ট করিতে পারে না।

প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রার্থ সম্পূর্ণ অন্যরূপ পরিগ্রহ করিয়াছে। উদাহরণ স্বরূপ নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "(পুরোহিতগণ) তাঁহাকে (সোমকে) মাখিতেছেন ও তৎপরিতভাবে মাখিতেছেন, যেহেতু সেই সোম ক্রতু অর্থ কার্য্যকুশল। যখন সিন্ধু অর্থাৎ তাঁহার রস উচ্ছ্বসিত হয়, তখন তিনি নিম্নে পতিত হন, তিনি রস সেচন করিতে থাকেন, তৎক্ষণাৎ স্বর্ণাভরণ ধারী পুরোহিতগণ তাঁহাকে জলে লইয়া যান, যেরূপ লোকে পশুকে (স্নানের জন্য) জলে লইয়া যায়।" (৩প—৫অ ৯খ—১১সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়শীতিতম সূক্তের ত্রিচত্বারিংশী ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, বিংশবর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী। উহাদের নাম "সার্পানি ত্রীণি"।

দ্বাদশং সাম।

৩ ১ ২ ৩ ১ ২
পবিত্রং তে বিততং ব্রহ্মণস্পতে

৩ ১র ২র ৩ ১ ৩ ৩ ১ ২
প্রভুঃ গাত্রাণি পর্য্যেষি বিশ্বতঃ।

১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ২ ৩
অতপ্ততনূর্ন তদামো অশ্নুতে শৃতাস

১ ২ ৩ ১ ২র
ইৎ বহন্তঃ সং তদাশত ॥ ১২ ॥

* * *

গেয়-গানং।

২ ১ ২র ১ ২ ১ ২ ১ ১ ২
১। পবিত্রন্তেবিততং ব্রহ্মণস্পতে ৩। হুবে ২ ৩। ২। হোবা ৩

২ ২ ১ র ২ র ১ ২র ১ ১
হা ৩। হাই। প্রভুর্গাত্রাণিপরিয়েষিবিশ্বতা ২ ৬ঃ। হুবে ২ ৩। ২।

১ ২ ২ ২ ১ ২ র ১ ৫র ১র ৩
হোবা ৩ হা ৩। হাই। অতপ্ততনুর্নতদা ২ মো অশ্নুতে ৩।

১ ১ ২ ২ ২ ১র ২ ১ ২
হুবে ২ ৩। ২। হোবা ৩ হা ৩ হাই। শৃতাসইদ্বহন্তঃ

১ ৫র ১ ১ ২
সন্তদা ২ শত। হুবে ২ ৩। ২। হোবা ৩

২ ২ ৫র র ২ ১র র র ৫র
হা ৩। হা ৩৪। ঔহোবা। অর্ক্কোদেবানা ২

১র ১র ৪ ৩ ১ ১ ১ ১
স্পরমেণিস্মো ২ মা ২ ৩ ৪ ৫ ন্‌ ॥

• • •

২১ ২র১ ২ ১ ২ ১ ২র ১ —
২। পবিত্রন্তেবিততং ব্রহ্মণস্পতে ৩। হুবাই। ঔহোবা ২।

২র২র ১ ২র ১ ১ ২র ১ —
প্রভুর্গাত্রাণিপরিয়েষিবিশ্বতা ২ ৩ঃ। হুবাই। ঔহোবা ২।

১ ২ র১ ২র ২ ১ ২র —
অতপ্ততনূর্ণতদা ২ মো অশ্নুতে ৩। হুবাই। ঔহোবা ২।

১র২১২ ১ ২র ১ ২র ১
শৃতাসইদ্বহন্তঃ সন্তদা ২ শত। হুবাই। ঔ। হো ২।

৩ ৫র র ২১২র১র২১র ২র
বা ২৩৪। ঔহোবা। অর্কংদেবাঃপরমেবিয়ো ২

৩ ১ ১ ১ ১
মা ২ ৩ ৪ ৫ ন ॥ ১২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ব্রহ্মণস্পতে' (হে জ্ঞানাধিপতে, হে পরমব্রহ্ম) 'তে' (তব) 'পবিত্রং' (পবিত্রসত্ত্বা) 'বিততং' (সর্ব্বত্র বিস্তৃতা ব্যাপ্তা—ভবতি ইতি শেষঃ); 'প্রভুঃ' (সর্ব্বস্য অধীশ্বরঃ) ত্বং 'বিশ্বতঃ' (সর্ব্বতোভাবেন, যদ্বা বিশ্ববাসিনঃ সর্ব্বান) 'গাত্রাণি' (অস্মাকং সর্ব্বাঙ্গাণি, অস্মান ইত্যর্থঃ) 'পর্য্যেষি' (প্রগচ্ছ, প্রাপয়); সর্ব্বে লোকাঃ ভগবন্তং প্রাপ্নুবন্তু—ইতি ভাবঃ; 'আমঃ' (অপরিপক্কঃ, অপরিপক্কমতিঃ জনঃ) 'তং অতপ্ততনূঃ' (শীতলং, শান্তিদায়কং ত্বাং) 'ন অশ্নুতে' (ন ভুঙ্‌ক্তে, ন লভতে ইত্যর্থঃ); 'শৃতাসঃ' (সত্যশীলাঃ) 'ইৎবহন্তঃ' (জ্ঞানং বহন্তঃ, জ্ঞানিনঃ) 'তৎ' (ত্বাং) 'সমাশত' (প্রাপ্নুবন্তি); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্যেন জ্ঞানেন ভগবল্লাভঃ ভবতি—ইতি ভাবঃ। (৩প-৫অ-৯খ—১২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে পরমব্রহ্ম! আপনার পবিত্রসত্ত্বা সর্ব্বত্র ব্যাপ্ত আছে; সকলের অধীশ্বর আপনি সর্ব্বতোভাবে আমাদিগকে (অথবা বিশ্ববাসী সকলকে), প্রাপ্ত হউন; (ভাব এই যে,—সকল লোক ভগবানকে প্রাপ্ত হউন); অপরিপক্কমতি জন শান্তিদায়ক আপনাকে লাভ করে না; সত্যশীল জ্ঞানি-

গণ আপনাকে প্রাপ্ত হয়েন; (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সত্যদ্বারা জ্ঞানদ্বারা ভগবৎ প্রাপ্ত হয়।) (৩অ—৫অ—৯খ—১২সা)॥

* * *

সায়ণ ভাষ্যং।

পবিত্র ঋষিঃ। হে ব্রহ্মণস্পতে! মন্ত্রস্য স্বামিন! সোম 'তে' 'পবিত্রং' শোধনমঙ্গং বিততং সর্ব্বত্র বিস্তৃতং। স প্রভুঃ প্রভাবিতা ত্বং গাত্রাণি পাতুরঙ্গানি পর্য্যেষি পরি গচ্ছসি। বিশ্বতঃ সর্ব্বতঃ তব তৎপবিত্রং 'অতপ্ততনুঃ' পয়োব্রতাদিনা অসন্তপ্তগাত্রঃ 'আমঃ' অপরিপক্বঃ নাশ্নুতে ন ব্যাপ্নোতি। 'শৃতাসঃ ইৎ' শৃতা এব পরিপক্বা এব 'বহন্তঃ' যাগং নির্ব্বহন্তঃ তৎ পবিত্রং সমাশত ব্যাপ্নুবন্তি 'সমশত' 'তৎসমাসত' ইতি পাঠৌ॥ ১২॥

পঞ্চমাধ্যায়স্য নবমঃ খণ্ডঃ সমাপ্তঃ।

* * *

দ্বাদশ (৫৬৫) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী প্রার্থনা-মূলক ও নিত্যসত্য-প্রখ্যাপক। পরম ব্রহ্ম এই বিশ্ব ব্যাপিয়া আছেন। এই বিশ্ব তাঁহারই বিভূতির বহিঃপ্রকাশমাত্র। যাহা কিছু হইয়াছে, যাহা কিছু হইবে, সমস্তই তাঁহার বিভূতি। তিনি বিশ্বের অধীশ্বর, জগতের নিয়ন্তা। সত্যশীল জ্ঞানিগণ সেই পরম পুরুষকে লাভ করিতে সমর্থ হয়েন। অদূরদর্শী ব্যক্তিগণ আপাত-মনোহর সুখের সন্ধানে ধাবিত হয়; তাই সেই পরম-বস্তু লাভ করিতে পারে না।

মন্ত্রের মধ্যে একটী বিশ্বজনীন ভাব আছে। বিশ্বের সকলেই যাহাতে মোক্ষলাভ করিতে পারে, তজ্জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। এখানে একটী প্রশ্ন উঠিতে পারে যে, ভগবান্ যদি সর্ব্বত্র বিদ্যমান থাকেন, তাহা হইলে সকলে তাঁহাকে পায়না কেন? এই প্রশ্নের উত্তর আর একটী প্রশ্নের দ্বারা দেওয়া যায়। তাহা এই যে,—সূর্য্যকিরণ তো সকল বস্তুর উপরই পতিত হয়, তবে কেবল সূর্য্যকান্তমণিই সূর্য্যকিরণসংস্পর্শে অগ্নি বিকীরণ করে কেন? ভগবান্ সর্ব্বত্রই বিদ্যমান আছেন সত্য, কিন্তু তাঁহাকে দর্শন করিবার উপযোগী চক্ষু থাকা চাই; তাঁহাকে ধারণ করিবার উপযোগী হৃদয় থাকা চাই। তবেই তাঁহাকে লাভ করা যায়। সকলের সেই চক্ষু বা হৃদয় নাই বলিয়াই তো এই বিশ্বজনীন প্রার্থনা! (৩প - ৫অ ৯খ – ১২সা)॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্র্যশীতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান দুইটী। উহাদের নাম, "অর্কপুষ্পম্" "অর্কপুষ্পোত্তরম্"।

ওঁ

সামবেদ-সংহিতা।

—— ‡ • ‡ ——

কৌথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

পবমানং পর্ব্ব (তৃতীয়ং পর্ব্ব)। পঞ্চমোঽধ্যায়ঃ। দশমঃ খণ্ডঃ।

• • •

দশম খণ্ডঃ।

ইন্দ্রমচ্ছেতি খণ্ডেঽস্মিন্ ঋচো দ্বাদশ সংস্থিতাঃ।
সকলা উষ্ণিহস্তত্র নক্ষাস্তে ঋষয়ঃ পৃথক্॥

* * *

প্রথমং সাম।

১ ৩ ১ ২ ৩ ২ ৩ ১র ২র ৩ ১ ২
ইন্দ্রম্ অচ্ছ স্যুতা ইমে বৃষণং যন্তু হরয়ঃ।

৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
শ্রুষ্টে জাতাস ইন্দবঃ স্বর্ব্বিদঃ॥ ১॥

* * *

গেয়-গানং।

৫ ২ ১ ২র ৩র ৫ ১ ২ ১ ২ ২র
১। ইন্দ্রেমচ্ছা। সুতাইমা। ঔহো ২ ৩ ৪ বা। বৃষণংয। তুহরয়া।

৩র ৫ ২ ১ ২র ১ ২ ৩ ২ ১ ২ ১ — ২
ঔহো ২ ৩ ৪ বা। শুষ্টাইজাতা। সইন্দবাঃ। স্বর্ব্বা ২ ৩ ইদা।

১
৩ ৪ ৩ঃ। ও ২ ৩ ৪ ৫ ই। ডা॥

* * *

৫ ২ ১ ২ ১২ ২ ১ ২ ১ ৭ --
২। ইন্দ্রগচ্ছা। সুতাইমা ৩ই; তাই ৩মাই। বৃষণংয তুহরয়া ২ঃ।

১২ ২ র র ৪র ১৭ -- ১ ২ ২
হায়া ৩ য়াঃ। শ্রুষ্টেজাতা ৩ সাইন্দবা ২ঃ। আইন্দা ৩ বা ৩ঃ।

১ ২ ৫র র ২ র ১ ১ ১ ১ ১
সুবরা ৩ ৪। ওঁহোবা বিদোনী ৩ দা ২৩৪৫ঃ॥

* . *

৪৫ ৪ ২ ১২ — ১ -- ১২
৩। ইন্দ্রম্। ইন্দ্রাম্। অচ্ছা ৩ সুতা ১ ইমে ২। আইমে ২। বৃষণংয।

১৭ — ১ — র র ৪র ৭ — ১
তুহরয়া ২ঃ। রায়া ২ঃ। শ্রুষ্টেজাতা ৩ স। ইন্দবা ২ঃ। দানা ২ ৩ঃ।

১ ২ ৫র র ২ ১ ১ ১ ১ ১
সুবরা ৩ ৪। ওঁহোবা। বিদো ৩ নিদা ২ ৩ ৪ ৫ঃ॥

* . *

৩৪৩৪ ৩র ৪৩র ৪৫ ২ ২২৩ ১২
৪। ইন্দ্রমচ্ছসুতাইমেবৃষণংযস্তুহা। হো ৩ ৪ ৩। রয়আ। শ্রুষ্টাউবা।

১ ২ ৩ ৪৫ ২ ৩২
আতাউবা ৩ ৪। সইন্দবঃসুবা। হো। বিদও ২ ৩ ৪ ৫ ই। ডা॥

* . *

২১২ ৪৫ ১৳৩ ৫ ২১২১ ২৳৩ ৫
৫। ইন্দ্রমা ৩ চ্ছসু। তাঈ ২ ৩ ৪ মাই। বৃষাণংযা। তুহারা ২ ৩ ৪ য়াঃ।

২ ১ র ৭ ৩ ২ ১৩১১১১
শ্রুষ্টাইজাতা। সঈ ২ ন্দা ২ ৩.৪ ৫ বা ৬ ৫ ৬ঃ। সুবর্বিদা ২ ৩ ৪ ৫॥ ১॥

* . *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'শ্রুষ্টে' (শ্রুষ্টী, ক্ষিপ্রাঃ, আশুমুক্তিদায়কাঃ ইত্যর্থঃ) 'স্বর্বিদঃ' (সর্ব্বজ্ঞাঃ) 'ইমে জাতাসঃ' (অস্মাকং হৃদয়ে উৎপন্নাঃ) 'হরয়ঃ' (পাপহারকাঃ) 'ইন্দবঃ' (সত্ত্বভাবাঃ) 'সুতাঃ' (অভিষুতাঃ, বিশুদ্ধাঃ সত্ত্বাঃ ইত্যর্থঃ) 'বৃষণং' (অভীষ্টবর্ষকং) 'ইন্দ্রং' (বলাধিপতিদেবং,

ভগবন্তং) 'অচ্ছ' (প্রতি) 'যন্তু' (গচ্ছন্তু) ; প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবসহায়েন বয়ং ভগবন্তং প্রাপ্নুয়াম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প—৫অ-১০খ-১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

আশুমুক্তিদায়ক, সর্ব্বজ্ঞ, আমাদিগের হৃদয়ে উৎপন্ন, পাপহারক, সত্ত্বভাব বিশুদ্ধ হইয়া অভীষ্টবর্ষক ভগবানের প্রতি গমন করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—সত্ত্বভাব সহায়ে আমরা যেন ভগবানকে প্রাপ্ত হই।)॥ (৩প—৫অ—১০খ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অগ্নিশ্চাক্ষুসঋষিঃ। 'শ্রুষ্টে' শ্রুষ্টী ক্ষিপ্রং 'আশাসঃ' জাতাঃ 'ইন্দবঃ' পাত্রেষু ক্ষরন্তঃ 'স্বর্বিদঃ' সর্ব্বজ্ঞাঃ 'হরয়ঃ' হরিতবর্ণাঃ 'সুতাঃ' অভিষুতাঃ 'ইমে' সোমাঃ 'বৃষণং' কামানাং সেক্তারমিন্দ্রং 'অচ্ছ' 'যন্তু' আভগচ্ছন্তু। (৩প ৫অ ১০খ—১সা)॥

* * *

প্রথম (৫৬৬) সামের মর্ম্মার্থ।

—— § * § ——

মন্ত্রটী সরল প্রার্থনা-মূলক। আমাদিগের হৃদয়স্থিত সত্ত্বভাব ভগবানের প্রতি গমন করুক অর্থাৎ সত্ত্বভাবযুক্ত হইয়া আমরা যেন ভগবৎচরণ লাভ করি—ইহাই প্রার্থনার সারমর্ম্ম।

ভগবান্ অভীষ্টবর্ষক। সেই কল্পতরু-মূলে যে যাহা প্রার্থনা করে, সে তাহাই পায়। অবশ্য সেই প্রার্থনা বিশ্ব-মঙ্গলনীতির অনুগামী হওয়া চাই, নতুবা প্রার্থনাকারীকেই দুঃখ পাইতে হইবে। সাধকগণের চিত্ত নির্ম্মল, তাঁহাদের হৃদয়ে ভগবানের মঙ্গলনীতি উজ্জ্বল-ভাবে ফুটিয়া উঠে। সুতরাং তাঁহাদের প্রার্থনাও মঙ্গলনীতির অনুগামীই হয়। তাঁহাদের কোন প্রার্থনা অপূর্ণ থাকে না।

সত্ত্বভাব সর্ব্বত্রই আছে। আমাদের প্রত্যেকের হৃদয়েই সত্ত্বভাব বীজরূপে নিহিত আছে। সেই বীজকে সাধনার দ্বারা বিকশিত করিতে হইবে। বিশুদ্ধ করিতে পারিলেই তাহা দ্বারা দেবপূজা করা যায়। খনিতে রত্ন থাকে বটে, কিন্তু তাহাকে ব্যবহার লাগাইতে হইলে পরিষ্কৃত করিয়া লওয়া প্রয়োজন। আমাদের হৃদয়স্থিত সত্ত্বভাব সম্বন্ধেও একথা প্রযোজ্য॥ (৩প-৫অ—১০খ—১সা)॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের বড়ধিক শততম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, নবম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান পাঁচটী। উহাদের নাম "সদে দ্বে" "অনুসদে দ্বে" "পৌষ্কলম্"।

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
প্র ধন্বা সোম জাগৃবিঃ ইন্দ্রায় ইন্দো পরিস্রব।
৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
দ্যুমন্তঁ৺ শুষ্মম্ আভর স্বর্বিদম্ ॥ ২ ॥

গেয়-গানং।

১। প্রধন্বাসো৲হোই। ঔ৩হো২৩৪বা। মজাগৃবিঃ। ইন্দ্রায়েন্দো৲হোই ঔ৩হো২৩৪বা। পরিস্রব। দ্যুমন্তঁ৺শো৲হোই। ঔ৩হো২৩৪ বা। শুষ্মাভর। স্বর্বির্বিদো৲হোই। ঔ৩হো২৩৪৫ বা৬৫৬। উ২৩৪পা ॥

২। প্রধন্বাসো৲হো। বা৩হো। মজাগৃবী২ঃ। ইন্দ্রায়েন্দো৲হো। বা৩ হোই। পরিস্রাবা২। দ্যুমন্তঁ৺শো৲হো। বা৩হো। শুষ্মাভারা২। স্বর্বিবিদো৲হো। বা৩হো২। বা২৩৪ঔহোবা। উ২৩৪পা ॥

৩। ঔহোহোই। প্রধন্বাসো২। ঔহোহো মজাগৃবী২ঃ। ঔহোহাই। ইন্দ্রায়াইন্দা২। ঔহোহোই। পারিস্রাবা২। ঔহোহোই। দ্যুমন্তাঁ৺শু২। ঔহোহো। শুষ্মাভারা২। ঔহোহোই। স্বর্বঃ। বা২ই। বা২৩৪। ঔহোবা। উ২৩৪পা ॥

১ ~ ১ — ১ ১ ২ ১ — ২র ১ —
৪। হুবা২ই। হুবা২ই। হুবা২৩হোয়ি। প্রধন্বাপো২। মজাগৃবী২ঃ।

র ১ — ১ — ১ — র ১ — ১
ইন্দ্রায়েন্দো২। পরিস্রবা২। দ্যুমন্তং শু২। ষ্মাভরা২। স্ববর্বি-

— ১ — ১ — ১ ১ ৲
দা২ম। হুবা২ই। হুবা২ই। হুবা২৩হো২।

৩ ৫র র ৩ ৫
বা২৩৪ঔহোবা। ঊ২৩৪পা॥

* * *

১১ ৪র ৫র ১ ৲ ৩ ৫ ১
৫। প্রধন্বা২৩সোমজাগৃবীঃ। ইন্দ্রা২য়া২৩৪ইন্দো। ওই।

২ ১ ২ ২ ১ ৲ ৩ ৫ ১ ৭
পা৩রাইস্র৩বা। দ্যুমা২ন্তা২৩৪শুং। ও। ষ্মাভা

৲ ২ ১ ১ ১ ১ ১
২৩৪৫রা৬৫৬। স্বর্বিদা২৩৪৫ম্।২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব) 'জাগৃবিঃ' (জাগরণশীলঃ, চৈতন্যস্বরূপঃ ইত্যর্থঃ) সন্ 'প্রধন্ব' (প্রক্ষর, অস্মাকং হৃদি আবির্ভব); 'ইন্দো' (হে সত্ত্বভাব) ত্বং 'ইন্দ্রায়' (বলাধিপতিদেবার্থং, ভগবৎপ্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'পরিস্রব' (পরিক্ষর, অস্মাকং হৃদি সমুৎপন্ন); তথা অস্মভ্যং 'দ্যুমন্তং' (দীপ্তিযুক্তং) 'স্বর্বিদং' (সর্ব্বজ্ঞং, পরাজ্ঞান-সমন্বিতং ইত্যর্থঃ) 'শুষ্মং' (শত্রুশোষকং, রিপুনাশকং বলং) 'আভর' (প্রযচ্ছ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবৎপ্রাপ্তয়ে বয়ং পরাজ্ঞানসমন্বিতং রিপুনাশকং সত্ত্বভাবং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩প—৫অ—১০শ ২দ)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! চৈতন্যস্বরূপ আপনি আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন; হে সত্ত্বভাব! আপনি ভগবৎপ্রাপ্তির জন্য আমাদিগের হৃদয়ে

সমুদ্ভূত হউন; এবং আমাদিগকে দীপ্তিযুক্ত পরাজ্ঞানসমন্বিত রিপুনাশক বল প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবৎপ্রাপ্তির জন্য আমরা যেন পরাজ্ঞানসমন্বিত রিপুনাশক সত্ত্বভাব লাভ করি।)॥ (৩প—৫অ—১০খ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

* চক্ষুর্ম্মানস ঋষিঃ। হে 'সোম'! 'জাগৃবিঃ' জাগরণশীলস্ত্বং 'প্রধন্ব' প্রক্ষর। হে 'ইন্দো' সোম! ইন্দ্রায় 'পরিস্রব' পরিতঃ পাত্রেষু গর। কিঞ্চ 'দ্যুমন্তং' দীপ্তিযুক্তম্। 'স্বর্ব্বিদং' সর্ব্বস্যলম্ভকং 'শুষ্মং' শত্রূণাং শোষকং বলং 'আভর' আহর॥ (৩প—৫অ—১০খ—২সা)।

* * *

দ্বিতীয় (৫৬৭) সামের মর্ম্মার্থ।

—:*:—

মায়াবিনঃ। ৩। মমিরেঅস্যমা ৩। যা বা। হাউ। ৩।

১র ২ ২২ ২১র ২
জ্যোতির্বিশ্বম্। ৩। নৃচক্ষসঃ ৩। পিতরোগর্ভমা ৩।

৪৫ ২র ১র ২ ১র
দাধুঃ হাউ। ৩। জ্যোতির্বিশ্বম্। ২। জ্যোতা ২ ৩ ই

২ ২ ১র ৩ ১১১১
র্বিশ্বাউ। বা ৩। এ ৩। জ্যোতী ২ ৩ ৪ ৫। ২।

* . *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা ।

‘উষসঃ’ (জ্ঞানোন্মেষিকাদেব্যাঃ) ‘অগ্রিয়ঃ’ (মুখ্যং, প্রধানভূতং) ‘পৃশ্নিঃ’ (জ্যোতিঃ) ‘অরূরুচৎ’ (রোচয়তি, জ্ঞানালোকিতং করোতি—জনানাং হৃদয়ং ইতি যাবৎ); ‘ভুবনেষু’ (ভূতজাতেষু, সর্ব্বলোকানাং হৃদয়ে ইতি ভাবঃ) ‘বাজয়ুঃ’ (আত্মশক্তিং ইচ্ছন্, আত্মশক্তিপ্রদায়কঃ) ‘উক্ষা’ (কামাভিবর্ষকঃ দেবঃ) ‘মিমেতি’ (করোতি জনান্ আত্মশক্তিসম্পন্নান্ ইতি যাবৎ) ‘অস্য’ (অস্য দেবস্য, ভগবতঃ ইত্যর্থঃ) ‘মায়য়া’ (শক্ত্যা, প্রজ্ঞয়া) ‘মায়াবিনঃ’ (প্রজ্ঞাসম্পন্নাঃ, দেবাঃ) ‘মমিরে’ (নির্ম্মিতবন্তঃ, সৃষ্টাঃ ভবন্তি) ‘নৃচক্ষসঃ’ (নৃণাং দ্রষ্টারঃ, লোকানাং রক্ষকাঃ) তথা ‘পিতরঃ’ (পালকাঃ তে দেবাঃ) ‘গর্ভং’ (জগতঃ উৎপত্তিনিদানং, উৎপত্তিবীজং) ‘আদধুঃ’ (ধারয়ন্তি); নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ । ভগবান্ হি জগতঃ মূলকারণং; তস্মাৎ সর্ব্বং জগৎ প্রাদুর্ভবতি; সঃ হি লোকানাং অভীষ্টপূরকঃ জ্ঞানদায়কঃ ভবতি—ইতি ভাবঃ । (৪প—৬দ—২খ—২সা) ।

* . *

বঙ্গানুবাদ ।

জ্ঞানোন্মেষিকা দেবীর মুখ্য জ্যোতিঃ মানুষের হৃদয়কে জ্ঞানালোকিত করেন; সকল লোকের হৃদয়ে আত্মশক্তিপ্রদায়ক, কামাভিবর্ষক দেব মানুষকে আত্মশক্তিসম্পন্ন করেন; ভগবানের শক্তি দ্বারা দেবগণ সৃষ্ট হয়েন; লোকদিগের রক্ষক এবং পালক সেই দেবগণ জগতের উৎপত্তি-বীজ ধারণ করেন । (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক । ভাব এই যে,—ভগবানই জগতের মূলকারণ; তাঁহা হইতে সমস্ত জগৎ প্রাদুর্ভূত হয়; তিনিই লোকদিগের অভীষ্টপূরক এবং জ্ঞানদায়ক হয়েন ।) । (১প—৬দ—২খ—২সা) ।

* . *

সায়ণ-ভাষ্যং ।

অরূরুচদিতি ঋচং পবিত্রো দৃষ্টবানৃষিঃ ।
পবমানো দেবতা স্যাচ্ছন্দশ্চ জগতী স্মৃতা ॥

‘উষসঃ’ সম্বন্ধী ‘পৃশ্নিঃ’ আদিত্যঃ (‘পৃশ্নিরাদিত্যো ভবতি প্রাশ্নুত এনং—নৈ০ ২।১৪—বর্ণঃ’—ইতি নৈরুক্তাঃ) ‘অগ্রিয়ঃ’ অগ্র্যো মুখ্যঃ সোমঃ ‘অরূরুচৎ’ রোচয়তি । সঃ ‘উক্ষা’ জগতঃ সেক্তা পর্জ্জন্যঃ সন্ ‘মিমেতি’ ভৃশং শব্দায়তে । ‘ভুবনেষু’ ভূতজাতেষু ‘বাজয়ুঃ’ তেষামন্নমিচ্ছন্ । ‘মায়াবিনঃ’ মায়া প্রজ্ঞা তদ্বন্তো দেবাঃ ‘অস্য’ সোমস্য ‘মায়য়া’ প্রজ্ঞয়া ‘মমিরে’ নির্ম্মিতবন্তঃ (সোমস্য একৈকাংশ পান-বলাৎ অগ্ন্যাদয়ঃ স্ব-স্ব-ব্যাপারেণ জগৎ সৃজন্তীত্যর্থঃ) । তস্যৈব মায়য়া ‘নৃচক্ষসঃ’ নৃণাং দ্রষ্টারঃ ‘পিতরঃ’ পালকাঃ দেবাঃ অঙ্গিরসঃ পিতরো বা ‘গর্ভং’ ‘আদধুঃ’ ধারয়ন্তি ওষধিষু । স চাত্র গর্ভাত্মা সোমঃ ভবতি । সূর্য্য-

সুখ্যাত্মগমাধীনস্বর্দ্ধনাচ্ছন্নস্তু। যদ্বা অস্মৎপূর্ব্বে পিতরঃ সবিতা অরুরুচৎ রোচয়তি রোচতে বা সর্ব্বং প্রীতং করোতি তৎ সদ্বন্ধো নৃচক্ষসো নৃণাং দ্রষ্টারঃ পিতরো অপক্রমকাঃ রশ্ময়ো পর্জ্জন্যাদধুর্ ধারয়ন। 'নমোভিভুবনেষু'—'বিশ্বভিভুবনানি'—ইতি সায়নচঃ পাঠভেদঃ ॥ ২॥

* * *

দ্বিতীয় (৫৯৬) সামের মর্ম্মার্থ।

——‡•‡——

মন্ত্রটি নিত্য-সত্য-প্রখ্যাপক। উহা চারিভাগে বিভক্ত। প্রথম ও দ্বিতীয় অংশে ভগবানের কৃপায় মানুষের জ্ঞানলাভের ও অভীষ্টপূরণের দ্বারা বিবৃত হইয়াছে এবং তৃতীয় ও চতুর্থ অংশে জগদুৎপত্তির ক্রম বর্ণিত হইয়াছে।

ভগবান হইতেই জগতের উৎপত্তি হইয়াছে। তিনি জগতের পিতামাতা ও পালক। এই বিশ্ব তাঁহারই বিকাশ মাত্র। পাশ্চাত্য দার্শনিকদের কথায় বলা যায় "The Eternal Idea realising itself in and through the manifestation of the world. আমরা দেখিব যে এই পাশ্চাত্য দার্শনিক মতটা অনাদি বেদজ্ঞানের অস্ফুট প্রতিধ্বনি অথবা অনুকরণ মাত্র। ঋগ্বেদের নাসদীয় সূক্তে উক্ত হইয়াছে,

"আনীদবাতং স্বধয়া তদেকং তস্মাদ্ধান্যন্ন পরঃ কিঞ্চনাস।"

"কামস্তদগ্রে সমবর্ত্ততাধি মনসো রেতঃ প্রথমং যদাসীৎ"

"রেতোধা আসন্ মহিমান আসন্ৎস্বধা অবস্তাৎ প্রযতিঃ পরস্তাৎ।"

"কেবল সেই একমাত্র বস্তু বায়ুর সহকারিতা ব্যতিরেকে আত্মা-মাত্র অবলম্বনে নিশ্বাস-প্রশ্বাসযুক্ত হইয়া জীবিত ছিলেন। তিনি ব্যতীত আর কিছুই ছিল না। ...সর্ব্বপ্রথম মনের উপর কামের আবির্ভাব হইল, তাহা হইতে সর্ব্বপ্রথম উৎপত্তিকারণ নির্গত হইল.. রেতোধা পুরুষেরা উদ্ভব হইলেন, মহিমা সকল উদ্ভূত হইলেন।"

জগদুৎপত্তি সম্বন্ধে ইহার চেয়ে সুন্দর মীমাংসা আর হয় নাই, হইবার সম্ভাবনাও নাই। বর্ত্তমান মন্ত্রের শেষভাগে জগতের উৎপত্তি সম্বন্ধে একই সত্য প্রকাশিত হইয়াছে। ভগবানের শক্তিধারা দেবতাগণ সৃষ্ট হয়েন, তাঁহাদের মধ্যে যাবতীয় বস্তুর বীজ নিহিত থাকে। অন্য একদিক দিয়াও এই মন্ত্রাংশে প্রখ্যাপিত সত্যে উপনীত হওয়া যায়। ভগবানের প্রজ্ঞাতে যাহা সমষ্টি (Idea) বিদ্যমান তাঁহারাই দেবতাস্থানীয়। এই ভাব হইতেই জগতের সৃষ্টি। জগতের বীজ ভাবরূপে ভগবৎ-অন্তরে নিহিত থাকে। ভগবানের লীলায় তাহা যখন তাঁহার আবরণের বিসরীভূত হয়, তখনই জগৎ প্রকাশিত হইয়া থাকে,—সৃষ্টি আরম্ভ হয়। এই জগৎ ভগবানের প্রজ্ঞা হইতে সৃষ্ট; সেই প্রজ্ঞা অনাদি অনন্ত। বেদ তাঁহারই বিকাশ। এই সত্য উপলব্ধি করিয়াই বেদের ভাষ্যকার লিখিয়াছেন,

যস্য নিশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ।

নির্ম্মমে তমহং বন্দে বিদ্যাতীর্থ-মহেশ্বরং॥"

বেদই প্রজ্ঞা; এই প্রজ্ঞা হইতে দেবগণের উৎপত্তি। দেবগণ হইতে (অথবা জগতের

(আধার হইতে) জগতের উৎপত্তি। বর্ত্তমান মন্ত্রের মধ্যে এই তত্ত্বই বিবৃত হইয়াছে। অনুসারিণী-ব্যাখ্যার অনুসরণেই সমস্ত বিষয় পরিস্ফুট হইবে। (৪প—৭দ—২খ ২সা)। •

—— • ——

তৃতীয়ং সাম।

২ ৩ ১উ ৩ ২৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইন্দ্র ইদ্ধর্য্যো সচা সম্মিশ্ল আ বচোযুজা।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইন্দ্রো বজ্রী হিরণ্যয়ঃ ॥ ৩ ॥

* * *

গেয়-গানং।

১২ ১২র ১ র২১ ১ — ১ ২ ১র ২ ১ ২র রর
ইন্দ্রমিদ্গাথিনোবৃহৎ। এ ২। হন্দ্রমর্কেভিঃ। আর্কিণোবা। ঔহোবা
র রর রর র ২র ১ ২ ২ রর১ ২
ঔহোবা ঔহোবা। ঔহোহাই। ৩। ইন্দ্রংবাণীরনূ ২ ৩ ষ. তাউ।
২ ৫ ২র ১ র র ১ ২
বা ৩। ঔ ২ ৩ ৪ ডা। ঔহোবা। ৩। ঔহোহাই। ৩।
২ ১ ২ ২ র১ ২
ইন্দ্রইদ্ধর্য্যা ২ ৩ ঃ সচা ৩। সম্মিশ্ল আবচো ২ ৩ যুজা ৩।
২রর র ২র ১ ২ ২ র র১ ২
ঔহোবা। ৩। ঔহোহাই। ৩। ইন্দ্রোবজ্রীহিরা ২ ৩ ণ্যয়াউ।
৫ ২র রর ২র ১ ২
বা ৩। ঔ ২ ৩ ৪ ডা। ঔহোবা। ৩। ঔহোহাই। ৩।
২ র র১ ২ ২
ইন্দ্রবাজেষুনো ২ ৩ অবা ৩। সহস্র প্রধনা ২ ৩ ইষুচা ৩।
২র রর ২র ১ ১ ২ র ১
ঔহোবা। ৩। ঔহোহাই। ৩। উগ্রউগ্রা ৩
২ ২ ১ ১ ১ ১ ১
ভি ২ ৩ ভিআউ। বা ৩। ইট্। ইড়া ২ ৩ ৪ ৫ ॥ ১১-১৩ ॥

• এই সাম-মন্ত্রটীর দুইটী গেয়-গান আছে।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বচোযুজা (বচোযুজয়োঃ, বচসা ভগবদ্বাক্যানুরূপেণ কর্ম্মণা যুজ্যেতে যুক্তয়োঃ শাস্ত্রানুসারিণোঃ কর্ম্মসহযুক্তয়োঃ) 'হর্য্যোঃ' (জ্ঞানভক্তিরূপদিব্যকিরণয়োঃ) 'সচা' (সহ) 'ইন্দ্রঃ ইৎ (ভগবান্ ইন্দ্রদেবো নিশ্চিতমেব) 'আ সম্মিশ্লঃ' (সম্যক্ মিলিতো ভবতীতি শেষঃ) ; ইন্দ্র (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'বজ্রী' (বজ্রযুক্তঃ, বজ্রধারী, কঠোরভাবাপন্নঃ) 'হিরণ্যয়ঃ' (হিরণ্ময়ঃ স্বর্ণাভরণভূষিতঃ, দয়াদাক্ষিণ্যাদিগুণভূষণভূষিতঃ, করুণাসম্পন্নঃ ইতি ভাবঃ)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সৎকর্ম্মণা সহ ভগবতঃ সম্বন্ধঃ অবিচ্ছিন্নঃ। ভগবান্ দুর্জ্জনানাং শাসকঃ সজ্জনানাং পালকঃ ইতি ভাবঃ। (৪প—৬ষ—২খ—৩সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

ভগবদ্বাক্যানুরূপ (শাস্ত্রানুসারী) কর্ম্মের দ্বারা যুক্ত (প্রাপ্ত) জ্ঞান-ভক্তিরূপ-দিব্যকিরণ সহ ভগবান্ ইন্দ্রদেব নিশ্চয় সম্মিলিত হয়েন; তিনি বজ্রের ন্যায় কঠোর; তিনি সুবর্ণের ন্যায় কমনীয় (স্নেহশীল)। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। মন্ত্রের ভাব এই যে,—সৎকর্ম্মের সহিত ভগবানের অবিচ্ছিন্ন সম্বন্ধ। তিনি দুর্জ্জনের দমনকারী এবং সজ্জনের প্রতিপালক)। (৪প—৬ষ—২খ—৩সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

বচোযুজমিত্যস্য বৈশ্বামিত্রঃ ঋষিঃ তাদৃ গায়ত্রী ছন্দঃ ইন্দ্রো দেবতেতি। 'ইন্দ্র ইৎ' ইন্দ্র এব 'হর্য্যোঃ' হরিনামকয়োরশ্বয়োঃ 'সচা' সহ যুগপৎ 'আ সম্মিশ্লঃ' সর্ব্বতঃ সমামিশ্রয়িতা। কীদৃশয়োঃ হর্য্যোঃ? 'বচোযুজা' ইন্দ্রস্য বচনমাত্রেণ রথে যুজ্যমানয়োঃ সুশিক্ষিতয়োরিত্যর্থঃ। অয়ং 'ইন্দ্রঃ 'বজ্রী' বজ্রযুক্তঃ 'হিরণ্যয়ঃ' হিরণ্ময়ঃ। সর্ব্বাভরণৈরূপেত ইত্যর্থঃ। ৩।

* * *

তৃতীয় (৫৯৭) সামের মর্ম্মার্থ।

—•—

এই সামের অর্থ-সঙ্গতি বিষয়ে বড়ই সমস্যা দেখিতে পাই। সায়ণ-ভাষ্যের অনুসরণে অর্থ হয়,—'ইন্দ্রেরই বাক্য মাত্রে হরি নামক অশ্বদ্বয় তাঁহার রথে সংযুক্ত হয়। ইন্দ্র বজ্রযুক্ত এবং স্বর্ণাদিনির্ম্মিত ভূষণে ভূষিত।' পরবর্ত্তী ব্যাখ্যাকারগণ প্রায় সকলেই ঐ অর্থ গ্রহণ করিয়াছেন। তাঁহাদের মত এই যে, বচোযুজা' শব্দ 'বচোযুজয়োঃ' (ষষ্ঠীর দ্বিবচন) হইবে এবং উহা 'হর্য্যোঃ' শব্দের বিশেষণ হেতু উহার অর্থ হইবে—'বচন মাত্রে (ইন্দ্রের) রথে যুক্ত।' বলা বাহুল্য, মন্ত্রে রথবাচক কোনও শব্দ নাই; কিন্তু ঐরূপ অর্থের জন্য

একটী 'রথে' শব্দ এখানে টানিয়া আনিতে হইবে। 'আ সম্মিশ্ল.' শব্দে 'সম্যক্ মিশ্রয়িতা; এবং তদনুসারে 'রথের সহিত অশ্বের মিশ্রণকারী' অর্থ নিষ্পন্ন করা হয়। 'আ সম্মিশ্লঃ' শব্দে 'মিশ্রিত হওনের' ভাব-হেতু কেহ আবার ঐ অংশের অর্থ করিয়াছেন,—'ইন্দ্রদেব, বাক্য মাত্র রথে অশ্ব সংযুক্ত করিয়া সকলের সহিত মিলিত হন ' মন্ত্রের শেষাংশের 'হিরণ্যয়ঃ' (হিরণ্যময়ঃ) শব্দকে কেহ আবার মন্ত্রের বিশেষণ-রূপে কল্পনা করিয়া ঐ শব্দে 'লৌহ-নির্ম্মিত' অর্থ স্থির করিয়াছেন।

'তাঁহার বচনমাত্রে বা ইঙ্গিতমাত্রে অশ্বদ্বয় সংযুক্ত হয়'—এরূপ উক্তির কি মূল্য আছে, অথবা এরূপ উক্তিতে সেই দেবরাজ ইন্দ্রের যে কি গৌরব বৃদ্ধি হয়, আমরা তাহা বুঝিয়া উঠিতে পারি না। অশ্বের সহিত 'আ সম্মিশ্লঃ' অর্থাৎ 'সম্যক্‌রূপে মিশ্রিত হওনই' বা কি? অশ্বস্বামী তিনি, অশ্বকে যথেচ্ছ চালনা করিতে পারেন; তাহাতে আর তাঁহার পৌরুষই বা কি আছে? সে পৌরুষ-ঘোষণাই যদি সামের লক্ষ্য হয়, তাহা হইলে বেদকে নমস্কার করিয়া বেদের নিকট হইতে বিদায় গ্রহণ করাই কর্ত্তব্য মনে করি। তিনি 'বজ্রধারী' বলিয়া ভয় পাইতে পারি; তিনি স্থবর্ণালঙ্কার-বিভূষিত—সুতরাং ধনবান্ বলিয়া তাঁহার চরণলেহনে উদ্বুদ্ধ হইতে পারি; কিন্তু তাঁহার বচনমাত্রে তাঁহার রথে অশ্ব সংযুক্ত হয় জানিয়া, কি দিব্য ভাব মনে আসিতে পারে—বুঝিতে পারি না। অসাধারণ পুরুষ হইতে নিঃসৃত বেদ যে এত সাধারণ কথায় পূর্ণ আছে, তাহা মনে করিতেও কষ্ট হয়।

তবে কি? মন্ত্রে তবে কি কোন নিগূঢ় ভাব ব্যক্ত আছে? 'হরি' শব্দের অর্থ যে 'কিরণ' 'জ্যোতিঃ', এ বিষয় আমরা পূর্ব্বেই বুঝাইয়াছি। দ্বিবচনান্ত 'হরী' শব্দে যে 'জ্ঞান ভক্তির দিব্য জ্যোতিঃ' বুঝায়, তাহাও পূর্ব্বেই প্রতিপন্ন করিয়াছি। এখানে একটী নূতন শব্দ—'বচোযুজা' (বচোযুজয়োঃ)। এ শব্দের অর্থ আমরা মনে করি—'ভগবানের বাক্য বা উপদেশানুরূপ বিহিত কর্ম্মানুষ্ঠান দ্বারা যুক্ত বা প্রাপ্ত।' এইবার এই অর্থের কি সার্থকতা, তাহা উপলব্ধি করুন। অনেক সময় মিথ্যাকেও সত্য বলিয়া প্রতীত হয়। তাই রজ্জুতে সর্পজ্ঞান—সত্যজ্ঞান নহে—ভ্রমজ্ঞান। ভক্তিও এইরূপ অনেক সময় অযথা পাত্রে ন্যস্ত হইতে পারে। সুতরাং সকল ভক্তিই ভক্তি-নামের বাচ্য নহে। এ মন্ত্রে তাই বলা হইয়াছে,—'ভগবানের উপদেশানুরূপ কর্ম্মের দ্বারা সঞ্জাত (প্রাপ্ত) যে জ্ঞান-ভক্তি, তাহারই সহিত শ্রীভগবান্ সম্যক্-রূপে মিলিত হন।' পক্ষান্তরে বলা হইতেছে,—'তদ্রূপ জ্ঞান-ভক্তির দ্বারাই মানুষ ভগবানে লীন হইতে পারে।' সামের এই অর্থই সঙ্গত বলিয়া মনে করি।

তিনি বজ্রধর ও স্থবর্ণালঙ্কার-বিভূষিত। তাঁহার এই দুই বিশেষণের বিশেষ সার্থকতা দেখি—দুই শ্রেণীর লোকের পক্ষে। যে জন কুকর্ম্মপরায়ণ, যে জন ভগবানের উপদেশানুরূপ ভগবৎ-প্রীতি-সাধনোদ্দেশে কোনও কর্ম্মে প্রবৃত্ত নহে; অর্থাৎ, যে পাপী; তাহার নিকট তিনি বজ্রধর, ভীষণ-মূর্ত্তি; কিন্তু যে জন সৎকর্ম্মপরায়ণ, 'তৎকর্ম্ম হরিতোষং যৎ'—এই জ্ঞানে যে জন ভগবানের কর্ম্মে উৎসৃষ্ট-প্রাণ, তাহার নিকট তিনি স্থবর্ণালঙ্কার-পরিহিত—স্নেহকারুণ্যাদি-গুণবিভূষণ-বিভূষিত। দুর্জ্জনের দৃষ্টিতে তাহার মূর্ত্তি বিষম বিভীষিকাপ্রদ আর, সজ্জন সাধুর নিকট তিনি সদা আনন্দময়।

সামের ইহাই প্রকৃত তাৎপর্য্যার্থ। তাঁহার অশ্বযোজিত রথ প্রভৃতি অর্থ অধিকারী বিশেষের ভগবদারাধনায় প্রবৃত্তিদানের উদ্দেশ্যে প্রযুক্ত হইয়াছে মনে করিলেও, সামের নিগূঢ় ভাব তাহা নহে। (৪প—৬অ—২খ—৩সা)। *

—— • ——

চতুর্থং সাম।

২ ৩ ১ ২ ৩ ১ ২
ইন্দ্র বাজেষু নঃঅব সহস্রপ্রধনেষু চ।
৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
উগ্র উগ্রাভিঃ ঊতিভিঃ ॥ ৪ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলাধিপতে হে দেব) 'উগ্রঃ' (অপ্রধৃষ্যঃ, পরমশক্তিশালী ত্বং) 'বাজেষু' (শক্তিলাভেষু, আত্মশক্তিলাভায় ইত্যর্থঃ) 'চ' (তথা) 'সহস্র প্রধনেষু' (অসংখ্যারিপুভিঃ সহ সংগ্রামেষু জয়লাভায় ইতি যাবৎ) তব 'উগ্রাভিঃ ঊতিভিঃ' (পরমরক্ষাশক্তিভিঃ) 'নঃ' (অস্মান) 'অব' (রক্ষ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মান্ আত্মশক্তিসম্পন্নান্ তথা রিপুজয়িনঃ কুরু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪প—৬অ—২খ—৪সা)।

* * *

বঙ্গানুবাদ।

বলাধিপতি হে দেব! পরমশক্তিশালী আপনি আত্মশক্তি লাভের জন্য এবং অসংখ্য রিপুসংগ্রামে জয়লাভের জন্য আপনার পরম রক্ষাশক্তি দ্বারা আমাদিগকে রক্ষা করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব রিপুজয়ী এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে আত্মশক্তিসম্পন্ন এবং করুন।)। (৪প—৬অ—২খ—৪সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্র'! 'উগ্রঃ' শত্রুভিরপ্রধৃষ্যঃ ত্বং 'উগ্রাভিঃ' অপ্রধৃষ্যাভিঃ 'ঊতিভিঃ' অস্মদ্বিষয়াভিঃ রক্ষাভিঃ 'বাজেষু' যুদ্ধেষু 'নঃ' অস্মান 'অব' রক্ষ তথা 'সহস্রপ্রধনেষু চ' সহস্রসংখ্যাক-গজাশ্বাদি-লাভযুক্তেষু মহাযুদ্ধেষ্বপি রক্ষ। (৪প-৬অ—২খ—৪সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের সপ্তম সূক্তের চতুর্থী ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)। তৃতীয় ও চতুর্থ সামের একত্র একটী মাত্র গেয়-গান আছে। তাহা তৃতীয় সামের পরেই প্রদত্ত হইয়াছে। ঐ গেয়-গানের মন্ত্রের সংখ্যা নির্দ্দেশক সর্ব্বশেষ সংখ্যা "১২—১৩"এর পরিবর্ত্তে "৩-৪" হইবে।

চতুর্থ (৫৯৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী সরল প্রার্থনা-মূলক। রিপুসংগ্রামে জয়লাভের জন্ম এবং আত্মশক্তি লাভের জন্ম প্রার্থনা করা হইয়াছে। ভগবানই মানুষের বন্ধু, তিনিই মানুষকে বিপদ হইতে রক্ষা করেন। তিনি রক্ষা না করিলে দুর্ব্বল মানবকে রিপুর কবলে আত্মাহুতি দিতে হইত। তিনি তাঁহার রক্ষাস্ত্রদ্বারা মানবের রিপুগণকে বিনাশ করেন বলিয়াই মানুষ তাঁহার চরম গন্তব্য পথে চলিতে সমর্থ হয়। তাই সেই পরমদেবতার চরণেই শক্তিলাভ ও রিপুজয়ের জন্ম প্রার্থনা করা হইয়াছে।

এই মন্ত্রের ব্যাখ্যায় প্রচলিত ভাষ্যাদির সহিত আমাদিগের বিশেষ কোন অনৈক্য হয় নাই। এই মন্ত্রে 'বাজেষু' পদে ভাষ্যকার 'সংগ্রামেষু' অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু ভাষ্যেই অন্যত্র 'বাজং' পদে 'অন্নং, শক্তিং' ইত্যাদি অর্থ দৃষ্ট হয়। আমরা পূর্ব্বাপরই "শক্তি, আত্মশক্তি" প্রভৃতি অর্থ গ্রহণ করিয়াছি। এস্থলেও ঐ অর্থই গৃহীত হইয়াছে। অন্যান্য পদের ব্যাখ্যা মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় দ্রষ্টব্য। (৪প—৬অ—২খ—৪সা)।

—•—

পঞ্চমং সাম।

১ ২ ৩ ১ ২ ১ ১ ২ ১র
প্রথশ্চ যস্য সপ্রথশ্চ নাম

২র ৩ ১ ২ ৩ ২
অনুষ্টুভস্য হবিষো হবির্যৎ।

৩ ১ ২র ৩ ২ ৩ ১ ২
ধাতুঃ দ্যুতানাৎ সবিতুশ্চ বিষ্ণো

৩ ১ ২র ৩ ১ ২
রথন্তরম্ আজভারা বসিষ্ঠঃ ॥ ৫ ॥

*

১ ২ ১ ২ — ২ ২ ২র
১। হাউপ্রাথাঃ। চসপ্রথঃ। চনা ২। মা ৩ উবা ৩। ঈহা। গা

১ ৩ ৫ ৩ ৫ ১র ২ ১ ২ ১ —
হুবাই। ও ২ ৩ ৪ বা। ঈ ২ ৩ ৪ ভা। আনুষ্টুভস্যহবিষঃ। হবা ২

* এই সামও তৃতীয় সামের একত্র একটী মাত্র গেয়-গান আছে। ঐ গেয় গান তৃতীয় মন্ত্রের পরেই প্রদত্ত হইয়াছে।

২ ২ ২র র ১ ৩ ৫ ৩
ইঃ। যা ৩ উবা ৩। ঈহা। ৩। হুবাইও ২ ৩ ৪ বা। ঈ ২ ৩ ৪

৫ ২র ১ র ২র ১ ২ — ২ ২ ২র র
ডা। ধাতুর্দ্যুতা নাম্নবিতুঃ। চবা ২ ই। ষ্ঠা ৩ উবা ৩। ঈহা। ৩।

৩ ৫ ৩ ৫ ২ ৩২ ২র র
হুবাই। ও ২ ৩ ৪ বা। ঈ ২ ৩ ৪ ডা। রথন্তরমাজভারা।

১ — ২ ২ ২র র ১ ৩
বগা ২ ই। ষ্ঠা ৩ উবা ৩। ঈহা। ৩। হুবাই ও ২ ৩

৫ ৩ ২ ২ ১
৪ বা। ঈ ২ ৩ ৪ ডা। এ ৩। হুং ॥

* * *

১ ২ ১ ২ — ২ ২র র
২। প্রাণাঃ। চয়স্থগপ্রথঃ। চনা ২। যা ৩ ১ উবা ২ ৩। ইডা। ৩।

১ র ২র ৩ ৫ ১র ২ ১২
হোই। হো। বাহা ৩ ১ উবা ২ ৩। ই ২ ৩ ৪ হা। আমুস্টুভস্তহবিষঃ।

১ — ১ ২র র ৩ র ২র
হবা ২ ইঃ। যা ৩ ১ উবা ২ ৩। ঈডা ৩। হাই। হো। বাহা ৩ ১

৩ ৫ ২র ১ র ২র ১ —
উবা ২ ৩। ঈ ২ ৩ ৪ হা। ধাতুর্দ্যুতানাংগবিতুঃ। চবা ২ ই।

২ ৫র ২ ২র র ১ র ২র
ষ্ঠা ৩। উবা ৩। ইডা। ৩। হোই। হো। বাহা ৩ ১

৩ ৫ ২ ১র ২র র ১ —
উবা ২ ৩। ঈ ২ ৩ ৪ হা। রথন্তরমাজভারা। বগা ২ ই।

২ ২ ২র র ১ র ২র
ষ্ঠা ৩ ১ উবা ৩ ই। ইডা। ৩। হোই। হোবাহা ৩ ১

৩ ৫ ২
উবা ২ ৩। ঈ ২ ৩ ৪ হা। এ ৩।

১ ৩ ১ ১ ১ ১
হুম্ভা ২ ৩ ৪ ৫ঃ। ৫ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা

'অনুষ্টুভস্য' (অনুষ্টুপ্ছন্দসাযুক্তস্য, প্রার্থনাযুক্তস্য, প্রার্থনাপরায়ণস্য) 'হবিষঃ' (ধর্ম্মস্য, দীপ্তস্য, জ্যোতির্ম্ময়স্য ইত্যর্থঃ) 'যস্য' (যস্য বসিষ্ঠস্য, জ্ঞানিনঃ ইত্যর্থঃ) 'যং' 'হবিঃ' (পূজোপকরণং—ভগবতঃ ইতি যাবৎ) 'প্রথঃ' (বিখ্যাতঃ) 'চ' (তথা) 'সপ্রথঃ' (ব্যাপকঃ, ভগবৎপ্রাপকঃ ইত্যর্থঃ,) ভবতঃ ইতি যাবৎ, 'বসিষ্ঠঃ' (জ্ঞানী জনঃ) তৎ 'নাম' (প্রসিদ্ধং) 'রথন্তরং' (শ্রেষ্ঠং ভগবৎপূজোপকরণ-রূপং সৎকর্ম্মসাধনসামর্থ্যং ইতি ভাবঃ) 'দ্যুতানাৎ' (জ্যোতির্ম্ময়াৎ) 'সবিতুঃ' (জগৎপ্রসবিতুঃ) 'চ' (তথা) 'ধাতুঃ' (জগৎ-ধারণকর্ত্তুঃ) 'বিষ্ণোঃ' (জগদ্ব্যাপকাৎ দেবাৎ ভগবতঃ ইত্যর্থঃ) 'চ' (এব) 'আজভার' (প্রাপ্নোতি); নিত্যসত্যমূলকোঽয়ং। জ্ঞানীজনঃ ভগবতঃ হি ভগবৎপ্রাপকং সৎকর্ম্মসাধন-সামর্থ্যং লভতে—ইতি ভাবঃ। (৪প—৬অ—২য—৫সা)॥

* * *

বঙ্গানুবাদ।

প্রার্থনাপরায়ণ জ্যোতির্ম্ময় জ্ঞানীব্যক্তির যে ভগবৎ-পূজোপকরণ বিখ্যাত এবং ভগবৎ-প্রাপক হয়, জ্ঞানীব্যক্তি সেই প্রসিদ্ধ শ্রেষ্ঠ ভগবৎ-পূজোপকরণ-রূপ সৎকর্ম্মসাধনসামর্থ্যই জ্যোতির্ম্ময় জগৎ প্রসবিতা এবং জগদ্ধারণকারী জগদ্ব্যাপক দেব হইতে প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। ভাব এই যে, জ্ঞানী ব্যক্তি ভগবান্ হইতেই ভগবৎ-প্রাপক সৎকর্ম্মসাধনসামর্থ্য প্রাপ্ত হয়েন।) ॥ (৪প—৬অ—২য—৫সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপশ্যৎ প্রথইভোতাং ত্রিষ্টুভং প্রথনামকঃ।
বৈশ্বদেবীং ভবেদেবং ছন্দোঃ দৈবতানির্ণয়ঃ॥

'যস্য' বসিষ্ঠস্য 'প্রথঃ' নাম পুত্রঃ যস্য ভরদ্বাজস্য 'সপ্রথঃ নাম' পুত্রঃ 'তয়োর্ম্মধ্যে বসিষ্ঠঃ মম পিতা 'অনুষ্টুভস্য' অনুষ্টুপ্ছন্দসা যুক্তস্য 'হবিষঃ' ধর্ম্মাখ্যস্য 'যজুর্ভিঃ' হবিঃপ্রা-পাদকং 'রথন্তরং' নাম তদ্রথন্তরং 'ধাতুঃ' ধাতৃসংজ্ঞাদ্দেবাৎ 'দ্যুতানাৎ' দ্যোতমানাৎ সবিতুশ্চ বিষ্ণোশ্চ 'আজভার' আহৃতবান্। (হৃগ্রহোর্ভ ইতি ভস্য হপরত্বোপপত্যাৎ। ভরতেঃ সংজ্ঞায়াং ভৃত্রজীতি খচ্। অরুর্দ্বিষদজন্তস্যেতি মুমাগমঃ)। ৫॥

* * *

পঞ্চম (৫৯৯) সামের মর্ম্মার্থ।

—:•:—

মন্ত্রের মধ্যে একটী নিত্য-সত্য প্রখ্যাপিত হইয়াছে। সেই সত্যটী এই যে, ভগবান্ নিজেই তাঁহাকে পাইবার উপায় মানুষকে প্রদান করেন। তাঁহার দেওয়া উপকরণ লইয়াই তাঁহার পূজা করা হয়। প্রশ্ন হইতে পারে—এ কি গঙ্গাজলে গঙ্গাপূজা ? সত্যই তাই। জগতে সেই

পরম গঙ্গাজল ব্যতীত আর এমন কিছুই নাই, যদ্দ্বারা তাঁহার পূজা করা যায়। তিনিই মানুষের অন্তরে সজ্ঞানরাজী প্রদান করেন। তাঁহার কৃপায়ই মানুষ সৎকর্ম্মসাধনসামর্থ্য প্রাপ্ত হয়। জ্ঞানিগণ ভগবদারাধনার যে উপায় লাভ করেন, তাহা ভগবানের কৃপায়ই তাঁহারা প্রাপ্ত হয়েন। বস্তুতঃ জগতে জ্ঞান ব্যতীত আর কিছুই নাই। তাই সাধক বলিয়াছেন,

"আপনি পাতিয়া কাণ, শুন আপনারই গান,
আপনা আপনি আলাপন।"

এই মন্ত্রের ব্যাখ্যা ব্যপদেশে ভাষ্যের সহিত আমাদিগের যথেষ্ট অনৈক্য হইয়াছে। ভাষ্যকার কোথা হইতে বসিষ্ঠের পুত্র প্রথ এবং ভরদ্বাজের পুত্র সপ্রথকে আনিয়া ব্যাখ্যার মধ্যে উপস্থিত করিয়াছেন। মন্ত্রের কোথায়ও তাঁহাদের বিন্দুমাত্র উল্লেখ নাই, এবং এই মন্ত্রের ব্যাখ্যার জন্য তাঁহাদের কোন আবশ্যকতাও নাই। 'প্রথঃ' পদ খ্যাত হওয়া বাচক 'প্রথ' ধাতু হইতে উৎপন্ন। তাই ঐ পদে আমরা 'বিখ্যাতঃ' অর্থ গ্রহণ করিয়াছি। 'সপ্রথঃ' পদের ব্যাখ্যার জন্য আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ সংহিতা (১ম—৯৪সূ—১৩ঋ) দ্রষ্টব্য। ঐ পদ ও 'প্রথ' ধাতু নিষ্পন্ন। 'বসিষ্ঠঃ' পদের 'জ্ঞানী' অর্থ আমরা পূর্ব্বাপরই গ্রহণ করিয়া আসিতেছি এবং তাহার ব্যাখ্যা সম্বন্ধেও পূর্ব্বে অনেক আলোচনা হইয়াছে। এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন॥ (৪প-৬দ-২খ-৫সা)।*

ষষ্ঠং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
নিযুত্বান্ বায়ো আগহি অয়ꣳ শুক্রো অয়ামি তে।

১ ২ ৩ ২ ৩ ২
গন্তাসি সুন্বতো গৃহম্ ॥ ৬॥

*

গেয়-গানং।

২র ২ ১ ২ ১ ২ ২ ১ ২ ৩ ২
হাউ। ৩। শুক্রম্। ৩। শুক্রꣳ শুক্রম্। ৩। শুক্রꣳ শুক্রম্। ২। শুক্রꣳ

১ ২ ২ র র ১ ২ — ২ র ১ ২ —
শুক্রম্। নিযুত্বান্বায়ো ৩ বাগা ১ হী ২। অয়ꣳ শুক্রোঅ ৩ য়ামা ১ ৩। ২ ই।

২ র ১ ১ ২ ২র ২ ১
গন্তাসিসুন্ব ৩ তোগৃ ১ হা ২ ৩ ম। হাউ। ৩। শুক্রম্। ৩।

---

* এই সাম-মন্ত্রটি ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের একাশীত্যধিকশততম সূক্তের প্রথমা ঋক্। (অষ্টম অষ্টক, অষ্টম অধ্যায়, ঊনচত্বারিংশ বর্গের অন্তর্গত)। ইহার দুইটী গেয়-গান আছে।

২ ১ ২ ২ ১ ২৮ ৩ ২ ১ ২A — ৩ ১
শুক্রং শুক্রম্। ২। শুক্রং শুক্রম্। শুক্রং শুক্রম্। ২ শুক্রম্।
১ A ৩ ৫ র র ২র ২ ১
শূ ২। ক্রা ২ ৩ ৪। ঔ ৩ ৩ ৭। এ। শুক্রম্ ॥ ৬ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বায়ো' (শীঘ্রগামীদেব, হে আশুমুক্তিদায়ক দেব) 'নিযুত্বান্' (অসংখ্যবাহনযুক্তঃ, অসীমশক্তিশালী) সন্ 'আগহি' (আগচ্ছ,—মম হৃদি ইতি যাবৎ); 'তে' (তুভ্যং, ত্বৎপ্রাপ্তয়ে) 'অয়ং' (হৃদিবর্ত্তমানঃ ইত্যর্থঃ) 'শুক্রঃ' (অনাবিলশুভ্রত্বং, বিশুদ্ধঃ সত্ত্বভাবঃ ইত্যর্থঃ) 'অযামি' (নিয়তো গৃহীতঃ ভবতু, মম হৃদি উৎপন্নঃ ভবতু); ত্বং 'সুন্বতঃ' (পবিত্রতাসম্পন্নস্য জনস্য) 'গৃহং' (আশ্রয়স্থলং, হৃদয়ং ইত্যর্থঃ) 'গন্তাসি' (গচ্ছসি, প্রাপ্নোসি); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবৎপ্রাপ্তয়ে মম হৃদয়ে সত্ত্বভাবঃ আবির্ভবতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪প—৬অ—২থ ৬সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে আশুমুক্তিদায়ক দেব! অসীমশক্তিশালী আপনি আমার হৃদয়ে আগমন করুন; আপনাকে পাইবার জন্য, আপনাতে বর্ত্তমান বিশুদ্ধ সত্ত্বভাব আমার হৃদয়ে উৎপন্ন হউক; আপনি পবিত্রতাসম্পন্ন ব্যক্তির হৃদয়কে প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবৎ প্রাপ্তির জন্য আমার হৃদয়ে সত্ত্বভাব আবির্ভূত হউক।)। (৪প—৬অ—২থ—৬সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

নিযুত্বানিতি গায়ত্র্যা বায়ুং গৃৎসমদোঽস্তৌৎ। হে বায়ো! 'নিযুত্বান্' নিযুতো বাহনানি (বায়োঃ নিযুতোরিতি—১।১৫।১০—নিঘণ্টুঃ); তৈর্যুক্তস্ত্বং 'আগহি' আগচ্ছ। 'অয়ং' 'শুক্রঃ' দীপ্যমানঃ সোমঃ 'তে' তুভ্যং 'অযামি' (যামেঃ কর্ম্মণি লুঙ্ রূপং) নিয়তো গৃহীত আসীৎ। যতঃ 'সুন্বতঃ' সোমাভিষবং কুর্ব্বতো যজমানস্য 'গৃহং' 'গন্তাসি' যাতোঽসি ॥ ৬ ॥

* * *

ষষ্ঠ (৬০০) সামের মর্ম্মার্থ।

—— ৪ ৪ ——

সত্ত্বভাব ভগবানের শক্তি। যে মানবের হৃদয়ে এই ভগবৎশক্তির সঞ্চার হয়, সেই সৌভাগ্যবান্ ব্যক্তি অনায়াসেই ভগবৎ-চরণ প্রাপ্ত হয়েন। সত্ত্বভাব রূপ সমন্বই মানুষ ও ভগবানের মধ্যে মিলন-সূত্র। তাই যিনি সত্ত্বভাব লাভ করেন, তিনি ভগবৎচরণে পৌঁছতে সমর্থ হয়েন। সেই জন্যই সত্ত্বভাব প্রাপ্তির জন্য প্রার্থনা করা হইয়াছে।

'সুবতঃ' পদে ভাষ্যকার সোম-অভিষবকারী অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু ঐ পদে 'পবিত্রতাসম্পন্ন' প্রভৃতি অর্থ প্রকাশ করে, তাহা আমরা পূর্ব্বে বহুবার লক্ষ্য করিয়াছি। এখানেও ঐ অর্থে সঙ্গতি লক্ষিত হয়। 'গৃহ' শব্দে ঘর বাড়ী অর্থ প্রকাশ করে সত্য, কিন্তু ভগবান কাহারও ঘরে আসেন না, তিনি আগমন করেন—মানুষের হৃদয়ে। মানুষের হৃদয়ই তাঁহার প্রকৃত আবাসস্থল। কাঠ-খড়ের ঘর বাড়ী অথবা অট্টালিকা তাঁহার মন্দির নহে। তাই সাধক তাঁহাকে 'হৃদয়নাথ' বলিয়া সম্বোধন করেন। তাই ভক্ত গাহেন,—

"হৃদয় কুটিরদ্বার খুলে রাখি অনিবার,
কৃপা করে একবার এসে কি জুড়াবে হিয়ে!"

সেই হৃদয় কুটিরকেই গৃহ পদে লক্ষ্য করে ॥ (৩প—৩অ—২খ-৬সা)।*

—•—

মধ্যেসং সাম।

১ ২র ৩ ১ ২ ৩ ১ ২
যদ্ জায়থা অপূর্ব্ব্য মঘবন্ বৃত্রহত্যায়।
১ ২ ৩ ১ ৩ ১ ২ ৩ ১ ২র
তৎ পৃথিবীম্ অপ্রথয়ঃ তৎ অস্তভ্না উতো দিবম্ ॥ ৭ ॥

* * *

গেয়-গানং।

২র র ২ র ১ ২ ২ ১ ২ ২ ১র
১। এযজ্জায়থাঃ। অপূর্ব্বিয়া। হাউ। মঘ৷বন্। হাউ। বৃত্রহত্যায়া।
২ ২ ১ ২ ২ ১ ২ ২র র র ১ ২
হাউ। তৎপৃথিবীম্। হাউ। অপ্রথয়াঃ। হাউ। এঔহোবা। দীশাঃ।
২ ১ ২ ২ র ২ ১ ২র র ২
তদস্তম্ভাঃ। হাউ। উতোদিবাম্। হাউ। এঔহোবা ৩।
১ ১ ১ ১
অসৃপয়া ২ ৩ ৪ ৫ : ॥

* * *

২র র ২ র ১ ১ ২S S S
২। এহাউযজ্জ'য়থাঃ। অপূর্ব্বিয়া। হোউ। ৩। হাউ হাউ হাউ।
২ ১ ১ ২S ২ ১র ১ ২S
মঘবন্নয়। হোই। ৩। হাউ ৩। বৃত্রহত্যায়া। হোই। ৩। হাউ ৩।

---

* এই সাম-মন্ত্রটীর একটী গেয়-গান আছে।

২ ১ ১ ২S ২ ১ ১
তৎপৃথিবীম্। হোই। ৩। হাউ ৩। অপ্রথবাঃ। হোই। ৩।

২S ২র র র র ১ ২ ২ ১ ১ ২s
হাউ ৩। এঔহোবাদীশাঃ। তদস্তভ্নাঃ। হোই। ৩। হাউ ৩।

২ র ১ ১ ২s ২র র র
উতোদিবাম্। হোই। ৩। হাউ ৩। এঔহোবা ৩।

র ১ ১ ১ ১
হসপথা ২ ৩ ৪ ৫ : ॥

* * *

২র র ১র -- ২ র ২ র ১
৩। এহাউ। ঔহো ২। যজ্ঞাযথা ৩ :। অপূর্ব্বিয়া। হোবা ২ ৩

১ ১ ১ র ১ ১ ১
হোই। মা। যবনুব্রহত্যায়া। হোবা ২ ৩ হোই। তাৎ।

১ র ১ ১ ২র র র র ১ ২ ১
পৃথিবীমপ্রাথবাঃ। হোবা ২ ৩ হোই। এঔহোবাদীশাঃ। হোবা ২ ৩

১ ১ ২র র র ১ ১
হোই। তাৎ। অস্তভ্নাউতোদিবাম্। হোবা ২ ৩ হোই।

২র র র ১ র ১ ১ ১ ১
এঔহোবা ৩। হস্ইড়াপথা ২ ৩ ৪ ৫ : ॥

* * *

১ ২ ১ ২ ১র র ২ ২ ১ — ১ ২ ২
৪। যাজ্ঞাযাজ্ঞা। যথাঅপূর্ব্বিয়াঔ ৩ হো। হা ২ ইয়া। ঔ ৩ হো।

র ২ ২ ১ -- ১ ২ ২ ১ র
মাযবম্ব্রহত্যাওঁয়া ঔ ৩ হো। হা ২ ইয়া। ঔ ৩ হো। তাৎপৃথিবীম-

২ ২ ১ ১ ২ ২ ১ র র
প্রাথবাঔ ৩ হো। হা ২ ইয়া। ঔ ৩ হো। তাদস্তভ্নাউতোদিবা।

২ ২ ১ -- ২ ২ র ১ ১ ১ ১
মৌ ৩ হো। হা ২ ইয়া। ঔ ৩ হোবাহাউবা ৩। পয়া ২ ৩ ৪ ৫ ॥

* * *

২ ১র ২ ২ ১ ২ ১ ২ ১ ২ ১ ২ ১ ২ ১
৫। হু। বৌহো ১ ই। ২। যজ্ঞাযথাঃ। অর্ব্বিপূষা। মঘাবনুব্র।

২ ১ ২র ১ ২ ১ ২ ১ ২ ১ ২ ১ ২ ১ ২ ১ ২ ১ ২ ১
ত্রহত্যায়া। তৎপৃথিবীম্। অপ্রথযাঃ। তদস্তভ্নাঃ। উতোদিবাম্।

২ ১র ২ ২ ১র ২ ২
হু। বোহো ১ই। ২। হু। বোহো ১২। উহুবা ৬

২ ২ ১
হাউ। বা ৩। অস্॥
* * *

২র র ২ ২ ৩ ৫ ২র ১
৬। যোরয়িংবোরা ৩ যিস্তমাঃ। যোদ্যুম্না ২৩৪ ইর্দ্যু। স্নাবত্তামা

২ ৩ ৫ ২র১ ২ ২ ৩ ৫
২৩ঃ। সোমঃসু ২৩৪ তাঃ। সাইন্দ্রতায়ে ৩। অস্তুস্বা ২৩৬ধা।

৩২ ১ ৫ ৫ ৫ ১
এত্তে ৩। মা ২৩৪ দাঃ। উহুবা ৬ হাউ। বা। অস্॥
* * *

১র র ২১ ২ ১ ২ ১ ১র
৭। হাউহোহাই। ৩। অন্তরিক্ষ৺সুবর্দ্দিগন্ত্রগ। নমা। (ত্রিঃ) পরাৎ-

র২ ১ ১র র ২ ১ ১র র ২ ২
পরমৈরয়। ভা। পরাৎপর। মৈরয়। ভা। পরাৎপরমৈরয়। ভ।

১র ৩র২ ২ ২র ২১র২১র২র১রর২১র২র ১র র
ওহোবাহাউ। বা। এ। যজ্যোদিবীমুর্দ্ধাদেবমাদনোঘর্ম্মোজ্যোতিঃ॥
* * *

১র র ২১ ২ ১ ২ ১ ১র
৮। হাউহোহাই। ৩। অন্তরিক্ষ৺সুবর্দ্দিরন্ত্রগ। ম্মা। (ত্রিঃ)। পরাৎপর

র২ ১ ১র র ২ ১ ১র র২ ২
মৈরয়। ভা। পরাৎপর মৈরয়। ভা। পরাৎপর মৈরয়। ভ।

১র ৩র ২ ২র ২ ১ ২১র র ২
ওহোবাহাউ। বা। এ। পৃথিব্যন্তরিক্ষন্দ্যৌরাপঃকনিক্রদাৎ-

১র ২১র২র১র২র র ১র র
দিক্ষুরাপোমরুতোমাদয়ন্তাঘর্ম্মোজ্যোতিঃ॥
* * *

১র র ১৪ ২১র র র র ২
৯। হাউহোহাই (ইত্যাদিপূর্ব্বপাঠঃ) ভা দিবোমুর্দ্ধানা৺ন মৈরয়ন্।

১২ ৩ ৫ ১র২১র র র২
হোয়ে ৩। হো ২৩৫ বা। যয়োঘর্ম্মোজ্যোতিঃ। যশঃসমৈরয়ন্।

১২ ৩ ৫ ১র র২১র র ২র
হোয়ে ৩। হো ২৩৫ বা। তেজোঘর্ম্মোজ্যোতিঃ। তেজঃসমৈ-

২র ২ ১ ২ ৩ ৫ ১ ২ ১র র ১
রয়ন্। ঔোয়ো ৩। হো ২ ৩ ৪ বা। সুবর্জ্যোজ্যোতিঃ। সুবঃ-

র ২ ১ ২ ৩ ৫ ১র ২ ১র
গবৈরয়ন্। হোয়ো ৩। হো ২ ৩ ৪ বা। ২। জ্যোতির্ধৰ্ম্মা-

১র র ১ ১ ২ ৩
জ্যোতিঃ। জ্যোতিঃগবৈরয়ন্। ঔোয়ো ৩। হো ১ ৩ ৪ ৫

২ ১S২ ১র র
বা ৬ ৫ ৬। ঘর্ম্মোঘর্ম্মোজ্যোতিঃ॥

* * *

১র র ১s ১র ৩র ২ ২ ২র ১ র ২
১০। হাউহোহাই (ইত্যাদি) ভা। ঔহোবাহাউ। বা এ। ইডাগচ্ছ-

১ ২ ২র ১২১র র২ ২র ১র ১র ২ ২র
ইস্বাতংবচ্ছ। এ। মনওজোযচ্ছ। এ। মনোযকিমানংযচ্ছ। এ।

১ ২ ২র ২১র র ২ ২র ১র ২ ২র
যশস্ত্রিয়ংযচ্ছ। এ। প্রজবর্চ্চোযচ্ছ। এ। পশূন্মুশংযচ্ছ। এ।

১ ২১ ২ ২র ১ র ২
ব্রহ্মক্ষত্রংযচ্ছ। এ। স্বর্জ্জ্যোতিযচ্ছ॥

* * *

১র র ১s ২ র র র ১ ২ ২
১১। হাউহোহাই। (ইত্যাদি) ভা। যজ্ঞাযথা। অপূর্ব্বায়া। মঘবন্

১ ২ ২ র র র ২ ২ র ১ ২
বৃত্রহত্যায়া। বা। ৎপৃথিবীমপ্রাথায়া। তদস্তভ্নাউহোবাইবায়ু।

১র ২ ১র ৩র ২ র ২র ১র র র ১
হাউহোহাই (ইত্যাদি) ভা। ঔহোবাহাউ। বা। এ। তেজোবৰ্ম্মঃ

র ২ র ১ ২র র২ র২র ১র ১র ১২১ ২র
সুক্রোড়ন্তে শিশুমতীর্ব্বায়ুগোপাস্তেজস্বতীর্মরুতিভুর্বনানিচক্রন্থঃ।

১ ১ ১ ১ ১ ৩ ১ ১ ১
ইট্ ইড়া ২ ৩ ৪ ৫। ঈ ৫ ৩ ৪ ৫॥

* * *

১র র ১র র ২ ১ ১র র ২ ১
১২। হাউহোব। ৩। পরাভ্যরবৈরয়। ভা। পরাৎপরবৈরয়। ভা।

১র র ২ ২ ১র ৩র ২ ২ ১ ২ ২র ১
পরংপরবৈরয়। ভা। ঔহোবাহাউ। বা। ইন্দ্রো। ধেনুঃ। ৩।

১র র ২র ১ ১র ২র ১ ২ ১ ২র ১
আপো ধেনুঃ ২। ভূমি ধেনুং। ৩। অন্তরিক্ষংধেনু। ৩।

১র ২র ১ ২র ২ ১ ২র ১ ২ ১
জ্যোর্দ্ধেনুঃ। ৩। পরং ধেনু। ৩। ব্রহৎ ধেনু। ৩। সত্যং
২র ১ ১ ২র ১ ১ র ২র ১
ধেনু ৩। ঋতং ধেনু। ৩। ইড়া। ধেনুঃ। ৩।
১ ২র ১ ১র ২র ১
স্বর্দ্ধেনু। ৩। জ্যোতির্দ্ধেনুঃ। ৩॥

* * *

১র র ১ৼ ২ ১র ২র ২ ১র র
১৩। হাউহোবা, ৩। (ইত্যাদি) ঙ। যজ্ঞ যথাঃ। অপূর্ব্বিয়া।
২ ১র ২ ১ ২ ৩ ৫ ১ ২ ২ ১ র ২ ২ ১ র ২
অপূর্ব্বিয়া ৩। আপূর্ব্বা ২ ৩ ৪ য়া। মঘবনব্র। ব্রহত্যায়া। ব্রহত্যায়া ৩।
১ ২ ৩ ৫ ১ ২ ১র র ২ ১ ২
ব্রাহত্যা ২ ৩ ৪ য়া। তৎপৃথিবীম্। অপ্রাথয়া। অপ্রাথয়া ৩ঃ।
১ ২ ৩ ৫ ১ ২ র ২ ১র ২ ১ ২
আপ্রাথা ২ ৩ ৪ য়াঃ। তদস্তভ্নাঃ। উতোদিবাম্। উতো-
২ ১ ২ ৩ ৫ ১র র
দিবা ৩ম্। উতোদা ২ ৩ ৪ ইবাম্। হাউহোবা। ৩।
২ ১র ৩র ২ ২ ১র র ২ ১
(ইত্যাদি) ঙ। ঔহোবাহাউ, বা। তেজো ধর্ম্মঃ
র ২ র র ১ র ২র ১র ২ র ১ ২ ২র
সঙক্রীডস্তেবায়ুগোপাস্তেজস্তত্তীর্ম্মরুস্ত্রিভুর্বনানিচ ক্রতুঃ॥

* * *

১ — ১ ১ ২ ১ ২ ২ ২র
১৪। হা ২ উবাক্। ৩। হোবা। ২। হোবা ৩। হাউবা; এ।
২র ১ ২ ১র র ২র ১ ২ ১র ২ ১ র ২ ২ ১ ৩ ১ ১ ১ ১
তোকম্প্রত্নাঙ্গর্ভো। নোযমদধুর্হাচপরাচপথিভিশ্চরন্তা। ২ ৩ ৪ ৫ ঃ॥

* * *

১ — ১ ১ ২ ২ ১ ২ ১
১৫। হা ২ উবাক্। ৩। হোবা। ৩, অয়৺সশিশু তে ৩। হোই।
১ ২র ১র র ২ ১র ২র ১ ১ ২ ১ ২ ১
যস্মাদ্যাবাপৃথিবী ভুবনানিচক্রতুঃ। হোই। অয়৺সশিশু তে ৩। হোই।
১ ২র ১র ২ ১র ২ র ১ ২র ১ ১ ২ ১ ২
যস্মাদাপওষধযো ভুবনানিচক্রতুঃ। হোই। অয়৺সশিশু তে ৩।
১ ১ ২র ২ ১ র ২র ১ ১ ২ ১
হোই। যস্মাৎসমুদ্রিয়াভুবনানিচক্রতুঃ। হোই। অয়৺-

২ ১ ১২র ১র২র১র ২র ১
সশিশু্তে ৩। হোই। যস্মাদ্বিশ্বাভূতাভুবনানিচক্রন্থঃ।
১ ২ — ১ ১ ২ ১
হোই। হা ২ উবাক্। ৩। হোবা ৩। হাউবা।
২র ১২ ৩ ১ ১ ১ ১
এ। আপঃ। ২। আপা ২ ৩ ৪ ৫ ঃ॥

* . *

১ — ১ ১ ২ ২র A ৩ ২র ১ —
১৬। হা ২ উবাক্। ৩। হোবা। ৩। যোভিশ্বিযা। যমৈনায়া ২ঃ।
২র A ৩ ২র — ২র র ২A ৩ ২ ১ —
তেভির্বিষা। শ্মহীমাদা ২ য। যেভিভূতায়। সহঃ সাহা ২ ঃ।
২র ১র ২ ১র ২ ১র — ১র ১ ১ ১র ২
তেভিস্তেক্ষ আপঃ। ২ আপো ২। যোভির্বস্তুরিক্ষ মৈররা ৩।
২ ২র ১ ২ ১ ৩ ১ ১ ১
হাউবা। এ। আপঃ। ২। আপা ২ ৩ ৪ ৫ ঃ॥

* . *

১ ১ ১ ২ ১র র
১৭। হা ২ উবাক্। ৩ হোবা। ৩। যজ্ঞায়থা। অপূর্ব্বো ২।
১ — ১ — ১ — ১ র —
র্ব্বাযা ২। মঘবনব্রত্রহো ২। ত্যায়া ২। তৎপৃথিবীমপ্রাহো ২।
১ — ১ — ১ — ১ ১
থায়াঃ ২। তদস্তভ্নাউতোহো ২ ই। দাইবা ২ য। হা ২ উবাক্। ৩।
১ ২ ২ ২ ২র ১র র ২ ১ র ২ র ১
হোবা। ২। হোবা ৩। হাউবা। এ। তেজোঘর্ষাংসঙ্ক্রড়স্তোশশু-
২ র র ১ র ২র ১র ২ র ১ ২ ১ ২র A ৩ ১ ১ ১ ১
মতীর্ব্বায়ুগোপাস্তজস্বতীর্ষ্মরুসুভুবনানিচক্রদু ২ ৩ ৪ ৫ ঃ॥ ৭॥

* . *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অপূর্ব্বা' (অনাদি) 'মঘবন্' (পরমধনসম্পন্ন, পরমধনদাতঃ হে দেব) ত্বং 'যৎ' (যদা) 'বৃত্রহত্যায়' (বিশ্ব-শত্রুনাশায়) 'অজায়থাঃ' (প্রাদুর্ভবসি, প্রবৃত্তঃ ভবসি) 'তৎ' (তদা) 'পৃথিবীং' (পৃথিবীস্থিতান লোকান ইত্যর্থঃ) 'অপ্রথয়ঃ' (বিখ্যাতান, দৃঢ়ান শত্রুভয়রহিতান— করোষি ইতি যাবৎ) ; 'উত' (অপিচ) 'তৎ' (প্রাণঞ্চ) 'দিবং' (দ্যুলোকং, স্বর্গলোকস্থান্ সত্তাবং ইত্যর্থ.) 'অস্তভ্নাঃ' (ধারয়সি, রক্ষসি, লোকান্ প্রযচ্ছসি ইত্যর্থঃ) ; নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান হি কৃপয়া লোকানাং রিপূন্ নাশয়তি তথা মোক্ষপ্রার্থকেভ্যঃ সত্তাবং প্রযচ্ছতি—ইতি ভাবঃ॥ (৪প ৬অ—২খ—৭সা) ॥

* . *

মর্ম্মানুবাদ।

অনাদি পরমধনদাতা হে দেব! আপনি যখন বিশ্বশত্রু নাশের জন্য প্রাদুর্ভূত হয়েন, তখন পৃথিবীস্থিত লোকদিগকে শত্রুভয়রক্ষা করেন; অপিচ, প্রসিদ্ধ স্বর্গ-ভূলোক-অন্তরিক্ষ মানুষকে প্রদান করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবানই কৃপাপূর্ব্বক মানুষের রিপুনাশ করেন এবং মোক্ষপ্রাপ্তির জন্য তাঁহাদিগকে সদ্ভাব প্রদান করেন।)॥ (৪প—৬অ—২খ—৭স)।

সায়ণ-ভাষ্য।

বৃষেণপুরুমেধো বাবৃধী ঐন্দ্র্য অনুষ্টুভঃ। হে 'অপূর্ব্য' অন্যো ব্যতিরিক্তেন পূর্ব্বেণ বর্জ্জিত! হে 'মঘবন্' মংহনীয়তম ধনবন্নিন্দ্র। 'বৃত্রহত্যায়' বৃত্রাসুরহননায় 'যদ্' যদা ত্বং 'আবিথ' উৎপন্নঃ প্রাদুর্ভূতোঽসি 'তৎ' তদানীমেব 'পৃথিবীং' প্রথমানাং 'অপ্রথয়ঃ' প্রসিদ্ধাং দৃঢ়মকরোঃ। 'উত' অপিচ 'দিবং' দ্যাং দ্যুলোকং অন্তরিক্ষেণ 'অস্তভ্নাঃ' নিরুদ্ধামকার্ষীঃ। উদৃশং বীর্য্যং ত্বদন্যস্য ন ভবতীত্যর্থঃ। স্তোতৃসন্তমপূর্ব্বেতি পদং॥ ৭॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য দ্বিতীয় খণ্ডঃ।

সপ্তম (৬০৯) সামের মর্ম্মার্থ।

———:§ * §:———

"পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাং। ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥"

দুঃখ তাপে কাতর হইয়া মানুষ যখন ভগবানকে ডাকিতে থাকে, তখন দুঃখতাপ হরণের জন্য তাঁহার রক্ষাশক্তি ধরায় নামিয়া আসে। তিনি মানুষকে রিপুকবল হইতে উদ্ধার করিবার জন্য রক্ষাস্ত্র সুদর্শন-চক্র হস্তে রিপুনাশে প্রবৃত্ত হয়েন। জগৎ যখন অসুরের উপদ্রবে বিব্রত, পাপ-তাপ প্রভৃতি রিপুগণের আক্রমণে জর্জ্জরিত হয়, তখন মানুষ ভগবানের নিকট আত্মরক্ষার জন্য প্রার্থনা করিতে থাকে। পরম মঙ্গলময় ভগবানও তাঁহাদিগকে বিপদ হইতে উদ্ধার করিবার জন্য আগমন করেন। তাঁহার পুণ্যস্পর্শে মানব নবজীবন লাভ করে।

তিনি কেবল মাত্র দুষ্কৃতিদিগের বিনাশের জন্যই আসেন না, ধর্ম্ম সংস্থাপনও করেন, মানুষকে পবিত্র উন্নত করেন। যখন মানুষের হৃদয় পবিত্র হয়, হৃদয়ে সজ্জ্ঞান দৃঢ় প্রতিষ্ঠিত হয়, তখনই প্রকৃত ধর্ম্মরাজ্য সংস্থাপিত হয়। এই ধর্ম্মরাজ্য স্থাপনের জন্য ভগবান্ প্রাদুর্ভূত হয়েন। মন্ত্রের মধ্যে এই সত্যই প্রখ্যাপিত হইয়াছে। মন্ত্রান্তর্গত 'অপ্রথয়ঃ' পদে ভাষ্যকার 'প্রসিদ্ধাং দৃঢ়ামকরোঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। অথচ একটু পূর্ব্বেই (৪প—৬অ—২খ—৫সা) 'প্রথঃ' 'সপ্রথ' পদদ্বয়ের ব্যাখ্যায় বশিষ্টপুত্র, ভরদ্বাজপুত্র প্রভৃতির আখ্যান আমিয়া উপস্থিত করিয়াছেন। আমরা 'বিখ্যাত' অর্থ গ্রহণ করিয়াছি। (৪প-৬অ-২খ-৭সা)।*

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার অষ্টম মণ্ডলের উননবতিতম সূক্তের পঞ্চমী ঋক্। ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, দ্বাদশ বর্গের অন্তর্গত। ইহার গেয়গান নাই।

ওঁ

সামবেদ-সংহিতা।

—— ‡ ‡ ——

কৌথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

——— ———

আরণ্যকং পর্ব্ব (চতুর্থং পর্ব্ব)। ষষ্ঠোঽধ্যায়ঃ। তৃতীয়ঃ খণ্ডঃ।

* * *

তৃতীয়ঃ খণ্ডঃ।

—— • ——

প্রথমং সাম।

২ ৩ ১ ৩ ২ ৩ ১ ২র ৩ ১ ২ ৩ ১ ২র
ময়ি বর্চ্চো অথো যশোঽথো যজ্ঞস্য যৎ পয়ঃ।
২ ২ ৩ ১ ২ ৩ ১ ২র
পরমেষ্ঠী প্রজাপতির্দ্দিবি দ্যামিব দৃꣳহতু॥ ১॥

* * *

গেয়-গানং।

২র ১ — ১ ১ — ১ ৪ ৩
১। হাউ, ৩, আনো ২ ক্রবাহি। ২। আনো ২ ক্রা। ২। যা ২ ৩ ৪
৫র র ১ ২ র র৩র৩ ১ ১ ১ ১ ২র ১ —
ঔহোবা। রক্ষতনোক্ষত্তায়া ২ ৩ ৪ ৫ :। হাউ। ৩। আনো ২ ক্র
২র র১ ২র র র ৩ ১ ১ ১ ১ ২র
(পুনঃপাঠঃ) গোপাবতগোপায়ন্তায়া ২ ৩ ৪ ৫ :। হাউ। ৩।
১ — ১ ২ ১ ২ ১ ২ — ১ ২র ১
আনো ২ ক্র ৩। ময়িবর্চ্চঃ। অথোযা ১ শা ২ :। অথোযজ্ঞ।

২ — ২ র ১র ১ ২ — ২ ১
জ্যোষাংপা ১ যা ২ ঃ। পরমেষ্ঠী। প্রজাপা ১ তী ২ ঃ। দিবিস্পামি।

১ ২ ২র ১ —
বদ্ধংং্হা ১ নু ২ ৩। হাউ। ৩। আনো ২ ক্রু ০।

১ ২ র র ৩ ১ ১ ১ ১ ২র ১
রক্ষতনোরক্ষিতারা ২ ৩ ৪ ৫ ঃ। হাউ ৩। আনো

— ২র র১ ২র র র ৩ ১ ১ ১ ১
২ ক্রু ০। গোপায়তগোপায়িতারা ৩ ৪ ৫ ঃ।

২র ১ — ২র ১ ২ র
হাউ। ৩। আনো ২ ক্রু ০। এ। রক্ষতনোরক্ষি-

র র র র ১ ২র র ২র
তারোগোপায়তগোপায়িতরঃ। ২। এ।

১ ২ র র র র র র ২র র র
রক্ষতনোরক্ষিতারোগোপায়তগোপায়িতা-

৩ ১ ১ ১
রা ২ ৩ ৪ ৫ ঃ ॥ ১৭ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পরমেষ্ঠী' (পরমলোকেস্থিতঃ, স্বর্গস্থঃ) 'প্রজাপতিঃ' (লোকানাং পালকঃ, পরমদেবঃ ভগবান ইত্যর্থঃ) 'দিবি' (দ্যুলোকে, দ্যুলোকস্থ স্বর্গীয়ং ইত্যর্থঃ) 'জ্যোংইব' (জ্যোতিঃ তুল্যং) 'বর্চ্চঃ' (ব্রহ্মতেজঃ) 'অপঃ' (তথা) 'যশঃ' (সুখ্যাতিং) 'অথঃ' (অপিচ) 'যজ্ঞস্য' (সৎকর্ম্মণঃ, সৎকর্ম্মজাতং ইত্যর্থঃ) 'যৎ' 'পয়ঃ' (অমৃতং) তৎ 'ময়ি' (মম হৃদয়ে) 'দৃংহতু' (প্রযচ্ছতু); মন্ত্রঃ অয়ং প্রার্থনামূলকঃ। হে ভগবন্! কৃপয়া তব পরমজ্যোতিঃ মহ্যং প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৪প—৬অ—৩খ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

স্বর্গস্থ, লোকদিগের পালক, ভগবান স্বর্গীয় জ্যোতিঃ তুল্য ব্রহ্মতেজ এবং সুখ্যাতি, অপিচ, সৎকর্ম্মজাত যে অমৃত, তাহা আমার হৃদয়ে প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আপনার পরমজ্যোতিঃ আমাকে প্রদান করুন।)॥ (৪প—৬অ—৩খ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

বামদেবপ্রর্ষিঃ প্রোক্তো মন্ত্রীত্যস্যাঃ প্রজাপতিঃ।

দেবতা স্যাত্ততচ্ছন্দোঽনুষ্টুপ্‌ সন্তইতীরিতম্‌।

'পরমেষ্ঠী' পরমে লোকে তিষ্ঠতীতি পরমেষ্ঠী 'প্রজাপতিঃ' 'দিবি' দ্যোতমানে স্বর্গে 'জ্যোতিঃ' দ্যোতমানাং কান্তিমান 'ময়ি' অস্মদীয়ে শরীরে 'বর্চ্চঃ' তেজঃ ব্রহ্মাখ্যং 'দৃংহতু' বর্দ্ধয়তু। 'অথো' অপিচ 'যশশ্চ' দৃংহতু। 'অথো' কিঞ্চ 'যজ্ঞস্য' যাগস্য সম্বন্ধি অতএব স উত্তমং 'পয়ঃ' হবির্লক্ষণমন্নং চ দৃংহতু। (৪প—৬অ—৩খ—১স)॥

* * *

প্রথম (৬০২) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। সরল সহজ ভাষায় ব্রহ্মতেজ অথবা ব্রহ্মশক্তি লাভ করিবার জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। এই প্রার্থনা সম্বন্ধে প্রচলিত ব্যাখ্যাদির সহিতও আমাদিগের বিশেষ অনৈক্য হয় নাই। এমন কি অধিকাংশ পদের ব্যাখ্যাতেও ঐক্য লক্ষিত হইবে।

প্রার্থনার প্রধান লক্ষ্য ব্রহ্মজ্যোতিঃ, স্বর্গীয়শক্তি। যে জ্যোতিঃ, হৃদয়ে ধারণ করিলে মানুষ ব্রহ্মনির্ব্বাণ প্রাপ্ত হয়, যে শক্তি লাভ করিলে মানুষ অনায়াসে ব্রহ্মসাধনে আত্মনিয়োগ করিতে পারে, সেই জ্যোতিঃ, সেই শক্তি লাভ করিবার জন্য প্রার্থনা করা হইয়াছে। সেই স্বর্গীয় জ্যোতিঃ লাভ করিলে, মানবহৃদয়ের অন্ধকার চিরতরে দূরীভূত হয়। অন্ধকার অথবা আলেয়ার আলো কিছুই সাধকের ভ্রমোৎপাদন করিতে পারে না। অনন্ত অক্ষয় জ্যোতিঃ সাধকের হৃদয়কে চিরউজ্জ্বল করিয়া রাখে। অজ্ঞানতার ঘনকৃষ্ণ যবনিকা চিরদিনের জন্য দৃষ্টিপথ হইতে অন্তর্হিত হয়। সাধক আপনার প্রকৃত স্বরূপ উপলব্ধি করিতে পারেন, জীবনের চরম লক্ষ্য সাধনের জন্য যত্নপরায়ণ হয়েন। তাই মন্ত্রের অন্তর্নিহিত প্রার্থনা— 'তমসঃ মা জ্যোতির্গময়।' (৪প—৬অ—৩খ—১স)। *

— • —

দ্বিতীয়ং সাম।

২ ৩ ২ ৩ ১২ ৩ ২ ৩ ১র ২র ৩ ১ ২

সন্তে পয়াꣳসি সমুযন্তু বাজাঃ সংবৃষ্ণ্যানি অভিমাতিষাহঃ।

৩ ১ ২ ৩ ১ ২

আপ্যায়মানো অমৃতায় সোম

৩ ১র ২র ৩ ১ ২

দিবি শ্রবাꣳসি উত্তমানি ধিষ্ব ॥ ২ ॥

* এই সাম-মন্ত্রটীর একটী গেয় গান আছে।

সেয়-গানং।

১র -- ২ ১র ২ ১ ২ ৩৭র ৫ ২ ১
১। ওবা২। ৩। সন্তেপয়া। সী ৩ সমু। যন্তুবাজাঃ। সংবৃ'ষ্ণ্যা।

২ ২ ২র ৩ ৪র ৫ ২র ১র ২ ২ ২র ৩ ৪র ৫
নী ৩ অভি। মাতিষাহাঃ। আপ্যায়মা। নো ৩ অমৃ। তায়সোমা।

২ ১ ২ ১ ২র ৩ ৪ ৫ ১র --
দিবিশ্রব। সী ৩ উত্ত। মানিধিষ্ব। ওবা২, ৩।

১ ^ ৩ ৫র র
ও২। বা২৩৪। ঔহোবা। ২।

* *

১ — ২ ১র ২ ১ ২ ৩৪র ৫ ২ ১র
২। ঔ২। ৩। সন্তেপয়া। সী ৩ সমু। যন্তুবাজাঃ। সংবৃ'ষ্ণ্যা।

২ ১ ২ ৩ ৪র ৫ ২র ১র ২ ১ ২র ৩
নী ৩ অভি। মাতিষাহাঃ। আপ্যায়মা। মো ৩ অমৃ। তায়-

৪র ৫ ২ ১র ২ ১ ২র ৩ ৪ ৫ ১ --
সোমা। দিবিশ্রবা। সী ৩ উত্তমানিধিষ্ব। ঔ২। ২।

১ A ৩ ৫র ২ ১
ঔ২ ৩ ২৩৪ ঔহাবা। ৮৬।১০।

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে দেব! ত্বং 'অভিমাতিষাহঃ' (শত্রুনাশক, রিপুনিমর্দকঃ) ভবসি; 'তে' (তব সম্বন্ধীনি) 'পয়াংসি' (সারভূতানি রসানি, অমৃতত্বং ইত্যর্থঃ) 'সমূযন্তু' (সর্ব্বতোভাবেন অস্মান্ প্রাপ্নুবন্তু), তথা 'বাজাঃ' (বহুধনানি সৎকর্ম্মাণি) 'সং' (সর্ব্বতোভাবেন অস্মান্ প্রাপ্নুবন্তু), তথা 'বৃষ্ণ্যানি' (ত্বদীয়ানি অভীষ্টবর্ষণানি, করুণাস্রোতাংসি ইত্যর্থঃ) 'সং' (সর্ব্বতোভাবেন অস্মান্ প্রাপ্নুবন্তু)। 'সোম' (হে শুদ্ধসত্ত্ব) 'অমৃতায়' (অস্মাকং অমৃতত্বায়, অমরণত্বায়) 'আপ্যায়মানঃ' (অস্মাসু বর্দ্ধমানঃ সন্' অস্মাকং আনন্দপ্রদঃ সন্) 'দিবি' (দ্যুলোকে, স্বর্গে) 'উত্তমানি' (উৎকৃষ্টানি) 'শ্রবাংসি' (অন্নানি—ধর্ম্মার্থকামমোক্ষরূপাণি চতুর্ব্বর্গাণি ফলানি) 'ধিষ্ব' (ধারয়, অস্মান্ প্রাপয়

ইত্যর্থঃ)। প্রার্থনায়াঃ ভাবঃ—হে দেব! অস্মান্ সৎকর্ম্মণি নিয়োজয়, অস্মাকং অভীষ্টপূরণং কুরু, অস্মদর্থং মোক্ষং চ বিধেহি। (৪প—৬অ—৩খ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে দেব! আপনি শত্রুনাশক রিপুবিমর্দ্দক হয়েন; আপনার সম্বন্ধীয় সারভূত রসসমূহ (অমৃতধারা) সর্ব্বতোভাবে আমাদিগকে প্রাপ্ত হউক; এবং আপনা হইতে উদ্ভূত সৎকর্ম্মসমূহ সর্ব্বতোভাবে আমাদিগকে প্রাপ্ত হউক; আর, আপনার অভীষ্টবর্ষক করুণাস্রোতসমূহ সর্ব্বতোভাবে আমাদিগকে প্রাপ্ত হউক। হে শুদ্ধসত্ত্ব! আমাদিগের অমৃতত্বের—অমরণত্বের জন্য, আমাদিগের মধ্যে বর্দ্ধমান হইয়া—আমাদিগের আনন্দপ্রদ হইয়া, স্বর্গে উৎকৃষ্ট রত্নসমূহকে (ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ চতুর্ব্বর্গ ফল-সমূহকে) ধারণ করুন—আমাদিগকে প্রাপ্ত করুন। (প্রার্থনার ভাব এই যে,—হে দেব! আমাদিগকে সৎকর্ম্মে নিয়োজিত করুন, আমাদিগের জন্য মোক্ষ বিধান করুন।)। (৪প—৬অ—৩খ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

দ্বিতীয়স্য পাবমান্যাঃ ঋষির্গৌতমনামকঃ। হে সোম! 'অভিমাতিষাহঃ' অভিমাতীনাং শত্রূণাং হন্তুঃ 'তে' তব এতদ্ভূতং যাং 'সরাংসি' রসস্থানানি ক্ষীরাণি 'সংযন্তু' সঙ্গচ্ছন্তাম্। তথা 'বাজাঃ' হবির্লক্ষণান্নানি চ যাং সঙ্গচ্ছন্তাম্। 'বৃষ্ণ্যানি' বীর্য্যাণি চ সঙ্গচ্ছন্তাম্। হে 'সোম'! ত্বং 'অমৃতায়' আত্মনঃ অমৃতত্বায় অমরত্বায় 'আ' সমন্তাদ্বর্দ্ধমানঃ সন 'দিবি' দ্যুলোকে স্বর্গে 'উত্তমানি' উৎকৃষ্টতমানি উৎকৃষ্টানি 'শ্রবাংসি' অন্নানি অস্মাকং ভোজ্যানি হবির্লক্ষণানি 'ধিষ্ব' ধারয়স্ব। ক্রিয়াগ্রহণং কর্ত্তব্যমিতি (পা০ ২।৩।১২) কর্ম্মণঃ সম্প্রদানত্বাৎ চতুর্থ্যর্থে ষষ্ঠী। (৪প ৬অ—৩খ ২সা)।

* * *

দ্বিতীয় (৬০৩) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রে আমরা যে অর্থ ও ভাব গ্রহণ করিয়াছি, ভাষ্যে এবং প্রচলিত ব্যাখ্যাদিতে তাহার বিপরীত অর্থ ও ভাব প্রকাশ পাইয়াছে। ভাষ্যাদিতে 'তে' পদের বিভক্তি-ব্যত্যয়-পরিকল্পনাই তাহার প্রধান কারণ বলিয়া প্রতিপন্ন হয়। আমরা 'তে' পদকে অপরিবর্ত্তিত

রাখিয়া উঁহাকে 'তব' অর্থজ্ঞাপক ষষ্ঠীর পদ বলিয়াই গ্রহণ করি। তাহাতে, 'পয়াংসি' 'বাজাঃ' ও 'বৃষ্ণ্যানি' তোমাকে প্রাপ্ত হউক বা তোমাতে মিলিত হউক অর্থ হয় না। পরন্তু তোমার সম্বন্ধীয় 'পয়াংসি,' 'বাজাঃ' ও 'বৃষ্ণ্যানি'—আমাদিগকে প্রাপ্ত হউক—আমাদিগের সহিত মিলিত হউক,—এইরূপ ভাবেই সঙ্গত দেখিতে পাই।

তার পর, ঐ যে 'পয়াংসি' প্রভৃতি তিনটী পদ—উহাদের মর্ম্মার্থের প্রতি লক্ষ্য করিলেও, সোমের সহিত তাহাদিগের মিলন হওয়া অপেক্ষা, প্রার্থনাকারী আমাদিগের সহিত তাহাদিগের মিলন হওয়ার আকাঙ্ক্ষাই সমীচীন বোধ। সোম-শব্দে সোমলতা বা তাহার রস অর্থের ধারণা বদ্ধমূল থাকাতেই, তাহার সাথে দুগ্ধ (পয়াংসি) মিশ্রিত করিতে হইবে ও অন্ন (বাজাঃ) মিশ্রিত করিতে হইবে এবং বীর্য্য (বৃষ্ণ্যানি) মিশ্রিত করিতে হইবে—সিদ্ধান্তিত হয়। বলা বাহুল্য, এক্ষেত্রে বীর্য্য মিশ্রিত করা যে কি ব্যাপার, তাহা কিন্তু বোধগম্য হয় না। লতার রসে দুগ্ধ মিশান যাইতে পারে; অন্নও না হয় মিশাইতে পারি; কিন্তু বীর্য্য কি প্রকারে মিশিবে? এই সকল বিষয় অনুধাবন করিলে, ঐরূপ অর্থের যৌক্তিকতায় বিঘ্ন উপস্থিত হইয়া থাকে।

আমাদিগের মতে,—'পয়াংসি' প্রভৃতি পদের অর্থ ভিন্নরূপ; এবং সোমরসের সহিত তাহাদিগের মিশ্রণের বিষয়ও এখানে উক্ত হয় নাই। আমরা বলি, 'পয়াংসি' পদে স্নেহরসকে অমৃতকে (সৎকর্ম্মের সুফলকে) বুঝাইতেছে, 'বাজাঃ' পদে সৎকর্ম্ম-সমূহের প্রতি লক্ষ্য আসিতেছে, 'বৃষ্ণ্যানি' পদে অভীষ্টপূরণ ধর্ম্মার্থকামমোক্ষ চতুর্ব্বর্গ-ফল এবম্বিধ ভাব পাইতে পারি। এই তিন পদার্থই শুদ্ধসত্ত্বের প্রভাবে অধিগত হইয়া থাকে। এখানে তাই প্রার্থনা জানান হইয়াছে, কামনা প্রকাশ পাইয়াছে,—'হে শুদ্ধসত্ত্ব! তোমার সম্বন্ধীয় যে অমৃতত্ব, তাহা যেন আমরা প্রাপ্ত হই; তোমার সম্বন্ধীয় যে সৎকর্ম্মসাধন, তৎপ্রতি আমাদিগের যেন অনুরাগ থাকে; তোমার সম্বন্ধীয় যে অভীষ্টবর্ষণ অর্থাৎ শুদ্ধসত্ত্বের অধিকারী হইলে যে অভীষ্টপূরণ হয়, আমাদিগের মধ্যে যেন তাহার ক্রিয়া প্রকাশ পায়।' মন্ত্রের প্রথম চরণে, আমরা মনে করি, এই ভাবই প্রকাশ পাইয়াছে।

দ্বিতীয় চরণে, ঐ তিনের সমবায়ে, আমাদিগকে পরম ধন মুক্তি প্রদান করুন—এইরূপ প্রার্থনাই প্রকাশমান। কি জন্য আপনাকে আমাদিগের মধ্যে বর্দ্ধমান রাখিতে চাই, কি জন্য আপনি আমাদিগের আনন্দ-প্রদ হইয়া থাকিবেন—কামনা করিতেছি? না—'অমৃতায়'; অর্থাৎ, আমাদিগকে অমৃতত্ব প্রদানের জন্য। সে কেমন? না—"দিবি উত্তমানি শ্রবাংসি;" অর্থাৎ স্বর্গে যাহা শ্রেষ্ঠ রক্ষা। কেবল স্বর্গ নহে—স্বর্গেরও উপর যাহা। ফলতঃ, পতন যেন না হয়; অবিচলিত ভাবে আপনাতে অবস্থিত করিয়া যেন পরম সুখস্থান প্রাপ্ত হই; সেই ভাবে আমাদিগকে ধারণ করুন। ইহাই এখানকার আকাঙ্ক্ষা। (৪প্র-৬খ—৩খ-২সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের একনবতিতম সূক্তের অষ্টাদশ ঋক্। (প্রথম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)। ইহার দুইটী গেয়-গান আছে।

তৃতীয়ং সাম।

২　　৩ ১র　　২র　　　　৩　২ ৩
ত্বম্ ইমা ওষধীঃ সোম বিশ্বাঃ

২　　৩ ১　　২　　৩ ২
ত্বম্ অপো অজনয়স্ত্বং গাঃ।

১র　　২র　　৩ ২^　　১ ২ ৩
ত্বম্ আততনোঃ উর্ব্বাতন্তরিক্ষং

১　　২র ৩　১র　১র
ত্বং জ্যোতিষা বি তমো ববর্থ॥ ৩॥

* * *

গেয়-গানং।

২র　　২　　৩র　২র　　২র
হাউ। ৩। হৌ৩। ৩। হাই। হৌবা৩। ৩। হোবা৩। ৩।

৪　২ ১ ১ ১　　৪　২　　৫র র　　১ র র ২র
হো ৩ বা ৩ ৪ ৫। ২। হো ৩ বা ৩ ৪। ঔহোবা। ত্বমিমা ওষধীঃ

র　১২র　১২১র ২ ১র　১র ৩র　১　২　১র
সোমবিশ্বাঃ। ত্বমপোঅজনয়স্ত্বংগাঃ। ত্বমাততনোরুর্ব্বন্তরিক্ষং। ত্বঞ্জ্যো-

২র ১　র ২　　২র　　২　　৩র
তিষাবিতমোববার্থ। হাউ। ৩। হৌ৩। ৩। হাই।

২　　৫র　　৪　২ ১ ১ ১
হৌবা ৩। ৩। হোবা৩। ৩। হো ৩ বা ৩ ৪ ৫। ২।

৪　২　　৫র র　　২র　১　২ ১　২　১র
হো ৩ বা ৩ ৪। ঔহোবা। এ। অনাদিবনস্তরিক্ষম্পৃথ্বী-

২ ১ র ২　১ র ২র র　　১
বিশ্বজ্যোতিসম্পুরুরূপাঅজোজনঃ। ইট্।

৩ ১ ১ ১
ইডা ২ ৩ ৪ ৫॥ ৩॥

* * *

কিরূপে উৎপাদন করিতে পারে? তাঁহার জ্যোতির দ্বারাই এ অন্ধকার কিরূপে তিরোহিত হয়? তাই আমরা পূর্ব্বাপরই বলিয়া আসিতেছি যে, 'সোম' সাধারণ মাদক-দ্রব্য নয়। উহা মাদকদ্রব্য নিশ্চয়ই, কিন্তু সেই মাদকতায় মানুষ ভগবৎ-চরণ প্রাপ্ত হয়, আবার জীবের ত্রিতাপ জ্বালা চিরদিনের জন্য বিনষ্ট হইয়া যায়। সেই পরমানন্দদায়ক মাদক সত্ত্ব সত্ত্বভাব। সত্ত্বভাব ভগবৎশক্তি। এই সত্ত্বভাবের দ্বারাই জগৎ সৃষ্ট ও রক্ষিত হয়। উহার জ্যোতিঃতেই জগতের ঘনান্ধকার দূরীভূত হয়। এই সত্ত্বভাবের প্রভাবে মানুষ স্বস্থ হয়, তাহার জ্যোতিতে আপনাকে চিনিতে পারে, জীবনের চরম অভীষ্ট সিদ্ধ হয়। মন্ত্রে মধ্যে এই সত্ত্বভাবের মাহাত্ম্যই কীর্ত্তিত হইয়াছে। (৪প—৩অ-৩খ-৩সা)।*

—·*·—

চতুর্থং সাম।

৩ ১ ২   ৩ ১ ২   ৩ ১ ২   ৩ ১ ৩ ১ ১
অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্।

১ ২   ৩ ১ ২
হোতারং রত্নধাতমম্ ॥ ৪ ॥

*

গেয়-গানং।

২ র র   ২ র র   ২ র র   ১ ১   ১র ৫
১। মনোহাউ। বয়োহাউ। বর্চ্চোহাউ। অগ্নিম্। ঈড়া ২ ই।

৩ ২ ৩   ৫   ২ র   ১ র র   ২র র   ২ ১
পুরোহা ২ ৩ ৪ ইতাম্। ইহহাউ। ইডাহাউ। আয়ুর্হাউ। যজ্ঞ।

১ ৫   ৩ ২ ৩   ৫   ২ ১র   ২র র
স্যা ২ ই। মমৃতা ২ ৩ ৪ ঝাম্। স্বর্হাউ। জ্যোতির্হাউ।

২ র   ১র র   ১   ৩ ২   ৪
অহ৺হাউ। হোতা। রত্ন৺া ২ ৩। ধাতা ৩ মা ৫

২   ১ ৩ ১ ১ ১ ১
মা ৬ ৫ ৬ম্। এ ৩। মহা ২ ৩ ৪ ৫ ঃ।

---

* এই সাম-মন্ত্রটীর একটী গেয়-গান আছে।

৩ ২৪ - -৯ ১ র ১র ২ ২র ১র ২ ২র ২ ১ ২৪
২। হাউ ৩ বা। অগ্নিমীলেপু রোহিতম্। দেবেষুনিদিমাও অহম্। হাউ ৩

২ ১ ২র ১ ২ ১ ২র ১র ২ ১র ২ ১ ২৫ ১র র ২
বা। যজ্ঞস্যদেবমৃত্বিজম্। দেবেষুনিদিমাও অহম্। হাউ ৩ বা। হোতারও-

১র ২ ২র ১র ২ ১র ১ ১ ১৭ ২র ২র ২র
হুরত্নধাতমম্। দেবেষুনিদিমাও অহম্। হাউ ৩ বা। এ। দেবেষু-

২ ১র ২ ১
নিদিমাও অহম্। (এবং ত্রিঃ) ॥ ৪ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পুরোহিতং' (সৎকর্ম্মকারকং, লোকানাং হিতসাধকং) 'যজ্ঞস্য দেবং' (সৎকর্ম্মণঃ দেবতা, সৎকর্ম্মণা সঞ্জাতং দীপ্তিদানাদিগুণস্বরূপং ইত্যর্থঃ) 'ঋত্বিজং' (সদৈব সৎকর্ম্মণি নিয়োজিতারং) 'হোতারং' (দেবানাং দেবভাবানাং বা আহ্বাতারং) 'রত্নধাতমং' (ধর্ম্মার্থকামমোক্ষরূপং পরমধনস্য বিধাতারং) 'অগ্নিং' (জ্ঞানদেবং, তং তেজোময়ং চৈতন্যস্বরূপং) 'ঈলে' (স্তৌমি, অনুসরণং কুর্য্যাম)। সঙ্কল্পমূলকঃ প্রার্থনাজ্ঞাপকঃ বা অয়ং মন্ত্রঃ। অহং জ্ঞানানুসরণায় প্রতিজ্ঞাবদ্ধঃ ভবামি, যদ্বা—হে ভগবন্! মাং জ্ঞানানুসারিণং কুরু ইতি তাৎপর্য্যার্থঃ॥ (৪প ৬অ—৩খ ৪সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মকারক—মনুষ্যগণের হিতসাধক, সৎকার্য্যের দেবতা অর্থাৎ সৎকর্ম্মসঞ্জাত দীপ্তিদানাদিগুণস্বরূপ, সর্ব্বদা সৎকার্য্যে নিয়োজক, দেবগণের বা দেবভাবসমূহের আহ্বানকারী, ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ পরমধনের বিধাতা, জ্ঞানদেবতাকে—সেই তেজোময় চৈতন্যস্বরূপকে, আমি স্তব করি—যেন অনুসরণ করি। (এই মন্ত্রটী সঙ্কল্পমূলক অথবা প্রার্থনা-জ্ঞাপক। আমি জ্ঞানদেবতার অনুসরণে প্রতিজ্ঞাবদ্ধ হইতেছি; অথবা, হে ভগবন্! আমায় জ্ঞানানুসারী করুন—ইহাই তাৎপর্য্যার্থ)॥ (৪প—৬অ—৩খ—৪সা)॥

সায়ণ-ভাষ্যম্।

অগ্নিমীলে মধুচ্ছন্দা গায়ত্রোবাগ্নি-সংস্তুতিঃ। 'অগ্নি'-নামকং 'দেবং' 'ঈলে' স্তৌমি। ঈল স্তুতাবিতি—(অদা০ আ০)—ধাতুঃ মধুচ্ছন্দা হোতা প্রত্যুষমানত্বাৎ অহং হোতা স্তৌমীতি বদতে। কীদৃশং অগ্নিং? 'যজ্ঞস্য পুরোহিতং' যথা রাজ্ঞঃ পুরোহিতঃ তদভীষ্টং সম্পাদয়তি

তথাগ্নিরপি যজ্ঞস্যাপেক্ষিতং হোমং সম্পাদয়তি। যদ্বা যজ্ঞস্য সম্বন্ধিনি পূর্ব্বভাগে আহবনীয়রূপেণাবস্থিতং। পুনঃ কীদৃশং? 'হোতারং' ঋত্বিজং (দেবানাং যজ্ঞেষু হোতৃনামক ঋত্বিগগ্নিরেব। তথা চ শ্রূয়তে—'অগ্নির্বৈ দেবানাং হোতেতি'। পুনরপি কীদৃশং? 'রত্নধাতমং' যাগফলরূপাণাং রত্নানাং অতিশয়েন ধারয়িতারং পোষয়িতারং বা। অগ্নিশব্দস্য যাস্কো বহুধা নির্ব্বচনং দর্শয়তি—'অথাতোঽনুক্রমিষ্যামোঽগ্নিঃ পৃথিবীস্থানস্তং প্রথমং ব্যাখ্যাস্যামো অগ্নিঃ কস্মাদগ্রণীর্ভবতি, অগ্রং যজ্ঞেষু প্রণীয়তেঽঙ্গং নয়তি সন্নমমানোঽক্নোপনো ভবতীতি স্থৌলাষ্ঠীবির্ন ক্নোপয়তি ন স্নেহয়তি ত্রিভ্য আখ্যাতেভ্যো জায়ত ইতি শাকপূণিরিতাদক্তাদ্দগ্ধাদ্বা নীতাৎ স খল্বেতেরকারমাদত্তে গকারমনক্তের্ব্বা দহতের্ব্বা নীঃ পরস্তস্যৈষা ভবতি (৭।৪।১)' ইতি। (৪প ৬অ ৩খ ৪সা)।

* * *

চতুর্থ (৬০৫) সামের মর্ম্মার্থ।

—— § * § ——

বিভিন্ন দৃষ্টিতে বিভিন্ন ভাবে এই মন্ত্রের—কেবল এই মন্ত্রেরই বা বলি কেন—সকল বেদ-মন্ত্রেরই বিভিন্নরূপ অর্থ নিষ্পন্ন হইয়া থাকে। মন্ত্রের প্রধান বাক্য 'অগ্নিং ঈলে'; উহার সাধারণ অর্থ—'অগ্নিকে স্তব করি।' কিন্তু অগ্নি কে? কেহ মনে করেন—'জ্বলন্ত অনল' এখানকার লক্ষ্য স্থল। কেহ বা সিদ্ধান্ত করেন—অগ্নিনামক ঋষি-বিশেষকে এখানে স্তব করা হইয়াছে। অগ্নি-সম্বন্ধে এইরূপ বিভিন্ন মত প্রচলিত আছে। সুতরাং মন্ত্রের অর্থও বিভিন্নভাবের দ্যোতক হইয়া পড়িয়াছে। কিন্তু আমাদিগের মত—আর একটু স্বতন্ত্র প্রকারের। বেদে অগ্নি শব্দের প্রয়োগ যেখানেই দেখি, সেখানেই বুঝিতে পারি, লক্ষ্য—অগ্নির অতীত সামগ্রীর প্রতি। সে অগ্নি—জ্ঞানাগ্নি; সে অগ্নি—চৈতন্যরূপ অগ্নি। তদনুসারে অগ্নি শব্দের প্রতিবাক্যে আমরা 'জ্ঞানাগ্নি জ্ঞানদেবতা' প্রভৃতি পদ গ্রহণ করিয়াছি।

এই ঋকে অগ্নিদেবের যে কয়েকটি বিশেষণ প্রযুক্ত হইয়াছে, সকল দিক হইতে তদ্বিষয় অনুশীলন করিলে, আমাদিগের সিদ্ধান্তের সমীচীনতাই প্রতিপন্ন হইবে।

অগ্নিকে যজ্ঞের পুরোহিত বলা হইয়াছে। কিন্তু তিনি পুরোহিত কি প্রকারে? পুরোহিত—পুরের, সংসারের হিতসাধন করেন; পুরোহিত যজমানের অভীষ্ট-সাধনে ব্রতী থাকেন। সুতরাং পুরোহিত ঋত্বিক্ প্রভৃতি বিশেষণে সাধারণতঃ অগ্নিকে মনুষ্য বলিয়াই মনে আসে। সে বিষয় অধিক আলোচনা বাহুল্য মাত্র।

এখন আলোচনার বিষয়, অপর অগ্নিই (দৃশ্যমান অনল অগ্নিই) বা কি প্রকারে পুরোহিত বা ঋত্বিক্ হইতে পারেন? তার পর, সে অগ্নিই বা কোন্ অগ্নি—বেদবর্ণিত সকল বিশেষণের যাঁহাতে সার্থকতা দেখা যায়। সাধারণ অগ্নি দৃষ্টিতেই অগ্রসর হওয়া যাইতেছে। দেখিবেন—তাহার মধ্য হইতেই সার সত্য নিষ্কাশিত হইবে। দেখুন—অগ্নি সংসারের কি মঙ্গল বিধানে—কি হিতসাধনে ব্রতী রহিয়াছেন। অগ্নি সংসারের যে হিতসাধন করেন, তাহার তুলনা হয়

না। অগ্নি (তেজঃ) ভিন্ন সংসার মুহূর্ত্ত তিষ্ঠিতে পারে না। অগ্নি শরীর উত্তাপ নিবন্ধন প্রাণ-স্বরূপ। উত্তাপহীন হইলে, মৃত বলিয়া গণ্য হয়। অগ্নি (তাপ) ভিন্ন জীবন তিষ্ঠিতে পারে না। অতএব, অগ্নি যে পুরোহিত অর্থাৎ নিখিলের হিতকারী, তাহাতে কোনই সংশয় আসিতে পারে না। কিন্তু মূলতঃ ইহাতে অন্য অগ্নির প্রতিই লক্ষ্য আছে।

তার পর, অগ্নিকে যজ্ঞের দেবতা বলা হইয়াছে। যিনি স্বপ্রকাশ, যিনি দীপ্তিমান, যিনি দানাদিগুণযুক্ত, তাঁহাকেই দেবতা কহে। অগ্নি জ্যোতিঃ-রূপে আপনিও প্রকাশ পাইতেছেন এবং সংসারকেও প্রকাশ করিতেছেন। সুতরাং তিনি যে স্বপ্রকাশ, তিনি যে দীপ্তিমান,—ইহা সাধারণ দৃষ্টিতেই অনুভব হয়। কিন্তু তাঁহাকে দানাদিগুণযুক্ত কি প্রকারে বলা যাইতে পারে? তিনি তো সমস্ত ভস্মসাৎ করেন; তাঁহার মধ্যে দাতৃত্ব গুণ কোথায়? প্রত্যক্ষ ও পরোক্ষ দুই ভাবে অগ্নির দাতৃত্ব-শক্তির পরিচয় পাওয়া যায়। যাঁহারা অগ্নির স্বরূপ-তত্ত্ব অবগত হইতে পারেন, তাঁহারা দুই দিক দিয়া অগ্নির দাতৃত্ব-শক্তি প্রত্যক্ষ করেন। তত্ত্বজ্ঞানী যিনি, তিনি এক দিক দিয়া তাহা দেখিতে পান; এবং কর্ম্ম-জ্ঞানী যিনি, তিনি অন্য আর এক দিক দিয়া, সে দাতৃত্বের ফল প্রাপ্ত হন। তত্ত্বজ্ঞানীর লভ্যলাভ—অনুভব-সাপেক্ষ সাধারণ মনুষ্যের ধারণার অতীত। কিন্তু কর্ম্ম-জ্ঞানী—যেরূপ করিয়া অগ্নির দাতৃত্ব-শক্তির প্রভাব প্রত্যক্ষ করেন, তাহা আধুনিক বিজ্ঞানবিদগণের প্রতি কার্য্যে পরিলক্ষিত হয়। বাষ্পীয় যান, বাষ্পীয় পোত, বিমান-বিহার, তাড়িৎ-শক্তি প্রভৃতির সাহায্যে মানুষ যে কতদূর ঐশ্বর্য্যশালী হইয়াছে তাহা কে না অবগত আছেন? এ সকল অগ্নিদেবতার দানের নিদর্শন বলিয়া মনে করিতে পার। তবে কি আত্মতত্ত্ব-লাভের পক্ষে, কি কর্ম্মসাফল্য লাভের পক্ষে, দুই দিকেই আবশ্যকানুরূপ জ্ঞানের প্রয়োজন? দুই জ্ঞান—বিভিন্ন ক্ষেত্রে কার্য্য করে। যাবতীয় উপযুক্ত জ্ঞান লাভ করেন বলিয়াই কর্ম্মজ্ঞানী সাফল্য প্রাপ্ত হন। তত্ত্বজ্ঞানী স্বতঃই পরমপদ মুক্তি লাভ করেন। তার পর, দাতার দানের পরিমাণ চিরকালই পাত্রানুসারে নির্দ্দিষ্ট হয়। মহামহোপাধ্যায় পণ্ডিতগণ যে দান-প্রাপ্তির অধিকারী, অজ্ঞ মূর্খ ভিক্ষুক সে সম্মানের আশা কিরূপে করিতে পারে? দান গ্রহণের উপযুক্ত পাত্র না হইতে পারিলে, দাতার দাতৃত্ব শক্তির পরিচয় পাওয়া যায় না। গীতা-মাহাত্ম্যে তাই উক্ত হইয়াছে,—"সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।" উপযুক্ত দোহনকর্ত্তাই দুগ্ধ দোহন করিতে সমর্থ হন। যাঁহারা অগ্নির ব্যবহার-বিষয়ে জ্ঞান-লাভ করিয়াছেন, তাঁহারাই অগ্নির দ্বারা সম্পদ লাভ করিতে পারেন। অগ্নির দাতৃত্ব-শক্তি তাঁহাদের নিকটই প্রকাশ পায়। ইহাই প্রত্যক্ষভাবে অগ্নির দাতৃত্ব-শক্তির পরিচয়। পরোক্ষভাবে তাঁহাতে কি দাতৃত্ব-শক্তি বিদ্যমান, একণে তাহাও অনুধাবন করিয়া দেখা যাউক। অগ্নিতে ঘৃতাদি আহুতি প্রদত্ত হইলে, যে বাষ্প উত্থিত হয়, আহুতি-প্রদত্ত দ্রব্যাদি সূক্ষ্ম বীজ-রূপে উহাতেই সংবাহিত হইয়া যায়। তাহার ফলে, যজ্ঞধূম-সকলে আকাশে মেঘ সঞ্চার হয়; মেঘ হইতে বৃষ্টি, এবং বৃষ্টি হইতে শস্যাদির উৎপত্তি হইয়া থাকে। শস্যাদির উৎপত্তি-রূপ ধন-ঐশ্বর্য্য—অগ্নিরই দেওয়া; পরোক্ষ দান বলিয়া মনে করা যাইতে পারে। তার পর, অগ্নিকে হোতা ও রত্নধা বলা হইয়াছে। তিনি হোতা অর্থাৎ দেবগণের আহ্বানকারী, বলিয়া

উক্ত হয়। তিনি ঋত্বিক্ অর্থাৎ যজ্ঞের সংস্রব ফল-প্রাপ্তি-পক্ষে প্রধানতম স্বরূপ। আবার তিনি দেবতা অর্থাৎ দ্যুত্যাদি গুণযুক্ত দীপ্তিমান্ স্বপ্রকাশ। অগ্নির এই তিনটি বিশেষণে বুঝা যায়,—যে জন যে ভাবে তাঁহাকে দর্শন করিবে, তাঁহার নিকট তিনি সেই ভাবেই প্রতিভাত হইবেন।

তিনি 'রত্নধাতমং' অর্থাৎ ধনরত্নের অধিকারী। এ বিশেষণের বিবিধ অর্থ আছে। তাঁহা হইতে বা তাঁহার সাহায্যে বিপুল ধন উৎপাদন করিতে পারা যায়। এ হিসাবে কিছুমাত্র তাঁহাকে ধনের অধিকারী বলা যাইতে পারে। এ পক্ষে আবার-অর্থের ভাবে তিনি অবশ্যই ধনরত্নের অধিকারী। দ্যুত্যাদি-গুণযুক্ত দীপ্তিমান্ স্বপ্রকাশ। অগ্নির এ তিনটী বিশেষণে বুঝা যায়,—যে জন যে ভাবে তাঁহাকে দর্শন করিবে, তাঁহার নিকট তিনি সেই ভাবেই প্রতিভাত হইবেন। তার পর, ঐ বিশেষণটির আর এক নিগূঢ় লক্ষ্য আছে। "রত্নধাতমং" বলায় অর্থাৎ শ্রেষ্ঠ ধনের অধিকারী বলিয়া, তাঁহাকে যে বিশেষণে প্রযুক্ত দেখি, তদ্দ্বারা তাঁহার পূজায় ধনলোলুপ জনসাধারণের অনুরাগ বৃদ্ধি করিয়া থাকে। ধনরত্নঐশ্বর্য্যের আকাঙ্ক্ষা—মানুষের সাধারণ ধর্ম্ম। ধনের পশ্চাতে ঘুরিয়া বেড়ায় না, সংসারে এমন মানুষ অতি বিরল। ধনী ধন বিতরণ করুন বা না করুন, সাধারণ মানুষের প্রকৃতিই এইরূপ যে, তাহারা ধনীর পশ্চাৎ পশ্চাৎ তোষামোদ করিয়া ফিরিবে। মানুষের এই সাধারণ প্রকৃতি বুঝিয়া অথচ মানুষের চিত্তকে ধর্ম্মানুসারী করিতে হইবে বলিয়া, ভগবান আপনাকে ঐরূপ বিশেষণে বিশেষিত করিয়া থাকেন। তুমি ধন চাও; তিনি শ্রেষ্ঠ ধনের অধিকারী। কেবল ধনের অধিকারী নহেন; তিনি আবার দাতার শিরোমণি। এ কথা শুনিলে, কোন্ নশ্বর জীব না তাঁহার প্রতি আকৃষ্ট হইবে? এই সকল বিশেষণে ভগবানের প্রতি মানুষের চিত্ত আকৃষ্ট করাই তাঁহার লক্ষ্য। তিনি যে করুণার সাগর—দয়াল প্রভু! তাঁহার উদ্দেশ্যই এই যে,—সাধারণ ধনের প্রত্যাশায় তাঁহার অনুসরণ করিতে গিয়া, ক্রমশঃ মানুষ যেন তাঁহাতে শ্রেষ্ঠ ধন দেখিতে পায়। যখনই তাহা দেখিতে পাইবে, তখনই বুঝিতে পারিবে,—তিনি কি অগ্নি! তখনই বুঝিবে,—তিনি তেজোময় চৈতন্যস্বরূপ। সেই নিগূঢ়টি বুঝিতে পারিলেই মানুষ শ্রেষ্ঠ ধনের—মোক্ষের অধিকারী হইবে। তখন আর তাহার তুচ্ছ ধনরত্নের কামনা থাকিবে না; তখন সে পরম ধনের আশ্রয় পাইবে।

প্রথম অবস্থায় মনোভৃঙ্গকে চরণ-কোকনদে আকৃষ্ট করিবার জন্যই; ধনরত্নের সাধনার আবশ্যক হয়। মধুপানে মত্ত ভ্রমরের ন্যায় ক্রমশঃ তাহাতে তন্ময়তা আসে। সাধনার সেই প্রথম স্তর অনুসরণে ক্রমে ক্রমে যে অগ্রসর হওয়া যায়, এই সাম-মন্ত্রটীতে তাহারই আভাষ পাই। কর্ম্মকাণ্ডের মধ্য দিয়াই যে জ্ঞানকাণ্ডে উপনীত হইতে পারি, এখানে সেই শিক্ষাই প্রদত্ত হইয়াছে। ভক্ত সাধক যখন অগ্নির রূপ দেখিয়া ভক্তিভরে তাঁহার অর্চ্চনায় প্রবৃত্ত হন, তখন ক্রমশঃ তাঁহার হৃদয়ের অন্ধকার দূর হয়; জ্যোতিষ্মানের দিব্যজ্যোতিতে ক্রমশঃ তাঁহার হৃদয়াকাশ আলোকিত হইতে থাকে; যে সংশয়ের কুজ্ঝটিকা তাঁহার হৃদয় ঘেরিয়া বসিয়াছিল, তখন ক্রমশঃ তাহা অপসৃত হইয়া যায়। তখন সকল আকাঙ্ক্ষা,

সকল কর্ম্ম, সকল দুঃখের অবসান হয়; তখন আর আত্মাপরমাত্মায় ভেদাভেদ থাকে না। অগ্নিই যে সেই সচ্চিদানন্দ-রূপ, অগ্নিই যে সেই পরমাত্মা, আর তাঁহারই উদ্দেশে যে আগ্নেয়-সূক্তে অগ্নিহোত্র বিহিত হইয়াছে, জ্ঞানী তাহাই বুঝিয়া থাকেন।

বেদে অগ্নি-শব্দ বহুত্র ব্যবহৃত হইয়াছে। কিন্তু সর্ব্বত্র সকল অর্থের সামঞ্জস্য রাখিতে হইলে, বেদের অগ্নি-শব্দে যে জ্ঞানাগ্নির প্রতি লক্ষ্য রহিয়াছে, তাহা নিঃসংশয়ে প্রতিপন্ন হয়। জ্ঞানই যে হোতা, জ্ঞানই যে পুরোহিত, তাহার আর বিশ্লেষণ আবশ্যক করে না। এইরূপে 'অগ্নিং' পদের লক্ষ্যস্থল নির্ণীত হইলে, তার পর বুঝিবার প্রয়োজন হয় 'ঈলে' পদে কি ভাব প্রকাশ পাইয়াছে! ঐ পদের অর্থ—'আমি স্তব করি, উপাসনা করি।' কিন্তু 'আমি অগ্নির স্তব করি'—এতদুক্তির মর্ম্ম কি? মর্ম্ম কি এই নয় যে,—আমি যেন জ্ঞানদেবতার অনুসরণে সতত রত থাকি,—দেবতা যেন আমায় জ্ঞানানুসারী করেন! জ্ঞানের অনুসারিতাই—জ্ঞানের পূজা করা। দেবত্বের অনুসরণই—দেবতার উপাসনা। এইরূপে বুঝিতে পারি, মন্ত্রটী এক পক্ষে আত্মোদ্বোধক, পক্ষান্তরে প্রার্থনামূলক। আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় সেই মুখ্য লক্ষ্যই বিবৃত হইয়াছে।

আমরা এই মন্ত্রের ঋগ্বেদীয় 'অগ্নিমিলে' পাঠই গ্রহণ করিয়াছি। সামবেদীয় পাঠ 'অগ্নি মীড়ে'। অনেক ঋগ্বেদের সংস্করণেও 'ঈড়ে' পাঠ দৃষ্ট হয়। 'ঈড়ে' ও 'ঈলে' পদদ্বয় একার্থক। (৪প—৬দ ৩খ—৪সা)। *

—•—

পঞ্চমং সাম।

১ ২ ৩২উ ৩ ২ ৩
তে অমন্বত প্রথমং নাম গোনাং

৩ ৩ ১ ২ ৩ ১র ২র
ত্রিঃ সপ্ত পরমং নাম জানন্।

১ ২ ৩ ২ ৩ক ২র ৩ ২
তা জানতীঃ অভ্যনূষত ক্ষা

৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ২
আবির্ভুবন্ অরুণীঃ যশসা গাবঃ॥ ৫ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার প্রথম মণ্ডলের প্রথম সূক্তের প্রথমা ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)। ইহার দুইটী গেয়-গান আছে।

গেয়-গানং।

২র ২র র র ২ র র ২র র র র
১। হাউ।৩। গাবোহাউ। ৩। বৃষভপত্নীহাউ। ৩। বৈরাজপত্নীহাউ। ৩।

২ র র র ২ র র ১র র
বিশ্বরূপাহাউ। ৩। অস্মাস্বর মধ্বব্ ভাউ। ৩। তে মস্ত প্রথমম্ম-

— ১ ১ র — ১র র র র —
মগো ২ নাম্। ত্রিঃসপ্তপরমম্মামক্তা ২ নান্। ভাজানতীরভানুসক্তা ২

১ ২র ১ ৯ র র — ১ ২র ২র র
ক্ষাঃ। আবিভুবন্নরুণীর্য্যশসাগা ২ বাঃ। হাউ। ৩। গাবো-

র ২ র র ২র র র র
হাউ। ৩। বৃষভপত্নীহাউ। ৩। বৈরাজপত্নীহাউ। ৩।

২ র র র ২ র র ২ র
বিশ্বরূপা হাউ। ৩। অস্মাস্বরমধ্বব্ ভাউ। ৩ অস্মাস্বর-

২ ২ ২র ১র র ২ ১র র ১ ২র ১ র ২র
মধ্বা ৩ ৮ হাউ। বা। এ। গাবোবৃষভপত্নীবৈরাজপত্নীর্বিশ্বরূপা-

১র ২ ২র ১র র ২ ১ ১র র র ১ ২র
অস্মাস্বরমধ্বম্ ২। এ। গাবোবৃষভপত্নীর্বৈরাজপত্নী-

১ র ২র ১র ২ ৩ ১ ১ ১ ১
র্বিশ্বরূপাস্মাস্বরমধ্বা ২ ৩ ৪ ৫ মৃ ॥

* * *

২র ১র র ১ ২র
২। হাউ। ৩। তেমস্ত প্রথমম্মামগো। নাম্। ৩। হাউ। ৩।

১ র ১ ২র ১র র র ১
ত্রিঃসপ্তপরমম্মামক্তা। নাম্। ৩। হাউ ৩। ভাজানতীরভানুসক্তা।

১ ২র ২র ১ র র ১
ক্ষাঃ। ৩। হাউ। ৩। আবিভুবন্নরুণীর্য্যশসাগা। বাঃ। ৩।

২ ২ ২র ১ ২র ২র
হাউ ৩। বা। এ। ভুবাঃ। ২। এ।

১ ৩ ১ ১ ১ ১
ভুবা ২ ৩ ৪ ৫ ঃ। ৫ ॥

* * *

ানতীরত্যানুষতক্তা আবির্ভূবমরুণীর্যশদা গোঃ' ইতি ছন্দসা। "তেইয়ম্বত প্রাতঃস্নাম-
য়ানাং ত্রিংসপ্ত পরমং নামজানন্। তা জানতীরভ্যনুষতক্তা আবির্ভুবন দেনোস্ত্রঃ-
প্রমাতুঃ পরমাণ িন্দন্। তৎ জানতীত্যানুষৎহস্রা আবির্ভুবদরুণী যশদা গোঃ'—
াতি বহ্বৃচাঃ। (ইন্দ্ৰ—৬ম—৩য়—৩সা)।

পঞ্চম (৬০৬) সামের মর্ম্মার্থ।

সাধকগণই জ্ঞানের মাহাত্ম্য জানেন। কিরূপে সেই পরাজ্ঞান লাভ করা যায়, তাহার উপায়ও তাঁহারা অবগত আছেন। সেই উপায়—ভগবৎচরণে প্রার্থনা। তাই সাধকগণ সেই জ্ঞানস্বরূপ পরম দেবতার নিকট আপনাদের প্রার্থনা নিবেদন করেন। ভগবানও তাঁহাদিগের প্রার্থনা অপূর্ণ রাখেন না। তাঁহার প্রিয় ভক্তদিগকে পরাজ্ঞান প্রদান করিয়া তাঁহাদিগের জীবন ধন্য করেন।

জ্ঞানলাভের মূলীভূত কারণ—প্রার্থনা। মানুষ যখন অজ্ঞানতার অন্ধকারে দিগ্ভ্রান্ত পথহারা হইয়া পড়ে, যখন নিজের গন্তব্য পথ অনুসরণ করিতে অসমর্থ হয়, চারিদিকের কুহেলিকায় আচ্ছন্ন হইয়া যখন মানুষ অবসন্ন হতাশ হইয়া পড়ে, তখন জ্ঞানপ্রার্থিগণ, জ্যোতির আদি সেই পরমদেবতার নিকট নিজের দুর্ব্বলতা জ্ঞাপন করিয়া প্রার্থনা করিতে থাকে, "ওগো জ্যোতির্ময় প্রভু! আমি দিশাহারা হইয়া পড়িয়াছি। পথভ্রান্ত আমাকে তোমার আলোকবর্ত্তিকা প্রদান কর, যেন তাহার সাহায্যে আমি তোমার চরণে পৌঁছিতে পারি। ঘোর অন্ধকার ভীষণ দৈত্যের মত আমাকে গ্রাস করিতে আসিতেছে, রক্ষা কর। ওগো, জ্যোতিঃস্বরূপ! তোমার একটুখানি জ্যোতিঃ দাও, সর্ব্বধ্বংসী এই অন্ধকার দূরীভূত হউক। তোমার আলোকে জগৎ উদ্ভাসিত হউক—ঘনকৃষ্ণ যবনিকা চিরদিনের জন্য অপসারিত হউক। জগৎ জ্ঞানালোকে উজ্জ্বল হইয়া উঠুক, আমি যেন সেই আলোকের সাহায্যে গন্তব্য পথ চিনিয়া লইতে পারি। ওগো, আলো, আমাকে একটু আলো দাও, 'তমসো মা জ্যোতির্গময়'।"

আলোকের জন্য মানবহৃদয়ের এই চিরন্তন প্রার্থনাই মানুষকে মুক্তির পথে লইয়া যায়। এই প্রার্থনার বলেই মানুষ আপনার অভীষ্টলাভে সমর্থ হয়। যাঁহারা সৌভাগ্যবান্ তাঁহারা অনন্তের সুপ্ত আকাঙ্ক্ষাকে মূর্ত্ত করিয়া তুলেন। মানুষ-মাত্রেই আলোকের সন্তান। প্রত্যেকের অন্তরেই সেই জ্যোতিঃলাভের আকাঙ্ক্ষা নিহিত আছে। সেই আকাঙ্ক্ষাকে জাগাইয়া ভগবৎ-চরণে তাহা নিবেদন করিতে পারিলে, মানুষ পরম বস্তু লাভ করিতে পারে। সাধকগণ তাহা অবগত আছেন; তাই তাঁহারা চরণে আত্মনিবেদন করিয়া জীবনের সার্থকতা সম্পাদন করেন। মন্ত্রের মধ্যে এই সত্য প্রখ্যাপিত হইয়াছে। (৪প—৬অ—৩দ—৫সা)। *

---

* এই সাম-মন্ত্রটীর একটী গেয়-গান আছে।

ষষ্ঠ সাম।

২ ৩ ১র ২র ৩ ১
সং অন্যা যন্তি উপযন্তি অন্যাঃ

২ ৩ ২ ৩ ১ ৩ক ২র
সমানম্ ঊর্ব্বং নদ্যঃ পৃণন্তি।

২ ৩ ১ ২ ১২ ৩ ১ ২
তমু শুচিং শুচয়ো দীদিবাংসং

৩ ১র ২র ৩ ১ ৩ ১ ২
অপান্নপাতম্ উপযন্তি আপঃ ॥ ৬ ॥

* *

গেয়-গানং।

২র ১র ২ ১ ১ র ২ ২র১ র ২
১। হাউ। ৩। ঐরয়ৎ। ৩। অপঃসমৈরয়ৎ। ৩। ভুতমৈরয়ৎ। ৩।

২ র র র ২র র র ২ র র র
অপাঙ্গর্ভোগ্নিরিড়া। পাঙ্গর্ভোগ্নিরিড়া। ২। পৃথিব্যাগর্ভোগ্নিরিড়া। ৩।

১ র ২ ১ ২ ২র ১র ২ ১ ২ ১র
সংম্যায়ন্ত্যপযন্তিয়া ২ ৩ ন্যাঃ সমানমূর্ব্বন্নদ্যস্পৃণা ২ ৩ ন্তী। তমুশুচিং-

র র ২ ১ ২ ২ ১র র ২ ১ ২
শুচয়োদীদিবা ২ ৩ ংসাম্। অপান্নপাতমুপযন্তিয়া ২ ৩ পা ৩ঃ।

২র ১র ১ ২ ১ র র ২র ১
হাউ। ৩। ঐরয়ৎ। ৩। অপঃসমৈরয়ৎ। ৩। ৩। ভুত-

র ২ ২ র র র ২র র র
মৈরয়ৎ। ৩। অপাঙ্গর্ভোগ্নিরিড়া। পাঙ্গর্ভোগ্নিরিড়া। ২।

২ র র র ২ র র র ২
পৃথিব্যা গর্ভোগ্নিরিড়া। ২। পৃথিব্যাগর্ভোগ্নিরিড়া ৩। হাউবা।

২র ২ ১ ২ ১ ২র ২ ১ ২ ১ ২র ১র
এ। অগ্নিঃশিশুকঃ। এ। শুক্রঃশিশুকঃ। এ। তেজঃ।

২ ১ ২ ১ ২র ১র ২ ১র ২ ১র ২র ১র২

শুক্রশুক্রম্। এ। তেজঃসপ্রাঃসমচীঃ। এ। তেজ-

১২র ২র১ ২র ১ র ৩ ১ ১ ১ ১

উমোনজারঃ। এ। স্বার্জো৩ ২ ৩ ৪ ৫ঃ॥

* * *

২র ১র ২ ১ র ২ ১ ২

২। হাউ। ৩। ঐরয়ন্। ৩। সমুদ্রন। ৩। সুমস্বরন্। ৩।

১ র ২ ১ ২ ২ ১ র ২ ১ ২ ১র

সমগ্ন্যস্তূপ জুহ ২ ৩ স্থাঃ। সমানমুরিমগুম্প ২ ৩ শ্চু। ভমূণ্ড-

র ১ ১ ২ ২ ১ র ২ ১

চিত্তশুচয়োর্দিবা ২ ৩ ৬গান্। অপামপাতমুপযন্তি ২ ৩

২ ২র ১র ২ ১ র ২

পাঃ। হাউ। ৩। ঐরেয়ন্। ৩। সমেরয়ন্। ৩।

১ ২ ২ ২ ২

সমস্বরন্। ২। সমস্বর ৩ ন্ হাউবা ৩।

৩ ১ ১ ১ ১

ঈ ২ ৩ ৪ ৫॥ ৬॥

*

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অন্যাঃ' (জ্ঞানিনঃ) 'সমানং (সর্ব্বেষাং মিলনক্ষেত্রং, ভগবন্তং ইত্যর্থঃ) 'সংযন্তি' (প্রাপ্নুবন্তি) 'নদ্যঃ' (সত্ত্বভাবাদয়ঃ, সত্ত্বভাবসম্পন্নাঃ জনাঃ ইত্যর্থঃ) 'ঊর্ব্বং' (মহান্তং, পরমপুরুষং) 'পৃণন্তি' (প্রীণয়ন্তি, তস্য কৃপাং লভন্তে ইত্যর্থঃ); 'শুচয়ঃ' (পবিত্রাঃ) 'আপঃ' (অমৃতপ্রবাহাঃ) 'শুচিং' (পবিত্রং, বিশুদ্ধং) 'দীদিবাংসং' (দীপ্যমানং, জ্যোতির্ম্ময়ং) 'তংউ' (প্রসিদ্ধং, তং) 'অপাম্নপাতং' (মোক্ষপ্রাপকং জ্ঞানাগ্নিং) 'উপযন্তি' (প্রাপ্নুবন্তি); নিত্য-সত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। বিভিন্নমার্গানুসারিণঃ সাধকাঃ ভগবন্তং এব প্রাপ্নুবন্তি; অমৃত-প্রবাহঃ জ্ঞানাগ্নিনা সহ মিলিতঃ ভবতি—ইতি ভাবঃ। (৪প—৬খ—৩খ—৬সা)॥

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানিগণ ভগবানকে প্রাপ্ত হয়েন; এবং সৎকর্ম্মসাধকগণ ভগবানকে প্রাপ্ত হয়েন; সত্ত্বভাবসম্পন্ন ব্যক্তিগণ পরমপুরুষকে প্রীত করেন অর্থাৎ তাঁহার কৃপা লাভ করেন; পবিত্র অমৃতপ্রবাহ, বিশুদ্ধ, জ্যোতির্ম্ময়, প্রসিদ্ধ মোক্ষপ্রাপক জ্ঞানাগ্নিকে প্রাপ্ত হয়। (এই মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক।

ভাব এই যে,—বিভিন্ন মার্গানুসারী সাধকগণ ভগবানকেই প্রাপ্ত হয়েন; অমৃতপ্রবাহ জ্ঞানাগ্নির সহিত মিলিত হয়।)। (৫প—৬অ—৩খ—৬সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

ইতীয়ং ত্রিষ্টুবাগ্নেয়ী দৃষ্টা গৃৎসমদেন সা। 'অন্যাঃ' বর্ষণাঃ 'আপঃ' 'সংযন্তি' ভূম্যাং সঙ্গচ্ছন্তে 'অন্যাশ্চ' পূর্বং' তত্রাবস্থিতাঃ 'উপযন্তি' উপগচ্ছন্তি। তাঃ সর্বা আপঃ 'সমানং' সহ 'নদ্যঃ' নদীভূতা 'ঊর্বং' সমুদ্রমধ্যে বর্তমানং বড়বানলং 'পৃণন্তি' প্রীণয়ন্তি (পৃণ প্রীণনে ৫০ তৌদাদিকঃ) 'তমু' তমেব 'অপান্নপাতং' 'শুচিং' নির্মলং 'দীদিবাংসং' দীপ্যমানং (দীদিবেতি জ্বলতো দীপ্তিকর্মা লিটঃ কসুঃ। বস্বেকাজাদ্ঘসামিতি নিয়মাদিডভাবঃ। ছান্দসোভ্যাসস্য দীর্ঘঃ। সহস্রবাসাবিতি বচনাদ্বচমাত্তানঃ) এতমুক্তং 'শুচয়ঃ' শুদ্ধাঃ 'আপঃ' 'উপযন্তু' সমীপে গচ্ছন্তু॥ এষ হি বৈদ্যুতাগ্নিরূপেণ মেঘে বর্তমানোহস্মান অভীজনয়তি বৃষ্ট্যা বড়বানলরূপেণ বর্তমানং তং সর্বাঃ পালয়ন্ত ইত্যর্থঃ। যথা অন্যা একদেশস্থা আপঃ সংযন্তি। চাবালোৎ-করয়োর্মধ্যে বসতীনরীতিঃ সঙ্গচ্ছতে। অন্যা বসতীনর্যাধ্যা আপশ্চ উপযন্তি উপগচ্ছন্তি ঐকমত্যং প্রাপ্তা ভবন্তি। এতাশ্চ মিলিত্বা বহুং সাগরস্থাঃ তৎসমাবৃষ্টি দ্বারা নদ্যো ভূত্বা ঊর্বং পৃণন্তীত্যাদি সমানং। এবং হি আপো সা আস্পর্দ্ধন্ত সহং পূর্বং বহুং নদ্যাম ইত্যাদিকো বহুচত্রাস্তরাবিনিয়োগশ্চানুগৃহ্যতে। 'অপান্নপাতমুপযন্ত্যাপঃ'—'পরিতস্থুরাপঃ' ইতি সাম্নঃ ঋচ পাঠভেদঃ॥ (৪প ৬অ—৩খ—৬স)॥

* * *

ষষ্ঠ (৬০৭) সামের মর্ম্মার্থ।

— § • • § —

যিনি যে পন্থারই অনুসরণ করেন না কেন, হৃদয়ের ঐকান্তিকতা থাকিলে তিনি ভগবৎ চরণে পৌঁছিতে সমর্থ হয়েন। অপ্, জল, উদক প্রভৃতি যে নামেই জলকে অভিহিত করা হউক না কেন, তাহা পান করিলে পিপাসার নিবৃত্তি হইবে। সাধকের শক্তি ও প্রবৃত্তি অনুযায়ী, জ্ঞান, কর্ম্ম বা ভক্তিমার্গের অনুসরণ করিতে পারেন, এবং বিভিন্ন সাধকগণ বিভিন্ন পন্থার অনুসরণ করিয়া থাকেনও। বিভিন্ন পন্থার উপর সিদ্ধিলাভ নির্ভর করে না। সিদ্ধিলাভ নির্ভর করে—সাধনার তীব্রতা, হৃদয়ের ঐকান্তিকতা ও পবিত্রতার উপর। যাঁহার হৃদয় পবিত্র, যিনি ঐকান্তিকভাবে ভগবানের শরণাপন্ন হয়েন, ভগবান তাঁহার ব্যাকুল আকাঙ্ক্ষা অপূর্ণ রাখেন না। সকলেই আপন আপন কর্ম্মানুযায়ী ফল লাভ করিবে—তাঁহার চরণে মিলিত হইবে।

সকলের মানসিক শক্তি বা গঠন একপ্রকার নহে। সুতরাং সাধনার প্রণালীও এক হইতে পারে না। বিভিন্ন মানুষ বিভিন্ন ভাবে, আপনার শক্তি অনুসারে ভগবানের আরাধনা করিয়া থাকেন। একজন সাধারণ লোককে যদি সর্ব্বোচ্চ বেদান্ত-জ্ঞানের বিষয় বলা হয়, তাহা হইলে সে যে কেবল হতবুদ্ধি হইবে তাহা নয়, ইহাতে তাহার যথেষ্ট অনিষ্ট হইতে পারে। আবার, যাঁহারা হৃদয়ের ভিতর দিয়া ভগবানের সান্নিধ্য লাভ করিতে চাহেন,

তাঁহারা হয়তঃ আমাকে 'শুষ্ক নিবন্ধ' বলিয়া পরিত্যাগ করিবেন। কিন্তু তাই বলিয়া তাঁহারা যে ভগবৎচরণলাভে বঞ্চিত হইবেন, তাহা নয়। অবশ্য, সাধনার চরম অবস্থায় জ্ঞান ভক্তি কর্ম্ম একত্র মিলিত হয়। ঋষিগণ সর্ব্বশ্রেণীর সাধকের জন্য সাধনার উপায় নির্দ্ধারণ করিয়াছেন। প্রত্যেকেই আপনার সামর্থ্যানুযায়ী সাধনায় প্রবৃত্ত হইতে পারেন এবং যে কোন পন্থাই অনুসরণ করা যাউক না কেন, উপযুক্ত সাধনাবলে ভগবৎচরণ লাভ করিতে পারিবেন। মন্ত্রে এই বিভিন্ন সাধনপন্থার প্রতিই ইঙ্গিত করা হইয়াছে। (৪প-৬ম—৩খ ৬সা)। *

—•—

সপ্তমং সাম।

১র ২র ৩ ১ ৩ ২ ১র ২র ৩ ১ ২র
আ প্রাগাৎ ভদ্রা যুবতিঃ অহ্নঃ কেতূন্ সমীৎর্সতি।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১২ ৩ ১ ২
অভূৎ ভদ্রা নিবেশনী বিশ্বস্য জগতো রাত্রী ॥ ৭ ॥

গেয়-গানং।

১ — ১র র র ২ ১র ১ ১ — ১ ২র
হো ২ ই। ৩। আপ্রাগাদ্ভদ্রাযুবতিঃ। হো ২ ই। ৩। অহ্নঃকে-

১র র র র ১ — ১ র ২ ১র ২ ১র ২র ১ —
তূংৎসমীৎর্সতি। হো ২ ই। ৩। অভূদ্ভদ্রানিবেশনী হো ২

১ ২ ১ ২র ১র ২র ১ — ৬
ই। ৩। বিশ্বস্যজগতোরাত্রী। হো ২ ই। ২। হো ২।

২ ২ ৩ ১ ১ ১ ১
ব ৩। হাউবা ৩। ঔ ২ ৩ ৪ ৫। ৭ ৭

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা

হে ভগবন্! 'ভদ্রা' (কল্যাণদায়িনী, কল্যাণস্বরূপা) 'যুবতিঃ' (পূর্ণশক্তিঃ, আত্মশক্তিঃ ইত্যর্থঃ) 'আ প্রাগাৎ' (আগচ্ছতু, অস্মাকং হৃদি সমুদ্ভাতু ইত্যর্থঃ) 'অহ্নঃ কেতূন্' (জ্ঞানরশ্মীন্) 'সমীৎর্সতি' (সম্যক্ লব্ধুমিচ্ছতু, তৈঃ সহ মিলিতাঃ ভবতু ইত্যর্থঃ); 'রাত্রী' (অজ্ঞানতারূপা রাত্রিঃ) অপি ত্বৎকৃপয়া 'বিশ্বস্য' (সর্ব্বস্য) 'জগতঃ' (জগদ্বাসিনাং প্রাণীনাং) 'নিবেশনী' (নিবেশকারিণী, শান্তিদায়িনী) তথা 'ভদ্রা' (কল্যাণপ্রদা) 'অভূৎ'

* এই সাম-মন্ত্রটী দুইটী গেয়-গান আছে।

(ভবতু); বয়ং আত্মশক্তিং লভেম; ভগবান্ অস্মাকং অজ্ঞানতাং বিনাশ্য অস্মভ্যং শান্তিং প্রযচ্ছতু ইতি প্রার্থনায়াঃ অন্তর্নিহিতঃ ভাবঃ॥ (৪প ৬অ-৩খ ৭সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবান্! কল্যাণদায়িনী আত্মশক্তি আমাদিগের হৃদয়ে সমুদ্ভূত হউন, জ্ঞানরশ্মির সহিত মিলিত হউন; অজ্ঞানতারূপা রাত্রিও আপনার কৃপায় সকল জগৎবাসী প্রাণীদিগের শান্তিদায়িনী এবং কল্যাণপ্রদা হউক। (প্রার্থনার অন্তর্নিহিত ভাব এই যে,—আমরা যেন আত্মশক্তি লাভ করিতে পারি; ভগবান্ আমাদিগের অজ্ঞানতা বিনাশ করিয়া আমাদিগকে শান্তি প্রদান করুন।)॥ (৪প—৬অ—৩খ—৭সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অনেনোষসঃ স্তুতিঃ। রাত্রিং বামদেব আচানয়া। 'ভদ্রা' সূর্যা প্রকাশসরূপিং নিবারয়ন্তী সুখকরী 'রুশতি' তমসো মিশ্রমিশ্রী 'রাত্রিঃ' 'আ প্রাগাদ' আভিমুখ্যেন প্রগচ্ছতি। 'অহ্নঃ' চন্দ্রমসঃ 'কেতুন' রশ্মীন সমীৎসন্তি' সম্যক্ সম্বন্ধয়িতুমিচ্ছতি চ। অতএব 'ভদ্রা' কল্যাণী রাত্রী 'বিশ্বস্য' সর্বস্য 'জগতঃ' 'নিবেশনী' নিবেশকারিণী 'অভূৎ' ভবতি। অহনি স্বস্বব্যাপারাৎ খিন্নান্ সর্বপ্রাণিনঃ স্বাশ্রয়েষু স্থাপয়তীত্যর্থঃ॥ (৪প-৬অ-৩খ-৭সা)॥

* * *

সপ্তম (৬০৮) সামের মর্মার্থ।

—:*:—

মন্ত্রটী প্রার্থনামূলক। এই প্রার্থনার মধ্যে একটী বিশেষত্ব লক্ষিত হয়। প্রার্থনায় উক্ত হইয়াছে "অজ্ঞানতারূপা রাত্রিও...শান্তিদায়িনী এবং কল্যাণপ্রদা হউক।" আপাতঃ দৃষ্টিতে মনে হইতে পারে—এ কিরূপ প্রার্থনা! অজ্ঞানতা কল্যাণপ্রদ হয় কিরূপে? কিন্তু একটু প্রণিধান করিয়া দেখিলেই প্রার্থনার অন্তর্নিহিত ভাব স্পষ্ট হইবে। যাঁহার কৃপায় "মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিং" তাঁহার দয়ায় কি না সম্ভব হইতে পারে! সেই পরম মঙ্গলময় ভগবান্ মানুষের প্রতি অসীম করুণায় ঘনান্ধকার অমানিশাকেও পূর্ণচন্দ্রকরোজ্জ্বল অমৃতময়ী মধুযামিনীতে পরিণত করিতে পারেন। আর, তিনি তাহাই করিতেছেন। ঘোর অজ্ঞানতায় আচ্ছন্ন মানব কোথা হইতে জ্ঞানজ্যোতিঃ প্রাপ্ত হয়? দুর্বল মানুষ, কোন শক্তি বলে ভীষণ রিপুকুলের আক্রমণ প্রতিহত করিয়া আপনার গন্তব্য পথে চলিতে সমর্থ হয়? সে কি মানুষের নিজের শক্তি? সেই পরম শক্তির আধার ভগবান্ হইতে শক্তি না পাইলে মানুষ তৃণের অপেক্ষাও দুর্বল। তাই এত বড় বীর অর্জ্জুন, শ্রীকৃষ্ণের দেহত্যাগের পর তাঁহার নিত্য-ব্যবহার্য্য গাণ্ডীব উত্তোলন করিতেও অসমর্থ হইয়াছিলেন। যাঁহা হইতে শক্তি আসিয়াছিল, তাঁহাতেই তাহা প্রত্যাগমন করিয়াছে।

অজ্ঞানতার অন্ধকারে আচ্ছন্ন মানুষ ভগবানের নিকটেই আলোকের জন্ম প্রার্থনা করে। চারিদিকে ঘোর অন্ধকার ভীষণ দৈত্যের মত মানুষকে গ্রাস করিতে আসে, জীবনসংগ্রামের তুমুল ঝটিকাবর্ত্ত তাহাকে নিঃশেষে ধরাপৃষ্ঠ হইতে মুছিয়া ফেলিতে চায়, কিন্তু সেই পরম দেবতার করুণায় মানুষ সর্ব্ববিপদ হইতে উদ্ধার লাভ করে। ঘনকৃষ্ণ অন্ধকার ভেদ করিয়া দিব্যজ্যোতিঃ বিকীর্ণ হয়; পথহারা ভ্রান্ত মানব আপনার গন্তব্য পথ চিনিয়া লয়। মুহূর্ত্তের মধ্যে শত্রুকুল ধ্বংস প্রাপ্ত হয়, মানব অপার শান্তিতে নিমগ্ন হইয়া তাঁহার চরণে আত্ম-নিবেদন করে।

শুধু তাই নয়। এই বিপদ, এই পরাজয়, অশান্তি—পরাশান্তির অগ্রদূত মাত্র মানুষ যে পর্য্যন্ত নিশ্চিন্ত আরামে থাকে, যে পর্য্যন্ত তাহার জীবনে সংগ্রাম উপস্থিত না হয়, সেই পর্য্যন্ত সে ভগবানের দিকে ফিরিয়া দাঁড়ায় না। বিপদ আমাদিগকে সেই পরম বিপদত্রাতার কথাই স্মরণ করাইয়া দেয়। দুঃখ অশান্তি উপস্থিত হইলেই মানুষ তাহা নিবারণের উপায় অনুসন্ধান করে। সেই উপায় ভগবান স্বয়ং! তাই বিপদ আমাদিগের বন্ধুর কাজ করে, পরিণামে পরম শান্তির পথ প্রদর্শন করে। আরও, ভগবানের কৃপা দুর্ব্বল অজ্ঞানের উপর বিশেষভাবে পতিত হয়। মা যেমন তাঁহার দুর্ব্বল হতভাগ্য সন্তানের মঙ্গলের জন্ম বিশেষ আগ্রহান্বিত, জগৎপিতা ভগবানও তাঁহার দুর্ব্বল অজ্ঞান সন্তানগণের মঙ্গলের জন্ম সেইরূপ আগ্রহান্বিত। তাঁহারই অপার করুণায় দুর্ব্বল অজ্ঞান মানব মুক্তি লাভে সমর্থ হয়। তাই প্রার্থনা করা হইয়াছে "অজ্ঞানতারূপা রাত্রিও কল্যাণপ্রদা হউক" ওগো প্রভু! তোমার রুদ্ররূপও আমাদিগের মঙ্গল বিধান করুক—"রুদ্র যত্তে দক্ষিণং মুখং তেন মাং পাহি নিত্যম্" মন্ত্রে এই প্রার্থনার ভাবই ফুটিয়া উঠিয়াছে। (৮প - ৬অ - ৩খ—৯সা)।

—— * ——

অষ্টমং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২উ ৩
প্রক্ষস্য বৃষ্ণো অরুষস্য নূ মহঃ

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
প্র নো বচো বিদথা জাতবেদসে।

৩ ১ ২ ৩ ১র ২র ৩ ২ ৩
বৈশ্বানরায় মতিঃ নব্যসে শুচিঃ

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
সোম ইব পবতে চারুঃ অগ্নয়ে ॥ ৮ ॥

* এই সাম মন্ত্রটীর একটী গেয়-গান আছে।

সোম-সামনং ।

২র ১ -- ১s -- ২ ২ ২
১। হাউ। ৩। উ ২। ২। উ ২। বা ৩। হাউবা ৩। ঙসূ-

২১ ২ ১ র র ২১ র ২১র ২ ১র
হংসূর্য্যর্চ্চিঃশোচিস্তপোহরঃ। প্রজাপতিরাত্মাশরুষন্তনূবা ২ ৩ হাঃ। প্রণো-

র র র ২১র ২ ১র র ১র ২ ১র র
বচোবিরজালাভবেদ ২ ৩ দাই। বৈশ্বানরায়মতির্বৈগ্যপেশূ ২ ৩ চীঃ।

১র র র ২১ ১ ২র ১র --
সোমইবপাবতেচারুরগ্নয়া ২ ৩ যা ৩ ই। হাউ। ৩। উ ২। ২।

১S ২ ২ ৩ ১ ১ ১ ১
উ ২। বা ৩। হাউবা ৩। ঈ ২ ৩ ৪ ৫।

• • •

২র ১র ৩র২র ৩র২র ২ র ১ ২ র
২। হাউহাউহাউ। ওহা। ২। ওহাই। বয়োহোই। ৩। পয়ো-

১ ২ ১ ২র ১ ২র ১
হোইচক্ষুহোই। ৩। শ্রোত্রংহোই। ৩। আয়ুহোই। ৩।

২ র ১ ২ র ১ ২র র ১ ২
তপোহোই। ৩। বর্চ্চোহোই। ৩। তেজোহোই। ৩। সুব-

১ ২র ১ ২ ১ র ২র
হোই। ৩। জ্যোতিহোই। ৩। প্রজাপতিরাত্মাশরুষন্তনূবা ২ ৩

২ ১ র র র ১র ২ ১ ২র ২ ১র
হাঃ। প্রণোবচোবিরজালাভবেদা ২ ৩ দাই। বৈশ্বানরায়মতির্-

২ ১র ২ ১র র র ২ ১ ২র
গ্যপেশূ ২ ৩ চীঃ। সোমইবপাবতেচারুরগ্নয়া ২ ৩ যা ৩ ই। হাউ ২

রA ৩র২র A ৩র২র ২ র র ২ র ১
হাউ। ওহা ২। ওহাই। বয়োহোই। ৩। পয়োহোই। ৩।

২ ১ ২র ১ ২র ১
চক্ষুহোই। ৩। শ্রোত্রংহোই। ৩। আয়ুহোই ৩।

২ র ১ ২ র ১ ২ র ১ ২
তপোহোই। ৩। বর্চ্চোহোই। ৩। তেজোহোই। ৩। সুব-

১ ২র ২ ২র ১ ∧ ৩
হোই। ৩। জ্যোতিহোই। ২। জ্যোহিও। ২। বা, ৩॥

৫র র ২র ২ ১ ২ ১ র ২ ২র ২ ১ ২র ১র ২ ১
ঔহোবা। এ। অগ্নিঃসমুদ্রমাক্ষয়ন্। এ আপ্নমূর্দ্ধাভগান্দবঃ।

২র ২র ১র ২ ১ ২ র ১র র র ৩ ১ ১ ১ ১
এ! আয়ুর্দ্ধাঅশ্বভাংবর্চ্চোদাদোবাজ্যা ২৩৪৫ঃ। ৬॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'প্রক্ষস্য' (ব্যাপ্তস্য, বিশ্বব্যাপকস্য) 'অরুষস্য' (আরোচমানস্য, জ্যোতির্ম্ময়স্য) 'বৃষ্ণঃ' (অভীষ্টবর্ষকস্য তব) 'মহঃ' (মহনীয়ং, প্রার্থনীয়াং শক্তিং ইতি ভাবঃ) 'নু' (ক্ষিপ্রং—লাভায় ইতি যাবৎ) বয়ং প্রার্থয়ামঃ ইতি শেষ; হে ভগবন্! অস্মাকং তব মোক্ষপ্রাপিকাং শক্তিং প্রযচ্ছ—ইতি ভাবঃ; 'জাতবেদসে' (সর্ব্বতত্ত্বজ্ঞায়, জ্ঞানদায়কদেবায়, তং প্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'নঃ' (অস্মাকং) 'বচঃ (প্রার্থনাঃ) 'প্র' (প্রকৃষ্টরূপেণ) 'বিদথে' 'যজ্ঞে, সৎকর্ম্মণি—মিলিতা ভবতু ইতি শেষঃ); 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'ইব' (যথা) 'পবতে' (পবিত্রংকরোতি সাধকানাং হৃদয়ং ইতি যাবৎ) তদ্বৎ 'নব্যসে' (নবতরায়, নবশক্তিপ্রদায়কায়) 'বৈশ্বানরায়' (বিশ্বেষাং নেতৃস্থানীয়ায়) 'অগ্নয়ে' (জ্ঞানদেবায় তং প্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'চারুঃ' (কল্যাণদায়িনী) 'শুচিঃ' (পবিত্রা) 'মতিঃ' (বুদ্ধিঃ, নির্ম্মলাত্মিকাসদ্বৃত্তিঃ) অস্মাকং হৃদয়ং পবিত্রং—করোতু ইতি শেষঃ); মন্ত্রঃ অয়ং প্রার্থনামূলকঃ। সদ্বৃত্তিপ্রভাবেণ বয়ং জ্ঞানং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৪প—৬খ—৬ব ৮সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! বিশ্বব্যাপক জ্যোতির্ম্ময় অভীষ্টবর্ষক আপনার প্রার্থনীয় শক্তি ক্ষিপ্র লাভ করিবার জন্য আমরা প্রার্থনা করিতেছি; (ভাব এই যে,—হে ভগবন্! আমাদিগকে আপনার মোক্ষপ্রাপিকা শক্তি প্রদান করুন); জ্ঞানদায়ক দেবতাকে প্রাপ্তির জন্য আমাদিগের প্রার্থনা প্রকৃষ্টরূপে সৎকর্ম্মে মিলিতা হউক; সত্ত্বভাব যেমন সাধকদিগের হৃদয়কে পবিত্র করে, সেইরূপ নবশক্তিপ্রদায়ক বিশ্বের নেতৃস্থানীয় জ্ঞানদেবতাকে প্রাপ্তির জন্য কল্যাণদায়িনী পবিত্রা নির্ম্মলাত্মিকা সদ্বৃত্তি আমাদিগের হৃদয়কে পবিত্র করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—সদ্বৃত্তি প্রভাবে আমরা যেন জ্ঞান লাভ করিতে পারি)। (৪প—৬খ—৩খ—৮সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

বৈশ্বানরং জগত্যাস্তোত্তরমাজো বার্হস্পত্যঃ। 'প্রক্ষস্য' সম্পৃক্তস্য ব্যাপ্তস্য। (যদ্বা পৃক্ষং হবির্লক্ষণমন্নং তদ্বতঃ) 'বৃষ্ণঃ' সেক্তুঃ 'অরুষস্য' আরোচমানস্য 'বৈশ্বানরায়' 'মহঃ' পূজাযুক্তং বলং তেজো বা 'নু' ক্ষিপ্রং স্তৌমি। অতএব 'নঃ' অস্মদীয়ং 'বচঃ' বচনং 'সদনে' যাগে প্রযচ্ছতি স্তোতৄণাং 'জাতবেদসে' জাতপ্রজ্ঞায় জাতধনায় বা তস্মৈ দদস্বেত্যর্থঃ। উক্তমেব প্রকারান্তরেণাদরার্থমাহ 'নব্যসে' নবতরায় 'বৈশ্বানরায়' অগ্নয়ে 'শুচিঃ' নির্ম্মলা স্তোতৄণাং সোমযাজ্ঞী বা 'চারুঃ' কল্যাণী 'মতিঃ' মননীয়া স্তুতিশ্চ 'পবতে' সংসকাশাৎ প্রভবতি স্বয়মেব গচ্ছতীত্যর্থঃ। 'সোমঃ ইব' যথা সোমো দশাপবিত্রাৎ প্রনাতি তদ্বৎ ইত্যর্থঃ। 'প্রক্ষস্য' 'পৃক্ষস্য' ইতি 'মহঃ'—'সহঃ'—ইতি, 'প্রসোবোচ'—'প্রস্বপোচঃ' ইতি, 'জাতবেদসে'—জাতবেদসঃ' ইতি 'নব্যসে'-'নব্যসি' ইতি চ সাম ঋচঃ পাঠভেদঃ॥ (৪প—৬অ—৩খ—৮সা)।

* * *

অষ্টম (৬০৯) সামের মর্ম্মার্থ।

— ‡ * ‡ —

মন্ত্রটী প্রার্থনা-মূলক। উহা তিন ভাগে বিভক্ত; প্রত্যেক অংশেই জ্ঞানলাভ মূলক অথবা আত্মোদ্বোধন-মূলক প্রার্থনা পরিদৃষ্ট হয়।

মন্ত্রের প্রথম অংশে ভগবৎশক্তি লাভের জন্য প্রার্থনা আছে। ভগবান অভীষ্টবর্ষক। তাঁহার নিকট পবিত্র হৃদয়ে ঐকান্তিকতার সহিত যাহা প্রার্থনা করা যায়, তাহাই মানুষ লাভ করিতে পারে। তিনিই মানবের একমাত্র আশ্রয়স্থল। মানুষ যাহা লাভ করে, সমস্তই তাঁহার নিকট হইতে আসে।

তিনি বিশ্বব্যাপক। জগৎ তাঁহারই ক্ষুদ্রতম বিকাশ মাত্র। তাঁহারই একাংশে জগৎ অবস্থিত আছে। অনলে অনিলে ভূধর সাগরে তাঁহার ছায়া পরিদৃষ্ট হয়। তাঁহার জ্যোতির কণামাত্র লাভ করিয়া চন্দ্রসূর্য্য জ্যোতিষ্মান হয়; তাঁহার স্বরাজনিশ্বাসে মলয়বায়ু প্রবাহিত হয়। 'যেখানে যা দেখি তাঁহারই প্রকাশ।' ক্ষুদ্রাদপিক্ষুদ্র তৃণ হইতে মহামহীধর পর্য্যন্ত তাঁহারই শক্তির বিকাশ ঘোষণা করিতেছে। তিনি সত্তারূপে সর্ব্বত্র বিদ্যমান। তিনিই বিশ্বের নেতৃস্থানীয়, তিনিই বিশ্বকে পরিচালিত করিতেছেন তাঁহার মঙ্গলনীতিবলেই জগৎ বাঁচিয়া আছে।

যাঁহার হৃদয় পবিত্র, যাঁহার বৃত্তিসমূহ নির্ম্মল, তিনিই অপাপবিদ্ধ দেবতাকে হৃদয়ে ধারণ করিতে পারেন। তাই সেই পরমদেবতাকে প্রাপ্তির উপায়ভূত হৃদয়ের বিশুদ্ধতা এবং চিত্তবৃত্তির নির্ম্মলতা লাভের জন্য মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। (৪প—৬অ—৩খ ৮সা)। *

---

* এই সাম-মন্ত্রটীর দুইটী গেয়-গান আছে।

নবমং সাম।

১ ২ ৩ ১ ২র ৩ ২

বিশ্বে দেবা মম শৃণ্বন্তু যজ্ঞম্

৩ ১র ২র ৩ ১র ২র ৩ ১ ২

উভে রোদসী অপাম্নপাৎ চ মন্ম।

২ ৩ ১ ২ ৩ ১ ২

মা বো বচাᳬসি পরিচক্ষ্যাণি

৩ ২উ ৩ ১ ২

বোচᳬ সুম্নেষু ইৎ বঃ অন্তমা মদেম ॥ ৯ ॥

* * *

গেয়-গানং।

২র ১ ২ ১ — ১ ২ —

১। হাউ। ৩। আইহো। ৩। আইহী২। ৩। আইহিহা২

১ ২ ১ ১ র র র ২ ১ ২ ২ ১র

ই। ২। আইহিহাই। বিশ্বদেবামমশৃণ্বন্তুয়া২৩জ্ঞাম্। উভে

র র র র ২ ১ ২ ১র র র র ২ ১

রোদসীঅপাম্নপাচ্চমে২৩ম্মা। মাবোবচাᳬসিপরিচক্ষ্যাণিবো২৩

২ ২র ১ ২ ১ —

চা৩ম্। হাউ। ৩। আইহো। ৩। আইহী২। ৩।

১ ২ — ১ ২ ১ ১ র র র

আইহিহা২ই। ২। আইহিহাই। সুম্নেষ্বিদ্বোঅন্তমা-

A ৩ ২ ৩ ১ ১ ১ ১

মদা২ইমাউবা৩। ঈ২৩৪৫॥ ৯॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অপাম্নপাৎ' (মোক্ষপ্রাপকঃ জ্ঞানদেবঃ) 'চ' (তথা) 'উভে রোদসী' (দ্যুলোকভূর্লোকে দ্যুলোকভূলোকস্থিতাঃ ইত্যর্থঃ) 'বিশ্বে দেবাঃ' (সর্ব্বে দেবাঃ) 'মম' (মে) 'মন্ম' (মননীয়ং সঙ্কল্পিতং) 'যজ্ঞং (যজনীয়ং, পূজাং ইত্যর্থঃ) 'শৃণ্বন্তু' (গৃহ্ণন্তু ইতি ভাবঃ) ; হে দেবাঃ !

'বঃ' (যুষ্মাকং) 'পরিচক্ষ্যাণি' (পরিবর্জনীয়ানি, অপ্রিয়াণি) 'বচাংসি' (বাক্যানি) 'মা বোচং' (ন বদেম); ততঃ 'বঃ' (যুষ্মাকং) 'অন্তমাঃ' (অন্তিকতমাঃ, আশ্রিতাঃ সন্তঃ) বয়ং 'সুম্নেষু ইৎ' (যুষ্মাভির্দত্তেষু সুখেষু এব বর্তমানাঃ, সুখং উপভোগ্য ইত্যর্থঃ) 'মদেম' (পরমানন্দং লভেম); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং ভগবদ্দত্তং পরমানন্দং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪প—৬অ—৩খ—৯সা)॥

বঙ্গানুবাদ।

মোক্ষপ্রাপক জ্ঞানদেব এবং দ্যুলোকভূলোকস্থিত সকল দেবতা আমার মননীয় অর্থাৎ সঙ্কল্পিত পূজা গ্রহণ করুন; হে দেবগণ! আপনাদিগের অপ্রিয় বাক্য আমরা যেন না বলি; আপনাদিগের আশ্রিত হইয়া আমরা যেন আপনাদিগের প্রদত্ত সুখই উপভোগ করিয়া পরমানন্দ লাভ করি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবৎদত্ত পরমানন্দ লাভ করি।)। (৪প—৬অ—৩খ—৯সা)॥

সায়ণ-ভাষ্যং।

এষা ত্রিষ্টুপ্ বৈশ্বদেবী 'ত্বয়াজেন' বীক্ষতা। 'বিশ্বে' সর্বে 'দেবাঃ' 'মম' মদীয়ং মন্ম মননীয়ং 'যজ্ঞং' যজনীয়ং পূজাং হবীংষি বা 'শৃণ্বন্তু' গৃহ্নন্তিত্যর্থঃ। 'অপাময়াং' মধ্যস্থানেঽস্মিংশ্চ 'উভে রোদসী' দ্যাবাপৃথিব্যৌ অন্যদীয়ং স্তোত্রং 'শৃণ্বন্তু' চিত্তে অবধারয়ন্তু অথ প্রত্যক্ষকৃতাঃ—হে 'দেবা'! 'বঃ' যুষ্মাকং 'পরিচক্ষ্যাণি' পরিবর্জনীয়ানি যানি 'বচাংসি' স্তোত্রাণি 'মা বোচং' ন ব্রবীম অপি তু সমীচীনানীতি। অতঃ 'বঃ' যুষ্মাকং 'অন্তমাঃ' অন্তিকতমাঃ সন্তো বয়ং 'সুম্নেষ্বিৎ' যুষ্মাভির্দত্তেষু সুখেষ্বেব বর্তমানাঃ 'মদেম' মোদেম। 'যজ্ঞং'-'বাজয়াঃ'—ইতি পাঠৌ। (৪প-৬অ—৩খ—৯সা)॥

নবম (৬১০) সামের মর্মার্থ।

"বিশ্বের সকল দেবতার চরণে আমি প্রণিপাত করি। দ্যুলোকে, ভূলোকে, অন্তরিক্ষে যে যেখানে আছেন, তাঁহাদিগকে আমি প্রণাম করি। কৃপাপূর্বক তাঁহারা এই দুর্বল হৃদয়ের পূজা গ্রহণ করুন, আমাকে কৃতার্থ করুন। আমি যেন তাঁহাদিগকে পূজা করিবার যোগ্যতা লাভ করি। তাঁহারা আমাকে আশীর্বাদ করুন।" বর্তমান মন্ত্রের প্রথমাংশে এই প্রার্থনাই দেখিতে পাওয়া যায়।

মন্ত্রান্তর্গত 'বিশ্বে দেবাঃ' পদ লক্ষ্য করিবার। তবে কি জগতে বহু দেবতা বর্তমান? আমরা ইতিপূর্বে (৪প-৬অ—১খ—৫সা) ঐ সম্বন্ধে আলোচনা করিয়াছি। জগতে

প্রকৃত পক্ষে এক পরমেশ্বর ব্যতীত দ্বিতীয় সত্তা নাই। জগতের বিভিন্ন বস্তু তাঁহারই বিভিন্ন শক্তির বিকাশ মাত্র—'একং সদ্বিপ্রাঃ বহুধা বদন্তি।'

এখানে একটী প্রশ্ন হইতে পারে—এই সমস্তই যদি তাঁহার প্রকাশ, এই বহুর পশ্চাতে যদি 'এক'ই থাকেন, তবে এক সঙ্গে এই 'বহু'র আহ্বান কেন? আমরা বলি এই 'বহু'র পূজা কি তাঁহার পূজা নয়? এই বিশ্বে প্রকাশিত শক্তির পূজা কি তাঁহার পূজা নয়? এই নিখিল বিশ্বে তাঁহার প্রকাশ দেখিয়া ভক্তিভরে তাঁহার চরণে প্রণত হওয়া কি উচ্চতর সাধনার পরিচায়ক নয়? হৃদয়ে ভগবদ্ভক্তি, পরাজ্ঞান দৃঢ় প্রতিষ্ঠিত হইলে মানুষ বিশ্বে ব্রহ্ম দর্শন করিতে সমর্থ হয়েন। এই দিক দিয়া বলা যায়,—দেবতা বহু। শুধু তেত্রিশ কোটী নয়, অনন্ত কোটী কোটী দেবতা আছেন। তাঁহাদের উদ্দেশ্যেই ভক্তের পুষ্পাঞ্জলি অর্পিত হইয়াছে। (৪প—৬অ—৩খ—৯সা)।*

—•—

দশমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ক
যশো মা দ্যাবাপৃথিবী যশো মা ইন্দ্রবৃহস্পতী।
২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২র
যশো ভগস্য বিন্দতু যশো মা প্রতিমুচ্যতাম্।
৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যশস্যাতঽস্যাঃ সংসদো অহং প্রবদিতা স্যাম্॥ ১০॥

* * *

গেয়-গান।

২ঃ ১ র ২র ১র র ২ ৮র ২S ১ র ২র ২র
হাউ ৩ বা। যশোমদ্যাবাপৃথিবী। হাউ ৩ বা। যশোমেন্দ্রাবৃহস্পতী।
২S র ২ র ২ ২৩ ২ র ২র ১ ২ র
হাউ ৩ বা। যশোভগস্যবিন্দতু। হাউ ৩ বা। যশোমাপ্রতিমুচ্যতাম্।
২S ২ ১ র ২ ১ ২S ২ ১ ২ ৫র
হাউ ৩ বা। যশস্যাস্যাঃসংসদঃ। হাউ ৩ বা। অহম্প্রবদিতা—
র ২৩ ৪ ২ ১
স্যাম্। হাউ ৩ বা। ঔর্ঘমস্টয়ে ৩ ৫সূ। ১০॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দ্যাবাপৃথিবী' (দ্যুলোকভূলোকৌ, দ্যুলোকভূলোকস্থিতাঃ দেবাঃ ইত্যর্থঃ) 'মা' (মাং) 'যশ' (শুদ্ধাত্তং, সৎকর্ম্মজনিতাং খ্যাতিং, শক্তিং, সৎকর্ম্মসাধনশক্তিং ইত্যর্থঃ) প্রযচ্ছতাং

* এই সাম-মন্ত্রটির একটী গেয়-গান আছে।

ইতি শেষঃ; 'ইন্দ্রবৃহস্পতী' (বলাধিপতিঃ দেবঃ তথা মহদ্দেবভাবানাং রক্ষকঃ দেবঃ) 'মা' (মাং) 'যশঃ' (সৎকর্ম্মসাধনশক্তিং) প্রযচ্ছতাং ইতি শেষঃ; 'ভগস্য' (ঐশ্বর্য্যাধিপতিদেবস্য) 'যশঃ' (শক্তিঃ) মাং 'বিন্দতু' (প্রাপ্নোতু); 'যশঃ' (শক্তিঃ, আত্মশক্তিঃ, সৎকর্ম্মসাধনশক্তিঃ) 'মা' (মাং) 'প্রতিমুচ্যতাং' (ন ত্যজতু); 'যশস্বত্যাঃ' (সৎকর্ম্মপরায়ণস্য) 'সংসদঃ' (সজ্জনমণ্ডলস্য, সাধকানাং ইত্যর্থঃ) সাধনশক্তিঃ ন ক্ষয়তু ইতি শেষঃ; 'অহং' (প্রার্থনাকারী অহং) 'প্রবদিতা' (প্রবক্তা, জ্ঞানী) 'স্যাম' (ভবেয়ং); প্রার্থনামূলকোঽয়ং। হে ভগবন্! কৃপয়া মহ্যং সৎকর্ম্মসাধনশক্তিং তথা পরাজ্ঞানঞ্চ প্রযচ্ছ – ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৪প-৬অ—৩খ—১০সা)॥

* * *

বঙ্গানুবাদ।

দ্যুলোকভূলোকস্থিত দেবগণ আমাকে সৎকর্ম্মসাধনশক্তি প্রদান করুন; বলাধিপতিদেব এবং মহৎদেবভাবসমূহের রক্ষক দেবতা আমাকে সৎকর্ম্মসাধনশক্তি প্রদান করুন; ঐশ্বর্য্যাধিপতি দেবতার শক্তি আমাকে প্রাপ্ত হউক; সৎকর্ম্মসাধনশক্তি যেন আমাকে ত্যাগ না করে; সৎকর্ম্মপরায়ণ সজ্জনমণ্ডলের সাধনশক্তি যেন ক্ষয় না হয়; প্রার্থনাকারী আমি যেন জ্ঞানী হইতে পারি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাকে সৎকর্ম্মসাধনশক্তি এবং পরাজ্ঞান প্রদান করুন)॥ (৪প—৬অ—৫খ—১০সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

বামদেবো মহাপঙ্‌ক্ত্যা স্তৌতি লিঙ্গোক্তদেবতা। 'দ্যাবাপৃথিবী' দ্যাবাপৃথিব্যোঃ 'যশঃ' 'মা' স্তোতারং 'আবিন্দতু' লভতাং প্রাপ্নোত্বিত্যর্থঃ। কিঞ্চ, 'ইন্দ্রবৃহস্পতী' ইন্দ্রাবৃহস্পত্যোঃ 'যশঃ' 'মা' মাং বিন্দতু। কিঞ্চ, 'ভগস্য' আদিত্যস্য, 'যশঃ' 'মা' মাং বিন্দতু। বহুলেন যশসা যশোযম্না 'মা প্রতিমুচ্যতাং' ন প্রমুচ্যতাং। 'যশস্বিন্যাঃ' অস্যাঃ মম 'সংসদঃ' সমূহস্য 'যশঃ' ন প্রমুচ্যতাং। 'অহং' প্রবদিতা সর্ব্বত্র প্রবক্তা 'স্যাম' ভূয়াসং॥ ১০॥

* * *

দশম (৬১১) সামের মর্ম্মার্থ।

——§ : • : §——

সৎকর্ম্মসাধনসামর্থ্য লাভের জন্য কি তীব্র ব্যাকুলতাই এই মন্ত্রের মধ্যে প্রকাশিত হইয়াছে! ভগবানের প্রত্যেক বিভূতির নিকটই ব্যাকুলভাবে সাধনশক্তি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। তাঁহার যে শক্তির কথা মনে হইয়াছে, তাঁহার নিকটই প্রার্থনা

পরিদৃষ্ট হয়। "ওগো, কে কোথায় আছ, আমাকে একটুখানি শক্তি দাও, তোমাদের অফুরন্ত শক্তির ভাণ্ডার হইতে এককণা আমাকে দান করিলে আমি কৃতার্থ হইয়া যাই। দ্যুলোকে ভূলোকে, যেখানে যে দেবতা আছেন, তাঁহাদিগের প্রত্যেকের নিকটই আমার প্রার্থনা নিবেদন করিতেছি—আমাকে সৎ ও মহৎ করুন, আপনাদিগের পূজার উপযোগী শক্তি দান করুন। দুর্ব্বল আমি, আপনাদিগকে আরাধনা করিবার শক্তি নাই; অজ্ঞান আমি—কিরূপে আপনাদিগের পূজা করিতে হয়; জানি না। আমাকে জ্ঞান, প্রদান করুন, একটু শক্তি দান করুন।" মন্ত্রের মধ্যে এই তীব্র ব্যাকুলতাই লক্ষিত হয়।

প্রার্থনার ঐই ব্যাকুলতা শ্রীমদ্ভাগবতের আর এক দৃশ্য স্মরণ করাইয়া দেয়। অনন্ত পুরুষের বংশীর আহ্বানে গোপাঙ্গনাগণ ছুটিয়া আসিয়া তাঁহার সহিত মিলিত হইলেন, কিন্তু তাঁহাদিগের হৃদয় হইতে 'অহং' ভাব যায় নাই। তাঁহাদিগকে একটু শিক্ষা দিবার জন্য শ্যামসুন্দর অন্তর্হিত হইলেন। তখন গোপাঙ্গনাদিগের চৈতন্যোদয় হইল, তাঁহাকে ব্যাকুল ভাবে অনুসন্ধান করিতে লাগিলেন। সে কি ব্যাকুলতা! পশুপক্ষী বৃক্ষলতাদির প্রত্যেককে শ্রীকৃষ্ণ-সংবাদ জিজ্ঞাসা করিতে লাগিলেন। আপনাতে আর তাঁহারা নাই। মানব-হৃদয়ে সেই অনন্ত পুরুষের বংশীধ্বনি শ্রবণে যে ব্যাকুলতা জন্মে, এই মন্ত্রে তাহারই একটী চিত্র দেখিতে পাওয়া যায়॥ (৪প—৬অ ৩খ—১০সা)।

—•—

একাদশং সাম।

১ ২ ৩ ২ ৩ক ২র ৩ ১ ২ ৩

ইন্দ্রস্য নু বীর্য্যাণি প্রবোচং

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২

যানি চকার প্রথমানি বজ্রী।

১ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩

অহন্ অহিম্ অনু অপঃ ততর্দ্দ

২ ৩ ১ ২ ৩ ১ ২

প্রবক্ষণা অভিনৎ পর্ব্বতানাম্॥ ১১॥

* * *

গেয়-গানং।

২ ১ র ২ ১ র ২ র ১ র ২ র ১

বৃত্রহত্যায়হোই। ৩। অধৃষ্ণবেহোই। ৩। অপূরবেহোই। ২। অপুরাজো ৩ ই। পৃথিব্যাহোই। বিবর্ত্তাহোই। ২। বিবর্ত্তায়া ২। অন্তরিক্ষ-

২ ১র র ২ ১ র ২ ১ ২ ১

* এই সাম মন্ত্রটির একটী গেয়-গান আছে।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বজ্রী' (বজ্রধরঃ, ইন্দ্রদেবঃ) 'প্রথমানি' (মুখ্যানি) 'যানি' (কর্ম্মাণি) 'চকার' (কৃতবান্, সৃষ্টিরক্ষার্থং যং যৎ কর্ম্ম নিত্যং সম্পাদয়তি ইতি যাবৎ), তস্য 'ইন্দ্রস্য' (ভগবতঃ, ইন্দ্রদেবস্য) 'বীর্য্যাণি' (অলৌকিক কার্য্যাণি) 'নু' (নিত্যং, স্বতঃ) 'প্র বোচং' (প্রকৃষ্টরূপেণ কীর্ত্তয়ামি, প্রত্যক্ষং করোমি); 'অহিং' (মেঘং শত্রুং) 'অহন্' (বিদারিতবান্ হতবান্); 'অনু' (পশ্চাৎ) 'অপঃ' (জলানি, সত্ত্বভাবাদীনি) 'ততর্দ্দ' (ভূমৌ পাতিতবান্, বিস্তারিতবান্); 'পর্ব্বতানাং' (গিরিকন্দরাণাং, পর্ব্বতসদৃশকাঠিন্যসম্পন্নানাং) 'বক্ষণাঃ' (প্রবহনশীলাঃ, স্নেহকারুণ্যাদিনির্ঝরাদীনাং) 'প্র অভিনৎ' (প্রবাহিতবান্, উদ্ঘাটিতবান্)। ভগবন্মহিমা অস্মাকং নিত্যপ্রত্যক্ষীভূতা। হে ভগবন্! শত্রুং নাশয়িত্বা অস্মাকং হৃদয়ে সত্ত্বভাবপ্রবাহং নিত্যং প্রবাহয়তাম্ ইতি ভাবঃ। (৪প—৬অ—৩খ—১১সূ)।

* * *

বঙ্গানুবাদ।

বজ্রধর (ভগবান্) যে সকল মুখ্যকর্ম্ম (সৃষ্টিরক্ষার জন্য) সম্পাদন করেন, তাঁহার (ভগবান্ ইন্দ্রদেবের) সেই সকল অলৌকিক কার্য্যের বিষয় আমরা স্বতঃই কীর্ত্তন (প্রত্যক্ষ) করিয়া থাকি। মেঘ বিদারণ করিয়া তিনি ভূতলে জলধারা সেচন করেন (রিপুশত্রুকে নিহত করিয়া তিনি হৃদয়ে সত্ত্বভাবাবলি বিস্তার করেন); গিরিকন্দরে তিনি প্রবহনশীলা নদী প্রবাহিত করেন (পর্ব্বত-সদৃশ কাঠিন্য-সম্পন্ন হৃদয়ে তিনি স্নেহকারুণ্যাদির নির্ঝর-দ্বার উন্মুক্ত করিয়া দেন)। ভগবানের মহিমা আমাদিগের নিত্যপ্রত্যক্ষীভূত হয়। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! শত্রু নাশ করিয়া আমাদিগের হৃদয়ে সত্ত্বভাব নিত্য প্রবাহিত করুন। (৪প—৬অ—৩খ—১১সূ)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

দৃষ্টা হিরণ্যস্তূপেন ত্রিষ্টুপ্ ঐন্দ্রদেবতা। 'বজ্রী' বজ্রযুক্ত ইন্দ্রঃ 'প্রথমানি' পূর্ব্বসিদ্ধানি মুখ্যানি বা 'যানি' 'বীর্য্যাণি' পরাক্রমযুক্তানি 'কর্ম্মাণি' চকার। তস্য 'ইন্দ্রস্য' তানি বীর্য্যাণি। 'নু' ক্ষিপ্রং 'প্রবোচং' প্রব্রবীমি। কানি বীর্য্যাণীতি? তদুচ্যতে— 'অহিং' মেঘং 'অহন্' হতবান্। তদেকং বীর্য্যং। 'অনু' পশ্চাৎ 'অপঃ' জলানি 'ততর্দ্দ' হিংসিতবান্ ভূমৌ পাতিতবানিত্যর্থঃ। ইদং দ্বিতীয়ং বীর্য্যং। 'পর্ব্বতানাং' সম্বন্ধিনীঃ 'বক্ষণাঃ' প্রবহনশীলা নদীঃ 'প্র অভিনৎ' কূলদ্বয়-কর্ষণেন প্রবাহিতবানিত্যর্থঃ। ইদং তৃতীয়ং বীর্য্যং। (৪প—৬অ—৩খ—১১সূ)।

* * *

একাদশ (৬১২) সামের মর্ম্মার্থ।

——:§*§:——

এই সামের যে অর্থ প্রচলিত আছে, তাহাতে বুঝা যায়, কোনও ব্যক্তিবিশেষ যেন কহিতেছেন, 'আমি বজ্রধারী ইন্দ্রদেবের পুরস্কৃত বীর্য্যের বিষয় কহিতেছি। তিনি অহিকে হনন করিয়াছিলেন। তিনি জলসমূহকে ভূপাতিত করিয়াছিলেন। তিনি পর্ব্বতের অবরোধ মুক্ত করিয়া নদীর জল প্রবাহিত করিয়াছিলেন।' এরূপ অর্থে, এই মন্ত্রে, কোনও মনুষ্য কর্তৃক কোনও মনুষ্যের শক্তি-সামর্থ্যের বিষয় বর্ণিত হইয়াছে বলিয়াই প্রতিপন্ন হয়। সামের অন্তর্গত 'প্রবোচং' 'চকার,' 'তুতর্দ্দ' 'প্র অভিনৎ' প্রভৃতি ক্রিয়াপদই ব্যাখ্যাকারগণকে ঐরূপ অর্থ অন্বেষণের পথে সহায়তা করিয়াছে। এ বিষয়ে আমাদের যাহা বক্তব্য, প্রথমে আভাসে তাহা বলিতেছি। আমরা বলি, ঐ ক্রিয়াপদ-কয়েকটীতেই অতীতের সহিত ত্রিকালের সম্বন্ধ আছে। 'করিয়াছেন, করিতেছেন, করিবেন, করেন',—এ সকল প্রকার ভাবই ঐ ক্রিয়াপদ-কয়েকটির মধ্যে নিহিত বলিয়া প্রতীত হয়। ব্যাখ্যাকারগণও, এ বিষয়ে বড়ই সমস্যার মধ্যে পড়িয়াছেন। দেখুন—'প্রবোচং' পদ। এই পদটি লৌকিক ব্যাকরণে সিদ্ধ হয় না। কিন্তু সায়ণ উহার অর্থ করিয়াছেন—'প্রব্রবীমি' অর্থাৎ 'বলিতেছি' (বর্ত্তমান কাল)। একজন ব্যাখ্যাকারের মত, ঐ ক্রিয়াপদের উৎপত্তিস্থল 'প্র অবোচন'। ঐ পদের তিনি অর্থ করিয়াছেন 'প্রকর্ষেণ অবোচন ব্রবীমি।' বুঝিয়া দেখুন - এখানে ভূতকালদ্যোতক 'লুঙর' পদকে বর্ত্তমানকালদ্যোতক 'লট' দ্বারা ব্যাখ্যা করা হইয়াছে। ব্যাখ্যাকার, ব্যাখ্যায় পূর্ব্বে, কোনও ঋষি-বিশেষ ঐ মন্ত্র উচ্চারণ করিতেছেন, মনে করিয়া লইয়াছেন। তার পর ঐরূপ বর্ত্তমানের ক্রিয়ার অবতারণায় অর্থ নিষ্পন্ন করিতে বাধ্য হইয়াছেন। তাহা না করিলে কোনও নির্দ্দিষ্ট স্তবকর্ত্তার সম্বন্ধ ঐ মন্ত্রের সহিত সংযোজন করা যায় না। আবার ঐ মন্ত্র উচ্চারণ-কালে, তাহার পূর্ব্ববর্ত্তী ঘটনা উচ্চারিত না হইলে, সামঞ্জস্য থাকে না,—মন্ত্রোচ্চারণকারীর সহিত মন্ত্র-সম্বন্ধও রক্ষা করা যায় না। সুতরাং কর্ত্তার সহিত সম্বন্ধ-বিশিষ্ট অপর ক্রিয়াপদ তিনটিকে অতীতকাল-জ্ঞাপক ক্রিয়াপদ বলিয়া ব্যাখ্যা করিতে হইয়াছে। ব্যাখ্যাপদ্ধতির প্রয়োজনানুসারে কালের ব্যত্যয় ঘটাইতে সকলেই বাধ্য হইয়াছেন, বুঝা যায়।

আমরা যে পথে চলিয়াছি তাহাতে ব্যাখ্যায় কাল-পরিবর্ত্তনের আবশ্যক করে না। যদিও প্রতিবাক্যে দুই এক স্থলে আমরা ভাষ্যের অনুসরণ করিয়াছি তথাপি আমরা মনে করি, নিত্যকালের সম্বন্ধ সর্ব্বত্রই অটুট আছে। ঐ যে সকল অতীত-কালের ক্রিয়াপদ, উহাদের মর্ম্ম—ত্রিকালদ্যোতক। যিনি, যে অবস্থায়, যে কালেই হউক না কেন, যখনই ঐ মন্ত্র উচ্চারণ করিবেন, তাঁহার মর্ম্মার্থ অভিন্ন-ভাবেই প্রকটিত হইবে। পূর্ব্বেও যিনি প্রার্থনা করিয়াছেন, এখনও যিনি প্রার্থনা করিতেছেন, পরেও যিনি প্রার্থনা করিবেন, সকলের সকল কালের সম্বন্ধই উহাতে পরিস্ফুট আছে। "ভগবানের মহিমা কীর্ত্তন করিতেছি"—এ বাক্য অতীতকালেও বলা হইয়াছে, বর্ত্তমানেও বলা হইতেছে, আবার ভবিষ্যতেও বলিতে হইবে। 'প্রবোচং' ক্রিয়াপদ বৈদিক ভাষাতে সেই ভাব প্রকাশ করিতেছে। অন্য ক্রিয়াপদ-সম্বন্ধেও আমাদের ঐ একই বক্তব্য।

মন্ত্রে একদিকে, বাহ্য-প্রকৃতি-পক্ষে মেঘবিদারণ-পূর্ব্বক-বারিবর্ষণরূপ কল্যাণ-সাধন, অন্য-দিকে আধ্যাত্মিক-পক্ষে শত্রু-বিমর্দ্দন পূর্ব্বক হৃদয়ে সত্ত্বভাব-সংরক্ষণ, প্রকাশ পাইতেছে। সকল কালে সকল অবস্থাতেই এ ভাব প্রকাশ পাইতে পারে। মন্ত্রের অপরাংশেও এইরূপ, এক পক্ষে, পাষাণ-বিদারণ-পূর্ব্বক নির্ঝরণীর উৎপত্তি-রূপ স্নিগ্ধতা-বিস্তারের ভাব, এবং অন্য পক্ষে রিপুসঙ্কুল পাষাণ-সদৃশ হৃদয়ে স্নেহকারুণ্যাদির সঞ্চারভাব প্রকাশ পাইয়াছে। বুঝিয়া দেখুন, সকল কালে সকল অবস্থাতেই এই ভাব পরিগৃহীত হইতে পারে। প্রার্থনা-পক্ষে এ মন্ত্রের মর্ম্মার্থ হয় এই যে,—'হে ভগবন্! আপনার শক্তি ও করুণার পরিচয় নিয়তই প্রাপ্ত হইতেছি। আমার এই-রিপুশত্রু-সঙ্কুল পাষাণ হৃদয় বিগলিত করিয়া আপনি প্রেম পীযুষ-ধারা প্রবাহিত করিয়া দিউন।' (৪প—৬অ—৩খ—১১সা)।

—•—

দ্বাদশং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অগ্নিরস্মি জন্মনা জাতবেদা

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
ঘৃতং মে চক্ষুঃ অমৃতং ন আসন্।

৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১র
ত্রিধাতুরর্কো রজসো বিমানো

২র ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অজস্রং জ্যোতিঃ হবিরস্মি সর্ব্বম্॥ ১২॥ *

গেয়-গানং।

২৪ ২ ১ ২ ১ ২র র ১ র ২র ১ র ১ ১ র ২৫
হাউ ও বা। অগ্নিরস্মিজন্মনাজাতবেদাঃ। ইড়া। সুবঃ। ইড়া। হাউ ও

র ২ ১ ২র১ ২ ১ ২ র ১ র ১ ১ র ২৫
বা। ঘৃতম্মেচক্ষুরমৃতম্ম আসন্। ইড়া। সুবঃ। ইড়া। হাউ ও বা।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার প্রথম মণ্ডলের দ্বাত্রিংশ সূক্তের প্রথমা ঋক্ (প্রথম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, ষট্‌ত্রিংশ বর্গের অন্তর্গত)। ইহার একটী গেয়-গান আছে।

২ ১র ২ ১র ২র ১র ২ ১ র ১ ১ র ২S
ত্রিধাতুরর্কো রজসো বিমানঃ । ইড়া । সুবঃ । ভড়া । হাউ ৩ বা ।

১ ২ ১র ২ ১ ২ ১ ২ ১ র ১ ১ র
অজস্রংজ্যোতির্হবিরস্মি সর্ব্বম্ । ইড়া । সুবঃ । ইড়া ॥ ১২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

'জন্মনা' (ভগবতঃ উৎপত্তিহেতুনা, যতঃ অহং ভগবতঃ আগতঃ অতঃ ইত্যর্থঃ) অহং 'জাতবেদা' (সর্ব্বতত্ত্বজ্ঞঃ) 'অগ্নিঃ' (জ্ঞানদেবঃ, জ্ঞানময়ঃ ইত্যর্থঃ) 'অস্মি' (ভবেয়ং) ; 'মে' (মম) 'চক্ষুঃ' (জ্ঞানদৃষ্টিঃ) 'ঘৃতং' ('প্রদীপ্তা, উজ্জ্বলা—ভবতু ইতি শেষঃ) তথা 'মে' (মম) 'আসন' (আননং, বচনং, ইত্যর্থঃ) 'অমৃতং' (অমৃতময়ং—ভবতু ইতি শেষঃ) মম 'ত্রিধাতুরর্কঃ' (ত্রিগুণাত্মিকা প্রাণশক্তিঃ) 'রজসঃ' (জ্যোতিষঃ) 'বিমানঃ' (বিশেষেণ মাতা, উপভোক্ত্রী—ভবতু ইতি শেষঃ) ; অহং 'অজস্রং জ্যোতিঃ' (পরমজ্যোতির্ম্ময়ঃ) তথা সর্ব্বং' (সর্ব্বপ্রকারেণ) 'হবিঃ' (পূজোপকরণং, ভগবৎপূজাপরায়ণঃ ইত্যর্থঃ) 'অস্মি' (ভবেয়ং); মন্ত্রঃ অয়ং প্রার্থনামূলকঃ ; অহং পরাজ্ঞানং প্রাপ্নবানি, অহং ভগবৎপূজাপরায়ণঃ ভবেয়ং—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৪প—৬অ—৫খ—১২সা) ।

অথবা,

'জন্মনা' (যতঃ অহং ভগবতঃ উৎপন্নঃ অতঃ) অহং অপি 'জাতবেদা' (সর্ব্বতত্ত্বজ্ঞঃ, সর্ব্বজ্ঞঃ) 'অগ্নিঃ' (জ্ঞানদেবঃ) 'অস্মি' (ভবামি) ; 'মে' (মম) 'চক্ষুঃ' (জ্ঞানদৃষ্টিঃ) 'ঘৃতং' (প্রদীপ্তা, সর্ব্ববিশ্বদর্শনক্ষমা) ; 'অমৃতং' 'মে' (মম) 'আসন' (আস্যে, বদনে—বর্ত্ততে ইতি শেষঃ) ; অহং এব 'ত্রিধাতুরর্কঃ' (ত্রিগুণাত্মিকা প্রাণশক্তিঃ) তথা 'রজসঃ' (জ্যোতিষঃ) 'বিমানঃ' (বিশেষেণ মাতা, প্রদাতা) ; অহং 'অজস্রং জ্যোতিঃ' (নিত্যং তেজস্বরূপঃ) 'অস্মি' 'হবিঃ' (পূজোপকরণং অপি) অহং অস্মি ; নিত্যসত্যমূলকোঽয়ং । ভগবতঃ উৎপন্নহেতুনা অহং অপি ব্রহ্মণঃ অধিকারী ভবামি ইতি ভাবঃ ॥ (৪প—৬অ—৫খ—১২সা) ।

* * *

বঙ্গানুবাদ ।

যেহেতু আমি ভগবান্ হইতে আসিয়াছি, [সেইহেতু] আমি যেন সর্ব্বতত্ত্বজ্ঞ জ্ঞানময় হইতে পারি ; আমার জ্ঞানদৃষ্টি প্রদীপ্ত হউক ; এবং আমার বাক্য অমৃতময় হউক ; আমার ত্রিগুণাত্মিকা প্রাণশক্তি জ্যোতির উপভোক্তা হউক ; আমি যেন পরম জ্যোতির্ম্ময় এবং সর্ব্ব প্রকারে

ভগবৎপূজাপরায়ণ হই। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমি যেন পরাজ্ঞান প্রাপ্ত হই; আমি যেন ভগবৎপূজাপরায়ণ হই।)॥ (৪প—৬অ—৩খ—১২সা)॥

অথবা,

যে হেতু আমি ভগবান্ হইতে উৎপন্ন, সেহেতু আমিও সর্ব্বজ্ঞ জ্ঞানদেব হই; আমার জ্ঞানদৃষ্টি সর্ব্ববিশ্বদর্শনক্ষম; অমৃত আমার বদনে বর্ত্তমান; আমিই ত্রিগুণাত্মিকা প্রাণশক্তি এবং জ্যোতিঃপ্রদাতা; আমি নিত্য তেজস্বরূপ, ভগবৎপূজোপকরণও আমি। (মন্ত্রটী নিত্য-সত্যমূলক। ভাব এই যে,—ভগবান্ হইতে উৎপন্ন হেতু আমিও ব্রহ্ম শক্তির অধিকারী হই।)॥ (৪প—৬অ—৩খ—১২সা)॥

* . *

সায়ণ-ভাষ্যং।

বিশ্বামিত্রঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দস্তাগ্নিরিতি যয়োঃ।
উত্তরার্চ্চঃ স্তুতিঃ পূর্ব্বা স্তুতিঃ সর্ব্বাত্মনাত্মনঃ॥

হে কুশিকাঃ! ভোক্তৃভোগ্যভাবেন দ্বিবিধং ইদং সর্ব্বং জগৎ। 'এতাবদ্বা ইদমন্নং চৈবান্নাদশ্চ সোম এবান্নমগ্নিরন্নাদঃ'—ইতি শ্রুতেঃ। তত্র সকলভোক্তৃবর্গরূপেণাগ্নিরেবাহমস্মি। স চ অগ্নিবায়্বাদিত্যভেদেন ত্রেধা ভূত্বা পৃথিব্যন্তরিক্ষদ্যুলোকা-নধিতিষ্ঠতি। তদুক্তং বাজসনেয়কে—'স ত্রেধাত্মানং ব্যকুরুতাদিত্যং দ্বিতীয়ং বায়ুং তৃতীয়ং'—ইতি। তত্র সঃ 'অগ্নিঃ' অহং 'জন্মনা' এব 'জাতবেদাঃ' 'অস্মি' শ্রবণ মননাদি-সাধন নৈর-পেক্ষ্যেণ স্বভাবত এব সাক্ষাৎকৃত-সর্ব্ব তত্ত্বস্বরূপোঽস্মি। 'ঘৃতং মে চক্ষুঃ' যদেতদ্বিশ্বস্যাবভাসকং মম স্বভাবভূতপ্রকাশাত্মকং চক্ষুঃ তদ্ ঘৃতং ইদানীং মহত্তরং দীপ্তং। যদেতদ্ 'অমৃতং' কর্ম্ম-ফলং দিব্যাদি বিবিধ-বিষয়োপভোগাত্মকং তৎ 'মে' মম 'আসন্' আস্যে বর্ত্ততে। সকল ভোক্তৃবর্গাত্মনা স্বয়মেবাস্বাদনাৎ। এবং স্বাত্মনঃ পৃথিব্যধিষ্ঠাতৃরূপতামভিধায় বায়্বাত্মনান্তরিক্ষাধিষ্ঠাতৃতামাহ—অর্কো জগতঃ স্রষ্টা প্রাণঃ। 'সোঽর্চ্চন্নচরত্তস্যার্চ্চত আপো-ঽজায়ন্তার্চ্চতে বৈ মে কমভূদিতি তদেবার্কস্যার্কত্বং'—ইতি শ্রুতেঃ। স প্রাণঃ অহং 'ত্রিধাতুঃ' ত্রেধাত্মানং বিভজ্য তত্র বায়্বাত্মনা 'রজসঃ' অন্তরিক্ষস্য 'বিমানঃ' বিধাতা অধিষ্ঠাতাস্মি। তথা আদিত্যরূপেণ দ্যুলোকাধিষ্ঠাতৃতামাহ - 'অজস্রং' জ্যোতিঃ অনুপক্ষীণং নিত্যং তেজঃ-প্রকাশাত্মা দ্যুলোকাধিষ্ঠাতা আদিত্যোঽপ্যহমস্মি। এবং ভোক্তৃরূপতামাত্মনোঽভিধায় ভোগ্যরূপতামপ্যাত্মনঃ আহ। যৎ হবিঃ ভোগ্যং প্রসিদ্ধমস্তি তৎ 'সর্ব্বং' অপ্যহমেবাস্মি। যদ্বা—

অহং 'অগ্নিরস্মি' দেবানাং হবিঃ-প্রাপণাৎ অঞ্চনাদিগুণযুক্তোঽস্মি। কিঞ্চ, 'জন্মনা' উৎপত্ত্যা 'জাতবেদাঃ' জাতজ্ঞানোঽস্মি। উৎপত্তিক্ষণমেব সর্ব্বজ্ঞোঽহমস্মি। অথবা জাতং সর্ব্বং আত্মতয়া বেত্তীতি জাতবেদাঃ সর্ব্বাত্মক ইত্যর্থঃ তৎ কথং? ইত্যুচ্যতে—'ঘৃতং মে চক্ষুঃ' যদেতদ্ ঘৃতং প্রসিদ্ধমস্তি তন্মে চক্ষুঃ স্থানীয়ং, যথা লোকে চক্ষুর্ভাসকং এবং ঘৃতমপি প্রক্ষিপ্তং জ্বালামুৎপাদয়ত্ মম ভাসকং। 'অমৃতং' প্রভারূপং যদমৃতমবিনাশি জ্যোতিঃ 'মে' মম 'আসন' আস্যে বর্ত্ততে। 'ত্রিধাতুঃ' প্রাণাপানব্যানাত্মকস্ত্রিধা বর্ত্তমানোঽর্কোঽর্চ্চনীয়ো যঃ প্রাণোঽস্তি সোঽপ্যহং মেবাস্মি। তথা 'রজসঃ' অন্তরিক্ষস্য 'বিমানঃ' বিশেষেণ মাতা পরিচ্ছেত্তা বায়ুশ্চাহমস্মি। কিঞ্চ। 'অজস্রং জ্যোতিঃ' নৈরন্তর্য্যেণ তাপকঃ সূর্য্যশ্চাহমস্মি। কিং বহুনা। আজ্যপুরোডাশাদিরূপং যদেতদ্ধবিরস্তি তদুপলক্ষিতং তৎসর্ব্বমপ্যহমস্মি। 'সর্ব্বং খল্বিদং ব্রহ্ম' ইতি শ্রুতেঃ। তমনেকধায়েঃ সর্ব্বাত্মকত্ব—প্রতিপাদনেন পরব্রহ্মত্বমুক্তং ভবতি। 'অজস্রং' 'ধর্ম্মঃ'—ইতি সামগাঃ পাঠভেদঃ ॥ ১২ ॥

• . •

দ্বাদশ (৬১৩) সামের মর্ম্মার্থ।

——‡ · ‡——

মন্ত্রটী অতি উচ্চভাবপূর্ণ। ভাষ্যকার এই মন্ত্রের দুইটী অর্থ করিয়াছেন। একটী অগ্নিপক্ষে, অন্যটী ব্রহ্মপক্ষে। এই দুই ব্যাখ্যার মধ্যে আমাদের মতে, ব্রহ্মপক্ষে অর্থই অধিকতর সঙ্গত। অন্য একজন ব্যাখ্যাকার এই মন্ত্রের নিম্নলিখিত অনুবাদ করিয়াছেন,—"আমি অগ্নি, জন্ম হইতেই জাতবেদা, ঘৃত আমার চক্ষু অমৃত আমার মুখে আছে, (আমার) প্রাণ ত্রিবিধ, (আমি) অন্তরীক্ষের পরিমাণকারী, (আমি) অক্ষয় উত্তাপ, (আমি) হব্যস্বরূপ।" এই অনুবাদ হইতে ইহা পরিদৃষ্ট হইবে যে, ব্যাখ্যাকার সায়ণাচার্য্যের দুই ব্যাখ্যার মধ্যপথ অবলম্বন করিয়াছেন, যদিও তাঁহার মতে অগ্নিপক্ষে ব্যাখ্যাই সুসঙ্গত। এই ব্যাখ্যার টীকায় তিনি বলিতেছেন "সায়ণ এই ঋকের পরব্রহ্মপক্ষে অন্য একরূপ অর্থ করিয়াছেন।...কিন্তু ঋকে পরব্রহ্মের কোন উল্লেখ নাই, অগ্নির উল্লেখ আছে, অগ্নিই ঋকের বক্তা তাহা স্পষ্টই প্রতীয়মান হয়। এই ঋকের রচনা কালে ইহা অগ্নি অর্থেই রচিত হইয়াছিল এবং তাহার অনেক কাল পরে পরম ব্রহ্ম সম্বন্ধে দ্বিতীয় একটী অর্থ ইহাতে আরোপিত হইয়াছে।" ঋগ্বেদে এই মন্ত্রটী আছে, এবং সেখানে এই মন্ত্রের ঋষি ব্রহ্ম। তবে ব্রহ্মপক্ষে অর্থটী পরে আরোপিত হইয়াছে একথা বলা হইল কেন, তাহা আমরা বুঝিতে পারি নাই। পাশ্চাত্য পণ্ডিতের অনুসরণকারী এই ব্যাখ্যাকার মহাশয়ের ধারণা—প্রাচীন ভারতে ব্রহ্মজ্ঞান পরিস্ফুট হয় নাই। ইহাই কি তাঁহার এই মন্তব্যের কারণ?

আমরা নিজেও ব্রহ্মপক্ষে বা অগ্নিপক্ষে ব্যাখ্যা গ্রহণ করি নাই। তথাপি এতটুকু বলার উদ্দেশ্য এই যে, কোন কোন ব্যাখ্যাকার বেদকে সাধারণের নিকট অনেক নীচু করিয়া ধরিতেছেন। তাহা প্রদর্শন করাই আমাদিগের উদ্দেশ্য।

আমরা সাধনা ও সাধকের দিক হইতে ব্যাখ্যা গ্রহণ করিয়াছি। মন্ত্রটী সাধকের উক্তি। আমরাও দুইটী ব্যাখ্যা দিয়াছি। একটী প্রার্থনামূলক, অন্যটী নিত্য-সত্য-প্রকাশক। উভয় ব্যাখ্যারই কেন্দ্রশক্তি 'জন্মনা' পদে প্রাপ্ত হওয়া যায়। 'যেহেতু আমরা ভগবান্ হইতে আসিয়াছি সেই হেতু আমরা তাঁহার শক্তি লাভের অধিকারী' এই ভাবই মন্ত্রের মূলসূত্র।

সাধকের হৃদয়ে জাগরণের সাড়া আসিয়াছে। তিনি বুঝিতে পারিয়াছেন যে, তিনি সেই পরমশক্তির আধার ভগবান হইতে আসিয়াছেন, তাঁহারা নিজের মধ্যে সেই ব্রহ্মশক্তির বীজ রহিয়াছে, ইহাকে বিকশিত করিতে পারিলে যাঁহা হইতে আসিয়াছেন তাঁহাতেই আবার ফিরিয়া যাইতে পারিবেন। ভগবৎ শক্তি তাঁহার অর্থাৎ সাধকের হৃদয়ে সুপ্ত ভাবে আছে। উপযুক্ত সাধনার বলে তিনি নিজে ব্রহ্মস্বরূপ হইতে পারেন। তাই যাহাতে সেই শক্তির বিকাশ হয়, তিনি স্বরূপ-অবস্থায় ফিরিয়া যাইতে পারেন তাঁহারই জন্য প্রার্থনা করা হইতেছে।

ভগবান আছেন—জগৎ ও আছে। এই দুইয়ের মধ্যে কি সম্বন্ধ বর্ত্তমান? তিনিত সর্ব্বব্যাপক! তাঁহার সত্ত্বাতীত তো অন্য কোন সত্ত্বা নাই! তবে জগৎ কি? জগতও তাঁহারই বিকাশ, তাঁহার মধ্যেই জগৎ বর্ত্তমান আছে। সুতরাং জগৎ ও ভগবানের মধ্যে—মানুষও ঈশ্বরের মধ্যে অতি ঘনিষ্ট সম্বন্ধ আছে যাহাকে চলতি ভাষায় বলে রক্তের বাঁধন। মানুষ ও ভগবানের মধ্যে যে একত্ব আছে তাহা অজ্ঞানতার আবরণে আবৃত থাকে বলিয়া মানুষ বদ্ধ, আর ভগবানে অজ্ঞানতা নাই বলিয়া তিনি চিরমুক্ত। মানুষ ও ভগবানের মধ্যে একত্ব ও পার্থক্য এইখানে। এই সমস্ত শ্রুতি-বাক্যই ভারতীয় দ্বৈতাদ্বৈতবাদী দর্শনের ভিত্তিভূমি।

নিত্যসত্যপ্রখ্যাপক ব্যাখ্যার মূলেও আছে—'জন্মনা' পদ। "ভগবান্ হইতে আসিয়াছি, আমি ভগবানের সন্তান, ভগবানের সসীম প্রতিরূপ আমি তাঁহার সমস্ত শক্তির অধিকারী। পিতাপুত্রে একত্বের মত তাঁহাতে ও আমাতে একত্ব বর্ত্তমান। আমি সেই পরম পিতার অনন্ত গৌরবের অধিকারী। অমৃতের সন্তান আমি অমৃত। তাই, আমি বলিতে পারি—অহং ব্রহ্মাস্মি।" মন্ত্রে এই ভাবই প্রস্ফুটিত হইয়াছে; এবং এই সকল শ্রুতিবাক্যই অদ্বৈতবাদী দর্শনের জনক। এই অদ্বৈতবাদ ভারতীয় সাধনার বৈশিষ্টজ্ঞাপক। সর্ব্ববিধ দার্শনিকজ্ঞান-চরমে এই অদ্বৈত বাদে গিয়া পৌঁছায়। এই প্রসঙ্গে ইহাও উল্লেখ করা যাইতে পারে যে, ভারতীয় এই দার্শনিক মতই প্যালেষ্টাইনে বিস্তৃত হইয়াছিল, তাই তদ্দেশীয় একজন মহাপুরুষ বলিতে পারিয়াছিলেন "I and my father in heaven are one."—আমি এবং আমার স্বর্গস্থ পিতা এক। (৪প—৬অ—৩য়—১২শা)॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার তৃতীয় মণ্ডলের ষড়্বিংশ সূক্তের সপ্তমী ঋক্ (তৃতীয় অষ্টক, প্রথম অধ্যায়, সপ্তবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী।

৩ ৫ ২ ২
উবা ১ ৩। দূ বাঃ। ইব্‌। ৩। ৩১

৩ ৫
ইবা বো। ২৩ ন ভীঃ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'অগ্নিঃ' (জ্ঞানদেবঃ) 'বেঃ' (সর্ব্বত্রব্যাপ্তায়াঃ, সমগ্রস্য ইত্যর্থঃ) 'রিপঃ' (ভূম্যাঃ, জগতঃ ইত্যর্থঃ) 'অগ্রং' (মুখ্যং) 'পদং' (আশ্রয়স্থলং,—সত্ত্বভাবং ইত্যর্থঃ) 'পাতি' (পালয়তি, রক্ষতি); 'মহঃ' (মহান্ দেবঃ, পরমদেবতা) 'সূর্য্যস্য' (জ্ঞানালোকস্য) 'চরণং' (পাদং, কিরণং) 'পাতি' (রক্ষতি, জগতি প্রযচ্ছতি ইত্যর্থঃ); 'অগ্নিঃ' (জ্ঞানাধিপতিঃ দেবঃ) 'সপ্তশীর্ষাণং' (সপ্তলোকং, সমগ্রং বিশ্বং) 'নাভা' (শ্রেষ্ঠদানে,—শ্রেষ্ঠদানেন, পরাজ্ঞানদানেন ইত্যর্থঃ) 'পাতি' (রক্ষতি—ধ্বংসাৎ ইতি যাবৎ) 'ঋতঃ' (সর্ব্বপ্রিয়তা, সর্ব্বস্তদৃষ্টিশক্তিপ্রদাতা, জ্ঞানদাতা দেবঃ) 'দেবানাং উপমাদং' (দেবানাং আনন্দদায়কং, পরাজ্ঞানং ইত্যর্থঃ) 'পাতি' (পালয়তি, প্রযচ্ছতি ইত্যর্থঃ—জগতি ইতি যাবৎ); নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ জগতি পরাজ্ঞানং তথা সত্ত্বভাবং প্রযচ্ছতি; সঃ বিশ্বং রক্ষতি, পালয়তি চ—ইতি ভাবঃ॥ (৪প—৬অ—৫খ—১৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানদেবতা সমগ্র জগতের মুখ্য আশ্রয়স্থল অর্থাৎ সত্ত্বভাব রক্ষা করেন; পরমদেবতা জ্ঞানালোকের কিরণ জগতে প্রদান করেন; জ্ঞানাধিপতি দেব সমগ্রবিশ্বকে পরাজ্ঞান দান করিয়া ধ্বংস হইতে রক্ষা করেন; জ্ঞানদাতা দেব দেবতাদিগের আনন্দদায়ক পরাজ্ঞান জগতে প্রদান করেন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—ভগবান্ জগতে পরাজ্ঞান এবং সত্ত্বভাব প্রদান করেন, বিশ্বকে রক্ষা ও পালন করেন।)। (৪প—৬অ—৫খ—১৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'অগ্নিঃ বেঃ' গন্ত্র্যাঃ সর্ব্বত্র ব্যাপ্তায়াঃ 'রিপঃ' রিপঃ ভূম্যাঃ 'অগ্রং' মুখ্যং 'পদং' 'স্থানং' 'পাতি' রক্ষতি। 'মহঃ' মহান্ অগ্নিঃ 'সূর্য্যস্য' 'চরণং' চরত্যনেনেতি চরণমন্তরিক্ষং 'পাতি' 'নাভা' নাভৌ অন্তরিক্ষস্য মধ্যে 'সপ্তশীর্ষাণং' সপ্তগণং মরুদ্গণং 'পাতি'। 'ঋতঃ'

দর্শনীয়োভয়ং 'অগ্নিঃ' 'উপমাদং' 'দেবানাং' উপমাদকং যজ্ঞং 'পাতি' রক্ষতি। 'পাত্যগ্নি-র্বিপোঅগ্রং'—'পাতিপ্রিয়েরিপোঅগ্র'—ইতি পাঠৌ। (৪প—৬অ - ৩খ—১৩সা)।

* * *

ইতি শ্রীমৎসায়ণাচার্য্যবিরচিতে সামবেদার্থপ্রকাশে ছন্দোব্যাখ্যানে

ষষ্ঠাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ। ৩।

• • •

ত্রয়োদশ (৬১৪) সামের মর্ম্মার্থ।

—— • ——

ভগবানই জগতের রক্ষার উপায়। তিনি আপনার শক্তি বলে জগৎকে ধারণ করিয়া আছেন ও পালন করিতেছেন। জ্ঞানস্বরূপ ভগবান জগৎকে অজ্ঞানতার অন্ধকার হইতে রক্ষা করিবার জন্য জগতে জ্ঞান বিতরণ করেন। জ্ঞানই জীবন, অজ্ঞানতাই মৃত্যু। সেই মৃত্যু—ধ্বংস হইতে ভগবান্ জগৎকে রক্ষা করেন—তাঁহার জ্ঞানশক্তি প্রভাবে। তিনিই আনন্দবিধাতা, মানবের পরম কল্যাণদাতা। মন্ত্রের মধ্যে এই সত্যটীই বিবৃত করা হইয়াছে।

মন্ত্রটীর প্রথম অংশের ভাষ্যানুযায়ী অনুবাদ এই দাঁড়ায়—"অগ্নি সর্ব্বত্র ব্যাপ্ত ভূমির মুখ্যস্থান রক্ষা করেন।" কিন্তু ইহার কি যে সঙ্গত অর্থ হইতে পারে তাহা বুঝা দুষ্কর। 'পদং' পদে আমরা, 'আশ্রয়স্থলং' অর্থ গ্রহণ করিয়াছি। সমগ্র জগতের আশ্রয়স্থল—ভগবানের শক্তি সত্ত্বভাব। তাই ঐ পদে সত্ত্বভাবকেই লক্ষ্য করে। 'মাতা' পদের ব্যাখ্যার জন্য আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম - ১০৪সূ—৪ঋ) দ্রষ্টব্য। অন্যান্য বিষয় আমাদিগের মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। 'ঋষ্বঃ' পদে ভাষ্যকার 'দর্শনীয়ঃ অগ্নিঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। 'অগ্নি' পদ অধ্যাহার করা হইয়াছে। অগ্নি পদে এখানে জ্ঞানাগ্নিকে লক্ষ্য করিলে এই ভাষ্যার্থের একটা সঙ্গত ভাব পাওয়া যায়। এদিক দিয়া 'দর্শনীয়ঃ' অর্থ অন্য ভাব প্রদান করে। সাধারণ অগ্নি মানুষের দর্শনীয় নহে - বরং অগ্নিই মানুষকে দর্শনশক্তি প্রদান করে। সুতরাং এই ভাবে 'ঋষ্বঃ' পদে আমরা 'দর্শয়িতা' 'দর্শনবৃদ্ধিশক্তিদাতা' অর্থ গ্রহণ করিয়াছি। এবং তাহাই সঙ্গত অর্থ বলিয়া মনে করি॥ (৪প—৬অ—৩খ—১৩সা)॥ *

—— • ——

* এই সাম-মন্ত্রটীর একটী গেয়-গান আছে।

ওঁ

সামবেদ-সংহিতা।

——§:•:§——

কৌথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

——:§*§:——

আরণ্যকং পর্ব্ব (চতুর্থং পর্ব্ব)। ষষ্ঠোঽধ্যায়ঃ। চতুর্থঃ খণ্ডঃ।

• • •

চতুর্থঃ খণ্ডঃ।

—‡*‡—

প্রথমং সাম।

১ ২
ভ্রাজন্তি অগ্নে সমিধান দীদিবো

৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
জিহ্বা চরতি অন্তর অসনি।

১র ২র ৩ ১২ ৩ ২
স ত্বম্ নঃ অগ্নে পয়সা বসুবিৎ

৩ ১র ২ ৩ ১ ২
রয়িং বর্চ্চো দৃশে অদাঃ ॥ ১ ॥

• • •

গেয়-গানং।

ররররর ১ ২ ১ র র ২ — ২ র র ১ ২
ভ্রাজাঔহোহোহাই। ন্ত্যগ্নেসমিধানাদী ১ দিবা ২ঃ। জিহ্বাঔহোহোহাই।

১ ২ — ২ র র ১ ২ ১র র র ২ ২
চরত্যন্তারা ১ সানী ৫। সত্বাঔহোহোহাই। নোঅগ্নেপয়সাবসু ৩ বীৎ।

২ ১ ২ ৩র ২ ২ — ১ ২ ৪ ৫
রয়িংসা.র্চ্চোদৃ.শোহো ৩। হুম্মা ৬। হা। ঔ ৩হোবা।

৪
হো ৫ ই। ড়া॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সমিধান' (প্রজ্জ্বলিত) 'দীদিবঃ' (জ্যোতির্ম্ময়) 'অগ্নে' (হে জ্ঞানাগ্নে) 'ভ্রাজন্তী' (প্রকাশমানা, তমোনাশিকা) তবদীয়া 'জিহ্বা' (সাত্ত্বমন্ত্রেণোপলক্ষিতা বাণী, জ্ঞানং ইত্যর্থঃ) 'অন্তরাসনি' (আস্যমধ্যে, অস্মাকং বদনে) 'চরতি' (বিচরতু, প্রকাশিতঃ ভবতু) অস্মাকং হৃদয়ে আবির্ভবতু ইত্যর্থঃ; 'বসুবিৎ' (ধনবান, পরমধনপ্রাপক) 'অগ্নে' (হে জ্ঞানাগ্নে) 'সঃ ত্বং' 'নঃ' (অস্মভ্যং) 'পয়সা' (অমৃতেন সহ) 'রয়িং' (পরমধনং) তথা 'দৃশে' (দর্শনায়, জ্ঞানদৃষ্টিলাভায়) 'বর্চ্চঃ' (জ্যোতিঃ, দিব্যজ্যোতিঃ) 'অদাঃ' (প্রদেহি); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবান্! কৃপয়া অস্মভ্যং পরাজ্ঞানং তথা পরমধনং প্রদেহি—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৪প—৬অ—৪খ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

প্রজ্জ্বলিত জ্যোতির্ম্ময় হে জ্ঞানাগ্নি! তমোনাশক আপনার জ্ঞান আমাদিগের মুখে প্রকাশিত হউক অর্থাৎ আমাদিগের হৃদয়ে উপজিত হউক; পরমধনপ্রাপক হে জ্ঞানাগ্নি! সেই আপনি আমাদিগকে অমৃতের সহিত পরমধন এবং জ্ঞানদৃষ্টি লাভের জন্য দিব্যজ্যোতিঃ প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পরাজ্ঞান এবং পরমধন প্রদান করুন।)॥ (৪প—৬অ—৪খ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

বামদেব ঋষিঃ পঙ্‌ক্তিভ্রাজস্তাম ইতি দ্বয়োঃ।

আগ্নেয়ী প্রগাথর্ত্তব্যা দ্বিতীয়া দৃশ্যতে তয়োঃ।

'সমিধান' ঋত্বিগ্‌ভিঃ সমিধ্যমান! দীপ্ত হে 'অগ্নে'! 'ভ্রাজন্তী' প্রকাশমানা 'আসনি' আস্যে 'অন্তর' মধ্যে'স্থিতা ত্বদীয়া 'জিহ্বাঃ' জ্বালাঃ 'চরতি' ভক্ষয়তি। হে 'অগ্নে'! 'বসুবিৎ'! ধনলম্ভক! ত্বং 'অস্মভ্যং' 'পয়সা' অন্নেন সহ 'রয়িং' রমণীয়ং ধনং 'দৃশে' দর্শনায় 'বর্চ্চঃ' তেজশ্চ তেজস্বিত্বং 'অদাঃ' দেহি। (৪প—৬অ—৪খ—১সা)॥

* * *

প্রথম (৬১৫) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। মন্ত্রের মধ্যে জ্ঞান লাভের জন্য প্রার্থনা পরিদৃষ্ট হয়। ভগবানের জ্ঞানস্বরূপকেই উদ্দেশ্য করিয়া প্রার্থনা করা হইয়াছে। জ্ঞানস্বরূপ ভগবানই মানুষকে পরাজ্ঞান দিতে পারেন। "হে ভগবন! অনন্ত জ্ঞানাধার তুমি, তোমার অসীম অমৃতভাণ্ডার হইতে আমাদিগকে এক বিন্দু অমৃত প্রদান কর, আমরা চিরশান্তি লাভ করি।" ইহাই প্রার্থনার সার মর্ম্ম।

ভাষ্যকার কি কারণে জানি না, 'দীদিবঃ' পদের ব্যাখ্যা প্রদান করেন নাই। 'দীদিবস্' শব্দের একবচন সম্বোধনে 'দীদিবঃ' পদ গৃহীত হইয়াছে। 'সমিধান' পদের ন্যায় উহাও 'অগ্নে' পদের বিশেষণ। উহার অর্থ 'দ্যোতিমন্'—'জ্যোতির্ম্ময়'। অন্যত্র ভাষ্যকারও ঐরূপ অর্থ গ্রহণ করিয়াছেন। 'ভ্রাজন্তী' পদের 'প্রকাশমানা' অর্থ ভাষ্যে গৃহীত হইয়াছে। জ্ঞানাগ্নির পক্ষে প্রকাশ সম্ভবপর হয়—অজ্ঞানতা, তমঃ বিনাশ করিয়া। তাই 'ভ্রাজন্তী' পদে 'তমোনাশিকা' অর্থ গ্রহণ করিয়াছি। আবার, 'জিহ্বা' পদে 'বাগ্‌যন্ত্র', বুঝাইয়া থাকে। বাণী অথবা বাক্য দ্বারাই জ্ঞান অন্যের নিকট প্রকাশিত হয়, তাই লক্ষণা দ্বারা আমরা 'জিহ্বা' পদে 'বাণী, জ্ঞানং' অর্থ গ্রহণ করিয়াছি। 'দৃশে' পদের অর্থ 'দর্শনায়'। কিন্তু জ্ঞানদেবতার কৃপায় যে দর্শন, জাগতিক চর্ম্মচক্ষুর দৃষ্টির বহু উপরে উঠিয়া যায়, তাহা দিব্যদর্শনে পরিণত হয়। বিশেষতঃ 'অর্চ্চিঃ' পদের সহিত সম্বন্ধ সূচিত হওয়ায় ঐ অর্থ আরও পরিষ্কাররূপে হৃদয়ঙ্গম হয়। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যার অনুসরণেই উপলব্ধ হইবে। (৪প অ—৪খ—১৭সা)। *

দ্বিতীয়ং সাম।

১ ১র ২র ৩ ১র ২র
বসন্ত ইন্নু রন্ত্যো গ্রীষ্ম ইন্নু রন্ত্যঃ।
৩ ১র ২র ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১র ২র
বর্ষাণ্যনু শরদো হেমন্তঃ শিশির ইন্নু রন্ত্যঃ ॥ ২ ॥

* * *

গেয়-গানং।

৩ ৪ ২ ৪ ৫ ১র ২ ২ ২ ২ ১র ২
বা ৫ সন্তঃ। ঈ ৩ ম্, ৩ রন্তায়াঃ। গ্রীষ্মইন্নুরা ২ ত্তী ৩ য়াঃ। বর্ষাণ্যনুশা ৩।
১ ২ ২ ১র ৩ ২ ২ ১ ১ ১
রদ। রা ৩ দাঃ। হেমন্তঃশিশিরইন্নুরা ২ ন্তিয়াউ। বা ৩ ৪ ৫ ২।

* এই সাম-মন্ত্রটীর একটী গেয়-গান আছে।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'বসন্তঃ' (বসন্তঃ ঋতুঃ) 'ইৎ নু' (এব) 'রন্ত্যঃ' (রমণীয়ঃ, পরমানন্দদায়কঃ) ভবতু ইতি শেষঃ; 'গ্রীষ্মঃ' (গ্রীষ্মঃ ঋতুঃ) 'ইৎ নু' (অপি) 'রন্ত্যঃ' (পরমানন্দদায়কঃ)— ভবতু ইতি শেষঃ; 'বর্ষাণি' (বর্ষা ঋতুঃ) 'অনু' (অনুক্রমেণ) 'শরদঃ হেমন্তঃ শিশিরঃ' (শরদ্ধেমন্তশিশিরাদীনাং প্রত্যেকঃ ঋতুঃ) 'ইৎ' (এব) অস্মাকং 'রন্ত্যঃ' (পরমানন্দদায়কঃ—ভবতু ইতি শেষঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। নিত্যকালং বয়ং পরমানন্দং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪প—৬অ—৪খ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! বসন্ত ঋতুই পরমানন্দদায়ক হউক; গ্রীষ্ম ঋতুও পরমানন্দদায়ক হউক; বর্ষা ঋতু অনুক্রমে শরৎ হেমন্ত শিশির প্রভৃতির প্রত্যেক ঋতুই আমাদিগের পরমানন্দদায়ক হউক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—নিত্যকাল আমরা যেন পরমানন্দ লাভ করি।)। (৪প—৬অ—৪খ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'বসন্তঃ' 'ইন্নু' বসন্ত এব চৈত্র বৈশাখরূপো বসন্তঋতুরেব 'রন্ত্যঃ' রমণীয়ঃ ভবতি। 'গ্রীষ্মইন্নু' জ্যেষ্ঠাষাঢ়রূপো গ্রীষ্মঋতুরেব 'রন্ত্যঃ' রমণীয়ঃ। 'বর্ষাণি' বর্ষা শ্রাবণ ভাদ্রপদ রূপেণাবয়বীভূতঃ প্রাবৃট্ ঋতুরেব 'রন্ত্যঃ' রমণীয়ঃ। 'তাস্তনু' 'শরদঃ' আশ্বিন-কার্ত্তিক রূপেণাবয়বীভূত ঋতুঃ 'রন্ত্যঃ' রমণীয়ঃ। 'হেমন্তঃ' মার্গশীর্ষ পৌষরূপ এব 'রন্ত্যঃ' রমণীয়ঃ 'শিশিরইন্নু' মাঘ ফাল্গুনরূপ এব 'রন্ত্যঃ' রমণীয়ঃ। (৪প—৬অ—৪খ—২সা)।

* * *

দ্বিতীয় (৬১৬) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী প্রার্থনা-মূলক। নিত্যকাল যেন আমরা পরমানন্দে থাকি, ইহই প্রার্থনার সার-মর্ম্ম। কাল অনন্ত, অবিভাজ্য। উহা নিত্য বর্ত্তমান। মানুষ নিজের সুবিধার জন্য কালকে বিভিন্ন নামে বিভক্ত করিয়াছে। সেই বিভাজিত কালের প্রত্যেক অংশের উল্লেখ করিয়া, সেই নির্দ্দিষ্ট অংশে আনন্দ লাভের প্রার্থনা করার অর্থ—সেই অবিভাজিত সমগ্র নিত্যকালে পরমানন্দলাভ। প্রত্যেক অংশের উপর বিশেষভাবে জোর দেওয়াতে প্রার্থনার ঐকান্তিকতাই প্রকাশিত হয়।

ইহা ব্যতীত এই প্রার্থনার মধ্যে, বিভিন্ন ঋতুর নামোল্লেখ করাতে, আরও একটী ভাব প্রকাশিত হয়। মানুষের জীবন একভাবে চলে না। জীবনে বিপদ, রিপুর আক্রমণ, উন্নতি, পতন প্রভৃতি নানাবিধ অবস্থা উপস্থিত হয়, এবং আমাদিগকে লক্ষ্যভ্রষ্ট করিয়া দেয়। জীবনের বসন্তকালে ভগবানের একটুখানি সাড়া হয় তো হৃদয়ে জাগিয়া উঠে, আবার দারুণ শিশিরে তাহা সঙ্কোচিত হইয়া যায়। ভগবানের করুণাবারি বর্ষণে জীবনক্ষেত্রে একটু সরলতা কোমলতা আসে, আবার ভীষণ গ্রীষ্মের অনলতাপে তাহা শুষ্ক হইয়া যায়—হৃদয় মরুভূমিতে পরিণত হয়। কিন্তু মানুষ চায়—অসীম অখণ্ড আনন্দ। তাই নিত্য কাল সেই পরমানন্দ উপভোগের জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। (৪প—৩অ-৪খ—২সা)। *

—— • ——

তৃতীয়ং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২র ৩ ১ ২
সহস্রশীর্ষাঃ পুরুষ: সহস্রাক্ষ: সহস্রপাৎ।

১র ২র ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
স ভূমিং সর্ব্বতো বৃত্বা অত্যতিষ্ঠদ্ দশাঙ্গুলম্॥ ৩॥

* * *

গেয়-গানং।

২ ১ ২ ২ ১ র র ২ ২ র ১ ২ ২ ২
উহুবাহাউ। ৩। সহস্রশীর্ষাঃপুরু ২ ৩ ষাঃ। সহস্রাক্ষঃসহস্রা ২ ৩ পাৎ।

১ র ২ ১র ২ ১ ২ ১র ২ ২ ১ ২
সভূমিং সর্ব্বতোবা ২ ৩ র্ত্বা। অত্যতিষ্ঠদ্দশাঙ্গু ২ ৩ লাম্। উহুবাহাউ। ২।

২ ১ ২ ২ ১ ১ ১ ১ ১
উহুবা ৩ হাউ। বা ৩। ইট্ ইড়া ২ ৩ ৪ ৫॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পুরুষঃ' (ভগবান্) 'সহস্রশীর্ষঃ' (অনন্ত শিরোভির্যুক্তঃ, অনন্তশক্তিশালী) 'সহস্রাক্ষঃ' (অনন্তচক্ষুঃসমন্বিতঃ, অনন্তজ্ঞানসম্পন্নঃ, সর্ব্বজ্ঞঃ) 'সহস্রপাৎ' (সর্ব্বত্রবিদ্যমানঃ সর্ব্বব্যাপকঃ ভবতি); 'সঃ' (সঃ পুরুষঃ) 'ভূমিং' (ব্রহ্মাণ্ডং) 'সর্ব্বতঃ' (সর্ব্বভাগেন) 'আ'

* এই সাম মন্ত্রটীর একটী গেয়-গান আছে।

(সমন্তাৎ, সর্ব্বদিক্ষু) 'বৃত্বা' (পরিবেষ্ট্য) 'দশাঙ্গুলং' (দশাঙ্গুলপরিমিতং দেশং, ব্রহ্মাণ্ডাৎ অধিকস্থানং ইত্যর্থঃ) 'অত্যতিষ্ঠৎ' (অতিক্রম্য বর্ত্ততে) ; নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সর্ব্বং বিশ্বং ভগবতঃ একাংশেন অবস্থিতং ; সঃ সর্ব্বশক্তিমান্ সর্ব্বজ্ঞঃ ভবতি—ইতি ভাবঃ॥ (৪প ৬অ—৪খ—৩সা)॥

• • •

বঙ্গানুবাদ।

ভগবান্ অনন্তশক্তিশালী অনন্তজ্ঞানসম্পন্ন, সর্ব্বব্যাপক হয়েন ; সেই পুরুষ ব্রহ্মাণ্ডকে সর্ব্বভাবে সকলদিকে পরিবেষ্টন করিয়া ব্রহ্মাণ্ড হইতে অধিকস্থান অতিক্রম করতঃ বর্ত্তমান আছেন। (মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। ভাব এই যে,—সমগ্র বিশ্ব ভগবানের একাংশে অবস্থিত ; তিনি সর্ব্বশক্তিমান্ সর্ব্বজ্ঞ।)। (৪প—৬অ—৪খ—৩সা)॥

•

সায়ণ-ভাষ্যং।

সর্ব্ব-প্রাণি-সমষ্টিরূপো ব্রহ্মাণ্ডদেহো বিরাড়াখ্যো যঃ পুরুষঃ সোহয়ং 'সহস্রশীর্ষাঃ' সহস্রশব্দস্যোপলক্ষণত্বাৎ অনন্তৈঃ শিরোভির্যুক্ত ইত্যর্থঃ। যানি সর্ব্বপ্রাণিনাং শিরাংসি তানি সর্ব্বাণি তদ্দেহান্তঃপাতিত্বাত্তদীয়ান্যেবেতি সহস্রশীর্ষত্বং। এবং সহস্রাক্ষত্বং সহস্রপাদত্বঞ্চ। স পুরুষো 'ভূমিং' ব্রহ্মাণ্ডগোলক-রূপাং সর্ব্বতঃ 'আ' সমন্তাৎ 'বৃত্বা' পরিবেষ্ট্য দশাঙ্গুলপরিমিতং দেশং 'অত্যতিষ্ঠৎ' অতিক্রম্য ব্যবস্থিতঃ। দশাঙ্গুলমিত্যুপলক্ষণং। ব্রহ্মাণ্ডাদ্বহিরপি সর্ব্বতো ব্যাপ্যাবস্থিত ইত্যর্থঃ॥ (৪প—৬অ—৪খ—৩সা)॥

• • •

তৃতীয় (৬১৭) সামের মর্ম্মার্থ।

—‡•‡—

এই মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রসিদ্ধ পুরুষ-সূক্তের প্রথমা ঋক্। এই মন্ত্রের মধ্যে যে নিত্য-সত্যপ্রখ্যাপিত হইয়াছে, তাহার ছায়ার অনুকরণ করিয়া জগতের সকল দর্শনশাস্ত্র ও ধর্ম্মবিজ্ঞান রচিত হইয়াছে। অনন্ত রত্নাকর বেদজ্ঞানের ভাণ্ডারে যে সমুদয় রত্নরাজি আপন প্রভায় সমুজ্জ্বল রহিয়াছে, তাহাদের জ্যোতিঃর কণামাত্র লইয়া সমগ্র জগৎ আলোকিত। ধাতুর মধ্যে যেমন রেডিয়াম (Radium) জ্ঞানভাণ্ডারে তেমনি বেদজ্ঞান। অথবা জাগতিক কোন বস্তুর সহিত তাহার তুলনা হইতে পারে না। এখন এই মন্ত্রে প্রখ্যাপিত সত্যের সম্বন্ধে আলোচনা করা যাউক।

এই মন্ত্রের ব্যাখ্যা-সম্বন্ধে প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের কোন অনৈক্য নাই ভাষ্যের সহিত যাহা সামান্য প্রভেদ লক্ষিত হইবে তাহা শব্দগত, ভাবগত নয়।

ব্যাকরণের বা শব্দার্থের কোন জটিলতা নাই। সহজ সরল ভাষায় ভগবানের মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে।

ভগবান্ সহস্রশীর্ষ। এটা অবশ্য রূপক। ভগবানের সত্যসত্যই একসহস্র মস্তক নাই। উহা তাঁহার অনন্তশক্তির পরিচায়ক মাত্র। একজন ব্যাখ্যাকার বলিয়াছেন—'ভগবান্ অনন্তস্বরূপ। জগতের যত প্রাণীর মস্তক আছে, সমস্ত তাঁহারই মস্তক।—দশ অঙ্গুলি ভূমির অর্থ—হৃদয়। তিনি বৃহৎ হইতে বৃহত্তম আবার ক্ষুদ্রাদপি ক্ষুদ্র। অতি সামান্য জীবের হৃদয়েও তিনি বর্ত্তমান আছেন।' আমরা মনে ক'রি এই ব্যাখ্যায় আংশিক সত্য প্রকাশিত হইয়াছে মাত্র। মন্ত্র ইহাপেক্ষাও উচ্চতর ভাবের দ্যোতনা করে।

তিনি 'সহস্রচক্ষু'। সর্ব্বত্রব্যাপী তাঁহার দৃষ্টি। ভূত ভবিষ্যৎ বর্ত্তমান, আদি অন্ত মধ্য, সৃষ্টি স্থিতি প্রলয়, সমস্তই তিনি দিব্যনেত্রে প্রতিমুহূর্ত্তে দর্শন করিতেছেন। জগৎ তাঁহার জ্ঞানের মধ্যে অবস্থিত। তিনি দেশ ও কালের উপরে দেশ কাল (Time and space) তাঁহাকে পরিচ্ছিন্ন করিতে পারে না। তাঁহার নিকট 'ভূত' নাই, 'ভবিষ্যৎ' নাই—একমাত্র অনন্ত 'নিত্য-বর্ত্তমান' আছে। সুতরাং সসীম জীবের পক্ষে যাহা ভূত বা ভবিষ্যৎ, তাহা তাঁহার অনন্তজ্ঞানে সর্ব্বদা বর্ত্তমান আছে। সুতরাং কাল (Time) তাঁহার জ্ঞান পরিচ্ছিন্ন করিতে পারে না। 'দেশ' (Space) তাঁহার সত্তার অংশ মাত্র, উহা তাঁহার অনন্ত সত্তাতে বর্ত্তমান আছে। সুতরাং তাঁহার নিকট 'সামীপ্য' অথবা 'দূরত্ব' বলিয়া কিছু থাকিতে পারে না। সুতরাং তিনি 'দেশের' (space) দ্বারাও পরিচ্ছিন্ন নহেন। সর্ব্বদেশে সর্ব্বকালে যাহা ঘটিয়াছে, ঘটিবে ও ঘটিতেছে তাহা তাঁহার জ্ঞানে বর্ত্তমান আছে। সেই জন্যই বলা হইয়াছে—তিনি সহস্রচক্ষু।

তিনি সহস্রপাৎ। উপরে যাহা বলা হইয়াছে, তাহা হইতেই প্রতীয়মান হইবে যে, তিনি সর্ব্বব্যাপক। শুধু সর্ব্বব্যাপক নহেন, এই ব্রহ্মাণ্ড তাঁহার মধ্যে অবস্থিত আছে এবং এই ব্রহ্মাণ্ড হইতেও তিনি বৃহত্তর, মহত্তর। তিনি ব্রহ্মাণ্ড হইতে দশাঙ্গুলি অধিক ভূমি ব্যাপিয়া আছেন,—একথার অর্থ এই যে, তিনি শুধু ব্রহ্মাণ্ড মাত্রই নহেন, তিনি তাহার চেয়েও বৃহৎ ও বহু উচ্চে অবস্থিত।

এই মন্ত্রে যে দার্শনিকমতবাদের জন্ম দিয়াছে, তাহাকে পাশ্চাত্য দার্শনিকগণ Trancendent-immanent theory বলেন। অর্থাৎ ভগবান জগতে বর্ত্তমান আছেন এবং তিনি জগদতীতও বটেন। পাশ্চাত্য দার্শনিকদিগের মতে ইহাই সর্ব্বোৎকৃষ্ট ও যুক্তিসঙ্গত মতবাদ। এই মতবাদের পোষণকারী দার্শনিকগণ যুক্তিবাদী (Rational school of Philosophy) বলিয়া অভিহিত হয়েন। এবং বর্ত্তমান জগতের সর্ব্বশ্রেষ্ঠ দার্শনিক পণ্ডিতগণ এই মতবাদের অনুসরণ করেন। এই দার্শনিক মতবাদের অনুযায়ী যে ধর্ম্মমত, তাহার নাম Panentheism (পেনেন্থিজম অর্থাৎ ভগবান্ জগতেও আছেন তিনি জগদতীতও বটেন।) এই ধর্ম্মমতই জগতের সর্ব্বশ্রেষ্ঠ জ্ঞানী ধর্ম্মবিজ্ঞানবিদ্ (Theologians) পণ্ডিতগণ গ্রহণ করেন। সুতরাং আমরা দেখিতে পাইতেছি যে, বর্ত্তমান সময় পর্য্যন্ত

জগতে যে সকল দার্শনিক ও ধর্ম্মসম্বন্ধীয় মতবাদ প্রচারিত হইয়াছে, তাহার কোনটাই ভারতীয় সভ্যতাকে অতিক্রম করিয়া যে যাইতে পারে নাই, অধিকন্তু সেই সকল সভ্যতা ভারতীয় সভ্যতা হইতে উৎপন্ন।

কিন্তু আশ্চর্য্যের বিষয় এই, অনেকে এমনই কুসংস্কারান্ধ যে, তাঁহারা এমন জ্যোতির্ম্ময় রত্ন দেখিতে পারেন না। তাই বেদকে নিছক 'চাষার গান' বলিতে কুণ্ঠিত বা লজ্জিত হন নাই। শুধু তাই নয় বেদের এই অত্যুজ্জ্বল জ্যোতিঃ সহ্য করিতে না পারিয়া তাঁহাকে হীন প্রতিপন্ন করিবার চেষ্টাও করিয়াছেন। এই দলে আমাদিগের দেশের তথাকথিত শিক্ষিত লোকও আছেন! কিমাশ্চর্য্যমতঃপরং?

কেহ কেহ বেদজ্ঞানকে 'Pantheism' (পেন্থিজম,—অর্থাৎ ভগবান বিশ্বেই পর্য্যবসিত, বিশ্বাতীত তাঁহার কোন সত্তা নাই) বলিয়াছেন। চোখে রঙিন চশমা পরিলে সমস্তই কাল দেখায়। সুতরাং তাঁহারা যে আপনাপন ইচ্ছানুরূপ মতবাদ বেদের মধ্যে দেখিতে পাইবেন, তাহা কিছু আশ্চর্য্যের বিষয় নয়। কিন্তু একজন পাশ্চাত্য পণ্ডিত (Prof. M. Maxmuller.) এই সকল হীন চেষ্টার তীব্র প্রতিবাদ করিয়া বলিয়াছেন যে, বেদে যে ধর্ম্মমতের প্রতিষ্ঠা করা হইয়াছে তাহা 'পেন্থিজম' (Pantheism) নয়, তাহা 'পেনেন্‌থিজম' (Panentheism) —ধর্ম্ম-জগতের সর্ব্বশ্রেষ্ঠ মতবাদ।

প্রাচ্য ও পাশ্চাত্য জ্ঞান, সভ্যতা ও চিন্তাধারার উপর বেদ কিরূপ প্রভাব বিস্তার করিয়াছেন এবং বেদজ্ঞানই যে জগতের যাবতীয় জ্ঞানের জনক তাহা প্রদর্শন করিবার জন্যই এত আলোচনা করিতে হইল। বর্ত্তমান জগৎ ঝুড়ি ঝুড়ি গ্রন্থ লিখিয়া শতাব্দীর পর শতাব্দী ধরিয়া তর্ক বিতর্ক করিয়া যে সিদ্ধান্তে উপনীত হইতে পারে নাই, বেদ একটী মন্ত্রের মধ্যে কেমন সুন্দরভাবে তাহার মীমাংসা করিয়া দিয়াছেন। (৫প—৬খ—৪র্থ—৩সা)।*

চতুর্থং সাম।

৩ ২ ৩১উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১২

ত্রিপাদূর্দ্ধ উদৈৎ পুরুষঃ পাদোঽস্যেহাভবৎ পুনঃ।

২ ৩ ২৩ক ২র ৩ ২ ৩ ২

তথা বিষ্বঙ্ ব্যক্রামৎ অশনানশনে অভি ॥ ৪ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের নবতিতম সূক্তের চতুর্থী ঋক্ (৮ম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী।

পৌরু গানং।

২ ১ র র — ২ ১র৴ র ২ ১র র র র ২ ১
উহুবৌহোবা ২ ১ ৩। ত্রিপাদূর্দ্ধউদৈৎপুরু ২ ৩ ষাঃ। পাদোস্যেহাভবৎপু২ ৩

২ ৩ র ২ ১ ২ ২ র র ২ ২ ১
মাঃ। তথাবিষ্বঙ্ বিয়ক্রা ২ ৩ মাৎ। অশনানশনেঅা ২ ৩ ভী। উহু-

র র — ২ ১ র ১ ৫ ৩ ৫র র
বৌহোবা ২। ২। উহুবৌ। হো ২। বা ২ ৩ ৪। ঔহোবা।

৩ ৫ ২ ১ র র — ২ ১ র ১ ৫
ঈ ২ ৩ ৪ ডা। উহুবৌহোবা ২। ২। উহুবৌ। হো ২।

৩ ৫র র ৩ ৫ ২ ১ র
বা ২ ৩ ৪। ঔহোবা। সু ২ ৩ ৪ বাঃ। উহুবৌ-

৭র — ২ ১ র ১ ৫ ৩
হোবা ২। ২। উহুবৌ। হো ২। বা ২ ৩ ৪।

১র র ৩ ১ ১ ১ ১
ঔহোবা। ঊ ২ ৩ ৪ ৫। ৪।

* . *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পুরুষঃ' (ভগবান্) 'ত্রিপাৎ ঊর্দ্ধঃ' (ত্রিগুণং অতিক্রম্য, ত্রিগুণাতীতঃ সন্) 'উদৈৎ' (তিষ্ঠতি, বর্ত্ততে) 'পুনঃ' (অপিচ) 'অস্য' (তস্য, ভগবতঃ) 'পাদঃ' (অংশঃ) 'ইহ' (জগতি, ত্রিগুণাত্মকে জগতি ইত্যর্থঃ) 'অভবৎ' (বর্ত্ততে); 'তথা' (চ) সঃ 'অশনানশনে' (অশনং তথা অনশনং, ভোজনাদিব্যাপারযুক্তং সচেতনং তথা তদ্রহিতং অচেতনং, সর্ব্বং সৃষ্টবস্তু ইত্যর্থঃ) 'অভি' (অভিলক্ষ্য, অধিকৃত্য) 'বিষ্বঙ্' (সর্ব্বং বিশ্বং) 'ব্যক্রামৎ' (ব্যাপ্নোতি, ব্যাপ্য তিষ্ঠতি); নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। ভগবৎসত্তা বিশ্বে অনুস্যূতা ভবতি, অপিচ, ভগবান্ বিশ্বং অতিক্রম্য অপি বর্ত্ততে—ইতি ভাবঃ। (৪প—৩দ—৩ব—৪সা)।

* . *

বঙ্গানুবাদ।

ভগবান্ ত্রিগুণাতীত হইয়া বর্ত্তমান আছেন, অপিচ তাঁহার অংশ ত্রিগুণাত্মক জগতে বর্ত্তমান আছে; এবং তিনি চেতন অচেতন সকল সৃষ্ট বস্তু অধিকার করিয়া সর্ব্ববিশ্ব ব্যাপিয়া অবস্থিত আছেন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—ভগবৎসত্তা বিশ্বে

অনুস্যূত আছে; অপিচ, ভগবান্ বিশ্বকে অতিক্রম করিয়াও বর্ত্তমান আছেন।)॥ (৪প—৬অ—৪থ—৪সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

যোঽয়ং 'ত্রিপাৎ পুরুষঃ' সংসারস্পর্শরহিতঃ ব্রহ্মস্বরূপঃ সোঽয়ং 'ঊর্দ্ধ উদৈৎ' অস্মাদজ্ঞানকার্য্যাৎ সংসারাদ্ বহির্ভূতঃ সন্ অত্রত্যৈর্গুণদোষৈরস্পৃষ্টঃ উৎকর্ষেণ স্থিতবান্। 'অস্য' সোঽয়ং 'পাদঃ' লেশঃ সোঽয়ং ইহ মায়ায়াং প্রাভবৎ। সৃষ্টিসংহারাভ্যাং পুনঃ পুনরাগচ্ছতি (অস্য সর্ব্বস্য জগতঃ পরমাত্মলেশত্বং ভগবতাপ্যুক্তং—'বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগদিতি') তথা মায়ায়া মাগত্যানন্তরং 'বিষ্বঙ্' দেবতির্য্যগাদিরূপেণ বিবিধঃ সন 'ব্যক্রামৎ' ব্যাপ্তবান্। কিং কৃত্বা? 'সাশনানশনে' অভিলক্ষ্য সাশনং ভোজনাদিব্যবহারোপেতং চেতনং প্রাণিজাতং, অনশনং তদ্রহিতমচেতনং গিরিনদ্যাদিকং। তদুভয়ং যথা স্যাত্তথা। স্বয়মেব বিবিধো ভূত্বা ব্যাপ্তবানিত্যর্থঃ॥ (৪প—৬অ—৪থ—৪সা)॥

* * *

চতুর্থ (৬১৮) সামের মর্ম্মার্থ।

—— § * § ——

ভগবান ত্রিগুণাত্মকও বটেন ত্রিগুণাতীতও বটেন। তিনি সমগ্র বিশ্বে অনুস্যূত আছেন। এই বিশ্ব ত্রিগুণাত্মক, সুতরাং এই দিক দিয়া তিনিও ত্রিগুণাত্মক। যাহা কিছু আছে বা হইবে, সমস্তই তিনি—'সর্ব্বং খল্বিদং ব্রহ্ম' এই বিশ্ব তাঁহারই প্রকাশ। সত্ত্ব-রজ-তমঃ এই ত্রিগুণের সমবায়ে জগৎ সৃষ্ট হইয়াছে। যখন ত্রিগুণ সাম্যাবস্থা প্রাপ্ত হয়, (when the forces are at equilibrium) তখন প্রলয় হয়। সমস্ত বিশ্ব ভগবানে লীন হয়—তিনি তখন আপনাতে আপনি বর্ত্তমান থাকেন, তখন তিনি বিশুদ্ধ সত্তা (Pure Existence) মাত্র হয়েন। তাই এই মন্ত্রে তাঁহার ক্রিয়াশীল এবং নিষ্ক্রিয় অবস্থা বর্ণিত হইয়াছে। ভাষ্যকারও অন্যভাবে এই সত্যই প্রকাশিত করিয়াছেন। তাঁহার এক পাদ জগতে বর্ত্তমান থাকে। অর্থাৎ তিনি তাঁহার মায়াশক্তির দ্বারা জগৎ সৃষ্টি করেন। তিনি ও তাঁহার মায়াশক্তি সম্পূর্ণরূপে এক নহে। যে অংশ ত্রিগুণাতীত, মায়াতীত, তাহা বিশুদ্ধ সত্ত্ব (Pure Existence)। তাঁহার ত্রিগুণাত্মিকা মায়াশক্তি (Creative energy) জগৎ সৃষ্টি ব্যাপারে নিযুক্ত হয়। কিন্তু এখানে একটা কথা বিশেষ ভাবে স্মরণ রাখা কর্ত্তব্য। মানুষ সসীম, ভগবান অসীম। সুতরাং সসীম মানুষ তাঁহার সান্ত ভাব ও ভাষা দিয়া সেই অসীম অনন্তকে প্রকাশ করিতে পারে না, মানুষের সে শক্তি নাই। যখন মানুষ [illegible] হয়, সীমার ঊর্দ্ধে গমন করে, তখনই সেই অসীম অনন্তকে উপলব্ধি করিতে পারে। কিন্তু তাহা জগতে প্রকাশ করিবার ভাষা তাঁহার নাই। সুতরাং অসম্পূর্ণ ভাষা দ্বারা তাঁহাকে আংশিক ভাবে প্রকাশ করা যায় মাত্র। মানুষের ভাব ও ভাষার এই

দৈন্য মনে রাখিয়া আমাদিগকে আলোচনায় প্রবৃত্ত হইতে হইবে। 'তাঁহার ত্রিগুণাত্মিকা অংশ' 'ত্রিগুণাতীত অংশ' প্রভৃতি ভাষা আমরা ব্যবহার করিয়াছি। কিন্তু উহা আমাদিগের ভাষার দৈন্য মাত্র। প্রকৃতপক্ষে তিনি অখণ্ড অসীম। তাঁহার অংশ নাই, তাঁহাকে বিভক্ত করা যায় না। তাঁহার শক্তি প্রখ্যাপন করিবার জন্য আমাদিগকে শতদৈন্য সত্ত্বেও এই ভাষারই সাহায্য লইতে হইবে। সুতরাং ভাষার শব্দার্থ ধরিয়া বিচার করিলে চলিবে না,—শব্দের পশ্চাতে যে বহুগুণে উচ্চ ভাব রহিয়াছে, তাহা লক্ষ্য করিতে হইবে। এই উপলক্ষে ইহা বলাও অপ্রাসঙ্গিক হইবে না যে, বিশেষ কারণ বশতঃ আমরা মধ্যে মধ্যে ইংরেজী প্রতিশব্দ, বা ইংরেজী অর্থ ব্যবহার করিতেছি। তাহার প্রধান কারণ এই যে, অনেকেই হিন্দু দর্শনের সঙ্গে পাশ্চাত্য দর্শনের মিলন করিতে অসমর্থ হয়েন, অথচ পাশ্চাত্য ভাব প্রবাহের মধ্য দিয়া তাঁহারা শিক্ষা দীক্ষা লাভ করিয়াছেন। লজ্জার বিষয় হইলেও আমাদিগকে স্বীকার করিতে হইবে, এই শিক্ষা দীক্ষার সহিত প্রাচ্য ভাব ধারার সংযোগ সাধনের কোন চেষ্টা দেখা যায় না। তাই পাশ্চাত্যভাবে শিক্ষিত ভারতবাসী ভারতীয় সভ্যতা বুঝিতে পারেন না। তাঁহাদিগের সুবিধার জন্যই ভারতীয় দর্শনে ব্যবহৃত শব্দের ইংরেজী প্রতিশব্দ মাঝে মাঝে দিয়া থাকি।

এখন আবার মন্ত্রার্থ সম্বন্ধে আলোচনা করা যাউক। মন্ত্রের দ্বিতীয় অংশে বলা হইয়াছে 'তিনি চেতন অচেতন সমস্ত বস্তুতে বর্ত্তমান আছেন।' এখানে 'চেতন অচেতন' বলায় বিশ্বের সমস্ত বস্তুকে লক্ষ্য করা হইয়াছে মাত্র। বস্তুতঃ অচেতন বলিয়া কোন পদার্থ নাই—কারণ সমগ্র বিশ্বে সেই অনন্তচৈতন্যসত্তা বিদ্যমান আছেন। গাছে, পাথরে, ধূলিকণাতেও চৈতন্য বর্ত্তমান—সেই চৈতন্য অবিনাশী অক্ষয়। উহা শুধু ধর্ম্মতত্ত্বের মীমাংসা নয়। সেই প্রাচীন বেদজ্ঞানের অনুসরণ করিয়া ভারতগৌরব, ঋষিগণের সুসন্তান, শ্রীমান জগদীশ বসু মহাশয় বর্ত্তমান জগতের পাশ্চাত্যবিজ্ঞানানুমোদিত পন্থায় প্রত্যক্ষজ্ঞানগম্য যন্ত্রপাতির সাহায্যে এই মহাসত্য প্রমাণিত করিয়াছেন। সেই চৈতন্যসত্ত্বা সর্ব্বত্র সর্ব্বকালে বর্ত্তমান আছেন, তাই ভগবদ্বাক্যে উক্ত হইয়াছে,—"বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতং জগৎ।" (৪প-৬অ—৪থ—৪সা)॥ *

—•—

পঞ্চমং সাম।

১ ২ ৩ ২উ ৩ ২ ৩ ২উ ৩ ১ ২
পুরুষ এবেদ৺ সর্ব্বং যদ্ ভূতং যচ্চ ভাব্যম্।
১ ২ ৩ ১ ৩ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
পাদোঽস্য সর্ব্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি॥ ৫॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের নবতিতম সূক্তের চতুর্থী ঋক্ (অষ্টম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয় গান একটী।

গেয়-গানং।

র র — ১ র র ২ ১র ২১র

ইয়োহোবা২। ৩। পুরুষঐবেদ৮ং সা২৩র্বায়। যদ্ভূতংযচ্চভাব্যা২৩

২ র র র ২ ২১র র ২২ ২

বায়। পাদোস্যসর্বাভূতা২৩নী। ত্রিপাদস্যামৃতন্দা২৩ইবী।

১ র র — ১র র—৩ ৫র র ৩

ইয়োহোবা২। ২। ইয়োহো২বা২৩৪। ঔহোবা। ঈ২৩৪

৫ ১ র র — ২ র র ৯ ৩ ৫র র

ভা। ইয়োহোবা২। ইয়োহোবা২। বা২৩৪। ঔহোবা।

৩ ৫ ২ র র — ১ র ২ ৯

ব্যো২৩৪ভীঃ। ইয়োহোবা২। ২। ইয়ো। হোবা২।

৩ ৫র র ৩১ ১৯১

বা২৩৪ঔহোবা। ঈ২৩৪৫।৩।

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পুরুষঃ' (ভগবান্) 'এব' (হি) 'যদ্ভূতং' (উৎপন্নং, জগৎ) 'চ' (তথা) 'যৎ, ভাব্যং' (ভবিষ্যজ্জগৎ, অনুৎপন্নং, তদবতি বর্ত্তমানং, কারণাবস্থায়াং লীনং ইত্যর্থঃ) 'ইদং সর্ব্বং' (সর্ব্বং বিশ্বং) ভবতি — ইতি শেষঃ; 'সর্ব্বা' (সর্ব্বাণি) 'ভূতানি' (উৎপন্নানি, বস্তূনি) 'অস্য' (ভগবতঃ, তস্য) 'ত্রিপাৎ' (ত্রয়ঃ অংশাঃ, ত্রিগুণাত্মকঃ) 'পাদঃ' (অংশঃ) ভবতি ইতি শেষঃ; তথা 'অস্য' (ভগবতঃ, তস্য) 'অমৃতং' (অমৃতস্বরূপং) ত্রিগুণাতীতঃ অংশঃ ইত্যর্থঃ 'দিবি' (দ্যোতমানে স্বপ্রকাশে, স্বরূপে) তিষ্ঠতি ইতি শেষঃ; মন্ত্রোঽয়ং নিত্যসত্যমূলকঃ। বিশ্বঃ ভগবতঃ আংশিকঃপ্রকাশঃ ভবতি — ইতি ভাবঃ॥ (৪প—৬অ—৪দ—৫সা)॥

* * *

বঙ্গানুবাদ।

ভগবান্ই উৎপন্ন জগৎ এবং অনুৎপন্ন অর্থাৎ কারণাবস্থায় লীন সমগ্র বিশ্ব; সমস্ত উৎপন্ন বস্তু ভগবানের ত্রিগুণাত্মক অংশ, এবং তাঁহার অমৃতস্বরূপ ত্রিগুণাতীত অংশ স্ব-রূপে অবস্থিত আছে। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—বিশ্ব ভগবানের আংশিক প্রকাশ মাত্র।)॥ (৪প—৬অ—৪দ—৫সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

যৎ 'ইদং' বর্ত্তমানং জগৎ তৎ 'সর্ব্বং' 'পুরুষ এব'। 'যদ্ভূতং' উৎপন্নং জগৎ 'যচ্চ ভাব্যং' ভবিষ্যজ্জগৎ তদপি পুরুষ এব যথাস্মিন্ কল্পে বর্ত্তমানাঃ প্রাণিদেহাঃ সর্ব্বেঽপি চরাচরাত্মকপুরুষস্যাবয়বাঃ তথৈব অতীতাগামিনোরপি কল্পয়োর্দ্রষ্টব্যমিত্যভিপ্রায়ঃ। এতদেবোত্তরং স্পষ্টীক্রিয়তে—'অস্য' পুরুষস্য 'সর্ব্বাণি ভূতানি' কালত্রয়বর্ত্তীনি প্রাণিজাতানি 'পাদঃ' চতুর্থঃ অংশঃ। 'অস্য' পুরুষস্যাবশিষ্টং 'ত্রিপাৎ' স্বরূপং 'অমৃতং' 'বিনাশরহিতং' সৎ 'দিবি' দ্যোতনাত্মকে স্ব-প্রকাশ-স্বরূপে ব্যবতিষ্ঠত ইতি শেষঃ। যদ্যপি 'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম' ইত্যাম্নাতস্য পরব্রহ্মণো ইয়ত্তাভাবাৎ পাদচতুষ্টয়ং নিরূপয়িতুমশক্যং, তথাপি জগদিদং ব্রহ্মস্বরূপাপেক্ষয়া অল্পমিতি বিবক্ষিতত্বাৎ পাদত্বোপচারঃ। (৪প-৬অ ৪ব—৫সা)॥

* * *

পঞ্চম (৬১৯) সামের মর্ম্মার্থ।

বিশ্ব ভগবানেরই প্রকাশ। এই জগৎ তাঁহাতেই অবস্থিত আছে। জগতে যাহা উৎপন্ন হইয়াছে, সমস্তই তাঁহা হইতে আসিয়াছে এবং যাহা উৎপন্ন হইবে, তাহাও সেই ভগবান হইতে আসিবে। কারণ, তিনি ব্যতীত আর কিছুই নাই বা থাকিতে পারে না। প্রকাশমান জগৎ তো তাঁহারই প্রকাশ, তাহা ব্যতীত ভবিষ্যৎ জগৎও তাঁহাতে কারণাবস্থায় (In causal state) বর্ত্তমান আছে। তিনি জগতের মূলকারণ। সৃষ্টির পূর্ব্বে জগৎ তাঁহাতেই ছিল, এবং প্রলয়ের পরেও তাঁহাতেই থাকিবে। সেই আদি কারণ হইতে জগৎ কার্য্যরূপে (As effect) প্রকাশিত হয়। এই সত্যের উপর নির্ভর করিয়াই ভারতে 'কার্য্যকারণাভেদ' (Nondifference of cause and effect) এই দার্শনিক মতবাদ প্রচারিত হইয়াছে। পাশ্চাত্য জগতেও এই মতবাদ সাদরে গৃহীত হইয়াছে। চৈতন্যবাদী (Idealist) দার্শনিকদিগের মতে বিশ্বের মধ্য দিয়া ভগবানই আপনাকে প্রকাশ করিতেছেন (The Eternal Idea is realising itself in and through the universe)।

শুধু তাই নয়। তিনি কেবল মাত্র বিশ্বেই পর্য্যবসিত নহেন। বিশ্বাতিরিক্ত তাঁহার অমৃতময় সত্তা আছে। তিনি স্বরূপে অবস্থিত থাকেন। ক্রিয়াশীল হইলে ত্রিগুণাত্মক মায়াশক্তিপ্রভাবে জগৎ সৃষ্টি করেন, আবার, প্রলয়কালে আত্মলীন হইয়া অবস্থিতি করেন। দর্শনশাস্ত্রে ব্রহ্মের এই শেষোক্ত অবস্থাকে 'কূটস্থ লক্ষণ' বলা হইয়াছে। তিনি জগৎ, তিনি জগদতীত, তিনি ত্রিগুণাত্মক, তিনি ত্রিগুণাতীত। মন্ত্রের মধ্যে ভগবানের এই মহিমাই পরিব্যক্ত হইয়াছে। (৪প—৬অ-৪ব-৫সা)। *

* এই মন্ত্রটি ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের নবতিতম সূক্তের দ্বিতীয়া ঋক্ (অষ্টম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)। ইহার একটি গেয়-গান আছে।

ষষ্ঠং সাম।

৩ ২উ ৩ ১ ২

তাবান্ অস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পুরুষঃ।

১ ২ ৩ ১ ২র ৩ ১র ২র ৩ ১ ২

উত অমৃতত্বস্য ঈশানো যং অন্নেন অতিরোহতি ॥৬॥

* * *

গেয়-গানং।

২র ১র র২ ১ ২ ২র ১ র র র

হাউ। ৩। তাবানস্য। মহা২৩ইমা৩। হাউ৩। ততোজ্যায়াং-

২ ১ র ২ ২ ১ ২ ১র র ২

শ্চপুরু২৩ষা ত ঃ। হাউ। ৩। উতামৃতত্বস্যেশা২৩না৩ঃ।

২র ১ র র ২ ১র ২ ২ ২

হাউ। ৩। যদন্নেনাতিরোহা২৩তী৩। হাউ৩। বা৩।

১ ১ ১ ১ ১

ইট্ ইড়া২৩৪৫॥৬॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা

'তাবান্' (ভূতভবিষ্যৎ-বর্ত্তমানরূপেণ অবস্থিতানি জগৎসৃষ্টিরূপকার্য্যানি) 'অস্য' (ভগবতঃ) 'মহিমা' (সামর্থ্যং—বিশেষং ইতি যাবৎ)—ভবতি ইতি শেষঃ; 'চ' (তু) 'পুরুষঃ (ভগবান্) 'ততঃ' (অস্মাৎ মহিমায়াঃ) অপি 'জ্যায়ান্' (অতিশয়েন অধিকঃ, মহত্তরঃ—ভবতি ইতি শেষঃ); 'উত' (অপিচ) 'যদ্' (যঃ) 'অন্নেন' (শক্ত্যা, প্রজ্ঞয়া) 'অতিরোহতি' (অতিক্রামতি,—বিশ্বং ইতি যাবৎ,) সঃ ভগবান্ এব 'অমৃতত্বস্য' (অমৃতত্বস্য) 'ঈশানঃ' (অধীশ্বরঃ, প্রদাতা ইত্যর্থঃ) ভবতি ইতি শেষঃ; নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। অমৃতপ্রাপকঃ ভগবান্ অসীমশক্তিসম্পন্নঃ ভবতি; তস্য মহিমায়াঃ একাংশং এব বিশ্বরূপেণ প্রাদুর্ভবতি—ইতি ভাবঃ। (৪প—৬দ—৪খ—৬সা)।

* * *

বঙ্গানুবাদ

ভূত ভবিষৎ বর্ত্তমান রূপে অবস্থিত জগৎসৃষ্টিরূপ কার্য্যসমূহ ভগবানের মহিমা বিশেষ; কিন্তু ভগবান্ এই মহিমা হইতেও মহত্তর; অপিচ যিনি

আপনার শক্তির দ্বারা বিশ্বকে অতিক্রম করেন সেই ভগবান্ই অমৃতের অধীশ্বর অর্থাৎ অমৃতপ্রদাতা। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—অমৃতপ্রাপক ভগবান্ অসীমশক্তিসম্পন্ন; তাঁহার মহিমার একাংশ মাত্র বিশ্বরূপে প্রাদুর্ভূত হয়।)। (৪প—৬অ—৪খ—৬সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অতীতানাগত বর্ত্তমানরূপজগদাত্মাধারো যোঽস্তি 'তাবান্' সর্ব্বোঽপি 'অস্য' পুরুষস্য 'মহিমা' স্বকীয়-সামর্থ্য-বিশেষঃ। ন তু তস্য বাস্তবং স্বরূপং। বাস্তবস্তু 'পুরুষঃ ততঃ' মহিম্নোঽপি 'জ্যায়ান্' অতিশয়েনাধিক ইত্যর্থঃ। 'উত' অপিচ 'অমৃতত্বস্য' দেবত্বস্য অয়ং 'ঈশানঃ' স্ব-মায়য়া 'যৎ' যস্মাৎ কারণাৎ 'অন্নেন' প্রাণিনাং ভোগ্যেন অন্নেন নিমিত্তভূতেন অতিরোহতি' স্বকীয়াং কারণাবস্থা মতিক্রম্য পরিদৃশ্যমান-জগদবস্থাং প্রাপ্নোতি। তস্মাৎ প্রাণিনাং কর্ম্মফলভোগায় জগদবস্থা স্বীকারাৎ নেদন্তস্য বস্তুত্বম্ মিত্যর্থঃ॥ ৬॥

* * *

ষষ্ঠ (৬২০) সামের মর্ম্মার্থ।

—— § • • § ——

ভগবান্ অমৃতপ্রাপক—তিনি অমৃতের অধীশ্বর। তাঁহার কৃপাতেই মানুষ অমৃতত্ব লাভ করে। সৃষ্টিস্থিতিপ্রলয় তাঁহার মহিমার তুলনায় অতি তুচ্ছ ব্যাপার। তাঁহার ইঙ্গিতে মহাপ্রলয় মুহূর্ত্তের মধ্যে সংসাধিত হইতে পারে। কিন্তু ইহাই তাঁহার মহিমার শেষ নয়। তিনি অমৃত-স্বরূপ,—তাঁহার সন্তানগণকেও অমৃতত্ব প্রদান করেন। সৃষ্টি—এই ত্রিগুণাত্মিকা সৃষ্টি—তাঁহার খেলা; আবার এই ত্রিগুণের বেড়াজালের মধ্য হইতে মানুষকে বাহির করিয়া তাঁহার অমৃতময় কোলে স্থান দেওয়াও তাঁহারই খেলা। এই খানেই তাঁহার মহত্ত্ব প্রকটিত। মানুষ এই অমৃতের আশাতেই চাতকের মত তাঁহার পানে চাহিয়া থাকে। এক ফোঁটা অমৃতবর্ষণে মানুষের অনন্ত পিপাসা চিরতরে নিবৃত্ত হইয়া যায়। তাঁহার এই মুক্তিদায়ক মূর্ত্তিই এই মন্ত্রে বিশেষভাবে প্রকটিত হইয়াছে॥ (৪প—৬অ—৪খ ৬সা)। *

—— • ——

সপ্তমং সাম।

১ ২ ২ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
তেতা বিরাট্ অজায়ত বিরাজো অধি পুরুষঃ।
২ ৩ ১র ২র ৩ ২উ ৩ ১ ২ ৩ ২
স জাতো অত্যরিচ্যত পশ্চাৎ ভূমিং অথঃ পুরঃ॥ ৭॥

---

* এই সামমন্ত্রটী ঋগ্বেদ সংহিতার দশম মণ্ডলের নবতিতম সূক্তের তৃতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী।

অধি' বিরাড়্দেহস্যোপরি তমেব দেহমধিকরণং কৃত্বা 'পুরুষঃ' তদ্দেহাভিমানী কশ্চিৎ পুমানজায়ত। যোঽয়ং সর্ব্ববেদান্তবেদ্যঃ পরমাত্মা স এব স্বরূপেণ প্রবিশ্য ব্রহ্মাণ্ডাভিমানী দেবতাত্মা জীবোঽভবৎ (এতচ্চাথর্ব্বণিকউত্তরতাপনীয়ে বিস্পষ্টমামনন্তি—'স বা এষ ভূতানী-ন্দ্রিয়াণি বিরাজং দেবতাঃ কোশাংশ্চ সৃষ্ট্বা প্রবিশ্য মূঢো মূঢ়ইব ব্যবহরন্নাস্তে মায়য়েবেতি)। 'স জাতঃ' বিরাট্ পুরুষঃ 'অত্যরিচ্যত' অতিরিক্তোঽভূৎ। বিরাড্ব্যতিরিক্তো দেবতির্য্যঙ্-মনুষ্যাদিরূপোঽভবৎ। পশ্চাদ্দেবাদি জীব ভাবাদূর্দ্ধং ভূমিং সসর্জ্জেতি শেষঃ। 'অথো' ভূমি সৃষ্টেরনন্তরং তেষাং জীবানাং 'পুরঃ' সসর্জ্জ :(পূর্য্যন্তেসপ্তভির্ধাতুভি রিতি পুরঃ) শরীরাণি। (৪প—৬অ—৪খ—৭সা)॥

* * *

সপ্তম (৬২১) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রে সৃষ্টিক্রম বর্ণিত হইয়াছে। মন্ত্রের ব্যাখ্যায় আমরা বর্ত্তমান কাল ব্যবহার করিয়াছি। তাহার কারণ এই যে, ভগবানের নিকট সমস্ত কালই নিত্যবর্ত্তমান। অনন্তের দিক দিয়া (Form the standpoint of Eternity, subspecie eternitatis) একমাত্র বর্ত্তমান ব্যতীত অন্য কাল নাই। বিশেষতঃ সৃষ্টি ও প্রলয় প্রতি মুহূর্ত্তেই সংঘটিত হইতেছে। সুতরাং এই সৃষ্টিক্রমও অনন্তকাল ধরিয়া চলিতেছে। তাই আমরা বর্ত্তমান কাল ব্যবহার করিয়াছি।

সেই পরমপুরুষ ভগবান আপনার মহিমায় অবস্থিত আছেন। তাঁহার ইচ্ছায় প্রথমতঃ ব্রহ্মাণ্ড—এই বিশ্ব উৎপন্ন হয়। এই বিশ্বের মধ্যে তাঁহার চৈতন্যশক্তি প্রবেশ করে। তাঁহা হইতে ক্রমশঃ দ্যুলোক ভূলোক স্থাবর জঙ্গম সমস্ত উৎপন্ন হয়। সুতরাং আমরা দেখিতে পাইতেছি যে, এই বিশ্ব তাঁহারই বিকাশ মাত্র। এই বিশ্বের প্রতি অণুপরমাণুতেও তাঁহার শক্তি বর্ত্তমান।

প্রচলিত সায়ণ-ভাষ্যের সহিত আমাদিগের বিশেষ অনৈক্য ঘটে নাই। কিন্তু অন্যান্য দু'একজন ব্যাখ্যাতার সহিত আমাদিগের যথেষ্ট অনৈক্য আছে। উদাহরণ স্বরূপ একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "তাঁহা হইতে বিরাট জন্মিলেন, এবং বিরাট হইতে সেই পুরুষ জন্মিলেন। তিনি জন্মগ্রহণ পূর্ব্বক পশ্চাদ্ভাগে ও পুরোভাগে পৃথিবীকে অতিক্রম করিলেন।" এই ব্যাখ্যার শেষাংশের অর্থ মোটেই পরিষ্কার হয় নাই। যাহা হউক আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে বিবৃত হইয়াছে। (৪প—৬অ—৪খ—৭সা)॥ *

---

* সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের নবতিতম সূক্তের পঞ্চমী ঋক্ (অষ্টম অষ্টক, চতুর্থ অধ্যায় সপ্তদশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী।

মন্বেবামিতি পঞ্চর্চো বামদেবেন বীক্ষিতাঃ।
অত্রাদ্যৈকাদ্বিমে চ যে ত্রিষ্টুভস্তাস্থ চাদিমা॥
উপরিষ্টাজ্জ্যোতিরিতি বায়ুদৈব বিধীয়তে।
অন্তে অনুষ্টুভৌ দ্যাবাপৃথিব্যোঃ প্রথমা তথা॥
দ্বিতীয়ৈন্দ্রী চতুর্থী চ তৃতীয়াগ্নির্মিতাত্মনঃ।
ভক্তির্গবামতিমেতি ছন্দোদৈবতনির্ণয়ঃ॥

* * *

অষ্টমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩
মন্বে বাং দ্যাবাপৃথিবী সুভোজসৌ

১র ২র ৩ ১ ২ ৩ ১র ২র
যে অপ্রথেথাম্ অমিতং অভি যোজনম্।

১ ২ ৩ ১ ২ ৩ ১র
দ্যাবাপৃথিবী ভবতং স্যোনে

২র ৩ ১ ২
তে নঃ মুঞ্চতম্ অংহসঃ॥ ৮॥

* * *

গৌর-সামং।

১ ২র ১ ২ র র র র র ১ ২
১। হুবাই। ৩। রূপম্। মন্বেবান্দ্যাবাপৃথিবীসু ৩ ভোজা ১ সা ২ উ।

র রর ১ ২ ২র র র ১
যেঅপ্রথেথামমিতমভী ৩ যোজা ১ মা ২ ম্। দ্যাবাপৃথিবীভবা ৩ তাং-

২ ২র র ১ ২ ১
স্যো ১ মা ২ ই। তেনোমুঞ্চতা ৩ মাংহা ১ সা ২ ঃ। হুবাই।

২র ৩ ৫র র ২র র১
৩। রূপা। ২। বা ২ ৩ ৪ ঔহোবা। এ। রূপম্। ৩॥

* * *

২ ১র ২ ১ ২ র র র ২ র
২। প্রতিষ্ঠাগিপ্রতি। ষ্ঠা। ৩। বর্চ্চোগিমনোগি। ঐহী। মন্বে-

র র র র র র র ২র রর র র রর
বান্দ্যাবাপৃথিবীসুভোজসাঐহী। যেঅপ্রথেথামমিতমভিযোজমাঐহী।

দ্যাবাপৃথিবীভব ৩ ৺ স্তোনা। ঐহী। ভেনোমুঞ্চতমং ৬ হসাঐহী॥

প্রতিষ্ঠাসিপ্রত। ষ্ঠা। ৩। বর্চ্চোসমানাসি। ঐহী ৩।

হাউবা। এ। ভূতম্। ৩। ৮॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দ্যাবাপৃথিবী' (হে দ্যুলোকভূলোকৌ) 'বাং' (যুবাং) 'সুভোজসৌ' (শোভনপালয়িতারৌ) তং 'মন্যে' (জানামি,—অহং ইতি শেষঃ); 'যে' (যুবাং) 'অমিতং' (অপরিমিতং অক্ষয়ং) 'যোজনং' (ভগবতা সহ মিলনকারকং, পরমধনং ইত্যর্থঃ) 'অভি' (অস্মান্ অভিলক্ষ্য, অস্মভ্যং) 'অপ্রযেথাম্' (বিস্তারয়তং, প্রযচ্ছতং); 'দ্যাবাপৃথিবী' (হে দ্যুলোকভূলোকৌ) 'তে' (যুবাং) 'স্যোনে' (সুখায়, পরমানন্দায়—অস্মাকং ইতি যাবৎ) 'ভবতং' অস্মভ্যং পরমানন্দং প্রযচ্ছতং ইত্যর্থঃ; তথা 'নঃ' (অস্মান্) 'অংহসঃ' (পাপাৎ) 'মুঞ্চতং' (মোচয়তং, রক্ষতং); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মান্ পরমানন্দং প্রযচ্ছ তথা পাপাৎ রক্ষয়—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৭প—৬অ—৪থ—৮সা)॥

• • •

বঙ্গানুবাদ।

হে দ্যুলোকভূলোক! আপনারা উত্তম পালনকারী তাহা আমি জানি; আপনারা অক্ষয় পরমধন আমাদিগকে প্রদান করুন; হে দ্যুলোকভূলোক! আপনারা আমাদিগকে পরমানন্দ প্রদান করুন; এবং আমাদিগকে পাপ হইতে মোচন করুন। (মন্ত্রটি প্রার্থনামূলক। ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পরমানন্দ প্রদান করুন এবং পাপ হইতে রক্ষা করুন।)॥ (৪প—৬অ—৪থ—৮সা)॥

• • •

সায়ন-ভাষ্যং।

হে 'দ্যাবাপৃথিবী' দ্যাবাপৃথিব্যৌ! 'বাং' যুবাং 'সুভোজসৌ' শোভনপালয়িত্র্যাবিতি 'মন্যে' অহং জানামি হে দ্যাবাপৃথিব্যৌ! 'অমিতং' অপরিমিতং 'যোজনং' (যুজ্যতে পুরুষোঽনেনেতি যোজনং) ধনাদি তং 'অভ্যপ্রথেথাং' অভিবিস্তারয়তং। হে 'দ্যাবাপৃথিবী' দ্যাবাপৃথিব্যৌ! যুবাং অস্মাকং 'স্যোনে' সুখরূপে সুখকার্য্যৌ 'ভবতং' 'তে' দ্যাবাপৃথিব্যৌ 'নঃ' অস্মান্ 'অংহসঃ' পাপাৎ 'মুঞ্চতং' মোচয়তং॥ (৪প—৬অ—৪থ—৮সা)॥

• • •

অষ্টম (৬২২) সামের মর্ম্মার্থ।

—‡ · ‡—

জগৎ ভগবানেরই বিকাশ—সর্ব্বত্রই ভগবানের শক্তি বর্ত্তমান আছে। প্রত্যেক পদার্থই ভগবানের মঙ্গল উদ্দেশ্য-সাধনে নিযুক্ত। চন্দ্র সূর্য্য গ্রহ তারা প্রভৃতি সমস্তই একসূত্রে গ্রথিত। এই বিশ্বের প্রত্যেক পদার্থে ভগবানের শক্তি বিভিন্নভাবে প্রকাশমান। চন্দ্র-সূর্য্যে তাঁহার জ্যোতির পরিচয় পাই, অসীম অনন্ত গগন মনে তাঁহার অনন্তত্বের ধারণা জাগাইয়া দেয়। সুতরাং তাঁহার এই বিভিন্ন প্রকাশকে যদি মানুষ বিভিন্নভাবে আরাধনা করে, তাহা হইলে সেই আরাধনা, সেই পূজা ভগবানের চরণেই পৌছায়। অবশ্য এই প্রকাশকে তাঁহারই প্রকাশহিসাবে (As his manifestation) পূজা করিতে হইবে—শুধু একটা নির্দ্দিষ্ট বিচ্ছিন্ন বস্তু ভাবে নয়। জড়বাদ অথবা জড়োপাসনা এবং চৈতন্যবাদ অথবা বিশ্বে অনুস্যূত ও প্রকাশিত অনন্ত চৈতন্যসত্তার উপাসনার মধ্যে অনেক সময় বাহ্যিক সাদৃশ্য লক্ষিত হয়। কিন্তু এই উভয় প্রণালীর মধ্যে আকাশ পাতাল পার্থক্য আছে,—ভাব ও জ্ঞানের দিক দিয়া। তাই একজনের পাথর-পূজা—জড়োপাসনা; আর অন্যজনের শালগ্রাম-পূজা—অনন্তপুরুষ ভগবানের আরাধনা। পাশ্চাত্য পণ্ডিতগণ এই ভাবধারা বুঝিতে সমর্থ নহেন, তাই তাঁহারা হিন্দুধর্ম্মকে বুঝিতে পারেন না, তাই তাঁহারা হিন্দুর প্রতীকোপাসনাকে গ্রীক ও রোমীয়দিগের মূর্ত্তিপূজার সঙ্গে একাসনে স্থান দিতে চাহেন। কিন্তু পাশ্চাত্য মূর্ত্তিপূজা ও ভারতীয় প্রতীকোপাসনা যে এক নহে, তাহা উপরোক্ত আলোচনা হইতে উপলব্ধ হইবে।

ভগবানের এই বিকাশের দিক দিয়াই দ্যুলোক—ভূলোকের নিকট অথবা দ্যুলোক-ভূলোকস্থিত দেবতাগণের নিকট প্রার্থনা করা হইয়াছে। মন্ত্রার্থ মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই বিশদীকৃত হইয়াছে। (৪প—৬দ ৪খ—৮সা)। *

—•—

নবমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২

হরী ত ইন্দ্র শ্মশ্রূণি উতঃ তে হরিতৌ হরী।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২

তন্ত্বা স্তুবন্তি কবয়ঃ পুরুষাসো বনর্গবঃ ॥ ৯ ॥

---

* এই সাম-মন্ত্রটীর দুইটী গেয়-গান আছে।

২ র　　১ ২　২ ১র ৩ র　　২　২　২ ১র　২
১।২।৭। ইন্দ্র শ্মশ্রূণি উতো তে হরিতা। উহা৩রী তং ত্বা স্তুবন্তি কা৩।

৪ ৫　　২ ১র র ২　　৪ ৫　　১ র২　　২ ১২
য়াঃ। পুরুষাসো বনা৩। সাবাঃ। শচ্যা ইন্দ্র ভুঙ্‌ক্তিমঘবন্নস্ত্র-

১　　২ ১ র　২ র৩ ১ ১ ১ ১
ভুঙ্‌ক্তি ভুঙ্‌ক্তি প্রভুঙ্‌ক্তি ইন্দ্রস্তু ন রপুতা২ ৩ ৪ ৫ ঃ। ৯॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলাধিপতে হে দেব!) 'তে' (তব) 'শ্মশ্রূণি' (মুখশ্রীঃ, জ্যোতিঃ ইত্যর্থঃ) 'হরী' (পাপহারকা—ভবতি ইতি শেষঃ), যদ্বা তব শক্তিঃ 'শ্মশ্রূণি' (অনিত্যবস্তূনি, মায়ামোহাদেঃ ইত্যর্থঃ) 'হরী' (হারকা, নাশিকা—ভবতি ইতি শেষঃ); 'উত' (অপিচ) 'তে' (তব) 'হরিতৌ' (বাহনৌ, জ্ঞানভক্তিরূপবাহনৌ) 'হরী' (পাপহারকৌ পাপনাশকৌ ইত্যর্থঃ ভবতঃ ইতি শেষঃ); 'বনর্গবঃ' (জ্ঞানজ্যোতিসম্পন্নাঃ) 'কবয়ঃ' (মেধাবিনঃ, সাধকাঃ) 'পুরুষাসঃ' (জনাঃ) 'তং' (প্রসিদ্ধং 'ত্বা' (ত্বাং) 'স্তুবন্তি' (আরাধয়ন্তি); মন্ত্রোহয়ং নিত্যসত্যপ্রখ্যাপকঃ। ভগবৎশক্তিঃ পাপনাশিকা মোক্ষপ্রাপিকা ভবতি; সাধকাঃ ভগবৎ-পরায়ণাঃ ভবন্তি—ইতি ভাবঃ। (৪প—৬দ—৪খ—৯সা)॥

* * *

বঙ্গানুবাদ।

বলাধিপতি হে দেব! আপনার জ্যোতিঃ পাপনাশক; অথবা আপনার শক্তি মায়ামোহাদিনাশক হয়; অপিচ আপনার জ্ঞানভক্তিরূপ বাহনদ্বয় পাপনাশক; জ্ঞানজ্যোতিঃসম্পন্ন সাধকগণ প্রসিদ্ধ আপনাকে আরাধনা করেন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—ভগবৎশক্তি পাপনাশিকা মোক্ষপ্রাপিকা হয়েন; সাধকগণ ভগবৎপরায়ণ হয়েন।) (৪প—৬দ—৪খ—৯সা)॥

* * *

সায়ণ ভাষ্যং।

হে ইন্দ্র! 'তে' তব 'শ্মশ্রূণি' 'হরী' সোমপানেন হরিতবর্ণানি। তথাচ শ্রূয়তে—'ইন্দ্রঃ শ্মশ্রূণি হরিতাভি প্রুষ্ণুতে'—ইতি। 'সোমছন্দসি বহুলং (৮।২।৮০)' ইতি হরিশব্দাৎ পরস্য লোপ(ঃ)। 'উতো' অপিচ, 'তে' হরী অশ্বৌ 'হরিতৌ' হরিদ্বর্ণৌ। 'কবয়ঃ' মেধাবিনঃ 'পুরুষাসঃ' পুরুষাঃ 'বনর্গবঃ' (বননীয়াঃ সম্ভজনীয়াঃ সেবনীয়াঃ গাবো যেষাং তে বনর্গবঃ মধ্যেরেকচ্ছান্দসঃ।—গোস্ত্রিয়োঃ (১।২।৪৮) রিতিহ্রস্বত্বং) তাদৃশাঃ 'কবয়ঃ' 'তং' 'ত্বা' ত্বাং স্তুবন্তি। (৪প—৬দ—৪খ—৯সা)॥

* * *

নবম (৬২৩) সামের মর্ম্মার্থ।

'তত্ত্ব অপাপবিদ্ধং' ভগবানই মানুষকে পাপের কবল হইতে উদ্ধার করিতে পারেন। তাঁহার জ্যোতিঃ মানুষের হৃদয়ে প্রবিষ্ট হইলে সেস্থান হইতে পাপতাপ অজ্ঞানতা মায়ামোহ দূরে পলায়ন করে। যিনি জ্ঞানভক্তিসমন্বিত তাঁহার হৃদয়ই ভগবানের প্রকৃষ্ট আসন। ভগবৎপরায়ণ ব্যক্তিগণই ভগবানের স্পর্শলাভ করেন। জ্ঞানের জ্যোতিতে তাঁহারা তাঁহাদিগের গন্তব্যপথ চিনিয়া লইতে পারেন। তাই, তাঁহারা সেই চরম গন্তব্যস্থানে পৌঁছিবার উপযোগী সাধনায় আত্মনিয়োগ করেন। ভগবানও কৃপাপরায়ণ হইয়া তাঁহার সন্তানকে শক্তি ও দিব্যজ্যোতিঃ প্রদানে কৃতার্থ করেন। মন্ত্রে এই ভাবই ব্যক্ত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের অনৈক্য লক্ষিত হইবে। মন্ত্রান্তর্গত 'শ্মশ্রুণি' পদই বিশেষভাবে অনৈক্যের সৃষ্টি করিয়াছে। ভাষ্যকার ঐ পদের 'দাড়ীগোঁপ' অর্থ করিয়াছেন। কিন্তু সোমপানে দাড়ীগোঁপ কি সমস্তই হরিদ্বর্ণ হইয়া যায়? অপিচ সাধকগণের ভক্তির সহিত হরিদ্বর্ণ দাড়ীরই বা কি সম্বন্ধ সূচিত হইতে পারে? আমরা ঐ পদ-সম্বন্ধে পূর্ব্বেও (সামবেদ ৩অ—১১খ—১১দ ৩সা) আলোচনা করিয়াছি; সেখানে নিরুক্ত-সঙ্গত অর্থ গৃহীত হইয়াছে। বর্তমান মন্ত্রে এতদ্ব্যতিরিক্ত আভিধানিক ধাতুগত একটি অর্থও প্রদত্ত হইয়াছে। 'হরী' পদ সম্বন্ধে বহুবার আলোচনা করা হইয়াছে। এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। (৪প ৬অ—৪খ—৯সা)। *

—— • ——

দশমং সাম।

২উ ৩ ১র ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১

যৎ বর্চ্চো হিরণ্যস্য যদ্বা বর্চ্চো গবামুত।

৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২

সত্যস্য ব্রহ্মণো বর্চ্চঃ তেন মা সꣳ সৃজামসি ॥ ১০ ॥

* * *

গেয়-গানং।

২র ২ ৯ ২ ১ ২র ১র ১ ২র ১র

১। হাউ। ৩। অহমস্মদ্। ৩। অহমস্মাদো। হমস্মাদো। ২।

২র ২র ২র ১ ২র ১ ২র ১ ২

হংবিধারয়ো। ২। হংবিধারয়ঃ। হাউ। ৩। যদ্বর্চ্চোহিরণ্য।

---

* এই সাম-মন্ত্রটীর একটী গেয়গান আছে।

২র　১ ২ র　১ র ২ র　১ র ২ র
হাউ। ৩। দিশন্দুহে। ভা। দিশোদুহে। ৩। দিশোদুহে।

১ র ২ র　২র　২　২র　১ ২ র ১ র ২ র
গর্ব্বাদুহো। ৩। হাউ। বা। এ। দিশন্দুহেদিশোদুহে-

১ র ২ র ১ ২ ২ র　২র　২ ১
দিশোদুহেগর্ব্বাদুহে। ৩। এ। অহ৺-

র ৩ ১ ১ ১ ১
স্বর্জ্যোতী২৩৪৫ঃ॥

* * *

২র　১ র ২　১ ২　১ র ২
৬। হাউ। ৩। মনোজয়িৎ। ৩। জনযমজয়িৎ। ৩। ইন্দ্রোজয়িৎ। ৩।

২ ১ ২র　২র　১ ২র ১ ২　১　১ ২র ২র ১ র ২
অহমজৈষম্। ৩। হাউ। যদ্বর্চ্চোহিরণ্য। স্যা। যদ্বাবর্চ্চোগবামু।

১　২ ১ ২ ১ ২র ১　১　১১ ২র　২র　১　২র
ত্বা। সত্যাস্যব্রহ্মণোব। চাঃ। তেনমাসম্৺সৃজাম। সাই। হাউ।

১ র ২　১ ২　১ র ২
মনোজয়িৎ। ৩। জনযমজিৎ। ৩। ইন্দ্রোজয়িৎ। ৩।

২ ১ ২র　২S　২　২র　১ র ২ ১ ২
অহমজৈষম্। ৩। হাউ৩বা। এ। মনোজয়িজ্জন্য-

১ র ২ ১ ২র　২র　২ ১
মজয়িদিন্দ্রোজয়িদহমজৈষম্। ৩। এ। অহ৺-

র　১ ১ ১ ১
স্বর্জ্যোতী১৩৪৫ঃ॥৩।

* * *

২র　১　১ র ২　২র　১ ২র
৭। হাউ। ৩। বয়ঃ। ৩। বয়োবয়ঃ। ৩। হাউ। ৩। যদ্বর্চ্চো-

১ ২　১　১ ২র ১ ২র ১ র ২　১　২ ১ ২ ১ ২র ১　১
হিরণ্য। স্যা। যদ্বাবর্চ্চোগবামু। ত্বা। সত্যাস্যব্রহ্মণোব। চাঃ।

১র ২র ১　২র　১　২র　১　১ র
তেনমাসম্৺সৃজাম। সাই। হাউ। ৩। বয়ঃ। ৩। বয়ো-

২ ২s ২ ২র ১ র২ র২
বয়ঃ। ৩। হাউ ৩। বা। এ। বয়োবয়োবয়ঃ। ৩।

২র ২১ র ৩ ১ ১ ১ ১
এ। অহ৬সুবর্জ্যোতী ২ ৩ ৪ ৫ ঃ॥

• . •

২র ২র১ ২র১ র২ ২র ১ ২র১ ২
৮। হাউ। ৩। রূপম্। ৩। রূপ৬রূপম্। ৩। হাউ ৩। যদ্বর্চ্চোহিরণ্য।

১ ১২র১২র র২১ ২১২১১২র১ ১ ১র২র১ ২র
স্যা। যৎবাবর্চ্চোগবামুতা। সত্যস্যব্রহ্মণোব। চাঃ। তেনমাসং৬সৃজাম।

১ ২র ২র১ ২র১ র১ র২
সাই। হাউ। ৩। রূপম্। রূপা৬রূপম্। ৩। রূপম্। ৫।

২র ২১ র ৩ ১ ১ ১ ১
এ। অহ৬সুবর্জ্যোতী ২ ৩ ৪ ৫ ঃ॥

• . •

১ ২ — ১ ২ ১ ২ ২র১র ২ ২
৯। হিহিয়উ ২। ৩। উদপপ্তম্। উদপপ্তম্। ৩। উর্দ্ধানভা৬স্য-

১ ২র ১ ২ ২র ২র
কৃপ। ৩। বাস্তোৎগম্। ৩। অতত্তনম্। ৩। হাউ। হাউ।

২র ১ ২র১ ২ ১ ১২র১২১র২ ১ ২১২
হাউ। যদ্বর্চ্চোহিরণ্য। স্যা। যদ্বাবর্চ্চগবামু। তা। সত্যস্য-

১ ১র১ ১ ১র২র১ ১র ১ ১ ২ —
ব্রহ্মণোব। চাঃ। তেনমাসং৬সৃজাম। সাই। হি'হয়উ ২। ৩।

১ ২ ২র৩র র ২ ১ ২র
উদপপ্তম্। উর্দ্ধানভা৬স্যকৃপি। ৩। বাস্তোত্তগম্। ৩।

১ ২ ২S ২ ২র ১ ২ ২১র র ২
অতত্তনম্। ৩। হাউ ৩ বা। এ। উদপপ্তমুর্দ্ধানভা৬স্য-

১ ২র ১ ১ ২ ১ ৩ ১ ১ ১ ১
কৃপিস্যাস্তোৎসমতত্তনম্। এত। পিন্বস্বা ২ ৩ ৪ ৫।

• . •

১র ১ র ১ ২র ২র ১ ২হ
১০। হাউ। ৩। প্রথে। ৩। প্রত্যষ্ঠাম্। ৩। হাউ। ৩। যদ্বর্চ্চো-

১২ ১ ১ র ১২র ১র২ ২১২১ ২র১ ১
হিরণ্য। স্যা। যদ্বাবর্চ্চোগবামুত। সত্যস্যব্রহ্মণোব। চাঃ।

১র ২র১ ২র ১ ২র ১ র ১ ২র
তেনমাসও্স্তজাম। সাই। হাউ। ৩। প্রথে। ৩। প্রত্যষ্ঠাম্। ৩।

২ ৩ ২ ২র ১ র ২র ২র
হাউ ৩। বা। এ। প্রথেপ্রত্যস্টাম্। এ।

২১ র ৩ ১ ১ ১ ১
অহও্স্তবার্জ্যোতী ২৩৪৫ঃ। ১০॥

* *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'হিরণ্যস্য' (হিতরমণীয়স্য, পরম-মঙ্গলদায়কস্য সৎকর্ম্মণঃ ইতি যাবৎ) 'যৎ' 'বর্চ্চঃ' (জ্যোতিঃ) 'উত' (অপিচ) 'সত্যস্য' (সত্যস্বরূপস্য) 'ব্রহ্মণঃ' (ভগবতঃ যদ্বা বেদজ্ঞানস্য, ব্রহ্মজ্ঞানস্য) যৎ 'বর্চ্চঃ' (জ্যোতিঃ) 'তেন' (তাভিঃ সহ) 'মা' (মাং) 'সংসৃজামসি' (সংযোজয়ানি—অহং ইতি শেষঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। অহং সৎকর্ম্মসাধন-সামর্থ্যং তথা পরাজ্ঞানং লভেয়ং—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪প-৬অ—৪খ-১০সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরম মঙ্গলদায়ক সৎকর্ম্মের যে জ্যোতিঃ এবং জ্ঞানের যে জ্যোতিঃ অপিচ সত্যস্বরূপ ভগবানের (অথবা বেদজ্ঞানের) যে জ্যোতিঃ তাহা-দিগের সহিত আমাকে যেন আমি সংযোজিত করিতে পারি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রর্থনার ভাব এই যে,—আমি যেন সৎকর্ম্মসাধনসামর্থ্য এবং পরাজ্ঞান লাভ করিতে পারি।)। (৪প—৬অ—৪খ—১০সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

বামদেব ঋষিঃ। অনুষ্টুপ্ ছন্দঃ। আশাসনে বিনিযোজ্যা। 'হিরণ্যস্য' হিতরমণীয়স্য এতন্নামকস্য 'যদ্বর্চ্চঃ' তেজোঽস্তি। 'যদ্বা' অপিচ। 'গবাম্' এতন্নামকানাং 'যদ্বর্চ্চঃ' তেজোঽস্তি। 'উত' অপিচ। 'সত্যস্য' সর্ব্বৈঃ সঙ্গতস্য 'ব্রহ্মণঃ' যদ্বর্চ্চোঽস্তি তেন তৈঃ 'মা' 'সংসৃজামসি' সম্পাদয়ামঃ। ধনবন্তঃ পশুমন্তঃ শ্রোত্রিয়া ভবেমেতি তাৎপর্য্যার্থঃ। ১০॥

* * *

দশম (৬২৪) সামের মর্ম্মার্থ।

—‡•‡—

মন্ত্রটী প্রার্থনা-মূলক। মন্ত্রে সৎকর্ম্মসাধনসামর্থ্য এবং পরাজ্ঞানলাভ করিবার জন্য আত্মোদ্বোধন-মূলক প্রার্থনা পরিদৃষ্ট হয়।

ভাষ্যকারও মন্ত্রটীকে প্রার্থনা-মূলক বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। কিন্তু প্রার্থনার বিষয় ভাষ্যে ভিন্নরূপ পরিগ্রহ করিয়াছে। ভাষ্যকার 'হিরণ্য' পদের বিভিন্ন স্থলে বিভিন্ন অর্থ করিয়াছেন। বর্ত্তমান মন্ত্রে 'হিরণ্য' পদে স্বর্ণাদিধনকে লক্ষ্য করিয়াছেন বলিয়া মনে হয়। 'হিরণ্য' পদে, যাহা মানুষের প্রকৃত হিতকারক ও প্রার্থনীয় সেই সম্পদকেই আমরা লক্ষ্য করিয়াছি 'হিরণ্য' পদে এই মন্ত্রে সৎকর্ম্মকে লক্ষ্য করা হইয়াছে বলিয়া মনে করি। ঐ অর্থে মন্ত্রের প্রার্থনার সঙ্গতিও রক্ষিত হয়। ব্রহ্মজ্ঞানের সহিত অর্থাগমের কোন সঙ্গতি আছে বলিয়া মনে করি না। 'সত্যস্য ব্রহ্মণঃ বর্চ্চঃ' পদসমূহ ভাষ্যকারও ব্রহ্মজ্ঞান অর্থই গ্রহণ করিয়াছেন। 'গবাং' পদ সম্বন্ধেও একথা প্রযোজ্য। পশুলাভের সহিত ব্রহ্মজ্ঞানের বা বেদজ্ঞানের কোন সম্পর্ক সংসূচিত হয় না। আমরা পূর্ব্বাপরই 'গো' শব্দে 'জ্ঞান' অর্থ গ্রহণ করিয়া আসিতেছি, এখানেও ঐ অর্থের কোন ব্যতিক্রম দেখা যায় না। তাই এই আত্মোদ্বোধনমূলক প্রার্থনার তাৎপর্য্য এই যে—"আমি যেন সৎকর্ম্মসাধনের জ্যোতিঃ অর্থাৎ শক্তি এবং পরাজ্ঞানলাভ করিতে পারি।" মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতে তাহাই পরিব্যক্ত হইয়াছে॥ (৪প-৬অ-৪খ-১০সা)॥

—†‡—

একাদশং সাম।

২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২
সহস্তন্ন ইন্দ্র দদ্ধি ওজ

৩ক ২ ৩ ১ ২
ঈশে হ্যস্য মহতো বিরপ্‌শিন্।

২ ৩ ১ ৩ ১র ২র ৩ ১ ২
ক্রতুং ন নৃম্ণ৺স্থবিরঞ্চ বাজং

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ৩
বৃত্রেষু শত্রূন্‌ৎসহনা কৃধী নঃ॥ ১১॥

---

* এই সাম-মন্ত্রটীর দশটী গেয়-গান আছে।

গেয়-গানং।

২র ১ ২ ১ ২ ১ ২ ২র
হাউ। ৩। আইহী। ৩। ওহা। ২। ওহা৩। হাউ। ৩।

১ -- ১ ১র -- ১S ২র ১ ১র র
সহস্তন্নইন্দ্রদদ্ধ্যো। ২ জাঃ। আয়া ২ উ। উ। আযাউ। ৩। ঈশেহ্যস্য-

র -- ১ ১র — ১S ২র ১ ১
মহতোবিরা ২ প্‌শ্যায়ন্। আয়া ২ উ। উ। আয়াউ। ৩। ক্রতু-

— ১ ১র -- ১S ২র ১
মনৃম্ন৺বিরঞ্চবা ২ জাম্। আয়া ২ উ। উ। আয়াউ। ৩।

২ ১র র — ১র — ১S ২র ১
বৃত্রেষুশত্রূংৎসহনাঞ্চা। ২ ইনাঃ। আয়া ২ উ। উ। আয়াউ। ৩।

২র ১ ১ ২ ১ ২ ১ ২ ২S
হাউ। ৩। আইহী। ৩। ওহা। ওহা। ওহা ৩। হাউ ৩।

২র ২র ১র ২ ১ ২ র ১র র র ৩ ১ ১ ১ ১
বা। এ। আয়ুর্দ্ধাঅস্মভ্যংবচোধাদেবেভ্যা ২ ৩ ৪ ৫ ঃ॥ ১১॥

* . *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বিরপ্‌শিন্' (জয়প্রাপক) 'ইন্দ্র' (বলাধিপতে হে দেব) 'তে' (তব) 'সহঃ' (শত্রুনাশিকাং) 'ওজঃ' (শক্তিং) 'নঃ' (অস্মভ্যং) 'দদ্ধি' (প্রদেহি); ত্বম্ 'হি' (এব) 'মহতঃ' 'অস্য' (শক্তেঃ) 'ঈশে' (অধীশ্বরঃ—ভবসি ইতি শেষঃ); হে দেব! 'ক্রতুং ন' (সৎকর্ম্ম ইব, সৎকর্ম্মণা যথা ধনং লভ্যতে তদ্বৎ) 'নৃম্ণং' (পরমধনং) 'চ' (তথা) 'স্থবিরং' (প্রবৃদ্ধং, প্রভূতং) 'বাজং' (বলং, শক্তিং—অস্মভ্যং প্রযচ্ছ—ইতি শেষঃ; অপিচ, 'বৃত্রেষু' (আবরকেষু, পাপেষু, পাপনাশায় ইত্যর্থঃ) 'নঃ' (অস্মান্) 'শত্রূন্ সহনা' (রিপুজয়িনঃ) 'কৃধি' (কুরু); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! অস্মভ্যং রিপুজয়শক্তিং তথা পরমধনং প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৪প—৩অ—৪খ—১১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

জয়প্রাপক বলাধিপতি হে দেব! আপনার শত্রুনাশিকা শক্তি আমাদিগকে প্রদান করুন; আপনিই মহান্ শক্তির অধীশ্বর; হে দেব! সৎকর্ম্মের দ্বারা যেরূপ ধন লাভ হয়, সেইরূপ পরমধন এবং প্রভূত শক্তি

আমাদিগকে প্রদান করুন ; অপিচ পাপনাশের জন্য আমাদিগকে রিপুজয়ী করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—হে ভগবন্ ! আমাদিগকে রিপুজয়শক্তি এবং পরমধন প্রদান করুন।) ॥ (৪প—৬অ—৪খ—১১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'বিরপ্শিন্' বিশেষেণ রপণং ব্যক্তবচনং তদস্যাস্তীতি বিরপ্শী, তস্য সম্বোধনং হে বিরপ্শিন্ ! বিশেষেণ স্তোত্রবিষয়ে সত্যবাক্য ইন্দ্র।' 'তে' তব 'সহঃ' শত্রূণামভিভবনরূপং 'ওজঃ' বলং 'নঃ' অস্মভ্যং 'দদ্ধি' দেহি। (দদাতেশ্ছান্দসং রূপং লোটি হের্দ্ধিভাবাদিনা) যস্মাৎ ত্বং তস্য 'অস্য' 'মহতঃ' বলস্য 'ঈশে' ঈশ্বরো ভবসি। অতো হে ইন্দ্র ! 'নঃ' অস্মাকং 'ক্রতুং নঃ' যজ্ঞমিব 'নৃপণং' ধনং 'স্থবিরং' অতিশয়েন প্রবৃদ্ধং, 'বাজং' বলং চ 'কৃধি' কুরু। কিঞ্চ নোঽস্মাকং 'শত্রূন্' 'বৃত্রেষু' আবরকেষু উপায়েষু 'কৃধি' কুরু। (৪প—৬অ—৪খ—১১সা)॥

* * *

একাদশ (৬২৫) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটীতে প্রার্থনা ও নিত্য-সত্য উভয়ই আছে। প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের বিশেষ কোন অনৈক্য ঘটে নাই। ভাষ্যকারও মন্ত্রের প্রথম ও শেষাংশকে প্রার্থনা-মূলক বলিয়া ব্যাখ্যা করিয়াছেন এবং মধ্যাংশে আছে—নিত্যসত্য।

ভগবান্ই শক্তির অধীশ্বর। তাঁহার নিকট হইতেই মানুষ শক্তি লাভ করে। তাই দুর্ব্বল মানুষ যখন ভীষণ রিপুগণের সহিত সংগ্রামে বিধ্বস্ত হইতে থাকে, তখনই দুর্ব্বলের বল, পরম শক্তির আধার, ভগবানের দিকেই শক্তি লাভের জন্য ফিরিয়া দাঁড়ায়। একমাত্র ভগবান্ই মানুষকে রিপুজয়ী করিতে পারেন, একমাত্র তাঁহারই কৃপায় মানুষ পাপের হাত হইতে উদ্ধার পাইতে পারে। তাই তাঁহার নিকটেই মানুষ আপনার প্রার্থনা নিবেদন করে।

এই মন্ত্রে 'বৃত্রেষু' পদে ভাষ্যকার 'আবরকেষু উপায়েষু' অর্থ গ্রহণ করিয়াছেন। এবার বৃত্রাসুর প্রভৃতির আখ্যান আনা হয় নাই। আমরাও 'আবরক' অর্থ গ্রহণ করি। যাহা আমাদিগের দৃষ্টি আবরণ করে, যাহা আমাদিগের পবিত্রতা আবরণ করে, সেই মহাসুর—অজ্ঞানতা, পাপ ব্যতীত আর কিছুই নয়। ভগবান্ সেই পাপ অজ্ঞানতা দূরীভূত করিয়া অমৃতধারায় আমাদিগের হৃদয়ক্ষেত্র অভিষিক্ত করেন, তাই তাঁহার এক নাম—বৃত্রঘ্ন। ভগবান্-ই মানবকে পাপের কবল হইতে উদ্ধার করেন, তাই তাঁহার নিকট পাপনাশও শক্তি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। (৪প—৬অ—৪খ—১১সা)॥ *

* এই সাম-মন্ত্রটীর একটী গেয়-গান আছে।

দ্বাদশং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩
সহর্ষভাঃ সহবৎসা উদেত
১ ২ ৩ ২ ৩ ১ ২
বিশ্বা রূপাণি বিভ্রতীঃ দ্ব্যূধ্নীঃ।
৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
উরুঃ পৃথুঃ অয়ং বো অস্তু লোক
৩ ১র ২র ৩ ২ ৩ ১ ২
ইমা আপঃ সুপ্রপাণা ইহস্ত ॥ ১২ ॥

* * *

গেয়-গানং।

১ ২ ১ ২র ১ ২র ১র ২ ১ র২র১র২
হাউ ৩ বা। সহর্ষভাঃসহবৎসা। উদেত। হাউ ৩ বা। বিশ্বারূপাণি-
১ ২র র র ২S ২ ১ ২ ১ র১র২ র ১ ২s
বিভ্রাতোদ্ব্যূধ্নীঃ। হাউ ৩ বা। উরুঃপৃথুরয়ম্বোঅস্তুলোকঃ। হাউ ৩
২ ১র ২ ২ র১র২ ২s
বা। ইম। আপাস্সুপ্রপাণাইহস্ত। হাউ ৩ বা।
১ ২ ১
অশ্মিন্গ্যিয়ো ৩ হস্যুমা ॥ ১২ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সহর্ষভাঃ' (অভীষ্টবর্ষণসহিতাঃ, অভীষ্টবর্ষকাঃ) 'সহবৎসাঃ' (সৎকর্ম্মরূপসন্তানসহিতাঃ, সৎকর্ম্মপ্রাপকাঃ) 'বিশ্বা' (বিশ্বানি, সর্ব্বাণি) 'রূপাণি' (সৃষ্টবস্তূনি) 'বিভ্রতীঃ' (ধারণকারিণঃ, বিভ্রত্যঃ) 'দ্ব্যূধ্নীঃ' (হে অমৃতপ্রবাহাঃ) যূয়ং 'উদেত' (আগচ্ছ, অস্মান্ প্রাপয়ত) 'উরুঃ' (বিস্তীর্ণঃ) 'পৃথুঃ' (মহান্) 'অয়ং লোকঃ' (অয়ং বিশ্বঃ) 'বঃ' (যুষ্মাকং—অধীনঃ ইতি যাবৎ) 'অস্তু' (ভবতু); সর্ব্বে লোকাঃ অমৃতং প্রাপ্নুবন্তু—ইতি ভাবঃ; 'ইমা আপঃ' (যুষ্মদীয়া অমৃতপ্রবাহাঃ—যূয়ং ইত্যর্থঃ) 'ইহ' (অস্মিন্ লোকে, অস্মদর্থং) 'সুপ্রপাণাঃ' (সুখেন পাতুং যোগ্যাঃ, সুখপ্রাপ্যাঃ, অনায়াসলভ্যাঃ ইত্যর্থঃ) 'স্ত' (ভবত); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং অমৃতং প্রাপ্নুয়াম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪প—৬অ—৪খ—১২সা)॥

• • •

বঙ্গানুবাদ।

অভীষ্টবর্ষক সৎকর্ম্মপ্রাপক সকল সৃষ্টবস্তু ধারণকারী হে অমৃতপ্রবাহসমূহ! আপনারা আমাদিগকে প্রাপ্ত হউন; বিস্তীর্ণ মহান্ এই বিশ্ব আপনাদিগের কৃপাধীন হউক; (ভাব এই যে,—সকল লোক অমৃত প্রাপ্ত হউক); আপনাদের সম্বন্ধীয় অমৃতপ্রবাহ অর্থাৎ আপনারা আমাদিগের জন্য অনায়াসলভ্য হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন অমৃত প্রাপ্ত হই।)॥ (৪প—৬অ—৪খ—১২সা)॥

সায়ণ-ভাষ্যং।

হে 'সহর্ষভাঃ' বৃষভৈঃ সহিতাঃ! 'সহবৎসা' বৎসৈঃ সহিতাঃ! গাবঃ! 'স্বাধ্রীঃ' সায়ং প্রাতঃকালে দ্বিবিধান্যুধাংসি যাসাং তা স্বাধ্রীঃ স্বাধ্রাঃ! 'বিশ্বা' সর্ব্বাণি নানা 'রূপাণি' 'বিভ্রতী' বিভ্রতাঃ যূয়ং 'উদেত' উদ্গচ্ছত সমৃদ্ধাঃ আগচ্ছত। কিঞ্চ। 'উরু' মহৎ 'পৃথুঃ' বিস্তীর্ণঃ। (উরুঃ পৃথুরিতি শব্দাভ্যাং আয়ামবিস্তারৌ উচ্যেতে)। 'অয়ং লোকঃ' 'বঃ' যুষ্মাকং 'অস্তু' ভবতু। 'ইমা আপঃ' 'ইহ' লোকে ভূতলে অগ্নিঃস্থানে 'সুপ্রপাণাঃ' সুখেন প্রকর্ষেণ পাতুং যোগ্যাঃ সন্তু তস্মাদিহ বস্বীভূতাঃ 'স্থ' ভবত উপবিশতেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ১২॥

ইতি ষষ্ঠ্যাধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ। ৪।

দ্বাদশ (৬২৫) সামের মর্ম্মার্থ।

'বিশ্বের সকলে অমৃতত্ব প্রাপ্ত হউক, জগৎ অমৃতপ্লাবনে অভিষিক্ত হউক। বিশ্ববাসী কেহই যেন অমৃত লাভে বঞ্চিত না হয়। আমরা যেন অনায়াসেই সেই অমৃত প্রবাহে অভিষিক্ত হইয়া জীবনের দুঃখ তাপ মুছিয়া ফেলিতে পারি।' মন্ত্রান্তর্গত প্রার্থনার ইহাই সার-মর্ম্ম। প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের মোটেই ঐক্য হয় নাই। ভাষ্যকার গাভীকে সম্বোধন করিয়া মন্ত্রের ব্যাখ্যা আরম্ভ করিয়াছেন—যদিও মূলে গাভীর কোন উল্লেখ নাই। 'বৎস' শব্দ থাকিলেই কি গাভীর সম্বন্ধ কল্পনা করিতে হইবে? 'বৎস' শব্দে যাহা লক্ষ্য করে, তাহা আমরা পূর্ব্বে অনেকবার (ঋগ্বেদ-১ম—১১সূ-১ঋ; ১ম—১১০সূ—৮ ঋক্) আলোচনা করিয়াছি। তদনুসারেই বর্ত্তমান মন্ত্রে 'সহবৎসাঃ' পদের অর্থ গৃহীত হইয়াছে। যদি গাভীর সম্বন্ধেই মন্ত্রটী প্রযুক্ত হয়, তাহা হইলে 'বিশ্বা রূপাণি বিভ্রতীঃ' প্রভৃতি শব্দ প্রয়োগের কোন সার্থকতা থাকে কি? শুধু তাই নয়, গাভী সম্বন্ধে প্রযুক্ত হইলে সমস্ত মন্ত্রটীরই এক অদ্ভুত অর্থ হয়। যাহা হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (৪প-৬অ-৪খ-১২সা)। *

* এই সাম-মন্ত্রটীর একটী গেয়-গান আছে।

ও

সামবেদ-সংহিতা।

কৌথুমী শাখা। ছন্দ আর্চ্চিকঃ।

আরণ্যকং পর্ব্ব (চতুর্থং পর্ব্ব)। ষষ্ঠোঽধ্যায়ঃ। পঞ্চমঃ খণ্ডঃ।

পঞ্চমঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

২৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১২
অগ্ন আয়ূংষি পবস আসুব উর্জ্জম্ ইষং চ নঃ।
৩ ১ ২ ৩ ১ ২
আরে বাধস্ব দুচ্ছুনাম্ ॥ ১ ॥

গেয়-গানং।

২র ১ ২র ১ — ১২১রর ২ র ১র২
ত্রাজা। ২। ত্রাজা ৩ ১ উ। বা ২। অগ্নআয়ূংষিপবসে। আয়ু-
১র২ ১ ২ ২র১রর২ ১ র ২র ১ ২র
বোর্জ্জমিষঞ্চনঃ। আরেবাধস্বদুচ্ছুনাম্। ত্রাজা। ২। ত্রাজা ৩ ১
১ — ২র ১র
উ। বা ২। এ। ত্রাজ। ৩। ॥ ১ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অগ্নে' (হে জ্ঞানদেব) 'আয়ূংষি' (প্রাণশক্তিং, সৎকর্ম্মসাধনশক্তিং ইতি ভাবঃ) 'নঃ' (অস্মভ্যং) 'পবসে' (ক্ষর, প্রযচ্ছ) 'চ' (তথা) 'ঊর্জ্জং' (বলকরং, শক্তিপ্রদায়কং) 'ইষং' (সিদ্ধিং) 'আসুব' (আভিমুখ্যেন প্রেরয়, প্রযচ্ছ); 'দুচ্ছুনাং' (রিপূন্) 'আরে' (দূরে, অস্মত্তঃ দূরে,—প্রেরয় ইতি যাবৎ) তথা তান্ 'বাধস্ব' (বিনাশয়); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মান্ রিপুজয়িনঃ তথা সৎকর্ম্মসমর্থান্ কুরু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ।। (৪প—৬অ—৫খ ১সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

হে জ্ঞানদেব! সৎকর্ম্মসাধনশক্তি আমাদিগকে প্রদান করুন এবং শক্তিপ্রদায়ক সিদ্ধি প্রদান করুন; রিপুদিগকে আমাদিগের নিকট হইতে দূরে প্রেরণ করুন এবং তাহাদিগকে বিনাশ করুন। (মন্ত্রটী প্রার্থনা-মূলক। প্রার্থনার ভাব এই যে—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে রিপুজয়ী এবং সৎকর্ম্মসমর্থ করুন।) ॥ (৪প—৬অ—৫খ—১সা) ॥

* * *

সায়ণ ভাষ্যং।

চতুর্দ্দশাগ্ন আয়ূংষীত্যাস্তাসু জগত্যাসৌ।
বিরাট্ ত্রিষ্টুপ্ চিত্রমিতি গায়ত্র্যো দ্বাদশেতরাঃ।
আঙ্গিরসঃ পবমানস্তু স্তুতঃ গৌর্বাঙ্গিরসোদশ।
ঋষীণাং বিপ্রকীর্ণত্বাত্তত্তদ্ভক্তিদর্শয়েহে ॥
শতং বৈখানসা এবং দৃষ্টবন্তো মহর্ষয়ঃ।

হে 'অগ্নে' পবমান-রূপ! অস্মাকং আয়ূংষি অন্নাচ্ছেতন্নামকানি বা 'পবসে' ক্ষরসি 'নঃ' অস্মাকং 'ঊর্জং' অন্নরসং 'ইষং' অন্নং চ 'আসুব' আভিমুখ্যেন প্রেরয়। কিঞ্চ 'দুচ্ছুনাং' (রক্ষোনামৈতৎ) রক্ষাংসি 'আরে' অস্মত্তো দূরএব 'বাধস্ব' সম্পীড়য় ॥ ১ ॥

* * *

প্রথম (৬২৭) সামের মর্ম্মার্থ।

—:*:—

মন্ত্রটী প্রার্থনা-মূলক। মন্ত্রে সাধনশক্তি লাভ ও রিপুজয়ের জন্য প্রার্থনা করা হইয়াছে। প্রথমে শক্তি লাভ, তারপর সিদ্ধি। হৃদয়ে শক্তির উন্মেষ না হইলে, শক্তির অনুযায়ী সৎকর্ম্মে আত্মনিয়োগ না করিলে, সিদ্ধি লাভ অসম্ভব। ভগবান আমাদিগকে সিদ্ধি বা মোক্ষ প্রদান করেন বটে; কিন্তু সেইজন্য মানুষকে সাধনা করিতে হয়। তিনি মানুষের

হৃদয়ে যে শক্তিবীজ দিয়াছেন, উপযুক্ত সাধনবলে তাহাকে বিকশিত করিতে হয়। কর্ম্ম না করিয়া, তাঁহার চরণে ঐকান্তিক ভাবে আত্মনিবেদন না করিয়া, শুধু মুখের কথায় মোক্ষ লাভ হয় না। তাই সাধক নিজের দুর্ব্বলতা অনুভব করিয়া গাহিয়াছেন—

"ডাকলাম না ডাকার মত শুধু যাতে শুনতে পায়
মুখের কথায় ডাক তাঁরে সে কদা কি তাঁর কানে যায়?"

শক্তি লাভের জন্য সাধনা ও প্রার্থনার প্রয়োজন। মুক্তি লাভের জন্য শক্তির বিকাশ সাধন করিতে হইবে। সেই শক্তিও তিনিই মানুষকে প্রদান করেন। তাই, এই শক্তি ও তাঁহার অনুগ্রহ লাভের জন্য মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। সৎকর্ম্ম সম্পাদনে, সকল প্রধান বিঘ্ন মানুষের অন্তরস্থ রিপুগণ। তাই তাহাদের বিনাশের জন্য, সাধনমার্গ সুগম করিবার জন্য, ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে।

মানুষের আয়ু অথবা জীবনীশক্তির পরিমাণ সময়ের উপর নির্ভর করে না। হাজার বৎসর বাঁচিয়াও যে আহার নিদ্রা প্রভৃতি প্রাকৃতিক কাজেই জীবন কাটাইয়া দেয়, তাহার জীবনমৃত্যু সকলই সমান—মুহূর্ত্তমাত্রও তাহার আয়ুষ্কাল আছে বলিয়া মনে করা যায় না। পরন্তু, বত্রিশ বৎসর মাত্র পৃথিবীতে বর্ত্তমান থাকিয়া শ্রীমদ্‌শঙ্করাচার্য্য অনন্ত জীবন লাভ করিয়াছেন। তাই 'আয়ুঃ' পদে আমরা সৎকর্ম্মশক্তি অর্থ গ্রহণ করিয়াছি। (৪স—৮স ৫খ-১সা)। *

দ্বিতীয়ং সাম।

৩ ২　　৩ ১ ২　　৩ ২র
বিভ্রাট্ বৃহৎপিবতু সোম্যং
৩　১ ২　৩ ১ ২ ৩　১ ২
মধু আয়ুঃ দধৎ যজ্ঞপতৌ অবিহ্রুতম্।
১ ২　৩　১　২ ৩ ১ ২　৩　১
বাতজুতো যো অভিরক্ষতি ত্মনা
৩ ১　২　৩ ১র　২র
প্রজাঃ পিপর্তি বহুধা বিরাজতি ॥ ২ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ষড়ষষ্টিতম সূক্তের ঊনবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, দশম বর্গের অন্তর্গত)। ইহার গেয়গান একটি।

গেয়-গানং।

১২ ১র ১ ২ ২ ২ ১র
১। হাহাউ। ৩। ইড়া। ৩। হস্। অভস্মে। ৩। বিভ্রাড়্-

র — ১ — ১র র — ১ ..
বৃহৎপিবতুসোমিয়া ২ ম্মাধু ২। আয়ুর্দ্দধদ্যজ্ঞপতাববি ২ হ্রুতা ২ ম্।

১র র র র — — ২ ১র র ..
বাতজূতোযোঅভিরক্ষতা ২ ইত্মানা ২। প্রজাঃপিপর্ত্তিবহুধাবিরা ২

১ — ১২উ ১ র ১ ১২ র
জতী ২। হাহাউ। ৩। ইড়া। ৩। হস্। ৩। অভস্মে। ৩।

১র ৩র ২ ১ — ২১ র ১র ৩র ২
ঔহোবাহাউ। বা। স্ব ২ ট্। অহস্মে ৩। ঔহোবা হাউ।

২ ১ — ২১ র ১র ৩র ২
বা। স্ব ২ ট্। অভস্মে। ৩। ঔহোবাহউ।

২ ১ ..
বা। ভ্রা ২ ট্। ২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বিভ্রাট্' (বিশেষেণ দীপ্যমানঃ, পরমজ্যোতির্ম্ময়ঃ দেবঃ) 'যজ্ঞপতৌ' (সৎকর্ম্মসাধকে, সৎকর্ম্মসাধকায় ইত্যর্থঃ) 'অবিহ্রুতং' (নিষ্কণ্টকং) 'আয়ুঃ' (সৎকর্ম্মসাধনশক্তিং) 'দধৎ' (প্রযচ্ছতি); সঃ অস্মাকং হৃদয়স্থিতং 'বৃহৎ' (মহান্তং) 'সোম্যং' (সত্ত্বভাবময়ং) 'মধু' (অমৃতং) 'পিবতু' (গৃহ্ণাতু); ভগবান্ অস্মাকং হৃদি সত্ত্বভাবং উৎপাদ্য তং গৃহ্ণাতু—ইতি ভাবঃ; 'বাতজূতঃ' (বায়ুবেগসম্পন্নঃ, আশুমুক্তিদায়কঃ) 'যঃ' (যঃ, ভগবান্ ইত্যর্থঃ) 'ত্মনা' (আত্মনা, আত্মশক্ত্যা) 'প্রজাঃ' (লোকান্) 'অভিরক্ষতি' (সর্ব্বতোভাবেন রক্ষতি) তথা 'পিপর্ত্তি' (পালয়তি); অপিচ, সঃ 'বহুধা' (বহুবিধেন, বিশেষরূপেণ) 'বিরাজতি' (দীপ্যতে, জ্ঞান-জ্যোতিঃ প্রযচ্ছতি-লোকেভ্যঃ ইতি যাবৎ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ হি লোকানাং রক্ষকঃ তথা পালকঃ ভবতি—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫প ৬দ—৫খ ২সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরমজ্যোতির্ম্ময় দেব সৎকর্ম্মসাধককে নিষ্কণ্টকে সৎকর্ম্মসাধনশক্তি প্রদান করেন; তিনি আমাদিগের হৃদয়স্থিত মহান্ সত্ত্বভাবময় অমৃত গ্রহণ করুন; (ভাব এই যে,—ভগবান্ আমাদিগের হৃদয়ে সত্ত্বভাব

উৎপাদন করিয়া তাহা গ্রহণ করুন); আত্মমুক্তিদায়ক ভগবান্ আত্ম-শক্তিদ্বারা লোকদিগকে রক্ষা করেন এবং পালন করেন; অপিচ, তিনি বিশেষরূপে লোকদিগকে জ্ঞানজ্যোতিঃ প্রদান করেন (মন্ত্রটী প্রার্থনা-মূলক। (প্রার্থনার ভাব এই যে,—ভগবানই লোকদিগের রক্ষক এবং পালক হয়েন।)। (৪প—৬অ— ৩—৭সা)॥

* * *

সায়ণ ভাষ্যং।

বিভ্রাণ্নামক এতাদৃক্ সূর্য্য-পুত্রো ঋষিঃ সঃ। 'বিভ্রাট্' বিভ্রাজমানঃ বিশেষেণ দীপ্যমানঃ সূর্য্যঃ 'বৃহৎ' পরিবৃঢ়ং 'সোম্যং' সোমময়ং 'মধু' পিবতু। কিং কুর্ব্বন্? 'যজ্ঞপতৌ' যজমানে 'অবিহ্রুতং' অকুটিলং অকণ্টকং 'আয়ুঃ' অন্নং বা কুর্ব্বন্। 'যঃ' সূর্য্যো 'বাতজূতঃ' বাতেন বায়ুনা প্রের্য্যমাণঃ সন্ 'ত্মনা' আত্মনা স্বয়মেব 'অভিরক্ষতি' সর্ব্বং জগদভিমুখেন পালয়তি (রশ্মিরূপ বায়ু-প্রেরিতাৎ সূর্য্যাদপি জগৎপালকঃ) স সূর্য্যঃ 'প্রজাঃ' 'পিপর্ত্তি' পুষ্ণাতি প্রজারূপ পূরয়তি পালয়তি বা। 'বহুধা বিরাজতি' বিশেষেণ দীপ্যতে চ। 'পিপর্ত্তি' 'পুপোষ' ইতি 'বহুধা' 'পুরুধা' ইতি চ পাঠৌ॥২॥

* * *

দ্বিতীয় (৬২৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক ও নিত্য-সত্য প্রখ্যাপক। ভগবান সাধককে তাঁহার অভিলষিত বস্তু প্রদান করেন। যিনি সৎকর্ম্মসাধনে আত্মনিয়োগ করেন, একান্তভাবে আপনাকে সৎপথে পরিচালন করিতে দৃঢ়সংকল্প হয়েন, ভগবান তাঁহাকে তদনুরূপ শক্তিও প্রদান করেন। মন্ত্রের প্রথম ভাগে এই সত্যই প্রখ্যাপিত হইয়াছে।

ভগবানই অপার করুণা বশে আমাদিগের হৃদয়ে সত্ত্বভাব প্রদান করেন আবার তিনিই সেই সত্ত্বভাব গ্রহণমানসে আমাদিগের হৃদয়ে অধিষ্ঠিত হয়েন। বস্তুতঃ তাঁহার জিনিষই তিনি গ্রহণ করেন। আমাদিগের নিজস্ব বলিতে তো কিছুই নাই! তাই সাধক বলিয়াছেন,—

"আপনি পাতিয়া কান শুন আপনারি গান,
আপনাআপনি আলাপন।"

তিনি এই বিশ্বকে আত্মশক্তিতে রক্ষা করেন—তিনিই পালন করেন। মানুষের হৃদয়ে জ্ঞানজ্যোতিঃ প্রদান করিয়া তাহাকে অধঃপতন হইতে রক্ষা করেন। তাঁহার প্রদত্ত জ্যোতিঃলাভ করিয়া মানুষ অজ্ঞানতা মোহ প্রভৃতির হাত হইতে উদ্ধার লাভ করে। ভগবান সাধককে নিকৃষ্টকে সাধনশক্তি প্রদান করেন। সাধনশক্তি যাহাতে রিপুর আক্রমণে হীন না হয়, তিনি তদনুরূপ বিধান করিয়া থাকে। অর্থাৎ সাধককে রিপুর আক্রমণ হইতেও

রক্ষা করেন। তাঁহার রক্ষাশক্তির মহত্ত্ব এইখানে পরিস্ফুট। মন্ত্রে এবম্বিধ ভাবই প্রকাশিত হইয়াছে। (৪প-৬অ-৫খ ২সা)। *

—— • ——

তৃতীয়ং সাম।

৩ ২ ৩ ১ ৩ ১ ২ ৩ ১ ২ ৩
চিত্রং দেবানাম্ উদগাৎ অনীকং

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১
চক্ষুঃ মিত্রস্য বরুণস্য অগ্নেঃ।

২ ৩ ৫ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
আপ্রা দ্যাবাপৃথিবী অন্তরিক্ষং সূর্য্য

৩ ১র ২র ২ ৩ ১
আত্মা জগতঃ তস্থুষশ্চ ॥ ৩ ॥

*

গেয় গানং।

২ ১ ১ ১ ১ ১ ১
ঊবী ২ উবি। উবিহো ২ উবি। ত্রিঃ। ইতী ২ ইতি। ইতিহো ২

১ ১ ১ ১ ১ ১র ২ ২
ইতি। ত্রিঃ। অগী ২ অগি। অগিহো ২ অগি। ত্রিঃ। অরুরুচো-

১ ১র ১ ১ ১ ১ ১ ২
দিবম্পৃথিবীম্। অগী ২ অগি। অগিহো ২ অগি। এবাস্ত্রিঃ। পতির।

৩ ১র র ২র র ৫ ২ ১ ২ ৩ ৫ ১
অপাস্মোষধীনা ৩ ম্। ওই। পতাইরা ২ ৩ ৪ সী। এবম্। ত্রিঃ চই।

১ ২র ১র ২র ১ ২র র ২ ১ র ২র র ১র র ২ ১ ২ ১র ২ ২র
চন্দ্রানামুদগানীকম্। বাইশ্বেদান্দেবানাং মিত্রস্যোতিবাততা ২ ম্।

১ ১র ১ ১ ২ ১ ২ ২ র ১র
হোই। ৩। আয়ুর্য্যান্। ৩। অকঃ। ৩। চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ।

---

* এই সাম-মন্ত্রটি ঋগ্বেদ সংহিতার দশম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের প্রথমা ঋক্ (অষ্টম অষ্টক, অষ্টম অধ্যায়, অষ্টাবিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটি।

১ ৩২ ১২ ২ ১র — ১ — ২ ..
সুবঃপ৺পর্প৺পার্প্ণা ৩। অনাবন৺সুবা ২ঃ সুবঃ। অনা ২ বনা ২ ম.।

১ — ১ ১র র র র র ৭ ২
সুবা ২ঃ সুবঃ। ত্রিঃ। আপ্রাস্থানাপৃথিবীআন্তরী ২ ৩ ক্ষা ৩ ম.।

২ র র র ২ র র র র র ২ র র র
সূপপ্রসূপীঐহী। ৩। অস্তোবতস্বতানবাঐহী। বিপ্রানবিষ্টুয়ামত্তা-

র র ২র র র র র র ২ র র র ১ —
এহী। গ্রাবাণোবর্হিষিপ্রিবাঐহী। ইন্দ্রস্তব৺হিস্বহাদৈহী। ইন্দ্রা ২

১ — ১ — ২ র র র
স্তবা ২। হিয়া ২ ম.। বৃংদিন্দ্রস্তব৺হিয়াস্বহাদৈহী। ২।

১ র র ৭ ২
এবংত্রিঃ। সূর্য্যআত্মাজগতস্তাস্থুষা ২ ৩ শ্চা ৩। অন্তশ্চরতি-

র র র র ২ র র র র র র ২ র
রোচনাঐহী। ৩। অস্যপ্রাণাদপানতা। ঐহী ৩। ব্যখ্যম্মহিষো-

২ র র ১র ২র র র ১৩ ২র
দিবাঐহী। ৩। প্রোএতিপ্রোএতি। ৩। প্রো এতি। ২।

১ ৩র ২ ৫র র ২ ২র ১র
প্রো ২ ৩। এতা ৩ ৪ ঔহোবা। এ ৩। দেবা-

র র ৩ ১ ১ ১ ১
দিবাজ্যোতী ২ ৩ ৪ ৫ ঃ ॥

* *

২র র ২র ৩র ২র৩র র ২ র ২ ১ র র র
২। হাউহাউহাউ। ভ্রাজাঔবা। ৩। উদুত্যাঞ্জা। ৩। চিত্রন্দেবানা-

৭ ২ ২র র^ ৩র ২র৩র র ২ র
মুদগাদনী ২ ৩ কা ৩ ম্। হাউ ২ হাউ। ভ্রাজাওবা। ৩। ভবে-

১ ৭ ২ ২র র^
নসম্। ৩। চক্ষুর্ম্মিত্রস্যবরুণস্যআ ২ ৩ গ্না ৩ ইঃ। হাউ ২ হাউ।

৩র২র ৩র র ২র র ১র র র ২ র ৭
ভ্রাজাওবা। ৩। দেবংবহা। ৩। আপ্রাস্থাবাপৃথিবীআন্তরী ২ ৩

২ ২র ১ ২র ৩র ২র৩র র ২ র
ক্ষা ৩ ম্। হাউ ২ হাউ। ভ্রাজাওবা। ৩। ত্রিকেতবঃ। ৩।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দেবানাং' (দেবগণানাং, দীপ্তিদানাদিগুণান্বিতানাং) 'চিত্রং' (বিচিত্রং, রমণীয়ং) যৎ 'অনীকং' (তেজঃ) তথা 'মিত্রস্য' (মিত্রস্থানীয়স্য মিত্রদেবস্য,) তথা 'বরুণস্য' (বর্ষণশীলস্য বরুণদেবস্য) তথা 'অগ্নেঃ' (জ্ঞানদেবস্য) 'চক্ষুঃ' (প্রকাশকং—যৎ অনীকং ইতি শেষঃ) 'উদগাৎ' (ঊর্দ্ধে দেবলোকে বিদ্যতে ইত্যর্থঃ); 'চ' (তেনৈব তেজসা) 'আত্মা সূর্য্যঃ' (পরমাত্মারূপঃ সূর্য্যদেব) 'দ্যাবাপৃথিবী' (স্বর্গমর্ত্ত্যং) 'অন্তরিক্ষং' (গগনমণ্ডলং) 'তস্থুষঃ' (স্থাবরান্) তথা 'জগতঃ' (জঙ্গমান গতিশীলান, সমগ্রজগতি বা) 'আপ্রাঃ' (সমন্তাৎ অপূরয়ৎ)। অয়ং ভাবঃ—সর্ব্বেষু দেবেষু তথা সূর্য্যে বরুণে অগ্নৌ চ খণ্ডশঃ যৎ তেজঃ পরিলক্ষিতং ভবতি, তৎ তু পরমাত্মনঃ এব; ইদং তেজঃ খণ্ডভাবং পরিত্যজ্য পুঞ্জীভূতং সৎ পরমাত্মা এব। (৪প—৬অ—৫থ ৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

দেবগণের (দীপ্তিদানাদিগুণসমূহের) বিচিত্র যে তেজঃ,—মিত্রদেবতার, বরুণদেবতার, অগ্নিদেবতার প্রকাশক যে তেজঃ—ঊর্দ্ধে দেবলোকে বিদ্যমান রহিয়াছে; সেই তেজের দ্বারাই পরমাত্মারূপ সূর্য্যদেব স্বর্গমর্ত্ত্যকে, গগনমণ্ডলকে স্থাবরসমূহকে জঙ্গমসমূহকে অথবা গতিশীল সমগ্র জগৎকে সর্ব্বতোভাবে পরিপূর্ণ করিয়া রাখিয়াছেন। (ভাব এই যে,—দেবসমূহে,—সূর্য্যে, বরুণে ও অগ্নিতে,—খণ্ড খণ্ড ভাবে যে তেজঃ পরিলক্ষিত হইতেছে, সে তেজঃ পরমাত্মারই; এই তেজঃ, খণ্ডভাব পরিত্যাগ করিয়া পুঞ্জীভূত হইলেই পরমাত্মা।)। (৪প—৬অ—৫থ—৩সা)।

• • •

সায়ণ-ভাষ্যং।

কুৎসঃ। 'দেবানাং' দীব্যন্তীতি দেবা রশ্ময়ঃ তেষাং, দেবানামেব বা প্রাণিনামাং 'অনীকং' তেজঃসমূহরূপং 'চিত্রং' আশ্চর্য্যকরং সূর্য্যমণ্ডলং 'উদগাৎ' উদয়াচলং প্রয়াসীৎ। কীদৃশং' 'মিত্রস্য বরুণস্যাগ্নেশ্চ চক্ষুঃ' উপলক্ষণমেতৎ, এতদুপলক্ষিতানাং জগতাং চক্ষুঃ প্রকাশকং চক্ষুরিন্দ্রিয়স্থানীয়ং বা। উদয়ং প্রাপ্যৈব 'দ্যাবাপৃথিবী' দিবং চ পৃথিবীং চ 'অন্তরিক্ষং' চ 'আপ্রাঃ' স্বকীয়েন তেজসা 'আ' সমন্তাৎ অপূরয়ৎ। ঈদৃগ ভূত মণ্ডলান্তর্ব্বর্ত্তী সূর্য্যঃ অন্তর্যামিতয়া সর্ব্বস্য প্রেরকঃ পরমাত্মা 'জগতঃ' জঙ্গমস্য 'তস্থুষশ্চ' স্থাবরস্য চ 'আত্মা' স্বরূপভূতঃ স হি সর্ব্বস্য স্থাবর-জঙ্গমাত্মকস্য কার্য্যবর্গস্য (কারণাচ্চকার্য্যং নাতিরিচ্যতে। তথা চ পারমর্ষং সূত্রং 'তদনন্যত্বমারম্ভণ শব্দাদিভ্যঃ'—ইতি) যথা স্থাবর-জঙ্গমাত্মকস্য

সর্ব্ব প্রাণিজাতস্য জীবাত্মা। উদিতে হি সূর্য্যে মৃতপ্রায়ং সর্ব্বং জগৎ পুনশ্চেতনযুক্তং সৎ উপলভ্যতে। তথা চ শ্রূয়তে—'যোঽসৌ তমো ব্যুদেতি সর্ব্বেষাং প্রাণানাদায়োদেতীতি' ॥ ৩॥

* * *

তৃতীয় (৬২৯) সামের মর্ম্মার্থ।

—:•:—

এই দৃশ্যমান চরাচরের মধ্যে যে সকল তেজ পরিদৃষ্ট হইতেছে, (যেমন, অগ্নি, বরুণ, সূর্য্য, চন্দ্র ও নক্ষত্র প্রভৃতির) এ সকল তেজের মূলে এক অনির্ব্বচনীয় অখণ্ড তেজ বিদ্যমান আছে। তেজের কেন্দ্র একটী। সেই কেন্দ্রীভূত তেজ হইতেই পরিব্যাপ্ত হইয়া এই দৃশ্যমান তেজঃ সকল বিবিধভাবে জীবজগতে পরিলক্ষিত হইতেছে। যেমন এক জল, বহু প্রণালীর মধ্যে নানা বর্ণে বিচিত্র করিয়া লওয়া যাইতে পারে; যেমন এক অগ্নিজ্বালা, বিবিধ আধারের মধ্য দিয়া বিভিন্ন আকারে পরিদৃষ্ট হইতে পারে; সেইরূপ এক পরমাত্মজ্যোতিঃ বহুভাবে জগতের উপর জ্যোতিঃ প্রকাশ করিতেছেন। ইহাকে ব্যষ্টি ও সমষ্টি বলা যাইতে পারে। খণ্ড খণ্ড তেজকে ব্যষ্টি এবং সমষ্টিভূত তেজকে সমষ্টি বলে। তাহাও কিন্তু পারমার্থিক জগতের নহে; ব্যবহারিক জগতেরই জন্য। পারমার্থিক জগতে—"নেহ নানাস্তি কিঞ্চনেতি শ্রুতেঃ" বহুত্বের অবস্থান নাই। যাহা কিছু বহুত্ব, তাহা ব্যবহারিক জগতের। সুতরাং এই ব্যবহারিক জগতের যাহা কিছু দৃশ্যমান তেজ বহুরূপে পরিলক্ষিত হইতেছে, পারমার্থিক জগতে তাহা কিন্তু এক—অখণ্ড, অসীম ও নিত্য। তথায় বহুত্বের লেশ নাই। কেবল একত্ব ও নিত্য চির-বিরাজমান।

বহুত্বের মধ্য দিয়া একত্বকে লক্ষ্য করিয়াই এই মন্ত্র প্রবর্ত্তিত। এই মন্ত্র দেখাইতেছেন যে,—'এখানে তেজ একটী; তবে যে ভিন্ন ভাবে বহুরূপে প্রতিভাত হয়, ইহা সেই অখণ্ড পুঞ্জীভূত তেজেরই অবভাস।' সুতরাং সেই একই ব্রহ্মজ্যোতিঃ বহুজ্যোতিষ্মান্ পদার্থকে প্রকাশিত করিয়া জ্যোতিধারায় বা জ্যোতিঃকেন্দ্ররূপে এই জগতের অন্তরালে নিয়ত বিরাজমান। এই মহাভাবকে অভিব্যক্ত করাই এ মন্ত্রের প্রধানতম লক্ষ্য। সামান্য সূর্য্যকে বা সামান্য তেজকে লক্ষ্য করিতে এ মন্ত্র প্রবর্ত্তিত নহে।

এই মন্ত্র ব্রাহ্মণগণের সন্ধ্যাবন্দনার মধ্যে সূর্য্যোপস্থানের জন্য স্থান পাইয়াছে। কিন্তু সে কোন সূর্য্য? দৃশ্যমান ঐ সূর্য্যের উপস্থানের জন্য অর্থাৎ সূর্য্যকে উদ্দাত করিবার জন্য অথবা আহ্বান করিবার জন্য—যদি এ মন্ত্রের প্রয়োগ হইত, তাহা হইলে কেবল প্রাতঃকালে এই মন্ত্রের ব্যবহার হইলেই চলিত। ত্রিসন্ধ্যায় ইহা পাঠের আবশ্যকতা কেন? ফলতঃ, এই মন্ত্র এই সূর্য্যকে লক্ষ্য করিয়া প্রবর্ত্তিত নহে। ইহা পরমাত্মাকে লক্ষ্য করিয়াই নির্দ্দিষ্ট হইয়াছে। সকল খণ্ড খণ্ড তেজের আধার সেই জ্যোতিঃস্বরূপ অখণ্ড অনির্ব্বচনীয় তেজের—পুনঃ পুনঃ স্মরণ করিতে পুনঃপুনঃ মনন করিতে পুনঃপুনঃ নিদিধ্যাসন (ধ্যান) করিতে—এ মন্ত্রটি সন্ধ্যাবন্দনার মধ্যে ত্রিসন্ধ্যায় পঠিত হইয়া থাকে। যদি পুনঃপুনঃ স্মরণ করিতে করিতে মহাভাবটী ফুটিয়া উঠে—ইহাই বৈদিক মন্ত্রের লক্ষ্য।

প্রচলিত অর্থে—'মিত্র, বরুণ ও অগ্নির চক্ষুস্বরূপ তেজোময় সূর্য্য উদিত হইয়া দ্যুলোককে পৃথিবীকে অন্তরিক্ষকে স্বীয় কিরণে উদ্ভাসিত করিয়াছেন। তিনি স্থাবর জঙ্গম পদার্থের প্রাণস্বরূপ।' এইরূপ ভাব প্রকাশ পাইয়াছে। দৃশ্যমান সূর্য্য স্থাবর জঙ্গমের না হয় প্রাণস্বরূপ হইতে পারেন; কারণ, সূর্য্য প্রকাশে সকল প্রাণীই প্রাণলাভ করে; কিন্তু মিত্র বরুণ ও অগ্নি প্রভৃতির চক্ষুস্বরূপ অর্থাৎ প্রকাশক—ইহার তাৎপর্য্য কি? সূর্য্যের প্রকাশক সূর্য্য—তাহাই বা কি প্রকার? এ সূর্য্যই বা কে? আর, ইহার প্রকাশক সূর্য্যই বা কে? সুতরাং ইহা চিন্তা করা কি উচিত নহে যে, সূর্য্যের প্রকাশক যে সূর্য্য, অগ্নির প্রকাশক যে সূর্য্য—সে সূর্য্য পরমাত্মা? মন্ত্রে তো তাহাই পরিস্ফুট হইয়াছে! "সূর্য্যঃ আত্মা"—ইহাতে কি সূর্য্যকে পরমাত্মা বলা হইল না?

অতএব, যে সূর্য্য নিখিল রশ্মিসমূহের বিকাশক, যে সূর্য্য সূর্য্যের প্রকাশক, যে সূর্য্য বরুণের প্রকাশক, যে সূর্য্য অগ্নির প্রকাশক, যে সূর্য্য স্বর্গ মর্ত্ত্য গগন স্থাবর জঙ্গম প্রভৃতি সকল বস্তুর উদ্ভাসক, সে সূর্য্য—পরমাত্মা, সে তেজঃ—পরমাত্মারই। ইহাকেই লক্ষ্য করিয়া এই সূর্য্য-প্রকরণ প্রবর্ত্তিত। ইহাকেই লক্ষ্য করিয়া ত্রিসন্ধ্যার সন্ধ্যাবন্দনা। ইহাকেই লক্ষ্য করিয়া ব্রাহ্মণগণের ঊর্দ্ধবাহু হইয়া সূর্য্যের অর্থাৎ পরমাত্মার উপাসনা। (৪প—৩অ ৫খ—৩সা)। *

—— • ——

চতুর্থং সাম।

১ র ২র ৩ ১ ২ ৩ ৩ ১ ২ ৩ ২

আ অয়ঙ্গৌঃ পৃশ্নিঃ অক্রমীৎ অসদৎ মাতরং পুরঃ।

৩ ১ ২ ৩ ১ ২

পিতরং চ প্রয়ন্‌ৎ স্বঃ ॥ ৪ ॥

* * *

গেয়-গানং।

১S ১S ১ ২ ২র র

১। উবা২। ৩। হিবা২। ৩। হিংপিংপি। ৩। আয়ঙ্গৌঃ পৃশ্নি

র রর ২ ক র রর ২ ক

রক্রমীদৈহা। ৩। অসদন্মাতরম্পুরা ঐহা ৩। পিতরঞ্চপ্রয়ংস্বা

র র ১S ১S ৩ ১ ২

ঐহা। ৩। উবা২। ৩। হিবা২। ৩। হিংপিংপি।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের পঞ্চদশাধিকশততম সূক্তের প্রথমা ঋক্‌ (প্রথম অষ্টক, অষ্টম অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী।

২ ১ ২ ১ ২ ১ ২র র
২। উবা। ৬। হিগী। ৩। হিগিগী। ৩। আয়ঙ্গৌঃ পৃশ্নি-
র র র ২ র ২ র র র ২ র র
রক্রমী দৈহী। অসদন্মাতরম্পুরা ঐহী। পিতরঞ্চপ্রয়ংস্বা ঐ
র ২ ১ ২ ১ ২ ১
হী। উবা। ৩। হিগী। হিগিগী॥

* * *

২S ১ ২∧ ৩র ২র ৩র র ২র র র
৩। হাউ ০ বা। ইন্দ্রঃ। ভ্রাজা ও বা। ৩। আয়ঙ্গৌঃ পৃশ্নিরক্রমী
র র ২S ১ ২ ৩র ২র ৩র র ২ র ৪
দৈহী। হাউ ৩ বা। ঈড়া। ভ্রজা ও বা ৩। অসদন্মাতরম্পুরা-
র র ২S ১ ৩∧ ৩র ২র ৩র র ২
ঐহী। হা উ ৩ বা। সাত্যম্। ভ্রজা ও বা ৩। পিতর
র র র ২S ১ ২
ঞ্চপ্রয়ংস্বা ঐহী। হা উ ৩ বা। দীয়োঃ॥ ৪॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পৃশ্নিঃ' (ব্যাপ্ততেজাঃ, জ্যোতির্ম্ময়ং) 'অয়ং গৌঃ' (ইদং জ্ঞানং, পরাজ্ঞানং ইত্যর্থঃ) 'আক্রমীৎ' (আক্রম্য, জগতি ব্যাপ্তং সৎ) 'পুরঃ' (পুরোবর্ত্তিনং, সাধকং ইত্যর্থঃ) 'স্বঃ' (আত্মনঃ) 'মাতরং' (মাতৃস্থানীয়াং, ভগবৎশক্তিং যদ্বা ভক্তিং) 'অসদৎ' (প্রাপয়তি) 'চ' (তথা) 'পিতরং' (পিতৃস্থানীয়ং ভগবন্তং যদ্বা সৎকর্ম্ম) 'প্রয়ন্' (প্রকর্ষেণ প্রাপয়তি); নিত্য-সত্যমূলকোঽয়ং। সাধকঃ জ্ঞানকর্ম্মভক্তিং লভতে—ইতি ভাবঃ॥ (৪প—৬অ—৫খ—৪সা)।

* * *

বঙ্গানুবাদ।

জ্যোতির্ম্ময় পরাজ্ঞান জগতে ব্যাপ্ত হইয়া সাধককে আপনার মাতৃস্থানীয় ভগবৎশক্তিকে (অথবা ভক্তিকে) প্রাপ্ত করায়, এবং পিতৃস্থানীয় ভগবানকে (অথবা সৎকর্ম্মকে) প্রকৃষ্টরূপে প্রাপ্ত করায়। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সাধক জ্ঞানকর্ম্মভক্তি লাভ করেন।)॥ (৪প—৬অ—৫খ—৪সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

আয়ঙ্গৌঃ পৃশ্নিরিত্যস্যার্পিরাজ্ঞাদয়ৈক্ষত।
ঋষিস্ত্রোতবেদানাং বিকল্পেনাত্মদেবতা॥

'গৌঃ' গমনশীলঃ পৃশ্নিঃ' প্রাইবর্ণঃ ব্যাপ্ততেজাঃ 'অয়ং' সূর্য্যঃ 'আক্রমীৎ' আক্রান্তবান্ উদয়াচলং প্রাপ্তবানিত্যর্থঃ। আক্রম্য চ 'পুরঃ' পুরস্তাৎ পূর্ব্বস্যাং দিশি 'মাতরং' সর্ব্বস্য ভূতজাতস্য নির্ম্মাত্রীং 'ভূমিং' 'অসদৎ' আসীদতি প্রাপ্নোতি (সদেশ্ছান্দসো লেট্। সৃদিবাৎ চ্লেরঙাদেশঃ) ততঃ 'পিতরং' পালকং দ্যুলোকং, : 'চ' শব্দাদন্তরিক্ষং 'প্রযন্' প্রকর্ষেণ শীঘ্রং গচ্ছন্ 'স্বঃ' সু অরণঃ শোভন-গমনো ভবতি। যদ্বা। পিতরং সূর্য্যলোকং প্রবর্ত্ততে। ৪।

চতুর্থ (৬৩০) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্য-সত্য-প্রখ্যাপক। সাধক ভগবানকে প্রাপ্ত হয়েন, তাঁহাতে জ্ঞানকর্ম্মভক্তির সমবায় ঘটে ইহাই মন্ত্রে বিবৃত হইয়াছে।

কিন্তু ভাষ্যকার এবং প্রচলিত অন্যান্য ব্যাখ্যাতাগণ মন্ত্রটীর ভিন্নরূপ ব্যাখ্যা দিয়াছেন। তাঁহারা যদিও অন্যান্য স্থলে 'গৌঃ' পদে গাভী প্রভৃতি অর্থই গ্রহণ করিয়া থাকেন, কিন্তু এখানে কোন অজ্ঞাত কারণে ঐ পদে 'গমনশীলঃ' অর্থ গ্রহণ করিয়াছেন এবং উহা বিশেষ্য পদ হইতে বিশেষণ পদে পরিবর্ত্তিত হইয়া 'পৃশ্নি' পদের বিশেষণরূপে ব্যবহৃত হইয়াছে। 'গৌঃ' পদে আমরা সর্ব্বদাই 'জ্ঞান' 'জ্ঞানকিরণ' প্রভৃতি অর্থ গ্রহণ করিয়া আসিতেছি। এখানেও ঐ অর্থের কোন বাধায় দৃষ্ট হয় না। সুতরাং ঐ পদের ব্যাখ্যা বিষয়েই প্রচলিত ব্যাখ্যার সহিত প্রথম অনৈক্যের কারণ ঘটে। তারপর 'মাতরং' 'পিতরং' পদদ্বয়ের অর্থ সম্বন্ধে অনুধাবন করা আবশ্যক। ঐ পদদ্বয়ের দুইটী করিয়া ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে। ভগবান ও ভগবৎশক্তিই জীবের পিতামাতা। অথবা ভক্তিই মাতৃস্নেহে মানুষকে ভগবানের চরণে পৌঁছাইয়া দেন, এবং সৎকর্ম্ম প্রভাবে মানুষ পাপ মোহ প্রভৃতি রিপুগণের হস্ত হইতে রক্ষা পায়। হৃদয়ে জ্ঞানের সঞ্চার হইলে মানুষ ভগবৎচরণ প্রাপ্ত হয়। তাঁহার মধ্যে সৎকর্ম্মসাধনসামর্থ্য ও ভক্তির আবির্ভাব হইলে মোক্ষলাভে বিঘ্ন ঘটে না, অনায়াসেই জীবনের লক্ষ্য লাভ হয়। মন্ত্রে এই সত্যটীই পরিস্ফুট হইয়াছে বলিয়া আমাদিগের ধারণা এবং মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে তাহাই বিবৃত হইয়াছে॥ (৪প—৬ম—৫থ—৪সা)। *

—— • ——

পঞ্চমং সাম।

৩ ১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ২

অন্তঃ চরতি রোচনা অস্য প্রাণাদপানতী।

২র ৩ ১ ২র

ব্যখ্যৎ মহিষো দিবম্ ॥ ৫ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের একোননবত্যধিকশততম সূক্তের প্রথমা ঋক্ (অষ্টম অষ্টক, অষ্টম অধ্যায় সপ্তচত্বারিংশ বর্গের অন্তর্গত।)। ইহার গেয়-গান তিনটী।

গেয়-গানং।

১র র র র র ১ ১র র র র র ২
১। ঔহোঔহোবা। হোই। ২। ঔ হাঔ হাবা। হা ৩ ১ উ

১ ৩ ৫ ২১ ২ র ১র ১র র র র র
বা ২ ৩। ভু ২ ৩ ৪ বাং। অন্তশ্চরতিরোচনা। ঔহোঔহোবা

১ ১র র র র র ২ ১ ৩
হোই। ২। ঔহোঔহোবা। হা ৩ ১ উ। বা ২ ৩। আ ২ ৩

৫ ২১ ২র ১র ২র ১র ১র র র র র ১ ১র র
বাং। অস্যপ্রাণাদপানতী। ঔহোঔহোবা। হোই। ২। ঔহো

র র র ২ ১ ৩ ৫ ১২
ঔহোবা। হা ৩ ১ উ। বা ২ ৩। বা ২ ৩ ৪ ৫ দ্যান্। ব্যখ্য

১র ১র র র র র র ১র র র র ২
হিষোদিবম্। ঔহোঔহোবা। হোই। ২। ঔহোঔহোবা। হা ৩

১ ১র র র র র ২
উ। বা ২ ৩। বা ২ ৩ ৪ বাং। ঔহোঔহোবা। হোই। ২।

১র র র র র ২ ১ ৩ ৫ ১র র র র
ঔহোঔহোবা। হা ৩ ১ উ। বা ২ ৩। ভু ২ ৩ ৪ ভোঃ। ঔহোঔহো

১ ১র র র র র ২ ১ — ১ র ২র
হোই। ২। ঔহোঔহোবা। হা ৩ ১ উ। বা ২। অভ্রাজ

১র ২ র র ১র র র র র ১ ১র র র র র
জ্যোতিরজাজাৎ। ঔহোঔহোবা। হোই। ২। ঔহোঔহোবা

২ ১ ২ ১ র র র র র ৮ ৩ ১ ১ ১ ১
হা ৩ ১ উ। বা ২ ৩। এ ৩। সর্ব্বান্ কামানশীমহৌ ২ ৩ ৪ ৫।

* * *

২S ১ ২A ৩র ২র ৩র র র র র
২। হাউ বা। ভূতম্। ভ্রাজাওবা। ৩। অন্তশ্চরতিরোচনা।

র র ২ ১ ২রA ৩র ২র র ২ র র র র
ঐহী হাউ ৩ বা। পৃথিবী। ভ্রাজাওবা। ৩। অস্যপ্রাণাদপানতী।

র র ২S ১ ২ ৩র ২র ৩র র ২
ঐহী। হাউ ৩ বা। সাহঃ। ভ্রাজাওবা। ৩। ব্যখ্যন্

র র র র ২S ১ ২
হিষোদিবাঐহী। হাউ ৩ বা। তেজঃ।

* * *

২ র র ১ ২ — ২ ১
৩। অন্তর্দ্দিবেষ, ৩ রোচা ১ লা ২ ই। ৩। অন্তশ্চরতী ৩ রোচা ১

২ রর ১ ২ — ২ ১ ২
না ২। অস্যপ্রাণাদ ৩ পানা ১ তা ২ ই। ব্যখ্যন্মহী ৩ ষোদা ১

— ২ র র ১ ২ —
ইমা ২ম্। অন্তর্দ্দিবেষ ৩ রোচা ১ না ২ ই। ২।

২ র র ১ ১ ম ৩ ৫র র
অন্তার্দ্দিবেষ ৩ রো ২ ৩। চা ২ না ২ ৩ ৪ ঔহোবা।

২ ২র ১র র র ৩ ১ ১ ২ ১
এ ৩। দেবাদিবাজ্যোতী ২ ৩ ৪ ৫ঃ। ৫॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অস্য' (ভগবতঃ) 'রোচনা (রোচমানা, জ্যোতির্ম্ময়ী শক্তিঃ) 'অন্তঃ' (বিশ্বমধ্যে—সৃষ্টিকালে ইতি যাবৎ) 'চরতি' (বিসর্পতি, ব্যাপ্নোতি); 'মহিষঃ' (মহান্ দেবঃ) 'দিবং' (দ্যুলোকং বিশ্বং ইত্যর্থঃ) 'ব্যখ্যন্' (প্রকাশয়তি, রক্ষতি ইত্যর্থঃ) 'প্রাণাৎ' (প্রাণাৎ, প্রকাশাৎ অনন্তরং-প্রলয়কালে ইত্যর্থং) 'অপানতী' (সংবরয়তি, বিশ্বং—ইতি যাবৎ; আত্মন দেহে—ইতি শেষঃ); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ হি সৃষ্টি-স্থিতি-প্রলয়ানাং মূলকারণং—ইতি ভাবঃ॥ (৪-৬অ—২খ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

ভগবানের জ্যোতির্ম্ময়ী শক্তি সৃষ্টিকালে বিশ্বমধ্যে বিসর্পিত হয়,—ব্যাপ্ত হয়; মহান্ দেব বিশ্বকে প্রকাশিত করেন অর্থাৎ রক্ষা করেন; প্রকাশের পরে অর্থাৎ প্রলয়কালে আপনার দেহে বিশ্বকে সম্বরিত করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবান্ই সৃষ্টি স্থিতি প্রলয়ের মূলকারণ।)॥ (৪প—৬অ—২খ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'অস্য' পূর্ব্বোক্তস্য 'রোচনা' রোচমানা দীপ্তিরস্য শরীর-মধ্যে মুখ্য প্রাণাত্মনা 'চরতি' বর্ত্ততে। কিং কুর্ব্বতী? 'প্রাণাদপানতী' (মুখ্য প্রাণস্য প্রাণাদ্যাঃ পঞ্চ বৃত্তয়ঃ। তত্র উপর্য্য নাড়ীভিরূর্দ্ধং বায়োর্নির্গমনং) তথাবিধাৎ প্রাণাৎ প্রাণনাদনন্তরং অপানতী (অপাননং

যাতীতি অপাগুখং বায়োর্নয়নং) তং কুর্ব্বন্তী অপপূর্ব্বাদনিতের্শটঃ শতৃ (৩।২।১২৪ অধাদিভ্যশ্ছন্দসি লুক্ (২।৪।৭২)। উগিতশ্চেতি (৪।১।৬) ঙীপ্। শতুরনুম ইতি নদ্য উদাত্তত্বং। যদ্বা। 'অন্তঃ' দ্যাবাপৃথিব্যোর্ম্মধ্যে 'পশু' সূর্য্যস্য 'রোচনা' রোচমানা দীপ্তি 'চরতি' গচ্ছতি রুচ দীপ্তৌ (ভ্বা আ০)। অনুদাত্তেতশ্চ হলাদেরিতি (৩।২।১৪৯) যুচ্। কিং কুর্ব্বন্তী? 'প্রাণাৎ' প্রাণনাত্মকাদুদয়াদনন্তরং 'অপানতী' সায়াহ্ন-সময়ে অস্তং গচ্ছন্তী উদ্বৃত্ত্যা দীপ্ত্যা যুক্তঃ অতএব 'মহিষঃ' মহান্ সূর্য্যঃ 'দিবং' অন্তরিক্ষং উদয়াস্তগয়োর্ম্মধ্যে 'ব্যখ্যৎ' বিচষ্টে প্রকাশয়তি। মহে র্চ মংহেষ্টিবিতি ঔণাদিকষ্টিষচ্ প্রত্যয়ঃ। চক্ষিঙঃ খ্যাঞ্ (২।৪।৫৪) ছন্দসি লুঙ্ অস্যতিবক্তিখ্যাতিভ্যোঽঙ্ (৩।১।৫২) চ্লেরঙাদেশঃ ॥ ৫ ॥

পঞ্চম (৬৩১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটীর মধ্যে একটী মহান্ সত্য নিবৃত হইয়াছে। ভগবান, এই বিশ্ব সৃষ্টি করেন, রক্ষা করেন এবং প্রলয় কালে তিনিই আবার বিশ্বকে আপনার দেহে গ্রহণ করেন। তাঁহারই এই ত্রিধা শক্তি পুরাণাদিতে ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর রূপে বর্ণিত হইয়াছেন। কেন এই সৃষ্টি, কেনই বা এই ধ্বংসলীলা, তাহা কেহ জানে না, মানুষের সসীম বুদ্ধি তাহা অবধারণ করিতে পারে না। তাই দর্শনবেত্তা, তাঁহার দার্শনিক জ্ঞানের চরমসীমায় উপস্থিত হইয়া নিজের দৈন্য অনুভব করিতে পারিয়া বলিয়াছেন—'কে রচিল এই বিশ্ব সৃজিল কেমনে,—সুধাওনা এই তত্ত্ব'। মানুষের জ্ঞান-বিজ্ঞান এই তত্ত্ব নিরূপণে অজ্ঞান হইয়া যায়, যুক্তি পরাজিত হয়। দার্শনিক শুধু নির্ব্বাক বিস্ময়ে আপনার দৈন্য অনুভব করিয়া সেই অসীম জ্ঞানাধারে আত্মসমর্পণ করেন, ভক্ত তাঁহার আনন্দসাগরে নিমগ্ন হইয়া যান। কেন এ সৃষ্টি, কেন এ ধ্বংস এই প্রশ্ন করিবার অধিকার মানুষের নাই। ভগবানের অপার মহিমা ও অসীম শক্তি বিবৃত করিবার জন্যই শ্রুতি এই সত্য জগতে প্রচারিত করিয়াছেন।

ঋগ্বেদীয় নাসদীয় সূক্তে আমরা দেখিতে পাই যে 'তিনিই আদিতে ছিলেন, এবং অনন্তকাল ধরিয়া বিরাজ করিতেছেন, তাঁহা হইতেই বিশ্ব উৎপন্ন হইয়াছে।' 'সুতরাং প্রলয়কালে বিশ্ব তাঁহাতেই সংহত হইবে মন্ত্রমধ্যে এই সত্যই আমরা দেখিতে পাই।

প্রচলিত ব্যাখ্যাদিতে কিন্তু ভিন্ন মতের পোষণ করা হইয়াছে। সায়ণ-ভাষ্যে সূর্য্যের উদয়-অস্তের বিবরণ লিপিবদ্ধ হইয়াছে। আমরা এই মত সমর্থন করিতে পারিনা। আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (৪প—৬অ—৫খ—৫সা) ॥ *

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের একোননবত্যধিকশততম সূক্তের দ্বিতীয়া ঋক্ (অষ্টম অষ্টক, অষ্টম অধ্যায়, সপ্তচত্বারিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান তিনটী।

ষষ্ঠং সাম।

৩ ২উ ৩ ১২ ৩ ১ ২৩১২
ত্রিꣳশদ্ধাম বিরাজতি বাক্ পতঙ্গায় ধীয়তে।
২ ৩২৩ ২৩ ১২
প্রতিবস্তোঃ অহ দ্যুভিঃ॥ ৬॥

• • •

গেয়-গানং।

২S ১২A ৩র২র৩র র ২ র র র র র
হাউ ৩ বা। আপঃ। ভ্রাজাওবা। ৩। ত্রিꣳশদ্ধামবিরাজতাঐহী।
২S ১২A ৩র২র৩র র ২র র র র র র
হাউ ৩ বা। উবা। ভ্রাজাওবা। ৩। বাক্পতঙ্গায়ধীয়তাঐহী।
২ A ১২A ৩র২র৩র র ২ র
হাউ ৩ বা। দীপঃ। ভ্রাজাওবা। ৩। প্রতিবস্তোরহত্ত-
র র র ২S ১ ২
তাঐহী। হাউ ৩ বা। জ্যোতিঃ॥ ৩॥

• • •

মৰ্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'ত্রিংশৎ ধাম' (অসংখ্যাঃ জ্ঞানকিরণাঃ, পরাজ্ঞানং ইত্যর্থঃ) 'বিরাজতি' (বিরাজতু; অস্মাকং হৃদয়ে সমুদ্ভাতু) 'অহ' (ততঃ) 'বস্তোঃ, (আশ্রয়স্থানস্য, অস্মাকং হৃদয়স্য; হৃদয়োত্থিতা ইত্যর্থঃ) 'বাক' (বাণী, স্তুতিঃ) 'দ্যুভিঃ' (দীপ্তিভিঃ, জ্ঞানেন সহ, জ্ঞানসমন্বিতা সতী) 'পতঙ্গায়' (উৰ্দ্ধনয়নসমর্থায়, ভগবতে, ভগবৎপ্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'প্রতি ধীয়তে' (প্রতি গচ্ছতু—উচ্চারিতা ভবতু ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং পরাজ্ঞানং লভেম; ভগবৎপরায়ণাঃ ভবেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪প—৬অ—৫খ—৬সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরাজ্ঞান আমাদিগের হৃদয়ে সমুদ্ভূত হউক; তারপর আমাদিগের হৃদয়োত্থিত স্তুতি জ্ঞানসমন্বিত হইয়া ভগবৎপ্রাপ্তির জন্য উচ্চারিত হউক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন পরাজ্ঞান লাভ করি, ভগবৎপরায়ণ হই।)। (৪প—৬অ—৫খ—৬সা)॥

• •

সায়ণ-ভাষ্যং।

"'ত্রিংশদ্ধাম' ধামানি স্থানানি বচনব্যত্যয়ঃ (৩।১।৩৯) 'বস্তোঃ' বাসরস্য অহোরাত্রস্যা-বয়বভূতানি। 'অহ' শব্দোঽবধারণে 'ত্যাভিঃ' সূর্য্যস্য দীপ্তিভিরেব 'বিরাজতি' বিরাজতে বিশেষেণ দীপ্যতে ব্যত্যয়েনৈকবচনং (৩।১।৩৯)। মুহূর্ত্তান্তরে ধামান্যুচ্যন্তে। পঞ্চদশ রাত্রেঃ পঞ্চদশাহ্নঃ 'পতঙ্গায়' পতন্ গচ্ছতীতি পতঙ্গঃ সূর্য্যঃ তস্মৈ সূর্য্যায় স্তুতিরূপা 'বাক্' 'প্রতিধীয়তে' প্রতিমুখং স্তোতৃভির্বিধীয়তে ক্রিয়তে। যদ্বা 'বস্তোঃ' অহ্নঃ 'ত্রিংশৎ' 'ধাম' ধামানি (ঘটিকাভিপ্রায়মেতৎ) ত্রিংশদ্ঘটিকাঃ অত্যন্ত সংযোগে দ্বিতীয়া (২-৩।৫) এতাবৎ কালং 'ত্যাভিঃ' দীপ্তিভিরসৌ সূর্য্যো 'বিরাজতি' বিশেষেণ দীপ্যতে। তস্মিংশ্চ সময়ে 'বাক্' এয়ীরূপা তস্মৈ 'পতঙ্গায়' প্রতিধীয়তে প্রতিমুখং ধার্য্যতে তং পুরুষং সেবন্ত ইত্যর্থঃ। (শ্রূয়তে হি'—ঋগ্‌ভিঃ পূর্ব্বাহ্ণে দিব দেব ঈয়তে, যজুর্ব্বেদে তিষ্ঠতি মধ্যে অহ্নঃ সামবেদে-নাস্তময়ে মহীয়তে বেদৈরশূন্যস্ত্রিভিরেতি সূর্য্যঃ—ইতি।) যদা ত্রিংশ সূক্তে সার্পরাজ্ঞ্যা আত্মস্তুতিস্তদা সূর্য্যাত্মনা স্তূয়ত ইত্যবগন্তব্যং। (৪প-৬অ-৫খ-৬সা)॥

* *

ষষ্ঠ (৬৩২) সামের মর্ম্মার্থ।

এই প্রার্থনা-মূলক মন্ত্রটী দুইভাগে বিভক্ত। প্রথম ভাগে পরাজ্ঞান লাভের জন্য এবং দ্বিতীয় অংশে ভগবৎ প্রাপ্তির জন্য প্রার্থনা করা হইয়াছে।

মন্ত্রটীর প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের মতানৈক্য ঘটিয়াছে। ব্যাখ্যা সমূহের মধ্যেও পরস্পরের সহিত ঐক্য নাই। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "এই সূর্য্যের ত্রিংশৎ স্থান শোভা পাইতেছে। এই গমনশীল সূর্য্যের উদ্দেশে স্তব উচ্চারিত হইতেছে প্রতিদিন তিনি নিজ কিরণে ভূষিত হযেন।" ভাষ্যের সহিত এই অনুবাদের সাদৃশ্য নাই। আবার ভাষ্যকারও দুইটী বিভিন্ন ব্যাখ্যা দিয়াছেন। কোন ব্যাখ্যার সহিতই আমাদিগের ব্যাখ্যার ঐক্য হয় নাই।

'ত্রিংশদ্ধাম' পদেই প্রধানতঃ জটিলতার সৃষ্টি করিয়াছে। 'ধাম' পদে 'তেজঃ' আশ্রয়স্থল প্রভৃতি অর্থ প্রকাশ করে, তাহা আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতায় (১ম—৯১সূ—১৯ঋ) বলা হইয়াছে। 'ত্রিংশৎ' শব্দ বহ্বার্থক, উহা দ্বারা অথবা অধিকাংশ স্থলে ঐরূপ শব্দাদির দ্বারা কোন নির্দ্দিষ্ট সংখ্যা বুঝায় না। তাই 'ত্রিংশদ্ধাম' পদে 'অসংখ্যাঃ জ্ঞানকিরণাঃ, পরাজ্ঞানং' অর্থ গ্রহণ করিয়াছি; 'বস্তোঃ' পদের ব্যাখ্যার জন্য (১ম—১১৩সূ—২১ঋ) ঋগ্বেদ-সংহিতা দ্রষ্টব্য। অন্যান্য পদের অর্থ মর্ম্মানুসারিণী-ব্যাখ্যার অনুসরণেই উপলব্ধ হইবে। (৪প—৬অ—৫খ—৬সা)॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের একোননবত্যধিকশততম সূক্তের তৃতীয়া ঋক্ (অষ্টম অষ্টক, অষ্টম অধ্যায়, সপ্তচত্বারিংশ বর্গের অন্তর্গত)। ইহার গেয়-গান একটী।

সপ্তমং সাম।

২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অপ ত্যে তায়বো যথা নক্ষত্রা যন্ত্যক্তুভিঃ।
১ ২ ৩ ১ ২
সূরায় বিশ্বচক্ষসে ॥ ৭॥

গেয়-গানং।

১। হাউহাউহাউ। ভ্রাজাওবা। ৩। দিদীহবিশ্বস্পৃথুঃ। উদুত্তাজাতা ৩
বাইদা ১ সা ২ মূ। দেবম্বহন্তী ৩ কাইতা ১ বা ২ ঃ। দৃশেবিশ্বায়া ৩
সূরা ১ য়া ২ মূ। অপত্যেতায়া ৩ বোয়া ১ থা ২। নক্ষত্রায়ন্তী-
য়াক্তু ১ ভা ২ ইঃ। সূরায়বিশ্বা ৩ চাক্ষা ১ সা ২ ই।
অদৃশ্রমস্যা ৩ কাইতা ১ বা ২ ঃ। বিরশ্ময়োজা ৩
নাম্বা ১ নূ। ভ্রাজন্তো অগ্ন ৩ য়োযা ১
থা ২ ৩। হাউ ৩ হাউ। ভ্রাজাওবা। ২।
ভ্রাজা ৩ ৪ ৫ সা ৬ ৫ ৬। ঈ ২ ৩ ৪ ৫ ॥

২। হাউ ২ হাউ। শুক্রাওবা। ৩। দিদীহবিশ্বস্পৃথুঃ। উদুত্তাজাতা ৩
বাইদা ১ সা ২ মূ। দেবম্বহন্তী ৩ কাইতা ১ বা ২ ঃ। দৃশেবিশ্বায়া ৩
সূরা ১ য়া ২ মূ। অপত্যেতায়া ৩ বো য়া ১ থা ২। নক্ষত্রায়ন্তী-

১ ২ — ২র র ১ ২ ৩ — ২
য়াক্ত্ ১ ভা ২ ই ঃ। সূরায়বিশ্ব ৩ চাক্ষা ১ সা ২ ই। অদৃশ্র

১ ২ — ২ র ১ ২
মস্যা ৩ কাইত। ১ বা ২ ঃ। বিরশ্ময়োজা ৩ নাঁ৺ আ ১

— ২র র ১ ২
নু ২। ভ্রাজন্তো অগ্না ৩ য়োযা ১ থা ২ ৬।

২র রA ৩ ২র ৩র র ৩ ২
হাউ ২ হাউ। শুক্রো ওবা। ৩। শুক্র। ৩

৪ ৩ ১ ১ ২ ১
ও ৫ বা ৬ ৫ ৬। ঈ ২ ৩ ৪ ৫। ৭।৮॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অক্তুভিঃ' (রাত্রিভিঃ সহঃ, সূর্য্যোদয়ে রাত্র্যপগমে ইতি ভাবঃ) 'নক্ষত্রা' নক্ষত্রাণি), 'যথা' (যদ্রূপেণ) 'অপযন্তি' (অপ গচ্ছন্তি, অদৃশ্যা ভবন্তি), বিশ্বচক্ষসে' (সর্ব্বদ্রষ্টুঃ) 'সূরায়' (জ্ঞানসূর্য্যস্য উদয়ে ইতি যাবৎ) 'ত্যে' (প্রসিদ্ধাঃ, অজ্ঞানতামসাগতা অসদ্বৃত্তিপ্রভৃতিরূপাঃ) 'তায়বঃ' (দস্যবঃ, সত্ত্বভাবাপহারকা রিপুগণবঃ) অপগচ্ছন্তি ইতি শেষঃ। নিত্যসত্য-মূলকোঽয়ং। জ্ঞানোদয়েন অজ্ঞানতা দূরী ভবতি—ইতি ভাবঃ। (৪প–৬অ–৫খ—৭সা)।

* * *

বঙ্গানুবাদ।

সূর্য্যোদয়ে রাত্রি অপগত হইলে নক্ষত্রসকল যেমন অদৃশ্য হয়, সর্ব্বদ্রষ্টা জ্ঞানসূর্য্যের উদয়ে অজ্ঞানতা-মধ্যগত অসদ্বৃত্তি-প্রভৃতিরূপ প্রসিদ্ধ দস্যুগণ (রিপুশত্রুগণ) তদ্রূপ অপসৃত হইয়া থাকে। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—জ্ঞানোদয়ে অজ্ঞানতা দূরীভূত হয়)॥ (৪প—৬অ—৫খ—৭সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'ত্যে' 'তায়বঃ' 'যথা' প্রসিদ্ধাস্তস্করা ইব 'নক্ষত্রাণি' দেবগেহরূপাণি 'দেবগৃহা বৈ নক্ষত্রাণি'—ইতি শ্রুত্যন্তরাৎ। যথা, ইহ লোকে আত্মনা যে স্বর্গমাপ্নুবন্তি তে নক্ষত্ররূপেণ দৃশ্যন্তে। তথাচ শ্রূয়তে—'যো বা ইহ যজতে অমুং স লোকং নক্ষতে তন্নক্ষত্রাণাং নক্ষত্রত্বং'—ইতি যদ্বা, তেষাং সুকৃতিনাং জ্যোতীংষি নক্ষত্রাণ্যুচ্যন্তে। 'অক্তুভিঃ' বা

এতানি জ্যোতীংষি যন্নক্ষত্রাণীতি'—আম্নানাৎ। যাস্কস্তু 'নক্ষত্রাণি নক্ষতের্গতিকর্ম্মণো নেমানি নক্ষত্রাণীতি চ ব্রাহ্মণং'—ইতি যথাবিধানি নক্ষত্রাণি 'অক্তুভিঃ' রাত্রিভিঃ সহ 'অপ যন্তি' অপগচ্ছন্তি। 'বিশ্বচক্ষসে' বিশ্বস্য সর্ব্বস্য প্রকাশকস্য 'সূর্য্যায়' সূর্য্যস্য আগমনং দৃষ্ট্বেতি শেষঃ তস্করা নক্ষত্রাণি চ রাত্রিভিঃ সহ গচ্ছন্তি আগামিসূর্য্যভীত্যাকুলায়মানা ইত্যর্থঃ। তায়বঃ স্তেননাম (নৈ ৩।২৪।৭) তায়ুস্তস্কর ইতি তন্নামসু পাঠাৎ। অক্তুরিতি রাত্রি নাম (নৈ ১।৭।৪) শর্ব্বরী অক্তুরিতি তন্নামসু পাঠাৎ। (৪প—৬অ—৫খ—৭সা)।

সপ্তম (৬৩৩) সামের মর্ম্মার্থ।

এই সামের শব্দগত অর্থ-সম্বন্ধে বিশেষ কোনও মতান্তর নাই। তবে প্রচলিত অর্থে উপমাটি যাহার উদ্দেশে যে ভাবে প্রযুক্ত হইয়াছে দেখিতে পাই, মন্ত্রার্থ অনুশীলনে তাহার বিপরীত ভাব প্রাপ্ত হওয়া যায়। এই সামের একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত করিতেছি। তাহাতেই আমাদিগের বক্তব্য বোধগম্য হইবে। যথা—

"যে প্রকার প্রসিদ্ধ চোরসকল সর্ব্বপ্রকাশক সূর্য্যদেবের আগমন দেখিয়া পলায়ন করে, তদ্রূপ রাত্রির নক্ষত্রসকল সূর্য্যের আগমনে প্রস্থান করে অর্থাৎ অদৃশ্য হয়।"

আমরা মনে করি, এখানে উদ্দেশ্য-বিশেষ যথাযথ পরিব্যক্ত হয় নাই। 'প্রসিদ্ধ' চোরের পলায়নের সহিত নক্ষত্রের অদৃশ্য হওন এবম্বিধ উপমার সার্থকতা দেখা যায় না।

এ পক্ষে, মন্ত্রান্তর্গত 'তে' (তে) পদের মর্ম্ম পরিগ্রহণ করিলেই ভাবার্থ পরিস্ফুট হয়। "তে তায়ব" বলিতে কাহাদিগকে বুঝাইয়া থাকে? সেই প্রসিদ্ধ দস্যু কাহারা? পূর্ব্বাপর সঙ্গতির প্রতি লক্ষ্য রাখিতে গেলে, অন্তরস্থ সত্ত্বাপহারক অজ্ঞানতা বা অসদ্বৃত্তি প্রভৃতি-রূপ দস্যুগণের বিষয়ই মনে আসে। উহাদিগের অপেক্ষা প্রসিদ্ধ দস্যুই বা আর কে আছে? অতএব, এখানে সত্ত্বাপহারক দস্যুর বিষয়ই প্রখ্যাত আছে। তাহাদিগকে লক্ষ্য করিয়াই ঐ 'তে' পদ ব্যবহৃত হইয়াছে।

এক্ষণে উপমার সার্থকতা অনুধাবন করিয়া দেখুন। অন্ধকার রাত্রিতে নক্ষত্র দীপ্তি পায়। রাত্রি শেষ হইলে, সূর্য্যোদয় হইলে আর তাহাদিগকে দেখিতে পাওয়া যায় না। সেইরূপ, হৃদয় যতক্ষণ অজ্ঞানতারূপ অন্ধকারে আচ্ছন্ন থাকে, ততক্ষণ অসদ্বৃত্তি প্রভৃতি রূপ দস্যুগণ (রিপুশত্রুগণ) প্রবল হইয়া উঠে। নৈশ অন্ধকারে নক্ষত্র যেমন ঝিকিমিকি করে, আলোক দিতেছে বলিয়া মনে হয়; অজ্ঞান অবস্থায় বিশেষ বিশেষ রিপুরও সেইরূপ চাকচিক্য অনুভূত হয়,—উপযোগীতার বিষয়ে ভ্রান্তি আসে। কিন্তু যেই জ্ঞানোদয় হয়, যখনই জ্ঞান-সূর্য্য হৃদয়ে আলোক বিতরণ করেন, তখনই সেই সকল দস্যু অন্তর্হিত হয়,—পলায়ন করে। এ মন্ত্রে এই নিত্য-সত্য তত্ত্বই প্রকটিত আছে।

রাত্রির সহিত নক্ষত্রের অপগমনের উপমায় আর একটু ভাব প্রাপ্ত হওয়া যায়। সূর্য্যোদয়ে নক্ষত্র সূর্য্যের জ্যোতিতে আচ্ছন্ন হইয়া পড়ে; সে আর তখন আপন দীপ্তি

প্রকাশ করিতে সমর্থ হয় না। অন্ধকারের সঙ্গে সঙ্গে সেও অদৃশ্য হইয়া পড়ে। এখানে নক্ষত্রগণ যে একেবারে লয়প্রাপ্ত হয়, তাহাদিগের অস্তিত্ব যে আদৌ বিদ্যমান থাকে না, তাহা নহে। তাহারা মরে না; কিন্তু নিস্তেজ হইয়া থাকে। মনোবৃত্তি সম্বন্ধেও সেই ভাব গ্রহণ করা যায়। বৃত্তির একেবারে ধ্বংস হয় না,—একেবারে তাহারা মরে না; অবসর পাইলে, আবার তাহারা জাগিয়া উঠিতে পারে। রাত্রির পর আবার রাত্রি আসিলে নক্ষত্রগণ যেমন আবার প্রকাশ পায়; অজ্ঞানতার পুনরভ্যুদয়ে অসদ্‌বৃত্তিসমূহও সেইরূপ আবার জাগিয়া উঠিতে পারে। উপমায় এখানে সেই ভাবই প্রকাশ পাইয়াছে, বুঝিতে হইবে।

মন্ত্রের উপদেশ এই যে, 'সাবধান! অজ্ঞানতা-রূপ রাত্রি যেন আর না আসে। একেবারে তাহাকে দূর করিয়া দেও। হৃদয়ে জ্ঞান-সূর্যকে চিরপ্রতিষ্ঠিত রাখ। পদস্খলন আর যেন না হয়।' আমরা মনে করি, মন্ত্রের ইহাই মর্ম্মার্থ। (৪প-৬অ, ৫খ ৭সা)। *

—•—

অষ্টমং সাম।

১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২

অদৃশ্রমস্য কেতবো বিরশ্ময়ো জনাঁ অনু।

১ ২ ৩ ১ ২

ভ্রাজন্তো অগ্নয়ো যথা ॥ ৮ ॥

*

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যথা' (যেন প্রকারেণ) 'ভ্রাজন্তঃ' (দীপ্যমানাঃ) 'অগ্নয়ঃ' (অগ্নিশিখাদয়ঃ) সর্ব্বান্ প্রকাশয়ন্তি ইতি শেষঃ; 'অস্য' (জ্ঞানাধারস্য, পরমাত্মনঃ) 'কেতবঃ' (প্রজ্ঞাপকাঃ) 'রশ্ময়ঃ' (দীপ্তয়ঃ, বিভূতয়ঃ) 'জনান্' (সর্ব্বান্ লোকান্) 'অনু' (অনুক্রমেণ, উদ্দিশ্য) 'বি-অদৃশ্রন্' (বিশেষেণ প্রকাশয়ন্তি, অজ্ঞানান্ধকারাৎ উদ্ধরন্তি)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। প্রদীপ্তা অগ্নিশিখা যথা অন্ধকারং নাশয়তি, তদ্বৎ পরম[illegible]

প্রকাশ করিতে সমর্থ হয় না। অন্ধকারের সঙ্গে সঙ্গে সেও অদৃশ্য হইয়া পড়ে। এখানে নক্ষত্রগণ যে একেবারে লয়প্রাপ্ত হয়, তাহাদিগের অস্তিত্ব যে আদৌ বিদ্যমান থাকে না, তাহা নহে। তাহারা মরে না; কিন্তু নিস্তেজ হইয়া থাকে। মনোবৃত্তি সম্বন্ধেও সেই ভাব গ্রহণ করা যায়। বৃত্তির একেবারে ধ্বংস হয় না,—একেবারে তাহারা মরে না; অবসর পাইলে, আবার তাহারা জাগিয়া উঠিতে পারে। রাত্রির পর আবার রাত্রি আসিলে নক্ষত্রগণ যেমন আবার প্রকাশ পায়; অজ্ঞানতার পুনরভ্যুদয়ে অসদ্বৃত্তিসমূহও সেইরূপ আবার জাগিয়া উঠিতে পারে। উপমায় এখানে সেই ভাবই প্রকাশ পাইয়াছে বুঝিতে হইবে।

মন্ত্রের উপদেশ এই যে, 'সাবধান! অজ্ঞানতা-রূপ রাত্রি যেন আর না আসে। একেবারে তাহাকে দূর করিয়া দেও। হৃদয়ে জ্ঞান-সূর্য্যকে চিরপ্রতিষ্ঠিত রাখ। পদস্খলন আর যেন না হয়।' আমরা মনে করি, মন্ত্রের ইহাই মর্ম্মার্থ। (৪প-৬অ-৫খ-৭সা)। *

অষ্টমং সাম।

১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২

অদৃশ্রমস্য কেতবো বিরশ্ময়ো জনাঁ অনু।

১ ২ ৩ ১ ২

ভ্রাজন্তো অগ্নয়ো যথা ॥ ৮ ॥

* *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যথা' (যেন প্রকারেণ) 'ভ্রাজন্তঃ' (দীপ্যমানাঃ) 'অগ্নয়ঃ' (অগ্নিশিখাদয়ঃ) সর্ব্বান্ প্রকাশয়ন্তি ইতি শেষঃ; 'অস্য' (জ্ঞানাধারস্য, পরমাত্মনঃ) 'কেতবঃ' (প্রজ্ঞাপকাঃ) 'রশ্ময়ঃ' (দীপ্তয়ঃ, বিভূতয়ঃ) 'জনান্' (সর্ব্বান্ লোকান্) 'অনু' (অনুক্রমেণ, উদ্দেশ্য) 'বি-অদৃশ্রন্' (বিশেষেণ প্রকাশয়ন্তি, অজ্ঞানান্ধকারাৎ উদ্ধরন্তি)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। প্রদীপ্তা অগ্নিশিখা যথা অন্ধকারং নাশয়ন্তি, তদ্বৎ পরমাত্মনো বিভূতয়ো মনুষ্যাণাং অজ্ঞানতাং বিদূরয়ন্তি—ইতি ভাবঃ। (৪প-৬অ-৫খ-৮সা)।

* * *

অথবা,

'ভ্রাজন্তঃ' (দীপ্যমানাঃ) 'অগ্নয়ঃ' (বহ্নয়ঃ), 'যথা' তথা 'অস্য' (সর্ব্বান্তর্যামিপরমপুরুষস্য) 'কেতবঃ' (প্রজ্ঞাপকাঃ) 'রশ্ময়ঃ' (দীপ্তয়ো বিভূতয় ইতি যাবৎ) 'জনান্'

---

* এই সাম-মন্ত্রটি ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের পঞ্চাশৎ সূক্তের তৃতীয়া ঋক্ (প্রথম অষ্টক, চতুর্থ অধ্যায় সপ্তম বর্গের অন্তর্গত)। সপ্তম ও অষ্টম মন্ত্রের একত্র দুইটী গেয়-গান আছে। তাহা সপ্তম মন্ত্রের পরে প্রদত্ত হইয়াছে।

(অজ্ঞানতয়া বদ্ধজীবান্) 'অক্তু' (অংশে হৃদয়ে ইত্যর্থঃ) 'বি-অদৃশ্রং' (বিশেষেণ প্রকাশন্তে) ; যদ্বা 'জনান্' (উৎপত্তিশীলান মহদাদীন) 'অনু' (ক্রমেণ) 'সাদৃশ্রং' (প্রকাশয়ন্তি) । অথবা, 'অগ্নয়ঃ' (বহ্নয়ঃ) 'যথা' (যেন প্রকারেণ উৎপন্না আশ্রয়স্থিতান তৃণদারুনিবহান্ ছিনত্তি স্বয়ঞ্চ প্রকাশন্তে অন্যান চ প্রকাশয়ন্তি তথা) 'রশ্ময়ঃ' (ভগবদ্বিভূতয়ঃ তত্ত্বজ্ঞানং বা) 'জনানন্তু' (জীবহৃদয়ে উৎপন্না তত্রত্যানি কামক্রোধাদীনি নিহত্য স্বয়ং প্রকাশন্তে পরমাত্মানমপি প্রকাশয়ন্তি চ) । নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ । তত্ত্বজ্ঞানোদয়ে জীবানামজ্ঞানাপগমাৎ শ্রীভগবৎসাক্ষাৎকারেণ মুক্তিরিতি ভাবঃ । (৪প—৬অ—৫খ - ৮সা) ॥

* * *

বঙ্গানুবাদ ।

দীপ্যমান অগ্নিশিখাসমূহ যেমন পদার্থসকলকে প্রকাশ করে, সেইরূপ সেই জ্ঞানাধার পরমাত্মার প্রজ্ঞাপক রশ্মিসমূহ সকল লোককে অনুক্রমে প্রকাশ করে (অজ্ঞানান্ধকার হইতে উত্তরণ করে) । (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক । ভাব এই যে,—প্রদীপ্ত অগ্নিশিখা যেমন অন্ধকার নাশ করে, পরমাত্মার বিভূতিসমূহ সেইরূপ মনুষ্যদিগের অজ্ঞানতা দূর করিয়া থাকে ।) ॥ (৪প—৬অ—৫খ—৮সা) ॥

* * *

অথবা,

দীপ্তিশীল অগ্নির ন্যায় এই পরমাত্মার প্রজ্ঞাপক বিভূতি-সকল অজ্ঞানপ্রযুক্ত সংসারে বদ্ধ জীবগণের হৃদয়ে বিশেষরূপে প্রকাশ পাইয়া থাকে ; অথবা উৎপত্তিশীল মহদাদিতত্ত্বসমূহকে ক্রমে প্রকাশ করিয়া থাকে । অথবা, অগ্নি যেরূপ উৎপন্ন হইয়া আশ্রয়স্থিত তৃণকাষ্ঠাদি-সমূহ বিনষ্ট করিয়া স্বয়ং প্রকাশ পায় ও অপরাপর বস্তু সকলকে প্রকাশ করে, তদ্রূপ ভগবদ্বিভূতি অথবা তত্ত্বজ্ঞান জীবহৃদয়ে উৎপন্ন হইয়া তত্রত্য কামক্রোধাদি রিপুগণকে সমূলে ধ্বংস করিয়া স্বয়ং প্রকাশ পায় এবং পরমাত্মাকে প্রকাশ করিয়া দেয় । (মন্ত্রটী নিত্যসত্যমূলক । ইহার ভাব এই যে,—তত্ত্বজ্ঞানের উদয় হইলে জীবসকলের অজ্ঞানতা দূরীভূত হইয়া পরমৈশ্বর্য্যশালী পরব্রহ্মসাক্ষাৎকার দ্বারা মুক্তি হইয়া থাকে ।) ॥ (৪প—৬অ—৫খ—৮সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'অস্য' সূর্য্যস্য 'কেতবঃ' প্রজ্ঞাপকাঃ 'রশ্ময়ঃ' দীপ্তয়ঃ 'জনান্ অনু বি অদৃশ্রন্' জনান্ সর্ব্বান্ অনুক্রমেণ প্রকাশয়ন্তি। সর্ব্বং জগৎ প্রকাশয়ন্তীত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ—'ভ্রাজন্তঃ' দীপ্যমানা 'অগ্নয় ইব'। 'ব্যদৃশ্রন্' 'অদৃশ্রং' - ইতি পাঠৌ। (৪প - ৬অ - ৫খ - ৮সা)।

* * *

অষ্টম (৬৩৪) সামের মর্ম্মার্থ।

——— ‡ · ‡ ———

এই মন্ত্রের যে অর্থ সাধারণতঃ প্রচারিত আছে, সায়ণ-ভাষ্যেই তাহার ভাব অধিগত হইবে। মন্ত্রের দুইটী প্রচলিত বঙ্গানুবাদ নিম্নে প্রদত্ত হইল; তাহাতে কি ভাব প্রাপ্ত হওয়া যায়, বুঝিয়া দেখুন।

মন্ত্রের প্রচলিত দুইটী বঙ্গানুবাদ; যথা,—

(১) "দীপ্যমান অগ্নির ন্যায় সূর্য্যের প্রজ্ঞাপক রশ্মিসমূহ সকল লোককে এক এক করিয়া দেখিতেছে।"

(২) "প্রদীপ্ত অগ্নিসমূহের ন্যায় সূর্য্যদেবের রশ্মিসকল অনুক্রমে সমুদায় বস্তু প্রকাশ করে।"

আমরা বিভিন্ন দিক হইতে বিভিন্ন ভাবে মর্ম্মার্থ নিষ্কাশনে চেষ্টা পাইয়াছি। আর, তাহার সকল ব্যাখ্যাতেই একই ভাব পরিস্ফুট হইয়াছে এবং তদ্দ্বারা পূর্ব্বাপর মন্ত্রসমূহের ভাবসঙ্গতি অটুট আছে। আমরা বলি, পূর্ব্ব সম্বন্ধানুসারে 'অস্য' পদে 'জ্ঞানাধার পরমাত্মাকে' লক্ষ্য করিতেছে। তাঁহার প্রজ্ঞাপক রশ্মিসমূহ বা বিভূতিসমূহ বলিতে, দেবভাব-নিবহকে (সত্ত্বভাবাদিকে) বুঝাইতেছে। দেবভাবের বা সত্ত্বভাবের উদয়ে অজ্ঞানতা দূর হয়, জ্ঞানময়ের সন্ধান পাওয়া যায়। একপক্ষে উপমায় এখানে সেই তত্ত্বই পরিব্যক্ত। মন্ত্র ভগবন্মহিমা-প্রকাশক নিত্যসত্য তত্ত্ব প্রখ্যাপক।

পক্ষান্তরে আবার অন্যরূপ অর্থের বিষয় বিচার করিয়া দেখুন;—ভাষ্যানুরূপ উপমান উপমেয় ভাব প্রয়োগ না করিয়া মন্ত্রে যদি বহ্নির কিরণসমূহকে উপমান-রূপে প্রয়োগ করা যায়, তাহা হইলে উক্ত অর্থে উপমান-উপমেয়-ভাবটী সুসঙ্গত হয়, সাধারণতঃ উপমান-উপমেয় ভাবে উপমানের সাদৃশ্য যাহা উপমেয়ে বিদ্যমান, তাহাই বুঝাইবার নিমিত্ত উপমান উপমেয় ভাবে প্রয়োগ করা হয়। এক্ষণে যদি বলা যায় প্রকাশকত্ব-রূপ ধর্ম্ম উভয়ে আছে বলিয়াই এইরূপ উপমান-উপমেয় ভাব প্রদর্শিত হইয়াছে, তাহা সঙ্গত বলিয়া মনে হয় না; কারণ, তাহা হইলে সূর্য্যের সহিতই বহ্নির উপমান-উপমেয়-ভাবটি সঙ্গত হয়। এক্ষণে আমরা কি ভাবে উপমান উপমেয়-সাদৃশ্য রক্ষা করিতে প্রয়াস করিয়াছি, তাহাই দেখাইতেছি। প্রদীপ্ত অগ্নি যেরূপ আশ্রয়ীভূত তৃণদারু প্রভৃতিকে দগ্ধ করিয়া স্বয়ং প্রকাশ পায় এবং অন্য বস্তুকে প্রকাশ করে তদ্রূপ মন্ত্রস্থিত 'কেতবঃ রশ্ময়ঃ' পদ প্রতিপাদ্য ভগবদ্বিভূতি অথবা তত্ত্বজ্ঞান-রূপ উপমেয় জীব হৃদয়ে উদ্দীপ্ত হইয়া মুক্তিপথের প্রধান বিঘ্নস্বরূপ কামাদিরিপুসমূহকে বিনষ্ট

করিয়া স্বয়ং প্রকাশ পায় ও পরব্রহ্মের সাক্ষাৎকার জন্মাইয়া দেয়। ইহা দ্বারা উপমানের ধর্ম্ম যে উপমেয়ে বিদ্যমান আছে, তাহা স্পষ্টই প্রতীত হইয়াছে। অতএব, জ্ঞানী তত্ত্বজ্ঞান লাভ করিয়া এবং ভক্ত ভক্তিরসের প্রতিদান-স্বরূপ ভগবদনুগ্রহে ভগবদ্বিভূতি লাভ করিয়া দুর্জ্জয় কামাদি শত্রুগণকে জয় করিয়া অন্তাত্মা সংসার-বাসনা ও স্ত্রীপুত্র প্রভৃতির মায়াকে পরিত্যাগ করিয়া ভগবৎ-সামীপ্য-লাভে পরমানন্দ উপভোগ করিয়া থাকেন।

আমাদিগের মর্ম্মানুসারিণী ব্যাখ্যায় 'যদ্বা' ও 'অথবা' অভিধানে যে যে অর্থ গ্রহণ করা হইয়াছে, সেই সমস্ত অর্থ দ্বারাই অপরে মন্ত্রস্থিত 'অস্য' পদের অন্য অর্থ করিয়া পরিশেষে আমাদিগের প্রদর্শিত অর্থই প্রকাশ করিয়া গিয়াছেন। আমরা কিন্তু উক্ত স্থলবিশেষে অন্যার্থ গ্রহণ করিয়াও তাহাতেও আমাদিগের প্রতিপাদ্য অর্থকেই বোধ করিতেছে, ইহাই প্রতিপন্ন করিয়াছি। 'জনাম অস্য সাদৃশ্রং' এই অংশে, 'সর্ব্বজগৎকে প্রকাশ করিতেছে',—ভাষ্যকার এই অর্থ গ্রহণ করিয়াছেন। এ পক্ষে আমরা বলিতে চাই যে,—সত্ত্বরজস্তম এই ত্রিগুণাত্মক জড় প্রকৃতি-পুরুষের এবং চিচ্ছক্তি-সংসর্গে গুণক্ষোভ-বশতঃ মহত্তত্ত্বের বা বুদ্ধিতত্ত্বের প্রকাশ হয় এবং ক্রমে উক্ত মহত্তত্ত্ব হইতে অহঙ্কার-তত্ত্ব ও তাহা হইতে পঞ্চতন্মাত্রাদি যে প্রকাশ পায়,—এই ক্রমবিকাশই মন্ত্রের 'অস্য' পদ দ্বারা বুঝা যাইতেছে।

'অথবা' কল্পে আমরা যে অর্থ প্রকাশ করিয়াছি, তাহাতে পূর্ব্বার্থই একটু পরিবর্ত্তন করিয়া প্রকাশ করা হইয়াছে। সেই পরিবর্ত্তন এই;—পূর্ব্বে 'ভ্রাজন্তঃ' পদ 'অগ্নয়ঃ' পদের বিশেষণ ছিল; শেষোক্ত অর্থে 'কেতবঃ' পদটী বিশেষ্য, উহার অর্থ—শত্রু অর্থাৎ কামক্রোধাদি; 'ভ্রাজন্তঃ' পদটী উহার বিশেষণ, অর্থ—দীপ্তিশীল অর্থাৎ প্রবল। এখানে দ্বিতীয়ার্থে প্রথমা প্রয়োগ করা আছে মনে করিতে হইবে। এতদনুসারে 'নিহতা' এই উহ্য ক্রিয়ার ইহা কর্ম্ম। এ পক্ষে অন্বয় করা যায়, "অগ্নয়ঃ যথা অস্য (পরমাত্মনঃ) রশ্ময়ঃ তথা জনান্ অস্য ভ্রাজন্তঃ কেতবঃ 'নিহতা' বাদৃশ্রং।" ভাব পূর্ব্বেই প্রকাশ করিয়াছি। প্রথম পক্ষে, অগ্নি ও জ্ঞান স্বয়ং প্রকাশ হইয়া থাকে,—এই অর্থ করা হইয়াছে। আবার, অন্য প্রকাশকত্ব ধর্ম্মও উহাতে আছে বলিয়া, পরিশেষে পরমাত্মার প্রকাশক বলিয়া উহার ব্যাখ্যা করা হইয়াছে। দ্বিতীয় অর্থ ভগবদ্বিভূতিরই বিশেষক বলিয়া বোধ হইলেও উহা দ্বারা ভগবানই বিশেষিত হইয়াছেন। পরবর্ত্তী সামের দ্বারা এই দ্বিতীয় অর্থই স্পষ্টীকৃত হয়। অতএব, সারার্থ ইহাই প্রতিপন্ন হইতেছে যে, ভগবানের কৃপায় তত্ত্বজ্ঞান বা ভক্তি দ্বারা ভগবদ্বিভূতি লাভ করিয়া, জীব অনায়াসে ভবসাগর হইতে উত্তীর্ণ হইতে পারিবে। ইহা দ্বারা দেখা যায়, যদিও আমরা বিভিন্নরূপে অর্থ করিয়াছি, কিন্তু সকল দিকেই আমাদিগের প্রতিপাদ্য বিষয়কেই যে বুঝাইতেছে, তাহাতে কোন সন্দেহ নাই। (৪প—৬অ—৫খ—৮সা)।

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের পঞ্চাশৎ সূক্তের তৃতীয়া ঋক্ (প্রথম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)। সপ্তম ও অষ্টম মন্ত্রের একত্র দুইটী গেয়-গান আছে। তাহা সপ্তম মন্ত্রের পরে প্রদত্ত হইয়াছে।

নবমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ১

তরণিঃ বিশ্বদর্শতো জ্যোতিষ্কৃৎ অসি সূর্য্য।

২ ৩ ১ ২ ৩ ২

বিশ্বম্ আভাসি রোচনম্ ॥ ৯ ॥

গেয়-গানং।

২র রA ৩র ২র ৩র র ২ র ১ ২ ১ ২

১। হাউ ২ হাউ। ভুতাওবা 1 ৩। দিদীহিবিশ্বতস্পৃথুঃ। তরণির্বিশ্বা

১ ২ — ২র ৩ ১ ২ -- ২ র র ১ ২ —

দার্শা ১ তা ২ ঃ। জ্যোতিষ্কৃদসীসূরা ১ য়া ২। বিশ্বমাভাসী ৩ রোচা ১ না ২

২ র র ১ ২ -- ২ র ১ ২ --

ম্। প্রত্যঙ্ দেবা ৩ নাং বা ১ ইশা ২ ঃ। প্রত্যঙ্ দেসী ৩ মানু ১ সা ২ ন্।

১ ২ -- ২র র র ১ ২

প্রত্যঙ্ বিশ্বং স ৩ বার্দ্দৃ ১ শা ২ ই। যেনাপাবকা ৩ চাক্ষা ১

— ২ ১ ১ ২ -- ২ ১ ২

সা ২ ভুরণ্যন্তঞ্জা ৩ নাং অা ১ নু ২। ত্বংবরুণা ৩ পাশ্যা ১

২র রA ৩র ২র ৩র র ৩র ২

সা ২ ৩ ই। হাউ ২ হাউ। ভূ৩াওবা। ২। ভুতা ৩

৪ ৫ ৩ ১ ১ ১ ১

ও ৫ বা ৬ ৫ ৬। ঈ ২ ৩ ৪ ৫ ॥

২র রA ৩র ২র ৩র র ২ র ১ ২ ১ ২

২। হাউ ২ হাউ। তেজাওবা। ৩। দিদীহিবিশ্বতস্পৃথুঃ। তরণি-

১ ২ -- ২র ৩ ১ ২ -- ২ র

র্বিশ্বা ৩ দার্শা ১ তা ২ ঃ। জ্যোতিষ্কৃদসীসূরা ১ য়া ২। বিশ্বমা-

র ১ ২ -- ২ র ১র ১ ২ --

ভাসী ৩ রোচা ১ না ২ ম্। প্রত্যঙ্ দেবা ৩ নাং বা ১ ইশা ২ ঃ।

২ র ১ ২ — ২ ১ ২ —

প্রত্যঙ্ দেসী ৩ মানু ১ সা ২ ন্। প্রত্যঙ্ বিশ্বং সু ৩ বার্দ্দৃ, শা ২

যারস্য দর্পণোপরি নিপতিতাঃ সূর্য্যরশ্ময়ো গৃহান্তর্ব্বর্ত্তি তমো নিবারয়ন্তি তদ্বদিত্যর্থঃ) যদ্বা-দেবং তস্মাৎ বিশ্বং' প্রাপ্তং 'রোচনং' রোচমানং 'অন্তরিক্ষং' 'আ' সমন্তাৎ 'ভাসি' প্রকাশয়সি। যদ্বা, হে 'সূর্য্য' অন্তর্য্যামিতয়া সর্ব্বস্য প্রেরক পরমাত্মন্! 'তরণিঃ' সংসারাব্ধেস্তারকোঽসি। যস্মাৎ ত্বং 'বিশ্বদর্শতঃ' বিশ্বৈঃ সর্ব্বৈর্মুমুক্ষুভির্দর্শতা দ্রষ্টব্যঃ সাক্ষাৎ কর্ত্তব্য ইত্যর্থঃ (আধ্যাত্ম—সাক্ষাৎকারে হি আরোপিতং নিবর্ত্ততে) 'জ্যোতিষ্কৃৎ' জ্যোতিষঃ সূর্য্যাদেঃ কর্ত্তা (তথাচাম্নায়তে—'চন্দ্রমা মনসো জাতশ্চক্ষোঃ সূর্য্যো অজায়ত' ইতি) ঈদৃশ স্বরূপতয়া 'বিশ্বং' সর্ব্বং দৃশ্যজাতং 'রোচমানং' দীপ্যমানং যথা ভবতি তথা 'আ ভাসি' প্রকাশয়সি (ত্বৈব স্ফুরণেন হি সর্ব্বং জগৎ দৃশ্যতে।) তথা চাম্নায়তে—তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি ইতি। (৪প—৬দ—৫খ—৯সা)।

*

নবম (৬৩৫) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের সকল পদই আত্মজ্ঞানের অনুকূল। কিন্তু রুচি বৈচিত্র্যে ভিন্নভাবে পরিণত। ভাষ্যকার অনুকূল পদ প্রয়োগ করিয়াছেন; কিন্তু লক্ষ্য ঠিক রাখিতে পারেন নাই। তিনি মন্ত্রার্থে লিখিয়াছেন,—'হে সূর্য্য ত্বং তরণিস্তারিতা'; তুমি খুব বেগশালী; যে পথে অপরে যাইতে পারে না, তুমি সেখানে যাইতে পার।

সূর্য্যের বেগগামিত্ব যে সম্ভব নহে, এখানে তাহা তিনি লক্ষ্য করিতে পারেন নাই। ভৌগলিক দৃষ্টিতে সূর্য্য জড় ও স্থির, পৃথিবী গতিশীলা। উপনিষদ্‌চিন্তায় সকল বস্তুই এক চেতনের স্পন্দনে স্পন্দিত। সে পক্ষে তরণি পদের লক্ষ্য—'আত্মা বা চেতন'। কারণ, বেগগামিত্ব আত্মারই সম্ভবপর; তদ্ব্যতীত অপরে ইহা অসম্ভব। উপনিষদ্‌দৃষ্টান্তে পাওয়া যায়,—

"অপাণিপাদো জবনো গ্রহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ।"

তাঁহার হাত নাই, কিন্তু সকল কর্ম্মই যথানিয়মে সম্পন্ন করিতেছেন; তাঁহার পা নাই, কিন্তু খুব বেগে অনন্তবিশ্বে পরিভ্রমণ করিতেছেন; তাঁহার চক্ষুঃ নাই, তাহা হইলেও তিনি বিশ্বদ্রষ্টা; তাঁহার কর্ণ নাই, তবু কিন্তু তিনি সর্ব্বশ্রোতা।

সূর্য্য শব্দে এখানে সেই আত্মাকেই বুঝাইতেছে। আত্মা 'চেতন' বা 'অন্তর্য্যামী' এবং 'তরণিঃ' অর্থে বেগগামী ইহা স্বীকার করিলেই ভাষ্যকারের ভাবের মধ্যেও সামঞ্জস্য লক্ষ্য করা যাইবে। কিন্তু ভাষ্যকার তাহা লক্ষ্য করেন নাই; এবং আত্মজ্যোতিঃ ভিন্ন যে জ্যোতিই নাই, ইহাও চিন্তা করেন নাই।

'ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ
তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি।'

সেখানে সূর্য্য নাই, চন্দ্র নাই, তারকা নাই, বিদ্যুৎ নাই, অগ্নি নাই; কেবল তাঁহার দীপ্তি। তাঁহার দীপ্তিতেই সকল দীপ্ত। আর তাঁহার বিভায় নিখিল জগৎ বিভাত।

এ মন্ত্র সেই সূর্য্যেরই লক্ষ্যস্থল। ভাষ্যকার বোধ হয় 'তরণি' শব্দের বেগগামিত্ব অর্থ করিয়া চিত্তপ্রসন্নতা লাভ করিতে পারেন নাই; তাই তিনি 'যদ্বা' বলিয়া পক্ষান্তর অবলম্বন করিয়াছেন। কারণ, পূর্ব্ব অর্থে সংশয় না আসিলে, কখনও অর্থান্তরের অবকাশ হইতে পারে না। বোধ হয়,—এই জন্যই তিনি সন্দিহান হইয়া বলিয়াছেন,—'তরণি রোগনাশকঃ'; তাঁহার শরণাপন্ন হইলে সমুদ্রোগ বিনষ্ট হয়। সে পক্ষে প্রার্থনা এই,—'হে সূর্য্য! তোমার উপাসকদের কখনও রোগ থাকে না, তুমি রোগ হইতে তোমার ভক্তদের পরিত্রাণ কর।'

আমরা ভাষ্যকারের এই দ্বিতীয়ার্থেরই অনুসরণ করিয়াছি। তবে তিনি সাধারণতঃ দৈহিকপীড়াকেই লক্ষ্য করিয়াছেন; আমরা আধ্যাত্মিক আধিভৌতিক ও আধিদৈবিক এই ত্রিবিধ পীড়াকেই লক্ষ্য করিতেছি; যেহেতু, মানব প্রতিনিয়ত ত্রিবিধ সন্তাপে সন্তপ্ত। একদিকে জন্মজরামৃত্যুর ভীষণ আক্রমণ, অপর দিকে সর্পভীতি, ব্যাঘ্রের দারুণ শঙ্কা, আবার অন্যত্র বজ্রপাতের তীব্র শিহরণ!

অতএব, তাপত্রয়ক্লিষ্ট ও সংসারযন্ত্রণায় প্রতিমুহূর্ত্তে সন্দহ্যমান মানব-হৃদয়ে আত্মবিকাশের অভিব্যক্তি দ্বারা চিরনির্ব্বেদলাভের জন্যই এ মন্ত্র 'আত্মাকে' লক্ষ্য করতঃ ধ্বনিত হইতেছে। ঋকের লক্ষ্যো,—

সর্ব্বান্তর্যামিন্ সর্ব্বপ্রেরক পরমাত্মন্!

মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে,—'হে ভগবন! তুমি ভবব্যাধিরূপ দুস্তর সংসার-সাগরের নিস্তারক! তুমি পর জ্যোতিঃ! তুমি সর্ব্বপ্রতিষ্ঠাতা! তোমা হইতেই দৃশ্যমান প্রপঞ্চ পূর্ণদীপ্ত। তোমা হইতেই এ বিশ্ব প্রকাশিত। তুমি হৃদয়-গগনে প্রকাশিত হও। জড়-জগতের অন্ধকার যেমন সূর্য্যদীপ্তির ভয়ে কোন এক অতলস্পর্শী পর্ব্বতগহ্বরে লুকাইয়া পড়ে, হে জ্যোতির্ম্মূর্ত্তে, তোমার পবিত্র প্রভায় আমার হৃদয়ের অজ্ঞান-অন্ধকার চিরদিনের জন্য দূরীভূত হউক। পদের অনুসরণ করিতে সামর্থ্য পাই। আলোকময়!—আলোক বিতরণ কর।' (৪প—৬অ—৫খ—৯সা)॥ *

দশমং সাম।

৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১র ১র ৩ ১ ২
প্রত্যঙ্ দেবানাং বিশঃ প্রত্যঙ্ উদেষি মানুষান্।
৩ ২উ ৩ক ২র ৩ ২
প্রত্যঙ্ বিশ্বং স্বর্দৃশে॥ ১০॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের পঞ্চাশৎসূক্তের চতুর্থী ঋক্। (প্রথম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)। নবম, দশম ও একাদশ সামের একত্রে দুইটী গেয়-গান আছে। উহা নবম সামের পরেই প্রদত্ত হইয়াছে।

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

হে পরমাত্মন্! যদি ত্বং 'বিশঃ' (বিশ্বব্যাপকোঽসি), তথাপি 'দেবানাং' (সত্ত্বভাবসম্পন্নানাং) 'প্রত্যঙ্' (প্রতি গচ্ছন্) 'উদেষি' (উদয়ং প্রাপ্নোষি, প্রকাশমানো ভবসি, স্বরূপং প্রকাশয়সি); তথা 'মানুষান্' (মনুষ্যত্বসম্পন্নান্ জনান্) 'প্রত্যঙ্' (প্রতি গচ্ছন্) উদেষি; তথা 'বিশ্বং' (নিখিলং, বিশ্বব্যাপ্তং) 'স্বঃ' (স্বর্লোকং, সত্ত্বভাবনিলয়ং) 'প্রত্যঙ্' (প্রতি গচ্ছন্) 'দৃশে' (দর্শনায়, প্রত্যক্ষভাবেন) উদেষি ইতি শেষঃ। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। যদ্যপি ভগবান্ বিশ্বব্যাপকস্তথাপি সত্ত্বভাবসান্নিধ্যে স প্রকটিতো ভবতি ইতি ভাবঃ। (৪প—৩খ—৫দ—১০সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে পরমাত্মন্! যদিও আপনি বিশ্বব্যাপক; তথাপি সত্ত্বভাবসম্পন্নদের প্রতি গমন করিয়াই আপনি স্বরূপ প্রকাশ করেন, মনুষ্যত্বসম্পন্ন জনের প্রতি গমন করিয়াই আপনি প্রকাশমান্ হয়েন, এবং বিশ্বব্যাপ্ত স্বর্গলোকের (সত্ত্বভাবনিলয়ের) প্রতি গমন করিয়া সকলের প্রত্যক্ষভাবে বিকাশ-প্রাপ্ত হয়েন। (এই মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—যদিও ভগবান বিশ্বব্যাপক, তথাপি সত্ত্ব-ভাব-সান্নিধ্যেই তিনি প্রকটীভূত হইয়া থাকেন।)। (৪প—৩খ—৫দ—১০সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সূর্য! ত্বং 'দেবানাং বিশঃ' মরুন্নামকান্ দেবান্ ('মরুতো বৈ দেবানাং বিশঃ' ইতি শ্রুত্যন্তরাৎ। তানুদ্দিশ্যাসক্তান্মেবান্) 'প্রত্যঙ্ উদেষি' প্রতিগচ্ছন্নুদয়ং প্রাপ্নোষি। তেষামভিমুখং যথা ভবতি তথোদেষীত্যর্থঃ। তথা 'মানুষান্' মনুষ্যান্ প্রত্যঙ্ উদেষি। তেষামপি যথাভিমুখ এব সূর্য্য উদেতীতি মন্যন্তে তথা 'বিশ্বং' প্রাপ্তং 'স্বঃ' স্বর্গং লোকং। 'দৃশে' দ্রষ্টুং 'প্রত্যঙ্' উদেষি। যথা স্বর্লোকবাসিনো জনাঃ স্বস্যাভিমুখ্যেন পশ্যন্তি তথা উদেষীত্যর্থঃ। (এতদুক্তং ভবতি যে লোকাঃ পশ্যন্তি তে জনাঃ সর্বেঽপি স্বস্যাভিমুখ্যেন সূর্যং পশ্যন্তীতি তথা চাম্নায়তে—'তস্মাৎ সর্ব এব মন্যতে মাং প্রত্যুদগাৎ'—ইতি।) ১০।

* * *

দশম (৬০৬) সামের মর্ম্মার্থ।

মন্ত্রার্থ-নিষ্কাশনে ভাষ্যকার এক পথে অগ্রসর হইয়াছেন; আমরা আর এক পথে অগ্রসর হইলাম। তিনি ঐ পরিদৃশ্যমান সূর্য্যকে লক্ষ্য করিয়াছেন,

ভাষ্যানুসারী অর্থের মর্ম্ম এই যে,—"হে সূর্য্য! আপনি দেবগণের মধ্যে মরুদ্গণের সম্মুখে উদয় হয়েন এবং সমস্ত লোকবাসীদিগের গোচর হইবার নিমিত্ত তাহাদিগের সম্মুখে উদয় হয়েন।" এই প্রকার অর্থে পরম পবিত্র বেদ মন্ত্রে যে কি সত্ত্বাব প্রাপ্ত হওয়া যায়, তাহা বোধগম্য হওয়া সুকঠিন।

এই মন্ত্রের সর্ব্বাপেক্ষা রহস্যমূলক পদ—'বিশ:' এবং 'বিশ্বং স্ব:'। ঐ পদ-দ্বয়ের মর্ম্ম হৃদয়ঙ্গম হইলেই, আমরা মনে করি, মন্ত্রার্থ বিশদ হইয়া আসিবে। ঐ সকল পদের অর্থ বিষয়ে সায়ণেরও সংশয় উপস্থিত হয়। সুতরাং তিনি 'শ্রুত্যন্তরাৎ' এইরূপ প্রমাণের অবতারণায় 'দেবানাং' এবং 'বিশ:' পদদ্বয়ের অর্থ কল্পনা করিয়া লইয়াছেন; এবং ঐ দুই পদে যে মরুদ্গণকে বুঝাইতেছে, তাহাই নির্দ্ধারণ করিয়াছেন। কিন্তু আমরা 'দেবানাং' এবং 'বিশ:' পদদ্বয়ের পৃথক রূপ সম্বন্ধ অঙ্গীকার করি। 'বিশ:' পদের 'ব্যাপকং' অর্থ সকল অভিধানেই প্রাপ্ত হওয়া যায়। আমরা পূর্ব্বেই দেখাইয়াছি এই সূক্তের মন্ত্রগুলিতে 'সূর্য্য' অভিধায়ে পরমাত্মার সম্বোধন পরিব্রত হইয়াছে। পরমাত্মা (ভগবান) যে বিশ্বব্যাপিয়া বিদ্যমান রহিয়াছেন তিনি যে বিশ্বনাথ বিশ্বেশ্বর বিশ্বব্যাপী; আমরা মনে করি, 'বিশঃ' পদ তাঁহার সেই ভাব দ্যোতনা করিতেছে। অতঃপর যথাপর্য্যায় মন্ত্রার্থের অনুসরণ করুন। প্রকৃত মর্ম্ম অতঃই উপলব্ধ হইবে।

মন্ত্রে প্রথমতঃ বলা হইতেছে—'ভগবন্! তুমি 'বিশ:' (বিশ্বব্যাপক) বটে; কিন্তু দেবানাং' (দেবগণের অর্থাৎ সত্ত্বভাবাপন্নের) 'প্রত্যঙ্' (প্রতি গমন করিয়া) 'উদেষি' (উদয় হও অর্থাৎ আত্মপ্রকাশ কর); এবং 'মানুষান্' (মনুষ্যত্বসম্পন্ন নর) 'প্রত্যঙ্' (প্রতি গমন করিয়া) 'উদেষি' (উদয় হও অর্থাৎ আত্মপ্রকাশ কর)।

তার পর, এইরূপে তাঁহার উদয়ের বিবিধ স্থান নির্দ্দেশ করিয়া মন্ত্র উপসংহারে কহিলেন,—"বিশ্বং স্বঃ প্রত্যঙ্ দৃশে উদেষি।" এই অংশের "বিশ্বং স্ব:" পদদ্বয়ের মর্ম্ম অনুধাবন করিলেই সকল তথ্য অধিগত হইবে। 'স্বঃ' পদে স্বর্গলোক বুঝায়। সুতরাং প্রশ্ন উঠিতে পারে—"বিশ্বং স্বঃ" আবার কি? 'বিশ্বং' পদের প্রতিবাক্যে লিখিয়াছি—'নিখিলং, বিশ্বব্যাপ্তং'। এ বড় সমস্যার কথা নহে কি! 'স্বর্গ' আবার 'বিশ্বব্যাপ্ত' কি? প্রশ্ন মনে উদিত হইলেই স্বরূপ-তত্ত্ব উপলব্ধ হইতে পারে। সেই উপলক্ষেই 'স্বঃ' পদের প্রতিবাক্যে আমরা 'সত্ত্বভাবনিলয়ং' পদ প্রয়োগ করিয়াছি! সেই কি স্বর্গ নহে, যাহা সত্ত্বভাবের নিবাস-স্থান? যেখানেই সত্ত্বভাব আছে, যেখানেই সত্যের জ্যোতিঃ স্ফুরিত হইতেছে, যেখানেই সৎ ভিন্ন অসতের অস্তিত্ব নাই, সেই কি স্বর্গ নহে? সেই স্বর্গই বিশ্বব্যাপ্ত; সে স্বর্গ কখনও সীমাবদ্ধ হইতে পারে না। তোমার হৃদয়কেও সেই স্বর্গ বলিয়া মনে করিতে পারি, আবার আমার হৃদয়কেও সেই স্বর্গ বলিয়া মনে করিতে পার,—যদি অসতের সংস্রব-পরিশূন্য হইয়া তাহারা সত্ত্বভাবের আশ্রয়স্থান হইতে পারে। স্বর্গ আর কোথায়? ভগবান আর কোথায় থাকেন? তিনি আর কোথায় স্বপ্রকাশ হন? সেই স্থান—সেই হৃদয়—সেই কি তাঁহার স্বর্গ নহে? সেই স্বর্গেই কি তিনি আত্মপ্রকাশ করিয়া সমুদ্ভাসিত নহেন?

